Barcode - 4990010225181
Title - Bengal Legislative Assembly Proceedings (1988) vol.91
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 488
Publication Year - 1988
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010225181

Vol. 91

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Ninety One Session

(August - September Sessions, 1988)

(From 29th August, 1988 to 9th September, 1988)

(The 29th, 30th August, 1st, 5th, 6th, 7th, 8th, & 9th September 1988)

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

**Price Rs. 151/-**

Vol—91

# Assembly Proceedings

## OFFICIAL REPORT

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc. No 6085
Dated 30.7.9
Call No 328 PoL/V-91(88)
Price Rs. 15/-

# West Bengal Legislative Assembly

Ninety One Session

(August—September Session 1988)

From 29th August 1988 to 9th September 1988

(The 29th, 30th August, 1st 5th, 6th 7th 8th & 9th September 1988)

**Published by authority of the Assembly under rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly**

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor

### PROF. SAIYID NURUL HASAN

### Members of the Council of Ministers

1. Shri Jyoti Basu, Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails Branch, Parliamentary Affairs Branch and matters relating to Minorities Affairs and Haz). Hill Affairs Branch and matters relating to Science and Technology of Department of Developoment and Planning, Department of Public Undertakings (excluding matters connected with West Bengal Agro-Industries Corporation Limited), Department of Commerce and Industries, Department of Housing, Department of Industrial Reconstruction and Department of Education (excluding Primary and Secondary Education Branches, Madrasah Education, Non-formal Education, Adult Education, Audio Visual Education and Education of the Handicapped, Social Welfare Homes, all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education), Library Service and Book Fairs not relating to Higher Education.]

2. Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of Department of Land and Land Reforms, Department of Panchayats and Community Development and Department of Rural Development.

3. Shri Bhuddhadeb Bhattacharjee, Minister-in-charge of Department of Information and Cultural Affairs, Department of Local Government and Urban Development and Metropolitan Development Department.

4. Dr. Asim Kumar Dasgupta, Minister-in-charge of Department of Finance, Department of Excise and Department of Development and Planning (excluding Hill Affairs Branch, Sundarbans Affairs Branch, Jhargram Affairs Branch and matters relating to Science and Technology).

5. Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Department of Health and Family welfare (excluding Urban Water Supply and Sanitation and Rural Water Supply and Sanitation) and Department of Refugee, Relief and Rehabilitation.

6. Shri Prabir Sen Gupta, Minister-in-charge of Department of Power, Urban Water Supply and Sanitation and Rural Water Supply and Sanitation in the Department of Health and Family Welfare.

7. Shri Kanai Bhowmik, Minister-in-charge of Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connected with West Bengal Agro-Industries Corporation Limited in the Department of Public Undertakings.

8. Shri Kiranmoy Nanda, Minister-in-charge of Department of Fisheries.

9. Shri Jatin Chakraborty, Minister-in-charge of Public Works Department.

10. Shri Debabrata Bandyhopadhyay, Minister-in-charge of Department of Irrigation and Waterways.

11. Shri Nirmal Bose, Minister-in-charge of Department of Food and Supplies.

12. Shri Kamal Kanti Guha, Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation, Small Irrigation and Command Area Development).

13. Shri Bhakti Bhusan Mandal, Minister-in-charge of Department of Co-operation.

14. Shri Kanti Biswas, Minister-in-charge of Primary and Secondary Education Branches (excluding Madrasah Education, Non-formal Education, Adult Education, Audio Visual Education and Education of the Handicapped) in the Department of Education.

15. Shri Subhas Chakraborty, Minister-in-charge of Department of Sports and Youth Services and Department of Tourism.

16. Shri Shyamal Chakraborty, Minister-in-charge of Department of Transport.

17. Shri Abdul Quiyom Molla, Minister-in-charge of Legislative Department and Judicial Department, (excluding matters relating to Wakf) and Parliamentary Affairs Branch of Home Department.

18. Shri Dinesh Chandra Dakua, Minister-in-charge of Schedule Castes and Tribes Welfare Department and Jhargram Affairs Branch of Department of Development and Planning.

19. Dr. Ambarish Mukhopadhyay, Minister-in-charge of Department of Environment and Department of Forests.

20. Shri Abdul Bari Mahammad, Minister-in-charge of Non-formal Education, Adult Education, Madrasah Education including Calcutta Madrasah, Audio Visual Education, Education of Handicapped, Social Welfare Homes, all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education) in the Department of Education, matters relating to Wakf in the Judicial Department and the matters relating to Minority affairs and Haz in the Home Department.

21. Shri Achintya Krishna Roy, Minister-in-charge of Department of Cottage and Small Scale Industries.

22. Shri Santi Ranjan Ghatak, Minister-in-charge of Department of Labour.

23. Shri Biswanath Chowdhury, Minister-in-charge of Welfare Branch of Relief and Welfare Department and Jails Branch of Home Department.

24. Shri Syed Wahed Reza, Minister of State of Civil Defence Branch of Home Department under the Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails Branch).

25. Shri Dawa Lama, Minister of State for Hill Affairs Branch of Department of Development and Planning under the Chief Minister and Minister-in-charge of the Hill Affairs Branch of the Department of Development and Planning.

26. Shri Probhas Chandra Phodikar, Minister of State-in-charge of Animal Husbandry and Veterinary Services Department.

27. Shri Maheswar Murmu, Minister-of State for Scheduled Castes and Tribes Welfare Department and Jhargram Affairs Branch Department of Development and Planning under Minister-in-charge of Schedule Castes and Tribes Welfare Department and Jhargram Affairs Branch of Department of Development and Planning.

28. Shrimati Chhaya Bera, Minister of State-in-charge of Relief Branch of Relief and Welfare Department.

29. Shri Banamali Roy, Minister-of-State for Department of Environment and Department of Forests under Minister-in-charge of Department of Environment and Department of Forests.

30. Shri Abdur Razzak Molla, Minister of State-in-charge of Sunderbans Affairs Branch of Department of Development and Planning.

31. Shri Ramanikanta Deb Sharma, Minister of State for Department of Land and Land Reforms, Department of Panchyats and Community Development and Department of Rural Development under the Minister-in-charge of the Department of Land and Land Reforms, Department of Panchyats and Community Development and Department of Rural Development.

32. Shri Saral Deb, Minister of State-in-charge of Library Service, Book Fairs, other than those relating to Higher Education in the Department of Education.

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## PRINCIPAL OFFICERS AND OFFICIALS

Speaker : **SHRI HASHIM ABDUL HALIM**
Deputy Speaker : **SHRI KALIMUDDIN SHAMS**

### SECRETARIAT
Secretary : **SHRI L. K. PAL**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—

1. A.K.M. Hassan Uzzaman, Shri (92-Deganga—North 24-Parganas)
2. Abdul Bari, Shri Md. (60-Domkal—Murshidabad)
3. Abdul Quiyom Molla, Shri (119-Diamond Harbour—South 24-Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106-Canning East—South 24-Parganas)
5. Abdul Razzak Molla, Dr. (107-Bhangar—South 24-Parganas)
6. Abdus Sattar, Shri (55-Lalgola—Murshidabad)
7. Abdus Sobahan Gazi, (120-Magrahat West—South 24-Parganas)
8. Abul Basar, Shri (115-Maheshtola—South 24-Parganas)
9. Abul Hasnat Khan, Shri (50-Farakka—Murshibabad)
10. Abul Mansur Habibullah, Shri Syed (277-Nadanghat—Burdwan)
11. Adak, Shri Gourhari (172-Shyampur—Howrah)
12. Adak, Shri Kashinath (111-Bishnupur West—South 24-Parganas)
13. Adak, Shri Nitai Charan (174-Kalyanpur—Howrah)
14. Adhikari, Dr. Tarun (129-Naihati—North 24-Parganas)
15. Anisur Biswas, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
16. Atahar Rahaman, Shri (59-Jalangi—Murshidabad)
17. Bagchi, Shri Surajit Saran (202-Tamluk—Midnapore)
18. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (S.C.)—Birbhum]
19. Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C.)—Burdwan]
20. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (S.C.)—Purulia]
21. Bal, Shri Saktiprasad (206-Nandigram—Midnapore)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.***

22. Bandyopadhyay, Shri Debadrata (63-Berhampore—Murshidabad)
23. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
24. Banerjee, Shri Amar (171-Uluberia South—Howrah)
25. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
26. Banerjee, Shri Balai (184-Haripal—Hooghly)
27. Banerjee, Shri Mrityunjoy (164-Howrah South—Howrah)
28. Banerji, Shri Radhika Ranjan (136-Kamarhati—North 24-Parganas)
29. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—South 24-Parganas)
30. Barma, Shri Manindra Nath [9-Tufanganj (S.C.)—Cooch Behar]
31. Basu, Shri Bimal Kanti (5-Cooch Behar West—Cooch Behar)
32. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)
33. Basu, Shri Jyoti (117-Satgachia—South 24-Parganas)
34. Basu, Shri Nihar Kumar (131-Jagatdal—North 24-Parganas)
35. Basu, Shri Sibaram (201-Panskura East—Midnapore)
36. Basu, Shri Subhas (82-Chakdah—Nadia)
37. Basu, Shri Supriyo (161-Bally—Howrah)
38. Basumallik, Shri Suhrid (259-Hirapur—Burdwan)
39. Bauri, Shri Gobinda [240-Para (S.C.)—Purulia]
40. Bauri, Shri Madan [247-Indpur (S.C.)—Bankura]
41. Bera, Shri Bishnupada (192-Pursurah—Hooghly)
42. Bera, Shrimati Chhaya (199-Nandanpur—Midnapur)
43. Bera, Shri Pulin (203-Moyna—Midnapore)

44. Bhattacharya, Shri Buddhadeb (108-Jadavpur—South 24-Parganas)
45. Bhattacharya, Shri Nani (12-Alipurduar—Jalpaiguri)
46. Bhattacharyya, Shri Gopal Krishna (135-Panihati—North 24-Parganas)
47. Bhattacharyya, Shri Satya Pada (68-Bharatpur—Murshidabad)
48. Bhowmik, Shri Kanai (228-Dantan—Midnapur)
49. Bhunia, Dr. Manas (216-Sabong—Midnapur)
50. Biswas, Shri Benay Krishna [80-Ranaghat East (S.C.)—Nadia]
51. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
52. Biswas, Shri Jayanta Kumar (61-Naoda—Murshidabad)
53. Biswas, Shri Kanti (86-Gaighata—North 24-Parganas)
54. Biswas, Shri Kumud Ranjan [98-Sandeshkhali (S.C.)—North 24-Parganas]
55. Bora, Shri Badan [255-Indas (S.C.)—Bankura]
56. Bose, Shri Nirmal Kumar (20-Jalpaiguri—Jalpaiguri)
57. Bouri, Shri Nabani [249-Gangajalghati (S.C.)—Bankura]
58. Chaki, Shri Swadesh (34-Itahar—West Dinajpore)
59. Chakrabarti, Shri Gour (25-Siliguri—Darjeeling)
60. Chakrabarti, Shri Surya (204-Mahishadal—Midnapore)
61. Chakraborty, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)
62. Chakraborty, Shri Jatin (151-Dhakuria—Calcutta)
63. Chakraborty, Shri Shyamal (159-Manicktola—Calcutta)
64. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
65. Chakraborty, Shri Umapati (196-Chandrakona — Midnapore)

66. Chanda, Dr. Dipak (140-Cossipur—Calcutta)
67. Chatterjee, Shri Anjan (280-Katwa—Burdwan)
68. Chatterjee, Shri Dhirendra Nath (273-Raina—Burdwan)
69. Chatterjee, Shrimati Nirupama (173-Bagnan—Howrah)
70. Chatterjee, Shrimati Shanti (185-Tarakeshwar—Hooghly)
71. Chatterjee, Shri Tarun (265-Durgapur-II—Burdwan)
72. Chattopadhyay, Shri Debiprosad (146-Chowringhee—Calcutta)
73. Chattopadhyay, Shri Sadhan (75-Krishnagar East—Nadia)
74. Chattopadhyay, Shrimati Sandhya (182-Chandernagore—Hooghly)
75. Chattopadhayay, Shri Santasri (179-Uttarpara—Hooghly)
76. Choudhury, Shri Biswanath (38-Balurghat—West Dinajpur)
77. Choudhury, Shri Bansa Gopal (261-Raniganj—Burdwan)
78. Chowdhury, Shri Benoy Krishna (270-Burdwan North—Burdwan)
79. Chowdhury, Shri Bikash (262-Jamuria—Burdwan)
80. Chowdhury, Shri Humayun (48-Sujapur—Malda)
81. Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari—Cooch Behar)
82. Chowdhury, Shri Subodh (47-Manickchak—Malda)
83. Chowdhury, Shri Subhendu [45-Malda (S.C.)—Malda]
84. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (S.C.)—Cooch Behar]
85. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.)—Birbhum]
86. Das, Shri Benode (194-Arambagh—Hooghly)
87. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)

88. Das, Shri Jagadish Chandra (128-Bijpur—North 24-Parganas)
89. Das, Shri Paresh Nath [53-Sagardighi (S.C.)—Murshidabad]
90. Das Gupta, Shrimati Arati (118-Falta—South 24-Parganas)
91. Das Gupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)
92. Das Mahapatra, Shri Kamkshyanandan (215-Patashpur—Midnapore)
93. De, Shri Bibhuti Bhusan (227-Narayangarh—Midnapore)
94. De, Shri Partha (251-Bankura—Bankura)
95. De, Shri Sunil (230-Gopiballavpur—Midnapore)
96. Deb, Shri Goutam (96-Hasnabad—North 24-Parganas)
97. Deb, Shri Saral (90-Barasat—North 24-Parganas)
98. Deb Sarma, Shri Ramani Kanta [32-Kaliaganj (S.C.)—West Dinajpur]
99. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar—Calcutta)
100. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
101. Doloi, Shri Siba Prasad [272-Khandaghosh (S.C.)—Burdwan]
102. Duley, Shri Krishnaprasad [221-Garbeta West (S.C.)—Midnapore]
103. Dutta, Dr. Gouripada (254-Kotulpur—Bankura)
104. Fazle Azim Molla, Shri (114-Garden Reach—South 24-Parganas)
105. Ghatak, Shri Santi Ranjan (138-Dum Dum—North 24-Parganas)
106. Ghosh, Shri Asok (162-Howrah North—Howrah)
107. Ghosh, Shri Kamakhya Charan (223-Midnapore—Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

108. Ghosh, Shri Malin (178-Chanditala—Hooghly)
109. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—Midnapore)
110. Ghosh, Shri Satyendra Nath (165-Shibpur—Howrah)
111. Ghosh, Shri Susanta (220-Garbeta East—Midnapore)
112. Ghosh, Shri Tarapada (284-Bolpur—Birbhum)
113. Giri, Shri Sudhir Kumar (212-Ramnagar—Midnapore)
114. Goppi, Shrimati Aparajita (4-Cooch Behar North— Cooch Behar)
115. Goswami, Shri Arun Kumar (180-Serampore—Hooghly)
116. Goswami, Shri Subhas (248-Chhatna—Bankura)
117. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
118. Guha, Shri Nalini (141-Shyampukur—Calcutta)
119. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
120. Habib Mustafa, Shri (44-Ariadanga—Malda)
121. Habibur Rahman, Shri (54-Jangipur—Murshidabad)
122. Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (S.C.)—Hooghly]
123. Haldar, Shri Krishna Chandra [266-Kanksa (S.C.)—Burdwan]
124. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (S.C.)—South 24-Parganas]
125. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
126. Hazra, Shri Haran [169-Sankrail (S.C.)—Howrah]
127. Hazra, Shri Sundar (222-Salboni—Midnapore)
128. Hira, Shri Sumanta Kumar [154-Taltola (S.C.)—Calcutta]
129. Jahangir Karim, Shri Sk. (218-Debra—Midnapore)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**—*Contd.*

130. Jana, Shri Haripada (217-Pingla—Midnapore)
131. Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)
132. Joardar, Shri Dinesh (49-Kaliachak—Malda)
133. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
134. Kar, Shri Nani (88-Ashokenagar—North 24-Parganas)
135. Kar, Shri Ram Sankar (210-Contai North—Midnapore)
136. Khaitan, Shri Rajesh (144-Bara Bazar—Calcutta)
137. Khan, Shri Sukhendu [256-Sonamukhi (S.C.)—Bankura]
138. Kisku, Shri Lakshi Ram [233-Banduan (S.T.)—Purulia]
139. Kisku, Shri Upendra [245-Raipur (S.T.)—Bankura]
140. Koley, Shri Barindra Nath (175-Amta—Howrah)
141. Konar, Shrimati Maharani (275-Memari—Burdwan)
142. Kujur, Shri Sushil [14-Madarihat (S.T.)—Jalpaiguri]
143. Kumar, Shri Pandab (236-Arsa—Purulia)
144. Kunar, Shri Himansu [219-Keshpur (S.C.)—Midnapore]
145. Kundu, Shri Gour Chandra (81-Ranaghat West—Nadia)
146. Laha, Shri Prabuddha (260-Asansol—Burdwan)
147. Lama, Shri Dawa (23-Darjeeling—Darjeeling)
148. Let, Shri Dhirendra [290-Mayureswar (S.C.)—Birbhum]
149. M. Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
150. Mahamuddin, Shri (27-Chopra—West Dinajpur)
151. Mahato, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
152. Mahoto, Shri Bindeswar (238-Jaipur—Purulia)
153. Mahato, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
154. Maity, Shri Bankim Behari (207-Narghat—Midnapore)
155. Maity, Shri Gunadhar (125-Patharpratima—South 24-Parganas)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**—*Contd.*

156. Maity, Shri Hrishikesh (126-Kakdwip—South 24-Parganas)
157. Maity, Shri Sukhendu [(211-Contai South—Midnapore)]
158. Majhi, Shri Raicharan [282-Ketugram (S.C.)—Burdwan]
159. Majhi, Shri Surendra Nath [242-Kashipur (S.T.)—Purulia]
160. Majhi, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
161. Majumdar, Shri Apurbalal [84-Bagdaha (S.C.)—North 24-Parganas]
162. Majumdar, Shri Sunil Kumar (285-Labhpur—Birbhum)
163. Mal, Shri Asit Kumar [292-Hansan (S.C.)—Birbhum]
164. Malakar, Shri Nani Gopal (83-Haringhata—Nadia)
165. Malick, Shri Shiba Prasad [195-Goghat (S.C.)—Hooghly]
166. Malik, Shri Sreedhar [267-Ausgram (S.C.)—Burdwan]
167. Mamtaz Begum, Shrimati (43-Ratua—Malda)
168. Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
169. Mandal, Shri Prabhanjan Kumar (127-Sagar—South 24-Parganas)
170. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (S.C.)—North 24-Parganas]
171. Mandal, Shri Sukumar [79-Hanskhali (S.C.)—Nadia]
172. Mandi, Shri Rampada [246-Ranibandh (S.T.)—Bankura]
173. Mannan Hossain, Shri (58-Murshidabad—Murshidabad)
174. Mazumdar, Shri Dilip Kumar (264-Durgapur-I—Burdwan)
175. Md. Faruque Azam, Shri (28-Islampur—West Dinajpur)
176. Md. Shelim, Shri (94-Baduria—North 24-Parganas)
177. Minz, Shri Prakash [26-Phansidewa (S.T.)—Darjeeling]
178. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
179. Mitra, Shrimati Jayasree (250-Barjora—Bankura)

180. Mitra, Shri Ranajit (85-Bangaon—North 24-Parganas)

181. Mitra, Shri Somendra Nath (Sealdah—Calcutta)

182. Mohammad Ramzan Ali, Shri (29-Goalpokhar—West Dinajpur)

183. Mohanta, Shri Madhabendu (70-Palashipara—Nadia)

184. Moitra, Shri Birendra Kumar (42-Harishchandrapur—Malda)

185. Mojumdar, Shri Hemen (104-Baruipur—South 24-Parganas)

186. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (S.C.)—South 24-Parganas]

187. Mondal, Shri Biswanath [66-Khargram (S.C.)—Midnapur]

188. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (S.C.)—South 24-Parganas]

189. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (S.C.)—North 24-Parganas]

190. Mondal, Shri Mirquasem (73-Chapra—Nadia)

191. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (S.C.)—Howrah]

192. Mondal, Shri Sailendranath (168-Panchla—Howrah)

193. Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat—Birbhum)

194. Mondal, Shri Sudhanshu [99-Hingalganj (S.C.)—North 24-Parganas]

195. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)

196. Mozammel Haque, Shri (62-Hariharpara—Murshidabad)

197. Mukherjee, Shri Amritendu (76-Krishnanagar West—Nadia)

198. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)

199. Mukherjee, Shri Bimalananda (78-Santipur—Nadia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

200. Mukherjee, Shri Joykesh (166-Domjur—Howrah)
201. Mukherjee, Shrimati Mamta (239-Purulia—Purulia)
202. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
203. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
204. Mukherjee, Shri Niranjan (112-Behala East—South 24-Parganas)
205. Mukherjee, Shri Rabin (113-Behala West—South 24-Parganas)
206. Mukherjee, Shri Subrata (142-Jorabagan—Calcuta)
207. Mukhopadhyay, Dr. Ambarish (243-Hura—Purulia)
208. Murmu, Shri Maheshwar [226-Keshiari (S.T.)—Midnapore]
209. Murmu, Shri Sarkar [39-Habibpur (S.T.)—Malda]
210. Murmu, Shri Sufal [40-Gazole (S.T.)—Malda]
211. Nanda, Shri Kiranmoy (214-Mugberia—Midnapore)
212. Naskar, Shri Gabinda Chandra [105-Canning West (S.C.)—South 24-Parganas]
213. Naskar, Shri Subhas [101-Basanti (S.C.)—South 24-Parganas]
214. Naskar, Shri Sundar [110-Bishnupur East (S.C.)—South 24-Parganas]
215. Nath, Shri Manoranjan (279-Purbasthali—Burdwan)
216. Nazmul Haque, Shri (41-Kharba—Malda)
217. Nazmul Haque, Shri (225-Kharagpur-Rural—Midnapore)
218. Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)
219. Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga—Murshidabnad)
220. Omar Ali, Dr. (200-Panskura West—Midnapore)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.***

221. Oraon, Shri Mohan Lal [18-Mal (S.T.)—Jalpaiguri]
222. Oraon, Shri Sukra [16-Nagrakata (S.T.)—Jalpaiguri]
223. O'Brien, Shri Neil Aloysius (Nominated)
224. Pahan, Shri Khudiram [11-Kalchini (S.T.)—Jalpaiguri]
225. Paik, Shri Sunirmal [209-Khajuri (S.C.)—Midnapore]
226. Pakhira, Shri Ratan Chandra [197-Ghatal (S.C.)—Midnapore]
227. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
228. Patra, Shri Amiya (244-Taldangra—Bankura)
229. Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur—Midnapore)
230. Poddar, Shri Deokinandan (143-Jorasanko—Calcutta)
231. Pradhan, Shri Prasanta Kumar (208-Bhagabanpur—Midnapore)
232. Pramanik, Shri Abinash [188-Balagarh (S.C.)—Hooghly]
233. Pramanik, Shri Radhika Ranjan [221-Magrahat East (S.C.)—South 24-Parganas]
234. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (S.C.)—Cooch Behar]
235. Purkait, Shri Prabodh [102-Kultali (S.C.)—South 24-Parganas]
236. Rai, Shri H. B. (24-Kurseong—Darjeeling)
237. Rai, Shri Mohan Sing (22-Kalimpong—Darjeeling)
238. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
239. Ram, Shri Pyare Ram (147-Kabitirth—Calcutta)
240. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur—Bankura)
241. Ray, Shri Birendra Naryan (57-Nabagram—Murshidabad)
242. Ray, Shri Direndra Nath [21-Rajganj (S.C.)—Jalpaigury]
243. Ray, Shri Dwijendra Nath (37-Kumarganj—West Dinajpur)
244. Ray, Shri Matish (137-Baranagar—North 24-Parganas)

245. Ray, Shri Subhas Chandra [122-Mandirbazar (S.C.)—South 24-Parganas]

246. Ray, Shri Tapan (288-Suri—Birbhum)

247. Roy, Shri Amalendra (67-Burwan—Murshidabad)

248. Roy, Shri Banamali [15-Dhupguri (S.C.)—Jalpaiguri]

249. Roy, Shri Hemanta Kumar (278-Manteshwar—Burdwan)

250. Roy, Shri Narmada [33-Kushmadi (S.C)—West Dinajpur]

251. Roy, Shri Sadakanta [1-Mekliganj (S.C.)—Cooch Behar]

252. Roy, Shri Sattik Kumar (293-Nalhati—Birbhum)

253. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)

254. Roy, Dr. Sudipto (160-Belgachia West—Calcutta)

255. Roy, Shri Tarak Bandhu [17-Mainaguri (S.C.)—Jalpaiguri]

256. Roy Barman, Shri Kshitibhusan (116-Budge Budge—South 24-Parganas)

257. S. M. Fazlur Rahman, Shri (72-Kaliganj—Nadia)

258. Saha, Shri Jamini Bhusan (132-Noapara—North 24-Parganas)

259. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (S.C.)—Hooghly]

260. Samanta, Shri Tuhin (257-Kulti—Burdwan]

261. Santra, Shri Sunil [274-Jamalpur (S.C.)—Burdwan]

262. Sar, Shri Nikhilananda (281-Mangalkote—Burdwan)

263. Saren, Shri Ananta [229-Nayagram (S.T.)—Midnapore]

264. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)

265. Sarkar, Shri Nayan Chandra [74-Krishnaganj (S.C.)—Nadia]

266. Sarkar, Shri Sailen (46-Englishbazar—Malda)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.***

267. Sarkar, Shri Sunil (181-Champdani—Hooghly)

268. Satpathy, Shri Abanibhusan (231-Jhargram—Midnapore)

269. Sayed Md. Masih, Shri (268-Bhatar—Burdwan)

270. Syed Nawab Jane Meerza, Shri (56-Bhagabangola—Murshidabad)

271. Sen, Shri Deb Ranjan (269-Galsi—Burdwan)

272. Sen, Shri Dhirendra Nath (289-Mahammad Bazar—Birbhum)

273. Sen, Shri Nirupam (271-Burdwan South—Burdwan)

274. Sen, Shri Sachin (152-Ballygunge—Calcutta)

275. Sengupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)

276. Sengupta (Bose), Shrimati Kamal (87-Habra—North 24-Parganas)

277. Sengupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)

278. Seth, Shri Lakshman Chandra [205-Sutahata (S.C.)—Midnapur]

279. Sha, Shri Ganga Prosad (133-Titagarh—North 24-Parganas)

280. Shish Mohammad, Shri (52-Suti—Murshidabad)

281. Singh, Shri Satyanarayan (130-Bhatpara—North 24-Parganas)

282. Singha, Shri Suresh (30-Karandighi—West Dinajpur)

283. Singha Roy, Shri Jogendra Nath [13-Falakata (S.C.)—Jalpaiguri]

284. Sinha, Shri Khagendra Nath [31-Raiganj (S.C.)—West Dinajpore]

285. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)

286. Sinha, Shri Santosh Kumar (71-Nakashipara—Nadia)

287. Soren, Shri Khara [36-Tapan (S.T.)—West Dinajpur]

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.***

288. Sultan Ahmed, Shri (153-Entally—Calcutta)
289. Sur, Shri Prasanta Kumar (150-Tollygunge—Calcutta)
290. Touab Ali, Shri (51-Aurangabad—Murshidabad)
291. Toppo, Shri Salibe [10-Kumargram (S.T.)—Jalpaiguri]
292. Tudu, Shri Bikram [235-Balarampur (S.T.)—Purulia]
293. Tudu, Shri Durga [232-Binpur (S.T.)—Midnapore]
294. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)
295. Wahed Reza, Shri Syed (65-Kandi—Murshidabad)

**Procedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 29th August, 1988 at 3.00 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 16 Ministers, 5 Ministers of State and 220 members.

**[ 3-00 – 3-10 p.m.]**

## OBITUARY

**(Noise)**

**Mr. Speaker :** Honourable members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of the

(Noise)

President of Pakistan, ex-Minister of this State, Ex-member of this Legislature and other personalities renowned in their spheres who passed away after the last session of the Assembly.

General Zia-Ul-Haq, President of Pakistan was killed in an air crash on 17th August, 1988 at the age of 64.

Born in Jalandhar, India, on 12th August, 1924, General Zia studied at Royal Military Academy, Dheradun and St. Stephen's College, Delhi. Later he was commissioned from the Royal Indian Military Academy in 1946 and during world war II, he served the allies in Burma, Malaya and Indonesia. He was promoted to the post of a Lieutenant Colonel in 1964, Colonel in 1968 and Brigadier in 1969. In 1976 he was inducted to the post of Army Chief of Pakistan by the then Prime Minister of Pakistan Mr. Zulfiqar Ali Bhutto on the retirement of General Tikka Khan. General Zia took over the reign of Pakistan on 5th July, 1977 in a blood-less coup deposing Bhutto and remained at the helm till the last day of his life.

At the abrupt end of Zia, Pakistan has lost her ruler before the holding of Democratic elections in the country.

Shri Syed Kazem Ali Meerza, an Ex-State Minister of West Bengal breathed his last on Thursday, the 14th July, 1988 at the age of 77.

Born at Murshidabad on October 31, 1911, Shri Meerza had his education at St. Xavier's College, Calcutta.

Shri Meerza was associated with various organisations. He was the Chairman of Murshidabad Municipality, Member of District Board, Murshidabad and President of Murshidabad District School Board. He became a member of the undivided Bengal Legislative Assembly in 1937 and continued till 1947. He was also a Member of the West Bengal Legislative Assembly from 1947 to 1971. He was also a Minister of the State Government headed by Dr. B. C. Roy and Shri Prafulla Chandra Sen. Later on he was elected to the Lok Sabha in 1977 and was on the Indian delegation to the U.N. in the year 1978.

At the death of Shri Meeraz we have lost a veteran politician.

Shri Nepal Bauri, former member of West Bengal Legislative Assembly breathed his last at Asansol Sub-Divisional Hospital on 24th March, 1988 following a heart attack. He was 57.

Born on 22nd August, 1931 at Bidhakata, Santuri in purulia District, Shri Bauri was educated from Ranchi Government College. He was associated with politics from his student life and participated actively in different social reforms and movements at that time. He earned reputation for his movement against the torture on the common people by the thenMaharaja of Kashipur, Purulia. He was the founder of the District Harijan Sevak Sangha in Purulia.

Shri Bauri was first elected to the West Bengal Legislative Assembly in 1957 and again in 1967 from Raghunathpur Constituency and in 1962 from Para Constituency on Congress ticket.

At the demise of Shri Barui the country has lost a vetern political leader.

Shri Dwarka Prasad Mishra, freedom fighter and Ex-Chief Minister of Madhya Pradesh breathed his last on Tuesday, the 31st May, 1988 at the age of 87.

Born on August 5, 1901, Shri Mishra had his schooling at Raipur and later was educated at Jabbalpur and Allahabad. As a student, Shri Mishra joined the freedom movement in 1920 and had to undergo imprisonment in 1921, 1930, 1941 and 1942. In 1926 he was elected to the Indian Legislative Assembly and served as whip of the Party. During this period he brought a No-Confidence Motion against the British Government condemning the atrocities committed on Lala Lajpat Rai In 1937 he became the Minister of Local Self Government of the then Central Province and again in 1946 he held the Home Portfolio. As a journalist he served the Amrita Bazar Patrika in 1921

and became the editor of "Shree Sarada" and later he himself published a daily named "Loknath" from Jabbalpur.

Shri Mishra joined Congress Working Committee and All India Parliamentary Board in 1950 and was elected to Madhya Pradesh Assembly in 1963. He became the Chief Minister in the same year and continued till 1967.

At the death of Shri Mishra the country has lost a veteran freedom fighter and an able administrator of modern India.

Dr. Murari Mohan Mukherjee - a leading surgeon of the country expired on 26th July, 1988 at the age of 74.

Born on 30th December, 1914 Dr. Mukherjee matriculated from Calcutta University in 1931 in the 1st Division and had his I.Sc. in 1933. Later on he received his MBBS degree in 1939, MS in 194? and FRCS from both London and Edinborough in 1951.

A briliant student and a scholar throught his career, Dr. Mukherjee received innumerable awards including Coates Medal of Calcutta University and Dr. B. C. Roy Memorial Award for dedicated medical service in 1974 and 1981 respectively.

Dr. Mukherjee was the Head of the Department of Surgery in SSKM Hospital, President of IMA and was also associated with many social organisations.

At the demise of Dr. Mukherjee, we have lost an eminent surgeon of modern India.

Shri Ranabir Raj Kapoor, widely known Raj Kapoor breathed his last on 2nd June, 1988 at the age of 64.

Born on 14th of Decemer, 1924 Raj Kapoor had his early education in the St. Xavier's School, Calcutta. During this period he played in a film as a child actor. He gradually reached the zenith of the film world. His career got a turn when he starred in 'Aag' in 1948. After that he starred in a series of films like "Barsat, Awara, Sree 420, Sangam," and many others successfully. He directed and produced a large number of films including some with Soviet collaboration which gave him wide reputation and in recognition of his contribution to films he was awarded the "Dada Sahib Phalke Award."

At the death of Sri Kapoor the country has lost a renowned artist of the film world.

Shri Syed Modi, prominent Badminton player and eight times National Champion was shot dead near K.D. Singh Babu stadium, Lucknow on 28th

July, 1988 by unidentified assailants. He was 28.

Shri Modi came into prominence after wining the inaugural Sub-junior Nationl Championship in 1975 in Calcutta. From 1981 to 1988 Shri Modi was the reigning champion of India in the field of Badminton. He was the sports officer of Northern Railways.

At the sad and sudden demise of Shri Modi the country has lost one of her best sportsmen.

Sri Manmatha Nath Ray died on 26.8.1988 in the N.R.S. Medical College Hospital, Calcutta at the age of 90. He was ailing for some time.

He was born in 1899 at a village in Mymensingh district (now in Bangladesh). He had his early education at Balurghat in West Dinajpur and was graduated fron Scottish Church College in Calcutta. After taking M.A. and B.L. degree from Dhaka University he set up practice at Balurghat. He was elected to the District Board and Municipality. He ultimately settled in Calcutta in 1938.

Sri Ray served as the publicity production officer of the West Bengal Government from 1947 to 1958 and later joined the Calcutta Station of All India Radio as a producer. In 1963, he joined Calcutta University as Girish Chandra Ghosh lecturer.

He was awarded Biswaroopa Medal. He got Soviet Land award and Sangit Natak Academi award for playwriting in 1967 and 1970 respectively. He was the first recipient of the Dinabandhu Award instituted by the West Bengal Government. He was the president of West Bengal Natak Academi.

He was a staunch nationalist. He joined the Non-co-operation Movement at the age of 22. The British banned his play 'Karagar'. In his plays he denounced oppression and advocated human rights. In his popular plays 'Dharmaghat' and 'Amrita Atit' the establishment of classless society was the central idea. He always preached socialism and led the united opposition of play-wrights and artists in West Bengal whenever their rights were threatened. He was pioneer in the field of Bengali one-act play.

He wrote scripts for several films including Chand Sadagar, Rajnartaki and Kshudhita Pashan.

His death snapped the precious link between the old Bengali theatre and the new.

Honourable Members, now I would read a condolence in respest of the people who have lost their lives in the recent earthquake.

This House mourns the tragic death of the people who have lost their lives as a remet of the devastating earthquake which took place in the vast

area Bihar, North and North Estern India and Nepal on the morning of 21st August, 1988 and shares the grief with the members of the bereaved families.

This House further expresses sympathy with all those persons who have been injured and have lost their properties in the above catastrophe.

Now I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deared.

(At this stage Hon'ble Members stood in silence for two minutes.)

Thanks you Ladies and Gentlemen, Secretary will send the message of condolence to the members of the family of the devared.

## ADJOURNMENT

The House was then adjourned at 3.11 p.m. till 1 p.m. on Tuesday, the 30th August, 1988 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 30th August, 1988 at 1.00 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 3 Ministers of State and 208 Members.

**Mr. Speaker :** I beg to present the Twenty-fourth Report of the Business Advisory Committee as follows :

Tuesday, 30-8-88 .. (i) Motion under rule 185 regarding setting up of a Judicial enquiry into the incident of adulteration in rapeseed oil at Behala and Tollygunge— Notice given by Shri Saugata Roy.

(ii) Motion under rule 185 regarding steps taken by the Government against adulteration in rapeseed oil — Notice given by Shri Niranjan Mukherjee, Shri Kamakhya Ghosh,Shri Kripa Sindhu Saha and Shri Jayanta Kumar Biswas.

(iii) Motion under rule 185 regarding remedial measures against adulteration in edible oil and foods— Notice given by Shri Deba Prosad Sarkar.

(iv) Motion under rule 185 regarding setting up of a Judicial enquiry into the incident of Police Firing at Cooch Behar— Notice given by Shri Sudip Bandyopadhyay and Dr. Tarun Adhikari — **2 hours.**

(v) Motion under rule 185 regarding National Textile Mills — Notice given by Shri Amalendra Roy —**1 hour.**

Thursday, 1-9-88 .. All Party Resolution on International Peace Day — **2 hours.**

A. There will be no Questions for Oral Answer on the 30th August, 1988.

B. There will be no Questions for Oral Answer and Mention Cases on the 1st September, 1988.

**[1.00 - 1.10 p.m.]**

**শ্রী আবদুস সাত্তার :** স্যার, মিনিষ্টার বলার আগে আমি একটু বলতে চাই। স্যার, ১৮৫-এ মোসানগুলি অনেকেই দিয়েছেন। আপনি মাত্র দু ঘন্টা টাইম দিয়েছেন। এই সময়ের মধ্যে আলোচনা হবে না। সুতরাং আমার মনে হয় এই সময়ের মধ্যে এই আলোচনা শেষ হবে না, আরো টাইম লাগবে। আপনি এটাকে বাড়িয়ে ৪ ঘন্টা করে দিন। কেন না, বেহালার ভেজাল তেলের ব্যাপার আছে, কুচবিহারের ঘটনা আছে— কাজেই আপনি এই টাইমটা বাড়িয়ে ৪ ঘন্টা করে দিন।

**Mr. Speaker :** Mr. Sattar, I am willing to extend the time from two hours to three hours provided if you agree to drop the Mention Hour. I have about 30 mention cases with me to-day. So one hour time has been alloted for the mention hour. Since to-day is the first day of the session, some of the members requested me to allow mention hour. Now it is up to you to decide whether you want to drop the mention hour or not. If you agree to drop it, then I can extend the time.

**শ্রী আবদুস সাত্তার :** স্যার, এটা মেম্বারদের রাইট— আপনি মেনসান কাটেল করবেন কি করে? তাই আমার অনুরোধ, আপনি মেনসান ছাড়া ৩ ঘন্টা করে দিন।

**Mr. Speaker :** It is usual practice that the mention hour is not granted on the non-official day. But since to-day is the first working day of the session, one hour time has been allotted for mention. But I again say that if the members feel that mention hour need not be taken up to-day only then I can extend the time. Now it is upto you to decide what to do.

**শ্রী আবদুস সাত্তার :** স্যার, কতগুলি মেনসান কেস আপনার কাছে জমা পড়েছে জানি না— এটা সমস্ত মেম্বারের ব্যাপার। কাজেই আপনি এটা একটু বিবেচনা করে দেখুন।

**Mr. Speaker :** It is not a question of time, it is a question of

principle. On the non-official day the mention hour is not granted. But on the request of some of the members I have allowed it. Now if you agree to drop mention hour then I can extend the time for three hours.

**শ্রী আবদুস সাত্তার** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি ৩ ঘন্টা করেন তাহলে হাউস কতক্ষন করবেন?

**Mr. Speaker** : Let us proceed with the businss first of needed the time can be extended for half an hour. Now I request the Parliamentary Affairs Minister to move the motion for acceptence of the House.

**Shri Abdul Quiyom Molla** : Sir, I beg to move that 24th report of the Business Advisory Committee as presented in the House, be agreed to.

The motion was then put and agreed to.

**Mr. Speaker** : To-day I have received 9 notices of Adjournment Motion. The first is from Shri Sudip Bandyopadhyaya, the second is from Dr. Mansa Bhunia, the third is from Shri Fazle Azim Mollah, the fourth is from Dr. Sudipto Roy, the fifth is from Shri Probuddha Laha, the sixth is from Shri Saugata Roy, the seventh is from Shri A.K.M. Hassan Uzzaman. All these are on the subject of communal disturbances in Murshidabad District. The eighth is from Shri Mannan Hossian on the subject of alleged death of 3 congress workers at Cooch Behar by police firing and the ninth is from Shri Deba Prasad Sarkar on the subject of disastrous flood in West Bengal.

The first seven motions are on a subject on which a commision of enquiry has already been appointed and the matter is therefore sub-judice. The subject matter of the eighth motion will be discussed to-day in the House on a motion under Rule 185. On the subject of the ninth motion the Member may call the attention of the Minister concerned through calling attention, question, mention etc.

I, therefore, withhold my consent to all the motions.

One Member of the party may, however, read out the text of the motion as amended. Now, I request Shri Sudip Bandyopadhyay, Shri A.K.M. Hassan Uzzaman and Shri Deba Prasad Sarkar to read their respective motions respectively.

**Shri Sudip Bandyopadhyay :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, nemely —

Communal and divisive forces are trying to raise their ugly heads in West Bengal. This alarming rise of communal and divisive forces has badly shaken the confidence of the members of the minority community in West Bengal.

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল—

গত ২৪শে জুন মুর্শিদাবাদ জেলায় একটি রাজনৈতিক দলের নিরস্ত্র শোভাযাত্রীদের উপর এবং নসীপুর রোড ষ্টেশনে মিছিল ফেরত যাত্রীদের উপর একতরফা আক্রমনে একটি সম্প্রদায়ের বহু নিরীহ মানুষ হতাহত হয়েছে। ফলে রাজ্যের সংখ্যালঘু সম্প্রদায় ক্ষুব্ধ হয়ে পড়েছে এবং সরকারের নিকট প্রতিকার প্রার্থনা করছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল —

এই রাজ্যের বন্যা পরিস্থিতি এক ভয়াবহ রূপ নিয়েছে। উত্তরবঙ্গের পাঁচটি জেলায় ২১ লক্ষ মানুষ বন্যা কবলিত। ইতিমধ্যে সরকারী সূত্রে মৃতের সংখ্যা ১৪। অতিবর্ষণ এবং নদীতে জলস্ফীতির ফলে বিভিন্ন জায়গায় বাঁধ, রাস্তাঘাট এবং জাতীয় সড়ক ভেঙ্গে এক বিপর্যয় সৃষ্টি হয়েছে। পশ্চিম দিনাজপুরে এবং উত্তরবঙ্গের অন্যান্য জেলার বিভিন্ন এলাকায় যোগাযোগ বিচ্ছিন্ন। ত্রাণ ও উদ্ধারকার্য্যের অপেক্ষায় জলবন্দী অবস্থায় লক্ষ লক্ষ মানুষ দুর্বিসহ অবস্থার মধ্যে দিয়ে কালাতিপাত করছে।

**[1.10 - 1.20 p.m.]**

## Calling Attention

**Mr. Speaker :** I have received seven notices of Calling Attention, namely :

| | | |
|---|---|---|
| 1. Reported misuse of money at the 5th Unit of Bandel Thermal Power Station | : | Shri Satya Ranjan Bapuli. |
| 2. Disastrous flood in some parts of West Bengal | : | Dr. Sudipto Roy and Shri Prabuddha Laha. |
| 3. Brutal attack on Miss Mamata Banerjee, M.P. on 25.8.88 at Jadavpur. | : | Dr. Manas Bhunia. |

| | | |
|---|---|---|
| 4. Reported pathetic incident in Murshidabad district on 24.6.88 | : | Shri Mannan Hossain. |
| 5. Disastrous flood in North Bengal | : | Shri A.K.M. Hassan Uzzaman. |
| 6. Ragging at Shibpur B.E.College | : | Shri Sadhan Chattopa-adhyay and Shri Sudip Bandyopadhyay. |
| 7. Alleged death of a person at Sagar-dighi, Cooch-Behar on 4. 8. 88. by police firing. | : | Shri Asok Ghosh. |

I have selected the notice of Dr. Sudipto Roy and Shri Prabuddha Laha on the subject of disastrous flood in some parts of West Bengal. The honourable Minister-in-charge of Irrigation Department may please make a statement today, if posible, or give a date for the same.

**শ্রী আবদুল কায়ুম মোল্লা :** সাত তারিখ।

**মিঃ স্পিকার :** সাত তারিখের জায়গায় ৬ তারিখ করুন।

**শ্রী আবদুল কায়ুম মোল্লা :** ঠিক আছে, ছয় তারিখেই উত্তর দেওয়া হবে।

**Mr. Speaker :** Now Mr. Sachin Sen, What is your point of order ?

**শ্রী শচীন সেন :** মিঃ স্পীকার স্যার, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে, আমাদের হাউসে ডেকোরাম বলে একটা বস্তু আছে, সকলের সেটা জানা উচিত। আমাদের সত্যিই খুব আশ্চর্য্য লেগেছে, গতকাল যখন আপনি অবিচুয়ারী করছিলেন, তখন দেখলাম, বিরোধী দলের নেতা, তিনি নেতৃত্ব দিচ্ছেন এখানে একটা বিশৃঙ্খলা করাবর জন্য সমস্ত ডেকোরাম ভেঙে দিয়ে। আমার মনে হয়, তাঁর নেতৃত্বে যে ভাবে বিরোধী সদস্যরা মাননীয় সৌগত রায় থেকে আরম্ভ করে অন্যান্য সদস্যরা যা করছিলেন, এটা নিন্দনীয়, ভবিষ্যতে এই জিনিস যেন না হয়।

(Shri Abdus Sattar rose to speak)

**Mr. Speaker :** I disallowed the point of order. Mr. Sattr, please take your seat.

**শ্রী আবদুস সাত্তার :** আমি প্রসিডিংস দেখাতে পারি, এই রকম হয়েছে আগে। জ্যোতিবাবুর নেতৃত্বে ঐ সব ঘটনা নিয়ে এই রকম আলোচনা হয়েছে, শচীনবাবু এখানে কতদিন এসেছেন জানি না—

**Mr. Speaker :** Mr. Sattar, is it your argument that because Mr. Jyoti Basu had behaved badly in the past - the incident of Cooch

Behar and Magra regarding the police firing was cited - he now gives you a right to do so. It is a very poor argument, it is a very poor argument. I don't support that argument. More so, when we pay respect to a deceased President of a neighbouring country proper decorum should be maintained. It is most disgraceful that our Assembly has to place on record, when the obituary references were referred to a deceased President of a neighbouring country, that you are disturbing the obituary proceedings. It is most regretful.

**শ্রী জয়ন্ত বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা অত্যন্ত উদ্বেগের সঙ্গে দেখছি ভারতবর্ষে আবার জরুরী অবস্থার দিনগুলো ফিরে আসছে। ভারতবর্ষের শাসক শ্রেণী, দিল্লীর শাসক শ্রেণী, তাদের স্বৈরতান্ত্রিক ব্যবস্থার সঙ্গে আমরা পরিচিত। গনতান্ত্রিক ব্যবস্থার যে ভিত্তি আছে, তাকে ভেঙে ফেলার জন্য জরুরী অবস্থা প্রবর্তনের জন্য আজকে নুতন করে ষড়যন্ত্র হচ্ছে। এখানে লোকসভার উত্থাপিত বিষয় নিয়ে আলোচনা করতে চাই না, কিন্তু আমরা আশ্চর্য্য হচ্ছি, মানহানি বিল বলে যে বিল লোকসভায় উত্থাপিত হয়েছে, তাতে সংবাদপত্রের স্বাধীনতার উপর হস্তক্ষেপ করা হচ্ছে। কোন মন্ত্রী, কোন এম.পি., চুরি করলে অভিযোগ করা যাবে না, দেশের সম্পদ নিয়ে ছিনিমিনি খেললে বলা যাবে না, চোর কে চোর বলা যাবে না, ডাকাতকে ডাকাত বলা যাবে না, খুনীকে খুনী বলা যাবে না, ভারতবর্ষে গণতান্ত্রিক ব্যবস্থার অন্যতম ভিত হচ্ছে সংবাদপত্র, সেই সংবাদপত্রের কণ্ঠরোধ করার জন্য আজকে দিল্লীর শাসক শ্রেণী চক্রান্ত করছে।

## MENTION CASES

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জমান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষন করছি। কাটরা অভিযানের গণহত্যার পর সরকার বিচারবিভাগীয় তদন্তের এবং ক্ষতিগ্রস্ত, মৃত ও আহতদের ক্ষতিপূরণ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু এখন পর্যন্ত কাউকে ক্ষতিপূরণ দেওয়া হয় নি। নিখোঁজ ব্যক্তিদের মৃত বলে ঘোষণা করে এখন পর্যন্ত ক্ষতিপূরণ দেওয়া হয় নি।

**মিঃ স্পিকার :** মিঃ হাসানুজ্জমান, আপনি আমার কাছে লিখে জমা দিয়েছেন একটা বিষয়, আর উল্লেখ করছেন কাট্‌রা মসজিদের ঘটনা। না, এটা হয় না।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জমান :** স্যার, আমি বলতে চাইছি যে, যেখানে জুডিশিয়াল এন্‌কোয়ারী হবে সেখানে তা হবার আগেই সেখানকার ও.সি'কে বদলি করা হচ্ছে। তদন্তের আগে তাঁকে বদলি না করার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি।

**মিঃ স্পিকার :** না, এভাবে উল্লেখ করা যায় না। আপনি বসুন। আমি মিঃ সৌগত রায়কে বলতে অনুরোধ করছি।

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি আঁপনার মাধ্যমে এই রাজ্যের একজন এম.এল.এ'র উপর পুলিশের চরম এবং বেআইনী কার্যকলাপের প্রতিবাদ জানাচ্ছি। স্যার, আপনি জানেন গত ২৫শে, আগষ্ট সি.পি.এম. "রেল রোকো" আন্দোলনের ডাক দিয়েছিল এবং সেদিন সকালবেলা আমি

বালিগঞ্জ স্টেশনে গিয়ে দেখেছিলাম যে, অনেক লোক সি.পি.এম-এর ঝান্ডা নিয়ে রেল লাইনে বসে আছে, পুলিশ কাছেই দাঁড়িয়ে আছে, কিন্তু তাদের কিছু বলছে না। পরের দিন কাগজে ছবি বেরিয়েছে যে, রেল লাইনের ওপর বসে সি.পি.এম-এর লোকেরা তাস খেলছে। কেন্দ্রীয় সরকারের একটি প্রধান সংস্থাকে রাজ্য সরকার নিরাপত্তা দেয়নি এবং পুলিশ সেখানে নিষ্ক্রিয় ছিল। সেদিন আমাদের প্রদেশ কংগ্রেসের কোন প্রোগ্রাম ছিল না। কিন্তু —

(গোলমাল)

স্যার, আমাদের যুব-কংগ্রেসের ছেলেরা সরকারের সমর্থনে অন্যায়ভাবে 'রেল রোকো'র প্রতিবাদে "রাস্তা রোকো" আন্দোলনের ডাক দিয়েছিল। এবং আমি যখন দেখলাম সি.পি.এম.-এর লোকেরা রেল লাইনের ওপর দাঁড়িয়ে আছে, পুলিশ তাদের কিছু বলছে না, তখন আমি আমার নিজের বিধানসভা কেন্দ্রের গোপাল নগরে ট্রাম লাইনের ওপর বেঞ্চি পেতে তার ওপর দাঁড়িয়ে বক্তৃতা দিচ্ছিলাম। আমি ভেবেছিলাম 'রেল লাইনের ওপর লোক দাঁড়িয়ে আছে পুলিশ তাদের যখন কিছু বলছে না, তখন ট্রাম লাইনে দাঁড়ালেও পুলিশ আমাকে কিছু বলবে না। কিন্তু স্যার, আপনি শুনলে আশ্চর্য্য হবেন— একজন ডি.সি., একজন এ.সি এবং একজন ও.সি এসে আমাকে ধরে টানাটানি করতে লাগলেন এবং বললেন, "আমাদের ওপর নির্দেশ আছে আপনাকে গ্রেপ্তার করার।" আমি তাঁদের বলেছিলাম— আমি এই এলাকার এম.এল.এ., আপনারা সি.পি.এম-এর লোকেদের ধরছেন না, তারা রেল লাইনের ওপর বসে রয়েছে, অথচ আমাকে জবরদস্তি নিয়ে যাচ্ছেন! তাঁরা আমার কোন কথা শুনলেন না, আমাকে জোর করে পুলিশ ভ্যানে তুললেন। শুধু এটাই নয় স্যার, যাদবপুরে আমাদের দলের সংসদ সদস্যা মমতা ব্যানার্জীর ওপর সি.পি.এম-এর লোকেরা হামলা করেছে। আমাদের কাউন্সিলর শোভন চ্যাটার্জী আহত হয়ে হাসপাতালে রয়েছেন। স্যার, আমি বলতে চাইছি যে, একজন এম.এল.এ হিসাবে আমার নিজের কেন্দ্রে সি.পি.এম এবং সরকারের অন্যায় কাজের নিজ অধিকারে আমি যখন প্রতিবাদ জানাচ্ছিলাম তখন পুলিশ আমাকে গ্রেপ্তার করে সেই অধিকার ভঙ্গ করেছে। এর বিরুদ্ধে আমি প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সাধারণ গ্রন্থাগার আইন পাশ করে প্রতি জেলায় বিভিন্ন দপ্তরে মানুষদের নিয়ে এম.এল.এ. বা লোকাল লাইব্রেরী অথরিটি গঠন করেছেন এবং সেই অথরিটিকে স্ট্যাটিউটরি বডি হিসাবে কাজ করার ক্ষমতা দিয়েছেন।

**[ 1-20 – 1-30 p.m.]**

কিন্তু গত বিধানসভার নির্বাচনের পর থেকে নদীয়া জেলায় এই এল.এল.এ এখন পর্যন্ত গঠিত হয়নি। রাইটার্স বিল্ডিং-এর কিছু আমলা সেখানে এই ধরণের ক্ষমতা দেওয়াটাকে পছন্দ করছেন না বলে বোধ হয় এই রকম নানা ধরণের ঘটনা ঘটছে। ফলে আজকে জেলায় জেলায় যে লাইব্রেরীগুলি গড়ে উঠেছিল বিশেষ করে নদীয়া জেলায় সেখানে কাজগুলি ঠিকমত হচ্ছে না। কারণ এল.এল.এ ঠিকমত ফাংশন করতে পারছে না। এমন কি সাধারণ গ্রন্থাগারে যে ২জন প্রতিনিধি এবং লাইব্রেরী কর্মচারী-র যে প্রতিনিধি থাকার কথা তার নাম এখন পর্যন্ত জেলায় এসে পৌছায়নি। এই অবস্থা হয়ে রয়েছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় গ্রন্থাগার মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি যাতে অবিলম্বে নদীয়া জেলায় পরিপূর্ণ এল.এল.এ কমিটি গঠিত হয় এবং সেই কমিটি যাতে কাজ করতে পারে তারজন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়া হোক, তা নাহলে আমলারা যথেচ্ছভাবে কাজ করছে এবং এর ফলে বহু সমস্যা দেখা দিচ্ছে। সাধারণ মানুষের মধ্যে বিক্ষোভ সৃষ্টি হচ্ছে। লাইব্রেরীর যে আন্দোলন

বামফ্রন্ট সরকার গড়ে তুলেছিলেন তা ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় গ্রন্থাগার মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি।

**শ্রী অপূর্বলাল মজুমদার ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৫ আগষ্ট তারিখে যুব কংগ্রেসের যে সমস্ত ছেলেরা পথ অবরোধ করেছিল তাদের প্রতি বামফ্রন্ট সরকার যে ব্যবহার করেছেন তা কাগজে বেরিয়েছে এবং এটা ওনারা ভালভাবেই জানেন। আমি এই সম্পর্কে একটি গুরুতর বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সেদিন এই ঘটনা ঘটার সময় দুইজন ফটোগ্রাফার ছিলেন। তারমধ্যে একজন প্রেস ফটোগ্রাফার ছিলেন। তাঁর নাম ইন্দ্রনীল কিংবা ইন্দ্রজিৎ চ্যাটার্জী, তিনি যুগান্তরের ফটোগ্রাফার। আর একজন ফটোগ্রাফার ছিলেন, তাঁর নাম হচ্ছে শ্রী বিশ্বনাথ চৌধুরী। এই বিশ্বনাথ চৌধুরী মহাশয় অভিযোগ করেছেন অতিরিক্ত পুলিশ সুপার শ্রী দেবেন্দ্র সুকুলের সামনে তাকে মারধোর করা হয়েছে। সি.পি.এম-এর লাল ঝান্ডা গুটিয়ে নিয়ে তার ডান্ডা দিয়ে তাকে আঘাত করা হয়েছে এবং তার মুখে ঘুসি মারা হয়েছে। তার ক্যামেরা থেকে ফিল্ম খুলে নেওয়া হয়েছে এবং ক্যামেরা ভেঙে ফেলতে গিয়েছিল। পুলিশ অফিসার চুপ করে বসে ছিলেন। যুগান্তরের ফটোগ্রাফার ইন্দ্রজিৎ চ্যাটার্জীর উপরও আক্রমন হয়েছে পুলিশের সামনে। অনেক সময় এঁরা বলেন কই, এই সব তো শুনিনি। পুলিশের কাছে তো রিপোর্ট হয়নি। কিন্তু আমি বলছি তাঁদের মারা হয়েছে পুলিশের সামনেই। ঝান্ডা গুটিয়ে সি.পি.এমের ছেলেরা ডান্ডা দিয়ে মেরেছে। পুলিশ নীরব ছিলেন। এটা একটা কগ্‌নিজেবল অফেন্স। প্রেস ফটোগ্রাফারকে পুলিশ অফিসারের সামনে মারধোর করে তাঁর ক্যামেরা থেকে রিল খুলে নেওয়া হয়েছে। এটা কোন্ দেশের গণতন্ত্র? তাই আমি বলতে চাই ঐ পুলিশ অফিসার অন্যায় কাজ করেছেন এবং গণতন্ত্রের উপর নির্লজ্জভাবে আক্রমণ করেছেন। পুলিশ সুপার দেবেন্দ্র সুকুলের এ ব্যাপারে জবাবদিহি করা উচিৎ। এঁদের এফ.আই.আর পর্যন্ত নেওয়া হয়নি, ডায়েরি নেওয়া হয়নি। আমি এর প্রতিবাদ জানাচ্ছি এবং সংবাদপত্রের স্বাধীনতা হরণ করার যে প্রচেষ্টা হয়েছে তার জন্যও প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকার বন্যা পরিস্থিতি সম্বন্ধে আমি কয়েকটি কথা বলতে চাই এবং আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের মন্ত্রী সভার মাননীয় মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার এলাকা সুতী ব্লকের ৩টি অঞ্চলে হাড়োয়া, মৌতালি এবং বংশবাটী এবং আয়রণের পাটলির কিছু অংশ সম্পূর্ণ জলের তলায় চলে গিয়েছে। যারা এখন ওখানে অসহায় অবস্থায় আছে তাদের কাছে কোন জিনিষ গিয়ে পৌঁছাচ্ছে না। দ্বিতীয় কথা হচ্ছে, নদীর এমব্যাংকমেন্ট থাকার জন্য এবং ঐ এলাকায় মূর্হু মূর্হু বর্ষণের জন্য সুতী ব্লক নম্বর ২, ৪/৫টি অঞ্চলে মানুষ গৃহবন্দী অবস্থায় আছে। আর ৮/১০ ইঞ্চি জল যদি বাড়ে তাহলে ওখানেও বন্যা হয়ে যাবে এবং বন্যার জল ঢুকলে — গত বৎসরের তুলনায় - মানুষের ৩ গুণ ক্ষতি হবে। কাজেই, এই প্রসঙ্গে আমি মাননীয় পশ্চিমবঙ্গের মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি, বিষয়টি বিবেচনা করার জন্য।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গে যে ভয়াবহ বন্যা পরিস্থিতি দেখা দিয়েছে— উত্তরবঙ্গে— আমরা আজকে সংবাদপত্রে তা পড়েছি এবং বিভিন্ন ভাবে খবর পাচ্ছি যে প্রায় ২০ লক্ষ মানুষ বিপন্ন বলে সরকার জানিয়েছেন এবং সরকারী তরফে ১৪ জন মৃত বলে জানান হয়েছে। উত্তরবঙ্গের সঙ্গে কলকাতার সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে। যে সড়ক এন.এইচ-৩৪, সেই সড়ক যোগাযোগ সম্পূর্ণভাবে বিপর্যস্ত। এই রকম পরিস্থিতিতে আমাদের মনে হচ্ছে যে, ত্রাণ ব্যবস্থা ঠিক মত পৌঁছতে পারছে না, এবং এখনও ত্রাণ ব্যবস্থা অপ্রতুল। পরিস্থিতি সংকটজনক হয়ে দেখা দিয়েছে। এই রকম পরিস্থিতিতে রাজ্যের বামফন্ট সরকার ১৪ই সেপ্টেম্বর

বাংলা বন্ধ করার ডাক দিয়েছেন। আমরা মনে করি এই পরিস্থিতি মোকাবিলা করার জন্য অবিলম্বে বন্ধ প্রত্যাহার করার সিদ্ধান্ত নিয়ে উত্তরবঙ্গের বন্যাপীড়িত মানুষের কথা চিন্তা করা দরকার। যাতে তারা এইটুকু ভাবতে পারে যে এই সময়ে বন্ধ নামক উৎসবটি বন্ধ করে উত্তরবঙ্গের বন্যা পীড়িত মানুষের জন্য ত্রাণ সামগ্রী পৌঁছানোর ব্যবস্থা করা হচ্ছে। যাদের খাদ্য, বস্ত্র ও বাসস্থানের সামগ্রী এই মুহুর্তে সব চাইতে বেশী প্রয়োজন তাদের কাছে এইগুলি পৌছে দেবার ক্ষেত্রে একটা বিশেষ পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। সুতরাং এই বন্ধ প্রত্যাহারের কথা চিন্তা করার জন্য আজকে কেবলমাত্র মাননীয় মুখ্যমন্ত্রী নন, বামফ্রন্টের আরও যেসব শরিক দল রয়েছেন সকলকে এই বন্ধের সিদ্ধান্ত বাতিল করে বিষয়টি বিবেচনা করে উত্তরবঙ্গের মানুষের পাশে গিয়ে দাঁড়াবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**Shri Mohan Sing Rai :** Honourable Speaker, Sir, through you, I want to draw the attention of the Minister-in-charge of the Education Department to the fact that every year the answer scripts of the Madhyamik and Higher Secondary Examinations are missed and the incomplete results are coming out. As a result, the students are getting frustrated mainly because of their incomplete results arising out of the minor errors and negligence as a whole. The secessionist elements are taking the opportunities of exploiting the situation. So, to generate some constructive developments in the education sphere, particularly in the North Bengal area, these errors should be removed at once and the negligence be checked. Besides that, blank marksheets are being issued to the students causing a deeper sense of frustration in the minds of the students and the guardians. As such, I would request you to see so that the results of the students are corrected timely and gross negligence do not occur any more to protect the interest of the guardians. Thank you, Sir.

**[1.30 - 1.40 p.m.]**

**ডাঃ মানস ভূঞ্যাঁ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সংবেদনশীল বিষয়ের প্রতি আপনার এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার সবং কলেজে গত ১৬ বছর ধরে গরীব ছাত্রছাত্রীদের যাতায়াতের সুবিধার জন্য কলেজ ছাত্র সংসদ যে আইডেনটিটি কার্ডের মাধ্যমে তাদরে সুবিধা করে দিত সেই কার্ড তারাই ছাপাত এবং বিলি করত। হঠাৎ সরকার এবং বিশ্ববিদ্যালয় দ্বারা মনোনীত গভর্ণিং বডির প্রেসিডেন্ট শ্রী নরেন চক্রবর্ত্তী সেই কার্ড বাতিল করে দিয়েছেন যেহেতু ঐ কার্ডের উপর সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্রের 'বন্দেমাতরম' লেখা আছে, লেখা আছে মহাত্মা গান্ধীর একটি বাণী, যেহেতু ঐ কার্ডের একটি কোনে গৈরিক, সাদা ও সবুজ রঙ আছে। সেইজন্যই তিনি বলেছেন ঐ কার্ড চলবে না। যে কলেজের দেড় হাজার ছাত্রের মধ্যে পাঁচিশ জন মাত্র এস.এফ.আই এর স্টুডেন্ট তারা এবং কলেজ কর্তৃপক্ষ, আজকে তারা ভারতবর্ষের স্বাধীনতার যে বীজমন্ত্র, যে বীজমন্ত্র উচ্চারণ করতে করতে লক্ষ লক্ষ মানুষ চরম আত্মবলিদান করে গেছেন, যে সঙ্গীত উচ্চারণ করে ভারতবর্ষের স্বাধীনতা এনেছিলেন তাঁরা, আজকে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির রাজত্বে সেই 'বন্দেমাতরম' সঙ্গীতকে লাঞ্ছিত, অপমানিত, পদদলিত করেছেন তারা। আমি বলছি এটা একটা জাতীয়তাবিরোধী পদক্ষেপ। এই মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টি জাতীয়তাবিরোধী। এই মার্কসবাদী

কম্যুনিষ্ট পার্টি স্বাধীনতাবিরোধী। এই মুখ্যমন্ত্রী ভারতবর্ষের স্বাধীনতা দিবসে পতাকা পর্যন্ত তোলেন না। এই ব্যাপারে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি এবং বামফ্রন্ট সরকার একটা নজির সৃষ্টি করেছেন। আমি ঐ কার্ডের একটা স্যাম্পেল দিচ্ছি এবং ভারতবর্ষের নাগরিক হিসাবে আবেদন করছি.....................

(সময় শেষ হয়ে যাওয়ায় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়, কিন্তু ডাঃ মানস ভূএ্যাঁকে বলতে দেখা যায়)

**Mr. Speaker :** Dr. Bhunia, please take your seat. I now call upon Shri Tarak Bandhu Roy to speak.

**শ্রী তারকবন্ধু রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি ..............

(ডাঃ মানস ভূএ্যাঁকে তাঁর বক্তব্য বলে যেতে দেখা যায়)

**Mr. Speaker :** Dr. Bhunia if you go on in this way I will not allow you any mention in future. Please take your seat.

(Dr. Manas Bhunia was seen still continuing his speech)

**Mr. Speaker :** Mr. Sattar, I believe you do not have any control over your members. If you do not have any control over your members then I will have to take action.

(Dr. Manas Bhunia was seen still continuing his speech)

**Mr. Speaker :** Dr. Bhunia, I am very sorry. In this Session I will not allow you any of your mentions. That is your punishment. শ্রী তারকবন্ধু রায় আপনি বলুন।

**শ্রী তারকবন্ধু রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ চাঞ্চল্যকর সংবাদের প্রতি প্রাথমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী তথা এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আনন্দবাজার পত্রিকায় যে খবর বেরিয়েছে তারফলে সারা রাজ্যের প্রাথমিক শিক্ষকদের মধ্যে এক চাঞ্চল্যকর পরিস্থিতির উদ্ভব হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার আগে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে নানারকম দুর্নীতি ছিল এবং সেই দুর্নীতি দেখবার জন্য ১৯৮৩ সালে লাহিড়ী কমিটি নামে একটি কমিটি গঠন করা হয়। সেই কমিটি তাঁদের রিপোর্ট পেশ করেন ১৯৮৬ সালের ৩০শে জুন। সেখানে উনি বলেছেন প্রাথমিক শিক্ষকদের ৭৪ কোটি টাকা তার মধ্যে ১১ কোটি টাকা গোটা ২৪-পরগণায় কোন হিসাব নেই। এই দিকে আমরা দেখতে পাচ্ছি প্রাথমিক শিক্ষা পরিষদ গঠিত হচ্ছে, এই শিক্ষা পরিষদ গঠিত হলে এই রাজ্যের প্রাথমিক শিক্ষকদের নিজস্ব অর্জিত ৭৪ কোটি টাকা থেকে তাঁরা বঞ্চিত হবে। এই কারণে সারা রাজ্যে একটা চাঞ্চল্যকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করতে চাই যাতে এই শিক্ষকরা বঞ্চিত না হন তার জন্য তিনি ব্যবস্থা গ্রহণ করেন, এই কারণে যাতে শিক্ষা ব্যহত না হয় তার জন্য তিনি যেন যথোচিত ব্যবস্থা গ্রহণ করেন।

**ডাঃ সুদীপ্ত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৫শে আগষ্ট যুব কংগ্রেসের কর্মসূচী অনুযায়ী যখন আমার নির্বাচন কেন্দ্রে যুব কংগ্রেসের কর্মীরা কাশিপুর রোড এবং বি.টি. রোড অবরোধ করেছিল গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করলাম স্থানীয় জনসাধারণ এবং যুব কংগ্রেসের কর্মীদের সরকারের বিরুদ্ধে আন্দোলন যখন তীব্র থেকে তীব্রতর আকার ধারণ করেছিল সেই আন্দোলনকে

ভেঙ্গে দেবার জন্য সেই সময় পুলিশের সহযোগিতায় ডি.ওয়াই.এফ কর্মীরা এবং সি.পি.এমের কর্মীরা স্থানীয় জনসাধারণ এবং যুব কংগ্রেসের কর্মীদের উপর আক্রমণ করে। এখানেই শুধু থেমে যায় নি, আমরা আরো লক্ষ্য করলাম ৯৬ নং কাশিপুর রোডে ৩২ জন যুব কংগ্রেসের কর্মীকে পুলিশ এবং স্থানীয় সি.পি.এম-এর লোকেরা তাদের এলাকায় ঢুকতে দিচ্ছে না। আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। গণতান্ত্রিক আন্দোলনের উপর সি.পি.এম এবং বামফ্রন্ট কর্মীদের আক্রমনের বিরুদ্ধে তীব্র ধিক্কার জানাচ্ছি। আমরা দেখেছি পাশাপাশি আমার নির্বাচনী এলাকায় সি.পি.এম-এর কর্মীরা রেল অবরোধ করেছিল, সি.পি.এমের গুণ্ডারা রেল অবরোধ করে বসেছিল তখন পুলিশ কোন ব্যবস্থা নেয় নি। যখন যুব কংগ্রেস কর্মীরা বি.টি.রোড এবং কাশিপুর রোড অবরোধ করল তখন পুলিশ এবং সি.পি.এম-এর দালালরা নির্লজ্জ ভাবে তাদের উপর আক্রমণ করলো। সি.পি.এম-এর দ্বারা পশ্চিমবাংলায় গণতন্ত্র হত্যার একটা ছোট্ট নমুনা আপনার সামনে তুলে ধরলাম।

**শ্রী সুখেন্দু মাইতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী এবং ক্ষুদ্র শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাঁথি তথা পশ্চিমবাংলার একটা অবহেলিত কৃষি পন্য যা নিজের গুনে আর্ন্তজাতিক ক্ষেত্রে চা-য়ের টেবিলে নিজেকে বিশেষ ভাবে প্রতিষ্ঠিত করেছে তা হল কাজু বাদাম। আমি আবেদন করবো এই কাজু বাদাম শিল্প গড়ে তোলার জন্য যে কৃষি পণ্য দরকার তা ঠিকভাবে যোগান দেওয়া এবং যে সমস্ত কৃষি খামার আছে সেই গুলিকে আরো ভাল ভাবে তৈরী করতে হবে। পশ্চিমবাংলায় কাঁথিতে এই শিল্পের বিরাট প্রবণতা রয়েছে এবং এখানে কাজু বাদাম চাষ হয়। আমি আবেদন করবো এখানে কাজু বাদামের গবেষণা কেন্দ্র তৈরী করার জন্য এবং এখানে এই শিল্পের ব্যপকতা সৃষ্টি করার জন্য প্রসেসিং সেন্টার গড়ে তোলার জন্য। এখানে এই কাজু শিল্পকে যাতে স্বয়ংসম্পূর্ণ করা যায় তার ব্যবস্থা করতে হবে। এই জিনিস করতে পারলে অনেক বৈদেশিক মুদ্রা অর্জন করা যাবে এবং ব্যাপক সংখ্যক বেকার ছেলে কাজ পাবে। এই জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করবো এই শিল্পের ব্যপকতার সৃষ্টি জন্য তিনি যেন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন।

**[1.40 - 1.50 p.m.]**

**শ্রী প্রবুদ্ধ লাহা :** স্যার, আমি আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকার পুলিশ প্রশাসনকে কাজে লাগিয়ে যে কাজ করেছেন তাকে ডাবল্ স্ট্যান্ডার্ড এ্যাডপ্ট করার নীতি ছাড়া আর কিছু বলা যায় না, এটা সম্পূর্ণ সংবিধান বিরোধী কাজ। গত ২৫শে আগষ্ট তারিখে পুলিশ ও প্রশাসনকে রেল-রোকো আন্দোলনকে সফল করার জন্য এঁরা যেমন ব্যবহার করেছেন, তেমনি অপরদিকে সি.পি.এম-এর জঙ্গী ক্যাডারদের মদত দিয়েছেন যাতে কেন্দ্রীয় সরকারের অফিসার এবং কর্মচারীরা যাতে রেল চালু রাখতে না পারেন। ঐ সমস্ত ইচ্ছুক কর্মচারীদের কাজে ওরা বাধা দিয়েছে। আর একদিকে পুলিশ প্রশসনকে ব্যবহার করে যুব-কংগ্রেসের রাস্তা-রোকো আন্দোলনকে ব্যহত করেছে। এই কাজে শুধুমাত্র এম.পি. মমতা ব্যানার্জীকে আক্রমণ করা হয়নি, কলকাতা থেকে দু'শ কিলোমিটার দুরে আসানসোলে আমাদের সহকর্মী সুহৃদ বসু মল্লিক যখন যুব-কংগ্রেসের ঐ দিনের আন্দোলনে নেতৃত্ব দিচ্ছিলেন তখন ডি.ওয়াই.এফ.-এর ছাত্ররা তাঁর উপরে আক্রমণ করে। সেই সময়ে পুলিশ নীরব দর্শকের ভূমিকা গ্রহণ করেছিল। আমি পুলিশের এই ভূমিকার নিন্দা করছি। আমি এই সাথে সাথে পশ্চিমবঙ্গ সরকারের এই দ্বিমুখী নীতিরও নিন্দা করছি। সরকারের এ্যাডমিনিসট্রেশনে যাঁরা বসে আছেন— মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু— রেল-রোকো আন্দোলন সফল হয়েছে বলে দ. ...রেছেন। আমি এর নিন্দা করছি। তিনি নির্লজ্জভাবে রাস্তা-রোকো আন্দোলনকে যে বাধা দিয়েছেন তা পশ্চিমবঙ্গের মানুষ বুঝতে পেরেছেন। স্যার, আমি আপনাকে অনুরোধ করছি, আপনি

সরকারকে জানিয়ে দিন, রাজ্য সরকার যদি পুলিশ প্রশাসনকে নির্দেশ দিয়ে বাংলা বন্ধ করতে চান তাহলে তা করুন, কিন্তু তাঁরা যেন ডাবল ষ্ট্যান্ডার্ড এ্যাডপ্ট না করেন। তাঁরা বাংলা বন্ধ করছেন একদিকে, কিন্তু অপরদিকে আমাদের যুব কংগ্রেসের আন্দোলনে পুলিশ প্রশাসনকে ব্যবহার করছেন, এই কাজ যেন তাঁরা আর করার চেষ্টা না করেন। কারণ এই রকম দ্বিমুখী কাজ করলে তার ফল হবে মারাত্মক, ভয়ংকর। আমি এখানে এই কথাটা বিশেষ ভাবে জানিয়ে দিতে চাই যে, এই ধরণের কাজের ফলে তাঁদের উপরে যে কোন সময়ে — এই রাজ্যের উপরে— কনষ্টিটিউশানাল এ্যাকসান হতে পারে। আমরা কনষ্টিটিউশানাল এ্যাকশানকে এই অবস্থায় ইনভাইট করবো। কারণ গণতান্ত্রিক আন্দোলন করার অধিকার আমাদের কনষ্টিটিউশানে আছে।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় স্পীকার মহোদয়, আমি কংগ্রেস বেঞ্চ থেকে ২৫শে আগষ্টের উপরে অনেক কথা শুনলাম। আমার বক্তব্যও ঐ ২৫শে আগষ্টের উপরে। আজকের কাগজে সকাল বেলায় দেখলাম সাধন পাণ্ডের একটা * * চেহারা। কয়েকজন উন্ডেড লোককে নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে উনি গিয়েছিলেন — এই রকম একটা ছবি কাগজে বেরিয়েছে। স্যার, আপনি জানেন না যে, গত ২৫শে আগষ্ট তারিখের রেল-রোকো আন্দোলনের যে কর্মসূচী পালিত হয়েছে তা আমাদের দীর্ঘদিনের একটি কর্মসূচী। ঐ তারিখে মধ্যমগ্রামে আমাদের একটা জায়গায় জমায়েত হবার কথা ছিল। সেই মত ঐদিন সকাল আটটার সময়ে আমরা যাচ্ছিলাম এবং আমাদের সঙ্গে অনেক মহিলা কর্মীও ছিলেন। আমরা বাসে, লরীতে করে ২৫০/৩০০'র মত কর্মীরা এক নম্বর গেটের কাছে — যেখানে পাঁচতারা হোটেল আছে সেখানে যাচ্ছিলাম। স্যার, আপনি শুনে নেবেন, * * * * এরা সব '৭২ সালের কুখ্যাত গুণ্ডা, ঐ সব মস্তানরা বেশ কিছু লোকজন নিয়ে হাজির হয়ে ৪৫০ থেকে ৫০০-র মত লোককে নিয়ে এসে সমস্ত দুরপাল্লার বাসের চাকার পাম্প আউট করে এমন করে রাখে যাতে কেউ আর ওখান দিয়ে যেতে না পারে।

আমরা যখন ৮টার সময়ে সেখানে রিচ করলাম সেখানে গিয়ে দেখলাম তারা বোমা, গুলি প্রভৃতি ছুঁড়ছে। তারা বোমা, পাইপগান নিয়ে সরাসরি আক্রমণ করছে আর পুলিশ সেখানে কিছু করছে না। পুলিশ সেখানে ছিল এবং বললো আপনাদের বোমা মারবে আপনারা চলে যান কিন্তু তা সত্বেও আমরা ৪০মিঃ সেখানে ছিলাম। আমরা হচ্ছি শান্তির পূজারী, পুলিশ যখন দেখলো ওখান থেকে কিছু হবে না তখন আমাদের অনুরোধ করলো আপনারা এখান থেকে অনুগ্রহ করে চলে যান তা না হলে রাস্তার গন্ডগোল বন্ধ করা যাবে না। আমরা দেখলাম রাস্তার হামলা মেটানোর প্রশ্নে পুলিশ সেদিন সক্রিয় ভূমিকা পালন করেনি। কংগ্রেস শেষ যে কাজ করলো তা অভাবনীয়। আমরা যখন দেখলাম যে ল এ্যান্ড অর্ডার মেনটেন হবে না বলে চলে আসছি সেই সময়ে কিছু যুব কংগ্রেসের ক্যাডাররা প্যান্টের বোতাম খুলে যেভাবে অসভ্য, অশালীন আচরণ করলো তা গনতন্ত্রের পক্ষে বিপজ্জনক। আমার আবেদন কংগ্রেসের এই ধরণের নির্লজ্জ আচরণ বন্ধ করুক। এরজন্য আমাদের প্রসাশনকে সজাগ থাকতে হবে এবং আমি সেই সঙ্গে কংগ্রেসের নেতাদের আরো আবেদন করছি তারা যেন তাদের অনুগামীদের সংযত করেন তা না হলে এই চেহারা দেখলে জনমানবের মনে একটা তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হবে।

**মিঃ স্পীকার ঃ** ভণ্ডামি কথাটি বাদ যাবে এবং যে ব্যক্তিরা নেই যথা বিশ্বনাথ সিং প্রভৃতি কথা বাদ যাবে।

---

***Note :*** **[* - Expunged as orderd by the Chair]**

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে নিবেদন করতে চাই কারণ আপনি একজন আইনজ্ঞ লোক যে গত ২৫ তারিখের রাস্তা রোকো 'যদি বেআইনী হয়, ল এ্যান্ড অর্ডার ভঙ্গ হয় তাহলে' রেল রোকোও নিশ্চয় বেআইনী। এখানে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী নেই তাঁর কোমরে ব্যাথা নিয়ে তিনি অসুস্থ আছেন, তিনি থাকলে জিজ্ঞাসা করতাম রেল রোকোর দিন পুলিশের ভূমিকা কি ছিল? আপনারাই বলেন আমরা গণতন্ত্রের মন্দিরে আছি তাহলে সেদিন পুলিশ কংগ্রেসীদের মারলো কেন? কই একটা সি.পি.এম-এর লোকও তো রেল রোকোর জন্য পুলিশের হাতে নিগৃহীত হয়নি। আমি এতোক্ষণ ধরে জয়ন্তবাবু এবং রবীন মণ্ডল মহাশয়ের কথা শুনলাম কিন্তু সবচেয়ে লজ্জার কথা এবং ঘৃণার কথা যে গত ২৫শে আগষ্ট আপনারা এবং পুলিশ যৌথভাবে যেভাবে কংগ্রেসীদের উপর আক্রমণ করলেন তা লজ্জার কথা। আজকে যদি 'রাস্তা রোকো' বেআইনী হয় তাহেল 'রেল রোকো'ও বেআইনী কিন্তু রেল রোকোর ব্যাপারে তো একটা সি.পি.এমের ছেলে পুলিশের হাতে মার খেলো না? অথচ আমাদের এম.পি মমতা ব্যানার্জী এবং ১৫০ জন কংগ্রেস কর্মী পুলিশের হাতে রাস্তা রোকোর নামে নিগৃহীত হল। এই কি সি.পি.এমের গণতন্ত্রের নজির। একটা তো মিনিমাম নর্মস থাকা উচিত। আজকে আমরা সি.পি.এমের মন্ত্রীকে মারতাম বা জ্যোতিবাবুকে মারতাম তা কি খুব শোভনীয় হত? আমাদেরও ক্ষমতা আছে কিন্তু সেই ধরণের মনোবৃত্তি নেই। পুলিশ এবং সি.পি.এম যৌথভাবে কংগ্রেসের এম.পি. কর্মীদের মারল অথচ একটা সি.পি.এমের ক্যাডারও আহত হয়নি। আজকে ওঁরা বলছেন আমাদের মধ্যে সমাজবিরোধী আছে, তাই যদি হয় তাহলে ১৫০ জন কংগ্রেস কর্মী পুলিশের হাতে মার খেল কেন? আমরা জানি সমাজবিরোধী কাদের দলে আছে। শুধু তাই নয় পুলিশ তো মেরেছেই এবং এমন কি সি.পি.এমের ক্যাডাররা পুলিশের পোষাক পরে পুলিশের সামনে কংগ্রেসীদের মারছিলো আর পুলিশ নিষ্ক্রিয় হয়ে ছিল। সুতরাং গত ২৫শে আগষ্ট যে লজ্জাজনক ঘটনা ঘটেছে তাতে যদি সি.পি.এমের মন্ত্রীদের কাণ্ডজ্ঞান থাকতো বা তারা যদি কানখুলে থাকতেন তাহলে অন্তত লজ্জা হোত। গত ২৫ তারিখে পুলিশ যে জঘন্য কাজ করেছে যে ফটোগ্রাফারদের মেরেছেন তার একটা বিচার হওয়া উচিত। আমি তার প্রতিবাদ করছি।

**[1.50 - 2.30 p.m.]**

**(Including Adjournment)**

**শ্রী কামাখ্যা চরণ ঘোষ :** মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে জানাতে চাই যে, পশ্চিমবাংলায় বাটা কোম্পানী লক আউট ঘোষণা করেছে। বাটা কোম্পানী লক-অউট ঘোষণা করার ৬ দিন পরে তাদের কতকগুলি কন্ডিশান বা চ্যার্টার অফ ডিম্যান্ড দিয়েছিল, যেগুলি শ্রমিক-কর্মচারীদের অধিকার হরণ করতে চেয়েছিল। এটি একটি বহুজাতিক সংস্থা, এই সম্পর্কে হস্তক্ষেপ করার জন্য আমরা দৃঢ়ভাবে দাবী জানাচ্ছি মাননীয় মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর নিকট।

**শ্রী মান্নান হোসেন :** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীসভার সদস্যদের এবং সকল সদস্যের প্রতি একটা অত্যন্ত দুঃখজনক ঘটনার দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৪.৮.৮৮ তারিখে কাঁন্দি থানরা যশোহড়ি গ্রাম পঞ্চায়েতের মণিগ্রামে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির গুণ্ডাদের হাতে ২৫টি পরিবার আক্রান্ত হয়ে বাড়ী ছাড়া হয়। আমরা গত পরশু দিন ২৮.৮.৮৮ তারিখে বিরোধী দলনেতা আবদুস সাত্তার সহ কাঁন্দি মহকুমার দলীয় সভায় যাই। তখন ঐখানে বহু মহিলা আমাদের কাছে মার্কসবাদী কম্যুনিষ্ট পার্টির আক্রমণের কথা জানাতে আসেন। আমরা সভার শেষে সাত্তার সাহেব সহ সকলে এস.ডি.পি.ও-র অফিসে, যাই, কিন্তু সেই মহকুমার পুলিশ অফিসার শুধু

বিধানসভার সদস্য হিসেবে নয় - বিরোধী দলনেতা সাত্তার সাহেবের সঙ্গে যেভাবে আচরণ করেছে, সেই আচরণে আমরা অত্যন্ত লজ্জিত। অতীতেও দেখেছি বিধানসভার সদস্যদের সঙ্গে ঐ ধরণের আচরণ করলে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর নিকট দাবী জানাচ্ছি, যেখান বিরোধী দলনেতার মর্যাদাহানি করেছেন একজন এস.ডি.পি.ও., তাই আমি এর তীব্র প্রতিবাদ করছি।

সেদিন মাননীয় সাত্তার সাহেব এস.ডি.পি.ও'র কাছে যে ২৭টি পরিবার গ্রাম ছাড়া, গৃহ ছাড়া হয়েছে তাদের নিরাপত্তার ব্যবস্থা করে বাড়ীতে ফিরিয়ে দেওয়ার কথা বলতে গেলে তিনি তাঁকে বলেছেন আমরা তাদের গ্রেপ্তার করব। তারপর তারা এ্যান্‌টিসিপেটারী বেল নিয়েছে, থানায় কাগজপত্র পাঠিয়ে দেওয়া হয়েছে। তারপরেও তিনি বলেছেন পুলিশের কাছে অনেক কেস আছে, পুলিশ যে কোন মামলায় তাদের এ্যারেষ্ট করবে। তখন সাত্তার সাহেব বলেছেন এ্যান্‌টিসিপেটারী বেলের যে প্রভিসান আছে তাকে কি আপনারা চ্যালেঞ্জ করবেন? তখন সেই অফিসার বলেছেন আপনারা এই লোকগুলিকে সাজিয়ে এনেছেন, আপনারা এখান থেকে যেতে পারেন। যে রাজ্যে বিধানসভার বিরোধী দলের নেতার মর্যাদা এইভাবে হানি হয়, একজন মহকুমা পুলিশ অফিসার বিরোধী দলের নেতার সঙ্গে এই রকম অশালীন আচরণ করতে পারেন সেই রাজ্যে সাধারণ মানুষের নিরাপত্তা কিভাবে থাকতে পারে সেটা আপনারা চিন্তা করে দেখুন। আমি মাননীয় সাত্তার সাহেবের সঙ্গে ছিলাম, শেষ পর্যন্ত তাঁকে ঘর থেকে বেরিয়ে যাবার কথা বলেছেন। তাই আপনার মাধ্যমে আমি অনুরোধ করছি যাতে কান্দি মহকুমা পুলিশ অফিসারের গ্রাম কল্যান আধিকারিকের বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করা হয় তার ব্যবস্থা করতে।

**শ্রী তারাপদ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল এই আমার এলাকা বোলপুরে একটা স্টেট জেনারেল হাসপাতাল আছে। সাম্প্রতিককালে এই দুমাসে অন্ততপক্ষে দুজন লোক সাপের কামড়ে মারা গেছে। সমস্যা হচ্ছে, এ.ভি.এস পাওয়া যাচ্ছে না এবং তার জন্যই চিকিৎসা ঠিকমত হচ্ছে না। আপনারা জানেন যে গ্রামে সাপের প্রবণতা প্রকট হয়েছে। সেখানে সাপে কাটা কেস প্রচুর হচ্ছে। এই অবস্থায় যদি এ.ভি.এস না দেওয়া যায় তাহলে তো মানুষের প্রাণ নিয়ে টানাটানি হবে। কাজেই আপনার মাধ্যমে এই গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি অবিলম্বে যেন সেখানে এ.ভি.এস সাপ্লাই করা হয় এবং এই সাপে কাটা রোগীদের নিয়ে যে দুরবস্থা এবং অনিশ্চয়তা দেখা দিয়েছে সেটা যেন দূর হয়।

(At this stage the House was adjourned till 2.30 pm)

**[2.30 - 2.40 p.m.]**

**(after adjournment)**

**শ্রী তুহিন সামন্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যা পশ্চিমবাংলায় ছিল না সেটা পশ্চিমবাংলায় শুরু হয়েছে এটা খুব দুঃখের ঘটনা। সাম্প্রদায়িক সম্প্রীতির জন্য পশ্চিমবাংলার মানুষের সুনাম সারা ভারতবর্ষেই রয়েছে। কিন্তু ২৩শে জুন, যেদিন সারা পশ্চিমবাংলায় মিউনিসিপ্যাল নির্বাচন চলছিল তখন আমার এলাকায় সন্ধ্যাবেলায় একটা সাম্প্রদায়িক হাঙ্গামা ঘটে গেল এবং পুলিশের গুলিতে দুটি বাচ্চা ছেলের জীবন চলে গেল, মাইনরিটি কমিউনিটির ১০/১২ জন বৃদ্ধ মানুষের গায়ে গুলি লাগল। তাণ্ডব শুরু হতেই আমরা সেখানে ছুটে গেলাম এবং পুলিশ প্রশাসনকে ধরলাম, জেলার মন্ত্রীকেও

বললাম। আমি এখন মন্ত্রী সভার কাছে জানতে চাইছি এই সাম্প্রদায়িক উস্কানীর পিছনে যারা ছিল পুলিশেরা খুঁজে বার করুক, অথবা কোন ম্যাজিস্ট্রেটকে দিয়ে নিখুঁতভাবে তদন্ত করা হোক। বিভিন্ন লোক সাম্প্রদায়িক দাঙ্গা সৃষ্টি করে ফায়দা লুঠতে চায় তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা দরকার। আমি আশা করি সমস্ত [illegible] দল এই দাবী করবেন। দুটি নিরীহ লোক পুলিশের গুলীতে প্রাণ দিল, কিছু লোক আহত হল এটাকে আমি রাজনৈতিক দৃষ্টিভঙ্গী নিয়ে দেখতে পারতাম, একজন কংগ্রেস সদস্য হয়ে আমি এ নিয়ে হৈ চৈ করতে পারতাম, কিন্তু আমরা মানবিক কারণে সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এটাকে বিচার করছি না। আসানসোলে মাইনরিটি কমিউনিটির মানুষদের নিশ্চিন্তে শান্তিতে বাস করতে দেওয়া হোক এটাই আমাদের দাবী। আমি শুধু জানতে চাই কারা এই চক্রান্তকারী, যারা আসানসোল সাবডিভিসনে আগুন লাগাবার জন্য ঐ শিয়ালডাঙ্গা এবং পাতিয়ালার মানুষদের মধ্যে এই সংঘর্ষ সৃষ্টি করল? বারবার আমি মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছি প্রকৃত সত্য জানবার জন্য, জেলার মানুষও এই ঘটনা জানার জন্য আগ্রহী। যাই হোক, এই ধরণের ঘটনা যাতে আর না ঘটে এই দাবী রাখছি এবং যারা নিহত হয়েছে তাদের পরিবারকে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করা হোক এই দাবীও রাখছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যে একদিকে চলছে বন্যার তাণ্ডব এবং অপরদিকে বাঁকুড়া জেলার একটা বড় অংশে চলছে খরা। এই খরার ফলে ছাতনা, গংগাজলঘাটী, মেজিয়া, বড়জোড়া প্রভৃতি থানা এলাকার অর্ধেক জমিতে চাষ হয়নি। ফলে চাষীরা মাথায় হাত দিয়ে বসে রয়েছে। যারা ভূমিহীন ক্ষেতমজুর তারা কাজ পাচ্ছে না, ফলে একটা দুশ্চিন্তা মানুষের মনের মধ্যে রয়েছে। সেখানে চাল গমের দাম বেড়ে যাচ্ছে। আমি কৃষি মন্ত্রীকে অনুরোধ করব যে সেখানে অন্য যে সব বিকল্প চাষ বাসের ব্যবস্থা আছে সেগুলিকে চালু করার ব্যবস্থা করুন এবং প্রয়োজনীয় মিনিকীট বিতরণ করে অন্যান্য যেসব ছোট ছোট খাল বিল নদী রয়েছে যেখান দিয়ে জল বয়ে যাচ্ছে সেখানে বাঁধের ব্যবস্থা করে চাষের ব্যবস্থা করুন। কেন না ঐ জায়গার মানুষদের চাষ বাস ছাড়া অন্য কোন জীবিকার ব্যবস্থা নেই। এই ব্যাপারে সত্বর উপযুক্ত ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি ঘটনার কথা সভায় উল্লেখ করতে চাই। সংবাদপত্রে আপনারা দেখেছেন শিবপুর বি. ই. কলেজে কিভাবে হিংস্র তান্ডব নৃত্য চলে ঐ সব নূতন ছাত্র যারা ভর্তি হতে আসে। সেখানে কিভাবে নূতন নূতন ছাত্রদের উপর র‍্যাগিং করা হয় তার একটা নজীর আমি এখানে তুলে ধরতে চাই। কাশীনাথ মন্ডল নামে একটি ছেলেকে ঘরের মধ্যে পুরে তার পায়ের হাড় ভেঙ্গে দেওয়া হয়েছে। আর অরূপ ভট্টাচার্য নামে একটি ছেলেকে তার চোখের উপর তীব্র বৈদ্যুতিক আলো ফেলে তার চোখের দৃষ্টি নষ্ট করে দেওয়া হয়েছে। এই জিনিস শুধু শিবপুর বি. ই. কলেজেই হয় না, নর্থ বেঙ্গল মেডিক্যাল কলেজ এবং বর্ধমান মেডিক্যাল কলেজ এবং বর্ধমান মেডিক্যাল কলেজেও এই জিনিস হয়। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ডি.জি.কে এই ব্যাপারে তদন্ত করতে দিয়েছেন। তিনি তার রিপোর্ট কবে দেবেন সেটা কিন্তু বলেননি। এই কথা বলে কাগজে বড় বড় করে বক্তৃতা দিয়েছেন। এতো বড় একটা বিরাট ব্যাপারে পুলিশ ঐ সব ছাত্রদের অ্যারেষ্ট করে নি কেন এইটাই আমার জানার কথা। পুলিশ ছাত্রপরিষদ ছাত্র সংসদের উপর দোষারোপ করছেন। কিন্তু এর পিছনে এস এফ আই কাজ করছে, এই সব অমানুবিক কাজ করে চলেছে তার কোন জবাব নাই। এই সমস্ত ছেলেদের উপর পুলিশ শাস্তিমূলক ব্যবস্থা নেয় না কেন? মুখ্যমন্ত্রী তো শুধু তদন্ত করার ভার দিয়ে কাগজে বড় বড় কথা বলে গেলেন। আমি একজন কংগ্রেস কর্মী হিসাবে দায়িত্ব নিয়ে বলছি যে সমস্ত গ্রামের ছেলেরা ঐসব জায়গায় পড়াশুনা করতে

আসে তাদের উপর এই রকম অত্যাচার করে এস এফ আই যে কলেজে তাদের বিস্তার করতে পারে তার ব্যবস্থা তারা করছে। এর বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেবার জন্য আমি স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি। আপনি দেখুন যে এস.এফ.আই -এর মস্তানদের সি.পি.এম-এর গুণ্ডারা মদত দিচ্ছে।

**শ্রী শশাঙ্ক শেখর মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ইংরাজ রাজত্বের পত্তনকালে তার ১০/১৫/২০ বছর পরে আমাদের বীরভূম জেলার রামপুরহাট ও দুমকার সংগে সংযোগ স্থাপনের জন্য একটা রাস্তা তৈরী হয়েছিল। আজ পর্যন্ত তার কোন সংস্কার হয়নি। রামপুরহাটে ঢুকবার আগে একটি ব্রীজ যাকে বলে সাঁকো তৈরী হয়েছিল। তার নাম হচ্ছে ঝনঝনে। কিন্তু সেই সাঁকোটি আজ পর্যন্ত কোন সংস্কার করা হয় নি কোন কিছুই হয়নি। সেখানে যানবাহন যাত্রীবাস মালপত্র চলাচলের ট্রাক চলাচল করে ১০০এরও বেশী এই রকম সব গাড়ী যাতায়াত করে। সেই ব্রীজ যখন তখন ভেঙে পড়ে যেতে পারে। যেকোন সময় সেই ব্রীজটি ভেঙ্গে পড়ে যেতে পারে। এই বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। সড়ক দপ্তরের প্রশাসনে যারা যুক্ত আছেন তাদেরও দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। কিন্তু তা সত্বেও এই পতনোন্মুখ ব্রীজটির সংস্কার হচ্ছে না। যে কোন সময় একটা মারাত্মক দুর্ঘটনা ঘটে যেতে পারে। তাই এই বিষয়ে প্রতিকার করার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র এবং পঞ্চায়েত মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ দু নং ব্লকের সেকেন্দ্রা গ্রাম পঞ্চায়েতটিতে কংগ্রেস সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে এবং প্রধান নির্বাচিত হয়। কিন্তু এই প্রধানকে অপসারিত করার জন্য নির্বাচনের পর থেকে সেখানকার সি.পি.এম গুণ্ডারা নানারকম সন্ত্রাস সৃষ্টি করতে থাকে। গ্রাম পঞ্চায়েত নির্বাচনের দিন তারা সংখ্যাগরিষ্ঠতা অর্জন করার জন্য সন্ত্রাস চালায় এবং তাদেরই বোম চার্জে আমাদের একজন লোক মারা যায়। এখন পর্যন্ত পুলিশ সেই মার্ডার কেসের আসামীকে এ্যারেষ্ট করে নি। সেই মার্ডার কেসের আসামী এবং আরো কয়েকজনের নেতৃত্বে নিয়মিত ভাবে সেখানে সন্ত্রাস চলেছে। বিগত ৩১ তারিখে কয়েকটি গ্রাম পঞ্চায়েত থেকে তাদের গুণ্ডাবাহিনী আমদানি করে পরিকল্পিতভাবে আমাদের গ্রাম পঞ্চায়েত সদস্যের বাড়ীসহ প্রায় ১৮/২০টি বাড়ী ভাঙচুর করে। আমাদের গ্রাম পঞ্চায়েতের ৫/৬ জন সদস্যকে বাড়ী ছাড়া করে দেওয়া হয়েছে তারা বাড়ী যেতে পারছে না। পুলিশকে বার বার বলা সত্বেও কোন প্রতিকার হচ্ছে না। সেখানে বন্যা হওয়া সত্বেও আমাদের প্রধান কোন কাজ করতে পারছে না। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, অবিলম্বে এই দুষ্কৃতকারীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা অবলম্বন করে আমাদের পঞ্চায়েতের সদস্যরা যাতে সুষ্ঠুভাবে কাজকর্ম চালাতে পারে তার ব্যবস্থা করা হোক এবং তারা যাতে নিজেদের বাড়ীতে ফিরে যেতে পারে সেই ব্যবস্থা করা হোক।

**শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সংবাদপত্রে বেরিয়েছে যে, গত ২৮শে আগষ্ট তারিখে পানিহাটী টাউন লাইব্রেরির ইলেকশান কনডাক্টকে কেন্দ্র করে একটি অপ্রীতিকর ঘটনা ঘটে। কিছু লোক ভোট পত্র ছিনিয়ে নিয়ে ভোট গননা বন্ধ করে দেয়। সংবাদপত্রে এই নিয়ে নানা রকম মিথ্যা সংবাদ পরিবেশিত হচ্ছে। কিন্তু এখনও পর্যন্ত সেই ইলেকশান যিনি কনডাক্ট করেছিলেন, প্রিসাইডিং অফিসার, শ্রী নিখিলেশ সেনগুপ্ত মহাশয়, তিনি যে লিখিত ষ্টেটমেন্ট করেছেন সেই সম্পর্কে সংবাদপত্রে কোন সংবাদই বেরোয়নি। প্রিসাইডিং অফিসার বলেছেন, মিহির রায় একজন

ভোট গণনাকারীকে তুলে দেন, দুলাল চক্রবর্তী তাকে ঘুসি মারেন এবং আরো ২০/২৫ জন কংগ্রেসী গুণ্ডাবাহিনী হামলা করে ভোটপত্র ছিনিয়ে নিয়ে চলে যায়। তার ফলে ভোটের কাগজপত্র পাওয়া যায়নি। তাই ভোট বন্ধ হয়ে যায়। কিন্তু এই নিয়ে সংবাদপত্রগুলি যেভাবে মিথ্যা অপপ্রচার করছে সেই সম্পর্কে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে সামান্য নজির হিসাবে প্রিসাইডিং অফিসার থানায় লিখিত ভাবে যে ষ্টেটমেন্ট দিলেন সেই সংবাদ সংবাদপত্রগুলিতে পরিবেশিত হওয়া উচিত ছিল। দ্বিতীয়তঃ সেখানে যে নারকীয় তাণ্ডব ঘটে তাতে ১০ জন সি.পি.এম কর্মী আহত হয়। তার মধ্যে ৪জন কে হাসপাতালে ভর্তি করা হয়।

**[2.40 - 2.50 p.m.]**

শৈল ঘোষ এবং তার ছেলে তাদের পানিহাটি হাসপাতালে ভর্ত্তি করা হয়েছিল। তারপরে গোবিন্দ মুখার্জী, শংকর মুখার্জী, বিশ্বজিৎ ঘোষ, সুভাষ পাল, শম্ভু দাস, অচিন্ত্য ভট্টাচার্য্য, দীপু চক্রবর্তী ইত্যাদি কর্মীরা দারুনভাবে আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়। কিন্তু পুলিশ এখনও পর্যন্ত থানায় ডায়েরী করা সত্বেও তাদের কাউকে গ্রেপ্তার করেনি। অপর দিকে সেখানে ১৪৪ ধারা জারি করেছে। এই অগণতান্ত্রিক ব্যবস্থার বিরুদ্ধে এবং পুলিশের কাছে যে ভাবে রিপোর্ট করা হয়েছে সেই ব্যাপারে......................

(এই সময়ে পরবর্ত্তী বক্তার নাম ডাকায় মাইক অফ হয়ে যায়)

**শ্রী অমর ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলার ৬০ দশকের যারা এইদিকে বসে থাকতেন, আজকে যারা ওখানে বসে আছেন তাদের মধ্যে অনেকে রয়েছেন। আজকে এই হাউসের যিনি নেতা তাঁর উদ্দেশ্যে এবং যারা ঐ পক্ষে বসে আছেন তাদের সকলের কাছে আমি একটা আবেদন জানাচ্ছি। আপনারা ৬০ দশকে ব্রীগেড প্যারেড গ্রাউন্ডের ময়দানে একটা জনসভা করেছিলেন। সেই সময়ে একটা গান গেয়েছিলেন সেটা আমার মনে আছে। গানটা হচ্ছে, 'ও নুরুলের মা কেঁদে কেঁদে আর চোখের জলে আর বুক ভাসসনি, সুদিন এল, সুদিন এল।' আজকে সেই নুরুলের মায়ের চোখের জল মোছানোর জন্য জুডিসিয়াল এনকোয়ারী দাবী করছেন। আজকে এই হাউসের নেতা মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে পশ্চিমবঙ্গের একটা কাগজ খুললে দেখা যাবে যে ২৫শে আগষ্ট কুচবিহারে পুলিশের গুলিতে নিহত দুই, শিলিগুড়িতে কংগ্রেস মিছিলের উপর পুলিশের লাঠিতে আহত ১২, নৈহাটিতে অধ্যক্ষ ঘেরাও ছাত্রদের উপরে লাঠি। এতগুলি বিভিন্ন জায়গায় পুলিশ গুলি চালালো। পুলিশ গুলি চালাবে, লাঠি চালাবে, কাঁদানে গ্যাস চালাবে, বিমানের মায়ের চোখের জলের কোন মূল্য এই সরকারের কাছে নেই, রবীনের মায়ের চোখের জলের কোন মূল্য এই সরকারের কাছে নেই। হায়দরের মায়ের চোখের জলের কোন মূল্য এই সরকারের কাছে নেই, শান্তিপুরের কৃষকের মায়ের চোখের জলের কোন মূল্য এই সরকারের কাছে নেই। মগরার শ্রমিকের মায়ের চোখের জলের কোন মূল্য এই সরকারের কাছে নেই। আজকে আমরা একটা জায়গায় জুডিশিয়াল ইনকোয়ারী দাবী করছি, বিচার বিভাগীয় তদন্ত দাবী করছি সেই ব্যাপারেও সরকার কর্ণপাত করছেন না। একটা ডাকাতি হয়ে গেলে সেখানে চোরকে বলছেন যে তুমি যাও, গিয়ে তুমি তদন্ত কর। পুলিশ গুলি করলো আর সেখানে ডি.জি-কে বলা হচ্ছে যে তুমি গিয়ে তদন্ত কর।.........................

(এই সময়ে পরবর্ত্তী বক্তার নাম ডাকায় মাইক অফ হয়ে যায়)

**শ্রী সুরেশ সিংহ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যে গুরুত্বপূর্ণ বিষয়টি উত্থাপন করছি সেটা হচ্ছে, পশ্চিম দিনাজপুর জেলাসহ উত্তরবঙ্গে ভয়ংকর বন্যা। মাননীয় অধ্যক্ষ

মহাশয়, গত বছর এই সময়ে পশ্চিম দিনাজপুরে যে বন্যা হয়েছিল তা ১০০ বছরের রেকর্ডকে ছাড়িয়ে গেছে। আমরা দেখেছি এবং জানি যে কুচবিহার, জলপাইগুড়ির মত ভয়ানক নদী পশ্চিম দিনাজপুর জেলায় নেই। যে কয়টি আছে— অত্রেয়ী, পুনর্ভবা, ট্যাংগন, সুদানী বাংলা দেশ থেকে বেরিয়েছে। আমাদের অভিজ্ঞতা আছে বেশিরভাগ ক্ষেত্রে পশ্চিম দিনাজপুরে এবং মালদা জেলায় বিহার থেকে জল এসেছিল, নেপালের জল, বাংলাদেশের জল এসেছিল। এবারে যমুনা নদীর বাঁধ ভেঙে টাংগন নদী, ছিলির ভিতর দিয়ে মহানন্দার জল এসে বালুরঘাটকে প্লাবিত করেছে এবং সুদানীতে বাংলাদেশের জল মহানন্দার জলের সঙ্গে মিশে নাগরিকদের ক্ষতিগ্রস্ত করেছে। এই অবস্থায় বর্তমান সরকারের কাছে আবেদন করবো যে বাংলা দেশ, বিহার, নেপাল, থেকে যে জল এসে উত্তরবঙ্গের পশ্চিমদিনাজপুরকে বারে বারে প্লাবিত করছে সেটাকে ঠিক করার জন্য একটা আন্তঃরাজ্য তদন্ত কমিশন গঠন করা হোক এবং আগামী বছরে যাতে বন্যা প্রতিরোধ করা যায় তার জন্য ব্যবস্থা নেওয়া হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গত কয়েকদিন আগে আমাদের শ্রদ্ধেয় মন্ত্রী বিনয় চৌধুরীর নেতৃত্বে একটা টীম সেখানে ঘুরে এসেছে। এবং মালদহ, পশ্চিম দিনাজপুর জেলায় ভয়াবহ বন্যার অবস্থা দেখে এসেছেন। সেখানে রিলিফের ব্যবস্থা গুরুত্ব পাবে। আগেকার যে অভিজ্ঞতা তাতে এখন দেখা যাচ্ছে, সেখানে ত্রিপলের অভাব আছে। মালদহ থেকে রায়গঞ্জ আজকে বিচ্ছিন্ন, রায়গঞ্জ থেকে বালুরঘাট বিচ্ছিন্ন এবং রায়গঞ্জ থেকে শিলিগুড়ি বিচ্ছিন্ন, কোন যোগাযোগ নেই। কিন্তু রিলিফ সেক্রেটারী বলেছিলেন কলকাতা থেকে রিলিফের জিনিষ না দিতে পারলে, শিলিগুড়ি থেকে দেওয়া হবে। কিন্তু ডালখোলা থেকে শিলিগুড়ি পর্যন্ত, এন.এইচ ৩১ রাস্তায় হাজার হাজার, লক্ষ লক্ষ ট্রাক রাস্তা আটকে রয়েছে, যার ফলে কোন রিলিফ শিলিগুড়ি থেকে আসতে পারছে না। সেইজন্য এয়ার ড্রপ করার জন্য অনুরোধ জানাচ্ছি। গতবারের বন্যার সময় রিলিফ সামগ্রী যথেষ্ট ছিল, কিন্তু সময় মত সেইগুলো পৌছে দিতে পারা যায়নি যোগাযোগ বিচ্ছিন্ন থাকায়। এবারেও সেখানে ত্রিপলের অভাব রয়েছে, যাতে অবিলম্বে জরুরী ভিত্তিতে তার ব্যবস্থা করা যায়, তার জন্য অনুরোধ জানাচ্ছি। আর একটা বিষয় জানাচ্ছি, যাতে আন্তঃরাজ্য তদন্ত কমিশন করা হয়, তার জন্য সরকারের কাছে আবেদন রাখছি।

**শ্রী সুহৃদ বসুমল্লিক** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৪ঠা আগষ্ট বার্ণপুরের রামবাধে শান্তনু চক্রবর্তীকে কিছু দুষ্কৃতকারী দুপুর ১২টার সময় গুলি করে এবং শান্তনু চক্রবর্তী তাতে মারা যায় এবং এই যে দুষ্কৃতকারীরা গুলি করলো, এরা সব মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির মদত্‌পুষ্ট মাফিয়া গ্রুপ। তাদের নামে এফ.আই.আর করা হয়েছে কিন্তু তাসত্বেও পুলিশ এখনও পর্যন্ত তাদের গ্রেপ্তার করছে না। আজকে বার্ণপুরে একের পর এক খুন হচ্ছে, মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির লোকেরা খুন করছে, কিন্তু তাদের গ্রেপ্তার করা হচ্ছে না। মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির খুনীদের পুলিশ ভয়ে গ্রেপ্তার করছে না। কারণ পুলিশ জানে ১৯৮৪ সালে এস.আই. রবি লোচন নাথকে এই মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির মাফিয়ারা খুন করেছিল, তার বিচারের কোন ফয়সালা হয়নি। আজকে পুলিশ বার্ণপুরে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির মদতপুষ্ট সমাজবিরোধীদের গ্রেপ্তার করতে ভয় পাচ্ছে কারণ তারা জানে যে কোন সময়ে তারা খুন হয়ে যেতে পারে এস. আই. রবি লোচন নাথের মত। এই হচ্ছে সেখানকার পুলিশের অবস্থা। পুলিশ বলছে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির মদতপুষ্ট মাফিয়াদের গ্রেপ্তার করবো তারপর ওদের ঐ সব মাফিয়াদের দ্বারা খুন হয়ে যাবো। কারণ এই রকম নজীর বার্ণপুরে আছে। সুতরাং অবিলম্বে শান্তনু চক্রবর্তীকে যারা খুন করলো, তাদের গ্রেপ্তার করার জন্য আমি দাবী জানাচ্ছি এবং যাদের নামে এফ.আই.আর রয়েছে তাদের অবিলম্বে গ্রেপ্তার করুন।

**শ্রী মানিক উপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে গ্রাম উন্নয়ন মন্ত্রী এবং এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আমি আপনাদের কাছে জানাতে চাই, এখানে ঠাণ্ডা ঘরে বসে ১১ বছর ধরে আপনারা গ্রামের মানুষের দিকে কী নজর দিয়েছেন, সেই বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে গ্রামের মানুষ, সাধারণ যে পানীয় জল, তা থেকে তারা বঞ্চিত হচ্ছে, পানীয় জলের ব্যবস্থা পর্যন্ত আপনারা করতে পারেন নি। আপনারা বলেন, আপনারা গরীব দরদী, এই যে সব গরীব সাঁওতাল, বাউড়ি আছে আমার এলাকায় ৭৫ ভাগ, তাদের জন্য আপনারা পানীয় জলের ব্যবস্থা করতে পারেননি। বরাবনী নির্বাচন কেন্দ্রে গ্রামের মানুষের ব্যবহারের জন্য কোন রাস্তা নেই, সেখানে স্বাস্থ্য রক্ষার কোন ব্যবস্থা আপনারা করতে পারেন নি, গ্রামের মানুষের চাষ করার কোন ব্যবস্থা আপনারা করতে পারেননি। তাই আমি এই সভায় বারাবনী কেন্দ্রের সমস্ত গ্রামাঞ্চলের মানুষের জন্য পানীয় জলের ব্যবস্থা, সেচ ব্যবস্থা, রাস্তার ব্যবস্থা করার জন্য অনুরোধ রাখছি।

**[ 2-50 – 3-00 p.m.]**

১১ বছর আগে কংগ্রেস সরকার যতটুকু পানীয় জলের ব্যবস্থা করে গেছেন, ১১ বছর পরেও সেই ততটুকু ব্যবস্থাই রয়েছে। সেখান থেকে একফুটও অবস্থার উন্নতি হয়নি। বিগত ১১ বছর আগে কংগ্রেস সরকার পানুলিয়া অঞ্চলে একটা ওভারহেড ট্যাঙ্ক নির্মাণ করে গেছেন, অথচ আজ ১১ বছর পরেও এই সরকার পাম্পের সাহায্যে সেই ট্যাঙ্ককে জল ওঠাতে পারেন নি। ফলে ঐ অঞ্চলে পানীয় জল সরবরাহের ব্যবস্থা হয় নি। ১১ বছরে একটাও নতুন রাস্তা হয় নি। তাই আমি রাস্তাঘাট নির্মাণ করার জন্য এবং পানীয় জল সরবরাহের ব্যবস্থা করার জন্য সরকারের কাছে অনুরোধ রাখছি। আর সরকার পক্ষের সদস্যদের বলছি,— আপনারা বেশী চিৎকার করবেন না, আপনাদের পায়ের তলা থেকে মাটি সরে গেছে।

**শ্রী লক্ষ্মীকান্ত দে :** স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি স্বরাষ্ট্র দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন যে, কলকাতার ৪৬নং ওয়ার্ডে একটা উপনির্বাচন হচ্ছে। আমরা দেখলাম গত তিন দিন আগে হঠাৎ কংগ্রেসী সমাজবিরোধীরা সেলিম নামে একটি ছেলেকে আহত করে এবং এখন হাসপাতালে তার চিকিৎসা চলছে, সে মৃত্যুর সঙ্গে লড়াই করছে। আমরা এর সঙ্গে আরো দেখলাম বোম নিয়ে কুদ্দুস নামে বয়স্ক একজন ভদ্রলোককে আক্রমন করা হল এবং বোমা ফেলা হল। এর সঙ্গে সঙ্গে আমরা দেখছি যে, ঐ এলাকার বামপন্থী কর্মীদের ওপর আক্রমণ করা হচ্ছে। তাই আমি বিষয়টির প্রতি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এবং আপনার মাধ্যমে আমি এখানে উল্লেখ করছি যে, যখন কংগ্রেসীরা দেখছে মাইনোরিটি কমিউনিটির একটা অংশ ব্যপকভাবে বামফ্রন্টের সমর্থনে নেমে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির পক্ষে দাঁড়িয়ে কাজ করছে তখন তারা বিভিন্ন বস্তির ওপর হামলা শুরু করছে, ভোটারদের ওপর হামলা করছে। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী মহাশয়কে জানাতে চাই যে, যদি শান্তিপূর্ণ উপনির্বাচন করতে হয় তাহলে ঐ সমস্ত সমাজবিরোধীদের — যারা প্রতিদিন ভোটারদের ওপর আক্রমণ করছে, বিশেষ করে মাইনোরিটি কমিউনিটির ওপর আক্রমণ চালাচ্ছে, তাদের অবিলম্বে ধরা হোক। সুষ্ঠু নির্বাচনের ব্যবস্থা করা হোক।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** স্যার, অন এ পয়েন্ট অফ্ অর্ডার, স্যার, আমাদের নতুন সদস্য যখন বক্তৃতা দিচ্ছিলেন তখন সরকার পক্ষ থেকে তাঁকে বিদ্রূপ করা হচ্ছিল। স্যার, তাঁর একটা হাত নেই, এটা সকলেই দেখেছেন এবং সকলেই জানেন। কিন্তু কোন মানুষের অঙ্গপ্রত্যঙ্গ নিয়ে বিকৃত কথাবার্তা বলাটা কুরুচির পরিচয়। সেটা রুচিজ্ঞানের পরিচয় নয়, সভ্যতার পরিচয় নয়, ভদ্রতার পরিচয় নয়।

মানুষের অঙ্গপ্রত্যঙ্গ নিয়ে কথা বলাটা অসভ্যতা এবং সেই অসভ্য, অভদ্র আচরণই সরকার পক্ষের সদস্যরা করলেন। একজন নতুন সদস্যের প্রতি তাঁদের এই আচরণ তাঁদের কুরুচিরই পরিচয়।

**মিঃ স্পীকার ঃ** আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই যে, যখন কোন নতুন সদস্য হাউসে ওঁর প্রথম বক্তৃতা রাখেন তখন আমরা তাঁর সেই বক্তৃতাকে মেডেন স্পিচ বলি। এই হাউসের কনভেনসন হচ্ছে সে সময়ে তাঁকে কেউ ডিসটার্ব করবেন না। কিন্তু আজকে সদস্যরা এটা মানেন নি, এটা তাঁরা ঠিক করেন নি। পার্লামেন্টরি ডেকোরাম মানেন নি। উনি যখন বলছিলেন তখন সকলে ওঁর কথা শোনা উচিত ছিল, ওঁকে ডিসটার্ব করা ঠিক হয়নি। তারপরে কারো ফিজিক্যাল ইন্‌ফার্মিটি সেটা যে কারণেই হোক না কেন— আলোচনার বিষয়বস্তু হতে পারে না, হাউসে তো কখনই নয়। কারো ডিজেবিলিটি নিয়ে আলোচনা হতে পারে না। এটা ঠিক নয়। ইট ইজ নট এ গুড টেষ্ট। কারো বিষয়েই এটা কেউ করবেন না।

**শ্রী রবীন্দ্র নাথ মন্ডল ঃ** * * * * * *

**মিঃ স্পীকার ঃ** রবীন মন্ডল যা বলেছেন সব বাদ যাবে।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় স্পীকার স্যার, আমরা এই হাউসে যাঁরা আছি তাঁদের সবারই দায়িত্ব আছে। সরকারের দায়িত্ব আছে, অপোজিশনেরও দায়িত্ব আছে। কিন্তু আমরা জানি, এই সরকারের মন্ত্রীরা কোন কথা বলতে পারেন না। মুখ্যমন্ত্রী দু-একটি কথা বলেছেন, খবরের কাগজে বেরিয়েছে, পার্টি সামলানোর জন্য। এই রাজ্যের পুলিশের দ্বারা যে ঘটনাগুলি ঘটে চলেছে তাতে আমরা খুশি হতে পারি না। মগরাতে একজন বামপন্থী শ্রমিককে পুলিশ গুলি করে হত্যা করেছে। আমার মনে হয় কোন সদস্যাই এই জিনিস সমর্থন করতে পারে না। একটা করাপসান নিয়ে, হিসাবের বখরা নিয়ে একজন বামপন্থী শ্রমিককে পুলিশ গুলি করলো এবং আর একজন শ্রমিককে তলপেটে গুলি করলো। কিছু দিনের মধ্যেই মারা গেল। এইভাবে দুইজন শ্রমিককে হত্যা করলো। আমি বলছি এই রাজ্যে বিদ্যুৎ কেন্দ্র দরকার। কিন্তু আজকে বামপন্থী মন্ত্রীদের ভাবতে হবে, যদি ব্যান্ডেল এবং কোলাঘাটে চুরি হয়, যদি চুরি হয়ে ফাঁক হয়ে যায়, চোর যদি ধরা না পড়ে তাহলে বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্রে আরো বেশি চুরি হবে। সুতরাং এর তদন্ত হওয়া দরকার। আমরা ৯ তারিখে মগরাতে গিয়েছিলাম। মগরাতে বামপন্থী যিনি লোকাল এম.এল.এ আছেন, যিনি মন্ত্রী, তিনি এখন সেই এলাকায় পা দিতে পারেননি। সেখানে কোনও মন্ত্রী ও যাননি। আমরা ৯ তারিখে গিয়ে সেখানে বিচারবিভাগীয় তদন্ত চাইলাম আর মাননীয় মন্ত্রী শ্রী প্রবীর সেনগুপ্ত মহাশয়ের পদত্যাগ চাইলাম। মুখ্যমন্ত্রী তখন ছিলেন না, মাননীয় মন্ত্রী বিনয়বাবু ঘোষণা করলেন ডিপার্টমেন্টাল এনকোয়ারীর কথা। তিনি স্বীকার করেছেন চুরি হয়, ছাইগাদায় চুরি হয়। এই স্টেটমেন্ট আনন্দবাজার কাগজে বেরিয়েছে। আমি আপনাকে অনুরোধ করছি এ ব্যাপারে হাউসের সদস্যদের নিয়ে আপনি একটা কমিটি করে দিন। অল্ পার্টির লোকদের নিয়ে সেই কমিটি এইসব পাওয়ার ষ্টেশনে গিয়ে চুরির তদন্ত করুক যে কারা এই ধরণের চুরি করছে, তা নাহলে বিদ্যুৎ কেন্দ্র বাঁচবে না, বক্রেশ্বর বিদ্যুৎ কেন্দ্র বাঁচবে না, পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স বাঁচবে না, চলে যাবে। আমি আপনার মাধ্যমে বলছি এ ব্যাপারে বিচারবিভাগীয় তদন্ত দরকার আর মন্ত্রী মহাশয়ের পদত্যাগ দরকার।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি পশ্চিমবঙ্গ সরকার বিশেষ করে শিক্ষা দপ্তর শিক্ষাবর্ষ নিয়ে একটা গুরুত্বপূর্ণ

---

*Note :* **[* - Expunged as ordered by the Chair]**

সিদ্ধান্ত গ্রহণ করতে চলেছেন। আমরা জানতে পারলাম, বামফ্রন্টের শিক্ষাফ্রন্ট নাকি শিক্ষা বর্ষ সম্পর্কে একটা প্রস্তাব মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে পেশ করেছেন। আমি আপনার কাছে অনুরোধ করছি, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আজকে যে সমস্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে চলেছেন— কোন একটি বিশেষ দলীয় ফ্রন্টের সঙ্গে পরামর্শ না করে যে সমস্ত টিচার ফ্রন্ট আছে, বিভিন্ন এসোসিয়েশন আছে তাদের সবাইকে আহ্বান করুন, আহ্বান করে এই যে নভেম্বর, ডিসেম্বর মাসের পরিবর্তে বা জানুয়ারী মাসের পরিবর্তে মে মাসে শিক্ষাবর্ষ এগিয়ে নিয়ে যাবার যে সিদ্ধান্ত গ্রহণ করতে চলেছেন তার নৈতিকতা কি হওয়া উচিৎ সেটা ভেবে দেখা দরকার। নভেম্বর থেকে এপ্রিল এই ৫/৬ মাস এগিয়ে যাবার জন্য ছাত্ররা কোন সিলেবাস পড়বে সেই সম্পর্কে ভাবা উচিৎ এবং বলা উচিৎ। আগে ছাত্ররা শীতের আমেজে পরীক্ষা দিত। এখন এপ্রিল মাসে এই দুর্বিসহ গরমে ছাত্ররা কিভাবে পরীক্ষা দেবে?

**[ 3-00 – 3-10 p.m.]**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ ছাত্রছাত্রীর ভবিষ্যৎ যার সঙ্গে জড়িত রয়েছে সেই এডুকেসন ব্যবস্থা নিয়ে যাতে কোন ক্যায়োটিক অবস্থার সৃষ্টি না হতে পারে ছাত্রছাত্রীদের কথা চিন্তা করে কোন দলবাজী না করা হয়। হায়ার সেকেন্ডারী কাউন্সিলের অডিট রিপোর্টে লক্ষ লক্ষ টাকা তছনছ হওয়ার ফলে চেয়ারম্যান শ্রীমতী অনিলা দেবী খিড়কী দরজা দিয়ে পালাবার ব্যবস্থা করেছেন এবং অপরদিকে লক্ষ্য করছি বামফ্রন্ট শিক্ষাব্রতী শ্রী অনিল বসাককে আর এক খিড়কী দলজা দিয়ে ঐ হায়ার সেকেন্ডারী কাউন্সিলে ঢোকাবার ব্যবস্থা করছেন। তাই আমি দাবী করছি যে এই নূতন শিক্ষাবর্ষ আরম্ভ করার আগে বিষয়টি খুব সুচিন্তিত ভাবে চিন্তা করে সিদ্ধান্ত গ্রহণ করা হোক।

## Panel of Chairmen

**Mr. Speaker :** Under rule 9 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I nominate a Panel of Charimen consisting of—

1. Shri Amalendra Roy,
2. Shri Mrityunjoy Banerjee,
3. Shri Kamakhya Charan Ghosh,
4. Shri Amritendu Mukherjee,
5. Shri Krishna Chandra Halder, and
6. Shri Satyendra Nath Ghosh.

## Motions under rule 185

**Mr. Speaker :** There are four motions — one by Shri Saugata Roy, one by Shri Niranjan Mukherjee, one by Shri Debaprasad Sarkar and one by Shri Sudip Bandyopadhyay. I request the movers only to move their respective motions and then after moving the motions, the debate will be taken together. Time is allowed for two hours. I request the honourable Members

মানুষের অঙ্গপ্রত্যঙ্গ নিয়ে কথা বলাটা অসভ্যতা এবং সেই অসভ্য, অভদ্র আচরণই সরকার পক্ষের সদস্যরা করলেন। একজন নতুন সদস্যের প্রতি তাঁদের এই আচরণ তাঁদের কুরুচিরই পরিচয়।

**মিঃ স্পীকার :** আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই যে, যখন কোন নতুন সদস্য হাউসে ওঁর প্রথম বক্তৃতা রাখেন তখন আমরা তাঁর সেই বক্তৃতাকে মেডেন স্পিচ বলি। এই হাউসের কনভেনসন হচ্ছে সে সময়ে তাঁকে কেউ ডিসটার্ব করবেন না। কিন্তু আজকে সদস্যরা এটা মানেন নি, এটা তাঁরা ঠিক করেন নি। পার্লামেন্টরি ডেকোরাম মানেন নি। উনি যখন বলছিলেন তখন সকলে ওঁর কথা শোনা উচিত ছিল, ওঁকে ডিসটার্ব করা ঠিক হয়নি। তারপরে কারো ফিজিক্যাল ইন্‌ফার্মিটি সেটা যে কারণেই হোক না কেন— আলোচনার বিষয়বস্তু হতে পারে না, হাউসে তো কখনই নয়। কারো ডিজেবিলিটি নিয়ে আলোচনা হতে পারে না। এটা ঠিক নয়। ইট ইজ নট এ গুড টেষ্ট। কারো বিষয়েই এটা কেউ করবেন না।

**শ্রী রবীন্দ্র নাথ মন্ডল :** * * * * * *

**মিঃ স্পীকার :** রবীন মন্ডল যা বলেছেন সব বাদ যাবে।

**শ্রী সাধন পান্ডে :** মাননীয় স্পীকার স্যার, আমরা এই হাউসে যাঁরা আছি তাঁদের সবারই দায়িত্ব আছে। সরকারের দায়িত্ব আছে, অপোজিশনেরও দায়িত্ব আছে। কিন্তু আমরা জানি, এই সরকারের মন্ত্রীরা কোন কথা বলতে পারেন না। মুখ্যমন্ত্রী দু-একটি কথা বলেছেন, খবরের কাগজে বেরিয়েছে, পার্টি সামলানোর জন্য। এই রাজ্যের পুলিশের দ্বারা যে ঘটনাগুলি ঘটে চলেছে তাতে আমরা খুশি হতে পারি না। মগরাতে একজন বামপন্থী শ্রমিককে পুলিশ গুলি করে হত্যা করেছে। আমার মনে হয় কোন সদস্যই এই জিনিস সমর্থন করতে পারে না। একটা করাপসান নিয়ে, হিসাবের বখরা নিয়ে একজন বামপন্থী শ্রমিককে পুলিশ গুলি করলো এবং আর একজন শ্রমিককে তলপেটে গুলি করলো। কিছু দিনের মধ্যেই মারা গেল। এইভাবে দুইজন শ্রমিককে হত্যা করলো। আমি বলছি এই রাজ্যে বিদ্যুৎ কেন্দ্র দরকার। কিন্তু আজকে বামপন্থী মন্ত্রীদের ভাবতে হবে, যদি ব্যান্ডেল এবং কোলাঘাটে চুরি হয়, যদি চুরি হয়ে ফাঁক হয়ে যায়, চোর যদি ধরা না পড়ে তাহলে বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্রে আরো বেশি চুরি হবে। সুতরাং এর তদন্ত হওয়া দরকার। আমরা ৯ তারিখে মগরাতে গিয়েছিলাম। মগরাতে বামপন্থী যিনি লোকাল এম.এল.এ আছেন, যিনি মন্ত্রী, তিনি এখন সেই এলাকায় পা দিতে পারেননি। সেখানে কোনও মন্ত্রী ও যাননি। আমরা ৯ তারিখে গিয়ে সেখানে বিচারবিভাগীয় তদন্ত চাইলাম আর মাননীয় মন্ত্রী শ্রী প্রবীর সেনগুপ্ত মহাশয়ের পদত্যাগ চাইলাম। মুখ্যমন্ত্রী তখন ছিলেন না, মাননীয় মন্ত্রী বিনয়বাবু ঘোষণা করলেন ডিপার্টমেন্টাল এনকোয়ারীর কথা। তিনি স্বীকার করেছেন চুরি হয়, ছাইগাদায় চুরি হয়। এই স্টেটমেন্ট আনন্দবাজার কাগজে বেরিয়েছে। আমি আপনাকে অনুরোধ করছি এ ব্যাপারে হাউসের সদস্যদের নিয়ে আপনি একটা কমিটি করে দিন। অল্ পার্টির লোকদের নিয়ে সেই কমিটি এইসব পাওয়ার ষ্টেশনে গিয়ে চুরির তদন্ত করুক যে কারা এই ধরণের চুরি করছে, তা নাহলে বিদ্যুৎ কেন্দ্র বাঁচবে না, বক্রেশ্বর বিদ্যুৎ কেন্দ্র বাঁচবে না, পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স বাঁচবে না, চলে যাবে। আমি আপনার মাধ্যমে বলছি এ ব্যাপারে বিচারবিভাগীয় তদন্ত দরকার আর মন্ত্রী মহাশয়ের পদত্যাগ দরকার।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি পশ্চিমবঙ্গ সরকার বিশেষ করে শিক্ষা দপ্তর শিক্ষাবর্ষ নিয়ে একটা গুরুত্বপূর্ণ

---

*Note :* **[* - Expunged as ordered by the Chair]**

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এই মোশন মুভ করবার আগে বলতে চাই যে, আমি যে মোশনটা দিয়েছিলাম সেটা কাটছাট করে আংশিকভাবে রাখা হয়েছে। এই বিষয়ে আমার বক্তব্য রাখার সময় আমি বলবো। এখন আমি মোশনটা পড়ে দিচ্ছি :

"যেহেতু সাম্প্রতিককালে বেহালা ও টালিগঞ্জের বিস্তীর্ণ এলাকার শতশত নরনারী ও শিশু ভেজাল তেল খেয়ে চিরজীবনের জন্য পঙ্গু হয়ে যেতে বসেছে ;

যেহেতু ভেজাল তেলে আক্রান্ত ব্যক্তিদের সম্পূর্ণ সুস্থ করে তোলার জন্য যথাযথ চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করা হয়নি ;

যেহেতু ভেজাল তেলে আক্রান্ত ব্যক্তিদের জন্য ক্ষতিপূরণ বাবদ সরকারী অর্থ বরাদ্দ প্রয়োজনের তুলনায় খুবই সামান্য ;

সেহেতু এই সভা প্রস্তাব করছে যে।

(ক) ভেজাল প্রতিরোধে ভোজ্য তেলে পূর্ণাঙ্গ রাষ্ট্রীয় বাণিজ্য প্রবর্তন করা হোক এবং উক্ত ব্যবস্থা কার্যকরী না হওয়া পযন্ত অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে সরকারী তত্ত্বাবধানে দোকানে দোকানে ভোজ্য তেল সহ বিভিন্ন খাদ্যদ্রব্য পরীক্ষা করে বিক্রয়ের ছাড়পত্র দেওয়া হোক; এবং

(খ) ভেজাল তেলে আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসার সুবন্দোবস্ত করা হোক, ক্ষতিপূরণ বাবদ সরকারী বরাদ্দ অর্থের পরিমাণ বাড়ানো হোক এবং পঙ্গু ব্যক্তিদের সম্পূর্ণ অর্থনৈতিক পুনর্বাসনের দায়িত্ব গ্রহণ করা হোক।"

**Mr. Speaker :** Now, I request Shri Sudip Bandyopadhyay to move his motion.

**Shri Sudip Bandyopadhyay :** Sir, I beg to move "whereas a demonstration by Congressmen in Cooch Behar was fored upon by the police resulting in the death of two congress workers in August, 1988;

Whereas this firing by the police has given vent to serious resentment among the people and agitations in protest are taking place throughout West Bengal to demand a Judicial Inquiry into the inceident of Firing by the police on congress workers at Cooch Behar, who were protesting against spurt in adulteration in the State;

Now, therefore, this House urges upon the State Government to set up an Inquiry Commission headed by a Sitting Judge of the Calcutta High Court to hold a Judicial Inquiry into the incident of police firing at Cooch Behar."

**Mr. Speaker :** Now, Mr. Sudip Bandyopadhyay.

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মিঃ স্পীকার স্যার, আজকে এখানে আমাদের যে মোশন সেটা ভেজালতেল সংক্রান্ত এবং কুচবিহারে কংগ্রেস কর্মীদের উপর গুলিচালনা সংক্রান্ত। বিষয়দুটি একসঙ্গে এখানে আলোচনা করবো।

মিঃ স্পীকার স্যার, বেহালায় ভেজালতেল নিয়ে যে বিষয়ের শুরু সেটা ৭ই জুলাই থেকে শুরু হয়েছিল। ঐ তারিখ থেকেই সেখানকার মানুষজন অসুস্থ হতে শুরু করেছিলেন 'গরীব ভাণ্ডার' নামে

একটি রেশন দোকানের রেপসিড তেল খেয়ে। তারপর ১১ই জুলাই ব্যাপারটা আর একটু ছড়িয়ে পড়ে এবং ১৭ই জুলাই থেকে ভেজাল তেলে আক্রান্ত মানুষদের বেহালা বিদ্যাসাগর হাসপাতালে ভর্ত্তি করা শুরু হয়। আজকে সচেতন ব্যক্তি মাত্রেই চাইবেন যে, যারা খাদ্যে ভেজাল দিয়ে মানুষকে মৃত্যুর মুখে ঠেলে দেয় তাদের যোগ্য শাস্তি মৃত্যুদণ্ড। অবশ্য এ-নিয়ে বিতর্ক থাকতে পারে। তা সত্ত্বেও বলতে হবে যে বর্তমান ব্যবস্থায় কিছু ত্রুটি থেকে গেছে এবং সেই ত্রুটির সুযোগ নিয়ে ঐসব ভেজালদাররা জনজীবন নিয়ে ছিনিমিনি খেলছে। মানুষের জীবন নিয়ে এইভাবে ছিনিমিনি খেলার বিরুদ্ধে প্রতিবাদ জানাবার জন্য সমস্ত রাজনৈতিক দলের তাই আজকে সোচ্চার হওয়া উচিৎ। আমরা আগে হেলথ ইনস্পেকটরদের বাজারে বাজারে ঘুরতে দেখতাম। তাঁরা ঘুরে ঘুরে বাজারের খাদ্যদ্রব্যের মান যাচাই করতেন। এই কাজটা আজ থেকে পনের বছর আগে এখানে হত। তখন ফুড ইন্সপেক্টররা ল্যাকটোমিটার দিয়ে দুধে জল মেশান হয়েছে কিনা দেখতেন এবং ভেজাল আছে দেখলে সেই দুধ নর্দমায় ঢেলে দিতেন। মাংসের দোকানে গিয়ে তাঁরা মাংসের মান দেখতেন এবং মাংসের মান খারাপ পেলে তাতে ছাপ লাগিয়ে বলে দিতেন যে, এই মাংস খাদ্যের অনুপযুক্ত। সেই সময় তাঁরা প্রতিটি মিষ্টির দোকানে অনুসন্ধান করে দেখতেন এবং কোন মিষ্টির ছানার মান খারাপ পেলে সেই মিষ্টি বাজেয়াপ্ত করে নিতেন। কিন্তু সেই কাজ এখন বন্ধ হয়ে গেছে। সবচেয়ে আশ্চর্য্যের কথা, ক্যালকাটা কর্পোরেশনে ১২টি এ্যানালিষ্টের পদ থাকা সত্ত্বেও বর্তমানে ৮টি পদে কোন লোক নেই।

**[ 3-10 – 3-20 p.m.]**

আপনার জেনে রাখা দরকার আমাদের পশ্চিমবাংলায় ভোজ্য খাবার, ভেজাল নিরূপণ করার যে ৫টি কেন্দ্র আছে সেই কেন্দ্র গুলির মুখ্য এ্যানালিষ্ট বলতে যা বোঝায় সেই পদে তিনটি পোষ্ট ভেকেন্ট হয়ে পড়ে আছে। অর্থাৎ ভেজাল নিরুপনের ৫টি পোষ্টের মধ্যে ৩টি পোষ্ট খালি হয়ে পড়ে আছে। ভেজাল সম্পর্কে কোন অভিযোগ থাকলে তাঁরা সেটা তদন্ত করে দেখবেন কিংবা ভেজাল সম্বন্ধে মানুষের কোন অভিযোগ থাকলে তাঁদের সেটা জানাতে হবে। পশ্চিমবাংলায় সিদ্ধার্থ রায়ের আমলে একজন মজুতদারকে ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করা হয়েছিল। ভারতরক্ষা আইনে তাকে ৬ মাস প্রেসিডেন্সি জেলে আটকে রাখা হয়েছিল। সেই মজুতদারের বিরুদ্ধে অভিযোগ ছিল রসুই বনস্পতী কারখানার মাটির নিচে সে ১ লক্ষ বস্তা সিমেন্ট লুকিয়ে রেখেছিল। এই কারণে তাকে গ্রেপ্তার করা হয়েছিল। স্যার, এটা অত্যন্ত লজ্জার কথা ১৯৭৭ সালে সেই ব্যক্তিকে কলিকাতার শেরিফ মনোনয়ন দিয়েছিল। এই রাজ্যে এটা একটা কলঙ্কজনক অধ্যায়। যে ব্যক্তিকে ভারতরক্ষা আইনে আমাদের আমলে গ্রেপ্তার করা হয়েছিল সেই ব্যক্তিকে কলিকাতা করপোরেসানে শেরিফ করে দেওয়া হ'ল সরকারের তরফ থেকে। সেই ব্যক্তিকে কলিকাতার এক নম্বর নাগরিকের মর্যাদা দেওয়া হল।

**Mr. Speaker :** I will request you not to make any aspersion which involves the High Court. Please don't bring the High Court into this. Don't do it.

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** হাইকোর্টে তো রঘুনন্দন মোদির নাম পাঠান হয় সরকারের তরফ থেকে, ইট ইজ রেকমেনডেড বাই দি গভর্ণমেন্ট। নাম তো সরকার অনুমোদন দিয়েছেন।

**মিঃ স্পীকার :** সরকার তো এই ব্যাপারে আসছে না, হাই কোর্ট তো পাঠায়। ডোন্ট bring the High Court into controversy. হাইকোর্ট যদি পাঠায় তাতে সরকারের কি আছে? হাইকোর্টই শেরিফের নাম পাঠায়।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** যাই হোক এই ব্যাপারটা আমি ঠিক জানি না, এটা আমি ঠিক ভাবে জানার চেষ্টা করবো। স্যার, তাহলে সকলে এটা জেনে রাখুক যে একজন মজুতদার যাকে ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করা হয়েছিল তাকে এই রাজ্যের শেরিফ করা হয়েছিল। কুচবিহারে যখন জেল ভরো আন্দোলন হয়, ভেজাল তেলের বিরুদ্ধে আন্দোলন করার সময়, কুচবিহারের সাগরদিঘিতে এস.ডি.ও অফিস ঘেরাও করে যখন যুব কংগ্রেসের কর্মীরা বিক্ষোভ প্রদর্শন করছিল সেই সময় কিছু উত্তেজনার সৃষ্টি হয়। সেই সময় লক্ষ্য করলাম যে, কোন রকমভাবে কাঁদানে গ্যাস প্রয়োগ না করে সরাসরি গুলি করে হত্যা করা হল। কুচবিহারের ছাত্র পরিষদের সাধারণ সম্পাদক বিমান দাসকে গুলি করে হত্যা করা হ'ল এবং কুচবিহার জেলার যুব কংগ্রেস কর্মী রবীন চন্দকে গুলি করে হত্যা করা হ'ল। পুলিশের লাঠির আঘাতে নিহত হ'ল হায়দার আলি। আরো দুজন যুব কংগ্রেস কর্মী নারদ বর্মন এবং মুরারী বর্মন পুলিশের গুলিতে আহত হয় এবং তারা উত্তরবঙ্গ হাসপাতালে এখনও চিকিৎসাধীন আছে। সরাসরি বুকে গুলি করা হল। শুধু তাই নয় কোন কোন যুবকের বুকে ৪টি করে বুলেটের দাগ পাওয়া গিয়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলাম কংগ্রেস দলের বিধায়কের পক্ষ থেকে, সেখানে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন যে প্রশাসমেনর মধ্যে কোন জায়গায় গাফিলতি আছে কিংবা ত্রুটি আছে। আমি বলতে চাই প্রশাসনের মধ্যে যদি গাফিলতি বা ত্রুটি থেকে থাকে তাহলে বিচারবিভাগীয় তদন্ত করার বাধা কোথায়? একজন এস.পি কিংবা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে বদলি করে দিয়ে এই গুলি চালনার বিরুদ্ধে মত প্রকাশ করার পূর্ণাঙ্গরূপ হতে পারে না। এই বছর ১৯৮৮ সালের জানুয়ারী মাস থেকে আগষ্ট মাস পর্যন্ত চারবার গুলি চালনার ঘটনা ঘটেছে।

এই চারটি ঘটনার মধ্যে একটি ঘটেছে শান্তিপুরে, একটি ঘটেছে তারাতলায় এবং আর একটি ঘটেছে কুচবিহারে। এক বছরে চারটি গুলি চালনার ঘটনা ঘটেছে অথচ এই সরকার একটি ঘটনারও তদন্ত করেন নি। এই সরকার এগার বছর হ'ল সরকারে আছেন, আর এই সময়ের মধ্যে গুলি চলেছে বার'বার। গুলি চলেছে মরিচ ঝাঁপিতে উদ্বাস্তুদের মধ্যে, কলকাতার বুকে শ্রমিকদের মধ্যে, ডুয়ার্সে চা-বাগান'এর শ্রমিকদের উপরে, বর্ধমানে, কাশীপুরে উদ্বাস্তু কলোনীতে। আন্দোলন করতে গিয়ে কলকাতাতে কংগ্রেসের তিনজন নিহত হয়েছেন। মারা গেছেন কংগ্রেস কর্মী দুধে রাম। গুলি চলেছে কৃষকদের উপরে শান্তিপুরে, তারাতলায় ধর্মভীরু মানুষদের উপরে। মগরাতে গুলি চলেছে ছাইগাদায় কৃষকদের উপরে। কুচবিহারে গুলি চলেছে যুবক ও ছাত্রদের উপরে। এই সরকার এগার বছরের শাসনকালে বার'বার গুলি চালিয়ে হত্যা করেছে শ্রমিক, কৃষক, ছাত্র ও যুবককে। ১২টি গুলি চালানোর ঘটনার বিচার বিভাগীয় কোন তদন্ত আমরা এখনও পর্যন্ত দেখতে পেলাম না। কুচবিহারে ছাত্র-পরিষদের সমর্থককে এই সরকারের পুলিশ নির্মমভাবে গুলি চালিয়ে হত্যা করেছে, এর নিন্দা করার ভাষা আমার নেই। ওখানে বুক লক্ষ্য করে গুলি চালানো হয়েছে। বুক লক্ষ্য করে গুলি করা হয়ে থাকে কেবল তখনই যখন পুলিশের প্রতি সরকারের সেই ধরণের নির্দেশ দেওয়া থাকে। এই সরকারের যদি পুলিশের প্রতি সেই রকম কোন নির্দেশ দেওয়া না থাকে, বামফ্রন্টের অন্যান্য শরিকদল— আর.এস.পি এবং ফরোয়ার্ড ব্লকের উত্তর বঙ্গের নেতাদের যে বিবৃতি তাতে তাঁরা বলেছেন যে, বুক লক্ষ্য করে গুলি চালানোকে কোন মতেই সমর্থন করা যায় না। এরপর কি ভাবতে হবে? আমরা দেখলাম মুখ্যমন্ত্রী গুলি চালানোর ঘটনায় বিচার বিভাগীয় তদন্তের কথায় আতঙ্কিত। সেই কারণেই আমরা ঐ গুলি চালানোর ঘটনার তদন্তের দাবী করছি যেখানে, সেখানে মুখ্যমন্ত্রী ডি.এম. এবং এস.পি. কে সরিয়ে দিলেন। আমাদের কাছে খবর আছে যে, ডি.এম., এস.পি.কে নিয়ে যখন নিজে তদন্তে গিয়েছিলেন তখন তিনি গুলি চালানোর বিরুদ্ধে বলেছিলেন। ডি.এস.পি. হেড কোয়ার্টার এবং সার্কেল ইন্সপেক্টর, এঁরা সেদিনের দায়িত্বে ছিলেন, আমরা এদের বরখাস্তের দাবী

করেছিলাম। আমাদের এই দাবী নায্য দাবী। কারণ যে পুলিশ অফিসারের নির্দেশে পুলিশের গুলিতে এই ভাবে যেখানে প্রাণ দিতে হয়েছে এবং সেখানে সেদিনের ঘটনার পরিপ্রেক্ষিতে বুকে গুলি চালানো হয়েছে, সেই ঘটনাকে যদি এই সরকার গুরুত্ব না দেয়, তাহলে সংসদীয় গণতন্ত্রের পক্ষে এক কলঙ্কজনক অধ্যায় হিসাবে এটা চিহ্নিত হয়ে থাকবে। বাংলার অন্নজলে বিষ ঢেলে এবং খাদ্যকে নিয়ে যারা ভেজাল মেশাচ্ছে তাদের বিরুদ্ধে আন্দোলন করতে গিয়ে পুলিশের গুলি খেতে হল। আমরা সেই ব্যাপারে বিচার বিভাগীয় তদন্তের যে সামান্য দাবী করেছি, সেই সামান্য দাবী যদি সরকার মেনে নিতে কুণ্ঠিত হন তাহলে আমার মনে হয় এই সরকারের আত্মিক মৃত্যু হয়েছে এবং বোধহয় এই আত্মিক-মৃত্যুর সৎকার আশু প্রয়োজন। এর আগে মুখ্যমন্ত্রীর কাছে সমগ্র বাংলার বিরোধী দলের এই দাবী জানান হয়েছে। বামফ্রন্ট এর শরিকদলের মধ্যে এ নিয়ে দ্বিমত আছে— সেখানকরার কুচবিহারের আঞ্চলিক নেতাদের মুখে পর্যন্ত এই ধরণের ঘটনা সম্বন্ধে নিন্দার কথা ঘোষিত হয়েছে। মুখ্যমন্ত্রী মহাশয় পুলিশের সাথে গাঁটছড়া বেঁধে উক্ত ঘটনায় দোষী পুলিশ অফিসারকে দোষী সাব্যস্ত করতে চাননা। অথচ উক্ত ঘটনায় যদি সত্যিকারের দোষী পুলিশ অফিসারকে সনাক্ত করে শাস্তির ব্যবস্থা করা যায় তাহলে যারা সত্যিসত্যিই দোষী, যুবকদের লক্ষ্য করে যারা গুলি করেছে, ছাত্রদের লক্ষ্য করে যারা গুলি করেছে, তাদের শাস্তির ব্যবস্থা করা যায়। এটা করলে দোষটা কোথায়? আমাদের এই বামফ্রন্ট সরকারের কাছে আবেদন যে, আপনাদের বামপন্থা চরিত্রের কাছে বিশেষ আবেদন, মানুষ এই ঘটনাকে যেখানে নিন্দা করছে, সেখানে বিচার বিভাগীয় তদন্তের দাবীকে আপনারা মেনে নিন। পুলিশ দিয়ে আন্দোলন দমন করার এই ধরণের প্রচেষ্টা থেকে আপনাদের মুক্ত হতে হবে। কারণ, গণতান্ত্রিক আন্দোলনের উপরে পুলিশের গুলি চলবে না এই দাবীতে আপনারাই একদিন সোচ্চার হয়ে উঠেছিলেন। কিন্তু আপনাদের এগারো বছরের শাসনকালে বারোবার গুলি চললো এই বাংলার বুকে। এই ঘটনার পরিপ্রেক্ষিতে আমরা কংগ্রেস দলের পক্ষ থেকে মনে করি, মানুষের বুক লক্ষ্য করে যাদের হাতে গুলিতে মানুষ মারা যায় তারা মনুষ্য সমাজে বাসের অযোগ্য। এই সমস্ত লোকেদের মুখ্যমন্ত্রী কেন আশ্রয় দেবার চেষ্টা করছেন তা আমরা বুঝতে পারছি না!

**[ 3-20 – 3-30 p.m.]**

এরা কি নন গেজেটেড পুলিশ কর্মচারী সমিতি বলে মুখ্যমন্ত্রী এদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পিছপা হন? এই পুলিশ কর্মচারী সমিতি আজকে বামফ্রন্ট সরকারের আশীর্বাদপুষ্ট, এই সমিতি সমস্ত রকম আইনের বেড়াজাল ডিঙ্গিয়ে শাসন ব্যবস্থাকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে প্রয়োজনে, অপ্রয়োজনে সরকারী দলের স্বার্থে গুরুত্ব দিয়ে কাজ করে চলেছে। সমস্ত বিচার-ব্যবস্থাটাকে এরাই হাতের মুঠোয় করে রেখেছে। এরা পরবর্তীকালে একটা অন্য ভূমিকা পালন করতে পারে। সেইজন্য আজকে মুখ্যমন্ত্রীর কাছে আমার দাবী তিনি দীর্ঘদিন ধরে পুলিশী মন্ত্রী হয়ে বসে আছেন এবং তিনি কখনো বিরোধী দলে ছিলেন আবার এখন তিনি সরকারের প্রধান হিসাবে দায়িত্ব পালন করছেন, তিনি এর একটা বিচার বিভাগীয় তদন্ত করুন। তাঁর কাছে বিরোধী দলের এই প্রত্যাশা যে তিনি যাতে কুচবিহারের ঘটনাকে একটু গুরুত্ব দিয়ে বিবেচনা করে ভেজাল নিয়ে যে যুব কংগ্রেসীরা আন্দোলন শুরু করেছিলেন তার যথাযথ একটা বিচার বিভাগীয় তদন্ত করুন। তার সঙ্গে ডি.এস.পি (হেড কোয়াটার্স) এবং সার্কেল ইন্সপেক্টরকে সাসপেন্ড করুন।

**শ্রী রবীন মুখার্জী ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি প্রথমতঃ বেহালা অঞ্চলের ভেজাল তেলের প্রস্তাব এসেছে আমি সেখানেই আমার বক্তব্য নিবদ্ধ রাখবো। আমি প্রথমতঃ বলে নিতে চাই যে, যে প্রস্তাব কংগ্রেস পক্ষ থেকে এসেছে সেখানে সমস্ত বক্তব্যের শেষ কথা হচ্ছে জুডিশিয়াল এনকোয়ারী চাই আমি তার বিরোধীতা করছি। সরকার পক্ষ থেকে যা করণীয় তা করা হয়েছে। আমি যদি জানতাম

তাঁদের পক্ষ থেকে কিছু সাজেশান আসছে বা কোন ত্রুটির কথা বলেছেন তাহলে অন্তত বলতাম সেগুলো ভাবার বিষয় আছে। কিন্তু শুধু শুধু জুডিশিয়াল এনকোয়ারীর আমি তীব্র বিরোধিতা করছি। দ্বিতীয় নং হচ্ছে যে প্রস্তাব দেবপ্রসাদ বাবু এনেছেন যে তাঁর প্রধান লক্ষ্য হচ্ছে স্টেট ট্রেডিংয়ের মধ্যে সমস্ত ব্যবস্থা একটা জায়গায় নিয়ে আসা। আমি মনে করিনা এই পরিস্থিতির মধ্যে, এই ইকোনমির মধ্যে রেশন সপের মাধ্যমে সমস্ত খাদ্যদ্রব্য বিলিব্যবস্থা করা যাবে। তাঁর এই দাবীকে আমি সমর্থন করতে পারিনা। এটা কখনোই করা সম্ভব নয়। বেহালার ব্যাপারটা নিয়ে সরকার যথেষ্ট ওয়াকিবহাল। আমি যদি জানতাম যে এইরূপ ঘটনার জন্যে তারা কিছু সাজেশান দিচ্ছেন তাহলে বুঝতাম। যারা মজুতদার বা ভেজালদার তাদের ধরার জন্যে চেষ্টা করছেন তাহলে অন্তত বুঝতাম। তাঁরা করণীয় কিছু করলেন না, একটা ভেজালদারকেও ধরলেন না, একটা কেস আনতে পারলেন না। সবচেয়ে দুঃখজনক ঘটনা অনেকে পঙ্গু হয়ে হাসপাতালে ভর্ত্তি হয়ে আছেন, এবং আশঙ্কা তারা হয়তো শেষ পর্যন্ত সুস্থ হবেন কিনা তা সন্দেহ আছে। নিরঞ্জনবাবু যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করা যায়। কিন্তু কংগ্রেসীরা কোন পথ নিলেন না অথচ জুডিশিয়াল এনকোয়ারী চাই এইকথা বলে। সেদিন যে ঘটনা ঘটেছিল তাতে প্রশান্তবাবু নিজে গিয়েছিলেন এবং আমরাও সকলে গিয়েছি। এটা খুবই দুঃখবহ ঘটনা এই বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু এর থেকে মনে হচ্ছে যেন ভারতবর্ষের আর কোথাও কোন জায়গায় যেন ভেজাল নেই। ভেজাল যেন কেবল পশ্চিমবঙ্গের একটি প্রান্ত বেহালাতেই সীমাবদ্ধ। ভেজাল কিসে নেই— ওষুধে ভেজাল সর্বত্র। অথচ একটা সামান্য ব্যাপার নিয়ে রাজনৈতিক উদ্দেশ্যে নিয়ে বামফ্রন্টের বিরুদ্ধে লেগে যাই। সারা ভারতবর্ষ জুড়ে তো ভেজাল নিয়ে গণ্ডগোল চলছে। আমরা তো জানি কত ল্যাম্পপোষ্ট এই রাজনীতির সাক্ষ্য হিসেবে রয়েছে। ভেজাল আপনার কোথায় নেই?

হ্যাঁ, এটা ত্রুটিপূর্ণ আছে। আমিও মনে করি বহু জায়গায় ভেজাল আছে, সমাজের সর্বস্তরে নানা দিক থেকে ভেজাল আছে। আমাদের এখানে একটি মাত্র বক্তব্য- বামফ্রন্ট সরকারের কাছে নিবেদন— তারা যে দ্রুত ব্যবস্থা অবলম্বন করেছেন তার জন্য তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। আমি বলব ভেজাল রোধের জন্য অবিলম্বে যেন একটা বিধি ব্যবস্থা করা হয়, শৃঙ্খলার সহিত, যাতে সমস্ত ভেজালদারদের মধ্যে একটা আতঙ্ক সৃষ্টি হয়। এই আতঙ্ক শুধু একটা অঞ্চলের ব্যাপারেই নয়, আইনের যদি কোন ত্রুটি থাকে তাহলে সেটাও মুক্ত করতে হবে। কিন্তু যে ব্যবস্থায় ঘটনাগুলি ঘটছে তাতে সমস্ত দেশকে একটা ভেজাল বিরোধী চেতনার মধ্যে দিয়ে মানুষের স্বার্থে নিয়ে এগুতে হবে। আমার দুর্ভাগ্য এখানে কি পথ কংগ্রেসী বন্ধুরা নিলেন— তারা পরিকল্পনা করে দলে দলে বিদ্যাসাগর হাসপাতালে যেখানে আড়াইশ থেকে তিনশত রুগী ভর্ত্তি হয়ে আছে, সেখানে যেতে লাগলেন। কিসের জন্য, রুগীর স্বার্থে তারা বদান্যতা সৃষ্টি করছেন, ডাক্তারদের ধমকাচ্ছেন, এই সমস্ত জিনিসগুলি তারা করছেন। ভেজাল যেন সমস্ত জায়গা থেকে উঠে গিয়েছে, তারা ওখানে রাস্তা অবরোধ সৃষ্টি করলেন, বাস ভাঙতে শুরু করলেন, পুলিশের একটা অফিসে তারা দলবেঁধে ঢুকে গেলেন। সেখানকার অফিসারকে নাজেহাল করে জামা কাপড় ছিঁড়ে দিয়ে, টেবিল পত্র ভাঙচুর করে, এই সমস্ত কাজ তারা শুরু করে দিলেন। আর থানার সামনে কয়েকদিন ধরে তারা বক্তৃতা শুরু করলেন। এ'সব দেখে মনে হয় ওদের কাছে এটার জন্য কোন উদ্বেগ ছিল না, ওদের কাছে এটা যেন একটা আর্শীবাদ হয়ে গেল। তাই তারা তখন এটাকে নিয়ে অন্যভাবে এগুবার চেষ্টা করলেন এবং তাদের একজন নেত্রীও আছেন, দুঃখের সঙ্গে আমাদের বলতে হয় এই মহিলাও হচ্ছেন ভেজাল মহিলা। এই ভেজাল মহিলার নেতৃত্বে তারা ভেজাল প্রতিরোধ আন্দোলন শুরু করে দিচ্ছেন। আজকে তাই বলবো, তারা কোথায় — হসপিটাল সম্পর্কে আমাদের অনেক অভিযোগ আছে, অনেক তিক্ততা আছে। কিন্তু তা সত্ত্বেও আমরা মুক্ত কণ্ঠে বলব

বিদ্যাসাগর হাসপাতালে সেখানে ডাক্তার, নার্স ও কর্মচারীরা সকলেই একটা ডেডিকেটেড মন নিয়ে ঝাঁপিয়ে পড়েছেন এবং সেই মন নিয়ে তারা কাজকর্ম করে চলেছেন। যে মহিলার নেতৃত্বে এই সমস্ত কাণ্ডগুলি হয়েছিল, আজকে তাকে দেখা যাচ্ছে না। আজকে বেহালার অনেক জায়গাতেই ক্যাম্প করা হয়েছে, ডাক্তাররা সেখানে দেখতে যাচ্ছেন; এছাড়াও বিদ্যাসাগরের বাইরে কয়েকটি জায়গায় ক্যাম্প করা হয়েছে, তাদেরকে এই ব্যাপারে আশ্বাস দেওয়া দরকার। ভেজালের ব্যাপারে কংগ্রেসী বন্ধুরা শুনে রাখুন— এই দেশের মধ্যেই আছে— যখন ভেজাল তেলের জন্য পুলিশের অফিস ভাঙচুর করেছিল তখন তারা বলেছিল এই সমস্ত জায়গা আমরা বন্ধ করতে চাই, কিন্তু কংগ্রেসের গায়ে হাত দেওয়া চলবে না; ভেজাল কংগ্রেস ছাড়া কোথায় আছে।

**[ 3-30 – 3-40 p.m.]**

এই যে কয়েকদিন যাবৎ ভাঙচুর, রাস্তা বন্ধ, বাস ভাঙ্গা থেকে আরম্ভ করে নানা কাণ্ড করলেন একটা দোকানদার, একটা লোকও কি আপনাদের জানা নেই যে ভেজাল দেয়, যাকে ধরা দরকার, যাকে পুলিশের কাছে আনা দরকার? কেন্দ্র থেকে মন্ত্রী আসতে আরম্ভ করলেন, এমনকি আমাদের পাশের রাজ্যের মুখ্যমন্ত্রী সেখানে হাজির হলেন। মহিলা নেতৃত্ব দিচ্ছেন, কাজেই সেখানে যেতে পারেন। একটি রাজ্যের মুখ্যমন্ত্রী একজন মহিলার নেতৃত্বে সেখানে গেছেন, আমাদের পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার কিছু জানেন না যে সেখানে গিয়ে তিনি কি বক্তব্য রেখেছেন। এই হচ্ছে সেখানকার বাস্তব পরিস্থিতি। এই পরিস্থিতির উপর দাঁড়িয়ে সরকারের কাছে আমি আবার এইকথা বলব ভেজাল দিচ্ছে, সমাজের এই সমস্ত সর্বনাশ করতে পারে এই রকম লোক আছে, তাদের শুধু ধরা নয় চরম শাস্তি যাতে দেওয়া যায় তারজন্য প্রয়োজন হলে আইনের পরিবর্তন করুন। দেশের মধ্যে একটা আতঙ্ক তৈরী হয়েছে, সেই আবহাওয়াকে আমাদের পশ্চিমবঙ্গ সরকার ব্যবহার করুন। যে আদর্শ লক্ষ্য নিয়ে প্রশান্ত শূর মহাশয় সেখানে গেছেন আমি এর আগে কখনও তা দেখিনি। প্রায় প্রতিদিন যখনই দরকার হয়েছে তখনই তিনি গেছেন। আমাদের যা চিকিৎসা ব্যবস্থা আছে সেই চিকিৎসাই করতে হবে। এখানে সেরা ডাক্তার যাঁরা আছেন তাঁদের পরামর্শ নিয়ে সব করা হয়েছে। অন্য কিছু সাজেসান পেলে গ্রহণ করা যাবে। যেহেতু ৬ মাস ১ বছরের মধ্যে ইলেকশান আসছে সেজন্য সমস্ত কাণ্ডজ্ঞান রহিত হয়ে যে কাজ আরম্ভ করে দিয়েছেন তা থেকে বিরত হন, একটা সভ্য সমাজে যতটুকু চলে সেই রকম মানসিকতা নিয়ে আপনারা কাজ করার চেষ্টা করুন। আমার আবেদন এইটুকু যে হাসপাতালে গিয়ে রোগীদের আর ব্যতিব্যস্ত করবেন না, রোগীদের আতঙ্কগ্রস্ত করবেন না, এবং সরকারী হাসপাতালে যতটুকু প্রয়োজন সেই সাহায্য করবেন এই কথা বলে আমাদের নিরঞ্জন বাবু যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি এবং দেবপ্রসাদ সরকার মহাশয় এবং সৌগত রায় মহাশয় যা এনেছেন তার তীব্র বিরোধীতা করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রবীনবাবু প্রবীন লোক, আমার ধারণা ছিল ওঁর কাছ থেকে কিছু কুরুচিপূর্ণ কথা পাব না, কিন্তু 'ভেজাল মহিলা' এই কথা বললে ঠিক কতটা খারাপ হয় সেটা বোধ হয় উনি জানেন না। উনি যদি আজ এই ভেজাল মহিলা না বলতেন তাহলে আমার মনে হয় এই বয়সে সভ্যতা-ভব্যতাপূর্ণ একটা রুচির পরিচয় দিতেন। আমি যদি বলি এখানে ভেজাল মুখ্যমন্ত্রী বসে আছেন তাহলে কি ভাল হবে? আপনি আজকে যে ওকালতি করলেন আপনার এই কথাগুলি যদি ছেপে বেরোয় তাহলে ভেজালদাররা আশীর্বাদ করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি উকিল, ভেজালদারদের পক্ষে ওকালতি করতে গিয়ে রবীন বাবু এতটা নীচে নামবেন আমার ধারণা ছিলনা।

**মিঃ স্পীকার ঃ** সত্য বাবু, ভেজাল উকিল নয় তো?

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** উনি উকিল হলে ভেজাল হতেন না, পচা হতেন। খুব দুঃখের বিষয় উনি আজকে যে বক্তৃতা দিয়েছেন কাগজে যদি ছেপে বেরোয় তাহলে বামফ্রন্টকে ভেজালদাররা আশীর্বাদ করবে। আমার মনে হয় ভেজাল যে সামাজিক অপরাধ এটা ক্ষমা করার বাইরে।

রবীন বাবু বললেন আমাদের সরকার ভালভাবে চিকিৎসার ব্যবস্থা করেছেন। তাঁর কথাশুনে আমি দুঃখিত হলাম। আমার মনে হয় তাঁর স্ত্রী, পুত্র যদি পঙ্গু হয়ে হাসপাতালে যেতেন তাহলে তিনি এরকম বক্তৃতা এখানে করতে পারতেন না। অথবা মুখ্যমন্ত্রীর স্ত্রী, বা তাঁর পরিবারের কারুর যদি এই অবস্থা হোতো তাহলে ফাঁসিকাষ্ঠে কে ঝুলত আমি জানিনা। এখানে দাঁড়িয়ে আপনারা ভেজালদারদের সমর্থন করছেন? ৫০০ লোক অসুস্থ হয়ে হাসপাতালে পড়ে আছে, ডাক্তাররা বলছেন অনেকে পঙ্গু হয়ে যাবে। আমরা মানুষ, তাই এই ঘটনার প্রতিবাদ করেছি এবং কংগ্রেস একটা মুভমেন্ট করেছে। আমরা যদি কমিউনিষ্ট হতাম তাহলে রবীনবাবু যা বলেছেন সেই রকমই বলতাম। আপনাদের মুখে যেটা শোভা পায় কংগ্রেসের মুখে সেটা শোভা পায় না। ভারতবর্ষের আর কোথাও এরকম অবস্থা হয়েছে যে ৫০০ লোক ভেজাল তেল খেয়ে অসুস্থ হয়ে পড়েছে? আরও অবাক কাণ্ড, এটা নির্মলবাবুর দপ্তরে পড়বে না প্রশান্তবাবুর দপ্তরে পড়বে সেটা ঠিক করতে না পারার জন্য মুখ্যমন্ত্রীকে হস্তক্ষেপ করতে হয়েছে। পশ্চিমবাংলার মানুষ যখন দেখছে একটা জিনিস বেড়ে বেড়ে বেহালা থেকে টালিগঞ্জ পর্য্যন্ত গেছে এবং চারিদিকে ভেজাল তেল খেয়ে মানুষ অসুস্থ হয়ে পড়ছে তখন সেটা নিয়ে আন্দোলন করতে পারবে না? আন্দোলন করলেই গুলি করতে হবে? মুখ্যমন্ত্রী বলেন আমরা গণতান্ত্রিক আন্দোলনে গুলি করি না। কৃষকেরা জল চেয়েছিল, গুলি করেন নি? আমরা জানি যতদিন আপনারা ক্ষমতায় আছেন গুলি করার অধিকার আপনাদের আছে এবং গুলি করবেন, আপনারা বলেন গণতান্ত্রিক আন্দোলনে হস্তক্ষেপ করিনা। জানিনা, ফরোয়ার্ড ব্লকের আন্দোলনে কি করবেন এই সরকার। ভেজালের বিরুদ্ধে মানুষ প্রতিবাদ করেছে, থানার সামনে শ্রীমতী মমতা ব্যানার্জী যিনি একজন মহিলা কর্মী তিনি এরকম জোরদার আন্দোলন কেন করছেন, কেন কেন্দ্রীয় সরকারের মন্ত্রীরা এই ব্যাপারে বলছেন? আমরা সরকারে আছি, যা ইচ্ছে করব এরকম কথা এই গণতন্ত্রের মন্দিরে দাঁড়িয়ে কি করে বলেন? এটা রেখেছেন কেন, বন্ধ করে দিন না। মনে রাখবেন এই ভেজাল এবং গুলি করা নিয়ে মানুষ আপনাদের পুড়িয়ে মারবে। এক পয়সা ট্রাম ভাড়া বেড়েছিল বলে আপনারা কত ট্রাম পুড়িয়েছিলেন সেটা কি ভুলে গেছেন? এক পয়সায় কি ক্ষতি হয়েছিল? মুখ্যমন্ত্রী অত্যন্ত দাম্ভিক লোক আর মন্ত্রীদের কথা কি বলব— মুখ্যমন্ত্রী এসে চিৎ করে দেন তখন চিৎ হয়ে থাকেন, আবার যখন উপুড় করে দেন তখন উপুড় হয়ে থাকেন। খাদ্যে ভেজাল দেওয়া হচ্ছে সেটা কেন সরকার দেখেন না? কেন রবীনবাবু সে কথাটা বললেন না কর্পোরেশনের হেল্‌থ-ইন্সপেক্টররা কি করে? এনফোর্সমেন্ট ব্রাঞ্চ কি করে? আপনারা বলছেন চিকিৎসার ব্যবস্থা করেছি। ১০টি লোককে খুন করে দুটি লোকের চিকিৎসার ব্যবস্থা করেছেন। আপনারা নরঘাতক। এই সরকার নরঘাতক সরকার। আজকে জিতে এসে বড় বড় কথা বলছেন। আমি এই কথা বলি যে দল পার্টি নির্বিশেষে বলা উচিত যে আজকে যা হয়েছে তা খুবই লজ্জার কথা। প্রশান্ত শূর মহাশয় যেহেতু সমস্ত হাসপাতালে ঘুরে ঘুরে দেখাশুনা করছেন, তার পিছনে কাঠি দেওয়া হচ্ছে। আপনারা পশ্চিমবাংলার ভাল চান না। কুচবিহারে গুলি চললো। কি এমন কারণ ঘটেছিল। মুখ্যমন্ত্রীর ৭২ বছর বয়স হয়ে গেল— লোকে বলে ৭২ বছর হলে বাহাত্তুরে ধরে— তা ওনার ধরতে পারে। তিনি বলছেন [illegible] ব্যবস্থা ছিল। তাহলে কুচবিহারের ব্যাপারে কেন বললেন যে জুডিশিয়াল এনকোয়ারী হবে না, ডি জি এনকোয়ারী করবে। যেহেতু এদের নিয়ে কংগ্রেসকে মারতে হবে, সেইহেতু এদের সাহায্য করতেই হবে। পুলিশ

অন্যায় করলে স্বীকার করতে পারবো না। আজকে সৌগত রায়, সুদীপ বন্দ্যোপাধ্যায় যে প্রস্তাব এনেছেন আমি বলবো সেটা খুব ভাল প্রস্তাব। গুলি করা উচিত এই কথা বলছেন, তা তো বলবেনই, আপনারা তো মুড়ি-মুড়কির মত গুলি করছেন। আমি কুচবিহার সম্বন্ধে যে প্রস্তাব এসেছে যে জুডিশিয়াল এনকোয়ারী হোক আমি তাকে পূর্ণ সমর্থন করি। আজকে ভেজালদারদের প্রাণদণ্ড হওয়া উচিত। সর্বশেষে শ্রী সৌগত রায় এবং সুদীপ বন্দ্যোপাধ্যায় যে প্রস্তাব এনেছেন তাকে পূর্ণ সমর্থন করে, এবং অমলেন্দ্র রায় যে প্রস্তাব এনেছেন তার পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**[ 3-40 – 3-50 p.m.]**

**শ্রী এ কে এম হাসানুজ্জামান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভেজাল সম্বন্ধে আলোচনা করতে গিয়ে এই কথা বলতে চাই যে আমাদের মধ্যে রাজনৈতিক মতভেদ থাকতে পারে এবং তা আছেও এবং তা থাকলেও এই ভেজাল এমন একটা বিষয় এর বিরুদ্ধে লড়াই করার ব্যাপারে মতভেদ থাকা উচিত নয়। দেখলাম তিন রাজনৈতিক দল তিনটি প্রস্তাব এনেছেন। আমি মনে করি এই ভেজালের ব্যাপারে একটি সর্বদলীয় প্রস্তাব আসা উচিত ছিল। কিন্তু দুঃখের বিষয় এই ভেজালের ব্যাপারে কোন সর্বদলীয় প্রস্তাব আসে নি। বেহালায় টালিগঞ্জে যে ঘটনা ঘটলো তা খুবই লজ্জাকর। এই ভেজাল নিয়ে বহু দিন থেকে বহু জল্পনা-কল্পনা চলছে— হতে পারে কংগ্রেসী আমল থেকে চলছে। জওহরলাল নেহেরু বলেছিলেন যে যারা এই সব ভেজাল করবে তাদের ল্যাম্প-পোষ্টে বেঁধে গুলি করা হবে। এই ভেজাল প্রতিরোধ করার জন্য আপনারা আইন করুন অর্ডিন্যান্স করুন। কিন্তু এই সরকার কি তা করবেন? এই যে সরকারী বন্টন ব্যবস্থা সেই ব্যবস্থা কি ঠিক। আজকে স্পীকারের এরিয়ায় যদি ভেজাল ধরা পড়তো তাহলে অন্য ব্যবস্থা হোত। আমি মনে করি এই ব্যাপারে আজকে কড়া ব্যবস্থা নেওয়া হোক।

দরকারে ভেজাল আইন পাল্টানো হোক এবং সমস্ত ভেজালকারী, যারা মালে ভেজাল দিয়েছে সেই আসল কালপ্রিটদের খুঁজে বের করা হোক এখানে ৩ জনে ৩ রকম প্রস্তাব দিয়েছেন। বিচার বিভাগীয় তদন্ত চেয়েছেন সৌগত রায় মহাশয়। নিরঞ্জনবাবু বলেছেন, "পরিশেষে এই সভা ভেজাল প্রতিরোধের কাজে দৃঢ়তার সঙ্গে এগিয়ে আসার জন্য জনসাধারণের সকল অংশের নিকট আবেদন জানাচ্ছে"। তিনি কি রাজি থাকবেন সব জায়গায় সর্বদলীয় ভেজাল নিরোধক কমিটি গঠন করতে? তিনি তো জনসাধারণের কাছে আবেদন করেছেন— তিনি কি এতে রাজি থাকবেন? তারপরে দেবপ্রসাদ সরকার দাবী তুলেছেন, কনস্ট্রাকটিভ সাজেসান দিয়েছেন, যারা পঙ্গু ব্যক্তি তাদের অর্থনৈতিক পুনর্বাসনের পূর্ণ দায়িত্ব নেওয়া হোক। এই ক্ষেত্রে আমাদের প্রশ্ন হচ্ছে, তেলে ভেজাল দীর্ঘদিন ধরেই হচ্ছে মাত্র ৫০০ টাকা দিয়ে সরকার তার দায় দায়িত্ব অতিক্রম করে যেতে পারে না। তাদের অর্থনৈতিক পুনর্বাসনের দায় দায়িত্ব সরকারকে নিতে হবে। তেলে ভেজাল দীর্ঘদিন ধরে চলছে। এই তেলে নোকি টি.ও.সি.পি., ট্রাই-অয়েল-সিরিয়াল ফসফেট দেওয়া হয়েছে। এই নাম তো আমি কোনওদিন শুনিনি। এখন ভেজালের দৌলতে এই সব নাম শুনতে হচ্ছে এটা রেপসিডে মেশানো হয়েছিল। সরষের তেলের মত রং হয়ে যায়, এটা মেশালে। অনেকে বলছেন সায়ানাইড পর্যন্ত মেশানো হয়েছে। কিন্তু এই ব্যাপারে সি.এম.সি-র রিপোর্ট, সরকারী ডাক্তারদের রিপোর্ট এক হচ্ছে না। এ্যাকচুয়্যালি এ্যাডালটারেসন কি হয়েছিল সেটাই খুঁজে বের করা যায় নি। এই এ্যাডালটারেশনের ব্যাপারে সি.এম.সি. ইন্সপেক্টর থাকে। তারা কি করে? তারা কি লোকের কাছ থেকে তোলা তোলে? এই সি.এম.সি. ইন্সপেক্টরা কি ভেজালদারদের কাছ থেকে পয়সা নেয়, এটাই আপনারা বলতে চান? কিন্তু আমরা দেখতে পাচ্ছি এই এ্যাডমিনিষ্ট্রেশন দিনের পর দিন স্থবির হয়ে যাচ্ছে। যেমন কাটরা অভিযানে দেখা গেছে। মুখ্যমন্ত্রী সেখানে ১৭ই জুলাই ঘোষণা করেছিল যারা

নিখোঁজ হয়েছে তাদের ক্ষতিপূরণ দেওয়া হবে। কিন্তু আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা হয়নি। কুচবিহারে গুলি চললো। অন্যান্য জায়গায়'ও এই রকম অবস্থা দেখতে পাচ্ছি যে, প্রশাসন স্থবির হয়ে যাচ্ছে। আমরা দেখতে পাচ্ছি বিরোধী পক্ষের কেউ কিছু বললে প্রশাসন গুলি করে স্তব্ধ করে দিতে চাইছে। সেখানে প্রশাসন যে হাতে ব্যবস্থা নিয়েছে ভেজালের ব্যাপারে সেই রকম দেখছি না। আমরা দেখতে পাচ্ছি কয়েকজন গরীব মুদি ধরা পড়েছে, আসল লোক বড় বড় জোতদার একজনও ধরা পড়েনি। জুলাই-এ ক্রাইসিস বেশী হয়, ভেজালও বেশি হয়। জানুয়ারী মাসে তেল সর্টেজ হয়, সেই সময়ও ভেজাল বেশি হয়। তারপর কিছুদিন দমদম দাওয়াই শুরু হয়। মার্চ মাসে সাপ্লাই বেশী হয়, তখন ভেজালটা কমে যায়। এই ভেজাল ধরা পড়ল, মানুষ পঙ্গু হল। এখন সবচেয়ে বেশী অভিযোগ দেখতে পাওয়া যাচ্ছে— যারা চিকিৎসা করছেন তারা নাকি ষ্টেরয়েড দিচ্ছেন। ষ্টেরয়েড মারাত্মক ক্ষতিকর মানুষের স্বাস্থ্যের পক্ষে, বড় বড় বিশেষজ্ঞরা সেই কথাই বলেন। কিন্তু ভেজালে আক্রান্ত হবার পর, ক্ষতিগ্রস্ত হবার পর হাসপাতালে যাবার পর ষ্টেরয়েড ব্যবহার করা হচ্ছে এটা একটা মারাত্মক অভিযোগ। আমাদের মনে হচ্ছে পঙ্গু লোকগুলিকে আরো বেশী করে পঙ্গু করে দেওয়া হচ্ছে। এর সঙ্গে ভিটামিন ইনজেকসন দেওয়া হচ্ছে। অন্য কোন দেশে ভিটামিন বলে কিছু থাকে না। আমাদের মত অনুন্নত দেশে মাল্টিন্যাশানালরা এই জাতীয় (ভিটামিন) ওষুধ তৈরী করে। কাজেই এই মানুষগুলির প্রতি স্পেশাল কেয়ার নেওয়া উচিত। এই পঙ্গুলোকগুলির উপর যদি কেবল ভিটামিন, ষ্টেরয়েড দিয়েই দায়িত্ব শেষ করা হয় তাহলে আমরা বলব সঠিক চিকিৎসা হচ্ছে কি? সি.এম.সি., আর সরকারী এ্যানালিসিসের মধ্যে পার্থক্য হচ্ছে কেন? আমরা সরকারের কোন সিরিয়াসনেস মনোভাব দেখতে পাচ্ছি না। সরকার মাত্র ৫০০ টাকা করে দিলেন। সেখানে অনেকেই গেছেন, কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী একবারও গেলেন না। তিনি একবার যেতে পারতেন। তিনি দেখতে পারতেন যে, কি প্রশাসনিক নির্দেশ দেওয়া দরকার এবং কোথায় কি চিকিৎসার ব্যবস্থা হচ্ছে সেটা তিনি একবার গিয়ে দেখে আসতে পারতেন।

**[ 3-50 – 4-00 p.m.]**

তারা সেখানে এখনও পর্যন্ত যাননি। আর এই ৩টি রেজলিউশনের সঙ্গে কুচবিহারকে জড়িয়ে দেওয়া হয়েছে। কুচবিহারে এই যে গুলি চালনা হয়েছে সেই ব্যাপারে মুখ্যমন্ত্রীর বিচার বিভাগীয় তদন্ত মেনে নিতে অসুবিধা কি আছে? যদি বলেন যে কংগ্রেস করেছে তাহলেও বিচার বিভাগীয় তদন্তে বেরিয়ে আসবে। আর যদি প্রশাসনিক ব্যর্থতা হয় তাহলেও সেটা বেরিয়ে পড়বে। কাজেই এটা মেনে নিতে অসুবিধা কোথায়? এটা অত্যন্ত দুঃখের কথা, জ্যোতিবাবুর আমলে এটা আমরা আশা করিনি। আজকে একদিকে গুলির সংখ্যা বাড়ছে আর অন্য দিকে প্রশাসনিক ব্যর্থতা বাড়ছে। কাটরার ব্যাপারে ১৭ই জুলাই মুখ্যমন্ত্রী স্বীকার করেছিলেন যে এটা একতরফা গণহত্যা হয়েছে। প্রশাসন সেখানে কমপ্লিটলি ব্যর্থ হয়েছে। সেখানে ১২ শত লোক হতাহত হল। সব থেকে বড় দুঃখের কথা হচ্ছে, নসিবপুর যখন যাত্রীরা ট্রেনে করে ফিরে যাচ্ছিল সেখানে তারা দুর্বৃত্তদের দ্বারা আক্রান্ত হল, হতাহত হল। তাদের লাশ পর্যন্ত গায়েব করা হল। এখনও পর্যন্ত সেই সমস্ত দুষ্কৃতকারীরা ধরা পড়েনি। কুচবিহারে যদি কেউ মিছিল করতে চায়— আই অ্যাম নট হোল্ডিং দি আইডিয়া অব দি কংগ্রেস— কুচবিহারে যদি কেউ আন্দোলন করতে চায়, আমি মনে করি সেখানে গণতান্ত্রিক পথে আন্দোলন করার পূর্ণ অধিকার সকলের আছে এবং থাকা উচিত। মত প্রকাশের স্বাধীনতা সকলের থাকা উচিত। এখন কথা হচ্ছে যে কোন মত প্রকাশ করতে গেলে, সরকারের কাছে কোন দাবী পেশ করতে গেলে, আপনারাও যখন সরকারের বিরুদ্ধে ছিলেন তখন বসু আন্দোলন করেছেন, বি.ডি.ও, এ.ডি.এম., ডি.এম-এর কাছে বহু ডেপুটেশন দিয়েছেন— সরকারের বিরুদ্ধে যদি কোন আন্দোলন করে, সেখানে

যদি আপনার প্রশাসন কোন ব্যবস্থা না করে উল্টে গুলি করে তাদের স্তব্ধ করে দেবার চেষ্টা করে তাহলে আমি বলবো যে দোষটা শুধু প্রশাসনের দিক থেকে নয়, রাজনৈতিক দিক থেকেও ভুল হয়ে যাবে। আপনাদের তাহলে দেওয়ালের লিখন পড়তে হবে। এই ভাবে প্রশাসন দীর্ঘদিন চলতে পারেনা। মানুষ অবহেলিত অবস্থায় থাকবে, মানুষ নিগৃহীত অবস্থায় থাকবে, মানুষ সাপ্রেসড অবস্থায় থাকবে, আর কোন সময়ে দেখবো ভেজাল হচ্ছে, কোন সময়ে দেখবো বন্যার রিলিফ নিয়ে দলবাজী হচ্ছে, গ্রামের মানুষ সম্পূর্ণভাবে অবহেলিত হবে, তারা দিনের পর দিন অত্যাচারিত হবে, এ জিনিস চলতে পারে না। কাজেই এ ক্ষেত্রে যদি প্রশাসন-এর দৃষ্টিভঙ্গী না পাল্টায়, প্রশাসনকে যদি টোনড আপ না করা হয়, প্রশাসনকে যদি গীয়ার আপ না করা হয়, আপনাদের রাজনৈতিক চিন্তা ধারার মধ্যে, অর্থনৈতিক চিন্তা ধারার মধ্যে যদি নূতন সংযোজন না করা হয় তাহলে এটা অত্যন্ত দুঃখের বিষয় হয়ে দাঁড়াবে। তাই আজকে আমি এই কথা বলবো যে যারা ভেজালকারী, এই ভেজালকারীদের বিরুদ্ধে কড়া শাস্তির ব্যবস্থা যেন মুখ্যমন্ত্রী মহাশয় নেন। যদিও কিছু ধরা হচ্ছে কিন্তু এখনও বহু লোক আছে যাদের ধরা হচ্ছে না। আমি একথা বলবো যে যারা ভেজাল অরিজিনেট করছে তাদের ধরা হোক। আপনাদের পুলিশ আছে, প্রশাসন আছে, আই.জি. আছে, ডি.আই.জি. আছে। আপনার এ্যাডমিনিষ্ট্রেশানে তো কোন কিছুর অভাব নেই। তাহলে তাদের কেন খুঁজে বের করছেন না? এখনও অনেকের চিকিৎসা ব্যবস্থা সুষ্ঠুভাবে হচ্ছে না। তাদের সুষ্ঠু চিকিৎসার ব্যবস্থা এবং অর্থনৈতিক পুর্নবাসনের ব্যবস্থা করুন। এই কথা বলে আমি আবার কুচবিহারের ঘটনার নিন্দা করে এবং সেই সঙ্গে সঙ্গে কাটরার গণহত্যার ব্যাপারে নিন্দা করে প্রশাসনিক ব্যবস্থার ব্যর্থতার জন্য দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ দীপক চন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই ভেজাল তেলের উপরে কয়েকটি বিষয়ে যে বিজ্ঞান সম্মত ব্যাপার আছে, যেটা আমাদের অনেকেরই জানা নেই, সেটা হাউসের কাছে উত্থাপন করতে চাই। এই যে জিনিসটা ভেজাল দেওয়া হয়েছিল ট্রাই অয়েল সিরিয়াল ফসফেটস অর্থাৎ টি.ও.সি.পি. এটা প্লেনের ইঞ্জিনের অয়েল হিসেবে ব্যবহার হয়। এটা অতীতেও ভেজাল হিসাবে অনেক জায়গায় ব্যবহার করা হয়েছে। বেশ কিছুদিন আগে ইউ.এস.এ-তে বহু লোক মারা গিয়েছিল, বহু লোকের প্যারালাইসিস হয়েছিল। মরক্কোতে প্রায় ৩ হাজার লোক মারা গিয়েছিল। সেখানে এই লুব্রিকেট তেলের সঙ্গে মিশিয়ে বিক্রয় হয়েছিল। আমাদের এখানে কিছুদিন আগেও দমদমে যে প্যারালাইসিস হয়েছিল ১৯৭১-৭২ সালে সেটাও ঐ একই জিনিস অর্থাৎ টি.ও.সি.পি. তেলের সঙ্গে ব্যবহার করা হয়েছিল। অতীতে বহু জায়গায় এই জিনিস ব্যবহার করে বহু লোকের প্যারালাইসিস হয়েছিল যেমন— জার্মান, সাউথ আফ্রিকা, মরক্কোর কথাতো আগেই বলেছি। আমরা জানি এটাতে কি হয়। এটাতে পলিওমাইটিসের মত রোগ হয় এবং একটা পার্মানেন্ট প্যারালাইসিস হয়। এতে টিস্যু, নার্ভ যেগুলি থাকে সেগুলির কার্যকরী ক্ষমতা থাকেনা ফলে নার্ভগুলি আসতে আসতে দুর্বল হয়ে পড়ে এবং মরে যায়। ডেমিওলিডেশন হয়, হওয়ার ফলে নার্ভের কনডাকশন কিছু থাকে না। তার ফলে প্যারালাইসিস হয়, লোয়ার মটন টাইপ এবং এই জিনিস ব্যবহার করার ফলে একটা জিনিস যেটা হয়, সেটা হচ্ছে বিলো নি জয়েন্টের নিচে যে মাসলগুলো আছে, সেইগুলা প্যারালাইসিস হয় এবং হাতের স্মল জয়েন্টগুলোতে হয়, ক্লয়িং অব হ্যান্ডস হয়, প্যারালাইসিস ফুট ড্রপ, রিচ ড্রপ হয়, এটা পার্মানেন্ট টাইপ, যেমন পোলিও মিলাসিস এ যদি কিছু নার্ভ বেঁচে যায় তাহলে সেই নার্ভ সেলগুলো অন্য মাসলকে, যেগুলো মরে গেল বা যে মাসুলগুলো কাজ করতে পারছে না, সেই মাসলগুলোকে অন্য মাসলগুলো যেগুলো কাজ করতে পারছে, সেইগুলো কাজ করাতে নিয়ে আসে, তাকে আমরা ট্রেণ আপ করি ফিজিও থেরাপির মাধ্যমে। এখানে যে ঘটনাটা ঘটলো, কনজাম্পশনের সাত দিন

পর— সাত দিনের আগে এর ম্যানিফেসটেশন হয় না। তাই এই সাতদিন ধরে কনজাম্পশানরে পর ম্যানিফেসটেশন হতে শুরু করলো, যখন প্রথম ধরা পড়লো, সরকার এবং বেসরকারী সমস্ত প্রতিষ্ঠান সব ঝাঁপিয়ে পড়লো। একটা ওয়ার ফুটিং ক্রাইসিস সিচুয়েশনকে ট্যাকল করতে গেলে—তার চিকিৎসা ব্যবস্থা এবং এটা যাতে আর বেশী লোক না খেতে পারে, তার প্রতিরোধ ব্যবস্থা, এই সমস্ত ব্যবস্থার মধ্যে সমস্ত মানুষ জন ঝাঁপিয়ে পড়লো, এটাও প্রশংসার মত কাজ ঘটেছিল আমাদের এই পশ্চিমবাংলায়। কংগ্রেস, তারা যা করেন, যখন ক্রাইসিস হয়, তারা প্রতিবাদ করেন শুধু মাত্র, ক্রাইসিসকে ট্যাকল করেন না। যেমন ভূমিকম্প হলো বিহারে, ট্যাক্‌ল করাবর কোন ব্যবস্থা নেয়নি, আহত, নিহতদের সরাবার ব্যবস্থা নেই, কোন ওষুধপত্র নেই, কোন রিলিফ নেই, কিন্তু পরিদর্শন হলো, সমস্ত কিছু হলো। আমাদের এখানে সরকারী বেসরকারী সমস্ত প্রতিষ্ঠান নেমে পড়লো যাতে আর বেশী লোক এই ভেজাল তেল গ্রহণ না করে, যাতে আর বেশী লোক এই ভেজাল তেল পরিবেশন না করতে পারে এবং যারা অসুস্থ হলো, তাদের চিকিৎসার জন্য সমস্ত রকম প্রতিষ্ঠানগত ভাবে সমস্ত মানুষ ঝাঁপিয়ে পড়লো। আজকে যে পরিস্থিতি এসে দাঁড়িয়েছে সেটা হচ্ছে এদের কিছু প্যারালিসিস থাকবে, তার জন্য রিহ্যাপিলিটেশনের ব্যবস্থা করতে হবে, ফিজিওথেরাপির ব্যবস্থা করতে হবে। যা ওষুধ পত্র জানা আছে, সেই ওষুধ পত্র দিয়ে তাদের চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে। তাদের আর দরকার রিহ্যাবিলিটেশন, আর দরকার ফিজিওথেরাপি, সেইগুলো তাদের দেওয়া হচ্ছে, আর দরকার কিছু স্পিলন্‌ট। আমি জানি দুদিন আগে আমাদের স্বাস্থ্যমন্ত্রী বলেছেন যে ককাপ স্পিলন্‌ট ব্যবস্থা করতে হবে। বিলো নি ফ্ল্যাট হিল বার দিয়ে শু এর ব্যবস্থা করতে হবে, এটা দু তিন লাখ টাকার ব্যাপার। এইগুলো তৈরী করতে টাইম লাগবে। সমস্ত জিনিষ নিয়ে মানুষ নেমে পড়বে। এটাই হচ্ছে আসল কাজ, ক্রাইসিসকে ট্যাক্‌ল করা। এটাকে প্রশংসা না করে রাস্তায় নেমে পড়ে প্রতিরোধ, প্রতিবাদ জানাবার কোন মানে হয় না, যা ওরা করছেন বিহারে বা অন্যান্য জায়গায়। কিছুদিন আগে এই ভেজাল মহারাষ্ট্রে হয়েছে, সেখানে বহু লোক মারা গেছে, চিকিৎসাই হয়নি। গুজরাটে হয়েছে পোর্টব্‌ল এ্যালকোহল খেতে গিয়ে, তামিলনাড়ু, গুজরাট, সমস্ত জায়গায় এই জিনিস ঘটেছে, তাদের কোন চিকিৎসার ব্যবস্থা হয়নি। আমাদের এখানে যখন এই ভেজালের ঘটনা ঘটলো, তখনই আমরা ক্রাইসিস ওয়ার ফুটিং-এ তাকে ট্যাকল করেছি, ভবিষ্যতেও সেটা করবো যদি আবার ঘটে। সুতরাং এখানে যে জিনিস ঘটেছে, তাকে ঘৃণা করছি এবং যে জিনিস ওরা করেছে, তারও প্রতিবাদ জানাচ্ছি। এই প্রস্তাব কে সমর্থন করছি এবং ওদের সমস্ত প্রস্তাবকে প্রতিবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিমলকান্তি বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৪ঠা আগষ্ট যুব কংগ্রেসের পক্ষ থেকে ঘোষণা করা হোল যে কুচবিহারে আইন অমান্য করা হবে, বিষয়, ভেজাল তেল, তার বিরুদ্ধে অভিযান, সমাবেশ, ইত্যাদি করা হবে। তার পরিপ্রেক্ষিতে একটা মিছিল যায় এবং পুলিশের গুলি হয়েছিল, তাতে তিন জন মারা যায়। আমরা বামফ্রন্টের জেলা কমিটির পক্ষ থেকে ঐ সমস্ত এলাকায় যেখানে ঘটনা ঘটেছে, সেখানে আমরা গিয়েছিলাম, সমস্ত অবস্থা পুঙ্খানুপুঙ্খভাবে বিচার করে দেখেছি। কী অবস্থা সেখানে সৃষ্টি করা হয়েছিল, যুব কংগ্রেসের পক্ষ থেকে আইন অমান্য করা হবে প্রশাসন কে জানানো হল, শান্তিপূর্ণ ভাবে আইন অমান্য হবে, কোথায় হবে— জেলা সমাহর্তা অফিসের সামনে হবে। ভাল কথা, কিছু লোকের মিছিল, হাজার দুয়েক লোকের মিছিল, সেখানে জেলা সমাহর্তার অফিসের সামনে নিয়ে যাওয়া হলো। সেখানে কিন্তু কোন আইন অমান্য হলো না, একটা স্মারক লিপি পেশ করে মিছিল রওনা হলো।

**[ 4-00 – 4-10 p.m.]**

জেলা-সমাহর্তা জিজ্ঞাসা করেছিলেন, "আপনাদের আইন অমান্য কার্য্যসূচী ছিল, সেটা কি

*হ'ল?" ওঁরা তখন বলেছিলেন, 'না, ওটা এখানে নয়, ওটা জেলা জজের অফিসের সামনে হবে।' অর্থাৎ জেলা জজের আদালতের সামনে হবে। ওঁরা সরকারীভাবে কার্যসূচী নির্ধারণ করেন, কিন্তু তা* রূপায়ণের চেষ্টা করেন না। এক্ষেত্রেও তাই হল। ওখানে কর্মসূচী ঘোষণা করেছিলেন অথচ ওখান থেকে ১৫০/১৬০ মিটার দূরে জেলা জজের অফিসের সামনে গিয়ে আইন অমান্য আন্দোলন করলেন। সেখানে ২০/২৫ জন এ্যারেষ্ট হয়েছিলেন এবং সেখানে পুলিশী ব্যবস্থা ছিল, সেখানে পুলিশের অত্যাচার হয়নি। সেখানে গুলি চলেনি বা লাঠি পেটাও হয়নি। আমি খোলা মনে আমাদের বিরোধী পক্ষের সদস্যদের বিষয়টি বিচার করতে বলছি। সেখানে যুব-কংগ্রেস নেতা মিহির গোস্বামী নেতৃত্বে ছিলেন, তাঁর নেতৃত্বে সুষ্ঠুভাবে আইন অমান্য হয়েছিল। কিন্তু ঠিক একই সময়ে ওঁদের মিছিলের একটা অংশ নেতৃত্বহীন অবস্থায় এস.ডি.ও. অফিসের সামনে দৌড়ে যায়। সেসময়ে সেখানে ইলেকটোরাল রোল্— নির্বাচকদের তালিকা তৈরী হচ্ছিল। তারা এস.ডি.ও. অফিসে জোর জবরদস্তি করে ঢুকতে চেষ্টা করে, খাদ্যমন্ত্রী নির্মল বোসের এবং মুখ্যমন্ত্রীর কুশপুত্তলিকা দাহ করে, উত্তেজনা সৃষ্টি করে। স্যার, এখানে রেপসিড তেলের ভেজাল নিয়ে আলোচনা হচ্ছে, এবং ঐ তেল আমাদের কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সরবরাহ করা হয়। কিন্তু ঐ তেলে ভেজালের জন্য কেন্দ্রীয় মন্ত্রীকে দায়ী করা হচ্ছে না। কেন তাঁকে দায়ী করা হচ্ছে না? নির্মল বোসের এবং মুখ্যমন্ত্রীর কুশপুত্তলিকা দাহ করা হচ্ছে, উত্তেজনা সৃষ্টি করা হচ্ছে, আইন-অমান্য করা হচ্ছে, গুলি লাঠি পর্যন্ত যে ভেজাল তেলের জন্য, যে ভেজাল তেল খেয়ে আমাদের দেশের মানুষ অসুস্থ হয়ে পড়ল সেই তেল যাঁরা সরবহার করলেন তাঁদের কেউ দায়ী করলেন না! স্যার, সব চেয়ে বড় কথা হচ্ছে এক জায়গায় ঘোষণা করে নেতৃত্ব দিয়ে আইন-অমান্য আন্দোলন করার সাথে সাথে আর এক জায়গায় — যেখানে নির্বাচনী তালিকা তৈরীর কাজ হচ্ছিল— জোর করে সেখানে, এস.ডি.ও. অফিসে ঢোকার চেষ্টা করা হল এবং পুলিশ বাধা দিলে ইঁট-পাটকেল ছোঁড়া হল। স্বাভাবিকভাবেই সেখানে পুলিশকে ব্যবস্থা নিতে হয়েছিল। তবে আমি কখনই একথা বলছি না যে, পুলিশের কিছুটা সংযত হওয়া উচিত ছিল। আমি বলিষ্ঠভাবে বলছি যে, গুলি চালনা এড়ান যেত এবং সেকথা আমরা জেলা-বামফ্রন্টের পক্ষ থেকেও বলেছি। আন্দোলনের নামে কংগ্রেস কি করে তা প্রশাসনের ভালভাবেই জানা আছে। আন্দোলনের নামে ওরা বিশৃঙ্খলা সৃষ্টি করেন এবং ওখানেও যে তাই করবেন তা তো প্রশাসনের বোঝা উচিত ছিল। এবং সেটা মোকাবিলা করার জন্য পূর্ব থেকেই যে পুলিশী ব্যবস্থা সেখানে থাকা উচিত ছিল, সেই পুলিশী ব্যবস্থা সেখানে ছিল না, সেখানে ঢালধারী পুলিশ ছিল না। ফলে পরিস্থিতিটা পুলিশ ট্যাকেল করতে পারেনি। প্রশাসনের মধ্যে ঢিলেঢালা ভাব ছিল। কংগ্রেসী মিছিল এবং বিশৃঙ্খলাকে মোকাবিলা করার জন্য যে প্রশাসনিক তৎপরতার প্রয়োজন তা সেখানে সেদিন উপস্থিত ছিল না। কারণ যতই মুখে ওঁরা শান্তিপূর্ণ আন্দোলনের কথা বলুন না কেন, কার্যত ওঁরা শান্তিপূর্ণ মাস স্কোয়াডে বিশ্বাস করেন না। ওঁদের একজন গান্ধীবাদী নেতা বলেন, শান্তিপূর্ণভাবে আইন অমান্য করা হবে, আবার একজন নেতা বলেন— একজন খুন হলে আর একজনকে খুন করে তার বদলা নেওয়া হবে। ওঁদের এই চেহারা আমরা দেখেছি। ফলে যে পুলিশী ব্যবস্থা নেওয়া উচিত ছিল তা সেদিন ওখানে নেওয়া হয়নি। বিশৃঙ্খল মব্‌কে ট্যাকেল করার ব্যবস্থা ছিল না বলেই ঐ দুর্ঘটনা ঘটে গেছে। এবং এটা নিশ্চয়ই দুর্ভাগ্যজনক। আমি বলছি প্রশাসনগতভাবে জুডিশিয়াল এনকোয়ারী করা হোক। বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে তাৎক্ষনিক বিভাগীয় তদন্ত হয়েছে, প্রশাসনগত তদন্তের ব্যবস্থা করা হয়েছে এবং প্রশাসনগতভাবে যেটা করা সম্ভব হয়েছে সেটা হল যারা ক্ষতিগ্রস্থ হয়েছে যেমন, বিমান, বীরেন, হায়দার এবং অন্যান্য যারা ক্ষতিগ্রস্থ হয়েছে তাদের আর্থিক সাহায্য দেবার কথা ঘোষণা করা হয়েছে এবং প্রশাসনের যে সমস্ত কর্মচারী যারা দায়ী তাদের সম্পর্কে নিশ্চিতভাবে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। বিচার বিভাগীয় তদন্তের ক্ষেত্রে সেটা সম্ভব হয় না। আমি ১৯৫১ সালে কোচবিহারে

*ফায়ারিং-এর কথা বলছি। সেখানে বিচার-বিভাগীয় তদন্ত হয়েছিল। কিন্তু রায় প্রকাশ করা হয়েছিল কি? কবে হল? ১৯৬৭ সালে যখন যুক্তফ্রন্ট সরকার তৈরী হয় সেই সময়ে প্রথম রায় প্রকাশ করা হল।* সেই রায়ে যে সমস্ত সরকারী কর্মচারী, জেলা ম্যাজিস্ট্রেট ইত্যাদি যাদের দায়ী বলে চিহ্নিত করা হয়েছিল তাঁদের আর দায়ী করা গেল না। কারণ বাই দিজ টাইম তাঁরা রিটেয়ার করে গেছেন, কিম্বা মারা গেছেন নতুবা চলে গেছেন। তাঁদের বিরুদ্ধে কোন কিছু ব্যবস্থা গ্রহণ করা হয়নি। সুতরাং বিচার বিভাগীয় তদন্ত হলে যদি দোষী ব্যক্তিদের শাস্তি না দেওয়া যায়, যদি অবজারভেশন না প্রকাশ হয় বছরের পর বছর পড়ে থাকে তাহলে লাভ কি হবে? তাই মানবিক দিক থেকে, প্রশাসনগতভাবে যে ব্যবস্থা নেওয়া হয়েছে তা নিশ্চিতভাবে অভিনন্দনযোগ্য। আমরা এটা চাই, প্রশাসনের পক্ষ থেকে সঠিক যারা দোষী অফিসার তাদের চিহ্নিত করে শাস্তির ব্যবস্থা করা হোক। এই কথা বলে জুডিশিয়াল এনকোয়ারীর যে প্রস্তাব রাখা হয়েছে তার বিরোধিতা করে এবং প্রশাসনগতভাবে যে ব্যবস্থা নেওয়া হয়েছে তা আরো ভালভাবে নেওয়া যায় এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় :** মাননীয় স্পীকার স্যার, আমি একসাথে পুরো বলবো না। কারণ আমি শুনলাম, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে বক্তব্য রেখে ৫টার মধ্যে চলে যাবেন। মুখ্যমন্ত্রী বলার পর কিছু জবাব দেবার থাকবে, সেইজন্য সুযোগ নিচ্ছি। যাইহোক, এই হাউসে অত্যন্ত ভারাক্রান্ত হৃদয়ে এই মোশন নিয়ে এসেছি, তার কারণ যে ঘটনা বেহালা এবং টালিগঞ্জে ঘটেছে ঐ রেপসিড তেল কেলেঙ্কারী বলে যা বলা হচ্ছে তা সভ্য জগতের সামনে পশ্চিমবঙ্গের মাথা নীচু করে দিয়েছে। টালিগঞ্জ এবং বেহালায় রেপসিড তেল কেলেঙ্কারীর ফলে আড়াই হাজার মানুষ আক্রান্ত হয়েছেন এবং ৫০০ বেশী মানুষ হাসপাতালে ভর্ত্তি হয়েছে। ডাক্তারের রিপোর্ট অনুযায়ী ওদের যে রোগ হয়েছে যাকে ডাক্তারী ভাষায় বলে এসেনডিং টক্সিক নিউরোপ্যাথি যাকে মাননীয় সদস্য দীপকবাবু বললেন, পেরিফিলার নার্ভস এ্যান্ড এ্যান্টিলিয়ার হর্নসেল্স অফ্ দি স্পাইনাল কর্ড - এটা ক্ষতিগ্রস্থ হয় এবং এরফলে সারাজীবন পঙ্গু হয়ে থাকতে পারে। আমি নিজে হিউম্যান ট্রাজেডি দেখার জন্য হাসপাতালে গেছি। আমার নিজের কেন্দ্রে এস.এস.কে.এমে অনেক রুগী ছিলেন। যত জায়গায় চিকিৎসা হচ্ছে এস.এস.কে.এমে তার চেয়ে ভাল চিকিৎসা হচ্ছে। সেখানে একটি ৯ বছরের ছেলে কৌশিক যে নব-নালন্দায় পড়ে, সে আমাকে বললো, "কোনদিন আমি কি লিখতে পারবো না, আমার সহপাঠীরা তো এগিয়ে যাচ্ছে"। বামফ্রন্ট সরকার আর কিছু না করুক , একথা নিশ্চয়ই বলতে পারতেন, এরজন্য আমরা দুঃখিত, লজ্জিত, আমরা অপমানিত, আমরা স্বীকার করছি তেলে বিষক্রিয়ার ফলে কৌশিকের মতন অসংখ্য ছাত্র, যুবকের জীবন নষ্ট হয়ে গেছে।

**[ 4-10 – 4-20 p.m.]**

বক্তৃতা শুনে খারাপ লাগল। বামফ্রন্ট সরকারের প্রস্তাব এবং বক্তৃতার মধ্যে এরকম একটা ভাব রয়েছে— হয়েছে, হয়েছে, যা করেছি যথেষ্ঠ করেছি। এই হচ্ছে তাঁদের রেসপন্স। আমি মনে করি এটা একটা হিউম্যান ট্রাজেডি। বেহালায় টকসিক নিউরোপ্যাথির ব্যাপার, রেপসিড কেলেঙ্কারীর ব্যাপারটা প্রশাসনের অল রাউন্ড কোলাপস সিগনাফাই করে। আপনি স্যার, লক্ষ্য করলে দেখবেন এর মধ্যে তিনটি ডিফারেন্ট আসপেক্ট রয়েছে। প্রথমে সেভেন্থ জুলাই তেল খেয়ে অসুস্থ হবার খবর পাওয়া গেছে। ১১ই জুলাই সন্ধ্যায় বুড়োশিবতলার সি.পি.এমের লোকেরা প্রথমে থানায় খবর দেয়। থানা থেকে বলা হয় এনফোর্সমেন্টকে বলতে। কিন্তু তখন এনফোর্সমেন্ট এর ডি.এস.পি. ছিলেন না বলে পরে আবার আসতে হয়। তারপর ৩০ জন লোক অসুস্থ হয়ে যখন বিদ্যাসাগর হাসপাতালে যায় তখন নিউজ ব্রেক হয়। জ্যোতিবাবু তখন দিল্লীতে ছিলেন বলে তাঁর সঙ্গে আলোচনা হয় না। তারপর যা অবস্থা দাঁড়াল সেটা যেন একটা অ্যাভাল্যান্স। অর্থাৎ তুষার ধ্বস যেমন নামে সেই রকম রোগীর

ধ্বস নামল এবং প্রায় ২৫০র মত রোগী হল। বেহালায় যখন এই রকম ক্রাইসিস চলছে তখন আমার বলতে লজ্জা হচ্ছে, দুঃখ হচ্ছে— ১৯ এবং ২০শে জুলাইয়ের খবরের কাগজ খুলে দেখুন নির্মলবাবু এবং প্রশান্তবাবুর পরস্পরবিরোধী বিবৃতি। নির্মলবাবু বলছেন, এটা রেশন দোকানের রেপসিড থেকে হয়নি, গরীব ভান্ডারের সর্ষের তেল থেকে হয়েছে। পরে অবশ্য তিনি স্বীকার করেছেন রেশন দোকানের রেপসিডে ভেজাল ছিল। নির্মলবাবু আবার বলছেন এটা আমার দায়িত্ব নয়, স্বাস্থ্য দপ্তরের দায়িত্ব। প্রশান্ত বাবু বলছেন,— ঠিক বলা হয়েছে— ভেজালের দায়িত্ব কর্পোরেশনের। বুদ্ধদেববাবু একজন মার্কসীয় থিওরেটিসিয়ান এবং বেশ চালাক লোক, তিনি বললেন মুখ্যমন্ত্রী মহাশয় সব ব্যাপারটা দেখছেন। স্যার, কর্পোরেশন কিছু করে না। এতবড় শহরে ২৬ জন মাত্র ফুড ইন্সপেক্টর রয়েছে অথচ খাদ্যদ্রব্য চেক করার কোন ব্যবস্থাই তারা করেননা। মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই তাঁর ঘরে বসে এসব কথা শুনছেন এবং আশা করি তিনি এর জবাব দেবেন, আর বামফ্রন্ট সরকারের আমলে দেখছি পুঁজিপতি, ভেজালদার এবং মজুতদাররা নির্ভয়ে বাস করছে। এই যে প্রিভেনসন অফ ফুড অ্যান্ড এ্যাডালটারেসন এ্যাক্ট রয়েছে তাতে শুনলে অবাক হবেন বামফ্রন্ট সরকারের এই ১১ বছরে মাত্র ১ জনের বিরুদ্ধে মামলা করে কনভিকসন করেছে। ১৯৭৪ সালে দমদম ট্রাজেডির পর ৩৪ নম্বর আইনে ক্রিমিন্যাল প্রসিডিওর কোর্ড এ্যামেন্ড করে ভেজালকারী দের যাবজ্জীবন কারাদণ্ডের ব্যবস্থা করা হয়েছে। একমাত্র পশ্চিমবাংলায় এই আইন রয়েছে, ভারতবর্ষের আর কোথাও এই আইন নেই। কিন্তু এই সরকার গত ১১ বছরে মাত্র একটি লোককে এই আইনে কনভিকসন আমি টেলিভিশনে নির্মলবাবু এবং মেয়র কমল বসুর বক্তৃতা শুনেছি। কমলবাবু বলেছেন মিউনিসিপ্যাল কোর্টে মামলা রয়েছে, আমরা কাউকে শাস্তি দিতে পারিনি। এই যে ক্রাইসিস হয়েছে বলে আমি মনে করি এটা একটা মেজর এ্যাডমিনিস্ট্রেটিভ ফেইলওর। এটা নির্মলবাবুও স্বীকার করেছেন কারণ তিনি রেশনিং সাব-ইন্সপেক্টরকে সাসপেন্ড করেছেন। তার কাজ ছিল দোকান ইন্সপেক্ট করা, কিন্তু সে তা করে নি। তারপর দেখছি একটা লোকের নামে দোকান আর একটা লোকের নামে লিজ দেওয়া হয়েছে এবং তার কোন রেকর্ড নেই। ২৬জন ফুড ইন্সপেক্টর এর মধ্যে কাউকে গ্রেপ্তার করা হয় নি। স্যার, ঐ ট্রাই-ওয়েল-সিরিয়াল ফসফেট যুক্ত তেল খেয়ে মানুষ পঙ্গু হয়েছে, তাদের হাঁটা চলা দেখলে চোখে জল আসে। মানুষগুলো কাঁপতে কাঁপতে হাঁটে। এই পরিস্থিতিতে আমি জানতে চাই এটা নির্মলবাবুর দায়িত্ব, না, প্রশান্তবাবুর দায়িত্ব, না, এটা সরকারের দায়িত্ব? কিন্তু সেই দায়িত্ব কেউ তো পালন করেন নি। কোথায় মুখ্যমন্ত্রীর কাছে সেই রেসপন্স পেলাম? তিনি পশ্চিমবঙ্গের বহুদিনের নেতা; আমরা আশা করেছিলাম এই সময় তিনি অন্ততঃ জিদ ধরে দাঁড়িয়ে থাকবেন না। কিন্তু যে কোন কারণেই হোক, মুখ্যমন্ত্রী ভাবলেন বেহালায় যাওয়া ঠিক হবে না। হয়ত ভাবলেন যে, বেহালায় গেলে বিক্ষোভ হতে পারে। ১১ই জুলাই থেকে ১৭ই জুলাই এবং তারপর আজকে ৩০শে আগষ্ট এর মধ্যে মানবিক কারণে একবারের জন্যও তিনি বিদ্যাসাগর, বাঙ্গুর বা এস.এস.কে.এম. হাসপাতালে গেলেন না। বলতে পারেন কোন মানবিকতা আমরা মুখ্যমন্ত্রীর নেতৃত্বে দেখেছি? মুখ্যমন্ত্রী অসুস্থ ছিলেন; আমি তাঁর সুস্থতা কামনা করি। মুখ্যমন্ত্রী উড়ে বোম্বে গেলেন, সেখানে বোম্বের শিল্পপতি — স্ট্যান্ডার্ড ব্যাটারিজের ম্যানেজিং ডিরেক্টরের সঙ্গে লাঞ্চ করলেন, দিল্লী গেলেন, সেখানে ঘিসিং এর সঙ্গে আলোচনা করলেন, কিন্তু বেহালার অসুস্থ মানুষদেব পাশে দাঁড়ালেন না, ওঁদের পাঁচশ করে টাকা সাহায্য দিয়েই তিনি তাঁর দায়িত্ব পালন করলেন। এটাই কি মানবিক দায়িত্ববোধ? কিন্তু এক্ষেত্রে তাঁর রেসপন্স কি হওয়া উচিত ছিল? বলা উচিৎ ছিল যে, কংগ্রেসের ছেলেরাও পাশে এসে দাঁড়াক। কিন্তু আমরা দেখেছি, ক্যাম্পে অসুস্থদের সাহায্যের জন্য যখন কংগ্রেসের ছেলেরা ঢুকতে গিয়েছিল, সেখানে সি.পি.এম. তাঁদের ঢুকতে দেয়নি। এই ব্যাপারে কাগজে দিনের পর দিন অভিযোগ বেরিয়েছে। কিন্তু তিনি আমাদের কাছ থেকে কোনরকম কো-অপরারেশন চাননি। আপনাদের রেসপন্স তখন

এলো যখন মমতা আপনাদের বিরুদ্ধে প্রতিবাদ করলো। ২২শে জুলাই মমতার নেতৃত্বে কংগ্রেসের ছেলেরা যখন মুখে কালো কাপড় বেঁধে দাঁড়িয়েছিল তখন ঐ নিরঞ্জনবাবু, রবীনবাবুর ছেলেরা তাঁদের লাঠি মেরেছে। এখানে আমার প্রশ্ন, বিরোধী দল প্রতিবাদ করবার জন্য আছেন, না, সাধুবাদ জানাবার জন্য আছেন? ওদিকে কুচবিহারে এর বিরুদ্ধে প্রতিবাদ জানাতে গেলে আমাদের ছেলেদের উপর আপনারা গুলি চালিয়েছেন। এই কি আপনাদের ডেমোক্রাটিক রেসপন্স? এতবড় একটা হিউম্যান ট্র্যাজেডি—মানুষজন পঙ্গু হয়ে যাচ্ছে— এর বিরুদ্ধে প্রতিবাদ জানাতে গেলে আপনারা গুলি চালাবেন: এ জিনিস কতদিন চলতে পারে?.......................

(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ভেজাল দেবার মত অমানবিক অপরাধ যারা করে সমাজের সর্বস্তরের মানুষের নিন্দা এবং ধিক্কার তাদের প্রাপ্য। তাই বিষয়টা নিয়ে শুধু বিধানসভাতেই নয়, বিধানসভার বাইরেও আলোচনা হওয়া প্রয়োজন। যারা এত জঘণ্য কাজ করতে পারে তাদের মানবিকতাবোধ বিন্দুমাত্র নেই। তাদের গায়ের চামড়া খুব শক্ত, এই সমস্ত নিন্দা বা ধিক্কার তাদের গায়ে লাগবে না, হিতপোদেশে কাজ হবে না। তাই এরজন্য দরকার কঠিন কঠোর ব্যবস্থা। আমরা অনেক সময় দেখতে পাচ্ছি যে, খাদ্যে ভেজাল দেবার জন্য আদালতে বিভিন্ন মামলা হয়, কিন্তু আইনের নানা ফাঁক-ফোঁকর দিয়ে অপরাধীরা খালাস পেয়ে যায়, তাদের সাজা দেওয়া যায় না। এ-ব্যাপারে আইনে যে ব্যবস্থা আছে, নিয়মকানুন আছে, সেগুলো পর্যালোচনা করবার দরকার আছে যাতে করে এইরকম অপরাধীরা কোনভাবে আইনের ফাঁক-ফোঁকর দিয়ে বেরিয়ে যেতে না পারে। সেইসঙ্গে ভেজাল প্রতিরোধের জন্য দরকার একটা ভাল ভিজিলেন্স ব্যবস্থা। এক্ষেত্রে যে এনফোর্সমেন্ট বিভাগ আছে তাকে আরো দক্ষ, আরো জোরদার করার দরকার আছে। আজকে সমাজের সর্বস্তরের অবক্ষয়ের জন্যই এই ভেজাল দেবার মত দুর্নীতি বেড়ে যাচ্ছে। তাই এর প্রতিরোধের জন্য শুধুমাত্র কিছু সরকারী অফিসার এবং কর্মচারীর উপর নির্ভর করে থাকলে এটা বন্ধ করা যাবে না; এরজন্য সাধারণ মানুষকে, সমস্ত স্বেচ্ছাসেবী সংস্থাকে যুক্ত করা দরকার আছে, ভেজালের বিরুদ্ধে একটা জনমত তৈরী করার দরকার আছে।

**[ 4-20 – 4-30 p.m.]**

এই যে আজকে এটা নিয়ে হৈ চৈ করা হচ্ছে এটা দেখে মনে হচ্ছে যেন হঠাৎ একটা ঘটনা ঘটে গেল। কিন্তু আদপে তা নয়। এই যে ভেজাল দেওয়া হচ্ছে মানুষের খাদ্যে ঔষধে এবং সমস্ত জিনিসপত্রে এটা চলে আসছে দীর্ঘ দিন ধরে এবং এখন এটা নানা কৌশলে ব্যপক বিস্তার লাভ করছে। এই অবস্থার মধ্যে এই ভেজালকে রোধ করা সম্ভব নয়। কিন্তু তাহলেও সরকারের একটা ভূমিকা নিশ্চয়ই থাকবে, সর্বতভাবে প্রয়াস থাকবে এর বিরুদ্ধে কার্য্যকরী অভিযান চালিয়ে এটা বন্ধ করা। এমন একটা ব্যবস্থা গ্রহণ করা যাতে যারা এই ঝুঁকি নিতে চাইবে তারা যেন হাজার বার চিন্তা করে এই কাজের জন্য কি শাস্তি হতে পারে। এটা ঠিকই যে অনেক সময় আমরা যেটা দেখি যে উপরতলা থেকে অর্থাৎ যেখানে মাল-পত্র তৈরী হয় সেখান থেকেও যেমন ভেজাল দেওয়া হয় তেমনি নিচের স্তরেও সেই রকম ভেজাল দেওয়া হয়। আমরা দেখি যে এফ. সি. আই থেকে প্রথমে বিভিন্ন নিকৃষ্ট মানের খাদ্যশষ্য গ্রামাঞ্চলের রেসনের দোকানে সরবরাহ করে থাকে এবং সেইগুলি খাবার অযোগ্য। কিন্তু কোন কোন সময় তাদের সরবরাহকৃত মাল ভাল থাকলেও কিছু অসাধু রেশন ডিলার সেই সমস্ত ভাল জিনিসপত্র সরিয়ে নিয়ে পচা, অখাদ্য জিনিসপত্র সেই দোকানে মজুত করে রাখে। স্বাভাবিক ভাবেই ক্রেতারা সেই সমস্ত মাল নিতে আগ্রহী হয় না। বেশীর ভাগ দ্রব্য শেষে অবিক্রিত অবস্থায়

পড়ে থাকে। তার ফলে ভাল জিনিসগুলি একটা মোটা অঙ্কের লাভে রেশনের দোকানগুলি বাজারে বিক্রি করতে সমর্থ হয়। এই ব্যাপারগুলির দেখার দায়িত্ব নিশ্চয়ই ফুড ইনপেক্টরের আছে, কিন্তু তাঁরা এই বিষয়ে খুব একটা নজর দিচ্ছেন না, অফিসের কাজকর্ম সারতে তাঁদের বেশীর ভাগ সময় চলে যাচ্ছে। এই বিষয়টা দেখার জন্য যাতে জোরদার ব্যবস্থা গ্রহণ করা হয় তার জন্য অনুরোধ জানাবো। সমাজের সমস্ত স্তরের মানুষকে এই চিন্তাভাবনার সামিল করতে পারলে ভাল হয়। মানুষের জীবন নিয়ে যারা ছিনিমিনি খেলছে তাদের বিরুদ্ধে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য এই মন্ত্রীসভা অধিক নজর দেবেন এটা আমি নিশ্চয়ই আশা করবো। এর সাথে মাননীয় সদস্য নিরঞ্জন মুখার্জী মহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভোজ্য তেলে ভেজাল দেওয়ার ফলে বিবক্রিয়াতে একটা মর্মান্তিক ঘটনা সৃষ্টি হয়। এই ঘটনা নজীর বিহীন। এই ঘটনার গুরুত্ব অনুধাবন করে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করেছিলাম এই উদ্দেশ্যে বিধানসভায় বিশেষ অধিবেশন ডাকতে। কিন্তু সেই অনুরোধে তিনি কর্ণপাত করেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এই ভেজাল দুর্ঘটনায় শত শত নর-নারীর এবং শিশুর জীবন পঙ্গু হয়ে যাবে। এই রকম একটা ঘটনা ঘটে গেল — আমার প্রশ্ন হ'ল এটা কি অনিবার্য ছিল? সরকারের হাতে আইন রয়েছে, প্রশাসন রয়েছে সেখানে এই জিনিস কি করে হতে পারে? কোথায় ভেজাল দেওয়া হয়, কারা ভেজাল দেয় এই গুলি কি সরকারের জানা নেই? এখন প্রশ্ন হচ্ছে এখানে যে আইন আছে সেই আইন নাকি যথেষ্ট নয়— এই কথা বলা হচ্ছে। অত্যাবশ্যকীয় পণ্য আইন রয়েছে— সেটাই তো যথেষ্ট। আইন নেই কোথায়? সোনারপুরে যেখান থেকে ভেজাল তেল উদ্ধার করা হ'ল সেটা হ'ল একটা পুলিশ কনষ্টেবলের বাড়ি। সেখানে কোর্ট বলছে এই ক্ষেত্রে এসেনসিয়াল কমোডিটিজ এ্যাক্টের ভিত্তিতে কেন এই অভিযোগ আনা হলো না? তাহলে এখানে কি বোঝা যাচ্ছে সরকার ভেজালদারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে চান?

এখন তাঁরা গোটা বিষয়কে যে ভাবে দেখছেন তা অত্যন্ত মর্মান্তিক, কয়েকদিন ধরেই এই জিনিস চলছে— এটা কোন দপ্তরের দায়িত্বে পড়ে? আমরা এই জিনিস দেখছি— এ বলে আমার দপ্তরের নয়, ও বলে আমার দপ্তরের নয়। দিল্লীতেও এই জিনিস চলছে— এ বলে আমার দপ্তরের নয়, ও বলে আমার দপ্তরের এক্তিয়ারে নয়, আমার দায়িত্ব নেই। এই ভেজালের ফলে যারা পঙ্গু হয়ে গেল— এটা কোন অনুমান-নির্ভর কথা নয়, দীপক রুদ্র পর্যন্ত এই আশঙ্কা করেছেন, দমদমের ঘটনায় এটা প্রমাণ হয়ে গেছে— চিরকালের জন্য তারা কর্ম ক্ষমতা, জীবিকা নির্বাহের উপায় হারিয়ে ফেললো। সরকার এরজন্য ক্ষতিপূরণের ব্যবস্থা করেছেন পাঁচশ টাকা অনুদান দিয়ে। এটা কি ভিক্ষা? পাঁচশ টাকা বর্তমান বাজারে ক্রয় ক্ষমতা কত? মানুষ যেখানে চিরজীবনের মত পঙ্গু হয়ে গেল, জীবিকা সংস্থানের ক্ষমতা যেখানে হারিয়ে ফেললো, সেখানে পাঁচশ টাকার অনুদান নির্মম পরিহাস ছাড়া আর কি বলা যেতে পারে? সরকার এর সম্পূর্ণ মোকাবিলা করছেন। চিকিৎসার প্রশ্নে আই.এম.এ.— ইন্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েশন পর্যন্ত বলেছেন, যে চিকিৎসা ঠিকমত হচ্ছে না। এটা আমার কথা নয়। এই রকম একটা পরিণতি যদি যথার্থই জ্যোতিবাবুর বা প্রশান্তবাবুর কোন আপন জনের ক্ষেত্রে ঘটতো, তাহলে কি তাঁরা এই ধরণের চিকিৎসায় সত্যিসত্যিই সন্তুষ্ট হতে পারতেন? আজকের দিনে সর্বাধুনিক চিকিৎসার যে ব্যবস্থা আছে, সরকার কি সেই ভাবে ঐ সমস্ত মানুষদের চিকিৎসার ব্যবস্থা করেছেন? সেইভাবে চিকিৎসা কাউকেই করা হচ্ছে না। ভেজালের প্রশ্নে আমি প্রস্তাব রেখেছিলাম কঠোর শাস্তির ব্যবস্থা করতে হবে। আমার সেই প্রস্তাবকে এডিট করে ফেলে দেওয়া হয়েছে। তাঁরা নিন্দা ও দুঃখ প্রকাশ করেছেন— এই হচ্ছে তাঁদের এ্যাটিটিউড।

ভেজালদারদের বিরুদ্ধে কঠোরতম শাস্তি গ্রহণের ব্যবস্থার কথা সরকার থেকে বলা উচিত ছিল, কিন্তু তা তাঁরা বলেন নি। গতকাল ষ্টেটসম্যানে বেরিয়েছিল ভিজিল এগেনষ্ট এ্যাডালটারেশন স্লাকেন্স ওয়ান্স এগেন। এরমধ্যে কবেই বা ভিজিল হল, আর কবেই বা স্লাকেন্স হল তা আমি জানি না, তবে দায়িত্বশীল সংবাদপত্র এই কথা বলছে। এই অবস্থায় ভেজালদারদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা দরকার এবং তা সরকারকেই নিতে হবে। রেপসিড দিল্লী থেকে আসে বলে এখানে একজন বলেছেন। কিন্তু তা পরীক্ষা করে দেখার জন্য তো এসেনসিয়াল কমোডিটিস্ কর্পোরেশনের কোয়ালিটি কন্ট্রোল বিভাগ আছে। দিল্লী থেকে তো সীল করে পাঠিয়েছিল ঐ তেল, তাহলে সেই তেল সাব-ষ্ট্যান্ডার্ড হলে কার দায়িত্বের মধ্যে পড়ে পরীক্ষা করে দেখার দায়িত্ব সরকারকে নিতে হবে না? ওঁরা প্রস্তাবে বলেছেন যে ভেজালদারদের বিরুদ্ধে সরকার ব্যবস্থা নিতে চলেছেন এবং সেজন্য জনগণের সহযোগিতা চাইছেন। জনগণকে নির্বিচারে হত্যা করতে সরকার কুণ্ঠিত হচ্ছেন না, বিচার বিভাগীয় তদন্তের দাবীকে নস্যাৎ করে দিয়েছেন, আন্দোলন করতে গিয়ে কুচবিহারে পুলিশের গুলিতে নিহত হলেন কয়েকজন। বিচার বিভাগীয় তদন্তের দাবী বিধানচন্দ্র রায় পর্যন্ত জনগণের দাবী অনুযায়ী মেনে নিয়েছিলেন, অথচ এই বামপন্থী সরকার বিচার বিভাগীয় তদন্তের দাবী মেনে নিচ্ছেন না।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

**[ 4-30 – 4-40 p.m.]**

**শ্রী বিমলানন্দ মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয়টির উপরে আলোচনা হচ্ছে তার তিনটি ধরণের প্রস্তাব তিনটি দিক থেকে এসেছে। বিষয়টির দুটি দিক আছে— একটা হচ্ছে সমাজের উৎকট ব্যাধির চেহারা বেহালা এবং টালিগঞ্জ ইত্যাদি ক্ষেত্রে যা আরো নগ্নরূপে প্রকাশ পেয়েছে। এই ব্যাধিটা কতটা উৎকটে পরিণত হয়েছে তা দেখতে হবে এবং দ্বিতীয়তঃ একটা সংকট অবস্থার যা সৃষ্টি হয়েছে তা কি করে দূর করা যায় তা দেখতে হবে। এই উৎকট ব্যাধিকে নির্মূল করতে হবে। তবে এই ব্যাধি শুধু পশ্চিমবঙ্গে নেই, বিহার, গুজরাট, মহারাষ্ট্র সর্বত্র আছে। এমন কি বিদেশে পর্যন্ত আছে যথা আমেরিকাতে ষাঁড়ের চর্বি প্যাকেটে করে মশলা দিয়ে বাইরে পাঠানো হচ্ছে। এটা একটা ভেজাল জিনিষ। তবে এর বিরুদ্ধে আমাদের লড়াই করা দরকার। আমরা খুব খুশী হলাম যে এই উৎকট ব্যাধির বিরুদ্ধে সরকারী ব্যবস্থার পাশাপাশি গণতান্ত্রিক আন্দোলনে বিরোধী দলও অংশগ্রহণ করেছে। তবে ভেজাল নেই কোথায়? আমরা যে জীবনদায়ি ওষুধ খাই, যে ইনজেকশান দিই তাতেও ভেজাল। সেখানেও জল দেওয়া হচ্ছে। এখন রাজ্য সরকার থেকে এই ব্যাপারে খুব দৃষ্টি দিচ্ছে কি করে এই জিনিষ নির্মূল করা যায়। তবে এই অবস্থায় তা সম্পূর্ণ নির্মূল করা কখনোই সম্ভব নয় তা আপনারা সবাই বুঝবেন। অর্থনৈতিক যা অবস্থা তাতে এমন একটা জায়গায় দাঁড়িয়ে আছে তাতে প্রত্যেকেই দেখছে কি করে লাভ করা যায়। যেভাবেই হোক লাভ করতে হবে, তাতে ভেজাল দিয়েই হোক বা অন্যভাবেই হোক। সুতরাং সব ব্যাপারেই ভেজাল দেওয়া যেতে পারে। সবচেয়ে মজার কথা এই যে বৈজ্ঞানিকরা যারা ছোটখাট স্তরের আছেন তাদেরও এই কাজে ব্যবহার করা হচ্ছে। সবচেয়ে দুঃখজনক বিষয় যে যুদ্ধের জন্য যে ডিনামাইট ব্যবহার করা হয়, তা দিয়ে যুদ্ধের কাজে লাগান হয় তাতে পর্যন্ত ভেজাল। অর্থাৎ বিজ্ঞানীদের আবিস্কারকে কত নিম্নে নামানো হয়েছে। তাদেরও পর্যন্ত ভেজালের কাজে লাগান হয়েছে। সুতরাং আপনি এর বিরুদ্ধে কত লড়াই করবেন। সরকারী ব্যবস্থার ক্ষেত্রে আরো সতর্ক হওয়া দরকার এবং আইনগুলো আরো বেশী করে প্রযোজ্য হওয়া দরকার, সেই দিকে দৃষ্টি দেওয়া দরকার। কিন্তু রবীনবাবু যে একটা কটাক্ষ করেছেন যে ভেজাল ব্যাপারে বেশীর ভাগ ক্ষেত্রে কংগ্রেসীরা যুক্ত আছেন, এই কথাটা ভুল নয়। ভেজাল তদন্তের ক্ষেত্রে কংগ্রেসীদের তহবিলই

ধরা হয়েছিল বেশীরভাগ ক্ষেত্রে। সুতরাং ভেজাল নিয়ে বলবার ইস্যু করে এখানে একটা গণ্ডগোল বাধাবার চেষ্টা করছেন। তবে আমি সবসময় বলবো যে এইসব আন্দোলনের ক্ষেত্রে দলমত নির্বিশেষে সব কিছুর উর্দ্ধে থাকা উচিত। আমরা যেমন বন্যার সময়ে দেখেছিলাম সবাই মিলে এগিয়ে এসেছিলাম তবে তারমধ্যে কিছু কংগ্রেসীরা উল্টোপাল্টা করেছিলেন। তবে এইরকম একটা ব্যাপারে সবাইকে একসঙ্গে লড়তে হবে। ভেজাল যারা করছেন তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া দরকার এবং তার জন্য সব দলকে একত্রিত হয়ে আন্দোলন করা দরকার এবং ভেজালদারদের মুখোশ খুলে দেওয়া দরকার। কিন্তু সবচেয়ে দুঃখ লাগলো যে সংবাদপত্র গুলোও এখন ভেজাল হয়ে গেছে। আশ্চর্যের ব্যাপারে যে কংগ্রেস অত্যন্ত সংকীর্ণ রাজনীতি নিয়ে এলেন যা না আনলেও তাদের চলতো। আশা করি তাঁদের শুভ বুদ্ধি হবে কিন্তু কবে হবে তা বলা শক্ত। এই বলে আমার বক্তব্য এখানে শেষ করে মাননীয় সদস্য নিরঞ্জনবাবু যে প্রস্তাব এনেছেন তাকে পূর্ণ সমর্থন করে বিরোধীদের প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ভেজালের ব্যাপারে আপনি যে বলার সুযোগটা দিয়েছেন তার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে প্রায় ২ মাস হতে চলল খাস কলকাতায় এবং তার পার্শ্ববর্তী এলাকায়— ক্যালকাটা কর্পোরেশানের এলাকার মধ্যে— বেহালায় এবং টালিগঞ্জে প্রায় আড়াই হাজার মানুষ ভেজাল তেল খেয়ে অসুস্থ হয়ে পড়েছেন। আজকে যে চরম ঔদাসীন্যের কথা বলা হচ্ছে তাতে পশ্চিমবাংলার মানুষের লজ্জায় মাথা হেঁট হয়ে যাচ্ছে। স্যার, আমি ৭২ সালে পশ্চিমবাংলার স্বাস্থ্যদপ্তরে দায়িত্বে ছিলাম যখন— এখন থেকে ১৬ বছর আগে — তখন দমদমের বেদিয়াভাঙাতে কিছু মানুষ ভেজাল তেল খেয়ে অসুস্থ হয়ে পড়েছিলেন। তখন আমার উপর দায়িত্ব পড়েছিল এই ব্যাপারে সুষ্ঠভাবে চিকিৎসা করার জন্য। আমি বেদিয়াভাঙাতে দিনের পর দিন গিয়েছি এবং চিকিৎসা করিয়েছি, এবং যে সমস্ত লোকগুলি ভেজাল তেল খেয়ে অসুস্থ হয়েছিল তাদের সর্বরকমের ফিজিওথেরাপী, নিউরোলজিক্যাল ট্রিটমেন্ট ও ইঞ্জেকশানের ব্যবস্থা হয়েছিল। সেই সময়ে আমি মন্ত্রী মহাশয়কে বলে মিসা করে দুইজনকে এ্যারেষ্ট করিয়েছিলাম। আজকে এই সরকার দুই মাস হয়ে গেল যাদের জন্য ভেজাল তেল খেয়ে অসুস্থ হ'ল, তাদের বিরুদ্ধে কোন রকম ব্যবস্থা হল না। ৭ই জুলাই বেহালার বুড়ো শিবতলার দর্জী সুধীর দে প্রথম জানতে পারলো যে তার পা গুলি অসুস্থ হয়ে গিয়েছে। তারপরে দেখা গেল ১৭ তারিখে বেহালার বালানন্দ ব্রহ্মচারী হসপিটালে, যেটা গভর্ণমেন্ট হসপিটাল নয় সেখানে ১০০ জন রোগী ভর্ত্তি হয়ে গিয়েছে। আমরা কি দেখলাম, না পরস্পর মন্ত্রী আর বামফ্রন্টের নেতৃত্বের মধ্যে একটা দ্বন্দ্ব চলছে। ক্যালকাটার মেয়র কমল বসু যিনি অপদার্থ মেয়র, এবং অপদার্থ স্বাস্থ্যমন্ত্রী ও খাদ্যমন্ত্রী বললেন এটা আমাদের দায়িত্ব নয়। এই ত্রিমুখী লড়াইয়ে আমরা কি দেখলাম যে বেহালার আড়াই হাজার মানুষ বিপদের মধ্যে পড়ে আছে। জ্যোতিবাবু যিনি গরীব দরদী তিনি একবারও তাদের দেখতে যেতে পারলেন না, দিল্লী চলে গেলেন, বোম্বে চলে গেলেন— তিনি এমন একটি সরকারের মুখ্যমন্ত্রী আজকে অন্য রাজ্যের মুখ্যমন্ত্রী সুধীররঞ্জন মজুমদার তিনি চলে এলেন বেহালায় অসুস্থদের দেখতে কিন্তু আমাদের পশ্চিমবাংলার লজ্জা, বাঙালীর লজ্জা যার জন্য মাথা হেঁট হয়ে যায় ২ মাসের মধ্যে সময় করে তিনি কিন্তু একবারও যেতে পারলেন না। একটু আগে আমার ডাক্তার বন্ধু বললেন সব রকমের চিকিৎসা হয়েছে, স্যার, আপনিই বলুন বাঙ্গুর হসপিটালে কি ফিজিওথেরাপী হয়?

**[ 4-40 – 4-50 p.m.]**

বেহালায় বালানন্দ ব্রহ্মচারী হাসপাতালে ফিজিওথেরাপি ট্রিটমেন্টের কি ব্যবস্থা আছে?

বেহালায় বিদ্যাসাগর হাসপাতালে ফিজিওথেরাপি ট্রিটমেন্টের কোন ব্যবস্থা নেই। আজকে না ফিজিওথেরাপি ট্রিটমেন্টের ব্যবস্থা আছে, না আছে নিউরোলজি ট্রিটমেন্টের ব্যবস্থা। ডাক্তাররা বলছেন ৪০ পার্সেন্ট রোগী পঙ্গু হয়ে যাবে, তারা কোনদিন সুস্থ হয়ে উঠবে না। আই.এম.এ'র ডাঃ শ্যামল সেন, নিউরোলজিষ্ট, তিনি বললেন সব রকম সাহায্য করতে রাজী আছি, তাঁর সাহায্য নেওয়া হল না। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মতিলাল ভোরা বললেন ৫ লক্ষ টাকা দিতে কেন্দ্রীয় সরকার প্রস্তুত আছেন, সব রকম সাহায্য দিতে রাজী আছেন। কিন্তু এখানকার স্বাস্থ্য মন্ত্রী ঔদ্ধত্য দেখালেন যে সাহায্য দিতে হবে না, কত টাকা দিতে পারবেন বলুন। আজকে সি.পি.এম'র ক্যাডাররা হাসপাতালের সামনে বসে আছে, বলছে ভিটামিন বি-৩, বি-৬, বি-১২ নিয়ে চলে যাও, হাসপাতালে ভর্ত্তি হতে এস না, বাড়ীতে গিয়ে ফিজিওথেরাপি কর। এর চেয়ে লজ্জার বিষয় আর কি হতে পারে? অতীতে কংগ্রেস সরকারের আমলে আমরা ২জনকে এ্যারেষ্ট করলাম। বর্তমান মুখ্যমন্ত্রী একজনকেও আজ পর্যন্ত মিসা করতে পারলেন না। কুচবিহারে পুলিশ গুলি চালাল, তারজন্য বিচার বিভাগীয় তদন্তের দাবী করেছিলাম, সেটাও করলেন না। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব বেহালায় হাসপাতালে যে সমস্ত রোগী আছে তাদের সব রকম চিকিৎসার ব্যবস্থা তিনি যেন করেন।

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় স্পীকার মহাশয়, ভেজাল তেল খেয়ে মানুষ অসুস্থ হয়েছে সে সম্বন্ধে আমাদের অন্য মন্ত্রীরা আছেন তাঁরা বলবেন, আমি সেই বিষয়ে বিশেষ কিছু বলছি না। আমরা এটা লক্ষ্য করছি বাইরে বক্তৃতা হচ্ছে তথাকথিত গণতান্ত্রিক আন্দোলন হচ্ছে, এটা কি ঐ মানুষগুলির চিকিৎসার জন্য কিংবা তাদের পুনর্বসতির জন্য হচ্ছে? একেবারেই না। এটা কংগ্রেসের কাছে একটা সুবর্ণ সুযোগ এসেছে, তাদের কাছে কোন ইস্যু নেই, সেজন্য এটাকে ইস্যু করে বামফ্রন্টের বিরুদ্ধে যদি কিছু করা যায় সেই উদ্দেশ্যে দলবল নিয়ে হাসপাতালে গিয়ে ঢুকেছে। কোন সভ্য দেশে এই জিনিস হয়? কেন্দ্রের কোন মন্ত্রী সেখানে গেছেন। (শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর ঃ আপনি নিজে কোনদিন সেখানে গেছেন?) কংগ্রেসের এত দরদ নেই। পশ্চিমবঙ্গ রাজীব গান্ধী সরকারের মত ওয়ান ম্যান শো নয়, আমাদের অন্য মন্ত্রীরা আছেন যাঁরা এটা দেখছেন। আমাদের এখান থেকে ইতিমধ্যে মাননীয় সদস্যরা বলেছেন, আরো মন্ত্রীরা তথ্য দিয়ে বলবেন। বেহালার অসুস্থ মানুষদের যে চিকিৎসা হচ্ছে সেটা মানুষ দেখছেন, কারা করছেন তাও দেখছেন। আমি শুধু মাননীয় সদস্যদের অবগতির জন্য দুটো কথা বলছি— একটা হচ্ছে যে মহিলা নেতৃত্বের কথা বলা হল, আমি ওসবের মধ্যে যাচ্ছি না, তিনি পরের দিন এসে আমাকে নিজে বলেছেন আমি বেহালা দেখে এলাম, এই যে অবস্থা হয়েছে এদের চিকিৎসা ভালই হচ্ছে। ডাক্তাররা বললেন চিকিৎসা হচ্ছে কিন্তু কিছু কর্মীর দরকার হবে, কারণ, হাসপাতালে অনেক রোগী ভর্তি হয়েছে, এত বেড নেই। আমি যখন শুনলাম তখন প্রশান্তবাবুকে বললাম। নির্মলবাবু, প্রশান্তবাবু রোজই যাচ্ছেন ওখানে। দ্বিতীয় কথা হচ্ছে এখানে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী ভোরাকে আনা হয়েছিল রাজনৈতিক কারণে। ওঁকে কংগ্রেস অফিসে নিয়ে যাওয়া হয়েছিল। উনি ফোন করে আমাকে বললেন আমি বেহালা দেখে এলাম, বিবৃতিও দিয়ে গেলেন যে আমি যেটুকু দেখেছি আমি মনে করি ভালই ব্যবস্থা সেখানে হয়েছে, ইউ হ্যাভ মেড গুড এ্যারেঞ্জমেন্টস। উনি বলছেন যদি ট্রিটমেন্টের জন্য ওষুধ এবং মেশিনের দরকার হয় আমাদের লিখবেন, আমরা দেব। আমরা লিষ্ট করে পাঠিয়ে দিয়েছি, আমি শুনছি ওঁরা কিছু দেবেন।

এই খবর আপনাদের জানালাম, কুচবিহার সম্বন্ধে যে প্রস্তাব হয়েছে তাতে বিধানসভা বসার আগে যে সিদ্ধান্ত নিয়েছি সেটা আমি বলেছি। বিরোধীদলের তরফ থেকে আবার সেই একই কথা বলা হয়েছে— জুডিশিয়াল এনকোয়ারী করুন। এই ব্যাপারে এস.পি. এবং মেম্বার বোর্ড অফ রেভিনিউকে পাঠিয়েছিলাম এবং আমি আই.জি'র কাছে থেকে যে রিপোর্ট পেয়েছি তার মাধ্যমে আমি

যে সিদ্ধান্তে পৌঁছেছি সেটা আমি বলেছি। ডি.এম., এস.পি. সম্বন্ধে আমি বলেছি তাদের ওখান থেকে সরিয়ে দিতে হবে। তাহলে ফেলিওরটা কোথায় হল আমাদের তরফ থেকে? ওঁরা নিশ্চিন্ত হলেন কংগ্রেসের প্রতিশ্রুতি শুনে যে, তাঁরা অভিযান করবেন কিন্তু কোন গোলমাল হবে না। কংগ্রেসের তরফ থেকে বলা হল, আমরা শান্তিপূর্ণ ভাবে আসব এবং ডিমনষ্ট্রেশন করে চলে যাব। কিন্তু পরে তাঁরা সেটা বাতিল করেন এবং লরি পাঠালেন বাইরে থেকে লোক আনার জন্য। আমি দুঃখের সঙ্গে বলছি, আমাদের প্রশাসন সেদিকে নজর দিলেন না— অর্থাৎ তাঁরা কংগ্রেসের কথায় বিশ্বাস করলেন। কিন্তু তারপর কংগ্রেস খোলাখুলিভাবে বলল গেরিলা কায়দা অবলম্বন করতে হবে কারণ বামফ্রন্ট সরকার হিংসা ছাড়া আর কিছু জানে না। পুলিশ রিপোর্ট দিল, কিন্তু প্রশাসন ওঁদের কথায় বিশ্বাস করে কয়েকজন পুলিশ এবং হোমগার্ড শুধু রেখে দিলেন। তাদের কাছে ঢাল নেই, কিছু নেই, বোমা ফেললে কি হবে সেই ব্যবস্থা নেই। সেখানে প্রথমে ইট পড়ে এবং তারপর একটা বোমা ফেটেছে। বোমার আঘাত পুলিশের গায়ে লাগেনি কিন্তু ১৭জন আহত হয়েছে এবং তাদের হাসপাতালে নিয়ে গেছে। কংগ্রেস শান্তিপূর্ণ ভাবে থাকবে তাদের এই কথায় বিশ্বাস করে উপর তলার প্রশাসন শুধু এইটুকু ব্যবস্থাই করেছিলেন। প্রশাসন যদি বিশেষভাবে ব্যবস্থা করতেন তাহলে ওখানে এ রকম ঘটনা হোত না। পুলিশ নিজেদের জীবন বাঁচাবার জন্য এবং এস.ডি.ও'র অফিস বাঁচাবার জন্য লাঠি চালিয়েছে, টিয়ার গ্যাস চালিয়েছে, এবং নিজেদের জীবন বাঁচাবার জন্য গুলী চালিয়েছে, যার ফলে ২ জন মারা গেছে। কংগ্রেসের তরফ থেকে আমাকে যে মেমোরানডাম দেওয়া হয়েছে তাতে বলা হয়েছে জুডিশিয়াল এনকোয়ারী করুন এবং যারা মারা গেছে তাদের আত্মীয় স্বজনকে সাহায্য করুন। আমি বলেছি, সাহায্য করব এবং শুধু টাকার ব্যাপার নয়, যদি তাদের মধ্যে কেউ রুজি রোজগার করতেন এমন থাকে তাহলে তার জন্য ব্যবস্থা করব। এরপর জজ সাহেব আমাকে আর কি বলবেন? আমি ডি.এম. এস.পি.-কে বলেছি তাদের ফেলিওর টু এ্যাডাপ্ট মেজারস টু টেক দি সিচুয়েশন বি প্রিপেয়ার্ড ফর দি ইভেনচুয়ালিটিস। কংগ্রেস বলেছে আমরা হিংসাত্মক কার্য্য করব, মার দাঙ্গা করব। তাহলে পুলিশ এবং প্রশাসনকে তো প্রস্তুত থাকতে হবে এবং ইনটেলিজেন্স কে খোঁজ খবর নিতে হবে। আমার কাছে রিপোর্ট আছে, ওঁরা যখন ডি.এমের কাছে যায় তখন কোন রকম হিংসাত্মক কার্য্যকলাপ হবে না এ রকম কথা বলা হয়েছিল। কিন্তু কংগ্রেসের মধ্যে কে কার কথা শুনবে? কেউ বোমা ছুঁড়বে, কেউ ইট মারবে। কংগ্রেস কি একটা শৃঙ্খলাবদ্ধ পার্টি? কংগ্রেসে নিয়ম কানুন কিছু নেই। এক গ্রুপ আর এক গ্রুপের বিরুদ্ধে চলে। এটা থেকে আপনারা শিক্ষা নিন এবং সেইভাবে প্রস্তুতি নিন।

**[ 4-50 – 5-00 p.m.]**

যদি প্রস্তুত থাকতো তাহলে অনেক জায়গায় তাদের গুলি করতে হোত না। কিন্তু তা তারা ছিল না, এবং তা না থাকার জন্য নিজেদের জন্য গুলি করবে। এটা আমরা কখনই পছন্দ করি না যে গুলি করুক। কুচবিহারের এই ঘটনা হঠাৎ ঘটনা নয়। তারা নোটিশ দিয়েছে যে আমরা যাবো ডিমনষ্ট্রেট করবো, প্রশেসন করবো, বিক্ষোভ করবো, গণ্ডগোল করবো, মারদাঙ্গা করবো এবং তা তারা করলো। পুলিশ প্রস্তুত ছিল না— তাদের কিছুই নেই ঢাল তরোয়াল কিছুই নেই এবং সেজন্য তাদের এই এ্যাকশন নিতে হোল। কিন্তু তারা প্রস্তুতি নিলে এই জিনিস হোত না। বোধ হয় সুদীপবাবু বললেন, কোথায় সে শরিফ এ্যাপয়েন্টেড হোল কোথায় কোথায় না কি চলে গেল কংগ্রেস আমলে ধরা পড়লো। তো এই সব কথা একটু জেনে শুনে বলা উচিত। আপনারা বললেন হাইকোর্ট নাম পাঠালো আর আপনারা ইনটারভেন করলেন। এটা করলেন কেন? আবার বলছেন জাজকে দিয়ে জুডিশিয়াল এনকোয়ারী করতে হবে, শুধু তাই নয়, হাইকোর্টের সিটিং জাজকে দিয়ে জুডিশিয়াল এনকোয়ারী করতে হবে। তো জজের নামটা বললেন না কেন যে কাকে দিয়ে এনকোয়ারী করাতে হবে। আমি

বলছি তার কোন প্রয়োজন নেই। অনেকে বলছেন যে ডাঃ বি সি রায় করেছিলেন। সে কথা আমার জানা আছে, আমরাই দাবী করেছিলাম। কিন্তু সেই তদন্তের রিপোর্ট বের করলেন না। কেন রিপোর্ট বের করলেন না। অবশ্য পরে আমরা সেই রিপোর্ট জোগাড় করেছি। কিন্তু বি সি রায় রিপোর্টটি পাবলিশ করেন নি। নাকি প্রশাসন যন্ত্রের বিরুদ্ধে যাবে বলে পাবলিশ করেননি। তবে নাকি শুনেছি যে ওখানে ডি সি ছিল তাকে পরে ট্রান্সফার করেছিলেন। কাজেই না জেনে এই সব ইতিহাস বলা উচিত নয়, হঠাৎ রাজনীতি করতে এসে হঠাৎ এই সব কথা বলা উচিৎ নয়। আমি আর বিশেষ কিছু বলবো না। খাদ্যে ভেজাল, জুডিশিয়াল এনকোয়ারী তার কোনই দরকার নেই। সর্বশেষে একটা কথা বলি এই সব দাঙ্গা হাঙ্গামা, গরিলা আক্রমণ এই সব যে করছেন এটা কি হচ্ছে? হঠাৎ রাইটার্স বিল্ডিংসে চলে যাচ্ছেন — কেন যাচ্ছেন? তাহলে হঠাৎ পুলিশ কি করবে? আপনাদের সব ছেলেমেয়েদের হঠাৎ রাইটার্স বিল্ডিংসে পাঠিয়ে দিচ্ছেন। পুলিশ যে পরিস্থিতির সৃষ্টি করবার চেষ্টা করছেন এবং এই সব অরাজকতা করে পশ্চিমবাংলার মানুষের প্রিয় প্রমাণ করতে চাইছেন, এ কখনই হতে পারে না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

(গোলমাল)

(At this Stage, Congress (I) members walked out of the chamber)

**মিঃ স্পীকার ঃ** এই সাবজেক্টের ডিসকাসন ৫টায় শেষ হবার কথা ছিল, আমি দেখছি আরও কিছু সময় দরকার। আমি আরও ৪৫ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি।

**শ্রী সুখেন্দু মাইতিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরষের তেল, খাদ্য, ভোজ্য তেলে ভেজাল নিয়ে ৩টি প্রস্তাব এসেছে। একটি কংগ্রেস পক্ষ থেকে এসেছে, একটি এস.ইউ.সি.আই.-এর পক্ষ থেকে এসেছে, আর একটি বামফ্রন্টের পক্ষ থেকে নিরঞ্জনবাবু এনেছেন। এটা খুবই বেদনা এবং দুঃখের কথা যে, ভোজ্য তেলে ভেজাল খেয়ে মানুষ অসুস্থ হবে— এটা খুবই মর্মান্তিক, বেদনাদায়ক দিক। আর একটা দিক হল — যারা ভেজাল খেয়ে অসুস্থ হয়েছে তাদের ক্ষতিপূরণ দেওয়া ব্যবস্থা করা। আর একটি দিক হচ্ছে, যারা ভেজালকারী অর্থাৎ যারা খাদ্য, ওষুধ, তেলে ভেজাল দেয় তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা। কংগ্রেসী বন্ধুরা চলে গেছেন। এই প্রসঙ্গে আমার একটি কথা মনে পড়ছে— পণ্ডিত জওহরলাল নেহেরু ঘোষণা করেছিলেন ভেজালকারীদের ল্যাম্প পোষ্টে ঝুলিয়ে গুলি করা প্রয়োজন, তাদের ফাঁসি দেওয়া দরকার। আজকে আমি কংগ্রেসী বন্ধুদের কাছে একটি প্রশ্ন করতে চাই— ভারতবর্ষে কংগ্রেস শাসিত কোন রাজ্যে ভেজালকারীদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার কোন ব্যবস্থা আছে কি, অথবা একটি লোককেও কি ফাঁসিতে লট্‌কানো হয়েছে? তাই দুঃখের সঙ্গে বলতে হয় যে, হাউসের মধ্যে কংগ্রেসী বন্ধুরা শুধু বামফ্রন্ট সরকারকে বেইজ্জতি করার জন্য এই সব কথা বলছেন। এই সীমিত ক্ষমতার মধ্যে বামফ্রন্ট সরকার অসুস্থ, পঙ্গু লোকগুলিকে সুস্থ করে তোলার যে ব্যবস্থা গ্রহণ করেছেন তাকে সহযোগিতা না করে— কি করে ভেজালকারীদের বিরুদ্ধে আন্দোলন করা যায়, ভেজালকারীদের বিরুদ্ধে আইন করা যায় সেই সম্পর্কে আন্দোলন না করে বামফ্রন্ট সরকারকে বেইজ্জতি করার জন্য নানারকম উচ্ছৃঙ্খলা সৃষ্টি করার চেষ্টা করছেন। আমরা জানি অনেক ভেজালকারীকে ধরা হয়েছে কেস হয়েছে কেস থেকে বেমালুম খালাস হয়ে চলে গেছে। তাদের কোন শাস্তি হয়নি। এর জন্য কঠোর আইন দরকার, আইন সংশোধন করা দরকার। আইন সংশোধন করে ভেজালকারীদের বিরুদ্ধে কঠোর শাস্তির ব্যবস্থা করা দরকার। শুধু আইন করে প্রতিরোধ করা যাবে না, যদি না ভেজালকারীদের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলা যায়। এর জন্য মানুষের ঐক্যবদ্ধ হয়ে রুখে দাঁড়ানো দরকার। মানুষের ঐক্যবদ্ধ প্রতিরোধ ছাড়া শুধু

আইন করে একে ঠেকানো যাবে না। যারা খাদ্যে, ওষুধে, তেলে ভেজাল দেয় তারা সমাজের শত্রু, তাদের সম্পর্কে সজাগ হওয়া প্রয়োজন। তাই আসুন, আমরা সকলে মিলে তাদের বিরুদ্ধে প্রতিরোধ আন্দোলন গড়ে তুলি। সেই পথে না গিয়ে কংগ্রেসী বন্ধুরা অন্য পথে গেলেন। সত্যবাবু একজন আইনজ্ঞ লোক। কংগ্রেস দলে কোন নিয়ম আছে? ভেজালের উপর তিনি বক্তৃতা দিয়ে গেলেন। এখানেও তিনি সূক্ষভাবে ভেজাল দিয়ে চলে গেলেন। সৌগতবাবু যে প্রস্তাব দিয়েছেন— তিনি দাবী করে গেলেন মৃত্যুদণ্ড দিন। এখানেও তিনি কায়দা করে ভেজাল দিয়ে চলে গেলেন। খোঁজ নিলে দেখা যাবে যে, বামফ্রন্ট সরকার যাদের গ্রেপ্তার করেছে সত্যবাবুর মত কংগ্রেসী লোকেরাই তাঁদের পক্ষে দাঁড়িয়ে মুক্তি দেবার জন্য প্লিড করে যাচ্ছেন। জ্যোতিবাবু এই বিষয়ে অনেক কিছুই বলেছেন, আমি আর বেশি কিছু বলব না। আমি শুধু একটি কথাই বলব যে, আইন সংশোধন করার দরকার হলে আইন সংশোধন করে এই ভেজালকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হোক। বিভিন্ন দপ্তরের সঙ্গে, স্বাস্থ্য দপ্তরের সঙ্গে, পৌরসভার সঙ্গে সংযোগ স্থাপন করা দরকার। বহুজাতিক করপোরেশন থেকে যেসব ওষুধ আসছে, তারা এই ভারতবর্ষের মত তৃতীয় দুনিয়ার দেশকে ভেজালের স্বর্গরাজ্য করে তুলেছে। আসুন আমরা সকলে মিলে কেন্দ্রীয় সরকারকে বলি যে, তৃতীয় দুনিয়ার এই দেশগুলিতে তারা যে ভেজালকারীদের স্বর্গরাজ্য করে তুলেছে তাঁর বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলুন— এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**[ 5-00 – 5-10 p.m.]**

**শ্রী শিবেন্দ্র নারায়ণ চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে বেহালা এবং টালিগঞ্জের রেপসিডের তেলে ভেজালের বিষয়ে এবং কুচবিহারের ঐ ঘটনাকে উপলক্ষ করে বিক্ষোভ করতে গিয়ে গুলির যে দুর্ঘটনা ঘটে সেই বিষয়ে এখানে আলোচনা উত্থাপিত হয়েছে। আমি দুটি বিষয়েই আমার বক্তব্য এখানে রাখতে চাই। আজকে কংগ্রেসের যারা এসব আলোচনা করছে তারা ভেজালের বিরুদ্ধে এবং মানবতার সতী সেজে পশ্চিমবঙ্গে একটা আন্দোলনের নাম করে অরাজকতার আবহাওয়া সৃষ্টির করার চেষ্টা করছে। আজকে এই সমস্ত সতীরা দিল্লীতে যে দুই শতেরও. বেশী লোক যারা মারা গেছে জল দূষণের জন্য এবং খাদ্যে ভেজালের জন্য তার বিরুদ্ধে কোন কথা বলেন নি, কোন সোচ্চার হননি বা দিল্লীতে কোন আন্দোলন করেন নি। আজকে পশ্চিমবাংলায় এটা করছেন। এটা ভেজালের বিরুদ্ধে আন্দোলন নয় বা গুলি চালানোর ফলে যে দুঃখজনক ঘটনা হয়েছে তার বিচার-বিভাগীয় তদন্তের জন্যও এটা নয়। এটা হচ্ছে উদ্দেশ্যমূলক ভাবে পশ্চিমবঙ্গে কি ভাবে গোলমাল সৃষ্টি করা যায়, অরাজকতা সৃষ্টি করা যায়, বিশৃঙ্খলা সৃষ্টি করা যায় তার জায়গা হিসাবে, একটা উপাদান হিসাবে ব্যবহরা করার চেষ্টা তারা করছে। এটা আমাদের কাছে অত্যন্ত পরিস্কার। সেজন্য আজকে বিভিন্ন জায়গায় এটাকে উপলক্ষ্য করে আন্দোলন করার চেষ্টা করছে। ওরা নিজেদের দিকে তাকিয়ে দেখুন যে তাদের জমানায় কি হয়েছে? আজকে ওরা যে জমায়েত করছে, ওরা যে মিছিল করে আনছে তাতে সেখানে কি পরিমান লোকসংখ্যা জমা হয়েছে। কুচবিহারে যা হয়েছে তার জন্য নিন্দা করছেন এবং তার জন্য তারা বিচার-বিভাগীয় তদন্তের দাবী করেছেন। কিন্তু কুচবিহারের ৪ তারিখের ঘটনার পরে ৫ তারিখে যে ধর্মঘট, বন্ধ, হরতাল ডাকা হয়েছিল, কংগ্রেসীরা জানেন যে সেখানে কি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অবগতির জন্য জানাচ্ছি যে কুচবিহার টাউন ও দিনহাটা টাউন ছাড়া আর কোথাও ধর্মঘট, হরতাল হয়নি কংগ্রেসীদের ডাকে। এই গণতান্ত্রিক যুগে কংগ্রেসীরা নিজেরাই তো ভেজাল। ওরা বলছেন যে শান্তিপূর্ণ গনতান্ত্রিক আন্দোলন করবো। এই সব কথা বলে ওরা কুচবিহারে আন্দোলন করলেন এবং এখানে ভেজালের বিরুদ্ধে নামলেন। কিন্তু তারা গণতান্ত্রিক আন্দোলনের মধ্যেও ভেজাল ঢোকালেন।

সেখানে শান্তিপূর্ণ গণতান্ত্রিক আন্দোলন হল না। সেখানে অশান্তিপূর্ণ এবং মারমুখী আক্রমণাত্মক ভূমিকা নিয়ে মিছিল হয়েছিল। তারা কোন জায়গায় আইন অমান্য আন্দোলন করবেন তা ঠিক করতে পারলেন না। কখনও বলা হয়েছে যে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের অফিসের কাছে, কখনও জজ সাহেবের অফিসের কাছে, আবার কখনও বলা হয়েছে এস.ডি.ও-এর অফিসের সামনে। অর্থাৎ যেখানে সুযোগ পাওয়া যায় সেখানে হবে। এই রকম অগণতান্ত্রিক আন্দোলন আমরা দেখিনি। আমরা যেটা করি তাতে বলে দেই যে এই জায়গায় করবো এবং সেখানে হাজার হাজার লোক নিয়ে যেতাম। কিন্তু ওরা তা করছেন না। সুতরাং ওরা নিজেরাই ভেজাল। কাজেই ভেজালের বিরুদ্ধে ওরা লড়াই করবেন কি করে? ওরা উদ্দেশ্যমূলক ভাবে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে মানুষকে উত্যক্ত করার জন্য এবং বিশৃঙ্খলা সৃষ্টি করার জন্য এটা করছে। ওদের মূল উদ্দেশ্য হচ্ছে এটা এবং সেই উদ্দেশ্য নিয়ে সারা পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় যেখানে সেখানে কোন রকম ছুতো-নাতা নিয়ে বোমাবাজী, মারপিট করছে। ভেজালের বিরুদ্ধে আন্দোলন করতে গিয়ে এস.ডি.ও.-এর অফিসের কাচ, দরজা, টেবিল, চেয়ার ভাঙ্গলে কি ভেজাল বন্ধ হবে? আমরা তো দেখলাম না যে কোন তেলের ব্যবসায়ীর বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে। পশ্চিমবঙ্গে কোন তেলের ব্যবসায়ীকে ঘিরে রেখে তার সেই তেল ঠিক আছে কিনা সেটা পরীক্ষা করার জন্য কোন আন্দোলন তারা করছেন না। এস.ডি.ও.-এর অফিসের চেয়ার, টেবিল, কাচ, দরজা ভাংচুর করলে কি ভেজাল বন্ধ হবে? কাজেই ওরা উদ্দেশ্যমূলকভাবে পশ্চিমবঙ্গে অরাজকতা সৃষ্টি করার জন্য এই সব করছে। ওরা পুলিশকে টিল মারবেন, পুলিশের কুশপুত্তলিকা পোড়াবেন, চকলেট বোমা নিয়ে ফাটাবেন, পাথর মারবেন।

পাথর মারবে, আর এই সমস্ত কাজ করবে, পুলিশ সেখানে চুপচাপ দাঁড়িয়ে থাকবে, এটা তাদের ভূমিকা হতে পারে না। পুলিশের আত্মরক্ষা এবং সরকারী সম্পত্তি রক্ষার প্রয়োজনে যা করা দরকার, তা সব জায়গায় করবে, কুচবিহারেও তাই করেছে। তবে এই কথা ঠিক, পুলিশ তাদের বিশ্বাস করেছিল। অহিংসার পূজারী যারা তারা হিংসার কাজ, অরাজকতার কাজ করবে না, এই বিশ্বাস করাটার পরিণতি হিসাবে গুলির দুর্ঘটনা ঘটেছিল। অল্প সংখ্যক পুলিশ এস.ডি.ও. অফিসে ছিল, জেলা শাসকের অফিসে বেশী ছিল। ওখানে আসবে এই রকম তাদের কর্মসূচী ছিল না। কিন্তু ওখানে অল্প সংখ্যক পুলিশ থাকার সুযোগ নিয়ে তারা ভাঙচুর, লন্ডভন্ড করলো এবং শেষ পর্যন্ত বাধ্য হয়ে পুলিশ আত্মরক্ষার্থে এবং সম্পত্তি রক্ষার খাতিরে এই রকম ঘটনা ঘটিয়েছে সেখানে। সুতরাং কী পরিবেশ এবং কী পরিস্থিতিতে এই ঘটনা ঘটেছে, এটা জানা দরকার। আর ১৯৫১ সালের শান্তিপূর্ণ খাদ্য আন্দোলনের উপর, ভুখা মিছিলের উপর কী পরিবেশে তারা গুলি চালিয়েছিল, এই দুটোকে এক করলে হবে না। ওখানে বিচার বিভাগীয় তদন্ত হয়েছে, সেই বিচার বিভাগীয় তদন্তের কোন রিপোর্ট তখন প্রকাশ করা হয়নি, সেই তদন্তের রায় মানুষের কাছে পৌঁছে তারা দেননি। আজকে তারাই আবার বিচার বিভাগীয় তদন্তের দাবী করছেন। আমাদের সৌভাগ্য ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার এসে ঐ বিচার বিভাগীয় তদন্তের রায় প্রকাশ করলেন। তার থেকে আমরা জানতে পেরেছি, বিচার বিভাগীয় তদন্তের নামে তারা কী ধোঁকা দিয়েছিলেন। এই সব অভিজ্ঞতা কংগ্রেসীদের নেই। তাই আমি বলবো, আজকের বিচার বিভাগীয় তদন্তের দাবীর পরিস্থিতি এবং পরিপ্রেক্ষিত এক নয়। সেইজন্য আমি ওদের যে প্রস্তাব, তার বিরোধিতা করছি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল কুমার বোস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রী নিরঞ্জন মুখার্জী, এবং আরও কয়েকজন সদস্য যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করছি এবং শ্রী সৌগত রায়, শ্রী দেবপ্রসাদ সরকার, শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় এবং ডাঃ তরুণ অধিকারী যে সব প্রস্তাব উত্থাপন করেছেন, আমি তার বিরোধিতা করে কয়েকটি বক্তব্য রাখছি। বিরোধী পক্ষের কংগ্রেস সদস্যরা যে

ভেজাল তেল প্রতিরোধের ব্যাপারে একেবারে আগ্রহী নন, বেহালা, টালিগঞ্জ এর ঘটনাকে কেন্দ্র করে একটা কুৎসিত রাজনীতি করাই তাদের আগ্রহ এবং ভাঙ্গচুর করা, হিংসাত্মক কাজকর্ম করা তাদের দরকার, এটাই প্রমান হয়ে গেল, যে ভাবে তারা বেরিয়ে গেলেন। বেহালার ঘটনার পর তারা নিজেরা প্রস্তাব করেছেন বিধানসভার বিশেষ অধিবেশন ডাকা হোক, এতবড় গুরুতর ঘটনার জন্য এবং আপনি মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথম দিন, গতকাল শোক প্রস্তাব হচ্ছে, প্রথম দিনে এই বিষয় উত্থাপনের সুযোগ দিয়েছেন, তার জন্য আমরা কৃতজ্ঞ আপনার কাছে এবং তার জন্য তারা বক্তব্য রাখলেন এখানে এবং মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর অন্যত্র কাজ আছে, তিনি বললেন, ভেজাল তেল নিয়ে যা বলবার তা অন্য মন্ত্রীরা বলবেন, উনি শুধু ভেজাল তেল সম্পর্কে একটি দুটি কথা বলে কুচবিহার সম্পর্কে বলে চলে গেলেন। তারপর ওঁরা যা খুসী এলোপাথাড়ি বলে গেলেন। সরকারের কী বক্তব্য, সরকারের কী উত্তর, তা শোনবার কোন প্রয়োজন নেই, সংসদীয় ব্যবস্থায় আস্থা নেই এবং তাঁদের কোন সততা নেই, তাঁরা চাননা এই ব্যাপারে একটা সুষ্ঠু মিমাংসা হোক, এটাই ঘটনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেহালায় যা ঘটেছে, টালিগঞ্জে যা ঘটেছে, এটা অত্যন্ত দুঃখ জনক, এই কথা তো আমরা বারে বারে বলেছি। এতগুলো মানুষ অসুস্থ হয়ে পড়লেন, কিছু মানুষ পঙ্গু হয়ে যাবেন, এটা দুঃখ জনক নয়? আমরা এটার নিন্দা করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন, ওঁরা যে প্রস্তাব দিয়েছেন, কোন জায়গায় এই ঘটনার নিন্দা করে একটা শব্দও আছে? ওঁরা নিন্দা করবেন সরকারের, ওদের নিন্দা করবেন না, যে দোকান থেকে ভেজাল তেল দেওয়া হয়েছে, তার বিরুদ্ধে কোন মিছিল করেছেন? তাদের ব্যাপারে কোন নিন্দা করেছেন? খবরের কাগজে একটা লাইন দেখাতে পারবেন, একটা বিবৃতি দেখাতে পারবেন, একটা প্রস্তাব দেখাতে পারবেন? আজকে বিধানসভায় তারা প্রস্তাব দিয়েছেন, তাতে নিন্দা আছে ? নেই। আমরা নিন্দা করেছি। আজকে নিরঞ্জন বাবুরা যে প্রস্তাব এনেছেন, আমাদের সরকারী পক্ষের বিভিন্ন নেতারা মিলে সেখানে নিন্দা করা আছে।

**[5.10 - 5.20 p.m.]**

এই দুঃখজনক ঘটনার আমরা নিন্দা করি এবং যাদের জন্য এই কাজ হয়েছে তাদের প্রতি আমরা ঘৃণা প্রকাশ করেছি। দুর্ভাগ্যবশত আমাদের সমাজ ব্যবস্থায় এই জিনিস হচ্ছে। পুরো বাজার কি আমাদের নিয়ন্ত্রনে আছে? ভারতবর্ষের পুঁজিবাদী অর্থনৈতিক ব্যবস্থায় বাজারের ওপর সরকারের নিয়ন্ত্রন খুবই সামান্য। বাজারের ওপর কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য সরকারের পুরো নিয়ন্ত্রন নেই। বাজারে যেসমস্ত জিনিস বিক্রি হচ্ছে তার দাম, মান, গুণ এবং ভেজাল নিয়ন্ত্রনের ওপর সরকারের পুরো নিয়ন্ত্রন নেই। কিছু আইন আছে, ব্যবস্থা আছে, পুলিশ আছে, আমরা কিছু কিছু চেষ্টা করি। আজকে সৌগত বাবুর প্রস্তাবে বলা হয়েছে যে, গণবন্টন ব্যবস্থায় যে পরিশোধিত রেপিড তেল সরবরাহ করা হয়েছে তার মধ্যে কিছু ভেজাল ছিল। কিন্তু আমি তাঁকে বলছি, না, একেবারেই ছিল না। পরবর্তীকালে দোকান থেকে রেপিড তেলে ভেজাল মেশানোর অভিযোগ উঠেছে। ১৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে, মামলা চলছে। এটা এখন বিচারাধীন ব্যাপার, আমি সবটা বলতে পারব না, বলায় অসুবিধা আছে। কিন্তু যে দোকানটির বিরুদ্ধে মূলত অভিযোগ সেই দোকানটির সঙ্গে আরো ৭টি দোকানে ২২শে জুন তারিখ আমাদের অত্যাবশ্যকীয় পণ্য নিগম-রে এজেন্টের পক্ষ থেকে তালা দিয়ে দেওয়া হয়েছে। যে দোকান গুলিতে তালা দেওয়া হয়েছেসেগুলি হচ্ছে, — এ. আর সপ নং ২৫৫৫ নাম 'গরীব ভাণ্ডার' এবং এর সঙ্গে বেহালা ঠাকুরপুকুরের আরো ৭টি দোকানে তালা দেওয়া হয়েছে। তাদের এ. আর. সপ্ নং যথাক্রমে ৩৭৩৩, ৩৬৩৩, ৩৬৯৫, ৩৬৬২, ৩৬৪৪, ৩১২ এবং ৩১৩। এই হচ্ছে সাতটি দোকান। ২৩শে জুন থেকে ৫ই জুলাই পর্যন্ত ঐ দোকানগুলি থেকে তেল বিক্রি হ'ল। ঐ সাতটি দোকানের তেলের বিরুদ্ধে কোন রেশন কার্ড হোল্ডারের পক্ষ থেকে, কোন

বাড়ি থেকে কোন অভিযোগ করা হয় নি। এমন কোন অভিযোগ করা হয় নি যে, সেই তেল খেয়ে কেউ পঙ্গু হয়েছে। এরকম একটাও খবর নেই। তাহলেই বোঝা যাচ্ছে যে, ঐসব দোকানে যে তেল গণবন্টন ব্যবস্থার মাধ্যমে সরবরাহ করা হয়েছিল তাতে ভেজাল ছিল না, ঠিক তেলই দেওয়া হয়েছিল এবং এটাও বোঝা যাচ্ছে যে, এ গরীব ভাণ্ডারেও ঠিক তেলই পাঠান হয়েছিল, তারপরে তাতে ভেজাল দেওয়া হয়েছিল। কিন্তু এটা একটা দোকানেই বা হবে কেন? এটা নিশ্চয়ই নিন্দনীয়। একাজের নিন্দা করার ভাষা নেই, অপরাধীদের ক্ষমা নেই, চরম শাস্তি হওয়া দরকার। ঐ জিনিস ঘটার পর সঙ্গে সঙ্গেই আমরা ব্যবস্থা গ্রহণ করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সহকর্মী স্বাস্থ্যমন্ত্রী প্রশান্তবাবু চিকিৎসার ব্যাপারটা বলবেন, কি ভাবে কাজ হচ্ছে বলবেন। আমি ১৭ তারিখ মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে মুর্শিদাবাদে ছিলাম এবং সেখানেই আমি খবর পাই। খবর পাবার পর থেকে আজ পর্যন্ত প্রশান্তবাবু যেভাবে পরিশ্রম করে আক্রান্ত মানুষদের চিকিৎসার ব্যবস্থা করেছেন এবং করছেন তা কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রীও প্রশংসা করেছেন। তবে সব রকম চিকিৎসার ব্যবস্থা করা সত্বেও কিছু লোক অসুস্থ থেকে যাবেন, তাঁদের জন্য চেষ্টা হচ্ছে এবং ভবিষ্যতেও হবে। সে সম্বন্ধে প্রশান্তবাবু বলবেন। এখন কথা হচ্ছে আমাদের পুলিশ এবং এনফোর্সমেন্ট সন্দেহভাজনদের গ্রেপ্তার করেছে এবং গ্রেপ্তার করে তাদের বিরুদ্ধ মামলা দায়ের করেছে। এখন আইন অনুযায়ী বিচার হবে। একটা রেশন দোকান কেন এরকম করল? সেবিষয়ে আমরা খোঁজ খবর করে কিছু ব্যবস্থা গ্রহণ করেছি। সেই রেশন দোকানকে আমরা সাসপেন্ড করেছিলাম এবং পরে তার লাইসেন্স বাতিল করেছি। যে সব-ইনসপেক্টর সেখানে এব্যাপারে তদারকির কাজে ছিলেন তাঁকে সাসপেন্ড করেছি এবং আরো দু'জন অফিসারকে ট্রান্সফার করেছি। এই কাজ গুলি আমরা করেছি। সুতরাং কাজ কিছু করা হয় নি, তা নয়। ভেজাল প্রতিরোধের ব্যাপারে দায়িত্ব শহর এলাকায় পৌর-প্রতিষ্ঠানের, গ্রাম এলাকায় স্বাস্থ্য বিভাগের এবং আমাদের খাদ্য বিভাগের। সেই জন্য আমাদের মুখ্যমন্ত্রীর নির্দেশে শুধু একটা দপ্তর নয়, চারটে দপ্তর — খাদ্য, স্বাস্থ্য, পৌর এবং স্বরাষ্ট্র দপ্তর মিলিত ভাবে, কো-অর্ডিনেটেড ওয়েতে আমরা ভেজাল প্রতিরোধের কাজ করছি এবং এই কাজ জোরদার করা হয়েছে। কলকাতা শহরে, গ্রামঞ্চলে, সর্বত্র জোরদার করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সত্য বাপুলী মহাশয় বললেন, — শাস্তি, প্রাণদণ্ড হওয়া উচিত। আমি তাঁকে জিজ্ঞাসা করি ভেজালের ব্যাপারে যে আইনটি আছে সেটি কাদের আইন? কেন্দ্রীয় সরকারের আইন প্রিভেনশন অফ্ ফুড এ্যাডালট্রেশন য়্যাক্ট, ১৯৫৪ এবং বিভিন্ন সময়ে তা সংশোধন হয়েছে। কিন্তু ঐ ব্যবস্থা তো তাতে নেই! উনি যখন এটা এতই চাইছেন তখন কেন্দ্রীয় মন্ত্রীদের বলছেন না কেন? উনি তাঁদের বলুন। উনি ওঁদের সংসদ সদস্যদের বলুন আইনটা পাল্টাতে। উনি কি বলেছেন? আমরা কি কাগজে তা দেখেছি? কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী শ্রী বোরা এসেছিলেন, তাঁকে কি বলেছিলেন, আইন পাল্টে প্রাণ-দণ্ডের ব্যবস্থা করুন? বলেন নি। তাঁরা এখানে বলছেন আইন নেই। আমরা রাজ্যসরকার এ ব্যাপারে আলোচনা করছি, আমরা মনে করি আইনের কিছু সংশোধন দরকার। এ ব্যাপারে আমরা বিভিন্ন দপ্তরের সঙ্গে পরামর্শ করছি, পরে কেন্দ্রীয় সরকারের কাছে আমরা প্রস্তাব করবো যে এই আইনের সংশোধন দরকার। এ ব্যাপারে আমাদের রাজ্যসরকারের যদি কিছু করণীয় থাকে, আমরা করবো। আমি ওঁদের জিজ্ঞাসা করি, প্রাণদণ্ডের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে ওঁরা কথা বলছেন না কেন? তেলের ব্যাপারে ওঁরা এত কথা বলে গেলেন - মাননীয় সদস্য শ্রী সুভাষ গোস্বামী এখানে বললেন কেন্দ্র থেকে এফ. সি. আইয়ের মাধ্যমে আমার যে চাল পাচ্ছি সেই চাল পচা, আমার জিজ্ঞাস্য, পচা চাল কি ভেজাল নয়? এতে মানুষের পেট খারাপ হবে না? এইসব পচা চালের খবর তো কাগজে বেরিয়েছে। আমাদের সর্বদলীয় প্রতিনিধি দলে ছিলেন জ্ঞান সিং সোহন পাল, শ্রী সত্য রঞ্জন বাপুলী, শ্রী দেব প্রসাদ সরকার, শ্রী এ. কে. এম হাসানুজ্জামান সাহেব প্রমুখ। সেখানে তো পচা চালের নমুনা দেওয়া হল, কই একবার তো সেখানে চেঁচাননি? ভাসুরের নাম করতে ওঁদের ভয়ানক লজ্জা। যেহেতু

ওঁদের লোক তাই এটা ভেজাল নয়। আমি বলবো, এ ব্যাপারে কেন্দ্রীয়সরকার দায়ী, এফ. সি. আই দায়ী। পশ্চিমবঙ্গের লোকেদের যা খুশী খাইয়ে দাও, সেখানে চেঁচামেচি হয় না। যাবজ্জীবন কারাদণ্ড প্রিভেনসন অফ্ ফুড এ্যাডলটারেশন য়্যাক্টে আছে। সেখানে ডেথ্ হলে, ভেজাল জিনিস দেওয়া হলে দোষী ব্যক্তিদের যাবজ্জীবন কারাদণ্ড হয়। আমি এ ব্যাপারে তথ্য সংগ্রহ করছি, বিধানসভার অধিবেশন তো এখন চলবে, যদি পারি আমি পেশ করে দেব। এইরকম অনেক কেস আছে যেখানে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে। পুরুলিয়ার এইরকম একটি কেস সুপ্রীম কোর্টের অনুমোদন লাভ করেছে। এখন তারা মার্সি পিটিশন করেছেন আমাদের রাষ্ট্রপতির কাছে। আশা করি তিনি তাদের মার্সি করবেন না এ ব্যাপারে। ওঁরা বলছেন, ভেজালের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন? অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন? জানেন না? গত বছর সরষের তেলের দাম বাড়ার বিরুদ্ধে যে অভিযান চালিয়েছিলাম, কত লোককে ধরেছি আর এই বিধানসভায় কংগ্রেসীরা এইসব ব্যবসায়ীর হয়ে চিৎকার করেছেন, তাদের পক্ষ হয়ে কথা বলেছেন। সব রেকর্ড করা আছে। ২৮ জুলাই তারিখে দিল্লীতে কেন্দ্রীয় খাদ্য সরবরাহ মন্ত্রী আগষ্ট, মার্চ মাসে হিসাব দিলেন ২২১৫ জন অসাধু ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়েছে (সব রাজ্যের পরিসংখ্যান নিয়ে)। এই সময়ে পশ্চিমবাংলায় ১৪০৯ জন, প্রায় দুই-তৃতীয়াংশ। পশ্চিমবঙ্গ সরকার কি ব্যবস্থা গ্রহন করেনি? অন্য কোন কংগ্রেস শাসিত রাজ্যে একজনকেও গ্রেপ্তার করা হয়নি। কিন্তু আমরা এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করি এবং করেছি এই কথাটা মনে রাখতে হবে। মাননীয় সদস্য শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর কয়েকটি কথা বলে চলে গেলেন, থাকার প্রয়োজন মনে করলেন না। ওঁর জানা নেই উনি কোন সময়ে মন্ত্রী হয়েছিলেন। ঐ জালিয়াতির আমলে মন্ত্রী হয়েছিলেন তো, তাই খেয়াল থাকে না। উনি ১৯৭২ সালে দমদমে ভেজাল তেল সর্ম্পকে বলে গেলেন। উনি তো তখন স্বাস্থ্য মন্ত্রী ছিলেন, পদত্যাগ করেছেন? এখন উনি তো সবার পদত্যাগ চাইছেন কিন্তু নিজে পদত্যাগ করেছেন? তারপর কথা বলবেন। আমরা এইসব জিনিসে বিশ্বাস করি না। তবে এটা খুবই দুভার্গজনক ঘটনা ঘটেছে। ভেজাল যাতে না হয় তারজন্য খাদ্যদপ্তর নিশ্চয়ই চেষ্টা করবে। আমরা সম্মিলিতিভাবে চেষ্টা করবো। পুলিশ এনফোর্সমেন্ট চেষ্টা করছে। কলকাতা পৌরসভা দারুণভাবে কাজ করছে, সবাইমিলে আমরা চেষ্টা করছি। বাড়াবাড়ি যাতে না হয় সেটা আমরা নিশ্চয়ই দেখবো। তবে এই কথা ওঁদের মুখে শোভা পায় না। একজন মাননীয় সদস্য বলে গেলেন লজ্জায় মাথা হেট হচ্ছে। ঠিকই তো, আমাদেরও মন খারাপ হয়েছে, কেন এই জিনিস হবে? কিন্তু আমি জিজ্ঞাসা করি "গরিব ভাণ্ডারের" মালিক শ্রী এ. কে. ভট্টাচার্যকে ১৯৫৯ সালে যে লাইসেন্স দেওয়া হয়েছিল সে কাদের লোক ছিল? সে তো কংগ্রেসের লোক ছিল। আমরা এ ব্যাপারে একজন সাব-ইন্সপেকটারকে সাসপেন্ড করেছি। জানি না সে কংগ্রেসের লোক কিনা? এ ব্যাপারে কংগ্রেসদলের কর্মচারী সমিতি পোষ্টার দিলেন কংগ্রেসের লোক বলে তাকে সাসপেন্ড করা হয়েছে। ওঁদের বোধ হয় বুদ্ধিভ্রংশ হয়েছে। আরে বাবা, ধরা পড়েছে যখন চেপে যা, তানা করে বলে বেড়াচ্ছে কংগ্রেস বলে ধরা হয়েছে।

**[5.20 - 5.30 p.m.]**

মাথা হেঁট হয় একটু ? একটু তো মাথা হেঁট হওয়া উচিত। আজকে কংগ্রেস আন্দোলন করছে, নিশ্চয়ই, আমরা মনে করি এই ভেজাল প্রতিরোধের জন্য আন্দোলন করা উচিত। কিন্তু আন্দোলন মানে এই নয় যে, ভাঙচুর করে তচনচ করা। খাদ্য দপ্তরের অফিসে গিয়ে কংগ্রেসেরই একজন নাম করা নেতা ভ্যানে দাঁড়িয়ে বক্তৃতা করছিলেন, তাঁকে ভ্যান থেকে নামান হল, ধ্বস্তাধ্বস্তি হল, এবং ওখানে যে বোমা ছোঁড়া হল তাতে দুজন কর্মচারী গুরুতর আহত হয়েছিল এবং এখন তারা হাসপাতালে রয়েছে। সমস্ত সংবাদপত্রে খবর বেরোল এবং ছবি ছাপা হল। এই কি আন্দোলন?

কুচবিহার থেকে বারাসাত পর্যন্ত একেবারে তচনচ করেছেন। এটা আন্দোলন নয়। আমরা মনে করি, এই ভেজাল বন্ধের জন্য আমাদের চেষ্টা করতে হবে। পুলিশ, এম. এল. এ., এম. পি. এবং সাধারণ মানুষেরও জাগ্রত চেতনা দরকার। পাড়ায় পাড়ায় যদি মানুষ সচেতন থাকতে পারে, এর বিরুদ্ধে ব্যবস্থাগুলি নেবার জন্য সোচ্চার হয়, তাহলে এই জাতীয় লোকেদের অসামাজিক কাজকর্ম আমরা বন্ধ করতে পারি। আজকে এ জন্য সকলকে আমি আহ্বান জানাচ্ছি। এই দুষ্ট ক্ষতর বিরুদ্ধে সকলে মিলিতভাবে চেষ্টা করি। এ ব্যাপারে কোন রাজনৈতিক ফায়দা তোলার চেষ্টা করবেন না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকার ঃ** শ্রী প্রশান্ত কুমার শূর।

**শ্রী প্রশান্ত কুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংক্ষেপে একটু ঘটনার বিবরণ দিয়ে আমার কথাটা বলব। সেটা হল যে, গরীব ভান্ডারের কথা বলা হল, ২২শে জুন গরীব ভান্ডারের রেপসিড অয়েল, তাদের দোকানের তেলে ২৩, ২৪, ২৫ তারিখে তারা এটা বিক্রি করে এবং ২২ তারিখেরমধ্যে তারা তেলে একটা জিনিষ মেশায়, সেটা হল টকসিড এবং যে লোকটা সস্তা দরে এই জিনিষটা সংগ্রহ করে তার নাম দীপক হালদার, ডাক নাম সাবু, বর্তমানে বাংগুর হাসপাতালে ভর্ত্তি আছে। এটা ১৬ তারিখের খবর। এরপর মাননীয় বিধায়ক শ্রী নিরঞ্জন মুখার্জী মহাশয় ১৭ তারিখে আমাদের খবর দিলে আমি ওখানে ঔ বুড়োশিবতলার ৫টি বস্তি অঞ্চল, গোবড়া, ইন্দ্রপল্লী, মালাকারপাড়া, তালতলা পল্লী এবং মুসলমানপাড়া এই সমস্ত বস্তি অঞ্চলে আমি এবং আমার সাথে অনেক লোক ঘুরে দেখি এবং দেখার পর ১৭ তারিখ থেকে বিদ্যাসাগর হাসপাতালে চেষ্টা করি যাতে ওরা ভর্ত্তি হতে পারে। আর সেই সময় থেকেই এলাকার মধ্যে বিদ্যাসাগর হাসপাতালের একটা শাখা বলতে পারেন সেই শাখা আমরা খুলি এবং তার সাথে সাথে আরও দু-তিনটি ক্যাম্প খোলা হয়। ক্যাম্পে চিকিৎসার সাথে সাথে ডাক্তাররা মনে করেন যে, যাদের হাসপাতালে ভর্ত্তি হওয়া দরকার, তারা হাসপাতালে ভর্ত্তি হতে থাকে। এইভাবে ১৮ই জুলাই থেকে আবার টালিগঞ্জে দশকর্মা ভাণ্ডার বলে একটা দোকান আছে সেখানেও কিছু তেল ধরা পড়ে এবং সেই নিয়ে কিছু লোক আক্রান্ত হয়ে বাংগুর হাসপাতালে ১৮ই জুলাই থেকে ভর্ত্তি হতে আরম্ভ করে। এই অসুখটাকে বলা হয় যে পোলিও নিউরোপ্যথি, ভাষাটা আমাদের না জানলেও চলবে, কিন্তু এই রোগটাতে হাত, পা অবশ হয়ে পড়ে এবং চলতে পারে না এটাই হল রোগের কতকগুলি লক্ষণ। আমরা এটা দেখে যে ব্যবস্থা করেছিলাম সেই ব্যবস্থাটা হল এই বিদ্যাসাগর হাসপাতালে যখন ভর্ত্তি হতে সুরু করল এবং বিদ্যাসাগরে কি কি ব্যবস্থা করা দরকার সেই ব্যবস্থা আমরা সব রকম করলাম এবং নূতন করে - আপনারা জানেন ওটা ২৫০ বেডের হাসপাতাল, আজ সেখানে ৪৫০টি রোগী আছে। সমস্ত ব্যবস্থাই আমরা করেছিলাম। ২০শে জুলাই আমাদের মুখ্যমন্ত্রী একটি মিটিং করেছিলেন। তিনি অসুস্থ ছিলেন, কিন্তু ২০শে জুলাই রাইটার্স বিল্ডিংয়ে বসে তিনি হোম সেক্রেটারীকে বলেছিলেন যে, সমস্ত দায়িত্ব এনফোর্সমেন্ট দপ্তরকে দেওয়া হোক এবং সমস্ত দায়িত্ব আই. জি (এনফোর্সমেন্ট) কেই যেন দেওয়া হয়। এবং তারপর ২১শে জুলাই আমাদের ডিরেকটর অফ মেডিক্যাল এডুকেশন সমস্ত বিশেষজ্ঞদের নিয়ে একটা মিটিং করেন। সেই মিটিংয়ে বিশেষজ্ঞরা যে উপদেশ দেন তা হোল - এই রোগের ওষুধ হল vitamin-oral or parenteral to be decided by the physician, symptomatic treatment with analgestic. ২১শে জুলাই ওঁরা এটা বলেছেন যে, judicires administration of steriod in selected cases to be decided by the attending physicians, prevention of contrectures and related deformities, physiotherapy. আমরা তারপর বিদ্যাসাগর হাসপাতাল এবং বাঙ্গুর হাসপাতালে ফিজিওথেরাপিষ্ট, সিষ্টারস, নার্সেসস, প্যারা-

মেডিক্যাল ষ্টাফ, জি. ডি. এ., স্যাইপার - যেমন প্রয়োজন সেই ব্যবস্থা করি সেখানে। তারপর ২০শে জুলাই চীফ মিনিষ্টার আর একটি মিটিং ডাকেন। সেই মিটিংয়ে উপস্থিত থাকেন আমাদের মন্ত্রী শ্রদ্ধেয় বিনয় চৌধুরী, মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য, শ্রদ্ধেয় নির্মল বোস, ডাইরেকটর জেনারেল অফ পুলিশ, আই. জি (পুলিশ), ক্যালকাটা পুলিশ কমিশনার, ডি. জি (এনফোর্সমেন্ট), এস. পি (২৪-পরগনা), কমিশনার অফ ক্যালকাটা মিউনিসিপাল কর্পোরেশন এবং আমি নিজেও সেই মিটিংয়ে থাকি। তিনি আমাদের সেখানে যে কথা বলেন, নির্মলবাবুও ঐ একই কথা বলেছেন যে, পত্র-পত্রিকাগুলি নানাভাবে বলবার চেষ্টা করছেন যে ওরা কাজ করতে পারছে না। সেখানে তিনি বলেন যে কনসারটেড এ্যাকশন শুধু এখানেই নয়, শুধু কলকাতা শহরেই নয়; সমগ্র পশ্চিমবঙ্গে আমাদের কনসারটেড্ এ্যাকশন নিতে হবে। সেই অনুযায়ী আমরা দেখছি যে, এনফোর্সমেন্ট ব্রাঞ্চ (ওয়েষ্ট বেঙ্গল) তাঁরা বেহালায় ১০ জনকে এ্যারেষ্ট করেন, 'গরীব ভাণ্ডার'- যে দোকানের নাম করা হোল - তার মালিকের বিরুদ্ধে একটা কেস ষ্টার্ট করেন, নয় জায়গা থেকে স্যাম্পেল নেন এবং তারমধ্যে চারটিতে এ্যাডাল্টারেশন অর্থাৎ টি. ও. সি. পি নামে টকসিক ফসফেট পান। তারপর টালিগঞ্জের রিজেন্ট পার্কে পুলিশ ছয়জনকে এ্যারেষ্ট করেন, দুটি কেস ষ্টার্ট করা হয় সেখানে, নয়টি স্যাম্পেল সেখানে ড্র করা হয়। এছাড়া আমাদের ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন ৩২৬টি স্যাম্পেল ড্র করেন, তারমধ্যে ১৯টিতে এ্যাডাল্টারেশন পান, ১০৫টি স্যাম্পেল তাঁরা টেষ্ট করেন এবং বাকিগুলি টেষ্ট করা হয়নি। তাঁরা একটি স্যাম্পেলে মাত্র টি. ও. সি. পি. পান। এছাড়া আমাদের ক্যালকাটা পুলিশ ৬০টি দোকান রেড্ করেন। এই ৬০টি এষ্টাব্লিসমেন্টের মধ্যে রেশন-সপ ১৫টি এবং আদার্স ৪৫টি। ৩৬ জনকে এ্যারেষ্ট করেন তাঁরা এবং ৩৩টি কেস ষ্টার্ট করেন। এছাড়া কলকাতার বাইরে সমগ্র পশ্চিমবঙ্গে এনফোর্সমেন্ট ব্রাঞ্চ (ওয়েষ্ট বেঙ্গল) - তাঁরা ৩৫০টি স্যাম্পেল সংগ্রহ করেন এবং বিভিন্ন ক্ষেত্রে তাঁরা কেস ষ্টার্ট করেন। আমরা এরপর থেকে দেখেছি যে, ২০শে জুলাই মুখ্যমন্ত্রী ঐ সভা ডাকবার পর পত্র-পত্রিকাগুলি তাদের প্রচারের মাধ্যমে যাঁরা ভেজাল তেল খেয়ে আক্রান্ত হয়েছেন, যাঁদের মানসিক অবস্থা খুবই দুর্বল, তাঁদের মধ্যে নানা ধরণের বিভ্রান্তি সৃষ্টি করা হয়।

**[5.30 - 5.40 p.m.]**

আমি গিয়েছিলাম শিলিগুড়ি, হঠাৎ আমাকে বাংগুর হাসপাতালের সুপারিনটেনডেন্ট ফোন করে বললেন আনন্দবাজার পত্রিকায় একটা কার্টুন বেরিয়েছে - পঙ্গু হয়ে গেছে, ৭৪ বছর বয়েস হয়েছে, চলতে পারছেন না। আজকে কংগ্রেসের সদস্য যাঁরা ছিলেন তাঁরা প্রত্যেকেই একই কথা বলেছেন যে সব পঙ্গু হয়ে যাবে। একটা বিভ্রান্তিকর জিনিস তাঁরা তুলে ধরেছেন। এই ঘটনায় ৪২৭ জন ৪টি হাসপাতালে ভর্ত্তি আছে। তাঁরা এই কথা একবারও বললেন না যে ১০১ জন ইতি মধ্যে একেবারে সুস্থ হয়ে বাড়ি ফিরেছে এবং শতকরা ৭০ ভাগ - তাঁরা বললেন - উন্নতির দিকে। অর্থাৎ বলতে পারেন ৪২৭ জনের মধ্যে শতকরা ২৪ ভাগ একেবারে সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছে আর অন্যদের মধ্যে শতকরা ৭০-৭৫ ভাগ উন্নতির দিকে। ডাক্তারেরা বলেছেন একটু সময় লাগবে। সময় লাগলেও ওরা যে কত জন পঙ্গু হয়ে যাবে বা পঙ্গু হবে কিনা সেটা বলা যায় না, আজকেও আমি বলতে পারবো না। এখানে শ্যামল সেনের কথা বলা হয়েছে - একটা বিভ্রান্তির সৃষ্টি করা হয়েছে যে স্টেরয়েড দেওয়া ঠিক হবে কিনা। সেকেন্ড আগষ্ট অর্থপেডিক, নিউরোলজিষ্ট এবং ফিজিওথেরাপিষ্টদের ১৬ জন মেডিসিন স্পেশালিষ্টদের নিয়ে বসেছিল। আগে যে সব সুপারিশ ছিল তার সাথে তাঁরা এই কথা বলেছেন যে In case the State Government failer to take any action regarding Medicines then the authority should adopt other methods for the affected area. ঔষধ বেশী কিছু নয়, এখন ফিজিওথেরাফিই হ'ল মূল বিষয়।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাকে একটু সময় দেবেন কারণ ব্যাপারটা খুবই গুরুত্বপূর্ণ, এই ব্যাপারে কিছু বলতে চাই। যাই হোক তাঁদের সাজেসান অনুযায়ী আমরা তখন ৫ লক্ষ টাকা দিয়েছি, বিদ্যাসাগর হসপিটালকে ৩ লক্ষ টাকা এবং বাংগুর হাসপাতালে ৩ লক্ষ টাকা দিয়েছি। তাঁরা যে যে সাজেসান আমাদের করেছেন সেই অনুযায়ীই আমরা ব্যবস্থা করেছি। আমরা নূতন করে সেখানে ফিজিক্যালি হানডিক্যাপ ইউনিট করেছি, দু-জায়গায় ইউনিট হয়েছে। স্পেশালিষ্টরা যা বলেছেন সেই গুলি আমরা করছি। ইলেকট্রোথেরাফি মেসিন-এর একটা ইউনিট করার জন্য তার সমস্ত কিছু অর্ডার আমরা দিয়ে দিয়েছি। তারা ধীরে ধীরে লাগাতে সুরু করেছে। এ ছাড়া আমরা একটা মনিটর টিম করেছি তিন জন ডাক্তার নিয়ে, তাতে এন. আর. এস-এর হেমেন দেব, বাংগুর, এস. এস. কে. এম-এর নিউরোলজিষ্ট মিঃ সারেংগি এবং ন্যাশানাল মেডিক্যাল কলেজের ডাঃ অসীম বিশ্বাস রয়েছেন। এই তিন জন ডাক্তার ঘুরে ঘুরে প্রতিটি হাসপাতালে যান এবং প্রতিদিন কোন রোগী কোন পর্যায়ে আছে সেটা তাঁরা রিপোর্ট করেন। এই ভাবে কনসার্টেড ওয়েতে যখন পশ্চিমবাংলার সবাই মিলে কাজ করার চেষ্টা করছেন চিকিৎসার ব্যাপারে বিশেষজ্ঞরা যে ভাবে বলছেন তাঁদের সেই ভাবে মত নিয়ে কাজ করা হচ্ছে - তখন আমাকে খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে মানুষের যখন এই রকম অবস্থা তখন তাদের ভয় দেখানো হচ্ছে। ১৯শে জুলাই মমতা ব্যানার্জী প্রায় ৪০-৫০ জন লোক নিয়ে হাসপাতালের মধ্যে ঢুকে পড়লেন। তারপর ২৩.৭.৮৮ তারিখে কোন একজন কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী প্রায় ৫০-৬০ জন লোক নিয়ে হাসপাতালের মধ্যে ঢুকে গেলেন। পরেরদিন আমি হাসপাতালে গেলে কর্তৃপক্ষের কাছ থেকে জানতে পারি যে বেলা দেড়টা নাগাদ তাঁরা রোগীদের খেতে দিতে পারেন নি। কিন্তু ওখানে কংগ্রেসের যাঁরা গিয়েছিলেন তাঁরা হাসপাতালের মধ্যে ষ্ট্যামপেডের মত একটা পরিবেশ নিয়ে এসেছিলেন। তাঁরা বলেছিলেন যে তাঁরা ফল দিতে পারেন কিনা। তখন সুপারিনটেনডেন্ট বলেছিলেন, 'দু' একটা দিতে পারেন। কিন্তু এত লোক নিয়ে গেলে কি করে হবে? এখানে রোগীদের চিকিৎসার ব্যবস্থা হচ্ছে।' আপনারা অবাক হয়ে যাবেন, সেখানে তাঁরা ভিজিটিং বুকে লিখে এসেছিলেন ''ইফ দি ষ্টেট do not take steps at once against the eriminals responsible, we shall have to think of other methods.'' – দীজ আর দি আদার মেথডস্, রাস্তায় রাস্তায় আপনারা তা দেখতে পাচ্ছেন। অজিত পাঁজা মহাশয় সেখানে ভিজিটিং বুকে লিখে এসেছিলেন। আমরা কি করতে পারি? আপনাবা তো আইনের কথা জানেন। নির্মলবাবু এখানে বলেছেন যে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের আইনে যে প্রভিসান আছে, যেটা সংশোধন হয়েছে, আমরা সেই অনুযায়ীই চলছি। প্রশ্ন তুলেছেন, পুলিশকে কেন আইন অনুযায়ী ক্ষমতা দেওয়া হয়নি? আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দাবী রেখেছি যে তাঁদের এ্যাক্ট অনুযায়ী কাজ করতে গেলে স্পেশ্যাল কোর্ট করা দরকার। আমরা অলরেডি তাঁদের কাছে স্পেশ্যাল কোর্ট বসানো দরকার বলে দাবী রেখেছি। ক্যালকাটা কর্পোরেশনের তো দু'তিন হাজার কেস রয়েছে। বর্তমান অবস্থায় তো এক একটা কেসে ম্যাজিষ্ট্রেটদের রায় দিতে চার-পাঁচ বছর করে কেটে যায়, প্রসিকিউশান চলতেই থাকে। সামারি ট্রায়ালের কোন ব্যবস্থা নেই। অন্ততঃ পক্ষে সামারি ট্রায়ালের ব্যবস্থা করা দরকার। সুতরাং কতকগুলি ব্যবস্থা, যেটা কেন্দ্রীয় সরকারেরই করা দরকার, সেগুলি তাঁরা করছেন না, উল্টে তাঁরা আমাদের দোষ দিচ্ছেন। ২৪শে জুলাইয়ের কথা আপনারা সবাই জানেন। ত্রিপুরার মুখ্যমন্ত্রী সুধীররঞ্জন মজুমদার কোন রকম প্রোটোকল না মেনে ঐদিন হাসপাতালে গেলেন। যাঁর রাজ্যে তাঁরই শাসনকালে মহিলাদের ইজ্জৎ নষ্ট হচ্ছে, সারা ভারতবর্ষ ব্যাপী যার জন্য মহিলারা আন্দোলন করছেন - যিনি মুখ্যমন্ত্রীত্বের দায়িত্বভার গ্রহণ করার সাথে সাথে মহিলাদের উপর নির্যাতন হতে শুরু হয়ে গেছে, তিনি হঠাৎ করে চলে আসলেন। সেদিন ৬০/৭০ জন হাসপাতালের মধ্যে ঢুকে গেলেন। তিনি পশ্চিমবাংলার বামফ্রন্ট

সরকারকে তাঁর আসার সংবাদ একবার জানানোর প্রয়োজন পর্যন্ত মনে করলেন না। তাঁর কি অধিকার আছে এই ভাবে পশ্চিমবাংলার একটা হাসপাতালে ঢুকে পড়ার? তাঁর কোন অধিকার নেই। তিনি সুপারিনটেনডেন্টকেও জানাননি। ২৬শে জুলাই সুব্রত মুখার্জী, ভোলা সেন, মমতা ব্যানার্জী — মমতা ব্যানার্জী সমস্ত ব্যাপারেই আছেন, কথাটা রবীনবাবু এখানে বলেছেন, আমি বলতে চাইছি না 'নক্কারজনক' — হাসপাতালে চলে এলেন। প্রতিদিনই ৬০-৭০-৮০ জন লোক নিয়ে হাসপাতালে ওঁরা যাচ্ছেন। হাসপাতালে একই সাথে মা-বোন, ছোট ছোট বোনেরা একসাথে আছেন, তাঁরা বলছেন, 'আমরা একসাথে থাকবো, আমরা নীচে হলেও একসাথে থাকতে চাই।' তাঁরা যেহেতু একই পরিবারের, সেইজন্য একই সাথে এই ভাবে থাকতে চাইছেন, এবং সেইভাবে আছেন। এই অবস্থাতেও ওঁরা প্রতিদিন ৬০/৭০ জন লোক নিয়ে হাসপাতালে ঢুকে পড়ছেন এবং এই রকম একটা বিশৃঙ্খল অবস্থার সৃষ্টি করছেন। ১৯, ২৩, ২৬শে জুলাই প্রায় পরপরই হাসপাতালে গেছেন। শিবকুমার খান্না ওখানে গেলেন ৫০ জন লোক নিয়ে। আমার প্রশ্ন, এটা কি হাসপাতাল, না, অন্য কিছু? ওঁদের এখানে এত দরদ, এত ভাবাবেগের কথা বললেন, কিন্তু একবারও তো ভাবলেন না যে ওটা হাসপাতাল? হাসপাতালে আমাদের নিয়ম হচ্ছে দুজন সেখানে যেতে পারেন। ৩০শে জুলাই কেন্দ্রীয় মন্ত্রী সেখানে আসবেন বলে জানানো হয়। আমাদের সচিব সমস্ত ব্যবস্থা করেছিলেন। এস.পি. ২৪ পরগণাস (সাউথ)-কে দায়িত্ব দেওয়া হয়েছিল কেন্দ্রীয় মন্ত্রী আসবেন বলে। আমাদের স্বাস্থ্য সচিবকে পর্যন্ত সেখানে ঢুকতে দেওয়া হয়নি, তিনি ঢুকতে পারেন নি। সমস্ত মস্তান বাহিনী সেখানে ঢুকে পড়েছিল। আমাকে স্বাস্থ্য সচিব জানিয়েছেন যে, তাকে ডাকাডাকি করেছিলেন, কিন্তু হাসপাতালের মধ্যে ঐ অবস্থায় ঢুকতে পারেন নি। তিনি বিরক্ত হয়ে গিয়েছিলেন। একজন কেন্দ্রীয় মন্ত্রী যেখানে এসেছেন, সেখানে তাঁকে নিয়ে এই ধরণের একটা বিশৃঙ্খলার সৃষ্টি হবে?

**[5.40 - 5.50 p.m.]**

এই বিশৃঙ্খলা তারা করেছেন, এই কথা কি তারা অস্বীকার করতে পারেন? তারপরে তাদের কেন্দ্রীয় মন্ত্রী স্বাস্থ্য সচিবকে বলেছিলন যে তাদের কাছে ওষুধ আছে, তিনি তা পাঠাতে চান। তারপরে সচিবকে কংগ্রেসী অফিসে নিয়ে গেলেন এবং নিয়ে গিয়ে বললেন যে কত ওষুধ দরকার জানাতে এবং সেই সঙ্গে সঙ্গে প্রেসকেও বলে দিলেন যে তাঁরা ১ লক্ষ টাকার ওষুধ দেবেন। স্বাস্থ্য সচিব যখন কেন্দ্রীয় মন্ত্রীকে এয়ারপোর্টে ওঠাতে গেলেন তখন উনি বললেন যে যদি কিছু ইক্যুইবমেন্ট দরকার হয় তাহলে জানাতে। তার উত্তরে সচিব বললেন যে তাঁরা যাচাই করে দেখে জানাবেন কি দরকার আছে সেই হিসাবে জানাবেন। তারপরে ৮ই আগষ্ট কিছু তথ্য দিয়ে জানান হল কেন্দ্রকে যে ৩০ লক্ষ টাকার মত লাগবে কারণ ওই সব রোগীদের ফিজিওথেরাপী প্রভৃতি ট্রিটমেন্টের জন্যে টাকা লাগবে। ওইসব ট্রিটমেন্টের জন্যে ৫-৬ মাস সময় লাগতে পারে এবং তারজন্য টাকার দরকার। আমি এই ব্যাপার নিয়ে দিল্লীতে কেন্দ্রীয় মন্ত্রীদের সঙ্গে দুবার কথা বলেছি এবং তাঁরাও দিল্লী থেকে আমার সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। তারপরে গতকাল যে চিঠি কেন্দ্রীয় মন্ত্রীর কাছ থেকে এসেছে সেটা আমি পড়ে শোনাচ্ছি—

Dear Shri Sur,

I have received your letter dated 8th August regarding the treatment of the Behala adulterated oil victims.

I shall get your proposal examined and shall try to extend whatever help is possible.

এই চিঠি আমি পেয়েছি, আমি সমস্তগুলি আপনাদের দেখাবো। যেখানে মতিলাল ভোরা এই চিঠি দিয়েছেন সেখানে কংগ্রেস থেকে এইভাবে চিৎকার করার কোন যুক্তি আছে?

**মিঃ স্পীকার ঃ** মিঃ শূর আপনার সময় শেষ হয়ে যাচ্ছে, সময়টা একটু বাড়াতে হবে, রেলিভেন্ট ম্যাটার জন্যে আরো একটু সময় বাড়াতে হবে এবং সেইজন্য নিরঞ্জনবাবুকে মোশানটা মুভ করতে অনুরোধ করছি। অর্থাৎ আরো আধঘন্টা সময় বাড়ানো দরকার।

**শ্রী নিরঞ্জন মুখার্জী ঃ** আমার এই ব্যাপারে সম্মতি আছে। আরো আধঘন্টা সময় বাড়ানো যেতে পারে।

(সভার সম্মতি নিয়ে আরো আধঘন্টা সময় বাড়ানো হল)

**শ্রী প্রশান্ত কুমার শূর ঃ** কেন্দ্রীয় মন্ত্রী এস.এস.কে.এম হাসপাতালে গেছিলেন এবং গিয়ে বলেছিলেন এ্যারেঞ্জমেন্ট ইন দি হসপিট্যাল আর ভেরি গুড। সুতরাং তিনি এই কথা লিখেছেন। এরপরে তিনি বিদ্যাসাগর হাসপাতালে গেছিলেন, সেখানে গিয়ে দেখলেন ২৪৭ জন রোগী আছে। তিনি ওই সব হাসপাতাল দেখে লিখেছিলেন I have visited the hospital and met some patients. They are improving. I had been told by the doctors attending them that every possible care was being taken. এইকথা তিনি নিজে লিখেছেন। অথচ এখানে কংগ্রেসীরা চিৎকার করছেন যে এখানে কোন চিকিৎসা ব্যবস্থা নেই, পুলিশী ব্যবস্থা নেওয়া হয়নি, কোন কেস করা হচেছ না কেন প্রভৃতি। এইভাবে ভাবাবেগে কথা কংগ্রেসীরা বলতে কিন্তু কোন দরদী মনোভাব তাদের দেখা যায় নি। চিকিৎসার উন্নতির জন্যে তাঁরা আজ পর্যন্ত কিছু করেন নি আর এদিকে মুখ্যমন্ত্রীর কথা বলা হচ্ছে কেন তিনি হাসপাতালে যাননি। তাঁর যাওয়ার কি দরকার আছে? আমি যেখানে প্রতিদিন যাচ্ছি, এমন কোনদিন হয় নি যে আমি এস.এস.কে.এম., বাঙ্গুর, হাসপাতাল এবং বিদ্যাসাগর হাসপাতালে যাই নি। যদি প্রয়োজন মনে করি তাহলে আমিই মুখ্যমন্ত্রীকে ডেকে নেবো। মুখ্যমন্ত্রীর তাঁর দায়িত্ব তো পালন করছেন রাইটার্স বিল্ডিংসে বসে। এমন কি অসুস্থ অবস্থায় তিনি রাজভবনে বসে সভা করছেন। সেই সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে বিদ্যাসাগর হাসপাতাল যে টাকা চেয়েছে সেই টাকা আমরা দেবো। হাসপাতাল ৫ লক্ষ টাকার কথা বলেছিল আমরা তা দিতে রাজী হয়েছি। তাছাড়া যে সমস্ত ফ্যামিলিতে অসুস্থ হয়ে পড়েছে তাদের ৫০০ টাকা করে দেবো বলেছি।

তাদের খাদ্যের জন্য ৩ টাকা থেকে বাড়িয়ে সাড়ে ৮ টাকা করে দিয়েছি। তাছাড়া জি.আর-র ব্যবস্থা করেছি, এই জি.আর প্রত্যেককে দেওয়া হয়েছে। আর পরিবার পিছু ১০০ টাকা করে দেওয়া হয়েছে। তার পরে যদি দেখা যায় ৪/৫ মাস পরে বাঙুরে রুগী থাকছে, তখন তাদের জন্য রিহ্যাবিলিটেশান-র ব্যবস্থা করব। সুতরাং আমি আশা করব, বিধানসভায় যে প্রস্তাব এসেছে—নিরঞ্জনবাবুর যে প্রস্তাব এসেছে এটা সঠিক প্রস্তাব। এখানে জুডিশিয়াল এনকোয়ারী করার কথা বলা হচ্ছে, আর্থিক সংস্থান করা হচেছ, অসুস্থ রোগীদের সেবা করা হচ্ছে, তাই নিরঞ্জনবাবু যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মন্ত্রী মহাশয় থেকে শুরু করে ট্রেজারী বেঞ্চের সদস্যরা একটি কথাই বলছেন কংগ্রেসী রাজত্বে যেহেতু ভেজাল এবং দুর্নীতি অবাধে চলেছে, সেহেতু এই দৃষ্টান্ত দেখিয়ে আজকের বামফ্রন্ট সরকার জহ্লাদের মনোভাব নিয়ে চলতে পারে। বামফ্রন্টের রাজত্বে এই রাজ্যের মানুষ মিষ্টি খেতে চায়না, বাসমতী চাল খেতে চায় না, তারা চায়

ভেজাল নিরোধনের জন্য এই সরকার একটা কঠোর ব্যবস্থা নেবেন; এর জন বিপ্লবের দরকার হয় না, পুঁজিবাদের মার্কিণ সাম্রাজ্যবাদ সেখানেও দেখা যায় খাদ্যে ভেজাল দেয়, বিভিন্ন পুঁজিবাদী দেশেও দেখা যায় খাদ্যে ভেজাল দেয়; এর জন্য প্রয়োজনে তারা পুঁজিবাদী দেশে ভেজালদারদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেন। সুতরাং আজকে যেটা প্রয়োজন, যেটা সবচেয়ে বেশী নির্ভর করে, সেটা হচ্ছে এই সরকার জনস্বার্থের প্রতি কতখানি কর্ত্তব্যপরায়ণ। সত্যি সত্যিই যাতে ভেজালদারদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যায়, সেইজন্য আমি প্রস্তাব রাখছি খাদ্য দ্রব্য এবং ভোজ্য দ্রব্য যেগুলি বাজারে বিক্রী হয়, সেগুলির জন্য যেন সরকার থেকে একটা চেকিং করে ছাড়পত্র দেওয়ার ব্যবস্থা করা হয়। তাই আমার বক্তব্য এই প্রস্তাবের বক্তব্যের যৌক্তিকতাকে বিবেচনা করে, আমি যে প্রস্তাব রেখেছি, সেটা আপনারা সকলেই সমর্থন করবেন।

**শ্রী নিরঞ্জন মুখার্জী ঃ** স্যার, যে প্রস্তাব সভায় উত্থাপন করা হয়েছে, এই সম্পর্কে দুইজন মন্ত্রী এবং অন্যান্য সদস্যরাও বলেছেন। জবাবী ভাষণে বলব কেউই এর বিরোধীতা করেননি। আমি যেটা বলব সেটা হচ্ছে কেউ কেউ ২/৩টি পয়েন্ট উল্লেখ করেছেন বা মন্তব্য করেছেন— আমি যেটা বলতে চাই সেটার প্রথমটা হচ্ছে রেপসিড অয়েল। রেশনে যে তেল দেওয়া হচ্ছে সেটা ভেজাল তেল নয়। রেশনে তেল এনে ভেজাল দেওয়া হচ্ছে সেটাও ঠিক নয়। রেপসিডের ব্যাপারে আমি বলব— একজন বলেছেন ভেজাল মহিলা — সেটাকে নিয়ে নানা রকমের কাণ্ড, নানা রকমের প্রচেষ্টা হচ্ছে। আমার অত্যন্ত দুঃখ লাগে মানুষগুলি যখন কষ্ট পাচ্ছে, হাসপাতালে চিকিৎসা হচ্ছে, বাইরের ক্যাম্পে চিকিৎসা হচ্ছে, তখন সেখানে আমাদের কেন্দ্রের একজন রাষ্ট্রমন্ত্রীকে — তাঁকে কোনদিন বেহালায় যেতে দেখিনি— দেখলাম হঠাৎ একদিন দলবল নিয়ে চলে এলেন।

**[ 5-50 – 6-00 p.m.]**

সেখানে তাঁর খুব দরদ হয়েছে। কাগজে বেরুল ১ লক্ষ টাকা নাকি দান করেছেন। কোথাকার টাকা, কে দিল, সেই প্রশ্ন তুলব না কিন্তু খামে করে যে ৫০০ টাকা করে দেওয়া হল তার ভেতরে অনেকগুলি খাম পাওয়া গেল যার মধ্যে টাকা নেই। তাহলে কি এটাকেও আর একটা ভেজাল বলব? তাঁরা আরো বলছেন বস্তিতে যেখানে লোক রোগে আক্রান্ত হয়েছে সেই বস্তিতে নাকি তাঁদের মারা হয়েছে। তাঁরা যেতে পারেন নি কারণ বস্তিতে তাঁরা যান না। কর্পোরেশনের ১১৭/১১৮ নম্বর ওয়ার্ড, বুড়ো শিবতলা, যেখানে আক্রান্ত হয়েছে, সেই ওয়ার্ডের দু'জন কাউন্সিলার কংগ্রেসের, সেই কাউন্সিলারদের বাড়ীতে রোগীরা বিকলাংগ অবস্থায় ধাওয়া করেছে। একজন ডাক্তার তার বাড়িতে গেছে, তিনি পালিয়ে গেছেন। আমরা ডেকেছি, আসেননি। এটা থেকে তাঁরা রাজনৈতিক ফয়দা তোলার চেষ্টা করছেন। যদি সত্যই তাঁদের দরদ থাকত তাহলে অন্য কিছু ব্যবস্থা করতেন। নির্মলবাবু বলেছেন গরীব ভাণ্ডারের আসল মালিক হচ্ছে এ. কে. ভট্টাচার্য্য। সৌগত বাবু অনেক খবর রাখেন, তিনি কি বলবেন তিনি একজন নর্থ ক্যালকাটার কংগ্রেসের লিডার কিনা এবং এই এ.কে.ভট্টাচার্য যাতে গ্রেপ্তার না হয় তারজন্য ভেজাল মহিলা থানা অফিসারের কাছে হামলা দিয়ে এসেছেন যে একে গ্রেপ্তার করলে গোলমাল করে দেব। বর্তমানে কানাই সাউ এবং তার ভাইরা চালাচ্ছে। যে ভেজাল দিয়েছে তাদের আরোও দোকান আছে। তারা সব কংগ্রেস কর্মী। আজকে তারা একথা গোপন করে অন্যভাবে মানুষকে বিভ্রান্ত করলে হবে না। ব্যাপারটা সত্যসত্যই প্রত্যেকের কাছে বেদনাদায়ক। দেখলে সকলেরই দুঃখ হবে। এই রকম একটা ঘটনা ঘটল কেন নিশ্চয়ই এর বিরুদ্ধে আমাদের দাঁড়াতে হবে, এই রকম একটা নিন্দনীয় কাজের যত রকম প্রতিরোধ করার ব্যবস্থা আছে আমাদের করতে হবে। আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো সেটা হচ্ছে আমাদের গভর্নমেন্ট থেকে রিলিফ দেওয়া হচ্ছে। প্রথমতঃ হাসপাতালে যারা আছে তাদের কাইন্ডে এবং টাকা পয়সা দেওয়া হচ্ছে

কয়েনে। আর যারা ক্যাম্পে চিকিৎসা হচ্ছে তাদের কিছু টাকা দেওয়া হচ্ছে এবং জি.আর-এ চাল দেওয়া হচ্ছে। রিলিফে যে চাল গেছে সেই চাল এত খারাপ যে বিলি করতে আমরা সাহস পাইনি। আমি খাদ্য মন্ত্রীকে বলব এফ.সি.আই থেকে যে চাল দিচ্ছে সেটা আমাদের নায্য পাওনা দিচ্ছে, সেই চাল খেয়ে যাতে আবার রোগগ্রস্ত না হয়ে পড়ে সেটা দেখবেন। এই কথা বলে আমি প্রস্তাব রাখছি, এর কেউ বিরোধীতা করেননি, আশা করি সর্বসম্মতিক্রমে এই প্রস্তাব গৃহীত হবে।

**মিঃ স্পীকার ঃ** সুদীপ বন্দ্যোপাধ্যায়, সৌগত রায় কেউ নেই, তাঁদের জবাবী ভাষণ হবে না।

The Motion of Shri SAUGATA ROY that

"Whereas large number of persons were paralysed by consuming adulterated rapeseed oil supplied by the Public Distribution System in Behala and Tollygunge in July 1988;

Whereas various Political Parties including the Congress (I) have launched agittions to focus attention of the Government to the above issue ;

Now, therefore, this House urges upon the State Government to hold a judicial inquiry into the repeseed oil tragedy", was then put and lost.

The motion of Shri NIRANJAN MUKHERJEE that

"পশ্চিমবঙ্গ বিধানসভা অত্যন্ত উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, প্রথমে বেহালায় একটি দোকান থেকে এবং পরে টালিগঞ্জের কয়েকটি দোকান থেকে বিক্রী হওয়া ভেজাল তেল খেয়ে বহু সংখ্যক মানুষ গুরুতর অসুস্থ হয়ে পড়েন।

এই সভা লক্ষ্য করছে যে, বেহালার ঘটনার পর অসুস্থ রোগীদের অবিলম্বে চিকিৎসা করার জন্য সরকারী হাসপাতালসমূহে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এবং সরকারী প্রয়াসের পাশাপাশি বেসরকারী স্বেচ্ছাসেবী উদ্যোগেও অসুস্থ ব্যক্তিদের চিকিৎসার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। যার ফলে অনেকে ইতিমধ্যে সুস্থ হয়ে বাড়ী ফিরে গেছেন।

এই সভা আরও লক্ষ্য করছে যে, অসুস্থ ব্যক্তিদের পরিবারবর্গকে রাজ্য সরকারের পক্ষ থেকে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে, এবং যারা পঙ্গু হয়ে পড়বেন তাদের জন্য আর্থিক পুনর্বাসনের ব্যবস্থা করা হবে বলে সরকারী ঘোষণা করা হয়েছে।

এই সভা আরও লক্ষ্য করছে যে, বেহালার ঘটনার পর তেল অন্যান্য খাদ্যসামগ্রী ও জনসাধারণের ব্যবহারের সকল জিনিসে ভেজাল দানের বিরুদ্ধে প্রতিরোধের কর্মসূচীকে জোরদার করা হয়েছে এবং এই ব্যাপারে রাজ্য সরকারের সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগ এবং বিভিন্ন পৌর প্রতিষ্ঠান মিলিতভাবে অগ্রসর হচ্ছেন।

এই সভা তেলে ভেজাল দানের এই সমাজবিরোধী কাজের তীব্র নিন্দা করছে, এবং যারা এই কাজে লিপ্ত তাদের বিরুদ্ধে ঘৃণা প্রকাশ করছে।

অপরপক্ষে এই সভা অসুস্থ ব্যক্তিদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে এবং তাদের দ্রুত আরোগ্য কামনা করছে।

পরিশেষে এই সভা ভেজাল প্রতিরোধের কাজে দৃঢ়তার সঙ্গে এগিয়ে আসার জন্য জনসাধারণের সকল অংশের নিকট আবেদন জানাচ্ছে", was then put and agreed to.

The Motion of Shri DEBA PRASAD SARKAR that

"যেহেতু সম্প্রতিকালে বেহালা ও টালিগঞ্জের বিস্তীর্ণ এলাকার শতশত নরনারী ও শিশু ভেজাল তেল খেয়ে চিরজীবনের জন্য পঙ্গু হয়ে যেতে বসেছে;

যেহেতু ভেজালতেলে আক্রান্ত ব্যক্তিদের সম্পূর্ণ সুস্থ করে তোলার জন্য যথাযথ চিকিৎসার ব্যবস্থা করা হয়নি;

যেহেতু ভেজাল তেলে আক্রান্ত ব্যক্তিদের জন্য ক্ষতিপূরণ বাবদ সরকারী অর্থ বরাদ্দ প্রয়োজনের তুলনায় খুবই সামান্য;

সেহেতু এই সভা প্রস্তাব করছে যে,—

(ক) ভেজাল প্রতিরোধে ভোজ্য তেলে পূর্ণাঙ্গ রাষ্ট্রীয় বাণিজ্য প্রবর্তন করা হোক এবং উক্ত ব্যবস্থা কার্যকরী না হওয়া পর্যন্ত অন্তবর্তীকালীন ব্যবস্থা হিসেবে সরকারী তত্ত্বাবধানে দোকানে দোকানে ভোজ্য তেল সহ বিভিন্ন খাদ্যদ্রব্য পরীক্ষা করে বিক্রয়ের ছাড়পত্র দেওয়া হোক; এবং

(খ) ভেজাল তেলে আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসার সুবন্দোবস্ত করা হোক, ক্ষতিপূরণ বাবত সরকারী বরাদ্দ অর্থের পরিমাণ বাড়ানো হোক এবং পঙ্গু ব্যক্তিদের সম্পূর্ণ অর্থনৈতিক পুনর্বাসনের দায়িত্ব গ্রহণ করা হোক", was then put and lost.

The Motion of Shri SUDIP BANDYOPADHYAY that

"Whereas a demonstration by Congressmen in Cooch Behar was fired upon by the Police resulting in the death of two Congress Workers in August 1988 ;

Whereas this firing by the Polie has given vent to serious resentment among the people and agitations in protest are taking place throughout West Bengal to demand a Judicial Inquiry into the incident of Firing by the Police on Congress Workers at Cooch Behar, who were protesting against spurt in adulteration in the State ;

Now, therefore, this House urges upon the State Government to set up an Inquiry Commission headed by a Sitting Judge of the Calcutta High Court to hold a Judicial Inquiry into the incident of Police Firing at Cooch Behar", was then put and lost.

**শ্রী সুভাস বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সামনে হাউসে একটা বিশেষ ঘটনা উপস্থিত করতে চাই। আজকে প্রায় ২০ হাজার রেলওয়ে হকার সিধো-কানহু ডহরে এসেছে। এই হকাররা সব গরীব ঘরের সন্তান এবং বিভিন্ন রকম জিনিষ রেলগাড়ীতে বিক্রি করে সংসার প্রতিপালন করছে। এদের কোন চাকুরী নেই, বিভিন্ন কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে, এই হকাররা রেলগাড়ীতে জিনিষপত্র বিক্রি করে সৎ জীবনযাপন করছে। কিন্তু পুলিশ তাদের পেটাচ্ছে এবং ধরে ধরে জেলে

পাঠাচ্ছে। আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করছি, রেলওয়ে হকারদের উপর অত্যাচার বন্ধ হোক এবং তারা যাতে নিরাপত্তা সহকারে তাদের ব্যবসা করতে পারে সেই ব্যবস্থা হোক।

**মিঃ স্পীকার ঃ** দৃষ্টি আকর্ষণী করার কথা ছিল না, শুধু ইনফরমেশন দেবার কথা ছিল। আপনি এবারে বসুন। এখন অমলবাবু, আপনি আপনার মোশন মুভ করুন,

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** Sir, I beg to move that

"This House shows its grave concern at the scheme of amalgamation of State-owned textile mills which will liquidate at least 10 mills in West Bengal throwing about 25 thousand people out of employment and denotification of two other textile mills, viz. Sridurga Cotton Mill and Mohini Cotton Mill, which have thrown some 2 thousand people in dire distress ;

This House requests the Central Government through the State Government not to proceed with the so-called amalgamation scheme but to act up to the promise of reorganisation and rehabilitation of the State-owned mills with a view to catering the needs of common mass of the country for cloth and yarn at fair process as declared in the very Act of Nationalisation itself ; and

This House further requests the Central Government through the State Government to immediately withdraw the order of denotification in case of Sridurga Cotton Mill and Mohini Cotton Mill and to ensure their running by taking over their management or by taking over their ownership in public interest."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মোশনের সমর্থনে গোড়াতে আমার ২/১টি কথা নিবেদন করার আছে। ন্যাশানাল টেকসটাইল কর্পোরেশন আমাদের দেশের ১০৩টি ষ্টেট ওনড মিল যা ন্যাশানালাইজড মিল চালাচ্ছে। প্রথম দিকে ম্যানেজমেন্ট টেক ওভার করে তাদের চালাতে দেওয়া হয়েছিল, পরে ১৯৭৪ সালে ১০৩টি কারখানা ন্যাশানালাইজড করা হয় ষ্টেট ওনড কারখানা হিসেবে, ন্যাশান্যাল টেক্সটাইল কর্পোরেশন এই কারখানাগুলি চালাচ্ছে ১৫ বছর ধরে। এই ১০৩টি কারখানার সঙ্গে আরও কিছু কারখানার ম্যানেজমেন্ট টেক ওভার করা হয়েছিল যদিও সেগুলি ষ্টেট ওনড নয়। মোটামুটিভাবে বলা যায়, ম্যানেজমেন্ট টেক ওভার করা কারখানা এবং ষ্টেট ওনড মিলিয়ে মোট ১২৫ টি কারখানা ন্যাশান্যাল টেক্সটাইল কর্পোরেশন চালাচ্ছে।

**[6.00 - 6.10 p.m.]**

এগুলির মধ্যে বেশ কিছু মিল যেগুলি হেভিলি লুজিং মিল বলে তারা চিহ্নিত করেছেন এবং এই সমস্ত হেভিলি লুজিং মিলগুলির ক্ষেত্রে একটা স্কীম তারা তৈরী করেন যার নাম দেওয়া হয়েছে এ্যামালগামেসন মিল, এটা কানা ছেলের নাম পদ্মলোচনের মত — এ্যামালগামেসনের অর্থ হচ্ছে যে কারখানাগুলিকে লিকুইডেশন করা। যে কারখানাগুলিকে হেভিলি লুজিং মিল বলে চিহ্নিত হয়েছে, এই স্কীমে দেখা যাচ্ছে যে সেই কারখানাগুলির ভিতর পিক এন্ড চুজ করে ৯টি যে সাবসিডিয়ারী করপোরেশন আছে ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলে- এর মধ্যে দুটিকে সাবসিডিয়ারী করপোরেশন যার

কোন মিল নেই যেগুলি এ্যামালগামেসন হবে বা লিকুইডেটেড হবে। বাকী ৭টি সাবসিডিয়ারী এই রকম কারখানা আছে— বিচিত্র এই স্কীমে দেখা যাচ্ছে যে, যে হেভিলি লুজিং মিলের ভেতর যেগুলি লোকসান করছে সেই মিলগুলি চালাবেন বলে ঘোষণা করছেন। আর যারা কম লোকসান করছে ওরা বলছেন এগুলিকে এ্যামালগামেট কারখানা বা লিকুইডেট করে দিতে হবে। তো মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই সভার দৃষ্টি এইদিকে আকর্ষণ করতে চাচ্ছি যে আমাদের এখানে যারা কর্তৃপক্ষ আছে এখানে আমাদের ন্যাশনাল টেক্সটাইল করপোরেশন যা পশ্চিমবাংলা বিহার উড়িষ্যা আসাম নিয়ে— ১৮টি ষ্টেট ওনড মিল — একটা মোহিনী মিল যেটা ষ্টেট ম্যানেজড নয় ন্যাশ্যনাল টেক্সটাইল করপোরেসন কয়েক বছর ধরে এই মিল ম্যানেজ করছে এই ১৮টি মিল আমাদের সাবসিডিয়ারী কর্পোরেশন-এর হাতে আছে এবং এই ১৮টি মিলগুলির মধ্যে অধিকাংশ মিলই এ্যামালকগামেসনের নাম করে লিকুইডেট করবার ব্যবস্থা করছে। এখানে দেখা যাচ্ছে যে ১০টি মিল আজকে এই রকমভাবে লিকুইডেসনে যেতে বসেছে । মোট কথা হচ্ছে এই হেভিলি লুজিং মিলগুলির যে তালিকা করা হয়েছে সেই তালিকায় দেখা যাচ্ছে ওয়েষ্ট বেঙ্গল সেন্ট্রাল কটন মিল যা তালিকার খুব উপরে নয় ৫/৭টি মিলের পরে সেন্ট্রাল কটন মিলের নামে আছে। কিন্তু বাদবাকী আমাদের এই যে মিলগুলি আছে ষ্টেট ওনড মিল সব কয়টি মিলের তালিকার অনেক নীচে আছে কিন্তু এমনই অদ্ভুত লজিক যে কারখানাগুলি বেশী লোকসান করছে যেমন দিল্লীতে ডি পি আর একমাত্র কারখানা ন্যাশানালাইজড হয়েছে। ষ্টেট ওনড মিল যুধিয়া টেক্সটাইল মিল যা বহু লোকসান করছে ৫০টি কারখানার মাথায় রয়েছে লোকসানের দিক থেকে সেই কারখানাকে রেখে দেওয়া হোল। কিন্তু এখানে যেটা সকলের নীচে আছে মনিন্দ্র কটন মিল সেটা লিকুইডেট করলেন এই একটা দিক নিয়ে আমাদের যারা কর্তৃপক্ষ আছেন তাদের জিজ্ঞাসা করেছিলাম কি ধরণের স্কীম? তাতে ওনারা বলেছিলেন যে এই স্কীম সম্বন্ধে আমাদের কিছু করার নেই এটা ক্যাবিনেটের ডিসিসন। আমরা ক্যাবিনেটের ডিসিসন অনুযায়ী কাজ করতে বাধ্য— আমাদের কোন উপায় নেই। যদি এই কারখানাকে আপনারা রাখতে চান তাহলে ক্যাবিনেটের সিদ্ধান্ত যাতে পাল্টায় তার ব্যবস্থা করলে সেটা হবে, আমরা কিছু করতে পারবো না বলে এই স্কীম চালু করার কাজ আরম্ভ করে দিলেন। এবং একটা মিল যে কারখানার নাম আগে করেছিলাম মনিন্দ্র মিল যেটা ঐ হেভি লুজিং মিল-এর একেবারে সকলের নীচে আছে সেই কারখানায় ইয়ার্ন বন্ধ করে দেবার ব্যাপারে এক্সজিকিউটিভ দিল্লী থেকে কলকাতায় চলে এলো।

এটা নিয়ে আমরা দিল্লীতে রাজ্য সভায় তোলার ব্যবস্থা করলাম। রাজ্য সভায় ৯ই আগষ্ট তারিখে টেক্সটাইল মিনিষ্টার রাম নিবাস মির্ধা বলেছেন এবং ১১ তারিখে বিবৃতি দিয়েছেন— তিনি বলেছেন, "না, গভর্ণমেন্ট এই সব কিছু করে নি, এখনো কোন মিল বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত করা হয়নি। ন্যাশনাল টেক্সটাইল করপোরেশন এই রকম একটা সিদ্ধান্ত নাকি করেছে। এটা ওদের বক্তব্য।" গভর্ণমেন্ট বলছে, আমরা কিছু করিনি, ন্যাশন্যাল টেক্সটাইল করপোরেশন করছে, আর ন্যাশনাল টেক্সটাইল করপোরেশন বলছে আমরা কিছু করিনি, এটা ক্যাবিনেটের ডিসিসন। তাহলে আমরা যাব কোথায়? সেই জন্য আজকে এই প্রস্তাব আমাদের উত্থাপন করতে হয়েছে। আমি আর একটি কথা বলে আমার প্রারম্ভিক ভাষণ শেষ করব, সেটা খুবই প্রয়োজনীয় কথা বলে আমি মনে করি। আমাদের রাজ্যে একটি মাত্র মিল মোহিনী মিল কে ম্যানেজড মিল হিসাবে ন্যাশনাল টেক্সটাইল করপোরেশন চালাচ্ছে। শ্রী দূর্গা আগেই বন্ধ হয়ে গেছে। এটা আই.আর.সি.আই., আই.আর.ডি.বি-র সহায়তায় চলছিল। একেও তারা বন্ধ করে দিয়েছেন। কিন্তু এটা এ্যামালগামেশান স্কীমে শ্রীদূর্গা, মোহিনী মিল এর ম্যানেজড মিল হিসাবে চলছিল। হঠাৎ করে ডিনোটিফাই করে তারা সেটা বন্ধ করে দিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানি যে, মোহিনী মিলের ম্যানেজমেন্ট টেক ওভার করা হয়েছিল।

আমরা এটা স্বীকার করব, আইনে আছে এই টেক ওভারের ব্যাপারটায় শো ফার ম্যানেজমেন্ট টেক ওভার ইজ কনসার্নড্— কোন একটা ম্যানেজমেন্ট টেক ওভারের ব্যাপারে লিমিট হচ্ছে ১৫ ইয়ারস। প্রথম ৫ বছরের জন্য এবং তারপর ৫ বছর বাদে দু বছর, দুবছর করে এক্সটেনশন করে আরো ১০ বছর এই নিয়ে মোট ১৫ বছর— এই ১৫ ইয়ারসের মধ্যে তারা ছেড়ে দিতে পারেন। কারণ, এটা ন্যাশানালাইজড নয়, এর মালিক আছে। এখন সেই মালিক কোথায় আছে, কি করবে সেই প্রশ্ন আছে ম্যানেজমেন্ট টেক ওভার করবার ব্যাপারে এখন ছেড়ে দেওয়া না দেওয়ার প্রশ্ন এখানে উঠতে পারে না। হঠাৎ করে মোহিনী মিল ছেড়ে দেওয়া কিন্তু আমাদের বক্তব্য হচ্ছে মোহিনী মিল যে সময় ছেড়ে দেওয়া হচ্ছে সেই সময় আমি অন্য কোন ষ্টেট সাবসিডির প্রশ্ন এখানে তুলব না, ইউ পি ষ্টেট সাবসিডির কথাই তুলতে চাই। কারণ, সেটা হচ্ছে আমাদের প্রধানমন্ত্রীর খাস তালুক। ইউ পিতে রাষ্ট্রায়ত্ব মিলের সংখ্যা মাত্র ৫ টি ছিল। এই ৫টি মিলই ন্যাশানালাইজড হয়েছিল। কিন্তু ন্যাশানালাইজড মিলের তালিকায় সেখানে দেখা যাচ্ছে ইউ পি তে মিলের সংখ্যা হচ্ছে ১৩টি। এই ৮টি নতুন মিল কোথা থেকে এল? কাগজ পত্র ঘেঁটে দেখা যাচ্ছে এই ৮টিই হচ্ছে ম্যানেজড মিল, একটিও ষ্টেট ওনড নয়। ১০৩টির তালিকায় যেগুলি ষ্টেট ওনড হয়েছে সেটা ১৯৭৪ সালে ন্যাশনালাইজেসনের তালিকায় দেওয়া আছে। তার একটাও এদিক ওদিক হবার উপায় নেই। কিন্তু বিভিন্ন ষ্টেটে তারা পিক এ্যান্ড চুজ করে কিছু কিছু মিলের ম্যানেজমেন্ট টেক ওভার করে চলেছে। এন.টি.সি'র প্রশ্ন তোলা হচ্ছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এখন দেখছি যে ইউ.পি. তে এই মুহূর্তে ৮টি নতুন মিলকে তারা ম্যানেজড মিল হিসাবে চালাচ্ছে এন.টি.সি এখানকার মোহিনী মিলকে সাবসিডি দিয়ে তারা একটু সাহায্য করেছিলেন, মিলটি চালালেন। কিন্তু আজকে এই একটি মাত্র মোহিনী মিলকে সাবসিডি বন্ধ করে দিয়ে যদি ইউ.পি'র ৮ টি মিল চালান তাহলে এটা কি ইনডিসক্রিমিনেসন নয়? এর বিরুদ্ধে আমরা আওয়াজ তুলব না? কাজেই আমরা আওয়াজ তুলতে চাইছি। হেভিলি লুজিং মিলের যে অজুহাত দেওয়া হয়েছে সেটা সম্পর্কে আমাদের বক্তব্য আমরা বলেছি। কারণ কি? তার কারণ বলছেন না। লোকসানের কারণ কি? তদন্ত হয়েছে কি? লোকসানের কোন তদন্ত হয়নি। কেন তদন্ত করছেন না। তদন্ত করলে কারণগুলি বেরোত। আমরা বলেছি বন্ধ করে দেওয়াটা কোন সমাধান নয়। রিহ্যাবিলিটেশন এবং রিঅর্গানাইজেশন যেটা ১৯৭৪ সালে জাতীয়করণ আইন যখন করা হয় তখন বলা হয়েছিল যে, এই সব মিলগুলিকে রিঅর্গানাইজড্ এবং রিহ্যাবিলিটেটেড্ করা হবে। ১৫ বছরে কিছুই করেন নি। কাজেই লোকসান হচ্ছে।

**[6.10 - 6.20 p.m.]**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কংগ্রেসী বেঞ্চের বক্তারা কেউ নেই। আমি দেখছি তালিকায় সৌগত রায়ের নাম আছে। কিন্তু উনি আগেই ওয়াক আউট করে চলে গেছেন। এটা একটা গুরুত্বপূর্ণ আলোচনা। এই আলোচনা থেকে তো উনি ওয়াক আউট করেন নি, এই আলোচনায় উনি যোগদান করতে পারতেন। আমার মনে হয় উনি যোগদান করবেন না। এটা অত্যন্ত দুঃখের বিষয়। যাই হোক, আমি আশা করবো এটা সর্বসম্মতিক্রমে গৃহীত হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** Now Shri Sougata Roy.

........(Shri Saugata Roy was not present when called out)......

**শ্রী যামিনী ভূষণ সাহা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অমলেন্দ্র রায় মহাশয় যে মোশান এখানে এনেছেন, সেই মোশানকে আমি সমর্থন করে কয়েকটি কথা এখানে বলতে চাই। এই এ্যামালগামেশানের নাম করে প্রকৃত পক্ষে যে ১৪টিএন.টি.সি. মিল চলছে সেই ১৪টি কারখানার

*ব্যাপারে প্রথমে প্রস্তাব হয়েছিল যে ৪টি রাখা হবে, বাকী ১০টি কারখানা উঠে যাবে। পরবর্ত্তী কালে এটা নিয়ে যখন পশ্চিমবঙ্গে ব্যাপক ভাবে আন্দোলন হয় আই.এন.টি.ইউ.সি-এর এবং তাতে কংগ্রেসীরাও আমাদের সঙ্গে ছিলেন এবং এখনও আছেন। এর বিরুদ্ধে প্রতিবাদ করার জন্য কংগ্রেস* সমেত সমস্ত দল নির্বিশেষে একদিনের হরতাল করা হয় টেক্সটাইলে। তার পরে কিছু চাপ পড়ার পরে মুখ্যমন্ত্রীর সঙ্গে হোলডিং কোম্পানীর দিল্লীর ম্যানেজিং ডাইরেক্টর এসে দেখা করেন। তারপরে দেখা গেল যে নূতন করে তারা প্রস্তাব দিয়েছেন। সেই নূতন প্রস্তাবের মধ্যে তারা বলেছেন যে ৪টি নয়, ৭টিকে রাখবেন বাকী ৭টি তারা বন্ধ করে দেবে। এর ফলে কি হবে? ওদের লিখিত প্রস্তাব মুখ্যমন্ত্রীর কাছে আছে। এই কারখানায় ১২ হাজার ৯০ জন কর্মচারী আছে। এটা যদি কার্যকরী করা হয় তাহলে ৫ হাজার ১৭৩ জন শ্রমিক থাকবে। আর সারপ্লাস হচ্ছে অর্থাৎ ছাঁটাই হচ্ছে ৬ হাজার ৯১৭ জন। কর্মচারী যারা আছেন তাদের মধ্যে ছাঁটাই হবে ১ হাজার ৪৭৭ জন। অর্থাৎ যে স্কীম দেওয়া হয়েছে তাতে মোট শ্রমিক এবং কর্মচারী মিলে যেখানে ১৪ হাজার ১৭৬ জন ছিল, তার মধ্যে ৮ হাজার ৩৯৪ জনকে ছাঁটাইয়ের ফলে বেরিয়ে যেতে হবে। যেখানে ৭টি স্পিনিং মিল ছিল সেখানে হবে ৬টি। আর উইভিং যেখানে ছিল ২টি সেখানে একটিও থাকবে না। উইভিং এবং স্পিনিং যেটা কম্পোজিট মিল, সেটা ছিল ৫টি সেখানে দাঁড়াবে একটি। এই ১৪টির মধ্যে ৭টিতে পরিণত হবে। কিন্তু সমস্যা হচ্ছে মোহিনী মিল নিয়ে। সম্প্রতি মোহিনী মিলকে ডিনোটিফিকেশান করে দেওয়া হয়েছে। মাননীয় সদস্যরা হয়ত কাগজে দেখেছেন যে এই ব্যাপারে হাইকোর্ট হয়েছে। সে জন্য এই বিষয়ে আমি বিশেষ কিছু বলতে চাইছি না। এখানে ২॥ হাজার শ্রমিককে আজকে অনিশ্চয়তার মধ্যে রাখা হয়েছে। শ্রী দূর্গা আই.আর.সি.আই. নিয়েছিলেন, তারা কো অপারেটিভ করে চালাবার চেষ্টা করলো,. দেড় হাজার শ্রমিক তাদের অবস্থা খারাপ। আমি পশ্চিমবঙ্গের ক্ষেত্রে বলছি সারা ভারতবর্ষের ক্ষেত্রে বলছি না, তাতে করে গিয়ে দাঁড়িয়েছে এই বেকারী অবস্থা ১১ হাজার ৮৯৪ জন শ্রমিক বেকার হয়ে যাচ্ছে। আজকে এটা আমাদের ভাববার বিষয়। আমাদের কাছে যদি অন্যরকম প্রস্তাব আসতো যে কী করে মডার্ণাইজড করা হবে, কী করে রিহ্যাবিলিটেট করা হবে, কী করে ভায়েবল করা হবে, তাহলে সেখানে বিচার বিবেচনা করে দেখা যেতে পারতো ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে, বিচার বিবেচনা করে সেটা ঠিক করা যেতে পারতো। তা না করে, তারা বলছে সাতটি মিল তারা তুলে দেবে এবং সেখানে তারা আরও কী বলছে, এত গুলো লোক ছাঁটাই হয়ে যাবে, তারা শর্ত দিচ্ছে রাজ্যসরকারের কাছে শর্ত দিচ্ছে ওয়ার্ক লোড নর্ম মানতে হবে, তারা সিট্রার কথা বলছে। সিট্রা হচ্ছে সম্পূর্ণ ভাবে তাদের যে কাজের চাপ এমন বৃদ্ধি করা, যা বিভিন্ন ব্যাক্তিগত মালিকরা এই সমস্ত করে বেড়াচ্ছে, অর্থাৎ কেন্দ্রীয় সরকার তাই করতে চাইছে। তারা বলছে ছাঁটাই করার পর যারা থাকবে তাদের তিন বছরের জন্য বেতন, ডি.এ. ফ্রিজ করতে হবে। এখানেই শেষ নয়, মিল তুলে দেওয়া শুধু নয়, তিন বছরের জন্য বেতন, ডি.এ, ফ্রিজ করতে হবে যারা থাকবেন তাদের। এন.টি.সি'র পাওয়ার কাট চলবে না মুখ্যমন্ত্রীর কাছে প্রস্তাব দিয়ে গেছে। ২৪ ঘন্টা তাকে বিদ্যুৎ দিতে হবে, আর শর্ত হচ্ছে এন.টি.সি.'র মিলগুলো থেকে বিদ্যুতের যে ডিউটি, সেই ডিউটি থেকে তাকে মুকুব করতে হবে, দিতে হবে না। রাজ্য সরকার নূতন ইউনিট হিসাবে যে সমস্ত সুযোগ সুবিধা দেন তাদের বিভিন্ন শিল্প কারখানায়, সেই সব দিতে হবে। শ্রমিক ছাঁটাই, ওয়ার্ক লোড, ইলেকট্রিক ডিউটি মুকুব করে দিতে হবে এবং এছাড়া জমি, কারখানা যেগুলো উঠে যাবে, সেই জমিগুলো বিক্রি করার অধিকার দিতে হবে। আর হচ্ছে কারখানা বন্ধ করার অধিকার দিতে হবে। কারণ আজকাল আইন আছে, ক্লোজার করতে গেলে রাজ্য সরকারকে জানাতে হবে। এখন সেটাও তারা দাবী করেছে, আমাদের বেলায় করতে হবে। সম্পূর্ণ ভাবে যেখানে আমরা শিল্প গড়ে তোলার চেষ্টা করছি— আমরা মেনে নিলাম সাতটা কারখানা বন্ধ হলো, এত লোক ছাঁটাই হলো, কিন্তু ঐ শিল্পের জমিগুলো নিয়ে যা ইচ্ছে করবে, তাদের সেই জমিগুলো বিক্রি করার

অধিকার দিতে হবে, তারা হাউজিং স্কীম করবে। কেন্দ্রীয় সরকার এই সমস্ত জিনিসগুলো আমাদের উপর চাপিয়ে দিচ্ছে। তাই সোজা কথা, ধরুণ ওরা গুজরাটে কিছুটা সাকসেসফুল হয়েছে, আজকে গুজরাটে কংগ্রেস সরকার, ১২টা কারখানা এন.টি.সি'র তার মধ্যে ৬টা কারখানা ইতিমধ্যে ক্লোজার করার অনুমতি দিয়ে দিয়েছে এবং ৬ টা কারখানা বন্ধ করে দিয়েছে। আমরা আজকে এন.টি.সি. সম্পর্কে প্রস্তাবটা আলোচনা করছি, এর বাইরে যেতে পারছি না। পশ্চিমবাংলার টেক্সটাইলের অবস্থা হচ্ছে আরও ১০টা বন্ধ হয়ে গেছে ব্যক্তিগত কারখানা। কোন কারখানা দু বছর, কোন কারখানা তিন বছর, সব বন্ধ। এই অবস্থাতে এন.টি.সি. এই জিনিস আনছে। আজকে যদি এটা মেনে নেওয়া হয় তাহলে ব্যক্তিগত মালিকরা অত্যন্ত জঘন্যতম শর্ত আরোপ করে কারখানা বন্ধ করে দেবার চক্রান্ত করবে।

**[ 6-20 – 6-30 p.m.]**

সরকারী সংস্থা এন.টি.সি'কে যখন ইলেকট্রিসিটি ডিউটি ফ্রি করে দেওয়া হয়েছে তখন ঐ সুযোগ আমাদেরও দিতে হবে। ওদের মত আমাদেরও নতুন শিল্প করার সুযোগ দিতে হবে, শ্রমিক ছাঁটাই করার সুযোগ বা অধিকার দিতে হবে। ওদের যদি জমি বিক্রি করতে দেওয়া হয়, তাহলে আমাদেরও সারপ্লাস ল্যান্ড বিক্রি করার অধিকার দিতে হবে। অর্থাৎ এরকম একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হচ্ছে। সুতরাং আমার কথা হচ্ছে মাননীয় সদস্য অমলেন্দ্র রায় যে সুনির্দিষ্ট প্রস্তাব রেখেছেন সেই প্রস্তাবকে সকলেই সমর্থন করা উচিত। শুধু পশ্চিমবাংলায় নয়, ভারত সরকার যে সূতাকল নীতি গ্রহণ করেছেন তার ফলে সারা ভারতবর্ষের সূতা-কল গুলিতে একটা দারুণ সংকট দেখা দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওঁরা চীফ্ মিনিষ্টারের কাছে যে নোটটি দিয়েছেন তাতে বলেছেন— এই ১৪টি মিলকে রিহেবিলাইটেসন প্রোগ্রামের মাধ্যমে নতুন মেশিনপত্র লাগিয়ে যদি উৎপাদন বাড়ানোও হয় তাহলেও সেই উৎপাদন সামগ্রী মার্কেটে বিক্রি হবে না, সুতরাং উৎপাদন করে কি হবে! অর্থাৎ কেন্দ্রীয় সরকার বলছেন— চাহিদা নেই, বাজারের সংকট দেখা দিয়েছে, সেই জন্য মিল গুলি বন্ধ করে দেব। কিন্তু আমরা জানি দেশের জনগণকে সস্তা দরে কন্ট্রোল কাপড় দেওয়ার উদ্দেশ্য নিয়েই ১৯৭২ সালে সারা ভারতবর্ষে ১০৩টি মিলকে ন্যাশানালাইজড করা হয়েছিল। এখন সেই সংখ্যাটা দাঁড়িয়েছে টেক ওভার নিয়ে ১২৬টি মিল। এই ১২৬টি মিল ১২ থেকে ১৪ বছর চালাবার পর— যেখানে আমাদের দেশে মাথাপিছু কাপড়ের উৎপাদন মিটার হিসাবে কমে যাচ্ছে, সেখানে আজকে জনগণের চাহিদা নেই, বাজার নেই বলে, মুনাফার দিকে লক্ষ্য রেখে উৎপাদন বন্ধ করে দেওয়া হচ্ছে। বর্তমানে কেন্দ্রীয় সরকারের নীতি হচ্ছে— টেরিকট, টেরিলিন, ভিস্‌কো ইত্যাদি ২০ টাকার বেশী প্রতি মিটারের দাম যে সমস্ত কাপড়ের সেই সমস্ত কাপড়ের উৎপাদন বৃদ্ধিতে উৎসাহ দেওয়া এবং উৎপাদনের পর বিদেশের বাজারে সেগুলি চালান দেওয়া। অর্থাৎ ১২ টাকার চেয়ে বেশী— প্রতি মিটারের — দাম যেসব কাপড়ের, যেসব কাপড় কেনবার আমাদের দেশের দরিদ্র জনগণের ক্ষমতা নেই, সেই সমস্ত কাপড় উৎপাদন করো এবং এক্সপোর্ট করো। সেই কাপড় উৎপাদন করা এবং এক্সপোর্ট করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার কোটি কোটি টাকা ইনসেনটিভ দিচ্ছেন। বিদেশের বাজারের দিকে তাকিয়ে কম শ্রমিক নিয়ে অত্যন্ত মর্ডানাইজড ছোট কারখানা করার দিকে তাঁরা জোর দিচ্ছেন। এই হচ্ছে ভারত সরকারের নীতি। অথচ আমাদের দরিদ্র দেশের দরিদ্র মানুষদের দিকে তাকিয়ে প্রতি মিটার তিন চার টাকা দামের কাপড় ভরতুকি দিয়ে উৎপাদন করার দিকে নজর দেওয়া প্রয়োজন। কিন্তু ভারত সরকারের সেদিকে কোন নজর নেই। তাঁরা বিদেশের বাজারে কাপড় বিক্রি করার জন্য, এক্সপোর্ট করার জন্য ভরতুকি দিচ্ছে, ভারতবর্ষের দরিদ্র জনগণের কাছে সস্তার কাপড় পৌছে দেওয়ার জন্য কোন টাকা খরচ করছেন না। মিলগুলিকে পর্যন্ত বন্ধ করে দেওয়া হচ্ছে। সুতরাং

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি এবং আমি আশা করছি সকল মাননীয় সদস্য বিষয়টিকে গুরুত্ব দিয়ে বিবেচনা করে প্রস্তাবটিকে সমর্থন করবেন। অধিগৃহীত মিল গুলি বন্ধ করে দেওয়া হচ্ছে, তাদের জমি বিক্রি করে দেওয়া হচ্ছে প্রভৃতি যাচ্ছেতাই সমস্ত কাজ কেন্দ্রীয় সরকার করছেন। সুতরাং আমি এই প্রস্তাব গ্রহণ করার সাথে সাথে বিভিন্ন দলের যে সমস্ত মাননীয় সদস্য ট্রেড ইউনিয়নের সঙ্গে যুক্ত আছেন তাঁদের কাছে অনুরোধ করছি— আসুন আমরা সবাই মিলে, একটা সর্বদলীয় টিম এখান থেকে করে দিল্লীতে গিয়ে কেন্দ্রীয় সরকারের বস্ত্র নীতির বিরোধিতা করে তাঁদের বলি যে, তাঁরা এই নীতি পরিত্যাগ করুন, এই কারখানাগুলিকে বাঁচান। তা যদি তাঁরা করেন তাহলে আমাদের দেশের গরীব মানুষরা বাঁচবে, শ্রমিকরা বাঁচবে। আমি মনে করি এখান থেকে একটি প্রতিনিধি দল কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান উচিত। এই কথা বলে, এই প্রস্তাবকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তি প্রসাদ বল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইন্ডিয়ান টেক্সটাইল ইনডাস্ট্রিস বা ভারতীয় বয়ন শিল্পের ওপর ১৯৮৫ সালে ভারত সরকারের ঘোষিত নীতির ফলে আজকে বয়ন শিল্পের ওপর যে সংকট নেমে এসেছে সেই পরিপ্রেক্ষিতে শ্রী অমলেন্দ্র রায় আজকে এই হাউসে যে প্রস্তাবটি উত্থাপন করেছেন তাকে আমি পরিপূর্ণ সমর্থন করছি। আমি সমর্থন করতে গিয়ে গুটিকয়েক কথা বলতে চাই। ভারত সরকার তথা রাজীব গান্ধী সরকার ১৯৮৫ সালে যে বস্ত্র নীতি ঘোষণা করলেন তারফলে আজকে বয়নশিল্পে, বস্ত্রশিল্পে একটা গভীর সংকট এসে হাজির হয়েছে। এটা একটা সাংঘাতিক ব্যাপার। পশ্চিমবঙ্গে ৬ কোটি মানুষের জন্য ১২০ কোটি মিটার কাপড়ের প্রয়োজন। অথচ এক-তৃতীয়াংশও উৎপাদন হয়না। বাইরে থেকে আনতে হয়। আমেদাবাদ, বোম্বে, পশ্চিম ভারতের এইসব রাজ্যগুলি থেকে আনতে হয়। এন.টি.সি. পরিচালিত ১৪টি মিল আছে। এর আগে মাননীয় সদস্য বললেন মোটামুটি ৭টি মিল বন্ধের প্রস্তাব এসেছে। আমি সেই প্রসঙ্গ টেনে বলতে চাই যে এটা বললে ভুল বলা হবে, আমাদের কাছে রিপোর্ট আছে ১৪টির মধ্যে ১০টির এ্যামালগামেশানের নামে বন্ধ করে দিতে চাচ্ছে আর ৪টি রাখতে চাচ্ছে। কর্মচারীদের বলা হয়েছে, স্বেচ্ছায় অবসর যদি না নিতে চান তাহলে চাকরী চলে যাবে, কারখানা আমরা বন্ধ করে দেব। এমনিতেই এন.টি.সি. শিল্পে উৎপাদন কম হতো। এই এন.টি.সির মাধ্যমে যেসব কাপড় তৈরী হতো সেগুলো গরীব মানুষের কেনার সুযোগ ছিল। আজকে এন.টি.সি. পরিচালিত মিলগুলিতে যেভাবে আজকে ইন্ডিয়ান টেক্সটাইল পলিসি ঘোষিত হয়েছে, যেভাবে আজকে সেই পলিসি গ্রহণ করে ভারতসরকার তার বয়নশিল্পের নীতি চাপিয়ে দিতে চাচ্ছেন তারফলে আজকে সাংঘাতিক অবস্থার সৃষ্টি হয়েছে। স্পিনিং বাড়ছে না, ওয়েডিং সম্পূর্ণ তুলে দিতে চাচ্ছেন। এ্যামালগামেশনের নাম করে অজকে ১৪টির মধ্যে ৪টির কাজ করবার ফলে ১০ হাজার লোকের চাকরী চলে যাবে। শুধু তাই নয়, বয়নশিল্পের সঙ্গে যে সমস্ত এ্যালায়েড ইনডাস্ট্রিগুলি আছে, তাঁতশিল্পগুলি আছে সেগুলো বন্ধ হয়ে যাবে এবং তার সঙ্গে হাজার-হাজার, লক্ষ-লক্ষ তাঁতী যুক্ত আছে। তাদের উপর সাংঘাতিক রকমের আঘাত আসবে। এটা একটা সাংঘাতিক ব্যাপার। সুতরাং এটাকে দেশদ্রোহীতা বললে অত্যুক্তি হয় না। যেখানে দেশে লক্ষ লক্ষ বেকার বাড়ছে, সেখানে এই অবস্থায় বয়ন শিল্পের যে সংকট দেখা দিচ্ছে সেটা ভাবা যায় না। নতুন বস্ত্রনীতি, শিল্পনীতি ঘোষণার ফলে আজকে তুলো আমদানীর দরজা যেভাবে খুলে দিয়েছেন, যেভাবে আজকে তুলো বিদেশ থেকে আসছে তারফলে তুলোর দাম বাজারে হুহু করে বাড়ছে। এরফলে হ্যান্ডলুম, পাওয়ারলুম আজকে বন্ধ হতে চলেছে। তাছাড়া এন.টি সি. ও চায়না কারখানাগুলি চলুক। এইসব শিল্প পরিচালনা করাবার জন্য যেটুকু কাঁচামালের দরকার সেটুকুও সংগ্রহ ঠিকমত করে না. আইডেল ওয়েডিং হলেই লোকসান হবে এত স্বাভাবিক অঙ্কশাস্ত্রের নীতি। এই সম্বন্ধে অনেক

অভিযোগ আমাদের কাছে রয়েছে। এই রাজ্যের বড় বড় পুঁজিপতিদের যে সমস্ত বহুজাতিক করপোরেশনের মিলগুলি ছিল তারমধ্যে ১০টিতে ইতিমধ্যেই লকআউট, ক্লোজার হয়ে গেছে। তারমধ্যে কেশোরামে ৯ হাজার শ্রমিক কাজ করতো। ডানবারেও বহু লোক কাজ করতো। এইরকম ১০টি মিলের সঙ্গে যুক্ত পশ্চিমবাংলায় ২০ হাজার শ্রমিক কর্মচ্যুত হয়েছে। এই রাজ্যে বয়ন শিল্পের সঙ্গে যে ৫৫ হাজার শ্রমিক নিযুক্ত তারা আজকে অনিশ্চিত ভবিষ্যতের দিকে এগিয়ে যাচ্ছে। ১৯৮৫ সালে ভারতসরকার বয়ন শিল্পের যে নীতি ঘোষণা করেছেন সেই নীতির ফলে আজকে সাধারণ মানুষ সর্বনাশা অবস্থার দিকে এগিয়ে যাচ্ছেন। এখানে মাননীয় সদস্য মোহিনী মিল এবং শ্রী দূর্গা মিল এই প্রস্তাবের সঙ্গে যুক্ত করেছেন। জাতীয় আন্দোলনের সময় এই মোহিনী মিলের একটা ঐতিহ্য জড়িয়ে আছে। তৎকালীন স্বদেশী আন্দোলনের সময়ে এই মিলের ভূমিকা অনস্বীকার্য। বিরোধী দল এখানে নেই কেন জানি না, জুলাই মাসে যুক্ত কনভেনশনের সময় ওঁরা উপস্থিত ছিলেন।

**[6.30 - 6.40 p.m.]**

আমাদের মাননীয় শ্রমমন্ত্রী সহ সবাই এক সঙ্গে বক্তৃতা করেছিলেন, সেখানে লালবাহাদুর সিংহও ছিলেন। এই মোহিনী মিল এবং শ্রী দূর্গা মিল ডিনোটিফায়েড হওয়ার কথা সবাই জানেন এবং এর ফলে আড়াই হাজার শ্রমিক কর্মচ্যুত হয়েছে। যেটুকু খবর আমরা জানি সেটুকু ট্রেড ইউনিয়নের সঙ্গে যুক্ত থাকার জন্য জোর দিয়ে বলতে পারি যে, আজকে মোহিনী মিল লসে চলত না। আজকে মর্ডানাইজেসন এবং এ্যামেলগ্যামেসনের নাম করে এইগুলি বন্ধ করে দেওয়া হচ্ছে। বঙ্গলক্ষ্মী ইতিমধ্যে বন্ধ করে দেবার প্রস্তাব এসেছে এবং এর ভিতরে বিশাল জায়গা আছে, সেই জায়গা বিক্রি করে ভবিষ্যতে নানা ধরনের কমপ্লেক্স তৈরী করবেন। তাঁদের আজকে এই সমস্ত পরিকল্পনা চলছে। ১৯৭৯ সালের পর থেকে বয়ন শিল্পে কোন বেতন চুক্তি হয় নি বা বেতনের পুনবিন্যাস হয়নি। শ্রমিকদের দাবীর আন্দোলনে সবাই এক সঙ্গে মিলে ৮ই আগষ্ট তারিখে ধরে নেওয়া হয়েছে তা সত্ত্বেও সমস্ত ট্রেড ইউনিয়ন মিলে এই কাজটা মাননীয় শ্রম মন্ত্রীর ঘরে বসে তাঁরা আলোচনায় যোগ দিয়েছিলেন, তাঁরা আশ্বাস দিয়েছিলেন সমস্ত প্রকারের সহযোগিতা করবেন। মর্ডানাইজেসনের প্রস্তাব নেওয়া হোক বা যাই হোক না কেন কেন্দ্র সহযোগিতা করবেন কিন্তু দুঃখের বিষয় এন.টি.সি. সহযোগিতার কথা ভাবেন নি। রিপোর্ট আছে আগামী ১লা সেপ্টেম্বর শ্রমিকদের জন্য এন.টি.সি.র একটা মিটিং ডাকা হয়েছে, তাঁরা সেই মিটিংয়ে যাবেন কি যাবেন না জানিনা, কিন্তু এলেও যে পরিস্থিতি আজকে সারা ভারতবর্ষে দাঁড়াচ্ছে পারসপেকটিভ পশ্চিমবঙ্গের প্রতি, একটা দেশের বয়ন শিল্পে যেভাবে সংকট এসেছে তা হাজার হাজার শ্রমিকের সঙ্গে যুক্ত, ৫৫ হাজার শ্রমিক কর্মচ্যুত হতে চলেছে। এই রকম একটা দুঃখজনক ঘটনা চলছে। এটা সাংঘাতিক ব্যাপার, আমি এর জন্য এই মোশনকে সমর্থন করতে গিয়ে একটা কথা বলছি যে, এন.টি.সি.র কর্তৃপক্ষ কিভাবে সর্বনাশা নীতি নিয়ে চলেছে। সারা ভারতবর্ষে ৬৬টি রাষ্ট্রায়ত্ত বস্ত্র শিল্প রয়েছে, তাঁরা প্রস্তাব দিয়েছেন— কেন্দ্রীয় সরকার থেকে গ্রীণ সিগন্যাল হয়েছে— ৪৩টি বন্ধ করে দেওয়া হবে। ৪৩টি মিল বন্ধ করে দিয়ে উদ্বৃত্ত জমি বিক্রি করে ৬৬০ কোটি টাকা ইনকাম করবেন, বাদ বাকি মেশিনপত্র বিক্রি করে ১৮ কোটি ৪ লক্ষ টাকা নেবেন, এইভাবে চক্রান্ত চলছে। পশ্চিমবাংলায় আই.এন.টি.ইউ.সি'ও এই আন্দোলনের সঙ্গে রয়েছে। সারা পশ্চিমবাংলার বয়ন শিল্পের প্রতি এই যে অবিচার চলছে তাতে এই বয়ন শিল্প একটা অনিশ্চিত ভবিষ্যতের দিকে চলেছে। আজকে সমস্ত শ্রমিক মিলে ঐক্যবদ্ধ আন্দোলন করে যাতে এই বিপদ কে ঠেকান যায় তার জন্য চেষ্টা করতে হবে, এবং সেই জন্যই আমি প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি বেশী সময় নিতে চাই না, কারণ মাননীয় সদস্যরা খুবই ক্লান্ত। আমি মাননীয় সদস্য অমল বাবুকে ধন্যবাদ জানাচ্ছি, একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে তিনি এই প্রস্তাব এনেছেন। প্রস্তাবের উপরে যাঁরা আলোচনা করেছেন আমি তাঁদেরও ধন্যবাদ জানাচ্ছি। ঐ ভদ্রলোকের জন্য আমার দুঃখ হচ্ছে যিনি বাইরে গিয়ে শ্রমিকদের পক্ষে মড়া কান্না কাঁদেন, কিন্তু এই রকম একটা গুরুত্বপূর্ণ জিনিষ যখন এখানে আলোচনা হচ্ছে তখন তিনি উপস্থিত নেই। শুধু কংগ্রেসের সদস্যই নয় আর এক জন নির্ভেজাল বিপ্লবী আছেন তাঁকেও দেখছি না। আশ্চর্য্যের ব্যাপার। যাই হোক্, প্রথম কথা হচ্ছে যে, এখানে অনেক আলোচনা হয়েছে আমি পুনরুক্তি করতে চাই না। মোহিনী মিল, তার সাথে শ্রী দুর্গা মিল ডেনোটিফাই করেন, এটা অদ্ভুত ব্যাপার। কেন্দ্রীয় সরকাররে একটা আইন আছে, কেন্দ্রের আইন, কোন কারখানা বন্ধ করতে গেলে সরকারের অনুমতি নিতে হয়। যাঁরা ডিনোটিফাই করছেন তাঁরা এই আইনটাকে ভেঙ্গে দিয়েছেন। শ্রী দুর্গা ডিনোটিফাই করবার পর শ্রমিকরা কারখানাটি চালু রেখেছিলেন। আমাদের পক্ষ থেকে মাননীয় মুখ্যমন্ত্রী বারবার চিঠি লিখেছেন যে, ওদের সাহায্য করুন। কিন্তু সেই সাহায্য ওঁরা করেন নি। মোহিনী মিলকে শুধু ডিনোটিফাই নয়, মোহিনী মিলের শ্রমিকরা হাইকোর্টে মামলা করলে পর হাইকোর্ট অর্ডার দিয়ে বললেন যে, স্ট্যাটাসকো ইজ টু বি মেনটেন, অর্থাৎ ডিনোটিফাই যে দিন থেকে হয়েছে তার আগে যে অবস্থা ছিল সেই অবস্থা বজায় রাখতে হবে এবং শ্রমিকদের মাইনে দিতে হবে। কিন্তু ওঁরা এটা মানলেন না, তাঁরা সুপ্রিম কোর্টে গেলেন। অবস্থাটা এই পর্যায়ে রয়েছে। ওখানে মোহিনী মিলের পক্ষে এন.টি.সি.র মালিকরা মিলের পক্ষে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেননি। ওটা একটা পুরাণ মিল, কিন্তু তাঁরা সময়মত তার যন্ত্রপাতি বদলাননি। আজকে ওঁরা বলছেন যে, ওখানে এত টাকা খরচ করা হবে। কিন্তু আগে যদি যন্ত্রপাতির মর্ডানাইজেশন করতেন তাহলে আজকে এত টাকা খরচ করা হত না। মোহিনী মিলকে ওঁরা হাতে নেবার পর, এন.টি.সি.র অধীনে নেবার পর ৭০০ কর্মচারী কমে গেছে, ফলে ন্যাশনাল ওয়েষ্টেজ কমেছে। এই অবস্থায় কেউ দাবীও করেন নি যে, বাড়তি লোক নাও! দ্বিতীয় কথা হচ্ছে, ওখানে তুলো আসে না, কয়লা আসে না। আমি নিজে জানি, আমাদের ইউনিয়নের পক্ষ থেকে এসে বলে, আজকে তুলো নেই, কালকে কয়লা নেই; এর ব্যবস্থা করতে হবে। সেখানে সেই ব্যবস্থা করতে হয়। স্থানীয় যে কর্তৃপক্ষ আছেন, তাঁদের জিজ্ঞাসা করলে তাঁরা বলেন যে, তুলো যখন বাজারে আসে তখন টাকা দেয় না এবং কয়লার জন্য টাকা আগে জমা দিতে হয়, কিন্তু সেই টাকাও পাওয়া যায় না। এই হচ্ছে সমস্যা। আমাদের ওখানে আর একটি সমস্যা হচ্ছে, ফ্রেট ইক্যুলাইজেশনের ফলে আমাদের তুলো কিনতে গেলে বেশী দাম দিতে হয়। এছাড়া অন্ধ্র, মহারাষ্ট্রে যখন তুলো ওঠে তখন টাকা না দিলে তুলো কেনা যায় না। যার ফলে যখন কিনতে যান সেই সময় তুলোর দাম যদি ওয়ান পারসেন্ট বেশী পড়ে তাহলে বাড়তি অনেক টাকা খরচ পড়ে যায়। তাঁদের কাছে বারবার এই কথা বলা হয়েছে। কিন্তু এরমধ্যে নাকি অন্য রকম সব ব্যাপার আছে যারজন্য সময়মত টাকা রিলিজ হয় না। স্টাফ যাঁরা রয়েছেন তাঁরা সময়মত তুলো কিনতে যান না। মাথাভারী যেসব লোক সেখানে রয়েছেন তাঁরা কিছুদিন থেকে বাড়ী চলে যান। ট্রান্সফার হয়ে কবে চলে যাবেন এই নিয়েই তাঁদের যত চিন্তা। বেশীরভাগ যাঁরা সেখানে আসেন তাঁরা এইসব ব্যাপারে কিছু জানেন না। যে কর্তৃপক্ষ আজকে ইন্ডাষ্ট্রি চালাচ্ছেন তাঁরা অন্য ধরণের কাজে অভ্যস্ত, এই ব্যাপারে তাঁরা কিছুই জানেন না। এছাড়া দুর্নীতিও সেখানে আছে। আজকে পশ্চিমবঙ্গে আমাদের প্রসেসিং মিলের জন্য সবচেয়ে অসুবিধা হচ্ছে। তাই আমাদের যখন গ্রে কটন দরকার হয় তখন সেটা মহারাষ্ট্র, গুজরাটে চলে যায়। সেখানে সেই সুতো সাদা করে তাঁরা আমাদের কাছে পাঠিয়ে দেয়। এরফলে খরচ বেড়ে যায় এবং ওঁদের লাভ হয়। আমাদের এখানে আই.আর.সি.আই.এর হাতে একটি প্রসেসিং মিল ছিল। মিলটা ছিল মডার্ণ প্রসেসিং মিল। কিন্তু সেটা সর্বনাশ করে ছেড়ে দিলেন তাঁরা। বজবজের ঐ মিলটা ওঁদের হাতে ছিল,

আমাদের হাতে ছিল না। একটা চমৎকার মিল ছিল সেটা। আজকে তাঁরা সেটাকে তালা লাগিয়ে ফেলে রেখে দিয়েছেন। আমরা বারবার তাঁদের বলেছি যে, বিষয়টা নিয়ে আলোচনা করুন। ওঁরা এ্যামালগ্যামেশনের প্রস্তাব আনলেন, কিন্তু আমরা তার বিরোধিতা করলাম, কারণ সেটা কোন পথ নয়। কারণ ঐ পথে মহারাষ্ট্র বা গুজরাট গিয়ে দেখেছে যে ঐ পথে কিছু হয় না। ঐ পথে শ্রমিকদের সুবিধা হয়না, শিল্পকে বাঁচান যায় না। তাই আমরা বললাম যে, আসুন, আলোচনা করুন। ওঁরা আমাদের চীফ মিনিষ্টারের সঙ্গে আলোচনা করতে এসেছিলেন। সেই আলোচনার সময় আমরা বলেছিলাম যে, এইভাবে করলে হবে না, ইউনিয়ন বা গভর্ণমেন্ট কখনই এটা সাপোর্ট করবেন না। তারপর তাঁরা চার বলেছিলেন, তারপর বললেন সাত। আমরা জিজ্ঞাসা করেছিলাম যে. চারই বা কেন, সাতই বা কেন? দশ বা ১৫ নয় কেন? তাঁরা একটা অদ্ভুত কথা বলেছিলেন। বলেছিলেন যে, যে সব মিল বন্ধ হয়ে যাবে সেইসব মিলের তাঁত নাকি বাড়ী চলে যাবে এবং সেখানে গিয়ে তাঁরা নাকি কো-অপারেটিভ করবে। এইসব অদ্ভুত কথা তাঁরা বলেছিলেন। সেখানে আমরা বলেছিলাম, আলোচনা করুন। সেইমত একটা আলোচনার ব্যবস্থাও আমরা করেছিলাম। মুখ্যমন্ত্রীর কাছে যখন তাঁরা আসেন তখন তাঁদের যিনি কর্তা-ব্যক্তি, তাঁকে বলা হয় যে, ট্রেড ইউনিয়নের সঙ্গে আমরা আগে কথা বলবো, আলোচনা করবো এবং তারপর আমাদের বক্তব্য আমরা বলবো। কিন্তু আমরা এই ব্যবস্থাকে সমর্থন করিনা। সারা ভারতবর্ষের ছয়টি নন-কংগ্রেস(আই) ষ্টেটস লেবার মিনিষ্টারস কনফারেন্স যা হয়েছিল সেখানে ট্রেড ইউনিয়ন বিলের আলোচনার সঙ্গে এই বিষয়টিও সেখানে এসেছিল। আমরা সেখানেও এর প্রতিবাদ করেছিলাম। কিন্তু কাকস্য পরিবেদনা! তাঁদের কাছ থেকে এই বিষয়ে কোন জবাব পর্যন্ত পাইনি। কেন্দ্রের যিনি বস্ত্রমন্ত্রী আছেন সেই ভদ্রলোকের সঙ্গে দেখা করবার উদ্দেশ্য নিয়ে কয়েক দিন আগে দুই-তিনবার দিল্লীতে গিয়ে বসেও থেকেছি, কিন্তু ঐ বস্ত্রমন্ত্রীকে পাওয়া যায়নি।

**[6.40 - 6.50 p.m.]**

কখনও তামিলনাড়ু, কখনও মহারাষ্ট্র কখনও বম্বে। কি রকম চিঠি লিখেছে জানেন মোহিনী মিল সম্বন্ধে? দি মেটার ইজ বিয়িং ইনভেষ্টিগেটেড। অদ্ভুত ব্যাপার জানেন কিনা জানিনা কি ব্যাপার। যাই হোক আমি অন্য দিকে যেতে চাচ্ছি না। এতে এটা যদি হত যে শিল্প বাঁচবে, শিল্পের উন্নতি হবে তাহলে না হয় কিছু কথা বলা যেত। এতে শিল্প বাঁচবে না, উন্নতি হবে না। আচ্ছা ঠিক আছে কিছু শ্রমিক চলে গেল, ইনডাসট্রি বাড়লো এবং মানুষ সস্তায় কাপড় পাবে তা হলে না হয় হ'ত। কিন্তু তা পাবে না। ওঁরা কি জন্য করছে এটা, সেটা স্কীমে বলে দিয়েছে। ওঁরা এখন ব্লেনডেড হাই ভ্যালু কটন ইয়ার্ণ ফ্যাবরিক তৈরী করবে এবং সেটা মিক্সড হবে। যেমন ওঁরা চটকলের ক্ষেত্রে বলছে ইউনিয়ন ব্যাগ, সিনথেটিক সুতোর সঙ্গে চটের সুতো মিশিয়ে ব্যাগ হবে। সেই যে ব্যাগ হবে সেখানে চটের শ্রমিক ছাঁটাই হবে ইত্যাদি হবে। এটা তাই করবেন এবং বেশীর ভাগ তাই করবেন। তার দাম অনেক বেশী হবে এবং তার থেকে ওঁরা লাভ করবেন। শুধু তাই নয় তারপর ওঁরা বলেছেন ব্লেনডেড কটন ইয়ার্ণ তৈরী করবেন। যামিনীবাবু যেটা বলেছেন ৫টি মিল কিন্তু সেটা ২৫-২৬ মিল এই রকম হবে। সেই হিসাব তাঁরা করছেন এবং তাতে লাভ হবে আরো ৩৫ পারসেন্ট। সেই প্রোডাক্ট দ্যাট উইল বি এক্সপোটেড। এক্সপোর্ট মারকেট পাবে এবং সেই দেখিয়ে ওঁরা বলছেন লাভ হবে। অদ্ভুত ব্যাপার, কারখানা চালু করার জন্য ওদের কোন পয়সা নেই কিন্তু শ্রমিক ছাঁটাই করে ব্যবসা করার স্কীম ওঁরা তৈরী করে ফেলেছেন। ৪২ কোটি টাকা সামথিং লাইক কমপেনসেসান দেবেন বলেছেন। কিন্তু সেখানে যে হিসাব দিচ্ছে তাতে জমি-জমা বিক্রি করে প্রায় অর্ধেক টাকা উঠে যাবে। বাকি হচ্ছে কসটিং কমে গেল, তার থেকে লাভ হয়ে যাবে এবং তারপর এইগুলি করতে পারলে আরো লাভ হবে। যাদের

১৪-১৫টি এন.টি.সি. মিল কখনও লাভ করতে পারলো না, এইভাবে করলে ২ বছরের মধ্যে লাভ হয়ে যাবে এই হচ্ছে ওঁদের হিসাব। আমি একটা কথা বলতে চাই শুধু টেক্সটাইলের ব্যাপার নয় ওঁরা যা বলছেন তাতে অন্য ইন্ডাস্ট্রির ক্ষেত্রেও ব্যাপার তাই। এটা শুধু এন.টি.সি. করপোরেশনের ব্যাপার নয়, এটা কেন্দ্রীয় সরকারের পলিশির ব্যাপার। সেই পলিশি তাঁরা এখানে একজিগিউট করছে। সংকট যত বাড়ছে তত কিভাবে মানুষের ঘাড়ের উপর বোঝা চাপিয়ে শ্রমিক ছাঁটাই করে কষ্ট অফ প্রোডাকসান কমিয়ে দাম বাড়িয়ে মুনাফা করা যায় সেই চেষ্টা করছেন। তার একটা উদাহরণ হিসেবে যখন আমাদের এখানে তুলার অভাব তখন বিদেশের এক্সপোর্ট মার্কেটে তুলা পাচার করে দিলেন। তুলা এক্সপোর্ট করলেন কখন, না যখন আমাদের এখানে সূতা নেই। শুধু কারখানা নয় ১০টি মিল বন্ধ, তার অন্যতম কারণ হল তুলার দাম বেড়ে গেছে। সূতার দাম এতো বেড়ে গেছে যে তার ফলে কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, তার সঙ্গে মালিকদের গোলমাল এবং বদমাইসি আছে। আবার একই ব্যাপারে ওঁরা যদি এইরকম করেন তাহলে কেসরাম কেন পিছিয়ে থাকবে? তারা বলছে আমরা কম লোক দিয়ে বেশী কাজ করাবো। সেই সময় আমরা বলেছিলাম যে এটা বন্ধ করুন। তাঁরা সেটা বন্ধ করলেন না। তার ফলে এখন শুধু টেক্সটাইল মিল নয়, স্পিনিং মিল নয়, কম্পোজিট মিল নয় তাঁত বন্ধ হয়ে গেছে, পাওয়াল লুম বন্ধ হয়ে গেছে। হাজার হাজার মানুষের তাঁত বন্ধ হয়ে গেছে। তারা যন্ত্রনায় ছটফট করছে। আমি এই কথা বার বার বলেছি। ওঁরা বলেছেন এতে নাকি দেশের মঙ্গল হবে। এর আগে আমি একবার ওই ভদ্রলোকের সঙ্গে দেখা করতে গিয়েছিলাম, উনি বললেন এতে ভাল হবে, দেশের ভাল হবে এবং শ্রমিকদের ভাল হবে। এই হচ্ছে অবস্থা ঠিক এখানেও তাই। এখানে ন্যাশনাল ট্যানারি বন্ধ করে দিয়েছেন, বেঙ্গল পটারি বন্ধ করে দিলেন, রানীগঞ্জ সেরামিক বন্ধ করে দিলেন। সেই একই ব্যাপার। সুতরাং সমস্ত ব্যাপার হচ্ছে একটা পলিশির ব্যাপার। সেন্ট্রাল গভর্ণমেন্টের যে পলিশি সেই পলিশি ডি-একজিকিউট করছে। তার মধ্যে কিছু লোক আছে তারা একটু বেশি দই খাচ্ছে। সুতরাং পলিশির বিরুদ্ধে যদি ফাইট না করা যায় তাহলে এই জিনিস ঠেকানো যাবে না। সেই দিক থেকে যে প্রস্তাব এখানে আনা হয়েছে আমি আশা করি এবং বিশ্বাস করি এই প্রস্তাব এখানে গৃহীত হবে। তার মধ্যে দিয়ে পশ্চিমবাংলার মানুষ অন্ততঃ জানবেন। পশ্চিমবাংলাকে যে সমস্ত মানুষ ভালবাসেন সেই সমস্ত সৎ মানুষ এবং সংগঠন তাঁরা এই সর্বনাশা স্কীমের বিরোধীতা করবেন এবং কেন্দ্রীয় সরকারের এই পলিশির প্রতিবাদ জানাবেন; তাঁরা সকলে মিলে এই প্রতিবাদের সামিল হবেন। এই কথা বলে ওঁনাকে আবার ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** There is no amendment on this motion. Now, I request Shri Amalendra Roy to give his reply.

**শ্রী অমলেন্দ্র রায় :** আমি দুটি কথা বলবো, একটি হচ্ছে নীতিগত কারণ এবং অপরটি হচ্ছে আইনগত কারণ। এই দুটি কারণেই এই ধরণের কোন প্রস্তাব বা কোন স্কীম নিয়ে এন.টি.সি. তো দূরের কথা, সাবসিডিয়ারি তো দূরের কথা, সেন্ট্রাল গভর্ণমেন্ট প্রসিড করতে পারলেন না। এটাই হচ্ছে আমার বক্তব্য। ইন্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টে যেসব প্রভিশান আছে, সেই প্রভিশান অনুযায়ী এই কারখানাগুলিকে বন্ধ বা এ্যামালগামেশন করতে চাইছেন না, ওঁরা অন্য রাস্তা ধরেছেন। আমাদের বক্তব্য এখানেই, এটা খুব বড় কথা যে, ন্যাশানালাইজেসন এ্যাক্টের ভেতরে এই প্রভিশান নেই যে, যদি কোন সময়ে এই রকম অবস্থার উদ্ভব হয় তাহলে সেটাকে এই ভাবে মিট করা হবে। দেয়ার ইজ নো প্রভিসান। আমি সেইজন্য জোরের সঙ্গে এটা বলতে চাই যে, পার্লামেন্টকে কি নাচঘরে পরিণত করা হচ্ছে, যা খুশী তাই করবেন? এই আইন দিয়ে তা করা সম্ভব নয়। এই আইন পরিবর্তন করে, ন্যাশানালাইজেশান এ্যাক্টকে পরিবর্তন করে অনেক কিছু করবো এবং যখন ওঁরা আরও বড় বড়

নীতির কথা বলেন যে এই আইনটা করা হয়েছে তখন আমরা দেখেছি যে সারা দেশের ইন্ডাস্ট্রিয়াল পলিশি যে প্ল্যাংকের উপর দাঁড়িয়ে আছে সেই প্ল্যাংকের উপরে ওঁদের মিক্সড ইকনমিক পলিশি। এই ব্যাপারে কনষ্টিটিউশানের আর্টিকেল ৩৯(বি)তে ডাইরেকটিভ প্রিন্সিপল্‌ অব দি ষ্টেট পলিশি ও ন্যাশানালাইজেশান এ্যাক্ট সম্বন্ধে উল্লেখ করে বলা হয়েছে যে, এই আইন এইজন্য করা হয়েছে যে - কনষ্টিটিউশানে বলা হয়েছে কমিউনিটি রিসোর্সেস্‌ তার ওনারশিপ অ্যান্ড কন্ট্রোল ইত্যাদির কমন গুড এর জন্য আমরা ডিষ্টিবিউট করবো। অর্থাৎ শুধু প্রাইভেট সেক্টর থাকবে তা নয় পাবলিক সেক্টর থাকবে এ্যাজ এ ম্যাটার অব রাইট। আজকে এর উপরে কোন রকম এ্যাসাল্ট প্রধানমন্ত্রী বা তাঁর লোকজনের উপরে - করা চলবে না! এটাই হচ্ছে সবচেয়ে বড় কথা। টেক্সটাইল মিনিষ্টার পার্লামেন্টে আজ পর্যন্ত ন্যাশানাল টেকস্‌টাইল কর্পোরেশনে লোকসান হচ্ছে সে সম্বন্ধে কোন রিপোর্ট প্লেস করেন নি। পার্লামেন্টের বুকে এই লোকসান সম্পর্কে প্লেস করা হলে আমাদের বক্তব্য সেখানে বলতে পারতাম। কিন্তু পার্লামেন্টে সেইসব বক্তব্য রাখার কোন সুযোগ নেই। রাজ্য সভায় এ সম্বন্ধে কিছুটা আলোচনা হয়েছে তবে লোকসভায় হয়নি। এইসব একটার পর একটা ভয়ংকর কাজ করা হচ্ছে যাতে হাজার হাজার লোক বেকার হয়ে যাবে। দেশের লোক এটা কখনও বরদাস্ত করবে না। বিশেষ করে যেখানে এই প্রস্তাব পাশ করিয়ে নেওয়া হয়নি। মন্ত্রী মহোদয় যে প্রস্তাব সেই সম্পর্কে আমাদের ট্রেড ইউনিয়নের নেতাদের মধ্যে যামিনীবাবু কিছুটা উল্লেখ করেছেন এই প্রস্তাবের মর্ম দিল্লীতে পেশ করা দরকার এবং এই ব্যাপারে তাদের উত্তর কি জানা দরকার। এবং এরজন্য যদি প্রয়োজন হয় তাহলে মন্ত্রী মহাশয়ের লিডারশিপে একটা ডেলিগেশন নিয়ে চলুন . আমরা দেখতে চাই যে কিছু পাওয়া যায় কিনা। আমাদের এরজন্য চেষ্টা করে দেখতে হবে শুধুমাত্র এই বিধানসভার ভেতরে নয়, আমরা বাইরেও মানুষের কাছে এটাকে নিয়ে যেতে চাই। আমরা আশা করি আমরা একজোট হয়ে চলতে পারবো। আজকে ওঁরা অনুপস্থিত, এটা ক্ষোভের কথা।

**[6.50 - 6.51 p.m.]**

তারাই একটা কনভেনশান করলেন ধর্মঘট করলেন আর আজকে অনুপস্থিত থাকলেন এই মোশান আলোচনার সময়ে। আগের মোশানে আপনারা ওয়াক আউট করলেন তার নয় একটা কারণ আছে কিন্তু এই মোশানের মধ্যে মাননীয় সৌগতবাবুর এই লিষ্টে নাম আছে কিন্তু তা সত্ত্বেও চলে গেলেন। এটা খুবই দুঃখজনক ঘটনা। যাইহোক আমি আমার এই প্রস্তাব সবাইকে গ্রহণ করতে অনুরোধ করে সভার সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Amelendra Roy that "this House shows its grave concern at the scheme of amalgameation of State-owned textile mills which will liquidate at least 10 miles in West Bengal throwing about 25 thousand people out of employment and denotification of two other textile mills, viz. Sri Durga Cotton Mill and Mohini Cotton Mill, which have thrown some 2 thousand people in dire distress;

This House requests the Central Government through the State Govern-ment not to proceed with the so-called amalgamation scheme but to act up to the promise of re-organisation and rehabilitation of the State-owned mills with a view to catering the needs of common mass of the country for cloth and yearn at fair prices as declared in the very Act of Nationalisation itself, and

This House further requests the Central Government through the State Government to immediately withdraw the order of denotification in case of Sridurga Cotton Mill and Mohini Cotton Mill and to ensure their running by taking over their management or by taking over their ownership in public interest'' was then put and agreed to.

## ADJOURNMENT

The House was then adjourned at 6-51 p.m. till 1 p.m. on Thursday, the 1st September, 1988, at the Assembly Hcuse, Calcutta-1.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 1st September, 1988 at 1.00 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hasim Abdul Halim) in the Chair, 12 Ministers, 2 Ministers of State and 166 members.

[1.00-1.10 P. M.]

**Observance of Silence on the Occasion of International Peace Day.**

**Mr. Speaker :** Hon'ble Members, today is Internatioal Peace Day and it is being observed all over the world. As a mark of respect to those unknown and known persons who have lost their lives to bring about peace in the world and as mark of respect and of solidarity for those who died for and those struggling for peace in the world,

I would request you all to stand up and observe two minutes silence.

........ (At this stage all the members stood in their seats and observed two minutes silence)........

## ADJOURNMENT MOTION

Today I have received one notice of Adjournment Motion from Shri A.K.M. Hassan Uzzaman on the subject of discontent among minority community for their inability to perform prayer in some preserved mosques.

Two separate matters have been raised in the motion. Moreover, one of the matters does not primarily concern the State Government. These are not permissible under the rules.

I, therefore, consider the motion as out of order.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received 4 notices of Calling Attention, namely :

1. *Alleged pecuniary hardship of the workers of Health Guide Centre* : *Shri Sreedhar Malik*
2. Alleged non-availability of rice from Ration Shops of Calcutta areas : Shri Sachin Sen
3. Closure of Mayarakhi Cotton Mill and the State Government's action thereon : Shri Dhirendra Nath Sen
4. Alleged attack on Smt. Mamata Banerjee M.P. and other Congress Workers during "Path Roko" movement on 25.8.88 : Shri Mannan Hossain

I have selected the notice of Shri Dhirendra Nath Sen on Closure of Mayarakhi Cotton Mill and the State Government's action thereon.

The Minister-in-charge will please make a statement to-day, if possible or give a date.

**Shri Abdul Quiyom Molla :** 7th September, 1988

## Motion under rule 185

## Unconditional release of Nelson Mandela

**Mr. Speaker** : Now, I call upon Shri Sumanta Kumar Hira to move his motion under Rule 185.

**শ্রী সুমন্ত কুমার হীরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ১৮৫ নম্বর রুলস অফ প্রসিডিওর অনুসারে সাউথ আফ্রিকার জাতীয় মুক্তিকামী নেতা মহান দেশপ্রেমিক নেলসন ম্যান্ডেলার মুক্তির জন্য প্রস্তাব উত্থাপন করছি। সেখানকার যেসব নরনারী ও জনগণ সংগ্রামরত ও কারারুদ্ধ তাদের সকলের মুক্তির জন্য এবং দক্ষিণ আফ্রিকার বর্ণ বিদ্বেষী সরকারের অবসানের প্রস্তাবে হাউসের কাছে এটা আলোচনা করার জন্য উত্থাপন করছি। এটা লিখিতভাবে হাউসে বিলি করা হয়েছে, কাজেই আমি এটাকে পড়ছি না। আমার মনে হয় তাতে কিছুটা সময় বাঁচবে।

**শ্রী অমলেন্দ্র রায় :** স্যার, এটা পড়ে দিলে ভাল হয়।

**মিঃ স্পীকার :** হ্যাঁ, এটা পড়ে দিন।

**Shri Sumanta Kumar Hira :** স্যার, আমি মোশানটা পড়ছি। "This House notes with grave concern how the great South African National Leader Mr. Nelson Mandela has passed his 70th birthday in captivity

behind the bars, in the dungeons of the South African prison where he has had to pass the past quarter of a century ;

This house also expresses its concern about the ailing conditions of the great leader and sends its sincere good wishes through the Government of India to Mrs. Winnie Mandela for his speedy recovery ;

This house expresses its wholehearted solidarity with the worldwide campaign that is going on at the International level and calls for the immediate release of all leaders and workers, youth, women and children who are languishing under the terryifying conditions of the South African jails. This House salutes the heroic struggle being carried out against the racist Botha regime by the banned African National Congress and the South West African People's Organisation;

This House further notes with grave concern the reckless way the racist Pretoria regime has been trampling underfoot all civilised norms, and has gone on flouting the terms contained in the charter and Resolutions of the United Nations Organisation. Day by day, the intransigence of the Botha rule and the dark machinations of its imperilist allies have become transparent to the freedom-loving people of the World. All help must be mustered from the outside world to dismantle the hated system of apartheid that has been the ugly hallmark of the reign of terror that is in operation in South and South West Africa. Succour must also go to the Front line states whose brave men and women have had to suffer the destabilising tactics of the South African Government; and

This House appreciates the stand taken by the Govrnment of India in the matter and further urges upon the Government of India through the State Government to take up the noble cause once again in the United Nations and the Commonwealth Organisation for immediate enforcement of comprehensive and mandatory sanctions against the racist Pretoria regime and to render all possible help - political as well as economic to the oppressed people of South Africa Namibia, and of the Front-line states, and to take immediate and effective steps for the unconditional release of Nelson Mandela.''

কাজেই আমি প্রস্তাব পড়ে এখানেই আমার বক্তব্য শেষ করছি। সমস্ত বক্তব্য শোনার পর আমার যা বক্তব্য বলার উত্তর আকারে আমি তা বলব।

**Mr. Speaker :** *There is one amendment on this Motion. Now* I call upon Shri Deba Prasad Sarkar to move your amendment.

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that in the last Para, lines 1 & 2 the words "Appreciates the stand taken by the Government of India in the matter and further," be omitted. যখন আলোচনা হবে তখন আমি আমার এই অ্যামেন্ডমেন্ট মুভ করার [illegible]ানে কিছু বলব।

**শ্রী জ্যোতি বসু :** মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমেই বলবার অনুমতি চেয়েছিলাম, কারণ, আমার একটু বাইরে যেতে হবে সেইজন্য। যে মোশান এখানে উপস্থাপিত হয়েছে আমি সম্পূর্ণভাবে এটাকে সমর্থন করছি এবং প্রস্তাবক যাঁরা এখনই যে সংশোধনী এসেছে সে সম্বন্ধে তাঁদের কি মত জানি না, আমি যতদূর বুঝলাম একটা জায়গায় বদলাবার কথা বলা হচ্ছে, সেটা ড্রপ করার কথা বলা হচ্ছে। আমার মনে হয় যেটা ঘটনা সেটা আমরা কি করে অস্বীকার করব? কেন্দ্রীয় সরকারের সমর্থন আছে, সাউথ আফ্রিকা সরকারের পক্ষে তাঁরা যে পদক্ষেপ নিয়েছেন, নেলসন ম্যান্ডেলার মুক্তির জন্য তাঁরা যা বলেছেন, প্রধানমন্ত্রী ৫/৭ দিন আগে নিজেই এটা বলেছেন, রাজনৈতিক পার্থক্য থাকতে পারে একটা সরকারের সঙ্গে কিন্তু এই রকম একটা ব্যাপারে আমরা অস্বীকার করব কি করে? সাউথ আফ্রিকার জনসাধারণ যেভাবে মুক্তির জন্য লড়াই করছেন এটা কি তাঁদের উৎসাহিত করবে না, উদ্দীপিত করবে না? এতবড় যে দেশ তার কেন্দ্রীয় সরকার এবং আমরা প্রায় প্রত্যেকটি রাজ্য সরকার তাকে আমাদের সমর্থন জানাই। কাজেই আমার মনে হয় আমি এই সংশোধনীকে গ্রহণ করবার কথা কাউকে বলতে পারি না।

**[ 1-10 – 1-20 p.m.]**

সাউথ আফ্রিকার মুক্তির জন্য যাঁরা লড়াই করেছেন, বর্ণ বিদ্বেষী সরকারের বিরুদ্ধে যাঁরা লড়াই করছেন নেলসন ম্যান্ডেলা শুধু তাঁদের প্রতীক বা নেতা নন— সমস্ত পৃথিবীর মুক্তিকামী মানুষের নেতা হিসাবে তাঁর পরিচিতি আছে এবং সেইভাবেই তিনি নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। তিনি তাঁর দেশের মুক্তি চান বলে গত ২৬ বছর ধরে জেলে রয়েছেন। দ্বিতীয় মহাযুদ্ধের পর এশিয়া, আফ্রিকা এবং ল্যাটিন আমেরিকার বহু দেশ মুক্তি পেয়েছে। কোথাও কোথাও দেখা গেছে রক্তক্ষয়ী সংগ্রামের মধ্য দিয়ে কোন কোন দেশ মুক্তি পেয়েছে। রাষ্ট্রসংঘে এই সাউথ আফ্রিকা নিয়ে বার বার আলোচনা হয়েছে এবং সেখানে প্রস্তাব পাশ হয়েছে সাউথ আফ্রিকার এই বর্বর সরকার যে সমস্ত কার্যকলাপ করছে তার জন্য তাদের বিরুদ্ধে স্যাংসন করতে হবে যাতে ব্যবসা বাণিজ্য এবং অন্যান্য সমস্ত জায়গা থেকে তাদের সরিয়ে দেওয়া যায়, কিন্তু আমরা দেখেছি ২/১টি সাম্রাজ্যবাদী সরকার সেকথা শুনছে না। তারা তলে তলে তাদের সঙ্গে ব্যবসা বাণিজ্য করছে— অর্থাৎ পুরো স্যাংসন হচ্ছে না। সেইজন্যই বিশেষ করে এই স্যাংসনের কথাটা প্রস্তাবের শেষের দিকে রয়েছে। আন্তর্জাতিক ক্ষেত্রে পৃথিবীর সমস্ত মুক্তিকামী মানুষের মুক্তির জন্য সরকার সহ সমস্ত ভারতবাসী রয়েছে এবং আমরা বলেছি স্যাংসন যাতে পুরোপুরি হয় সেই ব্যবস্থা করা দরকার। রাষ্ট্রসংঘে আমাদের সরকারের যিনি প্রতিনিধি রয়েছেন তিনি এই প্রস্তাব রেখেছেন এবং তাঁর সঙ্গে সঙ্গে দেশের সমস্ত মজুর, কৃষক, মধ্যবিত্ত, সাধারণ মানুষও এই প্রস্তাব রেখেছেন। এই জন্যই আমি এই প্রস্তাব সমর্থন করছি। আপনারা সংবাদপত্রে দেখেছেন নেলসন ম্যান্ডেলা অসুস্থ হয়ে পড়েছেন। তাঁর স্ত্রীর কাছে আমাদের এই সহানুভূতিশীল বক্তব্য যদি পৌছে দিতে পারি তাহলে তিনি বুঝবেন তাঁর সঙ্গে আমরা সকলেই রয়েছি এবং তাঁকে আমরা সমর্থন করছি। তিনি সমস্ত পৃথিবীর সংগ্রামী মানুষের একজন মুক্তিদাতা। সাউথ

আফ্রিকা সম্বন্ধে আমরা জানি গান্ধীজীর সময় থেকে সেখানে লড়াই শুরু হয়েছে। এই বর্ণবিদ্বেষী সরকারের জনস্বার্থ বিরোধী কার্য্যকলাপ সেই সময় থেকেই চলছে। দুঃখের বিষয় আজও সেখানকার মানুষ মুক্তির আস্বাদ পাচ্ছে না। নির্বিচারে নর-নারী, শিশু সকলকেই গুলী করে মারা হচ্ছে। জেলের মধ্যেই লড়াই চলছে। কালো লোকদের বিরুদ্ধে তাদের নির্মম অভিযান চলছে। তবে সুখের কথা এই পরিস্থিতিতেও সেখানকার মানুষ লড়াই করছে, বুকের রক্ত ঢেলে দিচ্ছে, হাজার হাজার মানুষ জেলের মধ্যে রয়েছে। পৃথিবীর মধ্যে এইরকম একটা অবস্থা চলছে, ওখানকার সরকার এরকম একটা বর্বর অভিযান যে চালিয়ে যাচ্ছেন সেটা কিছু সাম্রাজ্যবাদী শক্তির সাহায্য না পেলে সম্ভব হোতনা। ওখানে তাদের গোল্ড মাইন রয়েছে, তাদের স্বার্থ রয়েছে। রাষ্ট্রসংঘে যে সমস্ত প্রস্তাব হয়েছে সেগুলি গ্রহণ করে যদি কার্য্যকরী করা হোত তাহলে সেখানে এরকম অবস্থা হোত না। আন্তর্জাতিক ক্ষেত্রে এই ১লা সেপ্টেম্বর একটা গুরুত্বপূর্ণ দিন। আজকে শান্তির জন্য লক্ষ লক্ষ, কোটি কোটি মানুষ মিছিল, মিটিং করছে, সাউথ আফ্রিকার সংগ্রামের প্রতি সমর্থন, সমবেদনা জ্ঞাপন করছে এবং যেখানে যেখানে এরকম আন্দোলন হচ্ছে তাদের সকলের প্রতি সমবেদনা জানান হচ্ছে। এই যে কাজ করা হচ্ছে এবং আমরাও যা করছি এর চেয়ে গৌরবের জিনিষ আর কি থাকতে পারে। কেন্দ্রীয় সরকারের সঙ্গে বিভিন্ন বিষয়ে আমাদের মত পার্থক্য যাই থাক না কেন, এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার যে প্রচেষ্টা চালিয়েছেন তাতে ভারত সরকারের সঙ্গে আমরা একমত এবং আমাদের যা কিছু করণীয় আছে আমরা তা করব। জোট নিরপেক্ষ আন্দোলনে ভারতবর্ষ নেতৃত্ব দিচ্ছে, কাজেই আশা করছি আর বোধহয় বেশীদিন সময় লাগবে না। যেখানে যেখানে সংগ্রামী মানুষরা তাদের দেশের মুক্তির জন্য সংগ্রাম করবে আমরা তাদের সর্ব রকম সাহায্য করব এবং বর্ণ বিদ্বেষী যারা রয়েছে তাদের বর্বর অভিযান যাতে বন্ধ হয় সেক্ষেত্রেও আমরা সর্বরকম সাহায্য করব। সেইজন্য কেন্দ্রীয় সরকারকে বলেছি যে শুধু সহানুভূতি নয়, অন্যভাবে যদি কিছু সাহায্য করার থাকে এই সরকার নিশ্চয় তা করবেন। কারণ এটা জনসাধারণের দাবী, জনসাধারণের বক্তব্য। আমার মনে হয় না, সমস্ত ভারতবর্ষের একজন ভারতবাসী কেউ আছেন যিনি এই রকম পদক্ষেপ সমর্থন করেন না বা করবেন না। এই কথা বলে আমি আবার এই মোসনের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অপূর্বলাল মজুমদার ঃ** স্পীকার মহাশয়, যে প্রস্তাব এখানে সুমন্ত কুমার হীরা উত্থাপন করলেন এবং আমাদের এই হাউসের নেতা জ্যোতি বসু সমর্থন করলেন, সেই প্রস্তাবকে আমি অন্তরের সঙ্গে পরিপূর্ণভাবে সমর্থন করছি। এবং এই কথা বলতে গিয়ে যে এমেন্ডমেন্টটি এখানে মুভ করা হয়েছে আমি তাঁকে অনুরোধ করবো যে সংকীর্ণ রাজনীতির আবর্তের মধ্যে না থাকে তার একটু উর্ধে উঠে এমন একটা মহৎ প্রস্তাব যা আমরা এখানে গ্রহণ করেছি, সেই প্রস্তাবের দিকে তাকিয়ে, কেন্দ্রীয় সরকার বিগত কয়েক বছর ধরে যা করেছেন সেই দিকে দৃষ্টি দিয়ে he will display his wisdom before this House by withdrawing this amendment that has been moved by him. আমি প্রথমে বলে নিই যে এই প্রস্তাব গ্রহণ করে নেলসন ম্যান্ডেলার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করছে এবং সেই সঙ্গে সঙ্গে আমাদের হাউসকে শ্রদ্ধান্বিত করছি। তার মত একজন মুক্তিকামী মানুষ যার জীবনের ৭০ বছর এবং আর কয়েকদিন কেটে গেলে জেলের মধ্যে — গত জুলাই মাসে তার আর একটা বছর — নূতন দিন ২৬ বছর উত্তীর্ণ হতে চলেছে। এই দীর্ঘ কারাবাসের মধ্যে তার তাঁর যে প্রভাব তার মধ্যে যে সাহস যে বুদ্ধিমত্তা এবং দেশের শুধু নয় সমগ্র দক্ষিণ আফ্রিকার নয়, সারা বিশ্বের মুক্তিকামী মানুষের প্রতি তাঁর যে ভালবাসা এবং তাকে কার্যকরী করার জন্য তাঁর যে প্রতিজ্ঞা সেই প্রতিজ্ঞা থেকে তিনি একটুকু সরে দাঁড়ান নি। জীবনের সায়াহ্নে তিনি পৌছেছেন— অসুস্থ শরীর নিয়ে জেলখানার মধ্যে তিনি আছেন— নির্যাতন ভোগ করছেন

দিনের পর দিন। তিনি সারা বিশ্বের মানুষের কাছে একটা প্রতীক হিসাবে— মুক্তিকামী মানুষের কাছে একটা আলোর প্রতিভা হিসাবে একটা উজ্জ্বল জ্যোতিষ্কের মত চিরকাল প্রতিভাত হয়ে থাকবেন এবং সেইজন্য শ্রদ্ধার সঙ্গে আমাদের পার্টির তরফ থেকে হাউসের তরফ থেকে আমরা তাঁকে শ্রদ্ধা জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে আপনারা সকলে যারা উপস্থিত আছেন আমাদের সকলের তরফ থেকে আমরা যেন নজির রেখে হাউসের গৌরব বৃদ্ধি করি— সবাই একমত হয়ে যে প্রস্তাবটা গ্রহণ করি। প্রথম দিক থেকে শুরু করলে সংক্ষেপে বলতে হয় যে ১৯০৬ সালে যখন বর্ণ বৈষম্য মাথাচাড়া দিয়ে উঠছিল, দক্ষিণ আফ্রিকায়, সারা ভারতবর্ষের নেতারা সেই সম্পর্কে বিরূপ মন্তব্য করেছেন। মহাত্মা গান্ধী থেকে শুরু করে পরবর্তীকালে যারা একে একে এসেছেন ভারতবর্ষের যে নেতারা যারা সেখানে স্থায়ীভাবে বসবাস করছেন তাদের কথা আমি বলতে পারি একের পর এক তারা প্রত্যেকে এই বর্ণ বৈষম্যের বিরুদ্ধে মাথা উঁচু করে সংগ্রাম করেছেন। সে দিনের সেই গোপন কক্ষের কথা, মহাত্মা গান্ধীর কথা আমরা ভুলে যাই নি।

**[ 1-20 – 1-30 p.m.]**

পরবর্তীকালে পণ্ডিত জওহরলাল নেহেরু ভারতবর্ষের প্রধানমন্ত্রী হলেন, তিনিও সংগ্রাম চালালেন। তার পরবর্তী কালে আমাদের প্রধানমন্ত্রী হলেন শ্রীমতী ইন্দিরা গান্ধী এবং তার পরবর্তীকালে হলেন রাজীব গান্ধী— এঁরা সকলেই আমাদের ভারতবর্ষের ঐতিহ্য, ভারতবর্ষের মানুষের যে ধ্যান ধারণা, শান্তির বাণী সারা পৃথিবীতে ছড়িয়ে দিয়ে যুদ্ধের বিরুদ্ধে সংগ্রাম করে চলা, সেই পথেই সংগ্রাম করে চলেছেন পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠা করার জন্য এবং ভারতবর্ষের প্রধানমন্ত্রী একমত হয়ে পৃথিবীর মুক্তিকামী মানুষের পাশে গিয়ে দাঁড়িয়েছে দক্ষিণ আফ্রিকায় যে বর্বর অত্যাচার চলেছে সেই অত্যাচার, আক্রমণের বিরুদ্ধে মাথা উঁচু করে আফ্রিকার মুক্তিকামী মানুষদের পাশে গিয়ে দাঁড়িয়েছে সাউথ আফ্রিকান যে কমিটি হয়েছে সেই কমিটি, আফ্রিকান ন্যাশানাল কংগ্রেসকে আমরা স্বীকৃতি দিয়েছি। কলকাতাতে তাদেব অফিস আছে, আমরা স্বীকৃতি দিয়েছি সাউথ ওয়েষ্ট আফ্রিকান পিপলস অর্গানাইজেসনের অফিস দিল্লীতে আছে, আমরা তাদের স্বীকৃতি দিয়েছি। এই কয়েকদিন আগে সারা ভারতবর্ষে ডঃ ম্যান্ডেলার জন্মদিন আমরা অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে পালন করেছি। দিল্লীর রাজঘাটে প্রার্থনা হয়েছে সেখানকার বিজ্ঞানভবনের অফিসে উপস্থিত থেকে আমাদের উপরাষ্ট্রপতি এ্যাপার্টহেড্, বর্ণ বৈষম্যের বিরুদ্ধে বক্তব্য রেখেছেন এবং নেলসন ম্যান্ডেলার মুক্তি দাবী করেছেন। আমাদের প্রধানমন্ত্রীও কিছুদিন আগে তাঁর মুক্তি দাবী করেছেন। আমাদের উপরাষ্ট্রপতিও জুলাই মাসে তাঁর জন্মদিনে তাঁকে শ্রদ্ধা জানিয়ে তাঁর মুক্তি দাবী জানিয়েছেন। কাজেই এটা আমাদের কাছে খুবই গৌরবের বিষয় যে, ভারতবর্ষে আজকে আমরা এই সাম্রাজ্যবাদীর শিকল ছিঁড়ে ফেলতে সক্ষম হয়েছি এবং সাম্রাজ্যবাদীর সমস্ত রকম শোষণ ভেঙ্গে ফেলবার চেষ্টা করছি। ভারতবর্ষের বাইরে আরো অনেক দেশ আছে, যারা এই সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম করে চলেছে। এই সমস্ত দেশের মধ্যে অন্যতম হচ্ছে সাউথ আফ্রিকা। দক্ষিণ আফ্রিকার বর্ণ বিদ্বেষী সরকার এই সাম্রাজ্যবাদী শক্তির সমর্থন নিয়ে ইউ.এন.ও.র প্রস্তাব বারে বারে প্রত্যাখ্যান করবার চেষ্টা করছে এবং স্যাংসান থেকে আরম্ভ করে বর্ণ বৈষম্যের বিরুদ্ধে যে সমস্ত প্রস্তাব জেনারাল এসেম্বলী, সিকিউরিটি কাউন্সিল গ্রহণ করেছে, সিকিউরিটি কাউন্সিলের সেই প্রস্তাবকে তারা ব্যর্থ করার চেষ্টা করছে এই ক'দিন আগে জুলাই মাসে লন্ডন শহরে সারা পৃথিবীর দু-লক্ষাধিক মানুষ সমবেত হয়েছিল শান্তি কামনায়, নেলসন ম্যান্ডেলার মুক্তির দাবীতে এবং পৃথিবীর মধ্যে সবচেয়ে বৃহৎ সম্মেলন ওখানে হয়ে গেছে সেই সম্মেলনে পৃথিবীর সমস্ত জ্ঞানী গুনী ব্যক্তিরা সমবেত হয়েছিলেন এবং তারা সকলেই এক বাক্যে সম্মিলিত ভাবে নেলসন ম্যান্ডেলার মুক্তির দাবীতে প্রস্তাব গ্রহণ করেছেন। কিন্তু আমরা জানি সাউথ আফ্রিকান সরকার

সেটাকে মেনে নিতে পারছেন না এবং বলছেন আমরা একে সমর্থন করব না, আমাদের উপর যত রকম চাপই আসুক না কেন, উপেক্ষা করে চলব। বর্তমানে দক্ষিণ আফ্রিকার কি অবস্থা দাঁড়িয়েছে সেটা আপনাদের জানা উচিত। দক্ষিণ আফ্রিকার মোট জনসংখ্যা হল ২ কোটি ৮১ লক্ষ। এই ২ কোটি ৮১ লক্ষের মধ্যে মাত্র ১৮% হল হোয়াইট, সাদা চামড়ার লোক, আর আফ্রিকান হচ্ছে ৬৮%। আপনাদের জানা উচিত যে, ৬৮% হচ্ছে আফ্রিকান, ১০% কালারড্ পিপল, আর এশিয়ান পিপল হচ্ছে ৩.৩%, আর অন্যান্য কিছু পারসেন্ট নিয়ে মোট ২ কোটি ৮১ লক্ষ জনসংখ্যা। কাজেই মাত্র ১৮% মানুষ সেখানে বর্বরতার আশ্রয় নিয়ে সেখানকার মেজরিটি অব দি পিপলকে পায়ের তলায় নিষ্পেষিত করার চেষ্টা করছে সাম্রাজ্যবাদী শক্তির সাহায্য নিয়ে। আমরা জানি হোয়াইট কিম্বা রেগনাইট তাদের পিছনে থেকে সমস্ত রকম সাহায্য করছে যেখানে এ্যাবসলিউট এবং সম্পূর্ণভাবে ঐ দেশকে একটা স্যাংসানের আওতায় আনার জন্য চেষ্টা করা হয়েছে— সিকিউরিটি কাউন্সিল যে প্রস্তাব নিয়েছে— আর্মস এমবার্গো করবার জন্য যে প্রস্তাব নিয়েছে সেই প্রস্তাব মেনে নিচ্ছে না, আর্মস এমবার্গো মানছে না, স্যাংসান্ মানছে না। এই দুটি দেশ তাদের পিছনে থেকে, সারা পৃথিবীর মুক্তিকামী মানুষ, গণতান্ত্রিক মানুষ আশা আকাঙ্খার যে প্রদীপ শিখা জ্বালিয়ে আসছে, জেলখানার মধ্যে ২৬ বছর ধরে নির্যাতিত আমাদের নেলসন ম্যান্ডেলার সেই প্রদীপ শিখাকে নিভিয়ে দেবার চক্রান্ত করছে।

সেই চক্রান্তের বিরুদ্ধে ভারতবর্ষের প্রতিটি মানুষ তাঁদের পেছনে এসে দাঁড়িয়েছে এবং পৃথিবীর কোটি কোটি মানুষ এসে দাঁড়িয়েছে ও দাঁড়াবে। স্যার, আজকে আমরা তাঁকে অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি। আমরা জানি ১৯৬৬ সালে অন্যায় ভাবে ঐ দক্ষিণ আফ্রিকার প্রিটোরিয়া সরকার অসংখ্য নির্দোষ মানুষকে খুন করেছিল এবং সেই খুনের বিরুদ্ধে যাঁরা রুখে দাঁড়িয়েছিলেন তাঁদের মধ্যে একজন হলেন ডঃ নেলসন ম্যান্ডেলা। তাঁর সঙ্গে আরো ৫জন দক্ষিণ আফ্রিকার কারাগারে আবদ্ধ হয়ে আছেন। কবে তাঁরা সেই কারাগার থেকে বেরিয়ে আসবেন জানি না। তাঁদের প্রতি সারা পৃথিবীর মানুষের যে শ্রদ্ধা সেই শ্রদ্ধাকে আমি মনে করি দক্ষিণ আফ্রিকার ঐ সরকার তাদের বুটের তলায় চেপে রাখতে পারবে না। সারা পৃথিবীতে গণ-জাগরণ যেভাবে দেখা দিয়েছে, দেশে দেশে ম্যান্ডেলার মুক্তির দাবীতে অসংখ্য মানুষ যেভাবে মাথা উঁচু করে দাঁড়িয়েছেন তাকে ঐ সরকার আমি মনে করি বেশীদিন অস্বীকার করতে পারবেন না এবং সে ক্ষমতা তাদের হবে না। ডঃ ম্যান্ডেলার সঙ্গে আরো ৫জন দীর্ঘ প্রায় ২৫ বছরের [illegible] ধরে সেখানকার জেলখানাতে আছেন। এ ছাড়াও আমরা জানি সেখানে কারাগারে আরো ২৭২ জন আসামী আছেন, ফাঁসি কাঠে যাবেন বলে তাঁদের ঝুলিয়ে রেখে দেওয়া হয়েছে। তাঁদের কবে ফাঁসি হবে জানি না কিন্তু প্রতি মুহূর্তে তাঁরা দিন গুনছেন। সেখানে গত ১৬ তারিখে আরো ৫ জনের ফাঁসি হবার কথা ছিল। ১৬ তারিখ পর্যন্ত তাঁদের টাইম দেওয়া হয়েছিল যে তাঁরা তারমধ্যে এ্যাপিল ফাইল করতে পারে, হাইকোর্টে, সুপ্রীম কোর্টে বা তাঁদের দেশের রাষ্ট্রপতির কাছে এ্যাপিল ফাইল করতে পারে। সেই ১৬ তারিখের মেয়াদ উত্তীর্ণ হয়ে গিয়েছে। হয়ত জনমতের চাপে এবং সারা পৃথিবীর বিক্ষুব্ধ মানুষদের যে মত প্রকাশিত হয়েছে তার ফলে ১৬ তারিখের সেই ডেড লাইন পার হয়ে গেলেও তাঁদের [illegible] ঝোলাবার সাহস তাদের হয়নি। তাঁদের [illegible] ঝোলাবার ব্যাপারে সেখানকার ফরেন মিনিষ্টার, হোম মিনিষ্টার যে বক্তৃতা করেছেন তাতে তারা বলেছেন পৃথিবীর সমস্ত শক্তি চাপ দিলেও আমরা যে ডিসিসান নিয়েছি তার থেকে একপাও সরবো না। কিন্তু ১৬ তারিখের ডেড লাইন দেওয়া হয়েছিল তা পার হয়ে গেলেও তাঁদের ফাঁসি কাঠে ঝোলাবার সাহস তাঁদের হয় নি। সারা পৃথিবীর জনমত যেভাবে আজ এ ব্যাপারে উদ্বেল হয়ে উঠেছে তার কাছে স্বাভাবিকভাবে হয়ত তারা নতি স্বীকার করেছেন। তবে নতি স্বীকার করলেও যে প্রস্তাব

১৯৮৫ সালে ইউ.এন.ও-তে সিকিউরিটি কাউন্সিলে গ্রহণ করা হয়েছিল আমরা দেখেছি তাতে ভেটো প্রয়োগ করা হয়েছিল এবং সেই ভোটো দিয়েছিলেন ইউনাইটেড ষ্টেটস অব আমেরিকা এবং ইউনাইটেড কিংডম। আমরা দেখলাম সাম্রাজ্যবাদী দেশগুলি স্বাধীনতাকামী মানুষদের মুক্তির যে প্রস্তাব তাতে ভেটো দিলেন। ১৯৮৫/৮৬ সালে সিকিউরিটি কাউন্সিলে সেই প্রস্তাব আবার উঠেছিল। স্যাংসানের প্রস্তাব, এ্যাপারথিয়েড ভেঙ্গে চুরমার করার যে প্রস্তাব, মুক্তির যে প্রস্তাব সেই প্রস্তাবের বিরূদ্ধে আবার ভেটো দেওয়া হল। ভেটো দিলেন আমেরিকা, ইংল্যান্ড। গত বছর অর্থাৎ ১৯৮৭ সালে ফেব্রুয়ারী মাসে প্রথমে সেই প্রস্তাব গ্রহণ করা হল এবং পরে এপ্রিল মাসে আবার সেই প্রস্তাব উঠলো. কিন্তু দু বারই ইউ.এন.ও-র সেই প্রস্তাব নাকচ করার জন্য ভেটো দিলেন আমেরিকা এবং ইউনাইটেড কিংডম। স্যার, সাম্রাজ্যবাদীদের সেই হীন চক্রান্ত যার বিরূদ্ধে সারা পৃথিবীর শান্তিকামী, মুক্তিকামী মানুষরা লড়াই চালিয়ে যাচ্ছেন সেই লড়াই-এ আমরাও এখানে সকলে একমত হয়ে তার অংশীদার হতে চাই। আজকে তাই এই বিধানসভায় দলমত নির্বিশেষে আমরা মুক্তিকামী সেই সব মানুষদের রক্তাক্ত সংগ্রামের প্রতি আমাদের সমর্থন জানাতে চাই এবং সেই রক্তাক্ত সংগ্রামকে আমরা এগিয়ে নিয়ে যেতে চাই যেটুকু শক্তি সামর্থ আমাদের আছে তা দিয়ে।

**[ 1-30 – 1-40 p.m.]**

সেই শক্তি সামর্থ দিয়ে, আমাদের সলিডারিটি, আমাদের ভালবাসা দিয়ে তাদের বুক বাধবার চেষ্টা করবো। আমরা এখানে রাজনৈতিক মতবাদের উর্দ্ধে এসে দলমত নির্বিশেষে সকলে তাদের পাশে দাঁড়াবো। আজকে এই যে প্রস্তাব, এই প্রস্তাবের মধ্যে যে কথা আছে আমি তাকে সমর্থন করছি। আমি আশা করবো দলমত নির্বিশেষে সকলে তাদের পাশে এসে দাঁড়াবেন। এই সঙ্গে আমি আরো কয়েকটি কথা বলতে চাই। ভারত সরকারকে আঘাত করে, তাকে জড়িয়ে এখানে আর একটি এ্যামেন্ডমেন্ট প্রস্তাব আনা হয়েছে। আমি তাকে জানিয়ে দিতে চাই যে ভারত সরকারের কার্যকলাপ সম্পর্কে তিনি যদি ওয়াকিবহাল থাকতেন তাহলে একথা বলতে না। নন-এলায়েড নেশানের নেতা হিসাবে আমাদের সেই সময়ের যারা নেতা ছিলেন তাদের কার্যকলাপ আপনারা দেখেছেন। পরবর্ত্তীকালে ভারত সরকারের যারা আছেন, আমি শেষ সময়ের কথা বলছি, রাজীব গান্ধীর কথাই আপনারা ধরুন। সেপ্টেম্বরে যখন কমনওয়েলথে সামিট মিটিং হল. সেই মিটিংয়ের কথা আপনারা নিশ্চয়ই জানেন। নাসু, সেই নাসুর যারা ছিলেন তারা সবচেয়ে অগ্রগামী ভুমিকা নিয়েছিলেন। আব একটি মিনি-সামিট মিটিং হয়েছিল লন্ডনে। আপনারা ভুলে যাবেন না যখন থেচারের সঙ্গে মত বিরোধ হয়েছিল তখন থেচারকে একঘরে করে প্রস্তাব গ্রহণ করা হয়েছিল এবং সেদিন তার নেতৃত্ব দিয়েছিলেন রাজীব গান্ধী। বিরোধী পক্ষের সদস্য, যিনি এ্যামেন্ডমেন্ট এনেছেন তিনি হয়ত জানেন না যে ভবিষ্যতের যে কর্মপন্থা, কি নীতি অনুসরণ করে আমরা চলবো তার ডাইরেকটিভস দিয়েছিলেন রাজীব গান্ধী। সেদিন সেই মিনি সামিট মিটিংয়ে ব্রিটিশ সরকারের বিরুদ্ধে, তাদের প্রধানমন্ত্রীর বিরুদ্ধে, থ্যাচারের বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন এবং অপর দিকে সেখানকার মুক্তিকামী মানুষের পাশে এসে দাঁড়িয়েছিলেন। সেজন্য পরবর্ত্তী কালে যে আফ্রিকান ফান্ড তৈরী হয়েছিল সেই আফ্রিকান ফান্ড তৈরী করার দায়িত্ব নিয়ে ছিলেন আমাদের নেতা এবং ভারতবর্ষের চেয়ারম্যান অব দি আফ্রিকান হয়েছিলেন। এই আফ্রিকান ফান্ডের তরফ থেকে আমরা সারা পৃথিবীর বিভিন্ন দেশে দেশে লোক পাঠিয়েছি ফর দি ডেভলপমেন্ট অব সাউথ আফ্রিকা। আমরা তাকে ডেভলপমেন্ট করে গড়ে তুলতে চাইছি। আমরা চাইছি সেখানকার বিরুদ্ধে সমস্ত জনমতকে প্রতিষ্ঠিত করতে। তখন পার্লামেন্ট থেকে ডেলিগেশান গেছে। ২টো পার্লামেন্টারী ডেলিগেশান গেছে। তার মধ্যে একটা জি.ডি. সোয়েলের নেতৃত্বে। এই দুটি ডেলিগেশন থেকে পৃথিবীর বিভিন্ন দেশের পার্লামেন্টারীয়ানদের কাছে গিয়ে তাদের

বক্তব্য রেখেছেন। তারা বলেছেন যে তোমরা এস, সঙ্ঘবদ্ধ হও এই অত্যাচারের বিরুদ্ধে। ইউ.এন.-এর তরফ থেকে রেজলিউশান নেওয়া হয়েছিল— সেই রেজলিউশান নং ৪৩৫ - যে নামিবিয়াকে আমরা মুক্ত করতে চাই। আপনারা জানেন যে সেই নামিবিয়ার লোকসংখ্যা হচ্ছে ১৪ লক্ষ। সেই ১৪ লক্ষের মধ্যে হোয়াইট স্কিন হচ্ছে ৬ পারসেন্ট। এরা সব কিছু দখল করে সেখানে অত্যাচার চালাচ্ছে। তাই, ফ্রন্ট লাইনে যে সমস্ত ষ্টেট আছে তাদের ফায়ার আর্মস দিয়ে এদের সাহায্য করতে হবে। সাউথ আফ্রিকার এই একপেশে নীতির বিরুদ্ধে, কলোনিয়ালিজমকে আরো ছড়িয়ে দেবার যে চক্রান্ত, সেই চক্রান্তের বিরুদ্ধে সারা পৃথিবীর মুক্তিকামী গণতান্ত্রিক মানুষ মাথা উঁচু করে দাঁড়াবে। পশ্চিমবঙ্গে আমাদের যে ঐতিহ্য, সেই ঐতিহ্যকে সামনে রেখে পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক মানুষ হিসাবে এই মুক্তিকামী মানুষদের প্রতি শ্রদ্ধা ভালবাসা নিয়ে আমরা যেন তাদের পাশে দাঁড়াই এই সংগ্রামের একজন লোক হিসাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে মান্যবর সদস্য যারা আছেন, আমি তাদের প্রত্যেককে আমার তরফ থেকে অভিনন্দন জানিয়ে এই প্রস্তাবকে সমর্থন করবেন এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সারা বিশ্বে শান্তি দিবস পালিত হচ্ছে। সেই বিশ্ব শান্তির সঙ্গে আমরা এই হাউসে এমন একটা প্রস্তাব এনেছি যা বিশ্ব শান্তির পরিপূরক। সারা পৃথিবীর মানুষ আজকে শান্তির জন্য যখন লালায়িত, শান্তির জন্য যখন আন্দোলন করছে, পশ্চিমবাংলায় আমরা সেই আন্দালনের সাথী। দক্ষিণ আফ্রিকার বর্ণ বিদ্বেষী সরকার প্রিটোরিয়ায় দীর্ঘদিন ধরে কৃষ্ণাংগদের উপর অকথ্য অত্যাচার, নির্যতিন চালিয়ে যাচ্ছে। পৃথিবীর সভ্য মানুষ, পৃথিবীর সভ্য দেশ, পৃথিবীর সমাজ তান্ত্রিক দেশগুলো বারেবারে এই অকথ্য নির্য্যাতনের বিরুদ্ধে সোচ্চার হয়েছে এবং এই নির্যাতনের বিরুদ্ধে, গনতন্ত্রের বিরুদ্ধে যারা সেখানে সংখ্যা গরিষ্ঠ কৃষ্ণাংগ মানুষ, যারা সরকার গঠণ করতে পারতো, সেই কৃষ্ণাংগ মানুষদের গনতান্ত্রিক অধিকারকে উপেক্ষা করে মুষ্টিমেয় শ্বেতাংগ মানুষ, যেখানে নির্যাতন, অত্যাচার করে গণতন্ত্রকে ধ্বংস করছে আর সেই গণতন্ত্রকে রক্ষা করবার জন্য সেই মানুষের অধিকারকে প্রতিষ্ঠা করার জন্য ঐ দেশের মানুষ নেলশন ম্যান্ডেলা আজকে ২৫ বছর অতিক্রান্ত হয়ে ২৬ বছর ধরে পালমল জেলে আবদ্ধ হয়ে রয়েছে, তাঁর সঙ্গে, তিনি শুধু একা নন, আরও কয়েক শত কৃষ্ণাংগ নেতা, তাঁরা আজকে ঐ প্রিটোরিয়া সরকারের জেলে আবদ্ধ হয়ে রয়েছে, তাঁদের কারাগারে নিক্ষেপ করা হয়েছে। কারাগারের অভ্যন্তরে তাঁদের আহার্য পর্য্যন্ত দেওয়া হয় না, চিকিৎসার ব্যবস্থা নেই, বহু মানুষ মৃত্যুর সঙ্গে চিকিৎসার অভাবে লড়াই করছেন। সেদিন আমরা দেখেছি, ঐ নিরাপত্তা পরিষদের সাধারণ সভায়, বিশ্ব সাধারণ সভায়, যাকে জেনারেল এ্যাসেম্বলি বলে সেই জেনারেল এ্যাসেম্বলি একটা বিশেষ কমিটি তৈরী করেছে। বিশেষ কমিটি হলো এই জাতি বর্ণ বিদ্বেষের বিরুদ্ধে, এই কৃষ্ণাংগদের অত্যাচারের বিরুদ্ধে, তাদের স্বাধীনতার জন্য এই বিশেষ কমিটি কাজ করবে। সেই বিশেষ কমিটি দক্ষিণ আফ্রিকার সমস্ত কৃষ্ণাংগ মানুষের সমস্যা এবং তাছাড়া ম্যান্ডেলার ১৮ই জুলাই জন্ম দিবস, ৭৭ বছর বয়সের যে জন্মদিন ১৮ই জুলাই, সেই ১৮ই জুলাই ইউনাইটেড নেশন্ অর্গানাইজেশন, সম্মিলিত জাতিপুঞ্জ তার বিশেষ কমিটি কতকগুলো প্রস্তাব গ্রহন করেছে, আর সেই প্রস্তাবের মধ্যে দিয়ে পৃথিবীতে ঐ শ্বেতাংগ সরকার, যারা অত্যাচার করছে, তাদের বিরুদ্ধে তাঁরা বক্তব্য রেখেছেন।

**[1.40 - 1.50 p.m.]**

আর অন্য দিকে তাঁরা নেলসন ম্যান্ডেলা এবং আফ্রিকার জাতীয় কংগ্রেসের অন্যান্য নেতাদের মুক্তি দাবী করেছেন। আমরা দেখছি পৃথিবীর ইতিহাসে যুদ্ধের শুরু থেকে আজ পর্যন্ত যুদ্ধের নিষ্পত্তির জন্য, বিশ্বেশান্তি প্রতিষ্ঠা করার জন্য দু' ধরনের প্রয়াস চলে। একটা প্রয়াস রাষ্ট্রপুঞ্জের অভ্যন্তরে

অথবা জাতিসংঘের অভ্যন্তরে চলে এবং আর একটা প্রয়াস জাতিসংঘের, রাষ্ট্রপুঞ্জের বাইরে চলে। সুতরাং আজকে পৃথিবীতে শান্তির জন্য, আণবিক যুদ্ধ বন্ধ করার জন্য, নক্ষত্র যুদ্ধ বন্ধ করার জন্য যুক্ত-রাষ্ট্র অবস্থিত [illegible] নেশনস অর্গানাইজেসনে বা সম্মিলিত জাতিপুঞ্জের অভ্যন্তরে প্রচেষ্টা চলছে। প্রথম বিশ্ব [illegible] পর লীগ অব নেশনস এর যেমন ভাবে প্রচেষ্টা হয়েছিল তেমন আজও সম্মিলিত জাতিপুঞ্জের সনদের মধ্যে দিয়েই যুদ্ধ বন্ধের প্রচেষ্টা চলছে। কিন্তু সব চেয়ে বড় মজার হচ্ছে সম্মিলিত জাতিপুঞ্জের চার্টার। সেই সনদের মধ্যেই যুদ্ধের বীজ লুক্কায়িত। পৃথিবীর বৃহত্তর রাষ্ট্র নায়করা সম্মিলিত [illegible] সনদের মধ্যে যুদ্ধের দামামাকে লুকিয়ে রেখেছে, তাকে পাল্টে দেওয়ার ব্যবস্থা করে নি। আজকেও ইউ. এন. চার্টারের মধ্যে টোটাল প্রহিবিসন অব্ ওয়ার বলে কোন কিছু নেই। অর্থাৎ যুদ্ধ নিষিদ্ধ করার দিকে তাদের প্রবণতা নেই। বরং ইউ. এন. চার্টারের ৫১ নং আর্টিকেলে [illegible] জুরিসডিকসন নামে একটা ক্লজ রেখে দেওয়া হয়েছে। আত্মরক্ষা তথা স্বাধীনতা রক্ষার নামে যুদ্ধ করা ইউ. এন. চার্টারে পারমিসিব্ল। তাই বার বার দেখি বিশ্বের বিভিন্ন জাতির পক্ষ থেকে — বিভিন্ন সমাজতান্ত্রিক এবং ধনতান্ত্রিক দেশের পক্ষ থেকে — নেলসন ম্যান্ডেলার মুক্তির জন্য যখন সম্মিলিত জাতিপুঞ্জে দাবী উত্থাপন করা হয় তখন কিন্তু নেলসন ম্যান্ডেলার মুক্তি হয় না। ঐ যে ওখানে একটা সিকিউরিটি কাউনসিল আছে সেখানে পাঁচটি রাষ্ট্রকে ভেটো পাওয়ার দেওয়া আছে। ঐ পাঁচটি রাষ্ট্রের যে কোন একটা রাষ্ট্র নিরাপত্তা পরিষদে যদি ভেটো প্রয়োগ করে তাহলেই সব বানচাল হয়ে যায়। চীন, সোভিয়েত রাশিয়া, ভারতবর্ষ সহ পৃথিবীর বিভিন্ন দেশের মানুষদের পক্ষ থেকে যখন নিরাপত্তা পরিষদে যুদ্ধ-বিরোধী প্রস্তাব উত্থাপন করে তা গ্রহণ করার জন্য উদ্যোগ নেওয়া হয় তখন যদি ফ্রান্স অথবা গ্রেট বৃটেনের মত একটা ছোট দেশ ভেটো প্রয়োগ করে তখন দেখা যায় যুদ্ধ বিরোধী প্রস্তাব গৃহীত হয় না। আমরা দেখেছি ১৯৫৬ সালে যখন মিশর আক্রান্ত হয়েছিল, সুয়েজ সংকট যখন বিরাট আকার নিয়েছিল তখন ইউ. এন. জেনারেল [illegible] স্পেসাল জেনারেল মিটিং বসেছিল, সেই জেনারেল মিটিং-এ সোভিয়েত রাশিয়া এবং আমেরিকা ঐক্যবদ্ধ হয়ে ৩/৪ ভোটে যুদ্ধ বিরতি প্রস্তাব পাশ করেছিল। এবং যৌথভাবে সৈন্য পাঠিয়ে ফ্রান্স ও গ্রেট বৃটেনের বিরুদ্ধে লড়াই করেছিল। সেখানে গাজাস্ট্রিপে সৈন্য-সামন্ত সমাবেশ করে যুদ্ধ বিরতি গ্রহন করা হয়েছিল। আজকে আমরা দেখি আমেরিকার মধ্যেও আজকে নেলসন ম্যান্ডেলার পক্ষে এবং প্রিটোরিয়া সরকারের বিরুদ্ধে সেখানে জেহাদ উঠেছে। সেখানে সরকারের ভিতরেও গ্রান্ট বন্ধ করে দেওয়ার জন্য, ব্যবসা বন্ধ করে দেওয়ার জন্য ধ্বনি উত্থিত হয়েছে। তথাপি নেলসন ম্যান্ডেলা মুক্ত হচ্ছে না। আপনারা জানেন, নেলসন ম্যান্ডেলার স্ত্রীকে ৬ ঘন্টা তাঁর স্বামীকে দেখবার জন্য ঐ শ্বেতাঙ্গ সরকার অনুমতি দিয়েছিল। কিন্তু তাঁর স্ত্রী তা প্রত্যাখ্যান করেছেন। তিনি বলেছেন তাঁর স্বামী সহ অন্যান্য আফ্রিকার মানুষ যখন কারারুদ্ধ থেকে মুক্ত হবে, যখন সবাই স্বাধীন হবে, যখন সবাই মুক্তির স্বাদ পাবে তখন আমি প্রস্তাব গ্রহন করবো, তার আগে নয়। সুতরাং আজকে নেলসন ম্যান্ডেলা হচ্ছে গণতন্ত্রের প্রতীক, স্বাধীনতার প্রতীক, লড়াইয়ের প্রতীক, নির্যাতনের প্রতীক, সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আন্দোলনের প্রতীক। আজকে জাতি-বর্ণ বিদ্বেষের বিরুদ্ধে যে লড়াই হচ্ছে সেই লড়াইয়ের প্রতীক হলেন নেলসন ম্যান্ডেলা। আজকে এই হাউসে নেলসন ম্যান্ডেলার মুক্তির জন্য যে প্রস্তাব আনা হয়েছে সেটা খুবই উপযুক্ত প্রস্তাব। সারা বিশ্বে, বিশ্ব-শান্তির প্রতীক নেলসন ম্যান্ডেলাকে আমরা সমর্থন করি এবং তার স্বাধীনতা দাবী করে পশ্চিমবাংলার মানুষ এবং এই বিধানসভা উপযুক্ত প্রস্তাব গ্রহন করেছেন। আজকে দক্ষিন আফ্রিকার সরকারের বিরুদ্ধে, এ্যাপারথেডের বিরুদ্ধে সাব-কমিটি যে প্রস্তাব করেছেন তার দু-একটি লাইন আমি উদ্ধৃত করতে চাই এবং সেটা আন্তর্জাতিক ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ।

"The General Assembly and the Security Council have recognized the legitimacy of the struggle in South Africa for the

elimination of apartheid and the establishment of a democratic society. It is also my view that a resolution on the problems of South Africa can best be achieved through peaceful and constructive dialogue at the national level, on the basis of equality, between leaders of all sections of the population.''

এইসব প্রস্তাব সত্বেও-রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভায় অথবা নিরাপত্তা পরিষদে এইসব প্রস্তাব গ্রহন করার পরেও-তা কার্যকরী হচ্ছে না। দক্ষিন আফ্রিকায় কৃষ্ণাঙ্গ মানুষদের যে আন্দোলন সেই আন্দোলনকে সম্মিলিত জাতি পুঞ্জ স্বীকার করেছেন। শুধু স্বীকার করেননি আজকে অর্থনৈতিক স্যাংসণ। দক্ষিন আফ্রিকাকে না দেওয়ার জন্য মতবাদ গড়ে উঠেছে। সারা বিশ্বে, সারা পৃথিবীর অর্থনৈতিক অবরোধ ঐ দক্ষিণ আফ্রিকার উপর আজকে যদি তৈরী হয় তাহলে কৃষ্ণাঙ্গ মানুষেরা স্বাধীনতা অর্জন করবে। আজকে দক্ষিন আফ্রিকার সঙ্গে ব্যবসা-বানিজ্যে লিপ্ত সবচেয়ে বেশী হল আমেরিকা। আজকে এই সমস্ত সাম্রাজ্যবাদী দেশগুলি যদি যৌথভাবে অর্থনৈতিক অবরোধ গড়ে তোলে তাহলে কয়েকদিনের মধ্যেই দক্ষিন আফ্রিকার কৃষ্ণাঙ্গ মানুষেরা স্বাধীনতা অর্জন করবে। নেলসন ম্যান্ডেলা মুক্তি পাবে, পৃথিবীর নির্যাতিত মানুষ মুক্ত হবে। তাই আজকে প্রস্তাবকরা একটি সুন্দর প্রস্তাব এই হাউসে নিয়ে এসেছেন। আমাদের এই হাউসের যিনি নেতা তিনি এই প্রস্তাবকে সমর্থন করেছেন। আমিও এই প্রস্তাবকে সমর্থন করছি। তবে বিরোধীদলের নেতা যদি আজকে উপস্থিত থেকে সমর্থন করতেন তাহলে আরো সুখের বিষয় হতো। তাঁর অনুপস্থিতি অনুভব করছি। তবে তাঁর দলের ডেপুটি লিডার উপস্থিত আছেন, তিনি হয়তো এটাকে সমর্থন করবেন। তাঁর দলের আর একজন বক্তা এই প্রস্তাবের উপর বলেছেন। সর্বসম্মতি ক্রমে এই আন্দোলনকে সমর্থন করে এবং নেলসন মেনডেলার মুক্তিকে সমর্থন জানানোর প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1.50 - 2.00 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ইনটারন্যাশান্যাল পীস ডে, অতন্দ্র অসপিসাস ডে এবং আজকের দিনে দক্ষিণ আফ্রিকার জাতীয় সংগ্রামের অবিসংবাদী নেতা নেলসন মেনডেলার মুক্তির দাবী জানিয়ে এবং বোথা সরকারের কারান্তরালে দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা সংগ্রামী মানুষ যাঁরা আজও নির্যাতীত হচ্ছেন, তাঁদের মুক্তির দাবী জানিয়ে এবং সাউথ আফ্রিকার নামিবিয়া এবং ফ্রন্ট লাইন ষ্টেটস যেগুলি আছে যেখানে এরকম অপ্রেসন চলছে বিশ্বের সমস্ত দেশের তরফ থেকে তাঁদের প্রতি সমস্ত রকম সহায়তার কথা বলে যে প্রস্তাব উৎথাপিত হয়েছে তার সেভ এ্যান্ড এ্যাকসেপট লাষ্ট লাইন - বাদ দিয়ে - যার জন্য আমি এই সংশোধনী দিয়েছি — আমি এই প্রস্তাবকে সমর্থন করছি। আমার দলের তরফ থেকেও স্বাগত জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে লিস্ট অফ বিজনেস অফ দি হাউস যেটা বেরিয়েছে সেই লিষ্টেও দেখলাম এই বিষয়টির উপরে একটি সর্বদলীয় প্রস্তাব আসবে, এ কথা ঘোষণা করা হয়েছে কিন্তু পরবর্তী পর্যায়ে এর মধ্যে এমন একটা লাইন ঢুকে গেল যার জন্য এটা সর্বদলীয় প্রস্তাব হতে পারল না এবং তার জন্য আমি আমার দলের পক্ষ থেকে এর সিগনেটরী হতে পারলাম না এবং তার জন্য আমরা গর্বিত। নেলসন মেনডেলার মত একজন সংগ্রামী নেতা, দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা সংগ্রামীরা যারা রক্তের আখরে এই স্বাধীনতা সংগ্রামের ইতিহাস রচনা করছে, যারা সংগ্রামী দৃষ্টিভঙ্গী নিয়ে চলছে তাদের সংগ্রামী নেতার প্রতি শ্রদ্ধা জানাতে গিয়ে অন্তুতঃ মিথ্যার সঙ্গে বা অসত্যের সঙ্গে আপোষ করতে পারব না সেই জন্য আমাদের দলের পক্ষ থেকে আমরা গর্বিত।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাউথ আফ্রিকার বোথা সরকার একটা ক্ষুদ্রাতিক্ষুদ্র বর্ণ বিদ্বেষী সরকার এবং তারা আজকে সারা বিশ্বে যেভাবে একটা নজির সৃষ্টি করেছে যেখানে মধ্যযুগীয় বর্বরতা চলছে এবং যেখানে মানবতার শেষ বিন্দু নিঃশেষ করে দিয়ে অসংখ্য মানুষ ফাঁসীকাষ্ঠে ঝুলছে এবং পৈশাচিকতার একটা বীভৎস নজির এখানে সৃষ্টি হয়েছে। এর বিরুদ্ধে আজকে বিশ্বের জনমত সোচ্চার হয়ে উঠেছে। আজকে বিশ্বের সমস্ত জনমতকে পদদলিত করে এই রকম একটা রেসিস্ট প্রিটোরিয়া গভর্ণমেন্ট এই ভাবে জনমতকে উপেক্ষা করার সাহস তারা কোথা থেকে পায় এটাই হচ্ছে মস্তবড় সমস্যা এবং ভাববার বিষয়, এটাই হচ্ছে আসল বা মূল কথা। এর পিছনে রয়েছে এ্যাংগলো আমেরিকান সাম্রাজ্যবাদী শক্তি এবং আমেরিকান মাল্টিন্যাশান্যাল পুঁজিপতিদের স্বার্থ, এর পিছনে রয়েছে রেগন এবং থ্যাচারের সমর্থন।

ঐ যে আফ্রিকা, আপনি জানেন, সেখানে যে মাল্টি-ন্যাশনাল কোম্পানীগুলি আছে তারা কোটি কোটি ডলারের পুঁজি খাটাচ্ছে সেখানে এবং সেখানে মাল্টি-ন্যাশনাল পুঁজির স্বার্থ রক্ষা করতে চাইছে ঐ মার্কিন সাম্রাজ্যবাদী শক্তি, সেই স্বার্থ রক্ষা করতে চাইছে ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তি। তাই আজকে তারা বোথা সরকারের সমর্থক। এটা সর্বজনবিদিত যে, এ্যাংলো-আমেরিকান ইমপিরিয়ালিষ্ট ব্লক-এর সমর্থনের উপর বোথার মাইনরিটি গভর্ণমেন্ট দাঁড়িয়ে আছে। আজকে যদি ঐ রেসিষ্ট গভর্ণমেন্টের বিরুদ্ধে, এ্যাপারথিডিসম্ এর বিরুদ্ধে, ঐ বর্ণ-বৈষম্যের বিরুদ্ধে লড়াই করতে হয়, সেক্ষেত্রে আমরা যদি ইমপিরিয়ালিষ্ট ব্লকের বিরুদ্ধে জনমত গড়ে তুলতে না পারি, যদি বলিষ্ঠ এবং দৃঢ় পদক্ষেপ গ্রহণ করতে না পারি, তাহলে কি সম্ভব নেলসন ম্যান্ডেলার মুক্তি? আজকে এগুলোই হচ্ছে প্রশ্ন। আজকে প্রশ্ন উঠেছে নেলসন ম্যান্ডেলার মুক্তির, বোথা সরকারের কারাগারে যেসব মুক্তি-সংগ্রামী নির্যাতিত হচ্ছেন তাঁদের মুক্তির এবং বর্ণ-বিদ্বেষী সরকারের হাত থেকে দেশের জনসাধারণের মুক্তির। সাউথ আফ্রিকার ঐ সাম্রাজ্যবাদী বর্ণ-বিদ্বেষী সরকারের বিরুদ্ধে মুক্তি আন্দোলনের সমর্থনে একদিকে যেমন বিশ্ব-জনমত গড়ে তোলা দরকার, তেমনি যারা ঐ সরকারকে সাহায্য করছে তাদের উপর চাপ সৃষ্টি করা দরকার যাতে তারা বোথা সরকারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করে। আমি এই প্রসঙ্গে বলবো যে, ভারত সরকারের এক্ষেত্রে যে পদক্ষেপ, যে দৃষ্টিভঙ্গী, তাকে এ্যাপ্রিসিয়েট করা যায় না; সেটা প্রসংশনীয় নয়, বরং অত্যন্ত নিন্দনীয়। এটা সম্পূর্ণ একটা রাজনৈতিক দৃষ্টিভঙ্গী থেকে এসেছে। আজকে রিয়ালিটি যা, সেই রিয়ালিটিকে তো অস্বীকার করতে পারি না! সেই রিয়ালিটি কি ? আজকে ঐ বর্ণ-বিদ্বেষী সরকারের পৃষ্ঠপোষকতা করছে, মদত দিচ্ছে গ্রেট ব্রিটেনের যে বৃটিশ সরকার, সেই সাম্রাজ্যবাদী ব্রিটিশ সরকারের নেতৃত্বে গঠিত কমনওয়েলথ জোটের সদস্য হয়ে বসে আছেন আমাদের ভারত সরকার। কাজেই তাঁরা একদিক নেলসন ম্যান্ডেলার মুক্তির কথা বলবেন এবং অন্য দিকে বোথা সরকারের মদতদানকারী ব্রিটিশ সরকারের নেতৃত্বে গঠিত কমনওয়েলথের সদস্য হয়ে বসে থাকবেন, এটা হয় না। কাজেই আজকে ভারত সরকারের উচিত কমনওয়েলথ জোটের সদস্যপদ ত্যাগ করা। কিন্তু এই দাবীকে উপেক্ষা করছেন আজকে ভারত সরকার। এই ষ্ট্যান্ড কি এ্যাপ্রিসিয়েটিভ? এই ষ্ট্যাণ্ড কি প্রসংশনীয়? মাননীয় মুখ্যমন্ত্রী কি এটা অস্বীকার করবেন? তিনি রিয়ালিটিকে সম্মতি দিতে বলেছেন। তিনি বলেছেন ভারত সরকারের দৃষ্টিভঙ্গী এবং পদক্ষেপকে এই ব্যাপারে সমর্থন করতে। কিন্তু বিশ্ব-রাজনীতিতে আজকে এতবড় একটা বিপর্যয় সৃষ্টি করেছে যে বোথা সরকার, সেই সরকারের বিরুদ্ধে নন্-এ্যালাইন্ড মুভমেন্টের নেতৃত্বদানকারী ভারতসরকারের একটা ডেফিনিট রোল গ্রহণ করা উচিত ছিল। কিন্তু আজকে তাঁরা যে পলিসি গ্রহণ করেছেন, রিয়েলী সেটা একটা উইক-নীড পলিসি। এর পরিবর্তে আজকে তাঁরা যদি বোথা সরকারের বিরুদ্ধে একটা বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করতেন, আন্তর্জাতিক ক্ষেত্রে একটা বলিষ্ঠ আন্দোলন গড়ে তুলতেন, যদি ইউ. এন.ও-তে আন্দোলনের

ষ্ট্যাণ্ড নিতেন, তাহলে কৃষ্ণাঙ্গদের যে মুক্তি সংগ্রাম তাকে দৃঢ় করতে পারতেন। এই যে উইক-নীড পলিসি, এই পলিসি বোথা সরকারের শাসন-ব্যবস্থাকে স্থায়ী করতেই সাহায্য করছে। ফলে ভারতসরকারের যে ষ্ট্যাণ্ড সেটা প্রসংশনীয়, নাকি নিন্দনীয়? হাউসের কাছে আমার এটাই জিজ্ঞাস্য।

**[2.00 - 2.10 p.m.]**

আরো অনেক অভিযোগ আছে। অভিযোগ এমন পাওয়া যায় যে হিন্দু স্থান ডায়মণ্ড কোম্পানী, এটা ভারত সরকারের সংস্থা, এই কোম্পানী সাউথ আফ্রিকায় হিরে ব্যবসা করে বৃটিশ এজেন্টদের মাধ্যমে। ফলে ভারত সরকার ওই সরকারকে সমর্থন করছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি শেষ করবো এই কথা বলে যে আজকে যারা মাল্টি ন্যাশানাল পুঁজি, যারা বোথা সরকারকে মদত দিচ্ছে বা সমর্থন করছে এবং বোথা সরকারের সঙ্গে ব্যবসা করছে, আজকে যাঁরা নেলসন ম্যান্ডেলার মুক্তির দাবি জানাচ্ছেন তাঁরাই আবার সেই সমস্ত মাল্টি ন্যাশানাল কোম্পানীর পুঁজি এখানে বিনিয়োগ করার জন্য আহ্বান জানাচ্ছেন। এটা অত্যন্ত লজ্জা জনক। একদিকে নেলসন ম্যান্ডেলার মুক্তির দাবি করবেন আবার অন্য দিকে আমাদের দেশের, আমাদের রাজ্যে কারাগারে বন্দী হিসাবে রেখে দেবেন এবং বন্দীদের হত্যা চলবে, এই জিনিস মিথ্যাচার ছাড়া আর কি বলবো? দক্ষিণ আফ্রিকায় মুক্তি আন্দোলনের জন্য সোচ্চার হবেন, নেলসন ম্যান্ডেলার মুক্তির দাবি জানাবেন আর অন্য দিকে আমাদের রাজ্যে গনতান্ত্রিক আন্দোলনের উপর পুলিশকে দিয়ে নির্বিচারে লাঠি চালিয়ে দমন করার চেষ্টা করবেন এটা তো কাজের সঙ্গে কথা স্ববিরোধ হয়ে যাচ্ছে এবং এটা তো মিথ্যাচার। সুতরাং এটাকে শ্রদ্ধা জানানো যায় না। তাই আমি মনে করি সত্যিই যদি আপনারা নেলসন ম্যান্ডেলার মুক্তি চান, সত্যিই যদি তাদের স্বাধীনতা সংগ্রামের প্রতি শ্রদ্ধা জানাতে চান তাহলে ওই অসত্য কথা প্রতিহৃত করা উচিত। আমি এ্যামেন্ডমেন্ট এনেছি - কেন্দ্রীয় সরকারের পদক্ষেপ প্রসংশনীয় বলে যেটা বলা হয়েছে সেটা বাতিল করবার জন্য অনুরোধ জানাবো। আশা করি আমার এ্যামেন্ডমেন্ট সকলে মেনে নেবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাবের সমর্থন করতে গিয়ে - যদিও আমি প্রস্তাবকদের মধ্যে একজন - প্রথমে যে কথাটা বলতে হয় তা হল পশ্চিমবঙ্গ বিধানসভার পক্ষ থেকে এই যে প্রস্তাব আনা হয়েছে এটা একটা গৌরবের বিষয়। সারা পৃথিবী জুড়ে দক্ষিন আফ্রিকার সংগ্রাম এবং সেই সঙ্গে সঙ্গে নামিবিয়ার ফ্রন্ট লাইন স্টেটস-এর যে সংগ্রাম চলেছে সেই সংগ্রামের সমর্থনে জনমত গঠনের কাজ চলেছে। সেই জনমত গঠনের দিক বিবেচনা করে আজকে এই বিধানসভায় সর্ব্বসম্মত ভাবে এই প্রস্তাব আনতে পারা গিয়েছে বলে আমি মনে করি এটা একটা গুরুত্বপূর্ণ বিষয় হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই জনমত গঠনের কাজ সারা পৃথিবী জুড়ে চলেছে এবং আমাদের দেশেও সেই কাজ চলেছে, নানা স্তরে চলেছে, নানা জায়গায় চলেছে। আমরা পার্লামেন্টারিয়ান, আইন সভার সদস্য, আমাদেরও এই ব্যাপারে কিছু করনীয় আছে এবং সেই বিষয়ে অবহিত হয়ে সারা পৃথিবীর পার্লামেন্টারিয়ানরা কিছু দিন আগে দিল্লীতে সমবেত হয়েছিলেন। ওয়ার্ল্ড পার্লামেন্টারিয়ানরা এই বিষয়ে আলোচনা করার জন্য সমবেত হয়েছিলেন। সেখানে বিধানসভার অধ্যক্ষ মহাশয়ের নেতৃত্বে একটি ডেলিগেশান গিয়েছিলেন, যেখানে আমরা ছিলাম, মাননীয় বিরোধি দলের নেতা সাত্তার সাহেবও ছিলেন। সেখানে সিদ্ধান্ত হয়েছিল যে, আমরা সমস্ত জায়গায়, আইন সভায় বা পার্লামেন্টে এই সংগ্রামের সমর্থনে এবং নেলসন মেন্ডেলার মুক্তির জন্য প্রস্তাব গ্রহণ করবো। আমি জানিনা যে, সেই প্রস্তাব অনুসারে ভারতবর্ষে কোন্ কোন্ বিধানসভা বা আইনসভায় এই ধরণের প্রস্তাব গ্রহণ করা হয়েছে? আমি এটাও জানিনা যে, আমাদের পার্লামেন্টে বা রাজ্যসভায় এই ধরণের প্রস্তাব গ্রহণ করা হয়েছে কিনা? দিল্লীর ঐ সম্মেলনের পর, পৃথিবীর

অন্যান্য দেশের যেসব প্রতিনিধিরা এসেছিলেন তাঁরা দেশে ফিরে গিয়ে এই ধরণের প্রস্তাব তাঁদের আইন সভা বা পার্লামেন্টে পাশ করেছেন কিনা আমার জানা নেই। আমরা এখানে এই যে প্রস্তাব গ্রহণ করছি তা গৌরবের বিষয় শুধু এই কারণেই নয় যে আমরাই সম্ভবতঃ ভারতবর্ষে প্রথম এই প্রস্তাব গ্রহণ করছি। এটা ঠিক কিনা আমার জানা নেই, তবে মনে হয় এখন পর্যন্ত আমাদের দেশে অধিকাংশ বিধানসভায় এই সংগ্রামের সমর্থনে এই রকম প্রস্তাব গৃহীত হয় নি। এই সংগ্রামের সমর্থনে জনমত গঠণের জন্য এই ধরণের প্রস্তাব গ্রহণের প্রয়োজনীয়তা আছে এবং আমরা তা এখানে খানিকটা পালন করছি। সেজন্য এটাকে আমরা গৌরবের বিষয় বলে মনে করি। এই প্রস্তাবের সমর্থনে বলতে উঠে আমার অনেকদিন আগেকার একটি ইতিহাসের কথা মনে পড়ছে। ১৯০১ সালে এই কলকাতাতে যে কংগ্রেসের অধিবেশন হয়েছিল তাতে তিনসাই দুলসী ওয়াধিয়া সভাপতিত্ব করেছিলেন। সেই অধিবেশনে মহাত্মা গান্ধী দক্ষিণ আফ্রিকায় ভারতীয়দের সমস্যার কথা খানিকটা তুলে ধরতে এসেছিলেন। কংগ্রেসের সেই অধিবেশনে সেই অভিভাষণের মধ্যে দিয়ে সর্ব প্রথম ভারতবাসীরা পুংখানুপুংখু রূপে জানতে পেরেছিলেন যে দক্ষিণ আফ্রকায় সভ্যতার নামে কি কান্ডকারখানা চলছে। ১৯০১ সালের কংগ্রেস অধিবেশনে আমরা যখন প্রথম এই বীভৎস ও নারকীয় রাজত্বের কথা জানতে পেরেছিলাম, ভারতবর্ষের জনমত সেইদিন থেকেই এই ব্যবস্থার বিরুদ্ধে সোচ্চার হয়েছে। আমরা সকলেই স্বীকার করি, আমরা সকলেই জানি যে, এই ব্যাপারে নেতৃত্ব দিয়েছিলেন ভারতের মহাত্মা গান্ধী। আজকে ১৯৮৮ সাল। ৮৭ বছর ইতিমধ্যে পার হয়ে গেছে। ১৯০১ সালের পর, ১৯৪৬ সালের পর সবচেয়ে বড় সাম্রাজ্যবাদী শক্তিকে হঠিয়ে দিয়ে আমাদের দেশ স্বাধীন হয়েছে।

**[2.10 - 2.20 p.m.]**

কিন্তু দুঃখের বিষয় যে আজকে ৮৭ বছর পার হয়ে গেছে ১৯০১ সালের পরে। কিন্তু আজ পর্যন্ত দক্ষিণ আফ্রিকায় বীভৎস সরকার, বীভৎস শাসন ব্যবস্থা এবং বীভৎস দেশ এ্যাপারথাইডের নামে আজকে সেখানে কায়েম মোকাম করে বসে আছেন। আমরা নিশ্চয় জনমত গঠন করতে পারি কিন্তু তার বেশী হয়তো লেজিসলেচার হিসাবে করতে পারিনা। কিন্তু এই বিষয়ে কোন সন্দেহের অবকাশ নেই যে শুধু প্রস্তাব করলেই ওই নারকীয়তা রোখা যাবে না। দক্ষিণ আফ্রিকার জাতীয় নেতা যাঁর আজকে ৭০ বৎসর বয়স হয়েছে, যিনি আজকে কেপটাউন হাসপাতালে অসুস্থ অবস্থায় সেখানে আছেন তাঁকে আমরা শুধু প্রস্তাব এখানে থেকে পাশ করলেই মুক্ত করতে পারবো না তা আমরা জানি। আমাদের প্রস্তাবের ৪র্থ প্যারাতে যে কথাটি আমরা বলেছি তাতে আবার বলার দরকার হত না। কিন্তু তা সত্বেও বলছি যে যতগুলি ইন্টারন্যাশানাল ফোরাম আছে সমস্ত ইন্টারন্যাশানাল ফোরামগুলিই দক্ষিণ আফ্রিকার সমর্থনে, নামিবিয়ার সমর্থনে। এমন কি সিকিউরিটি কাউন্সিলে যে প্রস্তাব হয়েছে এবং ফ্রন্ট লাইন ষ্টেটস যতগুলি আছে তাদের সমর্থনে বারেবারে প্রস্তাব হয়েছে কিন্তু একটি প্রস্তাবও কার্যকরী হয় নি। কেন হয় নি সেকথাও আমাদের মনে রাখতে হবে এবং এইকথা মনে রাখতে হবে মহাত্মা গান্ধী এককভাবে সেদিন ওই আন্দোলনকে যেভাবে প্রভাবিত করেছিলেন, সেই সময়ের দুনিয়াতে যেভাবে আন্দোলন তুলে ধরেছিলেন আজকে সেই অবস্থা আর নেই পৃথিবীতে। পৃথিবীতে এখন একটিমাএই সাম্রাজ্যবাদী শক্তি টিকে আছে, এখনো তাদের গায়ে ঘা হয়ে রয়েছে এবং সেই ঘা জিভ দিয়ে চেটে চেটে বাঁচতে চেষ্টা করছে। এটা আমাদের মনে রাখতে হবে যে একটা বিরাট পরিবর্তন হয়েছে, ভারতবর্ষ আজকে স্বাধীন দেশ। মহাত্মা গান্ধী যেভাবে দক্ষিণ আফ্রিকার সংগ্রামকে জোরদার করেছিলেন। আজকে স্বাধীন দেশের সরকার হিসাবে ভারত বর্ষের সেই আন্দোলনকে জোরদার করার সম্ভাবনার দ্বার অনেক বেশী উন্মুক্ত হয়েছে। আমাদের সেইদিক থেকে একটা পার্ট আছে। আমরা বারেবারে বিশ্বের দরজায় ঘা দিচ্ছি। ইন্টারন্যাশানাল ফোরাম সেখানেও ঘা দিয়েছে।

শুধু নন এ্যালাইন্ড কান্ট্রিজ তাই নয় কমনওয়েলথে পর্য্যন্ত আমরা বারেবারে প্রস্তাব রেখেছি। কিন্তু কমনওয়েলথ কান্ট্রিজগুলিইতো সবচেয়ে বড় বাধা হয়ে দাঁড়িয়েছে। আমি সেইজন্য বলছি ভারতসরকার এখনো পর্য্যন্ত যে ব্যবস্থা নিয়েছে তা প্রশংসার যোগ্য কিন্তু সেটাই যথেষ্ট নয়। প্রশংসার যোগ্য যতটুকু করেছে ততটুকুর জন্যে এবং যতটুকু করেনি তারজন্য প্রশংসা থাকতে পারেনা। সেইজন্য আমি বলবো আমরা কম্প্রিহেসসিভ এ্যান্ড ম্যান্ডিটারি স্যাংসানের দাবি করেছি। তার প্রথম বাধা হচ্ছে বৃটেন এবং পশ্চিম জার্মানি। আজকে এই সংগ্রামে আমাদের জোরদার করতে হবে, এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী এ. কে. এম. হাসান উজ্জামান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নেলসান ম্যান্ডেলার মুক্তি উপলক্ষ্যে, বিশ্বে শান্তি দিবস উপলক্ষ্যে আজকে যে সর্বদলীয় প্রস্তাব আনা হয়েছে, সেই প্রস্তাবের আমিও একজন স্বাক্ষরকারী। বামফ্রন্ট সরকারের সঙ্গে আমাদের মতবিরোধ আছে, আমাদের অনেক দাবী আছে, যেগুলি বামফ্রন্ট সরকার মানেন না, কেন্দ্রীয় সরকারও অনেক দাবী আমাদের মানেন না, তাই তাদের সঙ্গেও আমাদের সংগ্রাম আছে। কিন্তু আজকে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবের বিরোধীতা করা আমাদের লক্ষ্য নয়, যেহেতু নেলসান ম্যান্ডেলা ১৬ বছর ধরে জেলে আছেন এবং যে বর্ণ বিদ্বেষী সরকার তাকে নিগৃহীত করছে, এককালে মার্টিন লুথার কিং যিনি কৃষ্ণাঙ্গদের জন্য আন্দোলন করেছিলেন, গান্ধিজী যেমন আন্দোলন করার জন্য জেলে গিয়েছিলেন, সেই জিনিষ এখনও বিংশ শতাব্দীর শেষে এসেও চলছে। বর্তমানে যে ইউ. এন.ও.র রেজিলিউশান চলছে, সেখানে আমাদের আপত্তি বা বিরোধীতা নেই। আজকে এইটা যদি সর্বদলীয়ভাবে হোত তাহলে ভাল হোত, কিন্তু এস. ইউ. সি.র বন্ধুরা যদি এ্যামেন্ডমেন্ট না আনতেন তাহলে ভাল হোত। কিন্তু আমাদের যে প্রস্তাব এই প্রস্তাবের অপারেটিভ পার্ট যদি ধরি তাহলে দেখব যে তাতে আমরা ৫টি কথা বলেছি। প্রথমে আমরা এ্যাপ্রিসিয়েশান করেছি, কিন্তু এস. ইউ. সি. বন্ধুর আপত্তি থাকায় তারা বলছেন এটা অমিট করা হোক। Appreciates the stand taken by the Government of India in the matter and further. তাদের কথা যদি মেনে নিই এবং এ্যামেন্ডমেন্ট যদি পাশ হয় তাহলে কি দাঁড়ায়। The House urges upon the Government of India through the state Government to take up the noble cause once again in the Unitid Nations and the Commonwealth organisation. সেখানে থেকে যায় তাতে আমাদের বন্ধু দেব প্রসাদ সরকার মহাশয় আপত্তি করছেন। আমরা কমনওয়েলথ্ অর্গানাইজেশানে আছি, তার জন্য এটা মুস্কিল হচ্ছে, কিন্তু ভারতবর্ষ কমনওয়েলথে থাকবে কি থাকবে না দ্যাট ইজ সেপারেট ইস্যু। কিন্তু নেলসান ম্যান্ডেলার এই যে প্রস্তাব এটার সদ্‌গতি হয়ে যায় যদি আমরা এ্যাপ্রিসিয়েশানের কথাটা তুলে দিই। কিন্তু আমার অনুরোধ এস. ইউ. সি.র সদস্যরা যদি তাদের প্রস্তাব প্রত্যাখান করেন তাহলে আমরা খুশী হব। আমাদের এখানে অমলেন্দ্র রায় মহাশয় যে কথাটা বললেন ম্যান্ডেটারি স্যাংশান, তার সঙ্গে সঙ্গে আমরা তৃতীয় কথা যেটা বলেছি সেটা হচ্ছে নোবেল কজ ওয়ানস এগেন in the United nations and the commonwealth Organisation for immediate enforcement of comprehensive and mandatory sanctions against the racist pretoria regime নিশ্চয় তার বিরুদ্ধে সব রকমের বয়কট এবং আন্দোলন পরিচালনা করা উচিৎ। এতে আমরা একমত। টু রেন্ডার অল পসিবিল help political as well as economic to the oppressed people of South Africa, Namibia and of the front line states, and to take immediate and effective steps for the unconditional release of Nelson Mandela এই যে অপারেটিভ পার্ট ৫টি

অংশে বলা হয়েছে, এই সমস্ত অংশটাকে সমর্থন করে এবং এস. ইউ. সি.-র বন্ধুকে অনুরোধ করবো তারা যদি এ্যামেন্ডমেন্টকে প্রত্যাহার করতে পারেন তাহলে আমরা সর্বদলীয়ভাবে প্রস্তাবটিকে সমর্থন করে ভারত সরকারের কাছে পাঠাতে পারি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**[2.20 - 2.30 p.m.]**

**শ্রী কামাখ্যা ঘোষ :** স্যার, আজকে এই সভায় শান্তি দিবসে সাম্রাজ্যবাদীর বিরুদ্ধে, যুদ্ধের বিরুদ্ধে শান্তির জন্য, সংগ্রামের দিনে আমরা এই বিধানসভায় আফ্রিকার জাতীয় কংগ্রেসের অবিসংবাদী নেতা নেলসান ম্যান্ডেলার মুক্তির জন্য আমরা দাবী করছি। ২৬টি বছর তিনি কারাগারে কাটিয়েছেন। নেলসন ম্যানডেলা একটা নাম যা আজকে সারা পৃথিবীর সমস্ত দেশে বিরাজমান। প্রিটোরিয়া বোথা সরকার, বর্ণ বিদ্বেষী সরকার সাম্রাজ্যবাদী সাহায্যে পুষ্ট হয়ে বিশেষ করে মার্কিন এবং বৃটিশ সাম্রাজ্যবাদীদের সাহায্যে পুষ্ট হয়ে যে বর্ণ বৈষম্যবাদী সরকার চালাচ্ছে তার বিরুদ্ধে আজকে পৃথিবীর সমস্ত দেশ এবং সমস্ত জনসাধারণ সোচ্চার হয়েছে। জাতিসংঘের কাছে দাবি উঠেছে তার বিরুদ্ধে স্যাংসান আরোপ করা হোক, তাকে বয়কট করা হোক। প্রতিক্রিয়ার একটা দুর্গ হয়ে দাঁড়িয়েছে এই দক্ষিণ আফ্রিকার প্রিটোরিয়া সরকার। সেই সরকারের বিরুদ্ধে এবং নেলসন ম্যানডেলার মুক্তির দাবিতে আজকে ব্যাপক ফ্রন্ট হয়েছে, একটা ব্রড ফ্রন্ট, তাতে বিভিন্ন মত আছে কিন্তু এই বিষয়ে সকলেই একমত হয়েছেন। আমরা পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে যে প্রস্তাব গ্রহণ করছি সেই প্রস্তাব শুধু বিধান সভার ২৯৪ জন সদস্যের প্রস্তাব নয় সেই প্রস্তাব আরো কিছু, তা হচ্ছে এই পশ্চিমবঙ্গের ৬ কোটি মানুষের সেই প্রস্তাব যে নেলসন ম্যানডেলাকে অবিলম্বে বিনা শর্তে মুক্তি দিতে হবে। এখানে মাননীয় বিধায়ক দেবপ্রসাদ সরকার একটা এ্যামেন্ডমেন্ট দিয়েছেন, আমি সেই এ্যামেন্ডমেন্টের সম্পূর্ণ বিরোধিতা করছি। একটি ব্রড ফ্রন্ট থেকে আলাদা হয়ে গিয়ে মুক্তির সংগ্রামকে সংকীর্ণ করা যায় না, এটা মেন ফান্ডামেন্টাল জিনিসের বিরোধিতা করছে। এই সম্বন্ধে আমি তাঁকে পুনরায় চিন্তা করতে বলব। আজকে এটা ঘটনা যে ম্যানডেলার মুক্তির জন্য খোদ আফ্রিকায় যে সংখ্যা লঘু সম্প্রদায় আছে তাদের মধ্যেও অনেকে হয়ত বেশীর ভাগ ম্যানডেলার মুক্তি চান। এটাও সত্য কথা যে খোদ বৃটেনের থ্যাচার সরকারের মুষ্টিমেয় কয়েকজন ছাড়া বেশীর ভাগই তাঁর মুক্তি চান। এটাও ঘটনা যে মার্কিন সাম্রাজ্যের অগুনিত মানুষ তাঁর মুক্তি চান। এটা ঠিকই যে সমস্ত দেশের সমস্ত মানুষ এমনকি সদ্য স্বাধীন দেশের মানুষরাও আজকে তাঁর মুক্তি চান, সমাজবাদী দেশ তো চানই। এই পরিস্থিতিতে একটা ঐক্যবদ্ধ প্রস্তাবের খুব গুরুত্ব আছে। আমার মনে হয় সেদিন বেশী দূরে নেই যেদিন নেলসন ম্যানডেলাকে মুক্তি দিতে এই বোথা সরকার বাধ্য হবে। কাজেই আজকের এই প্রস্তাবের খুবই গুরুত্ব আছে, এই প্রস্তাব যাতে ঐক্যবদ্ধভাবে সকলের মত পেতে পারি তারজন্য আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবুদ্ধ লাহা :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, নেলসন ম্যান্ডেলা যিনি সাউথ আফ্রিকার কৃষ্ণাঙ্গদের অন্যতম নেতা এবং বর্ণবৈষম্যের বিরুদ্ধে আন্দোলনের যিনি প্রতিভূ তাঁর মুক্তির দাবীতে হাউসে যে রেজলিউশন এসেছে তাকে আমি পূর্ণাঙ্গভাবে সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী জ্যোতিবসু মহাশয়কেও সমর্থন করছি। মুখ্যমন্ত্রীকে সমর্থন করার কারণ হল— কেন্দ্রীয় সরকার নেলসন ম্যান্ডেলার মুক্তির দাবীতে বিশ্বের দরবারে যে আন্দোলন চালিয়ে যাচ্ছেন এবং দক্ষিণ আফ্রিকার প্রিটোরিয়া সরকারের বিরুদ্ধে স্যাংসন ইনফোর্স করবার জন্য শ্বেতাঙ্গ দেশগুলির উপর চাপ সৃষ্টি করবার জন্য কেন্দ্রীয় সরকার যে ভূমিকা নিয়েছেন তাকে মুখ্যমন্ত্রী সমর্থন জানিয়েছেন এবং এই সমর্থন জানাবার জন্যই আমি তাঁর কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি এবং তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

জ্যোতিবাবু যে কথা বলেছেন তা তিনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসাবে বলেছেন, কিন্তু আমি যে তাঁকে ধন্যবাদ জানাচ্ছি তার কারণ হল তিনি ন্যাশানাল ইনটারেষ্ট এবং ইনটারন্যাশনাল ইনটারেষ্টে এই কথা বলেছেন। আমি দেখলাম আজ তিনি ক্ষুদ্র পরিসর থেকে বেরিয়ে গিয়ে কেন্দ্রীয় সরকারের প্রতি অর্থাৎ কংগ্রেস সরকারের প্রতি সমর্থন জানিয়েছেন। তবে একটা জায়গায় তাঁকে আমি সুস্পষ্টভাবে এবং অকুণ্ঠভাবে সমর্থন করতে পারছি না এবং সেটা হচ্ছে ভারতের তরুণ প্রধানমন্ত্রী রাজীব গান্ধী এই বর্ণ বৈষম্যের বিরুদ্ধে লড়াই করছেন তিনি মার্গারেট থ্যাচারের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছেন এবং বলেছেন সাউথ আফ্রিকার এই প্রিটোরিয়া রেজিমের বিরুদ্ধে যদি স্যাংসন এনফোর্স করা না হয় তাহলে ভারতবর্ষ কমনওয়েলথ থেকে পুল আউট করতে বাধ্য হবে। দুঃখের বিষয় পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী রাজীব গান্ধীর এই বলিষ্ঠ উক্তির কথা কিছু মাত্র উল্লেখ করলেন না, অবশ্য এর কারণ হল তিনি পশ্চিমবাংলার সি.পি.এম দলের নেতা এবং কেন্দ্রে যে দল শাসন করছে তিনি তাঁদের বিরোধী এবং সেজন্যই রাজীব গান্ধীর সম্বন্ধে ঐ স্বীকৃতিটুকু না দেওয়ায় তিনি খুব ক্ষুদ্র মনের পরিচয় দিয়েছেন।

(গোলমাল)

এই বর্ণবৈষম্য নীতির বিরুদ্ধে আমাদের প্রয়াত প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীও আন্দোলন করেছিলেন। দুঃখের বিষয় জ্যোতিবাবু একবার তাঁর নামটাও করলেন না। ইন্দিরা গান্ধী না থাকলে নেলসন ম্যান্ডেলার মুক্তির জন্য কেউ আন্দোলন করত না। এই আন্দোলনে ইন্দিরা গান্ধী নেতৃত্ব দিয়েছিলেন। তবে আমি জ্যোতিবাবুর একটা কথায় খুশী হলাম তিনি বলেছেন গান্ধীজী এই শতাব্দীতেই কৃষ্ণাঙ্গদের মুক্তির জন্য শ্বেতাঙ্গদের বিরুদ্ধে সাউথ আফ্রিকায় আন্দোলন করেছিলেন আর এখন করছেন নেলসন ম্যান্ডেলা। গান্ধী যখন বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম করেছিলেন তখন এই কমিউনিষ্ট পার্টি অর্থাৎ জ্যোতিবাবুর পূর্ব সুরীরা কিন্তু বৃটিশেরই পদলেহন করেছেন। স্যার, অন্য প্রসঙ্গ হলেও আমি বলতে বাধ্য হচ্ছি কুচবিহারে যুব কংগ্রেস কর্মীদের উপর যে অত্যাচার করা হয়েছে তাতে এই হাউসের তরফ থেকে ঘৃণা প্রকাশ করা উচিত ছিল। সুদুর সাউথ আফ্রিকার ব্যাপার নিয়ে অর্থাৎ নেলসন ম্যান্ডেলার মুক্তির দাবীতে এখানে রেজলিউসন আনা হয়েছে কিন্তু পশ্চিমবাংলার নিরীহ কংগ্রেস কর্মী এবং যুব কংগ্রেসকর্মীদের উপর যে অত্যাচার হয়েছে তাদের কথা একবারও বলা হল না। আমি নেলসন ম্যান্ডেলার মুক্তি যেমন কামনা করি সঙ্গে সঙ্গে একথাও বলি সমস্ত রকম অত্যাচারের বিরুদ্ধে আমাদের রুখে দাঁড়ানো উচিত।

**[ 2-30 – 2-40 p.m.]**

**শ্রী বিমলানন্দ মুখার্জি :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যে প্রস্তাবটা এই সভায় রাখা হয়েছে সেই প্রস্তাবে আমি একজন স্বাক্ষরকারী। আমি আশা করেছিলাম যে এমন একটা প্রস্তাব যে প্রস্তাব সম্বন্ধে আলোচনা করতে গিয়ে তার একটা ডিগনিটি একটা মর্যাদা রক্ষা করে সকলে আলোচন করবেন। আর একটা কথা বলি যে এমন একটা প্রস্তাবে যে সংশোধনী আসবে এটা আমি কখনই আশা করি নি। আবার প্রস্তাব সমর্থন করতে গিয়ে অন্য প্রসঙ্গ টেনে এনে বিরোধী মনোভাব এবং আচরণের যে মনোভাব সেটা প্রকাশ করবেন এটা আমি কখনও আশা করিনি। এই প্রস্তাবের একটা মর্যাদা আছে এটা সকলেই মনে রাখবেন আমি এটা আশা করেছিলাম। এই প্রস্তাবকে কিভাবে দেখতে হবে এবং তার গুরুত্বটা কতখানি সেটা একটু বুঝতে হবে। এখানে এমন একটি প্রস্তাব রাখা হয়েছে যার পক্ষে সারা বিশ্বের মুক্তিকামী মানুষ, গণতন্ত্রকামী মানুষ একটা আলোড়নের সৃষ্টি করেছে। দক্ষিণ আফ্রিকায় যে ঘটনা ঘটছে তার পিছনে সাম্রাজ্যবাদী কোন কোন দেশের প্রচ্ছন্ন সমর্থন আছে — তাদের প্রত্যক্ষ

এবং পরোক্ষ ব্যবসায়িক স্বার্থ যাতে বজায় থাকে তার চেষ্টা প্রচ্ছন্নভাবে করে চালিয়ে যাচ্ছেন। ইউ.এন.ও-তে প্রস্তাব হোল সারা দুনিয়ার শান্তিকামী মানুষ প্রগতিশীল গণতান্ত্রিক মানুষ এই আচরণকে বরদাস্ত করে নি। এই জায়গায় পশ্চিমবাংলার একটা সুনাম আছে। পশ্চিমবাংলার মানুষ যুদ্ধের বিরুদ্ধে সাম্রাজ্যবাদী শোষনের বিরুদ্ধে লড়াই করছে এবং এই সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াইয়ের পশ্চিমবাংলার একটা ঐতিহ্য আছে— তার একটা বিশেষ ভূমিকা আছে। এর পিছনে থেকে যারা এটাকে সমর্থন করছে তাদের বিরুদ্ধে আমাদের শুধু নয় সারা দুনিয়ার মানুষকে আজকে ঐক্যবদ্ধ হতে হবে। সেখানে পশ্চিমবাংলা অগ্রগামী ভূমিকা নেবে। তুচ্ছ রাজনৈতিক দিক থেকে এটাকে না দেখে সকলে ঐক্যবদ্ধভাবে বিধানসভায় এই প্রস্তাব গ্রহণ করবেন এটা আমি আশা করি। বিরোধী পক্ষ থেকে যে প্রস্তাব আনলেন অন্তত এই প্রস্তাবে সেটা আনা উচিত নয়। আমি আশা করবো। নিশ্চয়ই আমি বলতে পারবো যে সর্বসম্মতিক্রমে এই প্রস্তাব আমরা গ্রহণ করতে পেরেছি। আমি মাননীয় সদস্য দেবপ্রসাদবাবুকে অনুরোধ করবো তিনি ঐক্যমত হয়ে তাঁর সংশোধনী প্রত্যাহার করে নেবেন। এই কথা বলে আমি শেষ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি প্রথমেই দুঃখ প্রকাশ করছি— আজকে যে বিষয় নিয়ে আমরা আলোচনার সূত্রপাত করেছি সেই বিষয় থেকে কিছুটা দূরে সরে গিয়ে আমাদের কোন বন্ধু সদস্য যদি তার কোন রকম ভুলভ্রান্তি বশে অন্য কোন বিষয় এখানে উপস্থাপিত করে থাকেন তাহলে সেটা নিশ্চয় সভার কাছে সঠিক হয়নি। তাই আমি দলের পক্ষ থেকে নিঃসন্দেহে সেই জন্য দুঃখ প্রকাশ করছি। আমি যে প্রস্তাবটা নিয়ে আলোচনা করতে যাচ্ছি তার নানা বিষয়, নানা দিক ইতিমধ্যেই আলোচিত হয়েছে। তাই নেলসন ম্যান্ডেলার সংগ্রামী জীবন নিয়ে এখানে কিছুটা আলোচনা করা দরকার। ১৮ই জুলাই ১৯১৮ সালে যে ব্যক্তি জন্মগ্রহণ করেছিলেন, ১৯৪৩ সালে আফ্রিকার জাতীয় কংগ্রেস যুব লীগের সদস্য হিসাবে প্রতিষ্ঠিত হওয়ার মধ্য দিয়ে তিনি প্রথম রাজনৈতিক জগতে আত্মপ্রকাশ করেন। এবং আফ্রিকার জাতীয় কংগ্রেস অহিংসা আন্দোলনে বিশ্বাস ছিল। তখন আফ্রিকা বর্ণবৈষম্য সরকারের বিরুদ্ধে প্রত্যক্ষ সংঘর্ষের রাজনীতির একটা দিক এবং অপর দিকে অহিংসা আন্দোলন — এই দুটি দিককেই পাশাপাশি রেখে তিনি তার নিজ রাজনৈতিক জীবনে প্রবেশ শুরু করেন— এটা আজকে কিছুটা আলোচিত হওয়া দরকার। ১৯৫২ সালে তিনি ভলানটিয়ার ইন চীফ্ হিসাবে বর্ণবৈষম্য নীতির বিরুদ্ধে আইন অমান্য আন্দোলন করেন এবং ১৯৫৫ সালে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস অহিংসা আন্দোলন থেকে কিছুটা সরে গিয়ে তারা সিদ্ধান্ত গ্রহণ করেন, "আমাদের নিজস্ব আর্মি বাহিনী গঠন করতে হবে, অর্থাৎ আমাদের নিজস্ব সেনাবাহিনী তৈরী করা দরকার। কেন না, নিজস্ব সেনাবাহিনী ব্যাতিরেকে এই সরকারের সঙ্গে লড়াই করে পারা যাবে না"। এই অনুভুতি নিয়েই ১৯৫০/৫৫ সালে কেপটাউনে প্রস্তাব গৃহীত হয়েছিল। সেই সম্মেলনে এই প্রস্তাব যখন গৃহীত হয় তখন তার মুখ্য উদ্যোক্তা ছিলেন স্বয়ং নেলসন ম্যান্ডেলা। কিন্তু তিনি নিজে সেই সম্মেলনে উপস্থিত থাকতে পারেন নি। কারণ, তার বিরুদ্ধে তখন গ্রেপ্তারি পরোয়ানা ছিল। সেই জন্য তিনি বাইরে থেকে এই আন্দোলনকে আরো প্রাণবন্ত ও গতিশীল করতে চেষ্টা করেছিলেন। তাই নেলসন ম্যান্ডেলার আন্দোলনের গতি প্রকৃতি আমাদের জানতে হবে যে, কোন সময় থেকে এই আন্দোলনের আরো বেশী গতি লাভ করেছিল। ১৯৬০ সালের ২১ শে মার্চ তারিখে আফ্রিকার সর্পেভিলা বলে একটি জায়গায় একটা শান্তিপূর্ণ আন্দোলনে পুলিশ গুলি চালিয়ে ৬৯ জনকে হত্যা করল। তারপর তিনি উপলব্ধি করলেন যে, এই সরকারের বিরুদ্ধে অহিংসা আন্দোলনের মাধ্যমে মুক্তি পাওয়া যাবে না, আমাদের আর একটু অন্য পথ গ্রহণ করতে হবে। ১৯১২ সালে আফ্রিকার জাতীয় কংগ্রেস, প্রতিষ্ঠার জন্ম লগ্ন থেকেই তারা শান্তিপ্রিয় রাজনীতিতে বিশ্বাস করত। কিন্তু তিনি সেখান

থেকে কিছুটা সরে গেলেন। ১৯৫৮ সালে নেলসন ম্যান্ডেলা নোনজামো উইনিকে বিবাহ করলেন। ১৯৬০ সালে ৬৯ জনকে গুলি করে হত্যা করার পরে তিনি ইউরোপ গিয়েছিলেন বিশ্ববাসীকে জানাতে যে, কি ভয়ঙ্কর বর্বর অত্যাচার চলেছে এই আফ্রিকার বুকে। ১৯৬২ সালে তিনি ইউরোপ থেকে ফিরে এলেন। ১৯৬২ সালে ফিরে আসার পরে প্রথম ৫ বছরের জন্য তাকে গ্রেপ্তার করা হল। ৫ বছরের জন্য যখন তাকে গ্রেপ্তার করা হল তখন আফ্রিকার বর্ণ বিদ্বেষী সরকার অনুভব করলেন ৫ বছর পরে ম্যান্ডেলা কারাগার থেকে বেরিয়ে এলে— তার জনপ্রিয়তা সমগ্র আফ্রিকার জনমানসচিত্তে যেভাবে আলোড়িত হয়েছে তাতে এই বর্ণ বিদ্বেষী সরকারের পক্ষে সে দেশে আর সরকার চালানো সম্ভবপর হবে না। সেই সময় ম্যান্ডেলা জেলে অন্তরীণ আছেন। তখন তার বিরুদ্ধে বিনা পাসপোর্টে ইউরোপ সফর করেছেন, এই অভিযোগ এবং জেলখানার ভিতরে বসে সমগ্র আফ্রিকার বুকে সরকারের বিরুদ্ধে হিংসাশ্রয়ী আন্দোলনের মদত দিচ্ছেন এই অভিযোগে আফ্রিকার জাতীয় কংগ্রেসের অন্যান্য নেতৃবৃন্দের সঙ্গে তাঁকেও এ্যাকিউজড্ করে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করা হল।

[ 2-40 – 2-50 p.m.]

তাঁকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করা হ'ল। ১৯৬২ সালে তিনি গ্রেপ্তার হয়েছিলেন এবং ১৯৬৭ সালে তাঁর মুক্তি পাবার কথা ছিল কিন্তু ৫ বছরের সেই জেলের মেয়াদ ফুরোনোর আগেই তাঁর নামে যাবজ্জীবন কারাদণ্ডের রায় বেরিয়ে গেল এবং তখন থেকে আজ পর্যন্ত ডঃ নেলসন ম্যান্ডেলা জেলখানায়। স্যার, যেখানে হিটলারের ফ্যাসিষ্ট বাহিনী ইউরোপ থেকে পাততাড়ি গুছিয়ে ফেলেছে, যেখানে ঐ ফ্যাসিষ্ট নীতির কাহিনীর কথা সমগ্র বিশ্ববাসী পদদলিত করে নিশ্চিহ্ন করে দিয়েছে সেখানে আমরা দেখে তাজ্জব হয়ে যাই, বিস্মিত হয়ে যাই যে সেই বিশ্বের বুকে দাঁড়িয়ে বোথার নেতৃত্বে দক্ষিণ আফ্রিকার ঐ সরকার ঘৃণ্য রাজনীতি চালিয়ে যাচ্ছে। বর্ণবৈষম্য ও জাতিভেদ প্রথায় বিশ্বাসী ঐ সরকার সেখানে যে রাজনীতি কায়েম করেছে আজকে তা দেখে সমগ্র বিশ্ববাসী ও মুক্তিকামী মানুষদের মাথা হেঁট হয়ে যায়। স্যার, আমরা দেখেছি. কেনেথ কাউন্ডা, রবার্ট মুগাবে এই সমস্ত ফ্রন্ট লাইন দেশের নেতাদর ঐকান্তিক প্রচেষ্টায় সমগ্র বিশ্ববাসীর কাছে এই বিষয়টি কি ভাবে তুলে ধরা হয়েছে। আমরা জানি ফিদেল কাস্ত্রোর কাছ থেকে শ্রীমতী ইন্দিরা গান্ধী চেয়ারম্যানের দায়িত্ব নিয়ে ছিলেন এবং শ্রীমতী ইন্দিরা গান্ধীর মৃত্যুর পর শ্রী রাজীব গান্ধী চেয়ারম্যান হয়েছিলেন এবং তারপর রাজীব গান্ধীর হাত থেকে মুগাবে ন্যামনেন এ্যালায়েন্ড মুভমেন্ট-এর চেয়ারম্যানের দায়িত্ব পেয়েছেন। নিঃসন্দেহে এ ঘটনা এক গর্বের বিষয়। স্যার, বর্ণ বিদ্বেষী সরকার একের পর এক দেশ থেকে তাদের পাততাড়ি গুটিয়ে নিয়েছে এবং ধীরে ধীরে কেবলমাত্র দক্ষিণ আফ্রিকাতে এসে দাঁড়িয়েছে। দক্ষিণ আফ্রিকার বর্ণ বিদ্বেষী সরকারের এই ভয়ঙ্কর চেহারার বিরুদ্ধে সিক্স-নেশান স্যামিট পর্যন্ত হয়েছে। সেই সিক্স-নেশান স্যামিট এবং কমলওয়েলথে বার বার উচ্চারিত হয়েছে যে, ম্যান্ডেলার মুক্তি চাই। স্যার আজকে এখানে যে প্রস্তাব পেশ করা হয়েছে তাতে কেন্দ্রীয় সরকারের প্রশংসা করা হয়েছে। আমরা জানি আমাদের প্রধানমন্ত্রী শ্রী রাজীব গান্ধী ফ্রন্ট লাইন দেশগুলিতে গিয়ে কেনেথ কাউন্ডা এবং মুগাবেকে সঙ্গে নিয়ে আন্তর্জাতিক দুনিয়ায় ম্যান্ডেলার মুক্তির দাবীতে এক আন্দোলন তৈরীর চেষ্টা করে চলেছেন এবং আফ্রিকা ফান্ড তৈরী করেছেন। আমাদের কেন্দ্রীয় সরকারের একজন মন্ত্রী শ্রী কে.কে. তেওয়ারী, তিনি মূলতঃ কেন্দ্রীয় সরকারের দপ্তরে থেকেও আফ্রিকা বিষয়ক দিকটা দেখাশুনা করেন। তা ছাড়া আমরা আরো জানি, কয়েক মাস পূর্বে আফ্রিকার জাতীয় কংগ্রেসের ৭৫ বছর পূর্তি উৎসব উপলক্ষে যে উৎসব হয় তাতে আমাদের দেশের প্রতিনিধিত্ব করেছিলেন শ্রী প্রিয়রঞ্জন দাশমুন্সী মহাশয় এবং সেজন্য তিনি তানজানিয়াতে গিয়েছিলেন। আমরা

আরো জানি, অলিভার টাম্বো, সভাপতি, আফ্রিকান জাতীয় কংগ্রেস, যিনি দেশে থাকতে পারেন না, বিদেশে আত্মগোপন করে আছেন তিনি এবং মিঃ ফ্রাঙ্কো, তাদের সেক্রেটারী জেনারেল, তাঁরা ভারতসরকারের আফ্রিকার মুক্তিকামী জনগণের প্রতি সমর্থনের কথা বার বার স্মরণ করেছেন। তাঁরা বার বার অকুণ্ঠ চিত্তে স্মরণ করেছেন যে শুধুমাত্র কেন্দ্রীয় সরকার নয়, ভারতবর্ষের আপামর জনসাধারণ আজকে আফ্রিকার মুক্তিকামী জণগনের পাশে দাঁড়িয়ে তাদের সমর্থন জানাচ্ছে। তাই স্যার, আজকে ঐ জাতিভেদ বিশ্বাসী, বর্ণ বিদ্বেষী দক্ষিণ আফ্রিকার সরকারের বিরুদ্ধে যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে তাকে সমর্থন করে আমরা এখানে এই আওয়াজ তুলি— ফ্রি ম্যান্ডেলা, ফ্রি সাউথ আফ্রিকা। নেলসন ম্যান্ডেলা আজকে যিনি কারাগারে অন্তরীণ হয়ে আছেন তাঁর উদ্দেশ্যে এই সভাকক্ষ থেকে আসুন আমরা এই মন্ত্র উচ্চারণ করি— "ম্যান্ডেলা - ইয়োর ফ্রিডম ইজ আওয়ার ফ্রিডম।" তোমার স্বাধীনতার অংশীদার হিসাবে আমরাও আজকে তোমার স্বাধীনতার সঙ্গে কণ্ঠ মিলিয়ে আমরা আমাদের মনোভাবকে তোমার উদ্দেশ্যে ব্যক্ত করছি। আজকে সমগ্র বিশ্বে 'যুদ্ধ নয়, শান্তি চাই' এই আওয়াজ তোলা হয়েছে। দক্ষিণ আফ্রিকার বর্ণবিদ্বেষী এই সরকারকে একদিন নতি স্বীকার করতে হবে। নেলসন ম্যান্ডেলাকে তাদের একদিন মুক্তি দিতে হবে এই বিশ্বাস আমার আছে। এস.ইউ.সি'র বন্ধু এখানে অনেক সমালোচনা করে কেন্দ্রীয় সরকারের ভূমিকাকে কটাক্ষ করে অনেক কথা বলেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবসু আজকে উদ্বোধনী যে বক্তৃতা দিয়েছেন এবং সেখানে তিনি কেন্দ্রীয় সরকারের ভূমিকাকে যে ভাবে সরলীকরণ করেছেন এবং যে ভাবে উল্লেখ করেছেন এবং তিনি কেন্দ্রীয় সরকারকে বলিষ্ঠ পদক্ষেপ চালিয়ে যেতে বলেছেন। এই পটভূমিকায় এস.ইউ.সি'র বন্ধুকে অনুরোধ করবো যে তারা যেন তাদের এ্যামেন্ডমেন্ট তুলে নেন, যাতে আজকে সর্বসম্মতিক্রমে প্রস্তাব নিয়ে এই পশ্চিমবঙ্গ বিধানসভায় আমরা একটা নজির সৃষ্টি করতে পারি। রাজ্যের মুখ্যমন্ত্রী প্রথম যে বক্তব্য রেখেছেন, সমগ্র ভারতবর্ষ এবং পশ্চিমবঙ্গের বিরোধী দল হিসাবে আমার মনে হয় তার উদ্বোধনী বক্তৃতার প্রতিফলন করে আজকে এই সভায় সর্বসম্মতিক্রমে প্রস্তাব গ্রহণ করা হোক। আজকে নেলসন ম্যান্ডেলা সম্পর্কে যে প্রস্তাব এখানে এসেছে সেই প্রস্তাবকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মানবেন্দ্র মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুমন্ত কুমার হীরা এবং অন্যান্য কয়েকজন মিলে যে সর্বসম্মতি প্রস্তাব আজকে এখানে উত্থাপন করেছেন সেই প্রস্তাবের সমর্থনে আমি ২/১টি কথা বলতে চাই। আজকে ১লা সেপ্টেম্বর। আজ থেকে ঠিক ৪৯ বছর আগে এই রকম একটা দিনে নাৎসি জার্মান বাহিনী শান্ত নিরাপরাধ পোল্যান্ডের সীমানা অতিক্রম করে তৃতীয় বিশ্বযুদ্ধের শুরু করেছিল। কাজেই ১লা সেপ্টেম্বর গোটা পৃথিবীর মানুষের কাছে তৃতীয় বিশ্বযুদ্ধের পরে থেকে 'যুদ্ধ নয়, শান্তি' এর পক্ষে শপথ নেবার দিন হিসাবে ঘোষিত হয়েছে। আজকে যে দক্ষিণ আফ্রিকা মানবতার জন্য লড়াই করছে সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে সেদিক থেকেও ১লা সেপ্টেম্বর আমাদের কাছে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ দিন। কাজেই আজকে যে আমাদের এখানে এই প্রস্তাব উত্থাপিত হয়েছে, এটা অত্যন্ত সময়োচিত এবং প্রস্তাবের মূল বিষয়বস্তুর প্রতি যথেষ্ট সম্মানসূচক। যে মানুষটির মুক্তির দাবীতে আজকে আমরা এখানে আলোচনা করছি তিনি একজন নিছক ব্যক্তি নন। ২৬ বছর ধরে যে মানুষটি জেলে আছেন, মানবিকতার দৃষ্টিভঙ্গীতে বিষয়টি খুব খারাপ, এর জন্য মানবিকতার দৃষ্টিভঙ্গীতে তার মুক্তি চাচ্ছি, বিষয়টি আমরা সেই ভাবে দেখতে চাই না। নেলসন ম্যান্ডেলা এই মুহূর্তে কোন একটি ব্যক্তি নয়। তিনি কতকগুলি নির্দিষ্ট রাজনৈতিক, কতকগুলি নির্দিষ্ট আদর্শগত বিষয়ের প্রতিক হিসাবে গোটা পৃথিবীর সামনে আছেন। নেলসন ম্যান্ডেলা এমন একটি দেশের মুক্তির জন্য লড়াই করছেন যে দেশে প্রতি ৩ মিনিটে একজন করে কালো মানুষ গ্রেপ্তার হন। নেলসন ম্যান্ডেলা এমন

একটি দেশের মুক্তির জন্য লড়াই করছেন যে দেশের সরকার এবং পৃথিবীর একমাত্র সরকার যে নির্দেশ দিতে পারে প্রাইমারী ছাত্রদের মিছিলের উপর পুলিশের গুলি চালানোর। নেলসন ম্যান্ডেলা এমন একটি দেশের মুক্তির জন্য লড়াই করছেন যে দেশে ১৯৪৯ সালের পর থেকে কোন কালো মানুষ যদি সাদা মানুষকে পছন্দ করে গোটা জীবন একসঙ্গে কাটাতে চায় তাহলে আইনের চোখে সেটা অপরাধ। এটা ১৯৪৯ সাল থেকে আইন হয়ে আছে। এই রকম একটা দেশের মুক্তির জন্য নেলসন ম্যান্ডেলার মুক্তি আজকে নিছক একটি ব্যক্তির মুক্তির জন্য লড়াই নয়। পৃথিবীতে মানবতার লড়াই চলছে, মানুষ তার সত্য পরিচয় নিয়ে প্রতিষ্ঠিত হতে পারবে কিনা এই প্রশ্নে আজকে যে লড়াই আফ্রিকার দক্ষিণ প্রান্তে চলছে, নেলসন ম্যান্ডেলা তার প্রতীক। কাজেই নেলসন ম্যান্ডেলার মুক্তি কোন অর্থ হয় না যদি না দক্ষিণ আফ্রিকার মুক্তি, বর্ণ বৈষম্যবাদের অবসান হোক— এই গোটা শ্লোগান আমরা সঙ্গে সঙ্গে উচ্চারণ না করি। নেলসন ম্যান্ডেলার মুক্তির জন্য কেবল লড়াই, তা নয়। নেলসন ম্যান্ডেলার রাজনৈতিক জীবনের মধ্যে দিয়ে দক্ষিণ আফ্রিকা যে উদাহরণ তৈরী করেছে সেটা গোটা পৃথিবীর মানুষের কাছে উদাহরণ হয়ে আছে। এই রকম একটা অমানবিক সাম্রাজবাদের মদতপুষ্ট সরকারের বিরুদ্ধে কি করে লড়াই চালিয়ে যেতে হয় নেলসন ম্যান্ডেলা তার প্রতীক।

**[ 2-50 – 3-00 p.m.]**

সুদীপবাবু বলার সময় বলেছেন, তাঁর ইতিহাস। যে অভিযোগে তিনি গ্রেপ্তার হয়েছিলেন, যে অভিযোগ তিনি কখনও অস্বীকার করেন নি, দক্ষিণ আফ্রিকার ন্যাশানাল কংগ্রেস- এর সশস্ত্র বাহিনী 'উমকান্ড উইসিজোয়' এর নেতা হিসাবে তিনি গ্রেপ্তার হয়েছিলেন। না হয়না, অহিংস পদ্ধতিতে দক্ষিণ আফ্রিকার সরকারকে পরাস্ত করা যায় না, সাম্রাজ্যবাদের মদতপুষ্ট অমানবিক একটা শাসক গোষ্ঠীকে অহিংস প্রক্রিয়াতে পরাজিত করা যায় না। সেই সিদ্ধান্ত থেকে নেলসন ম্যান্ডেলা আফ্রিকান ন্যাশন্যাল কংগ্রেসের সামনে যে কর্মসূচী রেখেছিলেন, যার নেতৃত্ব দিয়েছিলেন, তার জন্য তিনি গ্রেপ্তার হয়েছিলেন এবং তিনি আদালতে দাঁড়িয়ে বীরের মত অভিযোগ স্বীকার করে নিয়েছেন যে সশস্ত্র বল প্রয়োগ-এর মাধ্যমে দক্ষিণ আফ্রিকার বর্ণবিদ্বেষী সরকারকে ধ্বংস করাই তার লক্ষ্য। কাজেই এটা কেবল দক্ষিণ আফ্রিকার বিষয় নয়, গোটা পৃথিবীর সামনে একটা উদাহরণ এবং আজকে দাঁড়িয়ে দক্ষিণ আফ্রিকার বর্ণ বিদ্বেষী সরকারের বিরুদ্ধে দাঁড়িয়ে কথাটা বলে থেমে গেলে অসততা হয়, তঞ্চকতা হয়, যদি না আমরা এই কথা বলি যে কারা এই সরকারকে টিকিয়ে রেখেছে। পৃথিবীর সবচেয়ে সেরা শহর লণ্ডন আর পাঁচটা সাধারণ শহরের মধ্যে মিলিয়ে যায় যদি দক্ষিণ আফ্রিকার সোনার আন্তর্জাতিক বাজার লন্ডনে না থাকতো। হল্যান্ডের আমসটারডাম শহর আর পাঁচটা সাধারণ শহরের মধ্যে মিলিয়ে যায় যদি দক্ষিণ আফ্রিকার হীরে আমস্টারডামের মাধ্যমে বাজারে না আসে। আজকে মার্কিন যুক্তরাষ্ট্রর সামরিক অস্ত্র ভান্ডারের দশ ভাগের এক ভাগ শেষ হয়ে যায়, যদি নামিবিয়ার ইউরেনিয়াম তারা না পায়, এটাই বোধ হয় প্রকৃতির সবচেয়ে রসিকতার বিষয়, যে দেশটার শাসক শ্রেণীর মনের মধ্যে সামান্যতম মানবিকতা প্রকৃতি দেয়নি। কিন্তু গোটা দেশটার মাটির নীচে পৃথিবীর সমস্ত ভান্ডারকে তিনি জমা করে রেখেছেন। কাজেই সাম্রাজ্যবাদীরা দক্ষিণ আফ্রিকার বর্ণবিদ্বেষী সরকারকে টিকিয়ে রাখতে চাইছে তাদের নিজস্ব অর্থনৈতিক স্বার্থে। কাজেই মার্কিন সাম্রাজ্যবাদ, ব্রীটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে কথা না বললে দক্ষিণ আফ্রিকার মুক্তি নেলশন ম্যান্ডেলার মুক্তির প্রশ্ন আসে না এবং বক্তব্য শেষ করার আগে সুদীপ বাবুকে ধন্যবাদ জানাবো, আমাদের সৌভাগ্য কংগ্রেস আই এর পক্ষ থেকে শেষ বক্তা হিসাবে প্রবুদ্ধ লাহা ছিলেন না, সুদীপ বাবু ছিলেন। সেটা যদি হতো তাহলে আমরা খুবই একটা ভ্রান্ত ধারণা নিয়ে সভা থেকে বেরোতাম এবং দেবপ্রসাদ বাবুকে অনুরোধ, যে আপনি আপনার সংশোধনী তুলে নিন, তার কারণ আজকে দাঁড়িয়ে যে বিষয়টা

নিয়ে আমরা আলোচনা করছি, তা বিরোধের বিষয় নয়, তা সবাই মিলে একসঙ্গে দাঁড়ানোর একটা বিষয়। নিশ্চয়ই সেই আবেদনে সাড়া দেবেন, এই আশা রেখে আর একবার এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধ চন্দ্র সিংহ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দক্ষিণ আফ্রিকার মুক্তি যোদ্ধা নেলশন ম্যান্ডেলার মুক্তির দাবীতে আজকে এখানে যে সর্বদলীয় প্রস্তাব উত্থাপন করা হয়েছে, আমি তাকে আন্তরিকভাবে সমর্থন করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজকের দিনটা সারা বিশ্বের ইতিহাসে একটা স্মরণীয় দিন। এই দিনটা বিশ্ব শান্তি দিবস হিসাবে পালিত হচ্ছে। বিশ্ব শান্তি যদি স্থায়ী ভাবে প্রতিষ্ঠা করতে হয় তাহলে পৃথিবীর প্রতিটি প্রান্তে সমস্ত জাতির মানুষের যে ন্যায়সঙ্গত অধিকার, যে গণতান্ত্রিক অধিকার, যে জাতীয়তাবাদী অধিকার, সেটাকে অবশ্য স্বীকার করে নিতে হবে। আজকে তাই সেই বিশ্ব শান্তির জন্য যখন আমরা লড়াই করছি, আন্দোলন করছি, যখন আমরা অস্ত্র নিরোধের জন্য বিরোধিতা করছি, সাম্রাজ্যবাদের বিরুদ্ধে যখন আমরা লড়াই করছি, ঠিক সেই সময় একজন মুক্তিকামী যোদ্ধা নেলশন ম্যান্ডেলার মুক্তির দাবীতে জনমত গঠণের উদ্দেশ্যে এবং দক্ষিণ আফ্রিকার সংখ্যালঘু শ্বেতাঙ্গ সরকারের উপর চাপ সৃষ্টি করার জন্য আজকে এখানে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে, তা সময়োচিত হয়েছে এবং সেই কারণে এই প্রস্তাব অভিনন্দন যোগ্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, দক্ষিণ আফ্রিকা একটা অত্যন্ত ছোট রাষ্ট্র, সেই ছোট রাষ্ট্রে পক্ষে বিশ্ব জনমতকে উপেক্ষা করে সেখানকার এই মুক্তিকামী যোদ্ধাদের বা মুক্তিকামী যোদ্ধাদের কারাগারে আটকে রাখা, তাদের উপর বর্বর এবং অমানুবিক অত্যাচার করা, কখনই সম্ভবপর হতো না, যদি না তার পেছনে সাম্রাজ্যবাদী শক্তির মদত থাকতো। আমরা সকলে জানি যে সম্মিলিত রাষ্ট্র পুঞ্জে কিছু কিছু প্রস্তাব দক্ষিণ আফ্রিকাকে কেন্দ্র করে পাশ করা হয়েছে। কিন্তু সেই প্রস্তাবগুলোকে কার্য্যকরী করার ক্ষেত্রে যে আন্তরিকতা এবং যে তদর্থক পদক্ষেপ গ্রহণ করার প্রয়োজন ছিল তা হয়নি। এই কথা ঠিক যে আমেরিকা এবং ইংল্যান্ড প্রভৃতি সাম্রাজ্যবাদী রাষ্ট্রের চক্রান্তে সেই কাজগুলো সম্ভব হয় নি। দক্ষিণ আফ্রিকার সরকারের বিরুদ্ধে সম্মিলিত রাষ্ট্রপুঞ্জের পক্ষ থেকে অর্থনৈতিক স্যাংশন দেওয়া হয়েছিল, কিন্তু তা কার্যকরী হয় নি। যদি ঐ ইকনমিক স্যাংসন বা ইকনমিক বয়কট কার্যকরী করা সম্ভব হত তাহলে ঐ ছোট রাষ্ট্রের সংখ্যালঘু শ্বেতাঙ্গ সরকারের পক্ষে অস্তিত্ব রক্ষা করা, আত্মরক্ষা করা সম্ভব হ'ত না এবং আত্মরক্ষার জন্য যে জাতীয় পদক্ষেপ তারা নিচ্ছে তা নিতে পারত না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তীকালের পৃথিবীর রাজনৈতিক ইতিহাস যদি আমরা পর্যালোচনা করি তাহলে দেখব যে, একদিকে একের পর এক স্বৈরতান্ত্রিক সামরিক রাষ্ট্রের পতন ঘটছে, অন্য দিকে ছোট ছোট রাষ্ট্রগুলি জাতীয়তাবাদী আন্দোলনের মধ্যে দিয়ে খুব দ্রুত স্বাধীন হচ্ছে এবং উন্নতি ও সাফল্যের পথে এগিয়ে যাচ্ছে। কিন্তু দুঃখের বিষয় দক্ষিণ আফ্রিকা বর্ণবৈষম্যমূলক নীতি উনবিংশ শতাব্দী থেকে চালিয়ে আসছে, আজও তাকে বিশ্ব-জনমত প্রতিহত করতে পারছে না। তবে এ বিষয়ে আমাদের কোন সন্দেহ নেই যে, আন্দোলনের মধ্যে দিয়ে যে বিশ্ব-জনমত সৃষ্টি হয়েছে সেই বিশ্ব-জনমতের কাছে দক্ষিণ আফ্রিকার সরকারকে নতি স্বীকার করতেই হবে, নেলসন ম্যান্ডেলাকে মুক্তি দিতেই হবে। দক্ষিণ আফ্রিকা স্বাধীন রাষ্ট্রে পরিণত হবে, সেদিনের আর বেশী বিলম্ব নেই। এই কথা বলে, এই প্রস্তাবকে পুনরায় সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

## Twenty-fifth Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I now present the Twenty-Fifth Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and made

the following recommendations :

| | | |
|---|---|---|
| Monday, 5.9.88 .. | The Darjeeling Gorkha Hill Council Bill, 1988 (Introduction, Consideration and Passing) | ..... 4 hours |
| Tuesday, 6.9.88 .. | (i) The Bengal Municipal (Amendment) Bill, 1988. (Introduction, Consideration and Passing) | ...... 2 hours |
| | (ii) The West Bengal Panchayat (Amendment) Bill, 1988. (Introduction, Consideration and Passing) | |
| | (iii) The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1988. (Introduction, Consideration and Passing) | |
| | (iv) The West Bengal Primary Education (Amendment) Bill, 1988. (Introduction, Consideration and Passing) | |
| | These four Bills will be discussed together but vote will be betaken separately. | |
| | (v) The West Bengal Labour Welfare Fund (Amendment) Bill, 1988. (Introduction, Consideration and Passing) | .........1 hours |
| | (vi) The West Bengal Central Valuation Board (Amendment) Bill, 1988. (Introduction, Consideration and Passing) | .......... 1 hour |
| Wednesday, 7.9.88 .. | Discussion on Flood Situation | .........4 hours |
| Thursday, 8.9.88 .. | The West Bengal Fire Services (Amendmdnt) Bill, 1988. (Introduction, Consideration and Passing) | ........ 1 hour |

There will be no sitting of the House on the 2nd September, 1988.

I, now request the Chief Whip to move the motion for acceptance of the House.

**Shri Niranjan Mukherjee :** Sir, I beg to move that the 25th report of the Business Advisory Committee, as presented in the House, be agreed to.

The motion was then put and agreed to.

**শ্রী নিরঞ্জন মুখার্জী :** স্যার, আমার একটি আবেদন আছে। আজকে বিশ্বের সর্বত্র "যুদ্ধ চাই

না, শান্তি চাই, নেলসন ম্যান্ডেলার মুক্তি চাই'' এই আওয়াজ উঠেছে এবং সর্বত্র 'শান্তি দিবস' পালিত হচ্ছে। আমরাও এই বিধানসভায় প্রস্তাব উত্থাপন করে বিষয়টি নিয়ে আলোচনা করছি। আজকে আমাদের এই কলকাতা শহরে মার্কিন কনস্যুলেট অফিসের সামনে ছাত্র, যুব, মহিলা, কৃষক, শ্রমিক প্রভৃতি সর্বস্তরের মানুষের বিশাল জনতা এই দিবসটি পালন করছে এবং শান্তি আন্দোলনের শপথ গ্রহণ করছে। এই প্রসঙ্গে আমার সভার সদস্যগণের কাছে আবেদন এই যে, অধিবেশনের পর লবিতে সকলে একত্রিত হয়ে— এখানে ১৪৪ ধারা আছে, আমরা পায়ে হেঁটে যাব— রাণী রাসমণি রোড থেকে মিছিল করে আমেরিকান কনস্যুলেট্ অফিসের সামনে গিয়ে ঐ আন্দোলনের মূল স্রোতের সঙ্গে যুক্ত হব। আশা করি সদস্যরা এই আবেদনে সাড়া দেবেন।

**[ 3-00 – 3-11 p.m.]**

**শ্রী সুমন্ত কুমার হীরা :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, ৫ মিনিটের মধ্যে সব উত্তর দেওয়া সম্ভব নয় তবে যতটুকু পারা যায় ততটুকু বলবো। আজকে আলোচনার মাধ্যমে যে কথাগুলি এসেছে তাতে আপনারা বুঝতে পেরেছেন নেলসন ম্যান্ডেলাকে কেন ২৬ বছর ধরে কারাগারে বন্দী থাকতে হয়, নেলসন ম্যান্ডেলার মতন সারা পৃথিবীতে লক্ষ লক্ষ মুক্তিকামী মানুষকে কেন কারারুদ্ধ হয়ে থাকতে হয় তার পিছনে যে সাম্রাজ্যবাদী শক্তির স্বার্থ কাজ করছে সেই সম্পর্কে আমার বক্তব্য নিবদ্ধ রেখে মোটামুটি বক্তব্য শেষ করতে চাই। আমরা জানি, সাম্রাজ্যবাদের পাণ্ডা হচ্ছে মার্কিন সাম্রাজ্যবাদ। সারা পৃথিবীতে ২০০কোটির বেশী জনসংখ্যা বিশিষ্ট যে উন্নয়নশীল দেশ সেই দেশগুলি থেকে বছরে তারা প্রায় ২০ হাজার কোটি ডলার সুদ হিসাবে নেয়। এই সব দেশে ১ লক্ষ কোটি ডলার বিনিয়োগ করছে। ২০০ কোটি জনসংখ্যা বিশিষ্ট দেশগুলিতে এই যে ২০ হাজার কোটি ডলার সুদ হিসাব পায় তাতে আমরা দেখেছি, আমেরিকাতে তাদের সামরিক খাতে বাজেট বরাদ্দে ২০ হাজার কোটি ডলার বিনিয়োগ করছে। এইভাবে আমেরিকা তার সামরিক রণ ভাণ্ডার তৈরী করে চলেছে। এগুলি থেকেই বোঝা যায় আন্তর্জাতিক ক্ষেত্রে সাম্রাজ্যবাদ টিকিয়ে রাখার জন্য জঙ্গীবাদ এবং তার সামরিক শিল্পের সংগ্রহশালা বাড়িয়ে তুলছে। জেনারেল এবং আমলাতন্ত্র মিলিতভাবে দুনিয়াতে ঔপনিবেশিকতাবাদ কায়েম করার চেষ্টা চালিয়ে যাচ্ছে এবং তারই জন্য নেলসন ম্যান্ডেলাকে ২৬ বছর ধরে জেলের কারাগারে রুদ্ধ থাকতে হচ্ছে। আজকে আমরা যদি জাতীয় আয়ের ফিগার দেখি তাহলে দেখবো এইসব মুক্তিকামী দেশের যে জাতীয় আয় তা উন্নত সাম্রাজ্যবাদী দেশের শতকরা মাথাপিছু আয়ের ১০০ ভাগের ১০ ভাগ কম। এই ২০০কোটি জনসংখ্যা বিশিষ্ট দেশগুলিতে সাম্রাজ্যবাদী শোষণের ফলে দারিদ্রতা, ক্ষুধা, বুভুক্ষু, হাহাকার তীব্রভাবে দেখা দিয়েছে। এদের শোষনের ফলে এইসব উন্নয়নশীল দেশগুলি মার খাচ্ছে, এইসব দেশগুলিকে শ্মশান করে দিচ্ছে। আজকে তারই বিরুদ্ধে নেলসন ম্যান্ডেলার মতন মুক্তিকামী মানুষের লড়াই। আজকে তাঁর মুক্তির জন্য হাউসে এই প্রস্তাব উত্থাপন করা হয়েছে। কিন্তু দুঃখের বিষয়, এই হাউসে দেখালাম এস.ইউ.সি.-র পক্ষ থেকে লেনিন যাকে বলে শিশুসুলভ চপলতার বৈপ্লবিপনা সেই জিনিষ পুর্নবার প্রমান করলেন। তিনি একটি লাইনের প্রতি আপত্তি করলেন। আমার সঙ্গে ব্যক্তিগতভাবে ওনার কথা হয়েছিল। লাইনটা এ্যাকসেপ্ট করেছি নেলসন ম্যান্ডেলার স্বার্থে এবং পৃথিবীর মুক্তিকামী মানুষের যে ঐক্যবদ্ধ সংহতি তা জানাবার জন্য এই লাইনটা এ্যাকসেপ্ট করেছি। নেলসন ম্যান্ডেলার মুক্তির জন্য যতটুকু ভারতসরকার পজিটিভ দিক নিয়েছেন ততটুকু এ্যাকসেপ্ট করছি। তিনি সেটা অমিট করতে বলছেন। আজকে কমনওয়েল্থভুক্ত উন্নয়ন দেশগুলি সাম্রাজ্যবাদের বিরুদ্ধে হুঙ্কার তুলেছেন। আজকে কমনওয়েলথ ভুক্ত অধিকাংশ উন্নয়নশীল দেশগুলি রাষ্ট্রপুঞ্জে গেছে। কয়েকটি কমনওয়েল্থ সম্মেলনে দেখলাম এইসব উন্নয়নশীল দেশগুলি থ্যাচার গোষ্ঠীকে কোনঠাসা করে রেখেছেন। নয়া সাম্রাজ্যবাদের বিরুদ্ধে

উন্নয়নশীল দেশগুলির জাতীয় মুক্তি আন্দোলনের যেসব শক্তি তা যদি ব্যবহার করতে পারে, সেই সুযোগটা যদি নেওয়া হয় তাহলে জানিনা কোন অপরাধ হয় কিনা? আমার বন্ধু শ্রী দেবপ্রসাদ সরকারেরর অন্তত: সাম্রাজ্যবাদের নয়া উপনিবেশবাদের লড়াইতে যে রণকৌশল সেই রণকৌশলের শিক্ষাপাঠ নিতে ব্যর্থ হয়েছেন তার প্রমান তিনি তাঁর এ্যামেন্ডমেনটের মধ্যে রেখেছেন। তাই আমি তাঁকে অনুরোধ করব যে, তিনি যে সংশোধনী এনেছেন সেই সংশোধনী প্রত্যাহার করে নিয়ে এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করবেন। এই আবেদন রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Now, I put to vote the Amendment of Shri Deba Prasad Sarkar.

The motion of Shri Deba Prasad Sarkar that in the last para, lines 1 & 2 : the words "appreciates the stand taken by the Government of India in the matter and further " be omitted was then put and a Division was taken with the following results :

## NOES

Abdul Bari, Shri Md.

Abul Basar, Shri

Abdul Quiyom Molla, Shri

Abdur Razzak, Molla, Dr.

Abdur Rezzak Molla, Shri

Abul Hasnat Khan, Shri

Abul Mansur Habibullah, Shri Syed

Adak, Shri Gourhari

Adak, Shri Kashinath

Adak, Shri Nitai Charan

Anisur Rahaman Biswas, Shri

Atahar Rahaman, Shri

Bagdi, Shri Bijoy

Bagdi, Shri Laxman

Bagdi, Shri Natabar

Bal, Shri Shakti Prasad

Bandyopadhyay, Shri Debabrata

Barma, Shri Manindra Nath

Basu, Shri Bimal Kanti

Basu, Shri Jyoti

Basu, Shri Sibram

Basu, Shri Subhas

Bauri, Shri Madan

Bera, Shri Bishnupada

Bera, Shrimati Chhaya

Bera, Shri Pulin

Bhattacharya, Shri Buddhadeb

Bhattacharya, Shri Gopal Krishna

Bhowmik, Shri Kanai

Biswas, Shri Benoy Krishna

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kumud Ranjan

Bose, Shri Nirmal Kumar

Bouri, Shri Nabani

Chaki, Shri Swadesh

Chakraborty, Shri Subhas

Chakraborty, Shri Deb Narayan

Chakraborty, Shri Surya

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shrimati Sandhya

Chattopadhyay, Shri Santasri

Choudhuri, Shri Subodh

Chowdhury, Shri Bansa Gopal

Chowdhury, Shri Benoy Krishna

Chowdhury, Shri Bikash

Chowdhury, Shri Sibendranarayana

Das, Shri Binod

Das Gupta, Shrimati Arati

Das Gupta, Dr. Asim

Das Mahapatra, Shri Kamakshyanandan

De, Shri Bibhuti Bhusan

Deb, Shri Gautam

Dey, Shri Lakshmi Kanta

Dey, Shri Narendra Nath

Dey, Shri Partha

Doloi, Shri Siba Prasad

Duley, Shri Krishna Prasad

Dutta, Dr. Gouripada

Ghosh, Shri Kamakhya Charan

Ghosh, Shrimati Minati

Ghosh, Shri Satyendranath

Ghosh, Shri Susanta

Goppi, Shrimati Aparajita

Goswami, Shri Subhas

Halder, Shri Krishna Chandra

Hazra, Shri Sachindranath

Hazra, Shri Haran

Hazra, Shri Sundar

Hira, Shri Sumanta Kumar

Jana, Shri Haripada

Jana, Shri Manindara Nath

Joarder, Shri Dinesh

Kar, Shri Nani

Kar, Shri Ramsankar

Kisku, Shri Lakshmi Ram

Kisku, Shri Upendra

Koley, Shri Barindra Nath

Kujur, Shri Sushil

Kumar, Shri Pandab

Kundu, Shri Gour Chandra

Let, Shri Dhirendra
M. Ansaruddin, Shri
Mahato, Shri Satya Ranjan
Mahamuddin, Shri
Maity, Shri Gunadhar
Maity, Shri Sukhendu
Maji, Shri Pannalal
Majumdar, Shri Sunil Kumar
Malakar, Shri Nani Gopal
Malik, Shri Sreedhar
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Prabhajan Kumar
Mandal, Shri Rabindra Nath
Mazumdar, Shri Dilip Kumar
Mitra, Shrimti Jayashri
Mitra, Shri Ranjit
Mohammad Ramjan Ali, Shri
Mohammad, Shri Shelim
Mohanta, Shri Madhabendu
Mojumder, Shri Hemen
Mondal, Shri Bhadreswar
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sudhansu Sekhar
Mozammel Haque, Shri
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Manabandra

Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Murmu, Shri Sarkar
Najmul Haque, Shri
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Nazmul Haque, Shri
Neogy, Shri Brajo Gopal
Omar Ali, Dr.
Oraon, Shri Sukra
Paik, Shri Sunirmal
Pramanik, Shri Sudhir
Rai, Shri Mohan Singh
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Amalendra
Roy, Shri Sada Kanta
Roy, Shri Tapan
Roy Barman, Shri Khitibhusan
Saha, Shri Jamini Bhusan
Saha, Shri Kripa Sindhu
Santra, Shri Sunil
Sar, Shri Nikhilananda
Saren, Shri Ananta
Sarkar, Shri Sailen
Satpati, Shri Abani Bhusan
Sayed Md. Masih, Shri
Sen, Shri Dhirendra Nath

Sen, Shri Nirupam
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, Shrimati Kamal
Sen Gupta, Shri Prabir
Shish Mohammad, Shri
Singha, Shri Suresh
Sinha, Shri Khagendra
Sinha, Shri Prabodh Chandra
Sinha, Shri Santosh Kumar
Sur, Shri Prasanta Kumar
Toppo, Shri Salib
Upadhyay, Shri Manik
Adhikari, Shri Tarun
Bandyopadhyay, Shri Sudip
Banerjee, Shri Amar
Banerjee, Shri Ambika
Bapuli, Shri Satya Ranjan
Basu, Shri Supriya
Basu Mallick, Shri Suhrid
Bhunia, Dr. Manas
Chowdhury, Shri Humayun
Goswami, Shri Arun Kumar
Gyan Singh Sohanpal, Shri
Laha, Shri Prabuddha
Motahar Hossain, Dr.
Naskar, Shri Gobinda Chandra
Pahan, Shri Khudiram
Poddar, Shri Deokinandan
Roy, Dr. Sudipta
Samanta, Shri Tuhin

## AYES

Sarkar, Shri Deba Prasad

Purkait, Shri Prabodh

The Ayes being 2 and Noes 175

The Amendment was lost.

The motion of Shri Sumanta Kumar Hira that—

This House notes with grave concern how the great South African National Leader Mr. Nelson Mandela has passed his 70th birthday in captivity behind the bars, in the dungeons of the South African prison where he has had to pass the past quarter of a century ;

This House also expresses its concern about the ailing conditions of that great leader and sends its sincere good wishes through the Government of India to Mrs. Winnie Mandela for his speedy recovery ;

This House express its wholehearted solidarity with the world-wide campaign that is going on at the International level and calls for the immediate release of all leaders and workers, youth, women and children, who are languishing under the terrifying conditions of the South African jails. This House salutes the heroic struggle being carried out against the racist Botha regime by the banned African National Congress and the South West African People's Organisation;

This House further notes with grave concern the reckless way the racist Pretoria regime has been trampling underfoot all civilised norms, and has gone on flouting the terms contained in the charter and Resolutions of the United Nations Organisation. Day by day, the intransigence of the Botha rule and the dark machinations of its imperilist allies have become transparent to the freedom-loving people of the World. All help must be mustered from the outside world dismantle the hated system of apartheid that has been the ugly hallmark of the reign of terror that is in operation in South and South West Africa. Succour must also go to the Front line states whose brave men and women have has to suffer the destablising tactics of the South African Government ; and

This House appreciates the stand taken by the Government of

India in the matter and further urges upon the Government of India through the State Govérnment to take up the noble cause once again in the United Nations and the Commonwealth Organisation for immediate enforcement of comprehensive and mandatory sanctions against the racist Pretoria regime and to render all possible help— political as well as economic to the oppresed people of South Africa, Namibia, and of the Front-line states, and to take immediate and effective steps for the unconditional release of Nelson Mandela.

Was then put and agreed to.

## ADJOURNMENT

The House was then adjourned at 3-11 p.m. till 1 p.m. on Monday, the 5th September, 1988 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 5th September, 1988 at 1.00 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 18 Ministers, 4 Ministers of State and 209 members.

**[1.00-1.10 P. M.]**

## OBITUARY

**Mr. Speaker :** Before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Mohammad Sayeed Mia, Ex-M.L.A. and Ex-M.L.C. and Shri Gopal Chandra Das Adhikary, Ex-M.L.A.

Shri Mohammad Sayeed Mia, former Member of this State Legislature breathed his last on 21st August, 1988 He was 88.

Born in January, 1901 at Gajol (Malda) Shri Mia was educated in Malda Zila School, Rangpur Carmichael College, Rajshahi College and Calcutta University.

Shri Mia joined the Non-cooperation Movement during his student days and was involved with the Khilafat Movement. In the early 40's he joined the Muslim League. In 1946 he was first elected to the Bengal Legislative Assembly from North Malda Constituency as a Muslim League candidate and he was also a Member of the West Bengal Legislative Assembly from 1947 to 1951. After the partition he joined the Congress and in 1952 he was elected from Ratua Constituency as a Congress candidate to the West Bengal Legislative Assembly but resigned on the same year. He became a member of the West Bengal Legislative Council in 1955 and became a Parliamentary Secretary and continued in the post upto 1966. In 1967 he was again elected to the West Bengal Legislative Assembly from Malda Constituency as a Congress Candidate. He retired from pol-

*itics in 1969 and engaged himself in religious preaching and educational activities among the poor muslims.*

He was the pioneer of Madrasah Education in West Bengal after partition. He was a member of the West Bengal Madrasah Education Board, Secretary, Malda Muslim Institute Library, Secretary, Malda Model High Madrasah, Secretary Jalalia Girls' Primary and Junior Higher Secondary School and the Hajaranchak Junior High Madrasah. He was also connected with many other social activities.

At the demise of Shri Mohammed Sayeed Mia, the State has lost a veteran political and social worker.

Shri Gopal Chandra Das Adhikary, former member of the West Bengal Legislative Assembly breathed his last on 1st September, 1988. He was 87.

Born on 1st September, 1901 at Khajuri (Midnapore), Shri Das Adhikary was educated from Khelat Chandra Institution and Ripon College, Calcutta. He suffered imprisonment several times. He was a member of the Midnapore District School Board and founder of a multipurpose school at Dasagram.

Shri Das Adhikary was first elected to the West Bengal Legislative Assembly in 1952 and re-elected in 1957 from Sabang Constituency with a Congress ticket.

At the demise of Shri Gopal Chandra Das Adhikary, the State has lost a veteran political leader.

Now I request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased persons.

(At this stage, Hon'ble Members stood in silence for two minutes)

Thank you, Ladies, and Gentlemen, Secretary will send the message of condolence to the family members of the deceased.

**(Noise)**

**Mr. Speaker :** You see Mr. Satter it is not correct. Please let me say. I cannot understand why are you shouting. The persons who died belongs to your party.

**(Noise)**

**শ্রী আবদুস সাত্তার :** স্যার, আমার একটা সাবমিশান আছে।

**মিঃ স্পিকার :** আমারও একটা সাবমিশান আছে, সেটা আগে শুনুন। যাঁরা মারা গেছেন তাঁদের নিয়ে কোন কন্ট্রোভার্সি থাকতে পারে না। তাঁদের প্রতি বোথ দি পার্টিজ এর তরফে সম্মান জানানো উচিত - তিনি কংগ্রেসের কেউ হোন বা যিনিই হোন না কেন।

**শ্রী আবদুস সাত্তার :** I shall have a submission. আমাদের সুদীপ বন্দ্যোপাধ্যায় আপনাকে একটি নোটিশ দিয়েছেন, সেই নেটিশটি আমি আপনার ঘরেও দেখেছি।

**Mr. Speaker :** No, No, No, I will not allow you to submit the same notice. I have received a notice from Shri Sudip Bandhopadhyay, but how you would submit the same notice. Mr. Satter I will not allow you to submit it. Whether he will submit it or not, I shall not allow you.

## Starred Questions

## (to which oral answers were given)

### অর্থ সাহায্যের কেন্দ্রীয় প্রতিশ্রুতি

*২। (অনুমোদিত প্রশ্ন নং *১।) **শ্রী অমলেন্দ্র রায় :** গত বাজেট অধিবেশনের ৯.৫.৮৮ তারিখে প্রদত্ত *৪৩৯ (অনুমোদিত প্রশ্ন নং *১১০১) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি হাজার সাত কোটি টাকার মধ্যে বাকী টাকা কবে নাগাত পাওয়া যাবে বলে আশা করা যায়?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত :** — এ ব্যাপারে নির্দ্দিষ্টভাবে রাজ্য সরকারের কিছু জানা নেই।

(গোলমাল চলতে থাকে এবং একাধিক কংগ্রেস সদস্য বলতে থাকেন)

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি প্রধানমন্ত্রী যে এক হাজার সাত কোটি টাকা দেবার প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেই প্রতিশ্রুতি মত কোন্ কোন্ খাতে কত টাকা পাওয়া গিয়েছে?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত :** মাননীয় স্পীকার মহাশয়, আমি যতটুকু বুঝতে পারলাম তা থেকে বলছি - প্রধানমন্ত্রী যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেইমত আজ পর্যন্ত ২৬ কোটি ২৯ লক্ষ ২৩ হাজার টাকা পাওয়া গিয়েছে।

**[1.10 - 1.20 p.m.]**

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই হাজার ৭ কোটি টাকার মধ্যে কোন কোন খাতে কত টাকা পাওয়া গিয়েছে বলে আপনার কাছে খবর আছে?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত :** এর মধ্যে চটশিল্পের ক্ষেত্রে যে ১৫০ কোটি টাকার ঋণ দেওয়া হয়েছিল তার মধ্যে ১ কোটি ৭০ লক্ষ টাকা পাওয়া গিয়েছে।

(গোলমাল)

চটের উন্নতির জন্য ১০০ কোটর মধ্যে ৩ কোটি ৫৩ লক্ষ টাকা পাওয়া গিয়েছে। উদ্বাস্তুদের জন্য ৯২ কোটি টাকার মধ্যে ১ কোটি ১০ লক্ষ টাকা পাওয়া গিয়েছে। নোট ছাপানোর জন্য ৩০০ কোটির মধ্যে জিরো কোটি টাকা পাওয়া গিয়েছে. এই ভাবে যোগ করলে মোট হচ্ছে ২৬ কোটি টাকার কিছু বেশী পাওয়া গিয়েছে। এই ভাবে চললে হয়ত ভবিষ্যতে ১০০ বছরে পাওয়া যাবে।

(গোলমাল)

**শ্রী অমলেন্দ্র রায় :** সম্প্রতি হাজার ৭ কোটি টাকার ব্যাপারে ফিনান্স কমিশান যে সুপারিশ করেছেন সেটা কোন কোন খাতে বরাদ্দ করা হয়েছে?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত :** আমি যতদূর জানি ফিনান্স কমিশানের বরাদ্দের মধ্যে এই ধরণের কোন টাকা লুকিয়ে নেই।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন, কি, ফিনান্স কমিশানের সুপারিশের মধ্যে সরাসরিভাবে এই টাকা যদি কোথাও লুকিয়ে নাও থাকে তাহলে এই টাকা পাইয়ে দেবার ব্যবস্থা করা হয়েছে কি ?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত :** এর উত্তর হয়না।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** স্যার, প্রধানমন্ত্রী যে প্রতিশ্রুতি দিয়েছিলেন পশ্চিমবঙ্গকে টাকা দেবেন বলে, সেটা না দেবার পিছনে কোন রকমের রাজনৈতিক চক্রান্ত আছে কি ?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত :** প্রতিশ্রুতি ১ হাজার ৭ কোটির মধ্যে ২৬ কোটি টাকার বেশী অর্থ পাওয়া গিয়েছে। বাকি অর্থ সম্বন্ধে কোন নির্দিষ্ট প্রতিশ্রুতি দেওয়া যায়নি।

**শ্রী সুমন্ত কুমার হীরা :** মাননীয় মন্ত্রী মহাশয় রাজীব গান্ধী যে ১ হাজার ৭ কোটি টাকা পশ্চিমবঙ্গকে দেবেন বলেছিলেন সেই টাকার আধুনিকীকরণের স্বার্থের জন্য বিভিন্ন মালিকরা যে দরখাস্ত দিল্লিতে করেছে সেটা দেওয়া হচ্ছে না. কয়েকজনকে দিয়েছে, শোনা যাচ্ছে কংগ্রেস আইয়ের ফান্ডে যারা টাকা দিতে রাজী হচ্ছে না, সেই কারণে মডার্নাইজেশানের জন্য টাকা দিতে রাজী হচ্ছে না, এই রকম কোন খবর আপনার জানা আছে কি? জুট মিল আধুনিকীকরণের জন্য মালিকদের টাকা দেওয়া হচ্ছে না এই খবর আপনার জানা আছে কি ?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত :** ১৫০ কোটি টাকা আধুনিকীকরণের মধ্যে ১ কোটি ৭০ লক্ষ টাকা পাওয়া গেছে। বাকি যে প্রশ্ন করেছেন তার উত্তর আমার জানা নেই।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার :** মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই প্রধানমন্ত্রী যে ১ হাজার ৭ কোটি টাকার প্রতিশ্রুতি দিয়েছিলেন তার মধ্যে যে টাকা পাওয়া যায়নি তারজন্য অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কি ব্যবস্থা নিয়েছেন? আপনারা যখন ধর্না দিয়েছিলেন তখন এই টাকা পাওয়ার জন্য দাবি জানিয়েছিলেন কি ? প্রধানমন্ত্রী যখন প্রতিশ্রুতি ভঙ্গ করেছেন তখন সেই টাকা আদায় করার জন্য কি কি পন্থা অবলম্বন করবেন বলে মনে করছেন সেটা আমি জানতে চাই।

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত :** এটা বলা দরকার যে এই আগষ্ট মাসের প্রথম দিকে এই ১ হাজার ৭ কোটি টাকা, যার মধ্যে মাত্র ২৬ কোটি টাকা পাওয়া গেছে তারজন্য সচিব পর্যায়ে একটা আলোচনা হয়েছে, কিন্তু কোন নির্দিষ্ট প্রতিশ্রুতি পাওয়া যায়নি।

## মাধ্যমিক শিক্ষাবর্ষ পরিবর্তনের প্রস্তাব

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০০।) **শ্রী হিমাংশু কুণ্ডর :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

পশ্চিমবঙ্গে মাধ্যমিক শিক্ষাবর্ষের সময়সূচীর কোন পরিবর্তন সরকারের বিবেচনাধীন আছে কিনা?

**শ্রী কান্তি বিশ্বাস :** — আমি এইটুকু বলছি যে প্রশ্নটা সরকারের বর্তমানে বিবেচনাধীন আছে।

**শ্রী প্রশান্ত কুমার প্রধান :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি এই যে শিক্ষা বর্ষের সময় সূচী পরিবর্তন করছেন তাহলে ক্লাস এইট এবং ক্লাস ৯ এর বর্ষ পরিবর্তন করা যাবে নতুন সেসানে?

**শ্রী কান্তি বিশ্বাস :** এই বিষয়টি পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্ষদের পক্ষ থেকে বিস্তারিত আলাপ-আলোচনা করে সুপারিশ আকারে আমাদের কাছে পাঠিয়েছে। তার অর্থ হচ্ছে আগামী ডিসেম্বর মাসে দশম শ্রেণীর নির্বাচনী পরীক্ষা আরম্ভ হবে এবং তারপর ফর্ম পূরণ করবে মাধ্যমিক পরীক্ষা দেওয়ার জন্য। আর ৯ম শ্রেণীর পরীক্ষা ডিসেম্বর মাসে হবে, কিন্তু অন্যান্য শ্রেণীর বাৎসরিক পরীক্ষা - ৫ম থেকে ৮ম শ্রেণী পর্যন্ত, পরের বছর মার্চ মাসের শেষ দিকে অনুষ্ঠিত হবে। এই প্রস্তাব পর্ষদের পক্ষ থেকে আমাদের কাছে এসেছে। এই সম্পর্কে সরকার চূড়ান্ত সিদ্ধান্ত অবিলম্বে গ্রহণ করবেন।

**শ্রী প্রশান্ত কুমার প্রধান :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আগামী ১৯৮৮-৮৯ সালের মাধ্যমিক পরীক্ষা পিছিয়ে দেওয়ার কোন পরিকল্পনা সরকার গ্রহণ করছেন কিনা?

**[1.20 - 1.30 p.m.]**

**শ্রী কান্তি বিশ্বাস :** পর্ষদের পক্ষ থেকে মাধ্যমিক পরীক্ষা যেটা গ্রহণ করা হয় সেটা উঠিয়ে দেবার কোন পরিকল্পনা পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের নেই একথা তাঁরা আমাদের জানিয়েছেন। তাঁরা জানিয়েছেন আনুমানিক মার্চ মাসে তাঁরা মাধ্যমিক পরীক্ষা গ্রহণ করতে চান। তবে এ বিষয়ে এখন তাঁরা চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন নি, কারণ পরবর্তী বছরে শিক্ষা বর্ষ কখন থেকে শুরু হবে সেই প্রসঙ্গ টি যতক্ষণ পর্য্যন্ত না সরকার চূড়ান্ত ভাবে সিদ্ধান্ত গ্রহণ করছেন ততক্ষণ পর্য্যন্ত পর্ষদের পক্ষ থেকে পরবর্তী মাধ্যমিক পরীক্ষার চূড়ান্ত তারিখ নির্ধারণ করার ক্ষেত্রে এখন জটিলতা রয়েছে, এই জন্যই পর্ষদের পক্ষ থেকে পরবর্তী মাধ্যমিক পরীক্ষার তারিখ চূড়ান্ত হয় নি, তবে অনুমান করছি মার্চ মাসেই হবে।

**(গোলমাল)**

**শ্রী প্রশান্ত কুমার প্রধান :** এই সেসন পরিবর্তন করার জন্য ক্লাশ নাইন এবং টেনের সিলেবাস পরিবর্তন করার প্রয়োজন আছে, অর্থাৎ ক্লাশ নাইনের সিলেবাস বাড়ানো দরকার এবং ক্লাশ টেনের সিলেবাস কমানো দরকার। আমার প্রশ্ন হচ্ছে এই ব্যাপারে নিয়ে বোর্ডের সঙ্গে আলোচনা করছেন কি?

**(গোলমাল)**

**শ্রী কান্তি বিশ্বাস :** এই বিষয়ে পর্ষদের শিক্ষা সংক্রান্ত যে কমিটি আছে তাঁরা বিভিন্ন শ্রেণীর ব্যাপারে বিচার বিবেচনা করছেন তবে পর্ষদের নাইন এবং টেনের পাঠ্যক্রম এবং পাঠ্যসূচী যেটা

নির্ধারিত আছে তার সঙ্গে সংগতি রেখে পুর্নবিবেচনা করা হবে, যাতে সঠিকভাবে কার্য্য পরিচালনা করা যায়।

(গোলমাল এবং হট্টগোল)

**পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্রীয় অর্থ বরাদ্দের প্রতিশ্রুতি**

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪।) **শ্রী যামিনীভূষণ সাহা :** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৮৭ সালের নির্বাচনের আগে প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গ রাজ্যকে বিভিন্ন খাতে প্রায় ১ হাজার কোটি টাকা দেবার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই টাকা কি কি খাতে কত করে দেওয়া হবে তার হিসাব কি কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে জানিয়েছেন; এবং

(খ) জানানো হয়ে থাকলে, আজ পর্যন্ত কোন্ কোন্ খাতে কত টাকা কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে দিয়েছেন?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত :** — (ক) হ্যাঁ।

(খ) উপরোক্ত ১০০৭ কোটি টাকার মধ্যে রাজ্যসরকার এ পর্য্যন্ত যুবভারতী ক্রীড়াঙ্গন নির্মান খাতে ১০ কোটি টাকা, পাট চাষ উন্নতি খাতে ৩.৫২৮৪ কোটি টাকা, জে. সি. ঘোষ কম্যুনিটি পলিটেকনিক খাতে ০.০৬২৫ কোটি টাকা, উদ্বাস্তু পুনর্বাসন খাতে ১.৬৩৬৪ কোটি টাকা, দ্বিতীয় হুগলী সেতু নির্মান খাতে ১০ কোটি টাকা ঋণ এবং সমবায় খাতে ১.০৬৫০ কোটি টাকা (যার মধ্যে ঋণ ০.১০৭৫ কোটি) পেয়েছেন। সুতরাং সর্বমোট রাজ্যসরাকর এ পর্য্যন্ত ২৬.২১২৩ কোটি টাকা পেয়েছেন।

এছাড়া চট শিল্পের আধুনিকীকরণের জন্য দুটি চটকল সরাসরি ১.৭০ কোটি টাকা পেয়েছে। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে কলকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের সাদার্ন জেনারেটিং ষ্টেশন ইউনিটের খাতে ২১০ কোটি টাকা এবং ওয়েষ্ট বেঙ্গল ইলেকট্রনিক্স ডেভেলপমেন্ট কর্পোরেশনের খাতে ৬ কোটি টাকা ব্যয়ের বহু বিলম্বের পর অনুমোদন পাওয়া যায়। কিন্তু এই প্রকল্প দুটির জন্য কেন্দ্রীয় সরকারের কোনো আর্থিক সহায়তা নেই।

**শ্রী যামিনী ভূষণ সাহা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি অনুগ্রহ করে জানাবেন, যে পাটশিল্পের উন্নতির জন্য যে টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছেন তার মধ্যে কত টাকা খরচ হয়েছে ও কত টাকা আছে?

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত :** আমি যেটুকু বুঝতে পারলাম তার উত্তরে জানাচ্ছি যে, পাটশিল্পের উন্নতির জন্য কেন্দ্রীয় সরকার নিজস্ব তহবিল থেকে নয় - অন্য জায়গা থেকে ঋণ বাবদ ১৫০ কোটি টাকা দিয়েছে, তার থেকে ২টি ক্ষেত্রে ১ কোটি ৭০ লক্ষ টাকা দেওয়া হয়েছে। আর পাটের উন্নতির জন্য ১০০ কোটি টাকা দিয়েছে, তার থেকে ৩ কোটি ৫৩ লক্ষ টাকা খরচ হয়েছে।

## Starred Question
## (to which answers were laid on the Table)

### Proposal for change of the present planning process

***1.** (Admitted question No. *37.) **Shri SAUGATA ROY : Will** the Minister-in-charge of the Development and Planning Department

be pleased to state–

(a) Whether the State Government has information about the proposal of Government of India to change the present planning process to district level planning ;

(b) if so–

(i) What are the broad outlines of the proposal, and

(ii) What is the contemplation of the State Government in the matter ?

**Minister-in-charge of the Development and planning Department :**

(a) Yes.

(b) (i) of late, the State Government has received some communications from the Planning Commission, indicating the need for formulation of district plans in the context of formulation of the State's Plan. The Planning Commission has not, however, prescribed specific means for formulating plans at the district level.

(ii) What is being suggested now from the Planning Commission in general terms, has actually been put into effect in the State since 1984-85. Through the setting up of the District Planning and Coordination Wings, District Planning Committee and Block Planning Committee at the level of each district and each block in the State, with elected representatives and officials as members at the respective levels through earmarking of plan funds of the Departments for district (of below) level schemes, through formulation of block and district level plans and the monitoring of the implementation of Plan schemes, attempts have been made at a participatory decentralised planning in this State.

## Submission of Report of the Pay Commission

***7.** (Admitted question No. *113.) **Shri SAUGATA ROY :** Will the Minister in-charge of the Finance Department be pleased to state–

when is the Pay Commission set up by the State Government to determine the Pay Scales of State Government employees likely to submit its report to the State Government ?

**Minister-in-charge of the Finance Department :**

The 3rd Pay Commission was set up in January, 1987. The services of the Member Secretary and the staff of the Pay Commission

have been retained upto 28.2.1989. It is not possible for the State Government to say when the report will be submitted by the Pay Commission.

## ADJOURNMENT MOTIONS

**Mr. Speaker :** Today I have received 3 notices of Adjournment Motions. The first is from Shri Sudip Bandyopadhyay, the second is from Shri Saugata Roy and the third is from Shri Ashoke Ghosh, all on the subject of reported violence on 4.9.88 in the By-election of Calcutta Corporation in Ward No. 46.

The Members may call the attention of the Ministers concerned on the subject through Calling Attention, Mention etc.

I, therefore, withhold my consent to the motions. One Member of the Party may, however, read out the text of the motion as amended.

**শ্রী অশোক ঘোষ :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল, গত কাল ৪.৯.৮৮ তারিখে কলিকাতা কর্পোরেশানের ৪৬ নং ওয়ার্ডে নির্বাচনে সংখ্যা গরিষ্ঠ শাসক দল (সি. পি. এম)-এর সমর্থকরা পুলিশের পদস্থ অফিসারদের সামনে নির্বিচারে বোমা লাঠি ও লোহার রড দিয়ে কংগ্রেস কর্মীদের, নেতাদের এমন কি প্রাক্তন ও বর্তমান বিধায়কদের প্রচণ্ড ভাবে মারধোর করে, দোকান বাড়ি ভাংচুর করে। মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর নেতৃত্বে গত কাল গনতন্ত্রকে ধ্বংস করা হয়েছে গনতন্ত্রের উপর ..... –

(Noise)

**Mr. Speaker :** Nothing beyond the amended text of the motion will be recorded.

(Noise)

...(Several Members of the Cong (I) benches were seen shouting)..

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received 9 notices of Calling Attention, namely :

1. Reported proposal to establish a cultural and educational centre at the residence of Rishi Bankim Chandra Chattopadhyay at Kanthalpara, Naihati — Dr. Tarun Adhikari.

2. Report of the Committee on the police firing on farmers at Bagdia on 28.3.88 — Shri Sudip Bandyopadhyay

3. Reported unwillingness of Hindusthan Cables to set up a Electronic Complex at Durgapur— Shri Dilip Majumdar.

4. Alleged discrepancy in relief works at the flood affected areas of Murshidabad District — Shri Mannan Hossain

5. Alleged attack and ransancking on the tribal farmers of Bankura district on 13.8.88 — Shri Rampada Mandi

6. Reported violance in the by-election of Ward No. 46 of Calcutta Municipal Corporation — Dr. Sudipta Roy

7. Alleged closure at the iron moulding factories at Howrah — Shri Sadhan Chattopadhyay

8. Crisis in the foundry industry — Shri Santasri Chatterjee

9. Reported closure at Dunlop Factory — Shri Satya Ranjan Bapuli

I have selected the notice of Dr. Sudipta Roy on the subject of Reported violance in the by-election of Ward No. 46 of Calcutta Municipal Corporation.

The Minister will please make a statement today, if possible or give a date.

**Shri Abdul Quiyom Molla :** On 8th, Sir.

(Noise)

...(Several Members of the Cong (I) benches were seen shouting)...

**[1.30 - 1.40 p.m.]**

## Statement under Rule 346

**শ্রী নির্মল কুমার বোস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপরিচালনা বিধির ৩৪৬ সংখ্যক ধারা অনুসারে আমি একটি বিবৃতি বিধানসভায় পেশ করছি।

পশ্চিমবঙ্গ বিধানসভায় গত ৫ই মে, ১৯৮৮ তারিখে গৃহীত এক সর্বসম্মত প্রস্তাবের ভিত্তিতে বিধানসভার সকল দলের সদস্যদের নিয়ে গঠিত একটি প্রতিনিধি দল কেন্দ্রীয় খাদ্য ও অসামরিক সরবরাহ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী শ্রী সুখরাম, কেন্দ্রীয় শক্তিমন্ত্রী শ্রী বসন্ত শাঠে এবং কেন্দ্রীয় শিল্পমন্ত্রী শ্রী জে ভেঙ্গল রাও-র সঙ্গে গত ৮ এবং ৯ জুন, ১৯৮৮ তারিখে দিল্লীতে দেখা করেন এবং রাজ্যের জন্য খাদ্যসামগ্রী, ভোজ্যতেল, কয়লা এবং সিমেন্টের বরাদ্দ বসানো এবং অপ্রতুল এবং অনিয়মিত সরবরাহের ব্যাপারে আলোচনা করেন।

(গোলমাল)

চাল এবং গমের পূর্বেকার বরাদ্দ অর্থ্যাৎ যথাক্রমে ১,২৫,০০০ টন এবং ১,২৬,০০০ টন করার জন্য সর্বদলীয় প্রতিনিধি দলের দাবির উত্তরে কেন্দ্রীয় খাদ্য ও অসামরিক সরবরাহ দপ্তরের মন্ত্রী শ্রী সুখরাম প্রতিনিধি দলকে সরাসরি বলেন যে, কেন্দ্রীয় সরকারের পক্ষে এখনই ছাঁটাই — পূর্ব বরাদ্দ ফিরিয়ে আনা সম্ভব নয়, এবং ঐ রাজ্যকে প্রতি মাসে বরাদ্দ ৮০,০০০ মেঃ টন চাল এবং সমপরিমাণ গম নিয়েই সন্তুষ্ট থাকতে হবে। যখন কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে, গত বছরে পশ্চিমবঙ্গের চাল ও গমের প্রকৃত 'অফ-টেক' বরাদ্দের চেয়ে অনেক কম ছিল। তখন প্রতিনিধি দলের সদস্যরা প্রশ্ন তোলেন যে, যদি চাল এবং গমবাহী রেলের রেক বরাদ্দ অনুযায়ী না এসে পৌছায় এবং সেই রেকে যদি রাজ্যের সর্বত্র সারামাস ধরে প্রয়োজন মতো না পাঠানো হয়, তাহলে কেন্দ্রীয় মন্ত্রী কি করে আশা করেন যে, 'অফ-টেক' ভাল হবে? কেন্দ্রীয় মন্ত্রী এই প্রশ্নের কোনও সদুত্তর দিতে পারেন নি। অবশ্য তিনি প্রতিনিধি দলকে আশ্বাস দেন যে যাতে বরাদ অনুযায়ী সরবরাহ ঠিকমত হয়, সে ব্যাপারে তিনি সচেষ্ট হবেন।

প্রতিনিধি দলের সদস্যরা কেন্দ্রীয় শিল্পমন্ত্রী শ্রী জে ভেঙ্গল রাও-র সঙ্গে আলোচনা করার সময় জানান যে, পশ্চিমবঙ্গের জন্য লেভি সিমেন্টের বরাদ্দ গত কয়েক কোয়ার্টারে অস্বাভাবিক ভাবে কমানো হয়েছে এবং যে সামান্য সিমেন্ট বরাদ্দ করা হয়েছে তাও আবার সিমেন্ট কারখানাগুলো সরবরাহ করেনি। দৃষ্টান্তস্বরূপ, ১৯৮৮ সালের প্রথম কোয়ার্টারের জন্যে বরাদ্দকৃত ১,০৮,৪৭০ মেঃ টন লেভি সিমেন্টের জায়গায় শুধুমাত্র ২৫,০০০ মেট্রিক টন লেভি সিমেন্ট এই রাজ্যে সরবরাহ করা হয়েছে এবং তার ফলে, জেলা পরিষদ, বিভিন্ন কর্পোরেশন, পুরসভা এবং পূর্ত বিভাগ সেচ বিভাগের মতো সরকারী দপ্তরগুলির উন্নয়নমূলক কাজকর্ম সম্পূর্ণরূপে ব্যাহত হচ্ছে। প্রতিনিধি দলের সদস্যরা কেন্দ্রীয় মন্ত্রীকে লেভি সিমেন্টের বরাদ্দ আরও বাড়াতে এবং বরাদ্দ অনুযায়ী নিয়মিত সরবরাহ সুনিশ্চিত করতে অনুরোধ জানান। কেন্দ্রীয় শিল্পমন্ত্রী প্রতিনিধিদলকে জানান যে, লেভি সিমেন্টের বরাদ্দ ইচ্ছাকৃতভাবে কমানো হয়েছে। কারণ, কেন্দ্রীয় সরকার ১৯৮২ সালে ধার্য সিমেন্টের শতকরা ৬৫ ভাগ লেভির পরিমাণ কমিয়ে বর্তমানে তা শতকরা ১৫ থেকে ৩০ ভাগে নিয়ে এসেছেন যাতে সিমেন্টের উৎপাদনে উৎপাদকরা উৎসাহী হন। তিনি প্রতিনিধিদলকে আরও জানান যে, কেন্দ্রীয় সরকারের নীতি হচ্ছে সিমেন্ট সরবরাহ ক্রমশ নিয়ন্ত্রণ মুক্ত করা। এবং তিনি আরও বলেন যে, এই বছর যদি প্রাকৃতিক অবস্থা ভাল থাকে তাহলে আগামী বছর থেকে সিমেন্ট পুরোপুরি নিয়ন্ত্রণমুক্ত করা হবে।

(গোলমাল)

অতএব এটা নিশ্চয়ই পরিষ্কার হচ্ছে যে, তিনটি প্রধান কেন্দ্রীয় মন্ত্রকের কাছে আমাদের মুখ্য দাবিগুলি পেশ করা সত্ত্বেও আমরা তাঁদের কাছ থেকে যে সাড়া পেলাম তা স্পষ্টতই নেতিবাচক। সব মন্ত্রী সুস্পষ্টভাবে জানালেন যে, আমাদের প্রস্তাবগুলিতে তাঁদের পক্ষে সম্মত হওয়া সম্ভব নয়। অবশ্য তাঁরা আমাদের প্রান্তিক পর্যায়ের কিছুটা আশ্বাস দিয়েছেন এবং এই আশ্বাসগুলিকেও যদি কোনরকম মর্যাদা দেওয়া হয়, তাহলে হয়ত এইসব অত্যাবশ্যকীয় সামগ্রীর সরবরাহে কিছুটা উন্নতি পরিলক্ষিত হবে।

...(Several Members of the Cong (I) benches were seen shouting)..

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রতিনিধিদলের সকল সদস্যরাই কেন্দ্রীয় মন্ত্রীদের সঙ্গে সাক্ষাতের সময় রাজ্যের দাবীসমূহ অত্যন্ত জোরের সঙ্গে সমর্থন করেন।

বিধানসভার সকল দলের সদস্যদের নিয়ে গঠিত এই প্রতিনিধিদলের সদস্য ছিলেন ঃ সর্বশ্রী সত্যরঞ্জন বাপুলি এবং জ্ঞান সিং সোহনপাল (কংগ্রেস - আই), শ্রী দেবপ্রসাদ সরকার (এস.ইউ.সি.আই), এ. কে. এম. হাসানুজ্জামান (মুসলীম লীগ), সুমন্ত হীরা, ননী কর, নিরুপম সেন, ক্ষিতিভূষণ রায় বর্মন, শচীন সেন এবং শান্তশ্রী চ্যাটার্জী (সি.পি.আই.এম), কৃপাসিন্ধু সাহা (ফরোয়ার্ড ব্লক), কামাক্ষ্যাচরণ ঘোষ (সি.পি.আই), প্রবোধচন্দ্র সিংহ (ডি.এস.পি), সুনির্মল পাইক (ডাব্লু.বি.এস.পি) শ্রীমতী শান্তি চ্যাটার্জী (মার্কসবাদী ফরোয়ার্ড ব্লক) এবং রাজ্য সরকারের খাদ্য ও সরবরাহ মন্ত্রী শ্রী নির্মল বসু ; শ্রী নির্মল বসু এই প্রতিনিধিদলের নেতৃত্ব করেন।

প্রতিনিধিদলের আর.এস.পি সদস্য শ্রী সুভাষ নস্কর শেষ মুহুর্তে এসে পৌঁছতে পারেন নি।

পশ্চিমবঙ্গের খাদ্য সচিব শ্রী দীপক রুদ্র আলোচনাকালে উপস্থিত ছিলেন।

........ (Noise)......

**Mr. Speaker :** The code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985 as passed by the Assembly, has been returned by the Governor with message for reconsideration by the House. The message of the Governor has been published under serial No. 453 of Bulletin Part II dated the 20th June, 1988 and was sent to the members by post.

A copy of the Bill is laid on the Table.

.......(Noise)......

## LAYING OF REPORT

### The Sixth Annual Report of the working of the West Bengal State Leather Industries Development Corporation Ltd. for the year 1981-82.

**Shri Achintya Krishna Ray :** Sir, I beg to lay the Sixth Annual Report on the working of the West Bengal State Leather Industries Development Corporation Ltd. for the year 1981-82.

........(Noise).......

### The Annual Report 1987-88 and Budget Estimate 1988-89 of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation.

**Shri Abdul Quiom Molla :** Sir, with your permission I beg to lay the Annual Report 1987-88 and Budget Estimate 1988-89 of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation.

..........(Noise).......

...(Several Members of the Cong (I) benches rose to speak).....

.......(Noise)......

**Shri Abdus Sattar :** Sir, I have a submission.

**Mr. Speaker :** I will not allow you. Please take your seat.

(At this stage the Congres (I) members walked out of the chamber)

....... (Noise)......

**The Annual Report on the working and affairs of the State Fisheries Development Corporation Limited for the year 1984-85.**

**Shri Kiranmoy Nanda :** Sir, I beg to lay the Annual Report on the working and affairs of the State Fisheries Development Corporation Limited for the year 1984-85.

**The Annual Report of the Vigilance Commission, West Bengal, for the year 1980 together with the State Government's Memorandum thereon.**

**Shri Abdul Quiyom Molla :** Sir, with your permission I beg to lay the Annual Report of the Vigilance Commission, West Bengal, for the year 1980 together with the State Government's Memorandum thereon.

## MENTION CASES

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, ১৯৭৩ সালে দি ওয়েষ্ট বেঙ্গল প্রাইমারি এডুকেশন বিল, এখানে পাশ করা হয়। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে সেই আইনের কিছু সংশোধন আনেন। কিন্তু ১৯৭৭ সালের পর আজ পর্যন্ত 'দি ওয়েষ্ট বেঙ্গল প্রাইমারি এডুকেশন এ্যাকটের' ভিত্তিতে যে পর্ষদ, তা গঠিত হয়নি, ১১ বছর অতিক্রান্ত হতে চলেছে।

**[1.40 - 1.50 p.m.]**

কিন্তু সম্প্রতি শোনা যাচ্ছে যে পূজোর আগে এই পর্ষদ গঠন হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয়ের উপরে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি সেটা হচ্ছে, আপনি জানেন যে প্রাইমারী স্কুল এবং জেলা স্কুল বোর্ডগুলি সম্পর্কে ব্যাপক দুর্নীতির অভিযোগ ছিল এবং সরকারের কাছে এই অভিযোগ এসেছিল। ১৯৭৭ সালে এই সরকার ক্ষমতায় আসার পরে এই অভিযোগের ভিত্তিতে বামফ্রন্ট সরকার ১৯৮৩ সালে ডেপুটি অডিটর জেনারেলকে, বিনয় লাহিড়ীকে চেয়ারম্যান করে ওয়ান ম্যান তদন্ত কমিটি করে দেন। ১৯৮৬ সালের জুন মাসে বিনয় লাহিড়ী ৩০ জুন রিপোর্ট পেশ

করেন। সেই রিপোর্টে ব্যাপক দুর্নীতির কথা আছে। সবচেয়ে মারাত্মক অভিযোগ হচ্ছে প্রাইমারী টিচারদের ৭৪ কোটি টাকার যে প্রভিডেন্ড ফান্ড তার কোন হিসাব পাওয়া যাচ্ছে না। আজকে প্রতিটি জেলার স্কুল বোর্ডে প্রভিডেণ্ড ফান্ডের টাকা কি করছে তার কোন হিসাব পাওয়া যাচ্ছে না। তদন্ত কমিটির রিপোর্টে বলা হয়েছে যে এগুলি নানাভাবে খরচ করা হয়েছে, নানা ভাবে দুর্নীতি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বার বার আবেদন করেছি, ১৯৮৬ সালের ৩০শে জুন সরকারের কাছে বিনয় লাহিড়ী কমিটির তদন্তের রিপোর্ট এল কিন্তু আজ পর্যন্ত সেই তদন্ত কমিটির রিপোর্ট বের হল না। আজকে জেলা স্কুল বোর্ডগুলির বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আমরা কি তাহলে ধরে নেব যে তারা এই দুর্নীতিকে প্রশ্রয় দিতে চান? গত ২ বছর ধরে আমরা সমানে প্রশ্ন করছি। আমরা জানতে চাই যে এই তদন্ত কমিটির রিপোর্ট সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন।

**Mr. Speaker :** Now, Mr. Sushil Kujur

(Mr. Kujur was not present)

**শ্রী সূর্য চক্রবর্ত্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকষর্ণ করতে চাই। বাসুলিয়া রুরাল হাসপাতালের এক্স-রে মেসিনটি খারাপ হয়ে পড়ে আছে। এই বিষয়ে যথাস্থানে চিঠি পত্র দেওয়া হয়েছে। এর পাশাপাশি ৪টি থানা এলাকায় গরীব মানুষদের চিকিৎসার খুবই অসুবিধা হচ্ছে কারণ অন্য কোন হাসাতালে এক্স-রে মেসিন নেই। সুতরাং অবিলম্বে এই মেসিনটি মেরামত করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে গত ৩ তারিখে মুর্শিদাবাদ জেলার বহরমপুর ব্লকের রাজধরপাড়া অঞ্চলের পঞ্চায়েত প্রধান এবং পার্টির অন্যতম কর্মী আমজাদ হোসেন শেখ এবং আবদুজ সালামকে প্রকাশ্য দিবালোকে নৃশংসভাবে সমাজ বিরোধীরা খুন করে। এদের সহকর্মী জাওয়ান শেখ পালিয়ে যায় এবং পরে সে থানায় গিয়ে এই বিষয় সম্পর্কে ষ্টেটমেন্ট করে। উক্ত ঘটনায় যারা খুনী তারা ঐ এলাকায় কংগ্রেসের মদতপুষ্ট সমাজবিরোধী হিসাবে পরিচিত। তাদেরকে খুন করার জন্য দীর্ঘ কয়েক মাস ধরে তারা চেষ্টা করেছেন। ঐ এলাকা এবং পাশ্ববর্তী হরিহরপাড়া থানার প্রায় ২৫/৩০ জনকে ওরা খুন করার চেষ্টা করে এবং তাদের ঘরবাড়ী লুঠ করে। এদের মধ্যে অনেকেই মাস খানেক হাসপাতালে চিকিৎসাধীন থাকার পরে ফিরে আসে। এই হচ্ছে ঐ কংগ্রেসদের চরিত্র। কংগ্রেসের সমাজবিরোধীরা একের পর এক বিভিন্ন জায়গায় এই ঘটনা ঘটাচ্ছে। এই ঘটনা বহরমপুর থানার ও.সি. এবং সি.আই জানতো। তাদের বার বার জানানো হয়েছে। পঞ্চায়েত প্রধান আবদুস সালাম অত্যন্ত জনপ্রিয় লোক ছিলেন। তারা যখন ঐ এলাকায় সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করে তখন মানুষ তাদের বিরুদ্ধে রুখে দাঁড়ায় এবং সেখানে শান্তি প্রতিষ্ঠা করে। তার জন্য তারা তাদের খুন করে। পুলিশ, ওসি এবং সি.আই এই ব্যাপারে যুক্ত আছেন। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে জানাতে চাই যে অবিলম্বে দোষী পুলিশ অফিসার এবং সি.আই-এর শাস্তির ব্যবস্থা করা হোক। দাবী জানাচ্ছি, অবিলম্বে এই দোষী পুলিশ অফিসার, সি.আই এবং পাশাপাশি সমাজবিরোধীদের গ্রেপ্তার এবং শাস্তির ব্যবস্থা করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ঐ সালামের সঙ্গে আর একজন যিনি নিহত হয়েছেন, তার সঙ্গে আর একজন তার সহকর্মী ছিলেন, তাকেও আক্রমণ করা হয়েছিল কিন্তু তাদের পিস্তলে গুলি ছিল না বলে সে পালাতে সক্ষম হয় এবং থানায় গিয়ে ষ্টেটমেন্ট করে, কিন্তু পুলিশকে বলা সত্ত্বেও তাদের গ্রেপ্তার করা হয়নি।

*অবিলম্বে তাদের গ্রেপ্তার করার ব্যবস্থা করা হোক এবং আমি পুনরায় বলছি, ঐ সব দোষী পুলিশ অফিসারদের শাস্তি দেবার জন্য মুখ্যমন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি।*

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া জেলায় আবার নুতন করে আন্ত্রিক এবং এনকেফ্যালাইটিজ রোগের আক্রমণ দেখা দিয়েছে। বিগত আট দিনের মধ্যে শুধু ছাতনা থানায় আন্ত্রিক রোগে তিনজন, এনকেফ্যালাইটিজ রোগে দুজন মারা গেছে। খুব দুঃখের কথা যে একটা গ্রাম থেকে একটি আড়াই বছরের ছেলে এবং একটি সাত বছরের ছেলে একই দিনে বাঁকুড়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্ত্তি হয়েছিল, এককেফ্যালাইটিজ রোগে পরের দিন ঐ দুজন মারা যায়। এর ফলে ঐ থানায় একটা ভয়াবহ পরিবেশের সৃষ্টি হয়েছে। আমার প্রশ্ন কেন বারে বারে এই বাঁকুড়া জেলা এবং বর্ধমান জেলায় ঘুরে ঘুরে এই রোগের প্রাদুর্ভাব ঘটছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার অনুরোধ যেন বিষয়টিকে নিয়ে গবেষণা করা হয়, এবং এলাকার মানুষের ভয় এবং আতঙ্ক দুর হয়, এই ব্যবস্থা করবেন।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয়ের গোচরে আনছি। ২৭ বছর আগে রবীন্দ্র শতবর্ষে কৃষ্ণনগরে রবীন্দ্রভবন নির্মাণ করা হয়। তারপর মঞ্চ, আলোক সম্পাত, শব্দ প্রক্ষেপন এবং অন্যান্য সরঞ্জাম, যেমন স্ক্রীন ইত্যাদি পরিবর্ত্তন করা হয়নি। এমন কী যে জেনারেটারটী আছে, তার থেকে আরও শক্তিশালী জেনারেটার প্রয়োজন, সেই কাজ হচ্ছে না এবং আসনগুলি ভেঙে গেছে। ওখানকার সমাজবিরোধীদের হাত থেকে রবীন্দ্রভবনকে বাঁচানোর জন্য সীমানা প্রাচীরকে কাঁটা তার দিয়ে ঘেরা প্রয়োজন। এই সম্পর্কে রবীন্দ্র ভবন কমিটি ওখানকার পি.ডব্লিউ.ডি.-র বিভিন্ন দপ্তর যেমন সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল উইং, এদের কাছ থেকে এস্টিমেট নিয়েছেন এবং তারা সমস্ত দেখেশুনে পাঁচ লক্ষ ২৩ হাজার টাকার মত একটা এস্টিমেট দিয়েছে, তার একটা কপি আপনাকে দিচ্ছি, সঙ্গে সঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রীর কাছে আবেদন রাখছি, যাতে এই পাঁচ লক্ষ ২৩ হাজার টাকা মঞ্জুর করে দেবেন. যাতে করে ঐ রবীন্দ্রভবনটিকে আধুনিকীকরণ করা যায়। বর্ত্তমানে যে অবস্থায় রয়েছে, তাতে সাংস্কৃতিক কাজকর্ম করার দিক থেকে বিশেষ অসুবিধা দেখা দিয়েছে।

**শ্রী তোয়াব আলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ে মাননীয় পৌর ও পঞ্চায়েত মন্ত্রীদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকার তাঁর সীমিত ক্ষমতার মধ্যে নীতিগত প্রশ্নে পঞ্চায়েত এবং পৌরসভার হাতে ক্ষমতা তুলে দিয়ে গ্রামাঞ্চলের আর্থিক এবং সামাজিক অবস্থার অনেক পরিবর্ত্তন ঘটিয়েছেন।

**[1.50 - 2.00 p.m.]**

বিগত কংগ্রেসী আমলে আমরা দেখেছি গ্রাম-বাংলায় সর্বদা দুর্ভিক্ষ এবং অনাহার লেগে থাকত, কিন্তু বর্তমানে বামফ্রন্টের আমলে ক্ষমতার বিকেন্দ্রীকরণের ফলে গ্রাম বাংলায় এখন আর সেই অবস্থা দেখা যায় না। এই পরিবেশের মধ্যে দিয়ে যখন পশ্চিমবাংলার বেশীরভাগ পঞ্চায়েত এবং পৌরসভা গুলি কাজ করছে তখন আমরা লক্ষ্য করছি কিছু কিছু পঞ্চায়েত এবং পৌরসভা সরকারী নীতি ভঙ্গ করে দুর্নীতির আশ্রয় নিয়ে পঞ্চায়েত এবং সরকারের ভাবমূর্তিকে নষ্ট করার চেষ্টা করছে। আমাদের মুর্শিদাবাদ জেলার বহরমপুর পৌরসভা, এই রকম একটি পৌরসভা এবং সেটি কংগ্রেসীদের দ্বারা পরিচালিত। আমরা লক্ষ্য করছি সেই পৌরসভার চেয়ারম্যান বি.এম. য়্যাকটের ৬৬ ধারাকে লঙ্ঘন

করে স্বজনপোষণ করার জন্য নিজের খুশী মত পৌরসভায় লোক নিয়োগ করছেন এবং উন্নয়ন খাতের টাকা লোক নিয়োগের জন্য খরচ করে উন্নয়ন কাজ ব্যহত করছেন এবং পৌরসভার সর্বনাশ করছেন। আমরা দেখছি উৎকোচ গ্রহণ করে পৌরসভার জমি বেআইনীভাবে খুবই সামান্য টাকায় লীজ্ দিয়ে দিচ্ছেন এবং পৌর বোর্ডের সিদ্ধান্তের বাইরে তিনি এই সমস্ত কাজ করছেন। কাজেই অবিলম্বে এই সমস্ত বিষয়ে তদন্ত করে পৌরসভাটিকে বাতিল করার জন্য এই সভায় আমি পৌরমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**Mr. Speaker :** Now, I call upon Shri Satya Ranjan Bapuli.

(The Honorable Member was not present in the House)

**শ্রী বিশ্বনাথ মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, প্রায় তিন বছর ধরে আমরা লক্ষ্য করছিলাম যে, নবদ্বীপ শহরটি খুবই শান্তিতে ছিল। কিন্তু অতি সম্প্রতি নবদ্বীপে আবার ব্যাপকভাবে হিংসাত্মক কাজকর্ম, সমাজবিরোধী কাজকর্ম শুরু হয়েছে। কুখ্যাত সমাজবিরোধী যে ওখানে কংগ্রেস কর্মী বলে পরিচিত, এই হাউসে কংগ্রেসের দু'জন বিধায়ক এবং সিপিএম-এর একজন বিধায়ক যৌথভাবে যার বিরুদ্ধে বলেছিলেন, সেই কুখ্যাত সমাজবিরোধী সুবল কংস বণিকের নেতৃত্বে গত ২৬শে আগষ্ট নামনাম পাল বা সুরজিৎ পাল নামে একটি ছেলেকে খুন করার জন্য ছুরি মারা হয়। সৌভাগ্যক্রমে ছেলেটি বেঁচে গেছে। ছুরিটি তাঁর গলায় ঠিকমত না লাগার জন্যই সে বেঁচে যায়। কিন্তু এই ঘটনাই শেষ নয়, এই জাতীয় ঘটনা এখন নবদ্বীপে প্রায়ই ঘটছে। সব চেয়ে লজ্জার কথা হচ্ছে যারা এই সব কাজ করছে তারা নিজেদের কংগ্রেসী বলে পরিচয় দিচ্ছে। আজকে সোমেন মিত্র মহাশয় এখানে উপস্থিত নেই, তিনি থাকলে ভাল হত, আমি তাঁর কাছে কয়েকটি প্রশ্ন রাখতাম। তিনি কি জানেন লালু, গ্যাঁজারে, সবুল, কেলে, নবা, হাতি শংকর, ভাঙ্গী, তোতলা গোবিন্দ, হনুমান রবি, বুঁচি ভোমে প্রভৃতি সমাজবিরোধী নিজেদের কংগ্রেস কর্মী বলে পরিচয় দিচ্ছে? এমন কি তারা সংবাদপত্রে পর্যন্ত বিবৃতি দিচ্ছে। স্যার, এই অবস্থায় আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন নবদ্বীপ একটি তীর্থক্ষেত্র, সেখানে লক্ষ লক্ষ মানুষ যান, সুতরাং অবিলম্বে সেখানকার ঐ সমস্ত সমাজবিরোধীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। আমি স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে সেই ব্যবস্থা গ্রহণের দাবী জানাচ্ছি।

**শ্রী শীশ মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গে বিগত প্রায় ১২ বছর ধরে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত এবং এই বামফ্রন্ট সরকার গোটা পশ্চিমবঙ্গের গ্রামবাংলার মানুষের নয়নের মণি। সুতরাং বামফ্রন্ট সরকার যখন পশ্চিমবঙ্গের আপামর জানসাধারণের পাশে থেকে জনসাধারণকে সর্বতোভাবে শান্তিতে বাস করার জন্য সহযোগিতা করে আসছেন তখন কিছু কিছু জায়গায় কংগ্রেসীরা বামফ্রন্টের ভাবমূর্তিকে নষ্ট করার জন্য নানা পথে ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। এই প্রসঙ্গে আমি মুর্শিদাবাদ জেলার সূতী ব্লক-২ এর একটি ঘটনা এখানে উল্লেখ করছি। সেখানকার পঞ্চায়েত সমিতিটি কংগ্রেস অধিকার করেছে। কিছু দিন আগে সেখানে সরকারের কাছ থেকে মিনি-কিট গিয়ে পৌঁচেছে গৃহস্থদের, প্রান্তিক চাষীদের, ক্ষুদ্র চাষীদের সাহায্য করার জন্য। কিন্তু ঐ ব্লকের কংগ্রেসী পঞ্চায়েত সমিতির পক্ষ থেকে বামফ্রন্ট সমর্থক সাধারণ চাষীদের মিনি-কিট দেওয়া হচ্ছে না। তাদের বঞ্চিত করা হচ্ছে। সমস্ত মিনি-কিট কংগ্রেসীরা নিজেদের মধ্যে ভাগ করে নিচ্ছে। এমন কি নিজেদের সমর্থক সাধারণ মানুষদের পর্যন্ত না দিয়ে নিজেরাই আত্মসাৎ করছে। পাঁচ বছর পড়ে আছে, এখনই এই ঘটনা ঘটছে! তাহলে আগামী পাঁচ বছর ঐ ব্লকের জনসাধারণ ঐ পঞ্চায়েত সমিতির

কাছ থেকে কি উপকার পাবে? তাই আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ওখানে এখনই দুর্নীতি শুরু হয়ে গেছে। এরপর বন্যার জন্য জি.আর আসবে। এর সমস্ত জিনিষ নিজেরা আত্মসাৎ করবে। কাশিমবাজার অঞ্চলে যেখানে বন্যা হয়নি সেখানে ত্রিপল গেছে আর লক্ষ্মীপুর অঞ্চলে যেখানে বন্যা হয়েছে যেহেতু সেটা বামপন্থী অঞ্চল সেহেতু সেখানে কম ত্রিপল সরবরাহ করা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে, কংগ্রেসী প্রধান অঞ্চলে যেখানে বন্যা হয়নি (কাশিমবাজার অঞ্চল) সেখানে কেন বেশী দেওয়া হল? আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই এইভাবে ঐ কংগ্রেসী প্রধান পঞ্চায়েত সমিতি ৫ বছর ধরে চলে তাহলে আমাদের পশ্চিমবঙ্গের নয়ণের মনি বামফ্রন্ট সরকারের ভাবমূর্ত্তি নষ্ট করবে। তাই আমি বলছি, এই পঞ্চায়েত সমিতি সুতি ব্লক (২) থাকা উচিৎ কিনা, রাখা উচিত কিনা সেটা আপনি ভেবে দেখবেন। এই পঞ্চায়েত সমিতি দুর্নীতিগ্রস্থ, অত্যাচারী এবং জনস্বার্থের সম্পূর্ণ বিরোধী কাজ করে চলেছে। অথচ এদের হাতে মিনিকিট দেওয়া হল, বামফ্রন্ট পঞ্চায়েত সমিতির সদস্যদের হাতে মিনিকিট দেওয়া হল না। তাই আমি বলছি, এই পঞ্চায়েত সমিতি থাকা উচিত কিনা সেটা আপনি ভেবে দেখবেন।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর নিকট একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করছি। আপনি জানেন কেন্দ্রীয় সরকারের কর্মচারী রাজ্য বীমা প্রকল্প অর্থাৎ ই. এস. আই এই রাজ্যে চরম অরাজকতার মধ্য দিয়ে চলছে। শ্রমিকদের চাঁদা কাটা বেড়েছে। হাসপাতালগুলিতে চিকিৎসার সুযোগ তেমনিভাবে কমে গেছে। প্রয়োজনীয় ওষুধপত্র, অক্ষম অসুস্থতাজনিত ছুটির জন্য ক্যাশবেনিফিট পাওয়ার ক্ষেত্রে দুর্নীতি, আমলাতান্ত্রিক হয়রানি চরম সীমায় পৌঁছেছে। হাসপাতালগুলিতে যন্ত্রপাতি অকেজো,' শ্রমিকেরা ভর্ত্তির সুযোগ না পাওয়াতে ফিরে যায়। অথচ বাইরের রুগী বেড়ে ভর্ত্তি হয়। এ ব্যাপারে আমি হাসপাতালের নাম পর্যন্ত উল্লেখ করতে পারি, সেটি হচ্ছে হাওড়ার বালটিকুরী হাসপাতাল। রাজ্য সরকারের তালিকায় সব ওষুধ থাকে না। সুতরাং বাইরে থেকে যেসব ওষুধ কেনে তার রি-ইমবার্সমেন্ট পাওয়া যায় না। যদি বা থাকে তাও ওষুধ পাওয়া যায় না। অফিসগুলিতে আমলাতান্ত্রিক দুর্নীতি চরম সীমায় এসেছে। ফলে শ্রমিকেরা তাদের নায্য পাওনা থেকে বঞ্চিত হচ্ছে। এর ফলে তাদের মধ্যে প্রচণ্ড ক্ষোভের সৃষ্টি হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর নিকট বিনীতভাবে জানাতে চাই, আপনি এ ব্যাপারে অবিলম্বে হস্তক্ষেপ করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করুন যাতে করে শ্রমিকদের স্বার্থ রক্ষিত হয় এবং ই.এস.আই. প্রকল্প যতটুকু আছে ততটুকু যাতে শ্রমিকরা ন্যায্যভাবে ভোগ করতে পারে তার প্রতি আপনি বিশেষ নজর দেবেন এই আবেদন আমি রাখছি।

**Mr. Speaker :** Now, Shri Ashoke Ghosh.

(At this stage, Shri Ashoke Ghosh was not found in the House)

**শ্রী শশাঙ্কশেখর মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। বিষয়টি হল, গত ২-৮-৮৮ তারিখে কোন একটি বিশেষ সংবাদপত্রে বেরিয়েছিল বীরভূমের চারিদিকে ঢালাও ভেজাল কারবার চলেছে। সরষের তেলের ভেজাল কারবার চলেছে। একদিকে কংগ্রেসীদের এই ভেজালে আমরা অতীষ্ঠ হয়ে পড়েছি, তার উপর সংবাদপত্রে দেখলাম, বীরভূমের চারিদিকে ফলাও করে ভেজাল সরষের তেলের কারবার চলেছে।

**[2.00 - 2.10 p.m.]**

আমি, আমার এলাকা রামপুরহাটে ১০ থেকে ১২ জন তেল কলের মালিককে ডাকিয়ে এনে

জিজ্ঞাসা করেছিলাম যে, এখানে নাকি তেলের ভীষণ ভেজাল চলছে? তাঁরা বলেন যে, 'আমাদের প্রত্যেকের কাছ থেকে তেলের স্যাম্পেল নেওয়া হয়েছে, ১০/১২ দিন আগে। কিন্তু পরীক্ষা হওয়া সত্ত্বেও এবং ডি.আই.বি ও আই.বি'র কোন রিপোর্ট না দেওয়া সত্ত্বেও বীরভূমে তেলে ভেজাল চলছে বলে বলা হচ্ছে। এটা সম্পূর্ণ কল্পিত ব্যাপার বলে আমি মনে করি। আমি এই অভিযোগের প্রতিকার চাইছি।

**শ্রীমতী কমল সেনগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিধানসভার সদস্যা হিসাবে আপনার মাধ্যমে বিধানসভার সদস্যদের কাছে এখানে একটি বিষয়ের উল্লেখ করতে চাই। গত ১৭ই জুন আমি, বিধানসভার সদস্য, এবং আমাদের এই বিধানসভার সদস্যদের দ্বারা নির্বাচিত রাজ্যসভার সদস্য, কণক মুখোপাধ্যায়, লোকসভার সদস্য বিভা ঘোষ গোস্বামী, গণতান্ত্রিক মহিলা সমিতির সম্পাদিকা শ্যামলী গুপ্ত, লক্ষ্মী সায়গল এবং বিমলানন দিভে, আমরা সকলে ত্রিপুরা গিয়েছিলাম। ত্রিপুরায় গত ২৫শে জুন উপজাতি নারীদের উপর আসাম রাইফেলস বাহিনী যে গ্যাং রেপ করেছিল সেটা শুনে আমরা সেখানে গিয়েছিলাম। আমি এই বিধানসভায় কি ভাবে কোন কায়দায় ত্রিপুরায় বিগত বিধানসভার নির্বাচন হয়েছে সেটা বলতে চাইছি না, আমি বলতে চাইছি যে, ত্রিপুরায় ঐ গ্যাং রেপের ব্যাপারটা ত্রিপুরার আভ্যন্তরীন ব্যাপার বলে কোন সুস্থ মানুষ মনে করবেন না। আমি সেজন্য বিশদভাবে বলতে চাইছি যে, আমরা এখান থেকে তথ্যানুসন্ধানের জন্য ওখানকার মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করতে গিয়ে যে অশোভন আচরণ পেয়েছি, ত্রিপুরার মাননীয় মুখ্যমন্ত্রী যে আচরণ করেছেন সেটা কোন মানবিক জ্ঞান সম্পন্ন মানুষ কারো সঙ্গে করতে পারেনা। সুতরাং আমি ত্রিপুরার মাননীয় মুখ্যমন্ত্রীর আচরণের প্রতিবাদ করছি এবং আমি মনে করি না যে ওটা ওঁদের রাজ্যের আভ্যন্তরীন ব্যাপার, ওটা সমগ্র নারী জাতির প্রতি অসম্মান এবং লজ্জার বিষয় গোটা ভারতবর্ষের পক্ষে। তাই আমি এখানে এই দুটি বিষয়ের উল্লেখ করতে চাই।

**শ্রী সুনীল সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২০শে আগষ্ট আমি যে এলাকা থেকে নির্বাচিত সেই এলাকায় বৈদ্যবাটী পৌরসভা বলে একটি এলাকা আছে এবং সেখানকার ১৭নং ওয়ার্ডে বিগত ১৭ মাসে ১৯টি ডাকাতি হয়। গত ৯ই জুন ডাকাতির মাধ্যমে ওখানে যে আর.জি.পার্টি আছে সেই আর.জি পার্টির সদস্য ডাকাতের হাতে খুন হয়। ২০শে আগষ্ট সেই অঞ্চলে আবার ডাকাতি হয় এবং সেই ডাকতি রুখতে গিয়ে আর.জি.পার্টির সদস্য শ্রী সুবল সরকার — আমি লক্ষ্য করে দেখেছি যখন এই ঘটনাগুলি ঘটে তখন ঐ এলাকার কংগ্রেসীরা এই ঘটনাকে কেন্দ্র করে বিশৃঙ্খলা সৃষ্টি করার চেষ্টা করেন। বিগত ২০শে আগষ্ট ডাকাতের হাতে যখন ঐ যুবক খুন হল তখন পুলিশ প্রশাসনের একটা অংশ যারা সকাল বেলায় এসে রাস্তার উপর দাঁড়ায় তারা চেষ্টা করে যাতে ঐ ঘটনাকে কেন্দ্র করে এমন এক অবস্থার সৃষ্টি হয় যাতে সেখানে পুলিশ গুলী চালাতে বাধ্য হয়। তার প্রমান হল, তার আগের দিন পুলিশ এ্যাসোসিয়েশনের অন্যতম নেতা ঐ ঘটনাকে কেন্দ্র করে আমাদের পার্টি সম্বন্ধে মুখ্যমন্ত্রীর সম্বন্ধে অশালীন কথা বলেন এবং দেখা গেছে যে, লাঠি চার্জের মধ্যে দিয়ে এ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট (জেনারেল) কে ওরা বলেছেন যে, সেখানে গুলি চলুক। কিন্তু সেটা বাধা দেবার পর সেখানে লাঠি চলেছে এবং তার ফলে আমি নিজে সেখানে আহত হয়েছি। সেখানে দেখা গেছে যে, সামনে যারা ছিলেন, যারা এ্যাসোসিয়েশনের লোক বলে পরিচিত, তারা আমাদের পার্টির বিরুদ্ধে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে অশালীন এবং নোংরা কথা বলছিলেন।

(সময় শেষ হওয়ায় মাইক সংযোগ বিচ্ছিন্ন হযে যায়)

**Mr. Speaker :** Now, I call upon Shri Md. Faruque Azam.

(The Member was not present in the House)

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** মিঃ স্পীকার স্যার, ওঁকে এক মিনিট বলতে দিন, কারণ ব্যাপারটা গুরুত্বপূর্ণ।

**মিঃ স্পীকার :** এটা ডিবেট হচ্ছে না। এটা পরে মন্ত্রীর কাছে যাবে, তখন জেনে নেবেন।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** কিন্তু স্যার, a section of the police has assaulted a member of the House. It is a serious thing. এই ব্যাপারে আপনার প্রটেকশন চাই।

**মিঃ স্পীকার :** আপনারা তো বিরোধীপক্ষে নেই, রয়েছেন রুলিং পার্টিতে। কাজেই বিষয়টা মুখ্যমন্ত্রীকে জানান। হোম মিনিষ্টারকে জানাতে তো নিষেধ করা হয়নি। মহম্মদ ফারুক আজম, আপনি বলুন।

**শ্রী মহম্মদ ফারুক আজম :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এন.এইচ-৩১ এবং ৩৪ ইসলামপুর সাব-ডিবিশনের মধ্যে দিয়ে পাস করেছে যার অবস্থা খুবই খারাপ। পাঁচ মাস ধরে মেরামতির কাজ সেন্ট্রাল পি.ডব্লু.ডি বা আমাদের পি.ডব্লু.ডি-র পক্ষ থেকে নেওয়া হয়নি। সেখানকার বোতলবাড়ীতে ৪০ গজ রাস্তা গত বছরের বন্যার সময় সম্পূর্ণভাবে ওয়াসড্ আউট হয়ে গিয়েছিল। সেই রাস্তাটি কোন রকমে মেরামত করা হয়েছিল। কিন্তু এবারের বন্যায় সেই রাস্তাটি আরো বেশী করে ওয়াসড্ আউট হয়ে গেছে। ফলে ইসলামপুরের সঙ্গে রায়গঞ্জের ইসলামপুরের সঙ্গে জেলাসদর বালুরঘাটের কোন যোগাযোগ নেই। এমনকি, তারফলে আজকে ইসলামপুরের সঙ্গে কলকাতা বা রাজ্যের অন্যান্য জায়গার সঙ্গে পর্য্যন্ত কোন যোগাযোগ নেই। কিন্তু গতবারের বন্যার পর ঐ রাস্তাটি যদি সঠিকভাবে মেরামত করা হত তাহলে আজকে এই অবস্থা হত না। যোগাযোগ বিচ্ছিন্ন থাকার ফলে আজকে ইসলামপুরে জিনিসপত্রের দাম বেড়েছে। আজকে রায়গঞ্জ, বালুরঘাট বা অন্যান্য জায়গা থেকে সেখানে জিনিসপত্র পৌঁছবার কোন উপায় নেই কারণ রাস্তাটি বন্ধ আছে। তাই আগামী দিনে যাতে রাস্তাটি সম্পূর্ণভাবে করা হয় তারজন্য এবং সেন্ট্রাল পি.ডব্লু.ডির যতটুকু কাজ তা দেখবার জন্য মাননীয় পি.ডব্লু.ডি মন্ত্রীকে আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি।

(At this stage, Mr. Speaker called upon Shri Mannan Hossain, Dr. Tarun Adhikari, Dr. Sudipto Roy, Shri Prabuddha Laha, Shri Saugata Roy, Shri Sudip Bandyopadhyay, Shri Gobinda Chandra Naskar, Shri Amar Banerjee & Shri Sadhan Pande in that order ; the Hon'ble Members were, however not present in the House.)

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় আইন ও রিলিফ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে মালদা জেলার বন্যা পরিস্থিতির উন্নতি ঘটলেও বাংলাদেশের বাঁধ ভেঙে নতুনভাবে জল ঢুকবার ফলে মালদা শহরের এক অংশ এবং মানিকচক নতুনভাবে প্লাবিত হয়েছে। বর্তমান বন্যা প্রাকৃতিক নয়, বরং সম্পূর্ণভাবে একটা মানবিক বিপর্যয় বলে সবাই মনে করছেন। কারণ কেন্দ্রীয় ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষের অবহেলার ফলেই আজকে কালিয়াচকের বাঁধ ভেঙ্গেছে এবং তারফলে ৪.৫ লক্ষ লোককে ক্ষতিগ্রস্থ হতে হয়েছে।

**[2.10 - 2.20 p.m.]**

হরিশচন্দ্রপুর এলাকায় বাঁধ ভেঙ্গে প্রচন্ড বন্যার সৃষ্টি হয়েছে। কেন যে এখানে বন্যা হয়েছে এবং কি কারণে হয়েছে সেটা কেউ বলতে পারছে না। গত বছর বন্যার সময় অর্থমন্ত্রী, মুখ্যমন্ত্রী এবং সেচমন্ত্রী একসঙ্গে একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে নির্দেশ দিয়েছিলেন এখানে একটা খাল কেটে জল বের করে দেবার জন্য। কিন্তু এখনও এটা করা হয়নি। সকলের ধারণা এর জন্য এখানে বন্যা হয়েছে। বিহারের যে অংশে কাটা হয়েছে সেইখান দিয়ে জল ঢুকেছে সেটা এখনও নির্ধারিত হয়নি। আমার দাবি এবং জনসাধারণের দাবী এবারের বন্যার ব্যাপারে কেন বন্যা হল মালদার জন্য একটা তদন্ত কমিটি বসানো হোক এবং এই ব্যাপারে দোষী কে এবং কার দোষে এই ঘটনা ঘটছে সেটা জানানো হোক। মাননীয় ত্রাণমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, নূতন নূতন অনেক জায়গা প্লাবিত হয়েছে, সেখানে প্রচুর ত্রিপলের দরকার। এখানে ত্রিপল পাঠানো হয়েছে ঠিকই তাহলে কিন্তু আরো দরকার এখন বৃষ্টি হচ্ছে না, বৃষ্টি হলে অবস্থা অত্যন্ত খারাপ হবে। এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নরেন্দ্র নাথ দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী এবং বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল ডানলপ শ্রমিক ধর্মঘট। গত পয়লা আগষ্ট থেকে ডানলপ কারখানার শ্রমিকরা তাদের বিভিন্ন দাবি-দাওয়ার ভিত্তিতে ধর্মঘট সুরু করেছে। এই বিষয়ে আমাদের বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে মাননীয় শ্রমমন্ত্রী একটা আলোচনা করে এই জিনিসের নিষ্পত্তি ঘটানোর চেষ্টা করেছিলেন। কিন্তু সেটা ফলপ্রসূ হয়নি। এই কারখানার ৬ হাজার শ্রমিক ধর্মঘটে গিয়েছে এবং তার পাশে বাঁশবেড়িয়া জুট মিল দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে রয়েছে। ফলে এখানে একটা বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। এই বিষয়ে মাননীয় শ্রমমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তাঁরা একটু সচেষ্ট হয়ে উদ্যোগ গ্রহণ করেন। আমি ২৫শে জুলাই এই কারখানার ইনটারভেনসান সিক করে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে তারবার্ত্তা পাঠিয়েছিলাম। এখানে আপনার মাধ্যমে তাঁদের কাছে আবার অনুরোধ জানাই এই ধর্মঘট নিষ্পত্তি যাতে করা যায় তার জন্য তাঁরা যেন যথাযথ ভাবে ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী সুভাষ বোস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। তাঁদের ভুল প্ল্যানিং-এর জন্য আজকে চাগদা ব্লকের স্যানালচর মুকুন্দপুর এবং সরাটি এইসব অঞ্চলে ব্যাপকভাবে ভাঙ্গন দেখা দিয়েছে। ঘর-বাড়ি, বড় বড় দালান, স্কুল বাড়ি গঙ্গা বক্ষে চলে গিয়েছে। তাঁরা ডেজার দিয়ে বালি কাটার ফলে তার পাশ দিয়ে ভাঙ্গন সুরু করে দিয়েছে। এবার তাঁরা কল্যানী শহর ধরবে। যদি না এখানে নতুন ভাবে প্ল্যান করে এই গঙ্গা ভাঙ্গন রোধ করা যায় তাহলে কল্যানী শহর কিছু দিনের মধ্যে গঙ্গার গহ্বরে চলে যাবে। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি তিনি যেন জরুরী ভিত্তিতে এই ব্যাপারটা কেন্দ্রীয় সরকারের কর্ণকুহরে আনেন।

## ZERO HOUR

**Shri Satya Ranjan Bapuli :** Not present in the Chamber.

**ডাঃ দীপক চন্দ :** স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে - একটা চক্রান্ত কংগ্রেস যেটা করে আসছে বহু দিন ধরে সেটার উপর - মাননীয় এই সভার সদস্যদের এবং প্রেসের

দৃষ্টি আকর্ষণ করতে চাই। হসপিটালগুলির মধ্যে আগে প্রচন্ড বিশৃঙ্খলা ছিল। আমি বলবো না যে বিশৃঙ্খলা কমে গেছে, তবে নিশ্চয়ই এই কথা বলা যায় যে কিছুটা কমেছে। আগে যেমন গরু-ছাগলের মতো অবস্থা রোগীদের ছিল, এখন সেটা অনেক কমেছে। হাসপাতাল এখন অনেক পরিস্কার-পরিচ্ছন্ন, ডাক্তারেরা নিয়মিত আসা-যাওয়া করেন, চিকিৎসার পরিবেশ সৃষ্টি হয়েছে, ছাত্রদের পড়াশোনার পরিবেশ সৃষ্টি হয়েছে।

হঠাৎ দেখা গেল গত সপ্তাহের বুধবার দিন ছাত্র-পরিষদের ছাত্ররা - কংগ্রেসের নেতৃত্বে পরিচালিত ছাত্র সংগঠন— দাবী করছিলেন যে কলেজ হোস্টেলে কারা থাকবে তা তাঁরা ঠিক করবেন, কলেজ কর্তৃপক্ষ ঠিক করবেন না। এই বিষয় নিয়ে ঐ সব ছাত্ররা ঐদিন প্রিন্সিপ্যাল এবং সুপারিনটেনডেন্টকে ঘেরাও করার চেষ্টা করছিলেন এবং সেই সময়ে উক্ত কলেজের চেতনা-সম্পন্ন ছাত্ররা তাঁদের বাধা দেবার চেষ্টা করতে গিয়ে আহত হন। তাঁদের মধ্যে দুজনকে আহত হবার ফলে হাসপাতালে ভর্তি হতে হয়েছে। এই ঘটনার দু'দিন পর এন.আর.এস হাসপাতালে ছাত্র-পরিষদের ছাত্ররা প্রিন্সিপ্যালকে বেলা ১টা থেকে রাত্রি ৩॥ পর্যন্ত ঘেরাও করে রেখেছিলেন এই যুক্তিতে যে, তাঁদের নাকি নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। এইভাবে ঘেরাও করে রাখার উদ্দেশ্য ছিল এই যে, যাতে প্রিন্সিপ্যাল তাঁর ঘেরাও এর খবর পুলিশের কাছে জানাতে বাধ্য হন, পুলিশ এলে তাঁদের সরিয়ে দেবে, ধাক্কা ধাক্কি হবে এবং এরফলে একটা বিশৃঙ্খলা অবস্থার সৃষ্টি হবে। এই ভাবে ওঁরা সব জায়গাতেই বিশৃঙ্খল অবস্থার সৃষ্টির চেষ্টা করে চলেছেন। এই ঘটনার বিরুদ্ধে চেতনা-সম্পন্ন ডাক্তার এবং ছাত্ররা প্রতিবাদ জানিয়েছেন এবং গত রবিবার স্বাস্থ্যমন্ত্রীর কাছে ডেপুটেশানও দিয়েছেন। ছাত্র ডাক্তাররা, জুনিয়ার ডাক্তার, প্রফেসর সবাই মিলে মুখ্যমন্ত্রীর কাছে ডেপুটেশন দেবেন যাতে এই ধরণের বিশৃঙ্খলা বন্ধ হয় এবং শান্তি ফিরে আসতে পারে সেজন্য দাবী রাখবেন।

**শ্রী শান্তশ্রী চ্যাটার্জী :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন যে, কেন্দ্রীয় সরকার ভারতবর্ষের রুগ্ন ও বন্ধ শিল্পগুলির পুনরুজ্জীবনের উদ্দেশ্যে নতুন একটি প্রতিষ্ঠানের জন্ম দিয়েছেন, যার নাম হচ্ছে বোর্ড অব ইন্ডাষ্টিয়াল এ্যান্ড ফিনান্সিয়াল কর্পোরেশন বা সংক্ষেপে বি.আই.এফ.আর। এই প্রতিষ্ঠানের কাছে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের প্রাইভেট সেক্টর এবং সেন্ট্রাল ষ্টেট সেকটরে যে সমস্ত সিক্ ইন্ডাষ্ট্রি আছে তাদের কেস পড়ে আছে। আমি নিজে জানি যে, পশ্চিমবঙ্গ রাজ্যের পাঁচশ থেকে ছ'শ বন্ধ ও রুগ্ন কারখানার কেস ওখানে পড়ে আছে। কিন্তু এই প্রতিষ্ঠানটি যে উদ্দেশ্যে গঠিত হয়েছে এবং যে ভূমিকা পালন করে চলেছে, এই দুই ক্ষেত্রে কোন সঙ্গতি খুঁজে পাওয়া যাচ্ছে না। কেন্দ্রীয় সরকারের দ্বারা পরিচালিত একটি কারখানা— শ্রী দুর্গা কটন এ্যান্ড স্পিনিং মিল - সম্বন্ধে আমি এই হাউসে কয়েকবার মোশন করেছি, এটির ব্যাপারে গত ১০ই আগষ্ট বি.আই.এফ.আর-এর কাছে একটি হেয়ারিং ছিল। এইজন্য আমাদের পশ্চিমবঙ্গ সরকারের দায়িত্বশীল অফিসাররা প্রতিনিধিত্ব করছিলেন। সেই সমস্ত প্রতিনিধিকারী অফিসারদের সঙ্গে বি.আই.এফ.আর-এর কর্মকর্তারা দুর্ব্যবহার করেছেন, তাঁদের অপমান করেছেন। এটি কেন্দ্রীয় সরকারেরই গণতান্ত্রিক নীতির ফলে ডিনোটিফায়েড হয়েছে। এই অবস্থায় আমাদের ঐ সমস্ত অফিসারদের উক্ত প্রতিষ্ঠানের কর্মকর্তারা হঠাৎ বলেন— 'দিস ইজ এ কোর্ট রুম' — তোমাকে আমি ঘর থেকে বার করে দেব। ঐ সমস্ত অফিসাররা ছিলেন পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ অফিসার। তাঁরা ঐ ভাবে অপমানিত হওয়ায় বলেছেন যে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে কাজ করতে গিয়ে অসম্মানের বোঝা মাথায় নিয়ে বি.আই.এফ.আর-এর কাছে যাবেন না। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সাধারণ শ্রমিকদের একটা বঞ্চনার মধ্যে ফেলার জন্য একদিকে বি.আই.এফ.আর-এর সৃষ্টি হয়েছে, ঠিক তেমনি তাঁরা সাধারণ শ্রমিকদের মধ্যে একটা ইলিউশান সৃষ্টি করার চেষ্টা করছেন, নট টু সার্ভ এনি ইউজফুল পারপাজেস। আমি ঘটনাটি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি

ইতিমধ্যেই এনেছি, এখানে আপনার মাধ্যমে হাউসের দৃষ্টিতে আনলাম।

**শ্রী মানবেন্দ্র মুখার্জী :** মাননীয় স্পীকার মহোদয়, একটি গুরুত্বপূর্ণ বিষয় সভার দৃষ্টিতে আনতে চাইছি, বিশেষ করে এখানে যাঁরা উপস্থিত আছেন তাঁদের দৃষ্টিতে আমি বিষয়টি আনছি। এখানে যাঁরা উপস্থিত আছেন তাঁরা পশ্চিমবাংলার জনগণের দ্বারা নির্বাচিত প্রতিনিধি। তাঁরা জনগণের দ্বারা নির্বাচিত এইজন্য যে গোটা ভারতবর্ষের জনগণের দাবী-দাওয়া ও সমস্যার বিষয় তুলে ধরবেন। এটা দুর্ভাগ্যজনক যে, আমাদের দেশের বর্তমান প্রধানমন্ত্রী মহারাষ্ট্র বিধানসভার পঞ্চাশ বর্ষ পূর্ত্তি উপলক্ষে বক্তৃতা দিতে গিয়ে বলেছেন যে ইনডিসিপ্লিনড্ এ্যান্ড আনরুলি দেশের গণতন্ত্রের পথে বিপদ ঘটাচ্ছে। আজকে আমাদের প্রধানমন্ত্রী যদি এই সভায় উপস্থিত থাকতেন তাহলে তিনি নিশ্চয়ই নিজের দলের এম.এল.এ-দের দেখে এই কথাই বলতেন। সাধারণভাবে বিরোধী এম.এল.এ-দের কটাক্ষ করার জন্য যদি এই ধরণের উক্তি আমাদের দেশের প্রধানমন্ত্রী করে থাকেন তাহলে তা গণতন্ত্রের পক্ষে কখনই শুভ হতে পারে না।

**[2.20 - 3.00 p.m.]**

**(Including Adjournment)**

কাজেই আপনার মাধ্যমে আমি এই প্রতিবাদ জানাতে চাই। আমি আশা করব আমাদের বিধানসভার সদস্যরা এবং বিভিন্ন বিধানসভার সদস্যরা বা নির্বাচিত প্রতিনিধিরা প্রতিবাদ জানাবেন, কারণ দেশের মানুষের পক্ষে এটা একটা অপমানজনক উক্তি।

(At this stage Mr. Speaker called upon Shri Mannan Hossain, Shri Prabuddha Laha and Shri Sadhan Pande, who were not present in the House)

**শ্রী লক্ষ্মীকান্ত দে :** মাননীয় স্পীকার মহোদয়, কংগ্রেসী সদস্যরা থাকলে আমার সুবিধা হত। কারণ আমরা দেখেছি যে ওরা বিভিন্নভাবে আজকে এখানে চেঁচামেচি করলেন, ওদের উপস্থিতিতে বিষয়টা বলা উচিৎ ছিল, কিন্তু নেই। তাসত্ত্বেও ছোট করে কালকের কিছু ঘটনা বলি। গত শুক্রবার আমার কাছে এক সাংবাদিক গিয়েছিলেন - খুব সম্ভবতঃ আজকালের - তাঁকে আমি বলেছিলাম এমনিতেই বাঙালী ও মুসলমানদের ভোটের বেশীরভাগটাই আমরা পাই। কিন্তু ৫০ ভাগের বেশী অবাঙালী ভোট - আমার মনে হচ্ছে এই আবাঙালীদের মধ্যে বিহার, ইউ.পি., এবং গুজরাটের হাওয়া বইছে — আমাদের পক্ষে চলে আসবে। এই সম্ভাবনা দেখা যাচ্ছে। ৫১ পারসেন্টের উপর ভোটের সবটাই হচ্ছে কংগ্রেসের, তাদের একটি, দুটি ভোটও আমরা পাই না। গত শুক্রবারে বলেছিলাম এখন সেইগুলি পাওয়ার সম্ভাবনা দেখা দিচ্ছে। বিশেষতঃ কাগজের উপর আক্রমণের এই যে মানহানি বিলের এফেক্ট - ৫৯তম সংশোধনীর - এবং ট্রেড ইউনিয়ন এ্যাকটের এফেক্ট বলে মনে হচ্ছে তার জন্যই আমরা পেয়েছি। গত বারের নির্বাচনে দেখেছিলাম যেগুলিতে কংগ্রেস অনেক ভোট পেয়েছে, সেখানে অনেক কম ভোট এবারে তারা পেয়েছে। যেখানে কংগ্রেস বুঝতে পারছে বা মনে করছে তারা নির্বাচনে পরাজিত হচ্ছেন, সেখানে তারা একটা ঘটনা ঘটিয়ে দিয়ে বিভিন্ন ধরণের কথাবার্তা বলতে শুরু করছেন। দ্বিতীয় নির্বাচনেও আমরা দেখলাম যেখানে ঘটনা ঘটেনি সেখানেও তারা নাম উইথড্র করে নিলেন। গত কালকের নির্বাচনে আমরা দেখলাম তারা একটা বোমা মেরে দিলেন, আর হৈ চৈ করে নাম উইথড্র করে নিয়ে চলে গেলেন। কোথাও দেখেছি ১২টা থেকে শুরু করে আড়াইটে তিনটে পর্যন্ত তাদের সমস্ত অফিস খোলা ছিল, ক্যাম্প চলেনি। আপনারা দেখে থাকবেন বিভিন্ন সংবাদপত্রে বিভিন্ন রকম বেরিয়েছে, কংগ্রেসীদের কিছুই হয়নি। আপনারা দেখেছেন কালকের কাগজে

রাষ্ট্রপতির বিরোধিতা করাটা যেভাবে বেরিয়েছে, এটা আপনাদের ভাবা উচিৎ। জনগণ থেকে বিভক্ত হয়েগেলে, সেখানে দাঁড়িয়ে কেবলমাত্র বিভিন্ন রকম আজেবাজে কথা বললে জনগণের ভোট পাওয়া যায় না। তাই মাননীয় স্পীকার মহাশয়, এটা আপনার মাধ্যমে উত্থাপন করছি।

(At this stage the House was adjourned till 3 p.m.)

**[3.00 - 3.10 p.m.]**

**(After Adjournment)**

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল :** মিঃ স্পীকার স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় বলতে চাই আপনার অনুমতি নিয়ে।

**মিঃ স্পীকার :** বলুন।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল :** স্যার, গত শুক্রবার সকাল আনুমানিক ৭টা নাগাদ আমাদের রাজারহাট-এ দমদম এয়ারপোর্টের সংলগ্ন একটা জায়গায় গাঁথি গ্রামে কংগ্রেসের কিছু লোক একটা জায়গা জবর দখল করে ক্লাব করতে যাচ্ছিল। সেই সময় আমাদের পার্টির কর্মী মহম্মদ এবং তারা দাদা সেটাকে বাধা দিতে যায়, তারা বলে প্রাইভেট ল্যান্ড কেন এইভাবে এনক্রোচ করছ। তখন ওরা সঙ্গে সঙ্গে সশস্ত্র অবস্থায় মহম্মদের মাথাতে সাবলের বাড়ি মারে। তাদের বাধা দিতে গেলে একজন মহিলা এবং মহম্মদের দাদা আহত হয়েছে। সেই মহম্মদকে নিয়ে ভি আই পি রোডে এয়ারওয়ে নার্সিং হোমে ভর্ত্তি করা হয়েছে। গতকাল প্রখ্যাত নিউরোলজিষ্ট মনোজ ভট্টাচার্য্য বলেছেন মহম্মদের অবস্থা অত্যন্ত ভয়াবহ। শুধু তাই নয় এই ঘটনার পর গতকাল কংগ্রেসীরা ঐ গঙ্গা নগরের মস্তান বাবলুকে সঙ্গে নিয়ে টেরর করার চেষ্টা করছে। এই ভাবে কংগ্রেসীরা যেভাবে টেরর করছে, নিরীহ মানুষদের মারছে, শান্তি-শৃঙ্খলা যেভাবে বিঘ্নিত করছে তাতে কংগ্রেসীদের এইসব বর্বরোচিত কাজকর্ম যাতে অবিলম্বে বন্ধ হয় তারজন্য আপনার মাধ্যমে আমি প্রশাসন, মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সৌগত রায় :** স্যার, গতকাল ৪৬ নং ওয়ার্ডে পৌর নির্বাচনের নাম করে যে প্রহসন হয়েছে এবং কংগ্রেস কর্মীদের উপর যা আক্রমণ হয়েছে তার বিরুদ্ধে প্রতিবাদ জানাবার জন্য আমরা আমাদের নেতা আবদুস সাত্তারের নেতৃত্বে ওয়াক আউট করেছিলাম। কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার এবং জি. এন. এল. এফের মধ্যে যে চুক্তি হয়েছে তার ফলে আজকে হাউসে দার্জিলিং গোর্খা হিল কাউনসিল বিল এসেছে তাতে আমরা আলোচনায় অংশ গ্রহণ করতে চাই। আমরা যদি লক-আউট ফর দি ডে করতাম অর্থাৎ আজকে আর না আসতাম তাহলে একটা মিসকনসট্রুড হোতো যে আমরা এই বিতর্কে পার্টিশিপেট করতে চাই না। কিন্তু আমরা এসেছি এবং আলোচনায় অংশ গ্রহণ করব, তবে একটা অনুরোধ আপনার কাছে রাখছি আমরা যে এ্যাডজোর্ণমেন্ট মোসন দিয়েছিলাম যে কোন কারণেই হোক আপনি তো আলোচনা করতে দেননি, কিন্তু কালকে আমরা আবার মোশন দোব এবং অনুরোধ করব আমাদের যেন আলোচনা করতে দেওয়া হয়। কোন একটা জায়গায় কোন একটা পার্টি গণতন্ত্রকে ক্ষতিগ্রস্থ করে তাহলে পুরো পার্টিটাই বিপন্ন হয়। একটা ওয়ার্ডে সি. পি. এম জিতেছে কিন্তু এতে গণতন্ত্র বিপন্ন হয়েছে, কাজেই এই ৪৫ নং ওয়ার্ডে নির্বাচনের নামে যে প্রহসন হয়েছে সেই ব্যাপার নিয়ে কালকে আমাদের আলোচনা করতে দেবেন এই অনুরোধ আপনার কাছে রাখছি।

**মিঃ স্পীকার :** মিঃ সৌগত রায়, আই উড লাইক টু নো ফ্রম ইউ, তাঁরা গত হয়েছে, তাঁদের আমরা সম্মান করি, তাঁদের অপমান করা কি গণতান্ত্রিক অধিকারের মধ্যে পড়ে ?

**শ্রী সৌগত রায় :** আপনি খুব মূল্যবান কথা বলেছেন, আপনি যাঁদের জন্য অবিচুয়ারী করেছিলেন তার মধ্যে দেখলাম গোপাল দাস অধিকারী কংগ্রেস এম. এল. এর নামও ছিল, কিন্তু যদি চোখের সামনে দেখি গণতন্ত্রের মৃত্যু ঘটছে তখন মানুষের জন্য অবিচুয়ারী গুরুত্বপূর্ণ হয় না, তাই গণতন্ত্রকে রক্ষা করার জন্য আমরা প্রতিবাদ করেছিলাম।

**মিঃ স্পীকার :** যারা মৃত লোকের সম্মান রক্ষা করতে পারে না তারা গণতন্ত্র রক্ষা করতে পারবে না।

**শ্রী সৌগত রায় :** আপনি অনুমতি দিলে আমরা দেখাব গণতন্ত্র রক্ষা করতে আমরা জানি।

# LEGISLATION

## THE DARJEELING GORKHA HILL COUNCIL BILL, 1988

**Mr. Speaker :** Now, Darjeeling Gorkha Hill Council Bill. Before it is moved I have received a notice from Hon'ble member Shri Saugata Roy with an intention to oppose the introduction of the Darjeeling Gorkha Hill Council Bill 1988. He wants to formulate his points before the Bill is introduced. But, I do not think it should be formulated before the introduction. It should be after the introduction.

**শ্রী জ্যোতি বসু :** Sir, I beg to introduce the Darjeeling Gorkha Hill Council Bill, 1988.

....(Secretary then read the title of the Bill)....

**শ্রী সৌগত রায় :** স্যার, আই হ্যাভ এ সাবমিশন।

**মিঃ স্পীকার :** ইয়েস, মিঃ সৌগত রায়, বি ভেরী ব্রিফ।

**শ্রী সৌগত রায় :** স্যার, আপনি জানেন আমরা কংগ্রেস পার্টির পক্ষ থেকে ঘোষণা করেছি দার্জিলিং গোর্খা হিল কাউনসিল বিল সমর্থন করব এবং আলোচনায় অংশ গ্রহণ করব এবং সেইজন্যই প্রোটেষ্ট ওয়াক আউটের পর আবার এসেছি। আমি টেকনিক্যাল গ্রাউন্ডে এই বিল ইনট্রোডিউস করার ব্যাপারে বিরোধিতা করছি। স্যার, আপনি জানেন মেমোরানডাম অফ আনডাব ষ্ট্যানডিং হয়েছে ২২শে আগষ্ট এবং তার ভিত্তিতে এই বিল আনা হয়েছে। আমি দুঃখের সঙ্গে লক্ষ্য করেছি ঐ ২২ তারিখের আগেই এই হিল কাউনসিল বিলের ড্রাফট কলকাতার একটা ইংরেজী সংবাদপত্র ফোটোষ্ট্যাট কপি করে দিনের পর দিন বার করেছে। রাজ্য সরকারের পক্ষ থেকে এ ধরণের লিকেজ যদি হয় তাহলে সেটাকে খুব গুরুত্ব দিয়ে ভাবা দরকার। এ্যাসেম্বলীতে বিল আনা হয়েছে বটে, কিন্তু যে ঘটনা ঘটল তাতে দার্জিলিংয়ে শান্তি ফিরিয়ে আনার যে প্রচেষ্টা হচ্ছে সেটাও বিঘ্নিত হবার সম্ভাবনা আছে। আমার অপোজ করার কারণ হল রাজ্য সরকার এই হাউসে বিল সার্কুলেট করলেন না মেমোরানডাম অফ আন্ডারষ্ট্যানডিং সাইন হল না অথচ একটি সংবাদপত্র তার ফটোষ্ট্যাট কপি ছাপিয়ে বার করল। স্যার, আপনি এই হাউসের কাষ্টোডিয়ান আপনি এই পবিত্র স্থানে গণতন্ত্রের ধারক এবং বাহক কাজেই আপনি বিবেচনা করুন একটি কাগজে এই যে বার করা হল সে ব্যাপারে টেকনিক্যাল অবজেকসন

*আমি যা দিয়েছি সেটা ঠিক কিনা? আমি বিল সমর্থন করছি, কিন্তু ঐ গ্রাউন্ডে প্রতিবাদ করছি।*

[3.10 - 3.20 p.m.]

**শ্রী জ্যোতি বসু :** স্পীকার মহাশয়, সৌগতবাবু বল্লেন টেকনিক্যাল গ্রাউন্ডে বিলটি ইনট্রডিউস করা যায় না। একথা ঠিক নয়। অনেক কিছু এইভাবে লিক হয় - আমাদের কোন শত্রুপক্ষ একটু আধটু এইভাবে কাগজে বের করে দিয়েছে। বহু দিন ধরে এই নিয়ে আলোচনা হচ্ছে এবং জি এন এল এফ-কে আমরা বিলের কপি দিয়েছি। তারপর তারা এটা গ্রহণ করে। তাদেরকে এই বিলের কপিও দেওয়া হয়েছে। এই এ্যাসেমব্লীতে চুক্তি হয়েছিল এটাও তাদেরকে দেওয়া হয়েছে। টেকনিক্যালি এটা কাগজে দেওয়া উচিত হয় নি। অনেক আলোচনাও হয়েছে। সেইজন্য বলছি টেকনিক্যাল গ্রাউন্ডে এটা ঠিক নয়। কিন্তু এই আলোচনা অনেক জায়গায় গিয়েছে, অনেক কপিও হয়েছে। এসেম্বলীতে আলোচনার আগে কোন শত্রু পক্ষ এটা কাগজে কিছু কিছু বের করেছে। এই পয়েন্টটা আপনারা আশা করি বিবেচনা করে দেখবেন।

**Mr Speaker :** Mr. Roy, under what provision of the rule you opposed the introduction of the Bill.

**Shri Saugata Roy :** Sir, under normal provision

**Mr. Speaker :** An introduction of a Bill can be opposed under rule 73 (1) of Rules of Procedure and Conduct of Business in the W.B. Legislative Assembly. Hon'ble Member Shri Saugata Roy has opposed the introduction of this Bill on some technical grounds that the bill has been leaked to the press. I have gone through the news item that appeared in the paper. It can be said that a certain portion or a mojor portion of the bill has been leaked out to the press but many blanks were left to be filled up. So the complete Bill was never exposed to the press. What the Hon'ble Member has stated is not a correct statement. There were many blanks left. So he cannot say that the complete Bill was leaked to the press. He can only say that a certain portion or in maximum major portion of the bill has been leaked to the press. The Member may raise a question of privilege if he is mis-informed or for the delayed information - if the information is given to other people beforehand. The Members have the right to receive information first. But as we have heard from the Honb'le Chief Minister that this Bill was placed for discussion in various stages between the Central Government and the State Government. So it is very difficult to pin point that at which point the Bill was leaked. It could be leaked from the Centre also - how could we know that. Of course, this is unfortunate. This should be prevented. But this has happened in our country. So the objection is entirely based on technical ground which is not relevant. I think Mr. Roy has also not

placed it seriously. If he wants then I can put it to vote.

**Shri Saugata Roy :** Sir, in view of the atmosphere that has created for this accord I would not place it seriously.

**Mr. Speaker :** That is good. Thank you.

**Shri Jyoti Basu :** Sir, I beg to move that the Derjeeling Gorkha Hill Council Bill, 1988 be taken into consideration.

Mr. Speaker, Sir, I thought that in this case, particularly, during the consideration stage, before the members started speaking and giving their views, I should make a small statement so that there is no scope for any distortion. You know that the situation was delicate; and after long negotiations, fortunately, we have arrived at a settlement and in that settlement, it is not only with the GNLF leadership but almost all parties in West Bengal have given their support to this settlement which we arrived at. And, therefore, you know that when publications are made, I find in the earlier stages of negotiations that certain things were leaked out or got leaked and then there were rumpus in Darjeeling among various sections of the people and GNLF that why before everything was concluded certain things have come out even in a distorted form. So, I do not want to leave anything to chance. Secondly, this Bill is of importance accoridng to me, not only for us in West Bengal but also for the whole of India. The people in various parts of India are interested in this Bill as to what it contained. I have been receiving letters, congratulations, greetings and so on after we had arrived at a settlement. Therefore, I thought that I should make the short statement before the speeches are made. The other things that I wish to inform you is that the Bill has been prepared in English as well as in Bengali And after the Bill is adopted by the House, I shall lose no time and I have already given orders for making the arrangements for translation. As it is passed, we whall see to it that it is also translated in Nepali language so that the people in the hill areas also can know what exactly all this is about.

After protracted negotiations, it has been possible to find this solution to the Darjeeling problem. The tri-partite agreement was signed in Calcutta on the 22nd August. 1988, between Shri Subash Ghising, President, GNLF, the State Government and the Central Government. This Bill has been drafted having in mind our own stated policy to provide regional autonomy to the hill areas in Darjeeling.

The substance of our point of view has been incorporated in the Bill. It also contains the agreed points that emerged out of the tri-partite negotiations on the nature, scope, structure and functions of the proposed Hill Council.

A few organizations and political parties operating in the hill areas of Darjeeling have, from time to time, made demands for carving out a separate hill State or a State to be centrally administered by the Central Government. These demands, according to us, have basically been unrelated to the administrative exigencies and unconnected with the genuine needs of the hill people for all round development and also unrelated to the interest of the almost equal numbers Napali-speaking people who reside in the plains of West Bengal.

Actually, I make this point because I am not trying to solve the problem of the Nepali-speaking people throughout West Bengal or throughout India. This is confined to six lakhs of Nepalese who are in the Hills and certain parts of the plains. But, according to our census, there are about another six lakhs Nepali-speaking people in the plains. Now, this must be remembered. So, it is a question of finding a solution for that particular area where there is a concentration of Nepali-speaking people - I think over 95% Nepalese are there in the three hill regions. And I am not trying to solve the problems of the Gorkha or Nepalese, as they may be called all over India or even in West Bengal because they are as much citizens everybody in the hills, in the plains - as any other citizen of India whatever language they may speak.

**[3.20 - 3.30 p.m.]**

Now we have been all along of the view that while the State Government is doing all that is practicable for the development and growth of the hill areas, the hill prople should be provided with further opportunities to achieve fuller development through unleashing their own initiative for their advancment in social, economic educational and cultural spheres. This has been the continuous and basic demand of the hill people. If is not just a question of development in any field. I know some people have distorted the reason as to why the movement started there. I read newspaper articles and so on. They said that because there was no development in the hill areas, and, therefore, this movement has started. So they blamed us. But fortu-

nately Mr. Subhas Ghising along with other leaders of G.N.L.F. continuously stated that – I do not bother now about development that will come later. Now it is a question, as he quoted, of 'Gorkha identity' whatever he meant by that; he said- it that is satisfies some way or other I shall be satisified. Therefore, I say that in the hills there is a concentrated area, again I say a specific concentrated area that they live in, not scattered. There are many other tribals, and many others, who are scattered in various villages, various houses in various areas, throughout the hills of West Bengal. But there is only one place where such a situation geographically, neumerically and languagewise exist. That is why I would mention this point.

Such an aspiration has been given importance by us all along. We have, however, held that the demands of the hill people should always be viewed in the national perspective and nothing should be done which may encourage parochialism and weaken the national fabric.

The Gorkha National Liberation Front issued a call for the Gorkha land agitation in March, 1986. The movement was marked by violence. arson and destruction of private and public property accompanied by intermittent bunds. The demands were being made on the Government of India and not on the Government of West Bengal. But it was not just a law and order problem. The Prime Minister of India visited Darjeeling on the 19th December, 1986, and reiterated that there would be no division of West Bengal. He had said it earlier also. But on the soil of Darjeeling - in the hills of Darjeeling itself he again reiterated.

Thereafter an unanimity of approach to the problem, between the Government of India and ourselves was evolved through discussions between the Prime Minister, discussions were initiated by the Government of India in consultation with us to find a political solution to the problem in the hills. On the 15th and 16th June, 1987, the Union Home Minister visited Calcutta and had discussions with me where in our paper on the constitution of a Hill Council - it is almost the same. Some few changes were there - it appeared in the contents of the Bill - was basically accepted by both of us. Thereafter, efforts to arrive at a political solution based on the Hill Council formula were continued. I have had over fifteen meetings with the Union home Minister and a few with the Prime Minister to work out a solution. I met shri Subhas Ghising also in January and in June, 1988, in Delhi to carry

forward the discussions. Finally, in the tripartite meeting hold in New Delhi on the 25th July, 1988, the G.N.L.F. agreed to drop the demand for a separate State of Gorkhaland. Based thereon anunderstanding was reached on the constitution of the Hill Council and related matters, and the final formal agreement was signed, as I said, on the 22nd August, 1988.

I had kept all the political parties in West Bengal posted of the course of discussions, from time to time. After agreeing to the concept of Hill Council, the GNLF insisted on the inclusion of the term 'Gorkha' in the name of the Council and addition of some areas from the plains of Siliguri adjoining Kurseong sub-division. We had reservations to inclusion of the term 'Gorkha' in the name of the Council.

By 'we' I mean all political parties as far as I know, including the Congress party, including the Prime Minister, myself, all of us. We said how does this come in ? Why should that word be included ? But in course of discussion when we understood that he had really given up the stand of the separate State, and we mean all of us, we thought that in that case this sould not be a breaking point in the negotiation and discussion.

So Central Government agreed with us that in that case probably we have to accept and we have accepted having regard to the need to find a solution, and the fact that the Nepali-speaking people are a substantial majority in the hills of Darjeeling, the Government of India and ourselves agreed to the inclusion of the word 'Gorkha.' Accordingly, it has been decided that the name of the Council would be "DARJEELING GORKHA HILL COUNCIL."

There were other suggestions. I need not go into that in the course of the discussion, but this was finally accepted. It may however, be seen in the Preamble to the Bill - Preamble is also a part of the Bill, it will be a part of the Act also - that establishment of such a Council is for the social, economic, educational and cultural advancement of the Gorkhs and other sections of the people, residing in the hill areas in the district of Darjeeling. So 'these other people,' because there are minorities also in the hills and that's why in has been mentioned.

On the question of tagging certain areas in the plains of the Siliguri Subdivision within the jurisdiction of the Hill Council, we had,

in the interests of a solution, agreed to the inclustion of thirteen such mouzas selected on the basis of the principles of contiguity and majority of population being Nepali-speaking. Now, on this point, there was insistence right from the beginning after the demand for the Gorkhaland was given up that certain areas, certain bustess - as it was stated in a memorandum given to the Government of India and us by the GNLF - where Nepalese were in a majority - I think about twenty-three or twenty-four such bustees were mentioned-they should be included in the jurisdiction of the Gorkha Council. But we said towards the end for its settlement that this also could be considered by us. Both India Government and we agreed that this also could be considered by us, because in any case Darjeeling district continues to be the Darjeeling district; it is not being divided. But there must be a principle on which it is to be accepted as to which are the areas that are to be under the Hill Council later on then the Bill is passed. We said contiguity and Nepalese-speaking people must be a majority in these areas, contiguous areas and Nepalese-speaking people must be majority. But some of the names we got from the GNLF. Nepalese are in majority in those areas-amongst the twenty-three, in many they were in majority-but they were right inside. So we have to have a corridor to reach them. So you cannot include them in the Hill council area. Now, the total population of these mouzas is 8299, according to the 1981 census, covering an area of 5148.17 hectares. The population of Siliguri Subdivision is about 3,09,800. Thus the agreement provides for constitution of the Hill Council covering the three hill Subdivisions of Darjeeling, Kurseong and Kalimpong and thirteen mouzas of Siliguri Subdivision. It may be noted that Darjeeling district, as it is now, will continue to remain the basic administrative unit. The thirteen mouzas added to the jurisdiction of the Hill Council will continue to be parts of Naalbari P.S. and Siliguri. P.S., as they are now. Civil and criminal jurisdiction in respect of these areas will continue to remain with siliguri. However, these mouzas will form part of the constituencies to be carved out for election to the proposed Hill Council and for developmental and economic purposes they will not be parts of the existing Gram Panchayats of Champasari, Patharghata and Naxalbari or Siliguri-Naxalbari Panchayat Samity within the Siliguri Subdivision, but will form parts of the Hill Council, i.e., the voters amongst these eight thousand people will be enabled to vote for the Hill Council when elections take place. But as far as

civil and criminal jurisdiction and other things are concerned, they will be still under Siliguri or Naxalbari Police Station because geographically and administratively that would be easier to deal with them as they are now.

**[3.30 - 3.40 p.m.]**

This is not of course necessary to include all these things here. But for the information of our people in West Bengal and honourable members, I am stating this. For the rest of Siliguri subdivision a separate Mahakuma Parishad with all the authority of a Zilla Parishad has been proposed which will function with separate financial arrangements. Other administrative measures will also be taken in the interest of the people of Siliguri subdivision, because representation was made to me by some people of Siliguri and I said that all measures will be taken up to see that would not in any way be inconvenenced. In Siliguri, there are Nepali speaking people, Hindi speaking people, Urdu speaking people-Bengalees are there - so may people are there and I must confess that Siliguri has been very very quiet during the last two and a half years while violent movements were going on in the hills of Darjeeling. So I said that this would also be a test now as to how far we can integrate ourselves with each other - the people of different languages, religion and so on. The Bill provides for the constitution of a predominantly elected Hill Council with 28 elected members out of a total of 42. The interests of non-Napali communities in the hill areas like Lepchas, Bhutias, etc. are sought to be protected through nomination to the council by the State Government. Provision has been made in the Bill. There will be no Zilla Parishad for the district of Darjeeling. The Hill Council will be a substitute for the Zilla Parishad in the hill areas. the existing Hill Areas Development Council and the District Planning and Co-ordinating Council. It exists now. The Hill Council will have powers of supervision over the Panchayats and Municipalities functioning in the hill areas. It may be noted that the executive powers assigned to the Council shall be subject to the provisions of this Bill and other relevant laws as also the general and special directions of the State Government. The Statutory Bodies and authorities exercising statutory functions in respect of any of the subjects assigned to the Council shall continue to have jurisdiction in the hill areas and shall continue to exercise such powers and functions. These changes may be made later on in regard to the statutory bodies

and authorities and so on. But at the moment they will exercise the authority of different departments - they were exercising the authority whether it is Transport, Tourist, Health Department and so on. The agreement provides for certain steps for restoration of normalcy. We have agreed to review the criminal cases registered against persons involved in the GNLF agitation and not to proceed with prosecution in all the cases except in cases of murder. The review of all cases connected with the agitation is almost complete. We have already decided not to proceed with 284 cases under the Terrorist and Disruptive Activities (Prevention) Act. There will be no victimization of Government servents for participation in the agitation. The GNLF has agreed to give a call to its cadre for the surrender of all unauthorised arms to the district administration. The GNLF has agreed to withdraw all agitational activities and extend full co-operation to the administration for the maintenence of peace and normallisation of the political process in the hill areas of Darjeeling. The tri-partite agreement with the GNLF and the constitution of the Darjeeling Gorkha Hill Council as provided for in this Bill will go a long way in meeting the democratic aspirations of the people of the hill areas. While peace has generally returned to the hills, there are still reports of incidents of attacks on political opponents. It is essential to restore normal conditions so that political parties are in a position to function freely and the ordinary citizens are able to leave without fear. There are quite a few thousands of them. It is necessary to ensure that the people who have had to take shelter elsewhere during the agitation are able to return safely to their homes. Some of the people who support out Government or our Party have complained about this, that a large number of people are now living in camps or elsewhere. Mr. Ghising has also mentioned this to me in Calcutta that some of his people are also out of Darjeeling. I said everybody must go back to their huts and homes. I hope now we can leave the past behind and turn a new chapter of peace, amity and friendship. This is a new experiment in satisfying the aspirations of an easily indentifiable group of people concentrated in a compact area without tearing apart the basic fabric of the State. The success of this experiment will depend on exerise of goodwill and sense of restraint on the part of all concerned. The State Government will make all-out efforts to implement the agreement both in letter and spirit. I have no doubt that cooperation and assistance of the GNLF leadership will be forthcoming in an equal mea-

sures for the success of the agreement. Similarly, I am sure that all political parties in the State will help in implementing this accord and in establishing the democratic process in the hills of Darjeeling. The Nepali speaking people are as much part of West Bengal as other groups speaking other languages. West Bengal has never recognised differences based on language, religion or caste. The efforts of the Government will continue to be directed towards all round development of all sections of people living in different parts of the State. I once again seek the co-operation of the Hon'ble Members in helping us to carry forward this objective. Thank you.

**Mr. Speaker :** The statement will be circulated to-day, if possible or to-morrow.

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী আজকে ইংরাজীতে ভাষণ দিলেন, ফলে অনেকের বুঝতে অসুবিধা হল। কি কারণে ইংরাজীতে বললেন আমি জানি না। বাংলায় বললে আমার মনে হয় ভাল হত। I would like to speak in English on one matter which the Hon'ble Chief Minister may kindly consider as we did not give any amendment. Perhaps there is a mistake in Clause 5, sub-clause 3 which may be amended, if needed. It appears in the Bill that "(3) The Government shall provide for due respresentation of the non-Nepali communities like Bhutias and Lepchas while nominating the remaining members." Sir, you are considering the representation of the non-Nepali communities like Bhutias and Lepchas, but there is no mention regarding the Tribes. I know that there are so many Tribes living there. এটা মুখ্যমন্ত্রীকে একটু লক্ষ্য করতে বলছি। কারণ আমাদের কাছে সংবাদ আছে যে, ঐ এলাকায় বহু ট্রাইবাল মানুষের বাস। তবে প্রথমেই সব কিছু একই সঙ্গে ঠিক হয়ে যায় না, সুতরাং পরে ওটা এ্যামেন্ডমেন্টের মধ্যে দিয়ে হতে পারে। স্যার, আমি "দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল বিল, ১৯৮৮"-কে আন্তরিকতার সঙ্গে সম্পূর্ণভাবে সমর্থন করছি। আমি বিশেষ জোরের সঙ্গে বলছি যে, অনেক দিন পরে হলেও আমাদের মুখ্যমন্ত্রী, ভারতবর্ষের প্রধানমন্ত্রী এবং সমস্ত রাজনৈতিক দলের ঐকান্তিক প্রচেষ্টার — শুভ প্রচেষ্টার-- ফল হিসাবেই এই বিলটি আজকে এই হাউসে এসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলের প্রসঙ্গে দু'একটি কথা বলতে চাই। ১৯৮৬ সালের ১৯শে ডিসেম্বর আমাদের প্রধানমন্ত্রী রাজীব গান্ধী দার্জিলিং-এ গিয়ে একটি মিটিং করেছিলেন। নেপালীরা তাঁর সেই মিটিং বয়কট করেছিল। আমরা ছবিতে দেখেছি সেই সভায় শুধু কিছু সৈনিক এবং কিছু পুলিশ বসে আছে, আর তিনি ডায়াসে দাঁড়িয়ে বক্তৃতা দিচ্ছেন। অর্থাৎ মাঠটি সম্পূর্ণ খালি ছিল, কিন্তু সেখানেই সেদিন তিনি বলেছিলেন, "আমি বঙ্গভঙ্গ হতে দেব না"। তিনি জোরের সঙ্গে এই কথা বলেছিলেন। যখন দার্জিলিং-এ আমাদের মুখ্যমন্ত্রীর বা অন্য কারো যাবার সাহস ছিল না তখন তিনি সেখানে গিয়ে দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করেছিলেন, "বঙ্গভঙ্গ হতে দেব না"। সেদিন বাংলা ভাগ হবে না বলে যে কথা তিনি বলেছিলেন তা আজকে প্রমানিত, তিনি তা প্রমান করেছেন। দিল্লীতে কেন্দ্রীয় সরকার, আমাদের রাজ্য সরকার এবং ঘিসিং মিলিতভাবে তা প্রমান করেছেন। এই প্রসঙ্গে আমি

মুখ্যমন্ত্রীর প্রশংসা করছি। তিনি প্রচন্ড ধৈর্যের পরিচয় দিয়েছেন। অনেক সময় বিষয়টি এমন একটা ব্রেকিং পয়েন্টে গিয়ে পৌঁছেছিল যে আমরা মাঝে মাঝেই ভাবছিলাম যে, বোধ হয় ঘিসিং-এর সঙ্গে ছাড়াছাড়ি হয়ে গেল। এই হাউসে ঘিসিং-কে রাষ্ট্র-বিরোধী দেশদ্রোহী বলা হয়েছিল, কিন্তু আজকে এটা সকলকেই স্বীকার করতে হবে যে, তিনি তা নন, তিনি দেশপ্রেমিক। এ্যাকোর্ড-এ সই করে ঘিসিং প্রমান করেছেনযে, তিনি দেশদ্রোহী নন, তিনি রাষ্ট্রদ্রোহী নন, তিনি দেশপ্রেমিক। তিনি ভারতবর্ষের নাগরিক হিসাবে ভারতবর্ষের সংবিধানের চৌহদ্দির মধ্যেই বাস করতে চান। এটা আমাদের সকলের কাছেই আনন্দের কথা।

**[3.40 - 3.50 p.m.]**

আমি জানি না, এটা হয়তো আগে হলেও হতে পারে। তবে প্রথমদিকে বামফ্রন্ট সরকারের সি.পি.এম দল এটাকে রাজনৈতিকভাবে নিয়েছিলেন এবং তাঁরা এরজন্য মাঠে নেমেছিলেন। সি.পি.এম ভেবেছিলেন যদি পার্টি দিয়ে লড়াই করা যায় তাহলে হয়তো এটাকে বন্ধ করা যাবে। কিন্তু দার্জিলিং তো হিল এলাকা, এটা তো কলকাতা নয়। তাই দার্জিলিং এলাকায় মারধোর করতে গিয়ে অসুবিধায় পড়লো। এরফলে বহু রক্ত বেরুলো, এরফলে বহু সি.পি.এম খুন হয়েছে চা-বাগান এবং অন্যান্য এলাকায়। অবশ্য কংগ্রেসীরাও খুন হয়েছে। তাই বলছি, প্রথমদিকে প্রেসটিজ ইস্যু করে না নিয়ে, পার্টির উপর ফেলে না দিয়ে আলোচনার ভিত্তিতে যদি এর সমাধান হতো, কিম্বা অন্যভাবে যদি জিনিসটাকে নেওয়া হতো তাহলে বোধ হয় আজকে যেসব খুন হয়েছে তা হয়তো এড়ানো যেত। তবে এখন যেটা হয়েছে খুব ভাল হয়েছে, সকলেই এটাকে মেনে নিয়েছে। এটা একটা আনন্দের দিন, ঐতিহাসিক দিন। কিন্তু একটা প্রশ্ন থেকে যাচ্ছে, আপনারা দেওয়ালে লিখলেন কলিজা দেব, কিন্তু বঙ্গভঙ্গ হতে দেব না", "রক্ত দেব কিন্তু বঙ্গভঙ্গ হতে দেব না" এই দেওয়াল লিখন কেন লিখলেন? মানুষকে ধোঁকা দিয়েছেন। এইসব তো কিছুই আসলে হল না। অকারণে এইসব করলেন। আপনারা দেওয়ালে কি লিখেছিলেন, রেগন ঘিসিং রাজীব আঁতাত রুখছি রুখবো"। কিন্তু সত্য জিনিসটা বেরিয়ে এলো। কিভাবে রাজীব গান্ধী চেষ্টা করলেন সেটা তো আপনারা দেখলেন। কিন্তু তাকে অপবাদ দেওয়ার সময় কাদা দেওয়ার সময় একবারওতো খেয়াল করেননি। যা নয় তাই তাঁকে বলে গেলেন। আপনারা অনেক লম্ফ ঝম্ফ করলেন, শেষকালে ঘিসিং আপনাদের মুখে ঝামা ঘষে দিলেন। আপনাদের তো মানতে হয়েছে - অস্বীকার করতে পারবেন? যে কোন অবস্থাই হোক, বহু রক্ত গেছে, বহু লোক মারা গেছে, বহু হতাহত হয়েছে। এই রক্তের মধ্য দিয়ে আজকে দার্জিলিং-এ শান্তি ফিরে এসেছে। আজকে এটা হয়েছে। কেন্দ্র মদত দিচ্ছে, কেন্দ্রের ঘাড়ে দোষ না চাপিয়ে, রাজীব গান্ধীর বক্তব্যকে অশ্রদ্ধা না করে সুস্থ মস্তিষ্কে মেনে নিলে বোধ হয় ব্যাপারটা আগেই মিটে যেত। আজকে যে য়্যাকোর্ড হয়েছে তা আমরা সমর্থন করি। এই বিলের ব্যাপারে আমি বিরোধী একটি কথাও বলবো না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন ডেভেলপমেন্ট কিভাবে করবেন না করবেন। এটা খুবই ভাল কথা। কিন্তু আমার জিজ্ঞাস্য, কার পাপে, কার দোষে দার্জিলিং-এর এত সম্পদ নষ্ট হল? দার্জিলিং-এ ৩০০ কোটি টাকার মতন সম্পদ নষ্ট হয়েছে। সেখানে একটাও ট্যুরিষ্ট লজ্ নেই, বাংলো বলতে কিছু নেই। পশ্চিমবঙ্গ সরকারের যত বাংলো ছিল সব ভেঙে তছনছ করে দিয়েছে, স্কুলবাড়ি পুড়িয়ে দিয়েছে। আমার এক বন্ধু সেখানে ডিষ্ট্রিক্ট জজ হয়ে গিয়েছিল। সে ফিরে এসে বলছে, ওপরে আমি থাকতাম আর নীচে সি.আর.পি দেখে ভয়ে শিউরে উঠতাম। এর মধ্য থেকে সেখানে সে রাত্রি কাটিয়েছে। আজকে যে পরিবেশ সৃষ্টি হয়েছে সেটা দেরীতে হলেও ভাল হয়েছে। কিন্তু একটা প্রশ্ন থেকে গেল। এরজন্য বহু লোক প্রাণ হারালো কেন? সেদিন যদি হৃদ্যতাপূর্ণ মনোভাব নিয়ে কেন্দ্রীয় সরকারে সঙ্গে মিলেমিশে একসঙ্গে আলোচনা করতেন তাহলে এইসব জিনিস এ্যাভয়েড করা যেত।

অবশ্য গোর্খারা যে গোর্খাল্যান্ড চেয়েছিল, আলাদা রাজত্ব চেয়েছিল সেটাকে আমরা সমর্থন করি না। সে জিনিস মোটেই হয় না, এটা খুবই ভাল করেছেন, এই জিনিস হলে শেষ হয়ে যেত। তবে একটা প্রশ্ন থেকে গেছে, আমার মনে হয় সম্প্রতি যা ঘটছে তার মধ্য দিয়ে একটা সন্দেহ থেকে যাচ্ছে, সেটা হচ্ছে, বঙ্গভঙ্গের পদধ্বনি এর মধ্যে থাকবে কিনা? ঐ ঘিসিং-এর দল আবার কিছু চাইবে কিনা? এক সময় আপনারাই তো পাইওনীয়ার ছিলেন। ডাঃ রায়ের সময়ে আপনারাই বলেছিলেন ওদের বিশেষ সুযোগ সুবিধা দিতে হবে। এখন ওরা ভাবছে যে, আমাদের বন্ধু সরকার এসেছেন, তাই ওরা আরও দাবী দাওয়া করছে। আমাদের সময়ে বামফ্রন্ট বলেছিলেন যে, পরিষদ দরকার; নেপালীদের বিশেষ সুযোগসুবিধা দিতে হবে। তার বদলে এখন ওরা উৎসাহিত হয়ে বেশী চেয়েছিল এবং তার ফলে তাদের খারাপ হয়েছে, ঘিসিং-এর ধারণা ছিল যে, বন্ধু সরকার এসেছে, বেশী পাব, কিন্তু আপনারা তার পরিবর্তে আন্দোলনটা কঠোর হস্তে দমন করলেন এবং সেই কাজে কেন্দ্রীয় সরকারও আপনাদের সাহায্য করেছন। আপনাদের কঠোর মনোভাব এবং কেন্দ্রীয় সাহায্যের ফলে ঘিসিং তার পুরণো পথ ত্যাগ করতে বাধ্য হয়েছেন। আমি শেষ কালে বলব যে, আজকে এই যে গোর্খা বিল পেশ করা হয়েছে এই হাউসে, আজকের দিন আমাদের অত্যন্ত প্রয়োজনীয় এবং স্মরণীয়, পশ্চিমবাংলার ইতিহাসে। আমাদের দিকে বহু রাজ্য তাকিয়ে আছে যে, কি ভাবে এই সমস্যার সমাধান হয় তা দেখবার জন্য। কেন্দ্রকে শত্রু না ভেবে যদি একটা অঙ্গ রাজ্য হিসাবে মিলেমিশে আমরা কাজ বা ওভার দি টেব্‌ল আলোচনা করি তাহলে পশ্চিমবঙ্গের উন্নতি হবে। আমরা আগে বাঙালী, পরে ভারতবাসী। বাংলার শান্তি, বাংলার উন্নতি এবং মঙ্গল আমরা সব সময়ই কামনা করি। বাংলার যা কিছু উন্নতি তা কংগ্রেসের সময় থেকেই হয়েছে। দার্জিলিং পশ্চিমবঙ্গের একটা বিরাট ট্যুরিজমের ক্ষেত্র। কয়েক বছর ধরেই ট্যুরিজমের বিরাট ক্ষতি হয়েছে। দার্জিলিংয়ের লোকেরা নিজেরাই নিজেদের পায়ে কুড়ুল মেরেছে। টাকাটা তো তারা নিজেরাই পেত। এখন সোসিও ইকনমিক ষ্ট্রাকচার তৈরী করতে অনেক সময় যাবে, আমাদের সরকারের বহু টাকা খরচ হবে এসব নূতন করে তৈরী করতে। পি.ডব্লিউ.ডি'র বাংলোর কিছুই নেই, সব ভেঙ্গে চুরমার করে দিয়েছে। আস্তে আস্তে আবার গঠনের কাজে এগিয়ে যেতে হবে। আজকে যে এই ঘটনা শেষ হতে চলেছে সেটাই বড় কথা। তাই আমি আজকে ওঁ শান্তি!! ওঁ শান্তি !! ওঁ শান্তি!! এই কথাটা ৩ বার উচ্চারণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী এইচ. বি. রাই :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী আজকে যে দার্জিলিং হিল কাউন্সিল বিল পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি, এই বিলকে সমর্থন করতে গিয়ে আমার নিজের ভাষাতে সমর্থন করলে আপনারা বুঝতে পারবেন না। দার্জিলিংয়ের মানুষের বুকে যে পেন হচ্ছে সেটা প্রকাশ করার জন্য বাধ্য হয়ে আপনাদের ভাষাতে বলতে হচ্ছে। অবশ্য শেষে আমার নিজের ভাষাতে ২/৪ মিনিট বলবো। এই যে দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল বিল, এটা একটা ঐতিহাসিক বিল হিসাবে স্বাধীনতার ৪১ বছর পর এখানে এসেছে এর জন্য আমরা গর্বিত।

**[3.50 - 4.00 p.m.]**

এই যে বিল একে আমরা স্বাগত জানাচ্ছি। আজকে রাজ্যসরকার এবং কেন্দ্রীয় সরকার একত্রে মিলে যে চুক্তি হয়েছে, এই চুক্তি একটা ঐতিহাসিক চুক্তি। এই চুক্তিকে আমরা স্বাগত জানাচ্ছি। লাষ্টলি চুক্তিটি কলকাতায় স্বাক্ষরিত হয়েছে। কিন্তু এই চুক্তি পরের ঘটনা হচ্ছে এই যে, তারপর সেখানে অনেক ঘটনা ঘটে যাচ্ছে। সেখানে চারজন মহিলাকে কিডন্যাপড করা হয়েছে যাদের মধ্যে দুইজন পালিয়ে ফিরে এসেছে, কিন্তু বাকি দুইজনের কোন খোঁজ-খবর নেই। এই চুক্তির আগেও কিছু কিছু ঘটনা ঘটেছে। ১৯৮৬ সালে দুইজন মহিলা ছাত্রীকে কিডন্যাপড করে নিয়ে গিয়েছিল। এখন বাচ্চা নিয়ে তারা ফিরে এসেছে। আজকে চুক্তির পর ওখানে সন্ত্রাসকারীরা কুকরী নিয়ে বাজারে ঘুরছে।

গত ২৮শে আগষ্ট এই অধিবেশনে যোগ দিতে আমি যখন দার্জিলিং থেকে আসছিলাম তখন এক হাজারেরও বেশী লোক কুকরী নিয়ে আমাকে ঘিরে ধরে। ঘটনাটা কাগজেও বেরিয়েছে। এইরকম অনেক ঘটনা আজকে সেখানে ঘটছে। গত ২৬ তারিখে আমাদের অফিসের দুইজন ছাত্র স্কুলে গিয়েছিল, কিন্তু তাদের কিডন্যাপড করে নিয়ে গেল তারা। তাদের মধ্যে একজন পালিয়ে থানায় গিয়ে পুলিশের কাছে আশ্রয় নিল, কিন্তু অপরজনকে জি.এন.এল.এফ ক্যাম্পে নিয়ে গেল তারা। পরে আমি নিজে বেনামী টেলিফোন পেলাম যে, আপনাদের একজন লোক জি.এন.এল.এফ অফিসে আটক আছে। আমি পুলিশকে খবর দেওয়ায় পুলিশ পরে তাকে উদ্ধার করে। ছেলেটি এখন সেন্সলেস হয়ে নর্থবেঙ্গল মেডিকেল কলেজে ভর্ত্তি আছে। আজকে সেখানে ল' অ্যান্ড অর্ডারের পরিস্থিতি হচ্ছে এইরকম। গত ২৪ তারিখে চকবাজার এলাকায় একজন পুলিশের সাব-ইন্সপেক্টর যখন দাঁড়িয়ে ছিলেন তখান তাঁকে তাড়া করা হয়। তিনি কোনরকমে থানায় গিয়ে আত্মরক্ষা করেন। এইসব ব্যাপারে কেউ কিছু করতে পারছেন না। এই ব্যাপারে জি.এন.এল.এফ - এর কাছে অভিযোগ করা হলে তাঁরা বলছেন যে, ঐসব লোকরা আমাদের লোক নয়। আমরা লেফ্‌ট ফ্রন্টে আছি, আমাদের পুলিশ আছে, প্রশাসন আছে, কিন্তু কিছুই করতে পারছি না। আমাদের সেখানে শান্তি ফিরিয়ে আনতে হবে, আজেকে যেসব কান্ড সেখানে ঘটছে, পুলিশ দিয়ে সেসব ঠিক করতে হবে, ল' অ্যান্ড অর্ডার সেখানে বজায় রাখতে হবে। জি.এন.এল.এফ নেতারাও আজকে একই কথা বাধ্য হয়ে বলছেন। আমি এখানে বিরোধী দলকে এবং মাননীয় মুখ্যমন্ত্রীকে বলবো যে, ওখানে যদি সত্যিই শান্তি বজায় রাখতে হয় তাহলে শক্ত হাতে ল' অ্যান্ড অর্ডার রক্ষার ব্যবস্থা করতে হবে। গোর্খা হিল কাউন্সিল আজকে হল, কিন্তু এটা তো দার্জিলিং এর নেপালী ভাষাভাষী মানুষদের দীর্ঘদিনের দাবী এবং আমাদের পার্টির পক্ষ থেকে আজাদীর দিন থেকে আমরা বলে আসছি যে, তাদের অটোনমি দিতে হবে। তাদের ঐ অঞ্চলে স্বায়ত্ব শাসন দিতে। এটা দীর্ঘদিনের দাবি। খবরের কাগজে বেরিয়েছিল আপনারা দেখেছেন নেপালী ভাষা নিয়ে। সকলে মিলে— বিরোধী দল এবং সরকার পক্ষ মিলে একমত হয়ে একটা প্রস্তাব পাশ হয়েছিল নেপালী ভাষার জন্য। এখন দেখছি আমাদের ভাষা থেকে যাচ্ছে। এইটথ সিডিউলে যে দাবি ছিল সেই ভাষা আমাদের থেকে যাচ্ছে। এখন সবাই মিলে - রাজ্য, কেন্দ্র এবং অল পলেটিক্যাল পার্টি মিলে মিশে আমরা যখন একটা চূড়ান্ত মিমাংসায় এসেছি তখন এটা অভিনন্দন যোগ্য। কিন্তু এখানে প্রথমে শান্তি আনতে হবে। শান্তি ফিরে না এলে এখানে কি সুষ্ঠ নির্বাচন করা সম্ভব হবে? আগে থেকে এখানে চুনাও কথা বলা আছে যে ইলেক্টড বডি হবে গোর্খা হিল কাউন্সিলে। এখানে গণতন্ত্র না এলে, শান্তি ফিরে না এলে নির্বাচন করা সম্ভব হয়। এখানে অনান্য কি পার্টি আছে জানিনা। এখানে তো গোর্খা লীগ, কংগ্রেস পার্টি তো ছিল এবং অন্যান্য সব আছে। এখানে চুনাও তো প্রচার করতে গেলে গণতান্ত্রিক হিসাবে হবে কি হবে না এটা সি.পি.এম-এর কথা নয়, গোর্খা লীগের কথা নয়, এই কথা কংগ্রেস পার্টির এবং অন্যান্য পলেটিক্যাল পার্টির। গণতন্ত্র রক্ষা করতে গেলে সকলে মিলে মিশে সুষ্ঠ ভাবে কাজ করে যেতে হবে। সেই জন্য আমি সকলের কাছে এ্যাপিল করবো এখানে এমন একটা এটমোসফিয়ার তৈরী করতে হবে যাতে গোর্খা হিল কাউন্সিলের নির্বাচনের সময় ডেমোক্রাটিক হিসাবে কাজ সকলে যাতে করতে পারি। এটা সকল জনসাধারণের কাছ তুলে ধরতে হবে। এখানে এখনও অনেক জায়গা আছে যে গুলি ব্লকেড হয়ে রয়েছে। এমন সব এরিয়া আছে যেকানে ওদের নেতাদের কথা মানে না, শোনে না। এই সব ব্লকেড এরিয়া করে এসেনসিয়াল কমোডিটি যা আছে — মেডিক্যাল চেক-আপের কাজগুলি করতে গেলে কিডন্যাপ করে নিয়ে গেছে। একটা এরিয়া থেকে একটা এরিয়ায় যাওয়া সম্ভব হচ্ছে না। আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে কংগ্রেস (আই) পার্টির ডিষ্ট্রিক্ট প্রেসিডেন্ট পূর্ণ প্রকাশ রাই-এর ঘর বাড়ি ভেঙ্গে দিয়েছে সন্ত্রাসবাদীরা। কিন্তু এই ব্যাপারে একজন কংগ্রেস নেতা এর বিরুদ্ধে কনডেম করেন নি। উনি এখন বাড়ি ছেড়ে দিয়ে আমাদের পার্টির

*অফিসের সামনে বসে আছেন অন্যের বাড়িতে। আমরা তার কনডেম করেছি। সত্যি কথা বললে আপনাদের রাগ হয়, আমরা কনডেম করেছি। কংগ্রেস (আই) পার্টির এতো পুরানো লোক, ওঁনার* উপর সন্ত্রাস চালিয়েছে, ঘর -বাড়ি ভেঙ্গে দিয়েছে, কিন্তু কোন স্টেট কংগ্রেসের লিডার তার কনডেম করেনি, ডিস্ট্রিক্ট কংগ্রেস (আই) লিডার তার বিরুদ্ধে কনডেম করেনি। সেই হিম্মৎ তাঁদের নেই। যাই হোক বিরোধী পক্ষের বন্ধুরা যখন এই বিলকে সমর্থন করেছেন সেই জন্য আমি তাঁদের স্বাগত জানাচ্ছি।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

স্যার, আমাকে একটু সময় দেবেন। আমার আর একটা কথা হল অস্ত্র সমর্পনের যে কথা আছে সেই ব্যাপারে। আমি পুলিশমন্ত্রীকে আবেদন করবো এই ব্যাপারে একটু কঠোর হতে হবে এবং সমস্ত পলিটিক্যাল পার্টিকে এ্যাপিল করতে হবে এই ব্যাপারে। কারণ ঘরে ঘরে এই আর্মস ঢুকে গেছে। ১২-১৫-২০ বছরের ছেলেদের হাতে বেনামী আর্মস ঢুকে গেছে। এখানে এখন এমন ঘটনা ঘটছে যে বাবা যদি ছেলেকে কোন কারণে বকুনী দিচ্ছে, সেখানে ছেলে বাবাকে রিভলবার নিয়ে চ্যালেঞ্জ করছে।

**[4.00 - 4.10 p.m.]**

এই অবস্থা হয়ে গেছে। তাই ওখানে, পাহাড়ে যদি শান্তি ফিরিয়ে আনতে হয় ঐ তিনটে সাব-ডিভিসনে এবং ল' অ্যান্ড অর্ডার যদি ফিরিয়ে আনতে হয় তাহলে আর্মস সারেন্ডারের কাজটা খুব শক্ত হাতে না করলে বোধহয় শান্তি ফিরে আসবে না। আমাদের ৮০ জনেরও বেশী ওখানে মার্ডার হয়েছে। হাজার হাজার ঘরবাড়ি পুড়িয়ে দেওয়া হয়েছে, আমাদের অসংখ্য কর্মী ওখান থেকে পালিয়ে এসেছে। আশা করবো, রাজ্য সরকার এঁদের পুনর্বাসনের কথা ভাববেন। এই সঙ্গে সঙ্গে এই কথাও বলতে হয় যে, এই রকম ঘটনা ইতিহাসের বুকে আর কোথাও ঘটেছে কিনা আমি জানি না, যেরকম ভাবে সি.পি.এম.-এর নেপালী ও গোর্খা লীডাররা হত্যা হয়েছেন। ওঁরা যে ভাবে স্যাক্রিফাইস করেছেন সেই রকম কোন কথা ইতিহাসে লেখা আছে কিনা আমি জানি না। লাষ্টে আমি এটাই এ্যাপিল করবো যে, দার্জিলিং-এ শান্তি ফিরিয়ে আনবার জন্য সমস্ত পলিটিক্যাল পর্টির লোকেরা একমত হবেন এবং সেখানে যত তাড়াতাড়ি শান্তি ফিরে আসতে পারে এবং সুষ্ঠু নির্বাচন হতে পারে তারজন্য যত্নবান হবেন। আমি এ্যাপিল করবো তাঁরা ওখানে ডেমোক্রাটিক এ্যাটমোস্ফিয়ার ফিরিয়ে আনতে সক্ষম হবেন। আমি লাষ্টে মুখ্যমন্ত্রী এখানে যে বিল পেশ করেছেন তাকে আবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সাধন পান্ডেঃ** মাননীয় স্পিকার স্যার, একটা ঐতিহাসিক চুক্তিতে আমাদের রাজ্যের স্বার্থে সই হয়েছে। সই করেছেন ভারতবর্ষের হোম মিনিষ্টার শ্রী বুটা সিং, মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু এবং সুভাষ ঘিসিং। আমি ব্যক্তিগতভাবে আমাদের দলের পক্ষ থেকে এই গোটা প্রচেষ্টার জন্য শ্রী রাজীব গান্ধী, জ্যোতি বসু এবং সুভাস ঘিষিংকে অত্যন্ত প্রশংসা করছি। আমরা জানি যে আমাদের মুখ্যমন্ত্রী অত্যন্ত দক্ষ রাজনীতিবিদ। আমরা এটাও জানি যে , তিনি তাঁর পার্টিকে কখনও লেড্ ডাউন করেন নি, তাই দার্জিলিং সমস্যার সমাধান যেটা আগেই হতে পারতো তা দেরী হলো। এর কারণ হল, তাঁকেও কিছু কম্পালশানের মধ্যে, কিছু রাজনীতির মধ্যে দিয়ে চলতে হয়। তাই সময় লাগল আড়াই বছর একটা সেটেলমেন্টে আসতে। ঘটনা যখন ঘটেছিল আমি তখন ব্যক্তিগতভাবে দার্জিলিংয়ে ছিলাম। আমি তখন ওখানে রাজভবনে রাজ্যপাল উমাশংকর দীক্ষিতের সঙ্গে কথা বলেছিলাম। কার্শিয়াংয়ের বুকে সেদিন গুলি চলেছিল এবং জি.এন.এল.এফ-এর কর্মীকে পুলিশের গুলিতে হত্যা হতে হয়েছিল। বামপন্থী দল এখানে যাঁরা শাসন ব্যবস্থায় আছেন, তাঁদের আমলে বিভিন্ন জেলায় গুলি

চলেছে, কিন্তু এই গুলির মধ্যে একটা পার্থক্য ছিল। কার্শিয়াংয়ের বুকে যখন গুলি চলছিল, সেই সময়ে রাজ্যপাল কলকাতায় ফোন করেছিলেন। সবাই তখন বিষয়টি বুঝতে চেষ্টা করছিলেন— মুখ্যমন্ত্রী তখন সিঙ্গাপুরে ছিলেন— এই সমস্যার সমাধান কি ভাবে করা যায়। কেননা, সেদিন ওখানে যে ঘটনা ঘটেছিল তার সমাধানের জন্য একজন কমাণ্ডারের প্রয়োজন ছিল। আমাদের মুখ্যমন্ত্রী যদি সেই সময়ে কলকাতায় থাকতেন তাহলে ওখানে এই জিনিস, এই আন্দোলন যে ভাবে রূপ নিয়েছিল, আমি বিশ্বাস করি যে সেই ভাবে কখনও রূপ নিত না। আমরা তারপর দেখলাম যে, আমাদের প্রধানমন্ত্রী ওখানে গেলেন। এই প্রসঙ্গে একটা কথা বলতে গেলে — আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যা রিসেন্টলি বলেছেন তাঁর নিজের ইনটারভিউতে, তা গত দুদিন পত্রিকায় বেরিয়েছে। এবং তিনি সত্যি কথাই বলেছেন, তার জন্য আমরা তাকে বেশী প্রশংসা করছি। তিনি বলেছেন, ঘিসিং You see, whatever some of their leaders were saying, that in order to trouble the West Bengal Government let this thing go on - some Congress leaders I have heard here also, in West Bengal - that was not the attitude whenever I met Mr. Buta Singh or the Prime Minister আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে বুটা সিং বা প্রাইম মিনিষ্টারের সঙ্গে যতবার কথা বলেছি আমি দেখেছি তাদের এই এ্যাটিচুড নয়। পশ্চিমবঙ্গের কতিপয় ব্যক্তি কংগ্রেস নেতা চাইছিলেন এইসব আন্দোলন চলুক। প্রথম কথা আমি মুখ্যমন্ত্রীকে বলব তার পার্টির লোকেরা বলছেন খবরের কাগজে বেরিয়েছে যে দেওয়ালে লেখা হয়ে গিয়েছে— তারা বলেছেন কে নির্দেশ দিয়েছে তা এই অবস্থায় যখন রক্তাক্তভাবে রাজীব গান্ধীর নামগুলি আপনাদের সমর্থকরা রাস্তার রাস্তায় লিখতে লাগল, মুখ্যমন্ত্রী তখন কোন কথা বলেন নি, কিন্তু তাদের কথা এই কাগজে বেরিয়ে এল। রাজীব গান্ধী কখন এই মত প্রকাশ করেননি যার মাধ্যমে বোঝা যাবে পশ্চিমবঙ্গেতে ওরা গন্ডগোল চায়নি। আর তিনি এর সঙ্গে সঙ্গে বললেন কংগ্রেস নেতারা চাইছিলেন মাননীয় মুখ্যমন্ত্রী এখানে আছেন আমি তাকে একটা চিঠি দিয়েছিলাম, সেই চিঠি যখন সংবাদপত্রে পেলাম মুখ্যমন্ত্রীর রিএ্যাকশান পায়নি। কিন্তু কিছু নেতা আমাকে খুব গালাগালি দিল — আমি কি লিখেছিলাম, আমি যা লিখেছিলাম তার কয়েকটি সারাংশ মাননীয় স্পীকার মুখ্যমন্ত্রীকে একটা চিঠিতে লিখেছিলাম, আর কাগজে বেরুচ্ছে এক ইঞ্চি জমিও পশ্চিমবঙ্গ থেকে দেব না। আমি ভেবে ছিলাম সংবাদপত্রের সংবাদে যে, এক ইঞ্চি জমি কাকে দিচ্ছে — এই প্রশ্ন নিয়ে একটা চিঠি দিয়েছিলাম। এবং সেই চিঠিতে আমি লিখেছিলাম our stand that Bengal will not be divided and no Constitutional amemdment to give regional autonomy still stands. The geographical areas of the Hill Council and areas to be included in it is a matter to be negotiated and discused. আমরা মুখ্যমন্ত্রীকে অল পার্টি রেজলিউশানে ক্ষমতা দিয়েছিলাম, আমি চিঠিতে মুখ্যমন্ত্রীকে জানিয়েছিলাম আপনি ত্রিপুরার নির্বাচনে, পশ্চিমবঙ্গে ৮৭ সালে বিধানসভা নির্বাচনের সময়ে বলেছিলেন তার কম্পালসান হবে। আপনি ইনটারভিউয়ে বলেছিলেন ইলেকশনের সময়ে অনেক কিছু বক্তৃতা করতে হয় সেটা সংবাদপত্রে বেরিয়েছিল। এবং আপনি বলেছিলেন আমি এক ইঞ্চি জমি দিতে রাজী নই। আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম আপনি ত্রিপুরায় গিয়ে কেন বলবেন, আপনি কেন শিলিগুড়িতে ডি.ওয়াই.এফ-এর প্ল্যাটফর্মে বলবেন আপনি তো অল পার্টি নেগোশিয়েসানের দায়িত্ব পেয়েছিলেন। আপনাকে প্রশংসা করছি গত দুইমাসে আপনাদের যখন পলিটিক্যাল কম্পালসানে আর কিছু ছিল না whenever you have exercised maximum political advancement of the whole affairs আপনি দুই মাস ধরে নেতৃত্ব দিয়েছেন পশ্চিমবঙ্গে, আপনি ঠিক সঠিক কথাই বলেছিলেন— সাংবাদিকরা আপনাকে জিজ্ঞাসা করাতে আপনি

বলেছেন — কিছু জানিনা, বলব না। আপনি আজকে যে ষ্টেটমেন্ট দিয়েছেন এর জন্য আপনাকে প্রশংসা করছি যে, আপনি বলেছেন এটা অনেক কমপ্লিকেটেড ব্যাপার; ঐসব নিয়ে আমি অনেক সময় বিতর্ক এড়িয়ে গেছি। কিন্তু আপনার রাজনৈতিক স্বার্থে আপনি যতক্ষণ এগুতে পেরেছেন এগিয়েছেন বিধানসভায়। প্লেন পিপিল - সারা পশ্চিমবাংলায় মানুষ বুঝেছেন ওদের বিরুদ্ধে লড়াই করছে — ভোট পেয়ে জিতেছেন যে করে হোক— ত্রিপুরায় গিয়ে এই নির্বাচনী ভাষণ দিলেন কিন্তু আজকে গত দেড়, দুই মাস ধরে দেখতে পাচ্ছি আপনার সঠিক নেতৃত্ব যে কথা গত ২৭শে নভেম্বর একটা চিঠিতে জানিয়েছিলাম, তখন একটা কথা বলেছিলাম — মাননীয় সদস্য এখানে আছেন আমি তাকে সম্মান করি, কিন্তু এই হিল কাউন্সিলকে বাস্তবে রূপায়ণ করতে গেলে মেইনষ্ট্রিম অফ পলিটিকসের জি.এন.এল.এফ, লোককে নিয়ে আসতে গেলে, দার্জিলিংকে নিয়ে আসতে গেলে নূতন এই হিল-কাউন্সিল নির্বাচনের সঙ্গে সঙ্গে আপনাকে ঐ তিনটি বিধানসভা এলাকায় নির্বাচন করতে হবে। যেখানে ১০ পারসেন্ট ভোট নিয়ে তারা নির্বাচিত হয়েছিল। আমরা এটা কিজন্য বলছি, সেটা বুঝতে হবে। তাদের ব্যাপারে যদি আলোচনা করে ক্ষমতা না দিই, তাদেরকে যদি এখানে না আনি পরবর্তীকালে পশ্চিমবঙ্গের বিধানসভা তাকে গ্রহণ করবে না সেইজন্য আমরা আসামের চুক্তির পরে— চেয়েছিলাম— বিধানসভাকে ভেঙে দিয়ে সেখানে নির্বাচন করেছিলাম। হিতেশ্বর শইকিয়া আমাদের মুখ্যমন্ত্রী ছিলেন, সেই মুখ্যমন্ত্রী সমস্ত কিছু সামলে নিয়েছিলেন। কারণ রাজীব গান্ধী মনে করেছিল আবার নূতন করে মানুষের রায় নেওয়া দরকার। তাই আমরা নির্বাচিত সরকারকে ভেঙে দিয়ে নির্বাচন করেছিলাম।

**[4.10 - 4.20 p.m.]**

এটা কিন্তু দেশের প্রশ্ন, এটা মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির প্রশ্ন নয়। পশ্চিমবঙ্গের মধ্যে ওদের ধরে রাখতে হবে, সেজন্য পশ্চিমবঙ্গের বিধানসভায় তাদের নিয়ে আসতে হবে। ফেয়ার ইলেকশান করে যে জিতবে তাকে নিয়ে আসতে হবে। কিন্তু প্রথম পদক্ষেপ মুখ্যমন্ত্রীকে দেখাতে হবে, কারণ, তিনি বড়, তিনি এই রাজ্যের মুখ্যমন্ত্রী, এই রাজ্যের নেতা। তাই তাঁকে এই বিধানসভায় বলতে হবে যে জিতবে সে আসুক। একটা কথা মুখ্যমন্ত্রীর ষ্টেটমেন্টে পেলাম সুভাস ঘিসিং বলেছেন, তিনিও বলেছেন ওসব মানতে পারছি না, এই সম্বন্ধে মতপার্থক্য আছে। ডেভেলপমেন্ট ওরিয়েনটেশান-এর ব্যাপার নিয়ে ওদের মধ্যে মতভেদ আছে। আমার ঘরে যদি খাদ্য না থাকে, আমার শিশু যদি পড়তে না পারে, আজকে দার্জিলিং-এ ইংলিশ মিডিয়াম স্কুল ম্যাক্সিমাম হয়েছে, আজকে সেখানকার ছেলেরা গ্র্যাজুয়েট হবার পর বেকারত্বের জ্বালায় তারা বছরের পর বছর আন্দোলনমুখী হয়েছে, তদের প্রোভোকেশান দিয়ে মিসগাইড করা হয়েছে। সেখানে ডেভেলপমেন্ট হয়নি বলে আজকে দার্জিলিংয়ে এই সমস্যা। আমি বলছি ১১ বছরে মুখ্যমন্ত্রীর কি উচিত ছিল না ঐ অঞ্চলের ডেভেলপমেন্টের দিকে বেশী করে নজর দিতে? আপনার ইনটারভিউ-এ বলেছেন আমার ১৭টি জেলা আছে, তার মধ্যে চতুর্থ জেলা হল দার্জিলিং। আমি মুখ্যমন্ত্রীকে বলব দার্জিলিং ইজ ওয়ান ইন দি ওয়ার্লড, একটাই দার্জিলিং পৃথিবীতে রয়েছে। দার্জিলিং আমরা পেয়েছি পশ্চিমবঙ্গের সৌভাগ্য, সমুদ্র আমরা পেয়েছি পশ্চিমবঙ্গের সৌভাগ্য। এই দুটোকে নিয়ে আজকে আমাদের গর্ব। তাই দার্জিলিং-এর দিকে বিশেষ দৃষ্টি দেওয়া উচিত। আজকে বলতে বাধ্য হচ্ছি মাননীয় স্পীকার মহাশয়, গোয়াতে যান দেখবেন সেখানে বিদেশ থেকে চাটার্ড ফ্লাইটে ট্যুরিষ্ট আসছে। আজকে দার্জিলিং-এ যেতে গেলে ইনার পার্মিট লাগে বাগডোগরা এয়ারপোর্টে। মুখ্যমন্ত্রীর উচিত ছিল ১১ বছরে দার্জিলিং-এর উন্নয়নের দাবীতে ফাইট করার। আপনার সেই ফাইট হয়নি। আপনাদের ১১ বছরে ঐ অঞ্চলের উন্নয়ন হয়নি। আজকে একজন বাঙালী ছেলে হিসেবে জিজ্ঞাসা করি হাওড়া ষ্টেশনে দাঁড়িয়ে যখন দেখি দুধ ভর্তি এ্যানিমেল হাজব্যান্ড্রির গাড়ী

আনন্দ থেকে মহারাষ্ট্র থেকে আসছে তখন সেই দুধ ভর্ত্তি গাড়ী কি উত্তরবঙ্গ থেকে আসতে পারত না? এই ১১ বছরে শিয়ালদহ স্টেশনে কি উত্তরবঙ্গ অপারেশন মিল্ক এন্ড অপারেশন ফ্লাডে সাহায্য করতে পারত না? কিন্তু কে দেখবে, কে কি করবে, এই রাজ্যে কেউ নেই উন্নয়নের জন্য। আজকে সেই কারণে আপনাকে বলতে বাধ্য হচ্ছি যে দার্জিলিং সমস্যার সমাধান হচ্ছে, মুখ্যমন্ত্রী বলেছেন whatever is to be burnt, has been burnt! Our calculation is that Rs. 150 crores worth of property government and other property has been burnt. কিন্তু একটা কথা বলি ১৫০ কোটি টাকার সম্পত্তি পুড়েছে জানি, আপনাদের পদক্ষেপটা রাজনীতি না হয়ে যদি মুখ্যমন্ত্রী আজকে যে স্পিরিট দেখিয়েছেন সেই স্পিরিট ২ বছর আগে দেখাতেন তাহলে এই সমস্যার সমাধান হয়ে যেত। এই ১৫০কোটি টাকা নষ্ট হয়েছে মার্কসবাদী গভর্ণমেন্টকে পাওয়ারে আনতে। মুখ্যমন্ত্রীর দার্জিলিং বিল সই হবে, সমস্ত কিছু আজকে থেকে শুরু হল, দার্জিলিং বিলে কিন্তু শান্তি আসবে না।

শান্তি আসবে, কিন্তু সেটা নির্ভর করছে আগামীদিনে কি পদক্ষেপ নেওয়া হবে তার উপর। আজকে মুখ্যমন্ত্রীর উপর বিরাট দায়িত্ব এসে পড়েছে। সর্ব প্রথমে তাঁর পার্টিকে সামলাতে হবে এবং পশ্চিমবাংলায় ঐ অঞ্চলে কুকরি, ছুরি এবং রিভলবার এর যে কর্মকান্ড চলছে সেটা বন্ধ করতে হবে। মুখ্যমন্ত্রী যদি সমস্ত দায়িত্ব নিয়ে সি.পি.এম-এর ক্যাডারদের সামলাতে পারেন তাহলে শান্তি থাকবে না হলে এরপর আবার ওখানে গোর্খা ল্যান্ড হয়ে যাবে এবং দার্জিলিং-এ শান্তি থাকবে না। ওখানে শান্তি ফিরিয়ে আনার জন্য মুখ্যমন্ত্রীর উপর বিরাট দায়িত্ব এসে পড়েছে। এবারে মুখ্যমন্ত্রী চিন্তা করুন ওখানে শান্তি ফিরিয়ে আনতে তিনি পারবেন কি না? মুখ্যমন্ত্রী যদি নেতৃত্ব দেন এবং সেটা রিজনেবল হয় তাহলে আমরা আমাদের রক্ত মাংস দেব, এই অনুরোধ রেখে বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকার :** মিঃ পান্ডে আপনি বললেন পশ্চিমবাংলা পাহাড়, সমুদ্র পেয়েছে এটা পশ্চিমবাংলার সৌভাগ্য। পশ্চিমবাংলা আপনাকে যে পেয়েছে এটা পশ্চিমবাংলার সৌভাগ্য নয়?

**শ্রী এস. এম ফজলুর রহমান :** শ্রদ্ধেয় সভাপতি মহাশয়, ইংরেজীতে একটা কথা আছে অল ইজ ওয়েল হুইচ এনডস ওয়েল, দেশ বিভাগের সেই দিনটির কথা আজকে আমার মনে পড়ছে। আমি নদীয়া জেলার অধিবাসী। নদীয়া জেলার ৫টি মহকুমার মধ্যে ৩টি চলে গেল পূর্ব পাকিস্থানে এবং দুটি মহকুমা নিয়ে আমরা ঘর করতে শুরু করলাম। সেদিনের দৃশ্য ছিল নোনাজলে ভরা, কিন্তু আজকে যে অবস্থা দেখছি তাতে মনে হচ্ছে সেই নোনা জলের সাগর পার হয়ে নতুন তীর্থে আমরা প্রবেশ করার চেষ্টা করছি। দেশ বিভাগের সময় অনেক কথাই বলা যায় নি— দুর্বলতা, কাপুরুষতা হয়ত অন্তরায় হয়ে দাঁড়িয়েছিল, যাই হোক আজকে রাজীব গান্ধী এবং জ্যোতিবাবু নয়া বাংলা গড়ার চেষ্টা করছেন, নূতন দিগন্তের উম্মোচন হল, মানুষ দুঃখের সাগর পার হয়ে নবদিগন্তে অমৃতের আস্বাদন পাবার সুযোগ পেল। এ ব্যাপারে যাঁরা উদ্যোক্তা তাঁদের আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি, যে সমস্ত শিল্পীরা এই ইমারত গড়ে তোলার চেষ্টা করেছেন তাঁদেরও আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এতদিন ধরে হাজার হাজার নরনারী আতঙ্কে উম্মুখ হয়ে বসেছিল কখন কি হয়, কখন কি হয়। আজ তার অবসান হতে চলেছে। বর্তমানে আমার বয়স ৮৫ বছর, বাংলা যেদিন ভাগ হল সেদিন কি দারুণ দুঃখ, বেদনা পেয়েছিলাম ভাষা দিয়ে তা প্রকাশ করতে পারছি না। আজকে চোখের জল ফেলতে ফেলতে বলছি দেশটাকে ছিন্ন ভিন্ন করে দিয়ে বাংলাকে ভাগ করে আমাদের চরম সর্বনাশ ঘটানো হল। যাই হোক, আজকে আবার যে নববাংলা গড়ার চেষ্টা হচ্ছে এবং সেই কাজে যারা অংশ গ্রহণ করল সেই সমস্ত মনীষীরা আজকে নানাদিক থেকে শুভেচ্ছা এবং আশীর্বাদ পাচ্ছেন। আজকে যে নবদীগন্তের উম্মোচন হল সেই পথ ধরেই বাংলাকে বাঁচাতে হবে এবং এই পথে চলতে পারলে আমরা বৃহত্তর বাংলা গড়ার চেষ্টা করতে পারব।

**[4.20 - 4.30 p.m.]**

**শ্রী নির্মল কুমার বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এবং এই বিধানসভার নেতা যে দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল বিল, ১৯৮৮, যা এই সভায় উত্থাপন করেছেন আমি আমার দল ফরোয়ার্ড ব্লকের পক্ষ থেকে তাকে পরিপূর্ণভাবে সমর্থন করে কয়েকটি কথা নিবেদন করবো। তার পূর্বে একটু অপ্রাসঙ্গিক হলেও একটি কথা বলবো যে এই সভার অন্যতম প্রবীন সদস্য এবং আমাদের সকলের বিশেষ শ্রদ্ধাভাজন ব্যক্তি ফজলুর রহমন সাহেবকে ধন্যবাদ জানাই। তিনি এখানে বোধ করি একমাত্র কংগ্রেস সদস্য যিনি স্বাধীনতার আগেও কংগ্রেস করেছেন এবং এখনও কংগ্রেস করছেন। ১৫ আগষ্টের জ্বালা যন্ত্রনা তিনি ভুলতে পারেন নি। তাই তিনি বললেন যে সেদিন যে দেশ ভাগ হয়েছিল সেই ব্যাপারে তিনি স্বীকার করলেন যে জিন্না এবং জওহরলাল নেহেরুর নেতৃত্বে যে দেশ ভাগ করে পাশ করা হয়েছে। এই স্বীকৃতির জন্য আমি ফজলুর রহমান সাহেবকে বার বার সেলাম জানাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা জাতি বা মহাজাতির অন্তর্ভূক্ত অনেক ক্ষুদ্র ক্ষুদ্র জনগোষ্ঠী থাকে। তাদের শিক্ষা তাদের সামাজিক সংস্কৃতির বিকাশ তার মধ্য দিয়ে সমাজ এগিয়ে যায়— বিশেষ করে ভারতের মত দেশে যেখানে বহু ধর্ম, বহু জাতি বহু ভাষা বহু আচার বহু ধর্মের মানুষের দেশ। রবীন্দ্রনাথের ভাষায় ঐক্য হচ্ছে আমাদের মূল সংস্কৃতির সুত্র। অনেকে সেটা অস্বীকার করেন। আমাদের বামপন্থীরা বারে বারে এই কথা বলে এসেছেন যে আমাদের যাদের ভিন্ন ভাষার কারণে, ভিন্ন আচার [illegible] কারণে যাঁরা নিজেদের পৃথক মনে করেন তাদের স্বতন্ত্র বিকাশ হলেও সবাই আমরা এক। দার্জিলিংয়ে যে নেপালী গোষ্ঠী বাস করে তারজন্য তারা আঞ্চলিক সায়ত্বশাসন চেয়েছেন এবং এজন্য তারা আন্দোলন করেছেন। গণপরিষদ বলেছেন আমরা বিধানসভায় প্রস্তাব পাশ করেছি এবং সেই প্রস্তাব যদি কেন্দ্রীয় সরকার মেনে নিতেন তাহলে এই অবস্থা হোত না। তারা আজও এই জিনিষটা স্বীকার করে নিতে চান না। যদি স্বীকার করতেন তাহলে শুধু আজকে যে দার্জিলিং সমস্যা সমাধান হোত না নয়, সারা ভারতবর্ষে অন্যান্য যে এই রকম সমস্যা রয়েছে বিভিন্নভাবে তার সমাধান হয়ে যেতো। এই বিলকে আমি বিরাট পদক্ষেপ বলে মনে করি। আর একটা কথা আমি দাবী করছি শুধু নেপালী ভাষা শুধু মাত্র দার্জিলিংয়ে নয় পশ্চিমবাংলার অন্যান্য জেলায় যে সব নেপালীরা আছে এবং অন্য জায়গায় যেসব নেপালী আছে এবং অন্যান্য রাজ্যে যেমনয় উত্তরপ্রদেশে আসামে বিহারে তাদের জন্য নেপালী ভাষাকে সংবিধানের ৮ তপশীলে অন্তর্ভূক্ত করা হোক। এই দাবী সর্বসম্মত দাবী আমরা এই বিধানসভায় বার বার সবাই মিলে পাশ করেছি। কিন্তু এটা মানা হয় নি— মানলে ভাল হোত। আমরা দেখলাম আমাদের নেপালী ভাইদের মধ্যে কিছু কিছু বিপথগামী হয়েছেন। দেশের কিছু লোক এবং বিদেশের কিছু লোকের উস্কানীতে এই আন্দোলনকে ভিন্ন পথে নিয়ে গিয়েছিল। তারা প[illegible] থেকে একটা ভিন্ন রাজ্যের দাবী করেছিল। আমরা এই নিয়ে বার বার আলোচনা করেছিলাম কিন্তু কিছুই হয়নি। ২/৩ লক্ষ লোক নিয়ে একটা রাজ্য হয়? এবং তার চালানো কি সম্ভব হবে? তা কখনই চলতে পারে না। আজকে তারা সেই প্রস্তাব বর্জন করেছে। আজকে আমরা একটা মীমাংসার পথে উত্তীর্ণ হয়েছি। পার্বত্য পরিষদকে কেন্দ্র করে আলোচনা হচ্ছে। কেবলমাত্র দার্জিলিং তিন পার্বত্য অঞ্চল নয়— সমস্ত অঞ্চল ছিল ডেভেলপমেন্ট কাউন্সিল — পার্বত্য উন্নয়ন পরিষদ তাদের কোন আপত্তি নাই। কিন্তু এর মধ্যে গোর্খা শব্দটা যোগ হয়েছে এবং এর মধ্যে শিলিগুড়ির ১৪টি মৌজা যুক্ত হয়েছে।

এত কিছু কথা উঠেছে মাননীয় মুখ্যমন্ত্রী বারে বারে বলেছেন, বামফ্রন্ট কমিটিও বলেছেন, কেবল আমাদের ফরোয়ার্ড ব্লকের কথা নয়, সমস্ত বামপন্থী দল, বামফ্রন্টের সবাই বারে বারে বলেছেন, আমরা গোর্খা শব্দ চাই না। এতে অনেক জটিলতার সৃষ্টি হবে এবং পার্বত্য পরিষদ মানে

হচ্ছে ৩টি মহকুমা নিয়ে শিলিগুড়ি, যেটা মূলতঃ সমতল অঞ্চল, সেটা এর মধ্যে আসবে কেন? ডুয়ার্সের কথা বলা হয়েছে বারে বারে বলা হয়েছে. ডুয়ার্স নয়— ডুয়ার্সকে আটকানো গেছে। মাননীয় মুখ্যমন্ত্রী সর্বদলীয় সভায় বলেছেন, স্বরাষ্ট্রমন্ত্রী, প্রধানমন্ত্রীকেও বলেছেন যে, কেবল পশ্চিমবাংলা সরকার বা বামফ্রন্ট নয়, কংগ্রেস-সহ এখানকার সমস্ত রাজনৈতিক দলই এই 'গোর্খা' শব্দের বিরুদ্ধে এবং শিলিগুড়ি অঞ্চল দেবার বিরুদ্ধে। কিন্তু মীমাংসার জন্য আমরা 'গোর্খা' শব্দটা মানতে রাজি আছি। কিন্তু তারপরেও শিলিগুড়ির কয়েকটি অঞ্চল গেল। এটা না হলে ভাল হত। এই বিষয়ে আমাদের দল ফরোয়ার্ড ব্লকের বক্তব্য আমরা বলেছি। কিন্তু কি করা যাবে— থামাতে হবে তো। ২॥ বছর ধরে কত কি কান্ড ঘটেছে, কত রক্ত ঝরেছে, কত মানুষ অসীম সাহসে লড়াই করেছে এবং ৮০ জন মানুষ প্রাণ দিয়েছে। আমি তাদের প্রতি শ্রদ্ধা নিবেদন করি, বারে বারে সেলাম জানাই। চা শিল্প একান্ত প্রয়োজনীয়, মূল্যবান শিল্প। এই শিল্প বৈদেশিক মুদ্রা অর্জন করে। এই শিল্প তছনছ হয়ে গেছে। রাস্তাঘাট, বাড়ী-ঘর নষ্ট হয়ে গেছে। তাই একটা জায়গায় নিশ্চয়ই থামাতে হবে। মীমাংসার প্রয়োজনে একটা বোঝাপড়ার প্রয়োজন। একটা নতুন ইতিহাস সৃষ্টির প্রয়োজনে আমরা আমাদের গুরুতর আপত্তি সত্ত্বেও 'গোর্খা' শব্দ মেনে নিয়েছি। এবং শিলিগুড়ির কিছু অংশকে অন্তর্ভুক্ত করার বক্তব্যকে আমরা মেনে নিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে কেন্দ্রীয় সরকার-এর ব্যবস্থামত চুক্তি হল। কেন্দ্র থেকে স্বরাষ্ট্রমন্ত্রী ছুটে এলেন। মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে সুভাষ ঘিসিং চুক্তি করলেন। এটা যদি ২-২॥ বছর আগে মেনে নিতেন এবং আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে পার্বত্য পরিষদের যে বক্তব্য বারে বারে বলা হয়েছে তাহলে এই মীমাংসা ২-২॥ বছর আগেই হয়ে যেত, এত মানুষ মারা যেত না, এত জল বয়ে যেত না, এত কান্ড হত না। কেন্দ্র মানেন নি, করেন নি। তাই এর জন্য কেন্দ্রীয় সরকারই দায়ী। তাই আজকে আরো কিছুটা আপোষ করতে হল, গোর্খা শব্দ মানতে হল, শিলিগুড়ির কিছু অংশ দিতে হল এবং তার ফলে ভবিষ্যতে হয়ত কিছু জটিলতা দেখা দিতে পারে। এমনটিও হতনা, যদি না কেন্দ্র থেকে উস্কানি দিতেন। আজকে পার্বত্য পরিষদ হল, ভাল কথা সুভাষ ঘিসিং যখন পৃথক রাজ্যের দাবীতে সোচ্চার ছিলেন তখন কেন কেন্দ্রীয় সরকারের সামরিক প্লেনে চেপে সুভাষ ঘিসিং বাগডোগরা থেকে পাটনা হয়ে বারে বারে দিল্লী যাতায়াত করতেন? তখন কেন বারে বারে ওদের সঙ্গে সাক্ষাৎ করতেন? তাহলে কি তাদের প্রচ্ছন্ন সমর্থন ছিল? দিল্লীতে হিংসাত্মক কার্যকলাপ দমন করার জন্য যে পরিমান সি.আর.পি রেখেছেন রাজ্য সরকারের যা দরকার ছিল, তা তারা দেননি। রাজ্য সরকারের সঙ্গে যদি সহযোগিতা করতেন তাহলে রাজ্য সরকার এমন একটা অবস্থা সৃষ্টি করতে পারতেন যাতে করে এইগুলির আর দরকার হত না। এ সব এখন ইতিহাসের কথা। এখন আমরা এইগুলি ভুলে যেতে চাই। দার্জিলিং-এ এখন একটা নতুন অধ্যায় সৃষ্টি হতে চলেছে, এই পার্বত্য পরিষদ বিল পাশ হবার পরে এবং আমরাও চাই দার্জিলিং-এ শান্তি ফিরে আসুক। দার্জিলিং-এ উন্নয়নের গতিটা কিছু বাধাপ্রাপ্ত হয়েছে। আবার নতুন করে উন্নয়ন শুরু হোক। কিন্তু আমাদের কার্শিয়াং এর মাননীয় সদস্য এইচ বি রাই বলেছেন যে, সেখানে এখনো হিংসাত্মক কাজ চলেছে কারা করছে, আমরা জানি না। জি.এন.এল.এফ করছে, না অন্য কেউ করছে, সেটা আমরা জানি না। সুভাষ ঘিসিং-এর নিয়ন্ত্রণ তাদের উপর আছে কিনা আমরা জানি না। কয়েকদিন আগে তার নিজের প্রাণও বিপন্ন হয়েছিল, তাকে মেরে ফেলবার চক্রান্ত হয়েছিল। কঠোরভাবে এইগুলিকে নিয়ন্ত্রণ করতে হবে। আমরা চাই, সুভাষ ঘিসিং এই কাজ করুন। আমার জেলার এলাকা ডুয়ার্স অঞ্চল, এখন অগ্নিগর্ভ অবস্থায় রয়েছে এর জন্য দায়ী কে? জি.এন.এল.এফ নেতা সুভাষ ঘিসিং নিজে বলেছেন, ডুয়ার্স চাই। ডুয়ার্সে কি নেপালীরা বসবাস করে? সেখানে অল্প কিছু নেপালী বাস করে। চাইলেই হল। এটা পার্বত্য এলাকা নয়। দার্জিলিং জেলার পাশ দিয়ে সামান্য ২/৪টি পাহাড় আছে। এখানে যারা আছেন তাদের অনেকেই ডুয়ার্সে গেছেন। সেখানে পাহাড় আছে,

নদী আছে, চা বাগান আছে, কিন্তু পার্বত্য এলাকা তো নয়। সেটা পার্বত্য পরিষদে যাবে কেন? বললেই হল। সিদ্ধার্থ রায়ের আমল থেকে ছিল ডেভলপমেন্ট কাউন্সিল আছে। ডুয়ার্স কোনদিন পার্বত্য এলাকার মধ্যে ছিল? আজকে এই সব কথা উঠছে। আজকে ডুয়ার্সকে যুক্ত করার জন্য তারা চেষ্টা করছেন। চুক্তি হবার পরেও সেখানে কিছু লোক চক্রান্ত করছেন, সভা করছেন, প্রস্তাব করছেন। হিংসাত্মক কাজ সেখানে হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী খুব সঙ্গত কারণেই বলেছেন যে, দার্জিলিং-এ ২।। বছর ধরে এত কান্ড হয়েছে, শিলিগুড়ি অঞ্চল শান্ত ছিল। শিলিগুড়ির জনসাধারণ যে সংযমের পরিচয় দিয়েছেন তার জন্য আমি তাদের অভিনন্দন জানাই। জলপাইগুড়ি শহরের জনগনও এই অভিনন্দনের যোগ্য। কয়েকদিন আগে চেল নদীর জল মাপবার সময় জলপাইগুড়ি শহরের দুটি অল্প বয়স্ক ছেলে খুন হয়ে গেল। রাতের অন্ধকারে তাদের পুড়িয়ে মেরে ফেলা হল নৃশংশভাবে। তাদের মৃতদেহ জলপাইগুড়ি শহরে এলে চাঞ্চল্যের সৃষ্টি হল। ওখানে ১৫০০ উপর নেপালী আছে, কোন গোলমাল হয়নি। জলপাইগুড়ির যুবকেরা যে সংযমের পরিচয় দিয়েছে তার জন্য আমি তাদের অভিনন্দন জানাই।

**[4.30 - 4.40 p.m.]**

এইভাবে আমাদের মোকাবিলা করতে হবে। আজকে ডুয়ার্সে যারা গোলমাল বাঁধাবার চেষ্টা করছে এবং ডুয়ার্সকে পার্বত্য পরিষদের সঙ্গে যুক্ত করতে বলছে তারা জি.এন.এল.এফ-এর লোক বলে পরিচিত। সুভাস ঘিসিং চুক্তি স্বাক্ষরের কয়েকদিন আগে বলেছিলেন, 'ডুয়ার্সকে অন্তর্ভূক্ত না করে ভুল করলেন, সেখানে গন্ডগোল হবে।' সেদিন রাজভবনে চুক্তি স্বাক্ষরের পরে আমি সুভাষবাবুকে বলেছিলাম, সুভাষবাবু আপনার সেখানে যাওয়া দরকার কারণ এরা আপনার দলের লোক বলে পরিচিত, এরা গোলমাল করছে, মানুষ খুন করছে, আপনি সেখানে যান। প্রশাসন তৎপর আছেন, সেখানকার বামপন্থী দলের লোকরা, চা বাগানের ট্রেড ইউনিয়নের কর্মীরা তৈরী আছেন, তারা লড়ছেন, লড়বেন তবে তার সঙ্গে সঙ্গে আমারা আশা করবো, দার্জিলিং-এ যদি আজকে আপোষের মধ্যে একটা নতুন অধ্যায়ের সৃষ্টি করতে হয় তাহলে সুভাষ ঘিসিংকে সে দায়িত্ব নিতে হবে। ডুয়ার্সে কোন গোলমাল আমরা হতে দেব না। তারপর আর একটি কথা বলতে চাই যে, দার্জিলিং-এ যে ক্ষতি হয়েছে চা-শিল্পের, ঘরবাড়ী ইত্যাদির তারজন্য কেন্দ্রীয় সরকারকে ক্ষতিপূরণ দিতে হবে। কেন্দ্রীয় সরকারের উস্কানিতে যারা গোলমাল করেছিল তাদের জন্যই এইসব কান্ড কারখানা হয়েছে। কেন্দ্রীয় সরকারের অব্যবস্থায় জন্যই এই কান্ড হয়েছে অতএব সেখানে লোকজনদের পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় সরকারকেই টাকা দিতে হবে এবং তাদেরই এই দায়িত্ব নিতে হবে। স্যার, এখানে কংগ্রেসের সদস্য যাঁরা বললেন তাঁদের মধ্যে ফজলুর রহমান সাহেবের কথা আলাদা কিন্তু তিনি ছাড়া আর দুজন বক্তা তাঁদের দল থেকে বললেন তাঁরা যে কি বললেন বুঝতে পারলাম না। তাঁরা কি বিল নিয়ে বললেন? তাঁদের বক্তব্য শুনে মনে হল কেন্দ্র বলে দিয়েছে বিলকে সমর্থন করতে হবে তাই তাঁরা তা করলেন কিন্তু তাঁরা মনে প্রাণে চান না যে পশ্চিমবাংলায় শান্তি থাক, তাঁরা চান, পশ্চিমবাংলায় গোলমাল জিইয়ে থাক এবং তাই তাঁরা বিলের ধারে কাছে গেলেন না, অন্য সব কথা বলে গেলেন। সাধন পান্ডে মহাশয় উত্তরবঙ্গের উন্নয়নের কথা বললেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি, স্বাধীনতার ৪১ বছরে কেন্দ্রীয় সরকার একটি কারখানাও কি করেছে উত্তরবঙ্গে? গত বিধানসভার নির্বাচনের সময় প্রধানমন্ত্রী শ্রী রাজীব গান্ধী মহাশয় সৈখানে দুবার গিয়েছিলেন এবং অনেক প্রতিশ্রুতি দিয়েছিলেন তিনি বলেছিলেন, পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান ডঃ মনমোহন সিং সেখানে যাবেন। আজ পর্যন্ত গিয়েছেন কেউ? কেন্দ্রের হাতে টাকা আছে, ক্ষমতা আছে কিন্তু উত্তরবঙ্গের জন্য তারা কিছু করেন নি আজ পর্যন্ত। মহারাষ্ট্র, কর্নাটক, গুজরাটে হয়েছে, উত্তরপ্রদেশে তো ঢালোয়াভাবেই চলছে

কিন্তু উ[illegible] ৫টি জেলাতে হয়নি। তাই আজকে কংগ্রেসী সদস্যদের বলব, এখানে উত্তরবঙ্গের জন্য কান্নাকাটি না করে প্রধানমন্ত্রীর কাছে যান, তাঁকে বলুন যেন উত্তরবঙ্গের জন্য কিছু করা হয়। পরিশেষে বলব, দার্জিলিং সহ উত্তরবঙ্গের উন্নতি যদি তাঁরা চান তাহলে তারজন্য আন্দোলন করুন। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, ১৯৮৬ সালের প্রথম থেকে দার্জিলিং পার্বত্য এলাকায় জি.এন.এল.এফের নেতৃত্বে পৃথক গোর্খাল্যান্ড রাজ্য গড়ে তোলার জন্য সেখানে যে আন্দোলন হয়েছিল সেই আন্দোলনের পরিণতিতে বহু সম্পত্তির ক্ষতি হয়েছে এবং বহু প্রাণহানি ঘটেছে। সেই পরিস্থিতিতে এই রাজ্যের সমস্ত শুভবুদ্ধিসম্পন্ন মানুষ উদ্বিগ্ন ছিলেন। ত্রিপাক্ষিক বৈঠক এবং চুক্তির মধ্যে দিয়ে গত ২২ শে আগষ্ট সেই সমস্যার সমাধানে এক পদক্ষেপ গৃহীত হয়েছে। সেইজন্যই এই দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ বিল প্রণয়ন করা হয়েছে এবং তারই ফলশ্রুতিতে বিধানসভার বিশেষ অধিবেশন ডাকা হয়েছে সেই বিলকে অনুমোদন করার জন্য। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সেই বিল এখানে উপস্থাপিত করেছেন। স্যার, আমি আমার দলের পক্ষ থেকে এই বিলকে সমর্থন জানাচ্ছি। তার কারণ এর দ্বারা অন্ততঃ আপাতত হলেও দার্জিলিং পার্বত্য এলাকার যে উত্তেজনাকর পরিস্থিতি তা প্রশমিত হবে। কিন্তু সঙ্গে সঙ্গে একথা বলবো যে এই পথ, দার্জিলিংয়ের পার্বত্য এলাকায় স্থায়ী শান্তি ফিরিয়ে আনার পথ নয়। কারণ যে আশঙ্কা সকলে করছেন যে আবার এই সমস্যা দেখা দিতে পারে। ফলে স্থায়ী ভাবে যদি আমরা শান্তি চাই, স্থায়ী ভাবে যদি সমস্যার সমাধান করতে চাই তাহলে যেটা সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ সেটা হচ্ছে পাহাড় এবং সমতল এলাকার মানুষদের ঐক্যবদ্ধ আন্দোলন। এটা ছাড়া সমস্যার স্থায়ী সমাধান সম্ভব নয়। আপনি জানেন যে শুরুতে ওখানে যখন আন্দোলন হয়েছিল এই জি.এন.এল.এফ-এর নেতৃত্বে তখন আমরা আমাদের দলের পক্ষ থেকে প্রস্তাব রেখেছিলাম যে নেপালী ভাষাভাষী মানুষ, পার্বত্য এলাকার মানুষ, তাদের যে সমস্যাগুলি আছে সেই সমস্যাগুলির সমাধান কল্পে পাহাড় এবং সমতল ভূমির মানুষকে ঐক্যবদ্ধ করে ঐ সমস্যাগুলির পাশে দাঁড়িয়ে যদি আন্দোলনের সামিল করা যায় যদি রাজনৈতিক ভাবে সমস্যার মোকাবিলা করা যায় তাহলে এই সমস্যার সমাধান হতে পারে এবং তাহলে কোন জাতীয়তাবাদ বিরোধী বা বিচ্ছিন্নতাবাদী শক্তি এখানে জায়গা করতে পারবে না। কিন্তু দুর্ভাগ্যের বিষয় আমাদের সেই প্রস্তাবে কর্ণপাত করা হয়নি। এই সমস্ত জিনিসটা আইন-শৃঙ্খলার সমস্যা হিসাবে অত্যন্ত আমলাতান্ত্রিক কায়দায় রাজনৈতিকভাবে মোকাবিলা করার চেষ্টা না করে দমনপীড়ান মূলক শক্তির সাহায্যে এই সমস্যার মোকাবিলা করা হয়। এর ফলশ্রুতি হিসাবে এই বিচ্ছিন্নতাবাদী শক্তি জায়গা করে নিতে পেরেছে এবং এরই ফলশ্রুতি হিসাবে আজকে একটা পর্যায়ে সেই শক্তির কাছে আত্মসমর্পন করতে হল। আজকে মূল কারণ হচ্ছে এই জায়গায়। আজকে এই যে গোর্খা পার্বত্য পরিষদ বিল, এই বিলের ব্যাপারে যে সর্বদলীয় বৈঠক হয় সেখানেও আমাদের দলের পক্ষ থেকে আবারও প্রস্তাব রাখা হয় যে আগামীদিনে সমস্যা সমাধানকল্পে এই ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার জন্য। ওখানে নেপালী ভাষাভাষী মানুষের কথা যেটা মুখ্যমন্ত্রী বললেন, এটাতো ফ্যাক্ট নয়, এটা ঘটনা নয়। সত্যি তাদের ডেভলপমেন্টের সমস্যা আছে, নেপালী ভাষাভাষী মানুষের সমস্যা আছে, দার্জিলিংয়ে শিল্পায়নের প্রশ্ন আছে। অতীতে কংগ্রেস সরকার এগুলি করেনি এবং তার পরবর্তী পর্যায়েও সেইভাবে তাদের শিল্পায়নের প্রচেষ্টা করা হয়নি। এটা তো অস্বীকার করা যায় না। ফলে তাদের মধ্যে কতকগুলি গ্রিভান্স আছে এবং নেপালী ভাষাভাষী প্রশ্নে তাদের যে বিষয়গুলি আছে সেগুলি নিয়ে সহানুভূতির সঙ্গে তাদের পাশে দাঁড়িয়ে পাহাড় এবং সমতলভূমির মানুষকে ঐক্যবদ্ধ ভাবে যদি আন্দোলনে নামান হয় তাহলে এটা সমাধান করা যায়। কিন্তু সেই জায়গায় আমরা এগিয়ে

যাচ্ছি না। আজকে সমস্যাটা এই জায়গায়। কাজেই আজকে রাজনৈতিকভাবে বিষয়টি মোকাবিলা করার প্রশ্ন আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এটা বুঝতে হবে। এই নেপালী ভাষাভাষী মানুষের গভীরে যেতে হবে এবং আমাদের নেতৃত্বের উইসডমের পরিচয় দেওয়া দরকার। এই নেপালী ভাষাভাষী মানুষেরা দীর্ঘদিন ধরে তাদের সারল্য নিয়ে অন্যান্য সম্প্রদায়ের মানুষের সঙ্গে ঐক্যবদ্ধ ভাবে বসবাস করেছে। তাদের মধ্যে তো কোনদিন এই প্রশ্ন আসেনি। এই প্রশ্ন তাদের মধ্যে কি করে এল? কে তুলে দিল যে ভারতবর্ষের গোটা দরিদ্র ভারতবাসীর সমস্যা, আর নেপালী ভাষাভাষী গরীব মানুষের সমস্যা এক এবং অভিন্ন নয়? তাদের সমস্যা আলাদা ভাবে সমাধান করতে হবে এই চিন্তা তাদের মধ্যে কে ঢোকালো? আজকে প্রশ্ন হচ্ছে যে কারা এর সুযোগ নিচ্ছে? এটা ঠিক যে আজকে পুঁজিবাদের অসম বিকাশ হচ্ছে। সেখানে পার্বত্য এলকায় দরিদ্র মানুষের যন্ত্রণা হয়ত সমতল ভূমির মানুষের যন্ত্রণা থেকে একটু বেশী। কিন্তু এই সমস্যা সমাধান কি পৃথক গোর্খাল্যান্ড, গোর্খা রাজ্য গঠনের মধ্যে দিয়ে হবে? এই পুঁজিবাদী ব্যবস্থার মধ্যে যে শোষণ, নিষ্পেষণ হচ্ছে এটাই হচ্ছে দুঃখ যন্ত্রণান মূল কারণ। সেই পুঁজিবাদী কাঠামোর মধ্যে একটা পৃথক গোর্খা রাজ্য গঠনের মধ্যে দিয়ে কি তার সমস্যার সমাধান করা যাবে?

**[4.40 - 4.50 p.m.]**

তাহলে আমি তাঁদের কাছে প্রশ্ন রাখতে চাই, আজকে বিভিন্ন ভাষাভাষি গোষ্ঠী, তাদের যে রাজ্যগুলো গড়ে উঠেছে, তাকিয়ে দেখুন আসামের দিকে , তাকিয়ে দেখুন মেঘালয়ের দিকে, তাকিয়ে দেখুন অরুণাচলের দিকে,সেখানকার দরিদ্র মানুষের কোন সমস্যার সমাধান হয়েছে? ফলে প্রশ্নটা এই ভাবে নয়, বিষয়টা হচ্ছে যে আজকে সমস্ত নিপীড়িত মানুষ. শোষিত মানুষ, সেখানে ভাষা, বর্ণ, অঞ্চল, নির্বিশেষে সমস্ত নিপীড়িত মানুষ তাদের শিক্ষার দাবী নিয়ে, তাদের চাকরির দাবী নিয়ে, তাদের সংস্কৃতির দাবী নিয়ে, তাদের মূল্যবৃদ্ধি, তাদের সমস্ত সমস্যার দাবী নিয়ে, তাদের কৃষি, সমস্ত দাবী নিয়ে ঐক্যবদ্ধভাবে দলমত, বর্ণ, ধর্ম, নির্বিশেষে সমতল পার্বত্য এলাকার মানুষ নির্বিশেষে ঐক্যবদ্ধ ভাবে এই যে শোষণ ব্যবস্থা, যা জগদ্দল পাথরের মত আমাদের উপর চেপে আছে, আজকে তার বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার পথে, সেই শোষন ব্যবস্থাকে উৎখাত করার পথে সাধারণ মানুষের মুক্তি আসবে। মুক্তির প্রশ্নটা সেখানে লুকিয়ে আছে। ফলে এই যে পলিটিক্যাল, রাজনৈতিক ভাবে বিষয়গুলোকে সেই চেতনার জায়গায় নিয়ে যাবার যে চেষ্টা, রাজনৈতিকভাবে মোকাবিলা করবার চেষ্টা, সেই জিনিসটা করা হয়নি। সমস্ত জিনিসটাকে একটা আমলাতান্ত্রিক কায়দার আইনশৃঙ্খলার সমস্যা হিসাবে দেখা হয়েছে। ফলে আজকে এই জায়গায় মূল প্রশ্ন, এই মূল প্রশ্নটার জায়গায় যদি ধরতে না পারি, তাহলে আগামী দিনে আবার এই সমস্যা দেখা দেবে এবং ভারতবর্ষের এই সংকটগ্রস্ত পুঁজিবাদ, এই পুঁজিবাদী ব্যবস্থার যারা রক্ষক, ধারক বাহক, তারা তাদের সঙ্কটগ্রস্থ পুঁজিবাদী ব্যবস্থাকে রক্ষা করার জন্য বারবার আঞ্চলিকতাবাদ, বিচ্ছিন্নতাবাদ, এই সমস্ত মানসিকতা, এইগুলোর পেছনে তারা মদত দেবার চেষ্টা করবে, সুযোগ নেবার তারা চেষ্টা করবে। কিন্তু আমরা যারা বিপ্লব চাই, আমরা যারা মুক্তি চাই, আমরা যারা শোষণের হাত থেকে মুক্তি চাই, আজকে সেই জায়গায় তাদের সেই রাজনৈতিক চেতনাটাকে যদি জাগাতে না পারি, তাহলে আমরা যদি সেই একই দৃষ্টিভঙ্গী থেকে বিষয়গুলোকে মোকাবিলা করবার চেষ্টা করি, তাহলে সমস্যার সমাধান করা যাবে না। ফলে আজকে এই রকম একটা মুহূর্তে আমরা জানি অতীতের যে সংকীর্ণ ভোটের রাজনীতির স্বার্থে কী ভাবে এই সমতল ভূমির মানুষকে পার্বত্য এলাকার মানুষের বিরুদ্ধে, পার্বত্য এলাকার মানুষকে সমতল এলাকার মানুষের বিরুদ্ধে সংকীর্ণ ভোটের রাজনীতির স্বার্থে ব্যবহার করা হয়েছে এবং তার সুযোগ নিয়েছে বিচিছন্নতাবাদী শক্তি এবং তার মূল্য আজকে গুনে গুনে দিতে হচ্ছে। ফলে আজকে

এটাই প্রশ্ন, এদিক থেকে আমি বলবো যে এই বিল আমরা সমর্থন করছি, কিন্তু এটা সমাধানের, স্থায়ী শান্তি আনার পথ নয়। এর সমাধানের পথ রাজনৈতিক ভাবে বিষয়টাকে মোকাবিলা করতে হবে। এর সমধানের পথ সেখানকার যে সমস্যা - আমরা জানি যে দার্জিলিং পার্বত্য এলাকায় শিল্পোন্নয়নের প্রশ্ন সেখানে আজও স্বাধীনতার পর, সেখানে একটা বড় শিল্প গড়ে ওঠেনি, সেখানকার খরস্রোতা নদীগুলোকে ভিত্তি করে খানিকটা বিদ্যুৎ সৃষ্টি করাবার চেষ্টা করা হয়েছে, তাছাড়া সেখানকার বনজ সম্পদ, পর্য্যটন শিল্প, এর উপর নির্ভর করে এবং চা বাগান, এই শিল্পের উপর নির্ভর করে দার্জিলিং এলাকার মানুষদের অর্থনৈতিক ভিত রয়েছে। অথচ আজকে দেখুন, সেখানে কী ভাবে অবহেলিত হয়েছে, যে চা ভারতবর্ষের মধ্যে বিখ্যাত দার্জিলিংয়ের চা সেই চা শিল্প আজকে সেখানে মরতে বসেছে, যে বনজ সম্পদ একটা মস্তবড় সম্পদ, সেটা ধ্বংস হয়ে যাচ্ছে। ফলে এই বিষয়গুলো দেখতে হবে সহানুভূতির সঙ্গে। আর নেপালী ভাষার প্রশ্ন, যেটাকে অষ্টম শিডিউলে ঢোকানোর ব্যাপারে কেন্দ্র টালবাহানা করছে, তাকে অষ্টম শিডিউলে অন্তর্ভূক্ত করছে না। সেই নেপালী ভাষাকে অষ্টম তপশীল ভুক্ত করার জন্য তাদের সেই দাবীকে যাতে কেন্দ্রীয় সরকার সহানুভূতির সঙ্গে দেখে, আমাদের রাজ্য সরকারের তরফ থেকে সেই বিষয়ে চেষ্টা করতে হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রীর দ্বারা আজকে এখানে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ বিলটি উত্থাপিত হয়েছে। আমি বিলটিকে সর্বান্তকরণে সমর্থন করছি। আমরা সবাই জানি গত ২২ তারিখ কি অবস্থার মধ্যে ত্রিপাক্ষিক চুক্তি হয়েছে এবং সেটা আজকেও মাননীয় মুখ্যমন্ত্রী পরিস্কারভাবে বর্ণনা করেছেন। একথা ঠিকই যে, আমরা কেউ এই বিলের মধ্যে 'গোর্খা' শব্দের সংযোজন চাই নি। 'গোর্খা' শব্দটি এর মধ্যে আসা উচিত নয়। একথা আজকেও আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন। পার্বত্য পরিষদের নামের মধ্যে এটা কখনই আসা উচিত নয়, এ বিষয়ে আমরা সবাই একমত ছিলাম এবং আমরা কেউ এটা চাই নি। এটা অনৈতিহাসিকও বটে। দার্জিলিং পার্বত্য এলাকার জনসমষ্টির বিভাজন যা তাতে সেখানে গোর্খা ছাড়াও আরো বহু জনগোষ্ঠী আছে। এখানে 'গোর্খা' শব্দটিকে 'নেপালী'-র প্রায় সমার্থক শব্দ হিসাবে বিবেচনা করা হচ্ছে এবং আমার মনে হয় এতে খানিকটা ভ্রান্তি ঘটেছে। কিন্তু কি অবস্থায় 'গোর্খা' শব্দটি সংযোজন করা হয়েছে? বিষয়টি যাতে কোন ব্রেকিং পয়েন্টে না যায় সেদিকেই লক্ষ্য রেখেই এটা করা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ও সেটা বলেছেন। সেদিকে লক্ষ্য রেখেই এটা আমাদের সকলকে গ্রহণ করতে হয়েছে এবং আমরা সবাই এটাকে সমর্থন করেছি। নীতিগতভাবে এবং পলিসি-গতভাবে নতুন কিছু এলাকাও এর মধ্যে এসেছে। শিলিগুড়ি মহকুমার ১৩টি মৌজা এর মধ্যে এসেছে। এ বিষয়ে আমি ব্যক্তিগতভাবে জানি যে, যে আট হাজার জনসংখ্যার কথা বলা হচ্ছে সেই টোটাল আট হাজার জনসংখ্যার মধ্যে সাড়ে সাত হাজারই বলা যায় নেপালী ভাষাভাষী মানুষ। অর্থাৎ যাদের গোর্খা বলা হচ্ছে সেই গোর্খা সম্প্রদায় ভুক্ত মানুষ। ঐ এলাকা গুলি পার্বত্য অঞ্চলের লাগোয়া এলাকা। আমরা চাই নি শিলিগুড়ি মহকুমার কোন থানা এলাকা - সে নকশালবাড়িই হোক বা অন্য কোন থানাই হোক — পার্বত্য পরিষদের মধ্যে সংযুক্ত হোক। এই সংযোজন আমরা চাই নি। কিন্তু এক্ষেত্রে আমাদের সবচেয়ে বড় বিবেচ্য বিষয় হচ্ছে, দার্জিলিং পাহাড়ী এলাকায় যে বিপর্যয় ঘটে চলেছে সেই বিপর্যয়ের হাত থেকে দার্জিলিং পাহাড়ী এলাকার সাধারণ অধিবাসীদের বাঁচান এবং সঙ্গে সঙ্গে বিপথগামী শক্তি শিলিগুড়ি এলাকায়, ডুয়ার্স এলাকায় যাতে আর মাথা-চাড়া না দিতে পারে এবং ইতিমধ্যে যে সমস্ত অরাজগতা সৃষ্টির চেষ্টা হয়েছে বা হচ্ছে তা যাতে বন্ধ হয়ে যায় তার জন্য একটা পরিবেশ সৃষ্টি করা। সুতরাং ঐ রকম অবস্থা ছিল বলেই আজকে এই চুক্তি হয়েছে। অর্থাৎ দার্জিলিং পাহাড়ী এলাকায় যে অশান্তি চলছিল সেই অশান্তি বন্ধ করার জন্যই এই চুক্তি এবং এর সঙ্গে সঙ্গে ডুয়ার্স এবং তরাই এলাকায়

জি.এন.এল.এফ বা জি.এন.এল.এফ-এর ভলানটিয়ার সংগঠন যে অশান্তি সৃষ্টি করছে তা বন্ধ করা। তারা জায়গায় জায়গায় সন্ত্রাস সৃষ্টি করছে, খুন-খারাপি করছে। পার্টিগতভাবে আমাদের বহু নেপালী কমরেড খুন হয়ে গেছেন। আমি সেই লম্বা তালিকার কথা এখানে উল্লেখ করছি না। সময় স্বল্প তাই সেগুলির আমি বিস্তারিত উল্লেখ করছি না। যেমন আমাদের কমরেড দশরথ ভোক্তা, ডিমা সেক্রে, কৃষ্ণ বাহাদুর প্রধান পানা - ফরেষ্টে মারা গেছেন। জয় বর্ধন প্রসাদ, ২ নং কাঙ্খা কাথি, দলসিং-এ খুন হয়েছেন। ভোটাঙ্গে জাড্ডা, জগৎ বাহাদুর, মোক্তান, প্রেমলাল থাপা রায়, মাটাংগে খুন হয়েছেন। এরকম আমাদের বহু কর্মীকে খুন করা হয়েছে। পার্টিগতভাবে পাহাড়ে সিপিএম-এর বহু কর্মী ও সমর্থককে খুন করা হয়েছে। দার্জিলিং পাহাড়ী এলাকায় আমাদের পার্টি সংগঠন খুব একটা শক্তিশালী নয়, সেখানে সিপিএম-এর বহু কর্মী সমর্থককে খুন করা হয়েছে। তাদের ওপর অকথ্য অত্যাচার চালান হয়েছে। সঙ্গে সঙ্গে আমাদের কর্মী সমর্থকদের ওপরও অকথ্য অত্যাচার নেমে এসেছে। অকথ্য সাংঘাতিক সন্ত্রাসের মধ্যে দিয়ে আমাদের বামপন্থী কর্মী সমর্থকদের চলতে হয়েছে।

**[4.50 - 5.00 p.m.]**

সেখানে অত্যাচার হয়েছে, জখম হয়েছে। ডুয়ার্সেও কিছু কিছু জায়গায় সেইরকম ধরণের হয়েছে। সুতরাং যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে সেই চুক্তির বুনিয়াদের উপর দাঁড়িয়ে যে বিল আজকে এই হাউসে উপস্থাপিত হয়েছে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ নামে যে সিদ্ধান্ত নেওয়া হল তাকে আমি নিশ্চয়ই সমর্থন জানাচ্ছি। এই সিদ্ধান্তকে কার্যকরী করার দিকে আমাদের এগুতে হবে। আমরা সবাই একটি কথা বলে থাকি, যার শেষ ভাল তার সব ভাল। এই পার্বত্য পরিষদ গঠনের ফলে সেখানে আজকে শান্তি প্রতিষ্ঠিত হবে। সেখানকার সাধারণ মানুষের উপর যে সুবিচার সেই সুবিচারের ধারা যদি নূতন করে গড়ে তুলতে পারি তাহলে নিশ্চয়ই আমরা অনেকদূর এগিয়ে যেতে পারি। কিন্তু সেখানে একটা সংশয় থেকে যাচ্ছে। সেখানকার জি.এন.এল.এফ নেতৃত্ব ভাগাভাগি হয়ে যাচ্ছে। জি.এন.এল.এফ সংগঠনের মধ্যে ভাঙচুর অবস্থা দেখা দিয়েছে। সুভাষ ঘিসিং জি.এন.এল.এফ সংগঠনকে একত্রিত করে রাখতে পারবে বলে মনে হচ্ছেনা, সেইজন্য আশঙ্কা হচ্ছে। সেইজন্য বলতে চাই, প্রশাসনিক দিক থেকে কনষ্ট্রাকটিভ ইমাজিনেশন নিয়ে একদিকে যেমন এগোতে হবে ঠিক তেমনিভাবে রাজনৈতিকভাবে মূল যে সমস্যা সেই সমস্যার সমাধান-এর পথে এগোতে হবে। এইজন্য আমি এখানে একটি কথা নিবেদন করতে চাই, সেই সমস্যার সমাধানের জন্য আমাদের বামফ্রন্টের সকলেরই বক্তব্য ছিল আঞ্চলিক স্ব-শাসিত অঞ্চল পার্বত্য এলাকায় করে পশ্চিমবাংলার মধ্যে রেখে গড়ে তোলার দিকে এগুতে হবে। একথা আপনারা সকলেই জানেন। আপনারা সকলেই জানেন যে এই যে প্রস্তাবনা হয়েছে এই মর্মে লোকসভায় বিলও উপস্থিত হয়েছে, কিন্তু কেন্দ্রীয় সরকার কোনমতেই রাজি হন নি। আঞ্চলিক স্ব-শাসনের যে দাবী সেটা বহুকাল আগে থেকেই বামপন্থী দল করে এসেছে এবং সেই সম্পর্কে একটি প্রস্তাব তৈরী করে ছিল কিন্তু কেন্দ্রীয় সরকার এতে রাজী হন নি, বাতিল করে দিয়েছেন। এই সমস্ত সংখ্যালঘুদের আত্মনিয়ন্ত্রণের অধিকার দেবার জন্য যে প্রস্তাব আমরা গ্রহণ করে ছিলাম সেটার উপর তলায় হয়েছিল কিন্তু নিচের তলার যে কাজগুলি বাকি ছিল সেগুলো করা যায় নি। সেগুলো আমাদের ত্রুটির দিক এই কথা আমাদের মনে রাখতে হবে। পশ্চিমবাংলায় সাধারণ মানুষের গণতান্ত্রিক দাবি-দাওয়ার সঙ্গে স্বশাসিত পার্বত্য পরিষদের যে দাবী সেই দাবীকে যুক্ত করে নিয়ে সাধারণ মানুষের চেতনাকে যদি সমৃদ্ধ করে তুলি দার্জিলিং থেকে সুন্দরবন পর্যন্ত এবং সেই সঙ্গে সঙ্গে বিভেদকামী শক্তি যারা নানা অছিলায় নানা অবস্থার সুযোগ নিয়ে অরাজগতার সৃষ্টি করবার চেষ্টা করছে সেই সম্বন্ধে যদি সাধারণ মানুষকে সতর্ক করে জনচেতনাকে বাড়িয়ে দেবার চেষ্টা করি এবং পাশাপাশি সেই জনচেতনার বুনিয়াদের উপর দাঁড়িয়ে বিভিন্ন

গণতান্ত্রিক দাবী-দাওয়ার আন্দোলন গড়ে তুলি এখন যে পার্বত্য পরিষদের যে দাবী সেই দাবীকে মনে রেখে সেইভাবে যদি আন্দোলনের জায়গায় যেতে পারতাম অবশ্য সবই স্পেকুলেশানের ব্যাপার— তাহলে হয়তো বিভেদ শক্তি এইভাবে বিকৃত পথে নিয়ে যাবার সুযোগ পেত না। এবং আজকে যে বীভৎস অবস্থা দার্জিলিং পাহাড় এলাকায় হয়েছে সেই বিপর্যয় থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। ত্রুটি হলে নিশ্চয়ই তাকে সংশোধন করতে হবে এবং সামনের দিনে সেদিকে নজর রেখে আমাদের চলতে হবে। পার্বত্য পরিষদের কাজগুলোর ফলাফল যেমন সাধারণ মানুষের কাছে গিয়ে পৌঁছতে পারে সেটা দেখতে হবে ঠিক তেমনি রাজনৈতিকভাবে আমাদের এমন একটা জায়গায় যেতে হবে যাতে সাধারণ মানুষের আন্দোলন, গরীব শ্রমজীবি মানুষের আন্দোলনকে আরও সংগঠিত ভাবে ঐক্যবদধ ভাবে যাতে এগিয়ে নিয়ে যেতে পারি সেদিকে দৃষ্টি দিতে হবে। স্যার, ডুয়ার্সের কথা বলছে, শিলিগুড়ির তরাইয়ের কথাও বলা হয়েছে জি.এন.এল.এফ-এর ভলানটিয়ার্স সংগঠনের তরফ থেকে বিভিন্ন জায়গায় ইতিপূর্বে যে সন্ত্রাসের সৃষ্টি করা হয়েছিল সেটা কিন্তু আজ পর্যন্ত চলছে। আমরা কাগজে দেখেছি বাড়ী ঘর ধ্বংস করা হয়েছে, ডুয়ার্সে সরকারী সম্পত্তি ও ধ্বংস করা হয়েছে, আমাদের কর্মী খুন হয়েছে, বামপন্থী অনেক কর্মী খুন হয়েছে, জোর জবরদস্তি করে টাকা আদায়ের চেষ্টা করা হয়েছে, ভয় দেখিয়ে বলা হয়েছে জি.এন.এল.এফের স্বেচ্ছাসেবক সংগঠনের মেম্বার যদি না হও তাহলে গলা কেটে ঝুলিয়ে রাখা হবে। আমাদের অনেক কর্মীকে মুন্ডু কেটে জায়গায় জায়গায় ঝুলিয়ে রাখা হয়েছে। কাজেই এখন প্রশাসনকে কনষ্ট্রাকটিভ ইমাজিনেসন নিয়ে এই ধরণের সন্ত্রাস সৃষ্টির যা চেষ্টা করা হচ্ছে তাকে বন্ধ করতে হবে, এর অবসান করতে হবে। মুখ্যমন্ত্রী যে বিল উত্থাপিত করেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে আন্দোলনের পরিপ্রেক্ষিতে ত্রিপাক্ষীয় চুক্তি হয়েছে এবং সেই চুক্তিতে ভারতসরকার, আমাদের পশ্চিমবঙ্গ সরকার এবং জি.এন.এল.এফের অধিকর্তা শ্রী সুভাষ ঘিসিং একমত হয়েছেন এবং তারই জন্য দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল বিল এসেছে। এই বিলকে আমরা সর্বদলীয় বৈঠকে সমর্থন করেছি এবং আজও করছি। এই প্রসঙ্গে দুটি কথা স্মরণ করিয়ে দিতে চাই। ভারতবর্ষ বহু ভাষাভাষী, বহু ধর্মীয় এবং বহু জাতীয়তা গোষ্ঠীর দেশ। অর্থাৎ ইট ইজ এ মাল্টি লিংগুয়াল, মাল্টি রেসিয়েল এ্যান্ড মাল্টি রিলিজিয়াস কান্ট্রি। ভারতবর্ষের সংবিধানের মূল সুর হচ্ছে ইউনিট ইন ডাইভারসিটি যেটা অনেক বক্তাই বলেছেন। কবির ভাষায় নানা ভাষা, নানা মত নানা পরিধান, বিবিধের মাঝে দেখ মিলন মহান। সেই সংখ্যা লঘু জাতী গোষ্ঠীর ন্যায্য দাবী দাওয়া যদি অস্বীকার করা হয় তাহলে এই রকম অবস্থাই হয়। আমরা কিছুদিন আগে দেখেছিলাম যে, গোর্খা লীগের মাননীয়া সদস্যা শ্রীমতী রেণুলীনা সুব্বা মহাশয়াকে পদত্যাগ করতে বাধ্য করা হয়েছিল, তখন আন্দোলন এমন তীব্র আকার ধারণ করেছিল যে, তিনি বিধানসভার নির্বাচন বয়কট করতে বাধ্য হয়েছিলেন। আজকে তাঁদের কেউ না থাকা সত্ত্বেও আমরা তাঁদের হিল কাউন্সিল বিল মেনে নিয়েছিলাম এবং সেই মোতাবেক চুক্তি স্বাক্ষরিত হয়েছিল এবং এই হিল কাউন্সিল গঠন করা হয়েছিল। এই হিল কাউন্সিল বিল গঠিত হওয়ায় দার্জিলিং পার্বত্য এলাকায় শান্তি ফিরে আসবে এবং সেখানকার উন্নতি হবে।

**[5.00 - 5.10 p.m.]**

এই বিলে তিনটি এ্যামেন্ডমেন্ট এনেছি। এখানে ২ নং ব্লকে শিলিগুড়ি সাব-ডিভিশনের যে কয়েকটি এলাকা দেওয়া হয়েছে তাতে রয়েছে লোহাগড় টী গার্ডেন, লোহাগড় ফরেষ্ট, রংমোহন, বড়চ্যাঙ্গা, পানীঘাটা, ছোট আদলপুর, পাহাড়, সুখনা ফরেষ্ট, সুখনা পার্ট ওয়ান, পান্তাপতি ফরেষ্ট-ওয়ান, মহানদী ফরেষ্ট, চম্পাসারী ফরেষ্ট এবং শালবাড়ী ছট পার্ট টু। এগুলোর সমস্তগুলোই কিন্তু

হিল এরিয়া নয়, এরমধ্যে প্লেন এরিয়াও রয়েছে এবং তা শিলিগুড়ি সাব-ডিভিশন থেকে হীল ডেভেলপমেন্ট কাউন্সিলকে দেওয়া হয়েছে। সেইজন্যই আমি প্রিঞ্যাম্বেলে "Other sections of the people residing in the hill and some other areas of the district of Darjeeling" এইভাবে সংশোধন করতে চেয়েছি এবং মনে করছি এইভাবেই বিষয়টা ঠিক হবে। আমার অনুরোধ এবং আশা, মুখ্যমন্ত্রী এটা বিবেচনা করবেন। এখানে 'এ্যান্ড সাম আদার' বলতে যেটা হীল এরিয়া নয় সেটা বুঝিয়েছি। কাজেই এটা প্রিঞ্যাম্বেলে থাকলে ভাল হয়। সেইজন্যই আমার সংশোধনীর প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হীল কাউন্সিল বিলের সেকশন ফাইভে নোমিনেটেড মেম্বার সম্বন্ধে বলা হয়েছে। ইলেকটেড মেম্বার ২৮জন যাঁরা আসবেন সেটা আলাদা কথা। এখানে নোমিনেটেড মেম্বারের ক্ষেত্রে বলা হয়েছে There members of the Legislation Assembly the chairman of the Municipalities within the hill areas and the Government shall provide for due representation of the non-nepali communities like Bhutias and Lepchas. While nominating the remaining members. এক্ষেত্রে আমি একটু দৃষ্টি আকর্ষণ করতে চাইছি এই কারণে যে, ভূটিয়া এবং লেপচা ছাড়াও দার্জিলিংয়ে অন্যান্য জনগোষ্ঠীর মানুষও বসবাস করেন। ১৯৮১ সালে সেন্সাস অনুযায়ী দার্জিলিং জেলার মোট জনসংখ্যা ১০,২৪,২৬৯ তার মধ্যে তপশিলী জাতির লোকসংখ্যা ২,৯৭,০১৫। এই তপশিলীদের সংখ্যা সদর মহকুমায় ৪৮,৯০৭, কালিম্পংয়ে ৪০,২১৮ এবং কার্শিয়াংয়ে ১৮,২৩৩। ঐ তিনটি মহকুমা মিলিয়ে তপশিলীদের সংখ্যা ১, ০৭,৩৫৮ এবং মোট জনসংখ্যা হচ্ছে ৪,০৭,৭৪২। অর্থাৎ সেখানে তপশিলীদের অনুপাত দাঁড়ায় ২৬ পারসেন্ট। এছাড়া ওখানে কিছু খ্রীষ্টানও বসবাস করেন এবং খ্রীষ্টান মিশনারী স্কুল-কলেজও সেখানে আছে যাদের সংখ্যা হচ্ছে ৪৭,১৬১ জন। এছাড়া ১৯৮১ সালের সেন্সাসের রিপোর্ট অনুযায়ী দার্জিলিংয়ে মুসলিমদের সংখ্যা হচ্ছে ৩৭,২৯৯ জন, মোট জনসংখ্যার ১০ পারসেন্ট। সেইজন্যই এ্যামেন্ডমেন্টে বলেছি যে, যেখানে ভুটিয়া, লেপচাদের নোমিনেশন দেবেন সেখানে One member belonging to the christian community, one member belonging to the Schedulded Castes or Tribes and one member belonging to the Muslim Community দিলে ঠিক হবে। আজকে নোমিনেটেড মেম্বারদের সম্বন্ধে যদি এইভাবে এ্যাসাওর করেন তাহলে ইউনিটি ইন ডাইভারসিটি আসবে, বিলটা আরো ভাল হবে। আমি এখানে ক্লজ ১৭-র উপর দেওয়া এ্যামেন্ডমেন্টটি প্রত্যাহার কবে নিচ্ছি এবং আশা কবছি আমি যে বক্তব্য রাখলাম সেটা বিচার বিবেচনা করবেন। মাননীয় মুখ্যমন্ত্রী আজকে গোর্খাদের সঙ্গে চুক্তি করলেন এবং এই বিল আনলেন। এই প্রসঙ্গে বলছি যে, সমাজের হ্যাভ নটস মাইনোরিটি ব্যাকওয়ার্ড ক্লাশের জন্য মাইনরিটি কমিশন গঠনের অনুরোধ পূর্বে রেখেছিলাম। আশা করি সরকার সেটা বিবেচনা করবেন। এই বলে আমি আমাব বক্তব্য এখানেই শেষ করছি।

**শ্রী কামাখ্যা ঘোষ :** মাননীয় স্পীকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী যে বিল এনেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। আজকে আমরা এই বিধানসভায় দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ বিল সম্পর্কে ঐক্যবদ্ধভাবে সকলে এই বিলের পক্ষে বলছি। কিন্তু এর একটা ইতিহাস আছে। ১৯৫৫ সাল থেকে ১৯৮৩ সাল পর্যন্ত ভারতের কমিউনিষ্ট পার্টি এবং বামফ্রন্ট সরকার দার্জিলিং-এর এই সব অধিবাসীদের দার্জিলিং, কার্শিয়াং এবং কালিম্পং অঞ্চলের স্বায়ত্ব শাসন অধিকার দেবার প্রচেষ্টা করেছে, প্রস্তাব নিয়ে এসেছে এবং ডেপুটেশন দিয়েছে। আমাদের পশ্চিমবাংলার এম.পি মাননীয় আনন্দ পাঠক এবং গুরুদাস দাশগুপ্ত পারলামেন্টে এই প্রসঙ্গে বলেছিলেন, তাঁরা দাবি তুলেছিলেন

তাদের স্বায়ত্ব শাসনের অধিকার এবং নেপালী ভাষাকে অষ্টম সিডিউলে আনবার জন্য। মেঘালয়ে যখন নেপালী বিতাড়ন করা হয় তখন থেকে এই আন্দোলন দানা বেঁধে ওঠে এবং ঘিসিং-এর নেতৃত্বে এই আন্দোলন দানা বেঁধে ওঠে। আন্দোলন চলার প্রথমে একটা বিচ্ছিন্নতাবাদী শক্তি আত্মপ্রকাশ করে। সেই ক্ষেত্রে গোটা বামফ্রন্ট সরকার এবং মাননীয় মুখ্যমন্ত্রী এই বিচ্ছিন্নতাবাদী শক্তির বিরুদ্ধে তীব্র সংগ্রাম করেছেন এবং নীতিনিষ্ঠ ভাবে তিনি এর বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলেন এটা স্বীকৃত হয়েছে। কাজেই আজকে সব থেকে খুশী হয়েছি আমরা, যাঁরা ১৯৫৫ সাল থেকে ১৯৮৩ সাল পর্যন্ত এই দাবি করে আসছিলেন। বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে সংগ্রাম করে আজকে এই বিল কার্যকরী করার প্রচেষ্টা চলেছে। বিশেষ করে গত ২৭ মাস ধরে দার্জিলিং-এর পার্বত্য এলাকায় যাঁরা জীবন দান করেছেন বিচ্ছিন্নতাবাদী শক্তির বিরুদ্ধে সংগ্রাম করতে গিয়ে নির্মলবাবু ঠিকই বলেছেন - তাঁদের আমরা শ্রদ্ধা জানাবো এবং আজকে আমরা জানাচ্ছি। এখনও অনেক কাজ আছে সেখানে এমন অনেক শক্তি আছে যারা কিনা দার্জিলিং-এর সাধারণ মানুষের উন্নতি চায় না। তারা যাতে ঐক্যবদ্ধ ভাবে না এগোতে পারে, তারা যাতে বিপথে যায় সেই চেষ্টা সেই শক্তি করছে। তা সত্ত্বেও আমরা আশা করবো তারা যে অধিকার পেয়েছে - স্বরাষ্ট্র এবং অর্থ ছাড়া বাকি সব অধিকারই তারা পেয়েছে - তাতে তারা খুশী হয়েছে। পাহাড়ী এলাকা অর্থাৎ নেপালী ভাষাভাষী এলাকা সংলগ্ন শিলিগুড়ির ১৩টি মৌজা আমরা অর্ন্তভুক্ত করেছি। আমাদের সমস্ত দিক থেকে প্রচেষ্টা করতে হবে যাতে দার্জিলিং পুর্নগঠিত হয় এবং অর্থনৈতিক দিক থেকে শক্তিশালী হয়। তাদের জীবন যাতে প্রতিষ্ঠিত হয় এই সম্বন্ধে আমাদের বক্তব্যে সকলেই বলেছেন। খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে আজকে এই বিলের সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে কংগ্রেস বেঞ্চ থেকে যেভাবে বক্তব্য রাখা হ'ল সেটা অত্যন্ত নিন্দনীয়। সংস্কৃত ভাষায় একটা কথা আছে "অঙ্গার শতধৌতেন মলিনত্বং ন মুঞ্চতে' - এটা ওঁদের দেখে মেলানো যায়। ওঁনাদের পার্টির নির্দেশ ছিল সমর্থন করার, কিন্তু সমর্থন করতে গিয়ে ওঁনারা যা বললেন তাতে নির্মলবাবু ঠিকই বলেছেন যে সমর্থন না করতে পারলেই ওনারা খুশী হতেন। সর্বশেষে আমি এই বিলকে আবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**[5.10 - 5.20 p.m.]**

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আজকে এই হাউসে আমরা সকলে প্রায় ঐক্যবদ্ধ ভাবে দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল বিলকে সমর্থন করার সিদ্ধান্ত নিয়েছি। আমাদের দলের যে সব সদস্যরা এর আগে এর বিরুদ্ধে বলেছেন, তাঁরাও এই হিল কাউন্সিল বিলকে সমর্থন করেছেন। আমি আনন্দিত যে যাঁদের সমর্থনে একটু ভেজাল ছিল, সেই ভেজাল মন্ত্রীর ফরোয়ার্ড ব্লক পার্টির সদস্যরাও এতে সমর্থন জ্ঞাপন করেছেন। এর আগে আমরা দেখেছি, ঐ ভেজাল পার্টির নেতা, শ্রী অশোক ঘোষ বিবৃতি দিয়েছেন যে, 'আমরা এই গোর্খা বিলকে সমর্থন করবো না,' শেষ পর্যন্ত সেই পার্টির সদস্যরা এই বিলকে সমর্থন করেছেন। আমি এতে আনন্দিত। আজকে এই ব্যাপরে কোন সন্দেহ নেই যে, দার্জিলিং চুক্তি - এ্যাকডতে সহি হবার পর আমাদের পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর যে মর্যাদা, যে সম্মান, যে স্ট্যান্ডিং ছিল তা ভারতবর্ষের বুকে বেড়েছে। একটা শান্তিপূর্ণ কায়দায় প্রায় আড়াই বছরের রক্তক্ষয়ী আন্দোলনের শেষ হয়েছে। মুখ্যমন্ত্রী এখানে নেই, কিন্তু তিনি নিশ্চয়ই তাঁর ঘরে বসে এই বক্তব্য শুনছেন। আমি তাঁকে বলবো যে, আর একটা ছোট কাজ করলে তাঁর স্ট্যাচার, তাঁর স্ট্যান্ডিং যা আছে তা আরও অনেকটা বেড়ে যাবে। তিনি যদি তাঁর বক্তৃতার শেষে বলেন যে, 'রাজীব গান্ধী, আমি দুঃখিত, আমি আগে অনেক সমালোচনা করেছি' - এই ছোট্ট কথাটা বললে কিছুই হবে না, বরং তাঁর স্ট্যাচার অনেক বেশী হয়ে যাবে। তিনি শুধু বলবেন, 'স্যরি, আমি আগে ভুল করেছি, আপনার কথাই ঠিক।' যদি এইটুকু বলতে পারেন, তাহলে তাঁর স্ট্যাচার অনেক বেশী বেড়ে যাবে। আপনারা স্মরণ

করে দেখুন যে, দার্জিলিং সমস্যা কোন রাস্তায় সমাধান হলো। রাজীব গান্ধী দুটি কথা বলেছিলেন - (১) বঙ্গভঙ্গ হবে না, (২) সংবিধানের সংশোধন হবে না। দার্জিলিং সমস্যা কোন রাস্তায় সমাধান হলো? বঙ্গভঙ্গ হলো না, সংবিধান সংশোধনও করতে হলো না। আপনারা কি করছিলেন ৮৫ সালে? বিল নং ১২২এ দেখুন - যেটা আনন্দ পাঠক নিয়ে এসেছিলেন। আপনারা কি বলেছিলেন? আপনারা বলেছিলেন যে সংবিধান সংশোধন করে স্বশাসিত একটা গোর্খা পার্বত্য পরিষদ গঠন করতে হবে। আমরা বলেছিলাম, সংবিধান সংশোধন করা যাবে না। কারণ স্বশাসিত পার্বত্য পরিষদ যদি হয়, তাহলে গোর্খা ল্যান্ডের বীজ বপন করা হবে। আজ আমি আনন্দিত তখন আপনাদের দুঃখিত বলার জন্য। রাজীব গান্ধী আর কি বলেছিলেন? তিনি বলেছিলেন যে গোর্খাল্যান্ড আন্দোলনকে জাতীয়তাবিরোধী বলা ঠিক হবে না, এটা এ্যান্টি ন্যাশানাল আন্দোলন নয়। আমরা চেষ্টা করবো গোর্খাদের আন্দোলন যাতে জাতীয় মূল স্রোতের দিকে যায়। আজকে দেখা গেল সুভাস ঘিসিংয়ের সাহস আছে। তাঁর মধ্যে উগ্রপন্থী মানসিকতা থাকা সত্ত্বেও তিনি এসেছেন, সই দিয়েছেন। তাঁর যদি এই সাহস থাকে, তাহলে জ্যোতিবাবুর এই সাহস থাকবে না কেন? আমি এখানে সুভাষ ঘিসিংকে প্রশংসা করতে চাই। আজকে আমি বলবো যে, এই বিল আসার সাথে সাথে, যে টোটাল এ্যাকর্ড গণতন্ত্রের স্বার্থে হয়েছে, সেখানে আমাদের দৃষ্টিভঙ্গী কি তার উল্লেখ হয়েছে। দার্জিলিংয়ে এতবড় একটা ভয়াবহ আন্দোলনর পর সুভাষ ঘিসিংকে দেখলাম তিনি রাজী হলেন। কিন্তু কেন? তার কারণ কেন্দ্রীয় সরকার নেপালীদের এখানে আইডেনটিটির জন্য তাদের সামনে যে মৌলিক সমস্যা ছিল তার সমাধান করেছেন। ১৯৫০ সালের আগে ভারত-নেপাল চুক্তির আগে এখানে যারা এসেছেন, তাঁদের ভারতীয় নাগরিক বলে ঘোষণা করতে ভারত সরকার স্বীকৃত হয়েছেন। সুভাস ঘিসিং এই চুক্তিতে সই হবার পর দার্জিলিংয়ে স্বাধীনতা দিবসও উৎযাপন করেছেন। আমি আশা করবো, সুভাষ ঘিসিং যেমনভাবে এই চুক্তির জন্য কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ দিয়েছেন, ঠিক তেমনিভাবে এই সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারকে ধন্যবাদ জানাবেন। সুভাষ ঘিসিং ষ্টেটস্ম্যানশিপ দেখিয়ে, তাঁর পার্টির হার্ড লাইনারদের বিপক্ষে সাহস দেখিয়েছেন। নেপালী ভাষাকে সংবিধানের অষ্টম তপশীলে অন্তর্ভূক্তির দাবীকে ড্রপ করা হয়েছে। সুভাষ ঘিসিং বলেছেন যে আমরা নেপালী ভাষাকে সংবিধানে চাই না।

সাহস হোত কারুর, সাহস হোত কোন সি.পি.এম নেপালী নেতার। কিন্তু ঘিসিংয়ের সেই সাহস আছে। আমরা এই কথাও বলেছি এইটথ্ সিডিটউলে নৃতন করে নেপালীদের ভাষাকে না নেওয়ার জন্য। কারণ এটাকে নিতে হলে আরো অনেক ভাষা আছে যেগুলিকে সংযুক্তি করার প্রয়োজন হবে। তাই এর কোন প্রয়োজনীয়তা বা দরকার নেই। ভারতীয় ভাষা হিসাবে এমনিতেই গোর্খা ব্যবহৃত হতে পারে। আজকে নির্মলবাবু বলেছেন - উনি এখন বেঞ্চে নেই - দেশ বিভাগের কথা, ওনার নিশ্চয়ই মনে আছে যে - ওঁর বয়স হয়েছে ভারতবর্ষের মাল্টিন্যাশনাল ইন্টারেষ্টের স্ট্যালিনের স্বাধিকার তথ্য কারা সমর্থন করে - কম্যুনিষ্ট পার্টি। মুসলিম লীগের দ্বিজাতি বিভক্ত কারা সমর্থন করে - কম্যুনিষ্ট পার্টি কারা দার্জিলিংয়ে গোর্খাস্থান চেয়েছিল - এই সি.পি.এম নেতারা। আপনাদের নিশ্চয় মনে আছে আনন্দ পাঠক যে বিল এনেছিলেন - আপনারা হখা বাহাদুর রাই কে জিজ্ঞাসা করুন - তাতে শুধু সংবিধান সংশোধন চাননি ১৯টি সাবজেক্ট ঐ বিলে দেওয়া হয়েছিল, কিন্তু তাদের প্রয়োজনের চেয়ে অনেক বেশী পাওয়ার দেওয়া হয়েছে। আজকে দুঃখের সঙ্গে বলি এই যে কন্টিগিউয়াস এরিয়া দিতে হবে - বুদ্ধদেব বাবু ঠিক ঠিক বলেছেন, আমি ওকে এ্যাপ্রিসিয়েট করি যে উনি আমার বক্তব্যকে সমর্থন করেছেন - যেটা আনন্দ পাঠক বলেছিল দাঁর্জিলিংয়ের সামসিং চা-বাগান ও ইনক্লুড ডুয়ার্স পর্যন্ত। কিন্তু কন্টিগিউয়াস-এরিয়ার ব্যাপারে আনন্দ পাঠকের বিল গৃহীত হলে সি.পি.আই (এম)-র সমর্থন হলে ডুয়ার্সের কন্টিগিউয়াস এরিয়া চলে যেত। তাই আমি মুখ্যমন্ত্রীকে বলব তিনি নিজেই যখন ব্যাপারটা

বিচার-বিবেচনা করছেন, তখন আশা করব তাঁর থেকে ভারতবর্ষ এবং পশ্চিমবাংলা বাঁচছে। তাই আপনাদের বলব এই যে কন্টিগিউয়াস এরিয়া বেঁচেছে তাতে কি প্রমাণ হল- প্রথম ষ্টেজে আপনারাই বলেছিলেন এই জি.এন.এল.এফের আন্দোলনকে আপনাদের পার্টিই ঠিক করে দেবে, তারপরেই পার্টি পিছিয়ে গেল, এবং আপনাদের বিজন বাড়ীর পকেটে তারা আশ্রয় নিল। দ্বিতীয় প্রচেষ্টায় ওঁর অফিসাররা বলল আমরা হান্ডাকে পাঠাচ্ছি তাদের ঠান্ডা করে দেবে, তারপরে কেন্দ্রীয় সরকার ১৮ শত সি.আর.পি দিলেন - কিন্তু তাদের ঠান্ডা করা যায় নি। কলকাতা থেকে পুলিশ গিয়েছিল কিন্তু তারাও পালিয়ে এসেছে। তৃতীয় প্রচেষ্টায় জ্যোতিবাবু ঠিক রাস্তায় এসেছেন - এটাই ঠিক রাস্তা। তার কারণ ভারতবর্ষে দেখা গিয়েছে যে আসামের সমাধান, মিজোরামের সমাধান, ত্রিপুরার কন্সটিটিউশান এ্যামেন্ডমেন্ট করা, এখানে হিল কাউন্সিল করা এই সব ব্যাপারে রাজীব গান্ধীর রাস্তাই ঠিক, আপনাদের রাস্তা ভুল। আমার বক্তব্য শেষ করার আগে যে কথাটা বলতে চাই, আজকে সকলের দায়িত্ব আছে - দার্জিলিংয়ে যে ৭২ টা চা-বাগান ক্ষতিগ্রস্থ হয়েছে, টি-ইন্ডাষ্ট্রি ক্ষতিগ্রস্থ হয়েছে তার জন্য দার্জিলিংকে রি-বিল্ড করা দরকার। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারকে একসাথে করতে হবে। Darjeeling is called the queen of Hill Staions. আমাদের সবাইকে মিলে এটা করতে হবে। কিন্তু আমাদেরও একটা দায়িত্ব আছে। আপনাদের বিজনবাড়ীতে যে আর্মস ফ্যাক্টরি আছে, সেখানকার সমস্ত আর্মস সারেন্ডার করতে হবে। কাজেই আমি বলতে চাই যে নিদিষ্টভাবে দার্জিলিং ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের মাধ্যমে হিল-কাউন্সিলের নির্বাচন হোক যখন দার্জিলিংয়ের লোকেরা হিল-কাউন্সিলের মাধ্যমে তাদের অধিকার পাবে, তখন সেই অশান্তি দূর হবে।

**[5.20 - 5.30 p.m.]**

এবং শেষ কথা আমি আপনার কাছে নিবেদন করব আজকে মুখ্যমন্ত্রী বলেছেন শিলিগুড়ি মহকুমা পরিষদ করবেন। শিলিগুড়ি লোকেরা জানে না তাদের স্ট্যান্ড কি। শিলিগুড়িতে মিউনিসিপ্যালিটি আছে, সাব-ডিভিসান আছে, আবার দার্জিলিং এর আনডারে মহকুমা পরিষদ হবে। কোথায় শিলিগুড়ি সম্পর্কে বিল? শিলিগুড়ির মানুষের কাছে এটা গোপন রাখা হয়েছে যে দে আর এ্যাটার্চড টু দিস। আজকে মুখ্যমন্ত্রী সেকথা পরিস্কার করবেন। দার্জিলিং বিল আমরা আশা করি দার্জিলিং-এ শান্তি আনবে। পশ্চিমবঙ্গ সহ ভারতবর্ষের যেসব জায়গায় ডিভিসিভ এ্যাণ্ড সেলেশনিষ্ট মুভমেন্ট হচ্ছিল, সেই গুলিকে প্রশমিত করতে এই বিল সাহায্য করবে। সেজন্য আজকে এই বিল আনতে পারার জন্য একই সঙ্গে রাজীব গান্ধী, জ্যোতি বসু এবং সুভাষ ঘিসিংকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গৌর চক্রবর্তী ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী এই বিধানসভায় দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল যে বিল উত্থাপন করেছেন তারজন্য আমি ব্যক্তিগতভাবে আনন্দিত, এরজন্য আমি অভিনন্দন জানাচ্ছি এবং পার্বত্য পরিষদ বিল আজকে এই অবস্থায় উপনীত হওয়ার ক্ষেত্রে গোটা পাহাড়ী আন্দোলন সংগ্রাম গড়ে তোলার জন্য প্রায় ৮০ জন জীবন দিয়েছেন দেশের অখণ্ডতা এবং ঐক্য রক্ষা করার জন্য তাঁদেরও এই সাথে অভিনন্দন জানাচ্ছি। এই বিল সমর্থন করার সাথে সাথে আমার যা বক্তব্য সেটা আমি একটু পরে বলছি, কিন্তু তার আগে কংগ্রেসের পক্ষ থেকে যে বক্তব্য এখানে উপস্থাপিত করা হয়েছে সমর্থনের নামে তার আমি বিরোধিতা করছি। মাননীয় সদস্য সত্য বাপুলী বলেছেন সুভাষ ঘিসিংকে দেশদ্রোহী না বলে দেশপ্রেমিক বলা উচিত ছিল। সাধন পান্ডে বলেছেন বর্তমানে যাঁরা ওখানকার এম এল এ আছেন তাঁদের পদত্যাগ করা উচিত। এবং সৌগত রায় মহাশয় ভাষা সম্পর্কে বলেছেন সাহস থাকলে ছেড়ে দেওয়ার কথা। সত্য বাপুলি মহাশয় আলাদা গোর্খাল্যান্ডের পদধ্বনি শুনতে পাবেন বলে আশংকা প্রকাশ করেছেন। এইসব কথাবার্তা শুনে

আমার মনে হচ্ছে এঁরা অন্তরে এটা সমর্থন করতে পারছেন না, যেহেতু ওঁদের কেন্দ্রীয় নেতৃত্ব এতে সই দিয়েছেন এবং মেনে নিয়েছে, গোটা পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক মানুষের সমর্থন নিয়ে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার যে চুক্তিতে উপনীত হয়েছেন এবং সেই চুক্তি রূপায়ন করবার জন্য যে পদক্ষেপ নিচ্ছেন তাতে ওঁরা মনেপ্রাণে সন্তুষ্ট হতে পারছেন না, সেজন্য এমন সব কথাবার্তা বলছেন।

মাননীয় স্পীকার মহাশয় আপনি জানেন, দার্জিলিংয়ের আন্দোলন সুরু হওয়ার পর একমাত্র সি.পি.এমের কর্মী এবং সমর্থকরা আজ পর্যন্ত লড়াই করছে। কংগ্রেস তো ওদের কাছে তাদের ঝান্ডা পর্যন্ত বিক্রি করে দিয়েছে। ওরা বলে আমরা কংগ্রেসের কাজ করছি, কিন্তু বাস্তবে দেখছি ওরা জি.এন.এল.এফের হাতে ঝান্ডাটি পর্যন্ত বিক্রি করে দিয়েছেন এবং দাবী শুনছি যে বিধানসভার সদস্যদের পদত্যাগ করতে হবে। আমাদের সম্বন্ধে বলা হয়েছিল আমরা নাকি দার্জিলিংয়ের ইস্যুটাকে একটা প্রেস্টিজ ইস্যু হিসাবে নিয়েছিলাম।

স্যার, জ্যোতিবাবুর প্রায় ৪ মাস ধরে সময় লেগেছে এই কথাটা বোঝাতে যে ঐ আন্দোলন বিচ্ছিন্নতাবাদী আন্দোলন এবং এই আন্দোলন দেশদ্রোহিতার আওতায় পড়ে। ওরা জানেনা দেশদ্রোহী কাকে বলে। যারা দেশকে বিচ্ছিন্ন করতে চায় যারা দেশকে ভিন্ন রাষ্ট্র করতে চায় এবং তারজন্য বিদেশের কাছে আবেদন করে তারাই হল দেশদ্রোহী। অবশ্য তারপর পশ্চিমবঙ্গের লোকের চাপে পড়ে তারাও দাবী প্রত্যাহার করতে বাধ্য হয়েছে। এরপর ওরা আবার গোর্খা ল্যান্ডের দাবী করে এবং তা নিয়ে এক ভয়াবহ কান্ড দার্জিলিং এলাকায় সৃষ্টি হয়, যার পরিণতি আমরা সবাই জানি। তারপর বহু আলাপ আলোচনার পর জি.এন.এল.এফ আজকে এই এসেছে। আজকে যদি পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার না থেকে যদি কংগ্রেস সরকার থাকতো তাহলে ওরা দেশকে বিক্রি করত। যেমন, ওরা ওদের ঝান্ডা বিক্রি করে দিয়েছে। স্যার, জি.এন.এল.এফের আন্দোলন এখন থামলেও ওদের আর একটা গোষ্ঠী যাদের নাম হচ্ছে আর.সি.এম.সি তারা কিন্তু মিছিল করে যাচ্ছে গোলমাল করছে এবং পাণিঘাটায় ওদের একটা অংশ লেবার ফ্রন্টে গোলমাল করেছে। দুঃখের সঙ্গে বলছি কংগ্রেস তাদের ঝান্ডা তাদের কাছেও বিক্রি করেছে। এক সময় ঘিসিং বলেছিল এম.এল.এ- এম.পি.-দের পদত্যাগ করতে হবে, আমার আশঙ্কা আজ যদি পশ্চিমবাংলার ক্ষমতা কংগ্রেস থাকত তাহলে বাংলার চরম বিপদ হোতো, ভারতবর্ষের বহু ভাষাভাষী লোক বাস করে দার্জিলিংয়ে যে সমস্যার সৃষ্টি হয়েছিল সেই সমস্যা ভারতবর্ষের পুঁজিবাদকে আরও গভীর করেছিল এবং এর ফল হোতো আমাদের ভাষাগত যে ঐতিহ্য সেটা আমরা রক্ষা করতে পারতাম না। এই সমস্যার প্রতি যেমন সাম্রাজ্যবাদীরা মদত দিয়েছে আবার রাজীব গান্ধীও মদত দিয়েছে। রাজীব গান্ধী বিজয় রাংখল এবং লালডেঙার সঙ্গে চুক্তি করে কি অবস্থার সৃষ্টি করেছে সেটা আমরা সকলেই জানি। সঙ্খ্যালঘুদের জাতি গোষ্ঠীর যে সমস্যা সেটা কি ভাবে সমাধান করা যায় সেটা আমরা জানি এবং বামফ্রন্ট সরকার সেটাই প্রমান করল এবং সেই আশীর্বাদ স্বরূপ আজকে বিধানসভায় দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ বিল বিধানসভায় উত্থাপিত হয়েছে। স্যার ভাষা ছেড়ে দেবার প্রশ্ন আসেনা। দার্জিলিংয়ে নেপালী ভাষার উন্নয়নের জন্য নেপালী এ্যাকাডেমী তৈরী করা হয়েছে। ভাষার দাবী আমরা ছাড়ছি না, আমরা বলছি অষ্টম তপশিলে এটা যুক্ত থাকবে, দেশ বিভাগের পরে শিলিগুড়ির ক্ষেত্রে রাজনৈতিক এবং অন্যান্য যে সমস্ত পরিবর্তন হয়েছে আর উন্নতির জন্য যে উদ্যোগ নেওয়া হয়েছে আমি তাকে স্বাগত জানাচ্ছি। এখন এই শুভ মুহূর্তে প্রশাসনিক ক্ষেত্রে আমাদের এমন একটা পরিবেশ সৃষ্টি করতে হবে যাতে দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের নির্বাচন যথা সময় ভালভাবে সম্পন্ন করা যায় সরকারকে এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**[5.30 - 5.40 p.m.]**

**শ্রী সুদীপ বন্দোপাধ্যায় :** মাননীয় স্পীকার মহোদয়, আজকে আমাদের এখানে দার্জিলিং হিল কাউন্সিল বিলের ওপর বক্তব্য রাখতে গিয়ে আমাদের দলের পক্ষ থেকে প্রথমে এই বিলকে সমর্থন জানাচ্ছি। একটা করুন রক্তাক্ত অধ্যায়ের যে পরিসমাপ্তি হয়েছে এর জন্য আমরা সকলেই খুশী এবং আশ্বস্ত। আমি মনে করি যে, যে করুন অধ্যায়ের পরিসমাপ্তি ঘটলো তার জন্য এককভাবে কারও কৃতিত্বের কথা উত্থাপিত হওয়া উচিত নয়। একথা মুখ্যমন্ত্রী বার বার বলেছেন। আমাদের মুখ্যমন্ত্রী, প্রধানমন্ত্রী সুভাষ ঘিসিঙের নাম এখানে আলোচিত হয়েছে। আমি সেই কথা প্রতিধ্বনি করতে চাইছি। এর আগে আমাদের এখানে বল্লেন যে প্রধান মন্ত্রী গোর্খা ল্যান্ড আন্দোলনকে জাতীয়তা বিরোধী বল্লেন না কেন। তিনি তা বলতে পারেন না। কারণ আমাদের ভারতবর্ষের সীমানা রক্ষায় গোর্খা রেজিমেন্ট আছে, সিক রেজিমেন্ট আছে, জাঠ রেজিমেন্ট আছে এবং সৈন্যবাহিনীতেও আছে। এরা কখনও সাম্রাজ্যবাদের বিরুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্র এফ-১৬ রেজিমেন্ট-র মধ্যে থেকে দেশকে রক্ষা করছে। কখনও কখনও চীনের যুদ্ধকে মোকাবিলা করতে হয়েছে। কখনও কখনও পাকিস্থানের সঙ্গে মোকাবিলা করতে হয়েছে। যারা বিভিন্ন সময়ে বুকের রক্ত দিয়ে দেশের সম্মানকে রক্ষা করছে দেশের অখন্ডতাকে বজায় রাখছে তাদের সম্বন্ধে কোন কথা বলা প্রধান মন্ত্রীর কি চলে? আমরা ঘরে বসে যতই দেশের ঐক্য সম্বন্ধে বলি না কেন, ভারতবর্ষের কথা বলি না কেন বিচ্ছিন্নতাবাদ প্রতিহত করবো বলিনা কেন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করবো দেশের সম্মান রক্ষা করবো বলি না কেন কিছু করতে পারবো না। যারা বুকের রক্ত দিয়ে দেশকে রক্ষা করে সেই সৈন্যবাহিনী, এবং সেই সৈন্যবাহিনীর মধ্যেই গোর্খ্যা রেজিমেন্ট রয়েছে। সেদিন যদি গোর্খা ল্যান্ড আন্দোলনকে রাষ্ট্রদ্রোহী, সমাজদ্রোহী বলা হোত তাহলে যে সৈন্যবাহিনীতে গোর্খারা রয়েছে সীমান্তের জন্য লড়াই করছে তাহলে তাদের যে আত্মীয়স্বজন দার্জিলিংয়ে বাস করছে এবং জি এন এল এফ আন্দোলনের সঙ্গে যুক্ত তাদের দেশদ্রোহী বলে চিহ্নিত করা চলে? যারা আমাদের সীমানা প্রহরা দিচ্ছে তাদের যদি দেশদ্রোহী বলা হোত সেটা কি ঠিক হোত? তাই প্রধান মন্ত্রীর পক্ষে একে জাতীয়তা বিরোধী বলা সম্ভব হয় নি। এখানে বিতর্কের কোন অবকাশ নাই। একটা রাজনৈতিক দলের পক্ষ বলা সম্ভব, আমরা বলেছি। তা যদি করা হোত তাহলে ঘিসিংয়ের সঙ্গে হাসি হাসি মুখ করে মুখ্য মন্ত্রীর ছবি আমরা দেখতে পেতাম না।

আজকে আমাদের এই জিনিসটা জানতে হবে, যে, পশ্চিমবাংলায় জি. এন. এল. এফ. এর আন্দোলন নিয়ে সস্তার যে রাজনীতি চলছিল সেই রাজনীতি থেকে আপনারা দূরে সরে আসতে পেরেছেন। আজকে দার্জিলিং-এ শান্তি প্রতিষ্ঠিত হয়েছে, এটা আমাদের কাছে একটা আশার কথা আমরাও চাই ওখানে আরো শান্তি বজায় থাকুক। কেন্দ্রের সঙ্গে সত্যি সত্যি বোঝাপড়ার মধ্য দিয়ে দার্জিলিং-এর গোর্খা ল্যান্ডের মত এই রকম একটা সমস্যার সমাধান করা যদি সম্ভব হয়ে থাকে তাহলে রাজ্য সরকারের কাছে আমি আর একবার আবেদন করব, কখনও কখনও আপনারা যে বলে বেড়াচ্ছেন বুকের রক্ত দিয়ে বক্রেশ্বর বানাব, হলদিয়া প্রকল্পের নামে বক্রেশ্বর চলো, হলদিয়া চলো বলে বেড়াচ্ছেন, এটা বলার আর দরকার হবে না, আপনারা কেন্দ্রের সঙ্গে আলোচনায় বসুন, সব সমস্যার সমাধান হয়ে যাবে। আপনি সমস্ত দলের প্রতিনিধিদের ডাকুন এবং আমরা সকলে মিলে প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর কাছে যাই। গোর্খা ল্যান্ডের মত গুরুত্বপূর্ণ সমস্যার সমাধান যদি প্রধানমন্ত্রী করে দিয়ে থাকেন তাহলে এই বক্রেশ্বর, হলদিয়া প্রকল্প যেটা আমাদের সকলের দাবী, সেই সমস্যার সমাধান নিশ্চয় হয়ে যাবে বলে আমরা বিশ্বাস করি। এই সমস্যার সমাধানের জন্য আপনাদের প্রধানমন্ত্রী এবং কেন্দ্রীয় সরকারের সহযোগিতা নিতে হবে। ইতিহাস একদিন তা প্রমান দেবে। আজকে যারা এখানে গলাবাজী করছেন, তাদের উদ্দেশ্যে আমি বলব, আর একদিন'ও এই ভাবে হলদিয়া,

বক্রেশ্বরের জন্য প্রধানমন্ত্রীর সমর্থন দরকার এবং এই ভাবে সর্বদলীয় সমর্থন করে প্রস্তাব আনতে হবে। সেইদিন আমরা আপনাদের গলায় সুর শুনব যে, এমনি করে প্রতিবাদ করছেন কিনা। এই গোর্খা ল্যান্ড আন্দোলনের উপর যেদিন আলোচনা হলো সেদিন আমার কণ্ঠস্বরের উপর ডাক্তারের একটা বিধি নিষেধ থাকায় যে স্বর বেরিয়েছিল তাতে আমরা কিছুটা মানসিক দুঃশ্চিন্তা ছিল। আমার বক্তৃতার সময় ওখান থেকে, ঐদিক থেকে মন্তব্য করা হয়েছিল, গলা খারাপ নয়, মাথা খারাপ। আজকে আমার সেই কথা প্রমানিত হচ্ছে যে, সেদিন মাথা খারাপ ছিল না। গোর্খা ল্যান্ড আন্দোলনের প্রশ্নে, শান্তি চুক্তির সমর্থনে মুখ্যমন্ত্রীকে দাঁড়িয়ে বলতে হয়েছে প্রধানমন্ত্রীর ভূমিকার কথা, কেন্দ্রীয় সরকারের ভূমিকার কথা। তিনি যে স্পিরিটটি নিয়ে বক্তব্য রেখেছেন, সেই স্পিরিটটি আজকে এখানে প্রতিফলিত হচ্ছে না। এই কথা আপনাদের জেনে রাখা দরকার যে, কখনও কখনও কোন কোন বিষয়ে বিরোধ, বিদ্বেষ-এর উর্ধ্বে উঠে কাজ করতে হয়। গোর্খা ল্যান্ড আন্দোলনের সূত্রপাত-এর সমাধান যদি প্রথম হয়ে থাকে তাহলে বক্রেশ্বরের সমাধান দ্বিতীয়, হলদিয়া প্রকল্পের সমাধানের সূত্রপাত তৃতীয় পদক্ষেপ হোক। আমরা মনে করি এবং বিশ্বাস করি যে, এই পদ্ধতিতেই কেন্দ্রের সঙ্গে রাজ্যের সমাধান সূত্র বেরিয়ে আসুক। বাংলার প্রকৃত মঙ্গল যদি করতে চান তাহলে রাজ্য সরকারের উচিত এটা নিয়ে রাজনীতি না করে কেন্দ্রীয় সরকারের সহযোগিতার বিষয়ে উদ্যোগ গ্রহন করা। কাজেই দেওয়াল লিখন না করে প্রকৃত অর্থে বাংলার উন্নয়ন যদি করতে চান তাহলে গোর্খা ল্যান্ডের ব্যাপারে বারে বারে যেমন দিল্লী গিয়ে তাদের সহযোগিতায় এর সমাধান করেছেন এবং রাজ্য সরকারের উদ্যোগে সুভাষ ঘিসিং-এর সহযোগিতায় দার্জিলিং-এর এই বিল আজকে বাস্তবায়িত হতে পেরেছে, তেমনি আগামি দিনেও বাংলার অন্যান্য সমস্যার সমাধানে তাদের সহযোগিতা পাওয়া যাবে বলে আমার বিশ্বাস। বাংলার যে সমস্ত দাবীগুলি প্রতিটি মানুষের দাবী বলে চিহ্নিত হয়ে আছে সেই দাবীগুলি অতিক্রম করার জন্য এই ধরণের তিক্ত মতামত ব্যক্ত না করে যা সত্য তাকে মেনে নিয়ে চলুন এবং কেন্দ্রের সঙ্গে দরবার করে এই দাবীগুলি আমরা আদায় করে আনি। এই কথা বলে মুখ্যমন্ত্রী কর্তৃক আনিত দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**[5.40 - 5.50 p.m.]**

**শ্রীমতী শান্তি চ্যাটার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ বিল যা উত্থাপিত হয়েছে আমি সেই বিলকে পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলছি। অনেক দেরিতে হলেও জি. এন. এল. এফ নেতা শ্রী সুভাষ ঘিসিং-এর যে শুভবুদ্ধির উদয় হয়েছে দার্জিলিং চুক্তির ব্যাপারে এতে আমরা আনন্দিত হয়েছি। এই চুক্তি দার্জিলিং-এর মানুষের মনে শান্তি এনে দিয়েছে বা অন্যভাবে বলতে গেলে বলতে হয় সুভাষ ঘিসিং এই চুক্তিতে সই করে দার্জিলিং-এর মানুষের মনে শান্তি আনতে সাহায্য করেছেন। স্যার, বিচ্ছিন্নতাবাদকে প্রতিরোধ করার জন্য পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার যে রকম দৃঢ় পদক্ষেপ নিয়ে এর মোকাবিলা করে গিয়েছেন তা অস্বীকার করা যায়না। দার্জিলিং-এ এমন একটা অগ্নিগর্ভ অবস্থার সৃষ্টি হয়েছিল যে তারজন্য সেখানে বহু সম্পত্তি নষ্ট হয়েছে এবং বহু মানুষকে প্রাণ দিতে হয়েছে। যেসব মানুষ দার্জিলিং-এ শান্তি শৃঙ্খলা রাখার জন্য তাদের জীবন বিপন্ন করে প্রয়াস চালিয়ে গিয়েছেন আমি প্রথমেই তাদের আমার আন্তরিক অভিনন্দন জানাই। সেখানে পাহাড়ি জনগণ কোনরকম প্ররোচনার ফাঁদে পা না দিয়ে যেভাবে বিচ্ছিন্নতা বাদের বিরুদ্ধে নিরলস রাজনৈতিক সংগ্রাম চালিয়ে গিয়েছেন সেজন্য তাদের আমি অভিনন্দন জানাই। এর প্রসঙ্গে বলতে চাই যে কেন্দ্রীয় স্বারাষ্ট্রমন্ত্রী শ্রীবুটা সিং মহাশয় প্রথমে টালমাটাল সত্ত্বেও পরে এ ব্যাপারে বামফ্রন্ট সরকারের সঙ্গে সহযোগিতা করেছেন এবং সেখানে চুক্তি হয়েছে। স্যার, আমরা জানি, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারকে পর্য্যুদস্ত করার জন্য নানান ভাবে চেষ্টা করা হয়। আমি তাই

বামফ্রন্ট সরকার এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব, অশুভ শক্তি নতুন করে যাতে মাথা চাড়া দিয়ে উঠতে না পারে তারজন্য তাঁকে এবং সরকারকে সদা সতর্ক থাকতে হবে। পরিশেষে স্যার, দার্জিলিং-এর সমস্যার রাজনৈতিক সমাধানের জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে আমার শ্রদ্ধা নিবেদন করছি এবং এ ব্যাপারে বামফ্রন্টের যে সব নেতা নীরবে প্রচেষ্টা চালিয়ে গিয়েছেন তাঁদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এই চুক্তি যাতে বাস্তবে সঠিকভাবে রূপায়িত হয় তারজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে নজর রাখতে অনুরোধ জানাচ্ছি। আমি জানি এ ব্যাপারে সকলেরই সহযোগিতা প্রয়োজন, আমি তাই আমার দল-মার্কসবাদী ফরোয়ার্ড ব্লকের তরফ থেকে কথা দিচ্ছি এ ব্যাপারে আমরা সর্বান্তঃকরণে সমর্থন করবো। এই বলে এই বিল সমর্থন করে আমি শেষ করলাম।

**মিঃ স্পীকার :** Now I call upon Shri Suhrid Basumallik

(Hon'ble Member was not present in the House)

Then Shri Amar Banerjee please.

**শ্রী অমর ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে দার্জিলিং গোর্খা হিল কাউনসিল বিল এনেছেন আমাদের দলের বক্তারা এবং এই হাউসে সকলেই তা সমর্থন করেছেন। আমাদের দলের যত বক্তা এই বিলকে সমর্থন করবার জন্য উঠেছেন তাঁরা সকলেই অত্যন্ত আন্তরিকতার সঙ্গে এবং অত্যন্ত অনেষ্টলি এই বিলকে সমর্থন করেছেন এবং আমিও সেই ভাবে এই বিলকে সমর্থন করছি। স্যার, এই বিলকে সমর্থন করতে উঠে আমাদের দলের সদস্যরা কিছু কথা বলেছেন কিন্তু ওরা যেভাবে সেই কথাগুলি বিচার করছেন তাতে মনে হচ্ছে এই দার্জিলিং চুক্তি না হলেই যেন ওঁরা খুশী হতেন। অবশ্য এই দার্জিলিং চুক্তি কতখানি ওঁদের গায়ে লেগেছে সেটা মাননীয় সদস্য হরকা বাহাদুর রাই-এর বক্তব্যেই পরিষ্কার হয়ে গিয়েছে। ওঁর অবশ্য দোষ নেই কারণ যেভাবে ওঁদের বোঝানো হয়েছিল সেটা হচ্ছে দার্জিলিং-এ জি. এন. এল. এফকে হটিয়ে দেওয়া হবে এবং সেখানে সি. পি. এম রাজত্ব করবে, চা বাগানগুলির অধিকার নেবে ইত্যাদি ইত্যাদি। সেটা হয়নি সেইজন্য অসুবিধা হয়ে যাচ্ছে এবং সেকথাই ওঁর বক্তব্যের মধ্যে পরিষ্কার হয়ে উঠেছে। স্যার, আমাদের দলের তরফ থেকে সৌগতবাবু, সুদীপবাবু, সত্যবাবু সকলেই এই বিলকে সমর্থন করেছেন এবং আমিও সমর্থন জানাচ্ছি কিন্তু তবুও ওঁরা বলছেন বোধহয় ওঁদের হেকেল করার জন্য এটা করা হয়েছে। এইভাবে কি আপনাদের হেকেল করতে হবে? যেখানে রোজ সকালবেলাতে রাস্তায় বেরিয়ে দেখা যায় পশ্চিমবঙ্গে ৫৫ লক্ষ বেকার ঘুরে বেড়াচ্ছে সেখানে তাতে কি আপনারা হেকেল হন না? যেখানে পশ্চিমবাংলায় একটার পর একটা কারখানা বন্ধ হয়ে যাচ্ছে তাতে কি আপনারা হেকেল্ড হন না? যেখানে পশ্চিমবঙ্গে এরকম একটা অকর্মন্য, অপদার্থ সরকার রাজত্ব করছেন সেখানে তাতে কি আপনারা হেকেল্ড হন না? এতে অসুবিধার কি আছে? এটা বুঝতে হবে এবং এটা বোঝার চেষ্টা করবেন। আজকে একটা বিল এসেছে, এই বিল আমি সমর্থন করছি। এই বিলে কতকগুলি ব্যাপার আছে। আমি মাননীয় মুখ্য মন্ত্রীকে, মাননীয় সদস্যদের আপনার মাধ্যমে বলবো যে এই রুল যখন আমরা ফ্রেম করবো তখন এগুলি মাথায় রাখতে হবে যে আমরা একটা বিপদজনক আগুন নিয়ে খেলছি। অনেক ক্ষেত্রে লিংগুইষ্টিক ওয়েতে আমরা যখন কোন অটোনমি দিতে চাই তখন তার একটা ভাল দিক আছে। এই ব্যাপারে একটা জাজ্বল্যমান উদাহরণ হচ্ছে তামিলনাড়ু। কিন্তু সেখানে রিলিজিয়াস মোটিভে যদি করেন তাহলে সেটা সাকসেসফুল হয়না। লিংগুইষ্টিক ওয়েতে যখন আমরা অটোনমি দিচ্ছি তখন আমাদের এই ব্যাপারে ভাবতে হবে যখন রুল ফ্রেম করবো। যেমন শিক্ষা এডুকেশান আমরা তাদের উপরে ছেড়ে দিচ্ছি। এটা ডিভাইডের ব্যাপার হতে পারে নাও হতে পারে।

কেন্দ্রীয় সরকার, রাজ্যসরকার এবং আমরা যারা পশ্চিমবঙ্গের সমতলের মানুষ তাদের এ্যাটিচ্যুড, সরকারের এ্যাটিচ্যুড সব কিছু নির্ভর করে মূল শ্রোতে সেই মানুষগুলিকে ফিরিয়ে আনা। অতএব সেই জায়গায় সরকারের সহনশীলতা একটু বেশী হবে। আজকে সৌগতবাবুর অপরাধ কোথায়? তিনি কি অপরাধ করেছেন? গোর্খা লীডার সুভাষ ঘিসিং বলেছেন তার ভলিন্টিয়ারদের অস্ত্র সমর্পন করতে। আর তিনি বীজনবাড়ীতে আপনাদের যে অস্ত্রের ঘাটি আছে, সেখানে আপনাদের কর্মীদের হাতে যে অস্ত্র আছে সেগুলি সমর্পন করার জন্য আহ্বান জানিয়েছেন। এখানে অপরাধ কোথায়? আপনারা ভিতরে ছুরী, রাইফেল লুকিয়ে রেখে দেবেন, ওরাও ভিতরে কুর্কী লুকিয়ে রাখবে। আপনারা কি করলেন? আপনারা সমতলের মানুষকে ম্যাপ এঁকে দেখালেন ভারতবর্ষকে ভাগ করছে কে? না, কংগ্রেসের একটা হাত, আর ঘিসিংয়ের একটা হাত। আপনারা নেতৃত্ব দিয়েছিলেন। আমরা পারিনি, ফেল করেছি। আমাদের কংগ্রেসের সভাপতির বাড়ী আক্রান্ত হয়েছে। আমরা আন্দোলনকে ধরে রাখতে পারিনি, আপনারা পেরেছেন। পাহাড়িয়া এলাকার প্রতিনিধিত্বের মনোভাব আপনারা সমতলের মানুষকে যে ভাবে বোঝাবার চেষ্টা করেছেন সেই ভাবে সমতলের মানুষ বুঝেছে যে কংগ্রেস কি তাহলে দেশদ্রোহী, রাজীব গান্ধী কি তাহলে দেশদ্রোহী? রাজীব গান্ধী কি তাহলে কংগ্রেসকে ভাগ করতে, দেশকে ভাগ করতে চায়? রাজীব গান্ধী ১৯৮৬ সালের ডিসেম্বর মাসে দার্জিলিংয়ের জনসভায় দাঁড়িয়ে দৃপ্ত কণ্ঠে ঘোষণা করেছিলেন যে আমরা পশ্চিমবঙ্গকে ভাগ হতে দেবনা, সংবিধান সংশোধন হবেনা, পশ্চিমবঙ্গ ভাগ হবেনা। মাননীয় মুখ্যমন্ত্রীও বিচক্ষণতার পরিচয় দিয়েছেন। তার যে এ্যাটিচ্যুড, তার যে পদ্ধতি, এই সভার কাছে মূল বক্তব্য ব্যাখ্যা করলেন, তার সঙ্গে আপনাদের এই চিৎকার-চেঁচামেচি মিলছে না। আপনারা কি সত্যি এটা চান না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সেজন্য আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে নিবেদন করবো যে এর পরবর্ত্তীকালে যখন রুল আমরা ফ্রেম করবো তখন আমাদের অনেক সহনশীলতার পরিচয় দিতে হবে। কারণ আমরা অনেক বড় জিনিস তাদের উপরে ছেড়ে দিচ্ছি। এডুকেশানের ব্যাপারে সিলেবাস তৈরী করার দায়িত্ব আমরা ওদের দিচ্ছি। এডুকেশানের পুরো দায়িত্ব তারা পেয়ে যাবে। কাজেই কি ধরণের শিক্ষা ব্যবস্থা তারা চালু করবে, কি ধরণের ব্যবস্থা তারা দার্জিলিংয়ের উপরে আনবে এগুলি অত্যন্ত বিপদ জনক খেলা হতে পারে। কাজেই সেই খেলা যাতে না হয় সেজন্য সৌগতবাবু একথা বলেছেন। কাজেই আপনাদের আরো সহনশীল হতে হবে। আপনাদের মূল দায়িত্ব নিতে হবে। কোথায় বীজনবাড়ীতে চা বাগানের ইউনিয়ন গেল কি না গেল সেটা বড় কথা নয়। এটাকে মূল স্রোতের ফিরিয়ে আনতে হবে। লক্ষ লক্ষ গোর্খা মানুষদের মূল স্রোতে ফিরিয়ে আনতে হবে। ভারতবর্ষের মূল স্রোতের মধ্যে ঐ গোর্খা মানুষগুলিকে ফিরিয়ে আনতে হবে। ১৯৬০ সাল থেকে ১৯৮৭ সাল পর্য্যন্ত বিভিন্ন ভাবে, বিভিন্ন পদ্ধতিতে গোর্খা লিবারেশানের দাবী উঠেছে। এটা যে ওঠেনি সেকথা অস্বীকার করতে পারবেন না। গোর্খা লিবারেশানের দাবী বিভিন্ন সময়ে, বিভিন্ন প্রক্রিয়ার বিভিন্ন রাজনৈতিক দল, বিভিন্ন ভাবে আমরা করেছি। কিন্তু তাদের এটা অনেক দিনের দাবী। গোর্খারা বলছে যে আমরা শুধু নেপালী নয়, আমরা ভারতবর্ষের মানুষ, আমাদের সংবিধানে স্বীকৃতি দিক, আমাদের ভারতবর্ষের নাগরিক করা হোক। এই দাবীগুলি এক সময়ে আপনারাও করেছিলেন, আমরাও করেছিলাম। আপনাদের একজন মাননীয় সদস্য গৌরবাবু কি বললেন? উনি বললেন, বিদেশী রাষ্ট্রকে চিঠি দিয়েছে, ইউ. এন. ও-কে চিঠি দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শ্রদ্ধার সঙ্গে বলছি যে আপনাদের পরলোকগত নেতা জয়প্রকাশ নারায়ণ, তিনিও তো চিঠি দিয়েছেন, তিনিও তো ইউ. এন. ও-কে চিঠি দিয়েছেন। তাহলে তিনি কি তাতে দেশদ্রোহী হয়ে গেলেন?

**[5.50 - 6.00 p.m.]**

তাতে রাষ্ট্র বিরোধী হয়ে গেছে, এই সব বলবেন না, এই সব বলে নিজেদের এত খেলো করবেন না, নিজেদের এত ছোট করবেন না। আপনারা একটা সংগ্রামী দল, আপনারা চা বাগানে লড়াই করেছেন, সত্যই আপনাদের জন্য আমরা গর্ব অনুভব করছি, আমরা পারিনি। আপনারা পেরেছেন, গোর্খা ল্যান্ডের দাবীর বিরুদ্ধে আপনারা লড়াই করেছেন এবং পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী, তিনি আজকে এই যে বিল রেখেছেন, আমি এই বিল পুরোপুরি আমার দলের পক্ষ থেকে সবাই সমর্থন করেছি, আমি নির্দ্বিধায়, আন্তরিকতার সঙ্গে সমর্থন করবো। আমি আপনাদের কাছে আবেদন জানাবো, আন্তরিকতার সঙ্গে এই বিলের রূপ দান করার চেষ্টা করুন, আন্তরিকতার সঙ্গে এই বিলকে বাস্তবে রূপ দেবার চেষ্টা করুন, তবেই ঐ গোর্খা মানুষগুলো আমাদের মূল স্রোতের সঙ্গে ফিরে আসবে এবং এই চুক্তিটা স্বার্থক হবে। এই বিলের উদ্দেশ্য স্বার্থক হবে তখনই, যখন তারা মূল স্রোতের সঙ্গে ফিরে আসবে, আপনাদের আন্তরিকতার উপর সেটা নির্ভর করছে। এই বলে এই বিলকে আন্তরিক ভাবে এবং পরিপূর্ণ ভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধ চন্দ্র সিংহ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ বিল উত্থাপন করেছেন, আমি সেই বিলকে আন্তরিক ভাবে সমর্থন করছি। এই বিলকে সমর্থন করতে গিয়ে দু একটি কথা বলতে চাই, সেটা হচ্ছে এই যে দার্জিলিং-এ যে আন্দোলন সৃষ্টি হয়েছিল, তার ফলে পশ্চিমবঙ্গ খন্ডিত হবার যে সম্ভাবনা দেখা দিয়েছিল, আমাদের মুখ্যমন্ত্রী যে বক্তব্য এবং প্রতিশ্রুতি পশ্চিমবঙ্গের জনগনকে দিয়েছিলেন, যে পশ্চিমবঙ্গকে তিনি ভাগ হতে দেবেন না, এই চুক্তি সাক্ষরিত হবার ফলে এবং দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ বিল আজকে বিধানসভায় উত্থাপিত হবার ফলে বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গের জনগনের কাছে রাজনৈতিক যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেই প্রতিশ্রুতি সাফল্যের সঙ্গে পালন করতে পেরেছেন। এটা বামফ্রন্ট সরকারের পক্ষে এবং ব্যক্তি গত ভাবে মাননীয় মুখ্যমন্ত্রীর পক্ষে একটা বিরাট রাজনৈতিক জয়, সেই বিষয়ে কোন সন্দেহ নেই। আজকে কংগ্রেস বন্ধুদের বক্তব্য শুনলাম, তাঁরা দার্জিলিং পার্বত্য পরিষদ বিলটাকে সমর্থন করলেন, কিন্তু সমর্থন করার আগে যে সব কথা বললেন, আমি মনে করি যে দীর্ঘ তিক্ততার পরে এবং কয়েকবার সর্বদলীয় বৈঠকের পর এই যে চুক্তি সাক্ষরিত হয়েছিল এবং যার ফলশ্রুতি হিসাবে আজকে যে বিল এখানে উত্থাপিত হয়েছে, সেই পটভূমিকাতে আজকে কংগ্রেসী মাননীয় সদস্যদের এই বক্তব্য যথোচিত ভাবে খাপ খায় না, এটা প্রমান করে দিচ্ছে। এই দার্জিলিং সমস্যাকে কেন্দ্র করে কী রাজ্যের কংগ্রেস, কী কেন্দ্রের কংগ্রেসী নেতৃত্ব হয়তো পশ্চিমবঙ্গ এর বামফ্রন্ট সরকারকে একটু বেকায়দায় ফেলার মানসিকতায় ছিলেন, কিন্তু পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার এর একটা মজবুত গণ সংগঠণ ছিল বলে এবং পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী, তিনি পশ্চিমবঙ্গ বাসীকে এই সমস্যার পেছনে একজোট করতে পেরেছিলেন বলে কংগ্রেসীদের হয়তো যে অশুভ উদ্দেশ্য ছিল, সেই অশুভ উদ্দেশ্য তাঁরা শেষ পর্য্যন্ত কার্য্যকরী করতে পারেন নি। আমি আজকে যে কথা বলতে চাই, আজকে আলোচনার বিষয় বস্তুর মূল হওয়া উচিৎ ছিল, গত দু বছর ধরে কেন্দ্র, রাজ্য, সুভাষ ঘিসিং, রাজীব গান্ধী, ইত্যাদিকে কেন্দ্র করে যে বক্তব্য বলা হয়েছিল, সেই বক্তব্য আজকে বলা উচিৎ ছিল না। আজকে দার্জিলিং পার্বত্য পরিষদের গোর্খারা ভারতবর্ষের রাজনীতির মূল স্রোতে সম্পৃক্ত হবে, কি ভাবে মিশে যাবে, তাদের মনে আশংকা ছিল, সেটা কী ভাবে দূর করে তাদের উন্নয়নের জন্য আমরা সহযোগীতার হাত বাড়িয়ে দিয়ে তাদের সঙ্গে একাত্ম হতে পারবো, সেই সম্পর্কে যদি আমরা গঠণ মূলক সাজেসন এখানে পেতে পারতাম তাহলে বোধ হয় একটা উপযুক্ত কাজের কাজ হতে পারতো। কিন্তু আমরা এই সর্ব দলীয় বৈঠকের মাধ্যমে যে কাজগুলো ঘটিয়েছিলাম, তার উপর ভিত্তি করে আজকে এই বিল রচিত হয়েছে

এবং যে চুক্তি সাক্ষরিত হয়েছে, সেই চুক্তিকে বাস্তবায়িত করার জন্য এই বিল রচিত হয়েছে দীর্ঘ অশান্তির পরে, আজকে সেখানে শান্তি ফিরে এসেছে, আমরা চাই দার্জিলিং পরিষদ বিলের মাধ্যমে যে দৃষ্টান্ত স্থাপিত হলো, এই দৃষ্টান্ত ভারতবর্ষের অন্যান্য অঞ্চলের অনুসৃত হবে এবং ভারতবর্ষের অন্যান্য অঞ্চলে যে সব বিচ্ছিন্নতাবাদী আন্দোলন সৃষ্টি হয়েছে, সেই বিচ্ছিন্নতাবাদী আন্দোলন আপোশ আলোচনার মাধ্যমে নেগোসিয়েশনের মাধ্যমে সমস্যার সমাধান করা সম্ভব হবে, এই আশা পোষণ করে এই বিলকে সর্বান্তকরণে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুহৃদ বসুমল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মুখ্যমন্ত্রীর পেশ করা দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ বিলটিকে আমি সমর্থন জানাচ্ছি। স্যার, ২ বছরের জি. এন. এল. এফ-এর আন্দোলন থেকে আজকে আমরা একটা জায়গায় আসতে পেরেছি। স্যার, যখন গোর্খাদের আন্দোলন প্রথম শুরু হয় তখন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু বার বার বলতেন, "পাহাড়ের ঐ লোকটা কে? সুভাষ ঘিসিং কে?" কিন্তু সুভাষ ঘিসিং পশ্চিমবাংলার দার্জিলিং পার্বত্য এলাকায় সন্ত্রাস সৃষ্টি করে, বহু মানুষের জীবন নিয়ে নেবার পরে মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে হ্যান্ড-সেক্ করেছেন এবং একটা চুক্তিও হয়েছে। তবে এটাও সম্ভব হত না যদি না আমাদের প্রিয় প্রধান মন্ত্রী তাঁর রাজনৈতিক দূরদৃষ্টিতার পরিচয় দিতেন। আজকে একজন বামপন্থী সদস্য বললেন, 'আমরা বামপন্থীরা স্বায়ত্বশাসনের কথা বলেছিলাম, কিন্তু ভাবত সরকার গোর্খা ল্যাণ্ড বা স্বায়ত্ব-শাসন দিতে চান নি।' কেন চান নি? যদি চাইতেন, তাহলে তো গোর্খা ল্যাণ্ডই সৃষ্টি হত। আজকে ভারতবর্ষের প্রধান-মন্ত্রী রাজীবজীকে সারা ভারতবর্ষের ঐক্য এবং সংহতির কথা চিন্তা করতে হচ্ছে। মার্কসবাদী কমিউনিষ্ট পার্টিকে ভারতবর্ষে সংহতি এবং ঐক্যের কথা চিন্তা করতে হয় না। রাজীবজীকে করতে হয়। সেই জন্য পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী যখন বার বার বলেছেন যে, সুভাষ ঘিসিং রাষ্ট্র-বিরোধী কাজ করছে, সে ইউ. এন. ও.র কাছে চলে গেছে, তখন রাজীবজী সে সমস্ত কথায় গুরুত্ব দেন নি। আমাদের মুখ্যমন্ত্রী তাঁর দীর্ঘ রাজনৈতিক জীবনে হয়ত অনেক দিক দিয়েই সফল হয়েছেন, কিন্তু একটা দিকে তিনি সফল হতে পারেন নি। তাঁকে তাঁর দল মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি বিপথে পরিচালিত করেছিল। '৮৭ সালে বিধানসভার নির্বাচন ছিল, গোর্খাল্যাণ্ড আন্দোলনকে তারা কাজে লাগিয়েছিল। তারা বলেছিল বঙ্গ-ভঙ্গ হতে দেব না।' পশ্চিমবাংলার মানুষের সেন্টিমেন্টে সুড়সুড়ি দিয়ে তারা ভোটে জিতেছে। বিনিময়ে পশ্চিমবঙ্গ সরকারের প্রায় ২০০ কোটি টাকার সম্পত্তি নষ্ট হয়েছে, ৮০ জন ভারতীয় নাগরিক সেখানে প্রাণ হারিয়েছেন। আজকে আর নির্বাচন নেই, তাই আজকে মীমাংসার পথে যাওয়া হল। অথচ আমাদের প্রিয় প্রধানমন্ত্রী রাজীবজী বার বার বলেছিলেন, 'আপনারা মীমাংসার মধ্যে যান।' আমাদের কংগ্রেস পার্টির পক্ষ থেকে বার বার মুখ্যমন্ত্রীকে বলা হয়েছিল, 'আপনি সুভাষ ঘিসিং-কে ডেকে তাঁর সঙ্গে আলোচনা করুন।' কিন্তু তিনি আলোচনা করেন নি। তিনি তাঁর দম্ভ এবং অহমিকা বজায় রেখেছিলেন। ফলে সমস্যার সমাধান হয় নি। তা না হলে অনেক আগেই চুক্তি হতে পারত, সমস্যার সমাধান হতে পারত। মুখ্যমন্ত্রীর দম্ভ এবং অহমিকার জন্য তা হয় নি। উনি বাস্তববাদী হলেন অনেক পরে। আমাদের প্রিয় প্রধানমন্ত্রী রাজীবজীর হস্তক্ষেপ এবং বুটা সিংজীর সক্রিয় হস্তক্ষেপের পর জ্যোতিবাবু এবং সুভাষ ঘিসিং-এর মধ্যে আঁতাত হয়েছে। জ্যোতিবাবু অহমিকা এবং দম্ভ পরিত্যাগ করে বাস্তব রাজনীতিতে ফিরে এসেছেন। বাংলার মানুষের কথা চিন্তা করে, পশ্চিমবাংলার শান্তির কথা চিন্তা করে চুক্তি করেছেন। সুতরাং আমি তাঁকে সাধুবাদ জানাচ্ছি। আজকে গোর্খা পার্বত্য পর্ষদ বিলটি এখান থেকে পাশ হয়ে আইনে পরিণত হতে চলেছে, এরপর আমাদের দেখতে হবে যে, দার্জিলিং-এর মানুষের এ্যাসপিরেসন — এ্যাসপিরেসন অফ্ দি দার্জিলিং পিপল ইজ গোয়িং টু বি ফুলফিল্ড বাই দিস য়্যাক্ট — যেন ফুলফিল্ড হয়। তাদের এ্যাসপিরেসনস ফুলফিল্ড্

হওয়া দরকার। তার অর্থ এই নয় যে, তাদের স্বায়ত্বশাসন দিতে হবে। তার অর্থ এই নয় যে, তাদের পৃথক গোর্খা রাজ্য তৈরী করে দিতে হবে। যে পথে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি যেতে চেয়েছিল সে পথে যে যাওয়া হয় নি তা পশ্চিমবাংলার মানুষের পক্ষে, তথা ভারতবর্ষের মানুষের পক্ষে মঙ্গলের। ফলে একটা ঐতিহাসিক চুক্তি হয়েছে, গোর্খা ল্যাণ্ড হয় নি। জ্যোতিবাবু অহমিকা এবং দম্ভ ত্যাগ করে বাস্তব রাজনীতির কথা চিন্তা করে, পশ্চিম বাংলা তথা সমগ্র দেশের ঐক্য এবং সংহতির স্বার্থে এই ঐতিহাসিক চুক্তিটি করেছেন। গোর্খারা ভারতীয় নাগরিক হিসাবে স্বীকৃতির দাবী জানিয়েছিলো এবং তাদের নিরাপত্তার জন্যও আবেদন রেখেছিল, তাদের সেই দাবী বা আবেদনও মেনে নেওয়া হয়েছে। জ্যোতিবাবু সুভাষ ঘিসিংকে রাষ্ট্রবিরোধী না বলে তাঁকে দেশপ্রেমিক হিসাবেই গ্রহণ করে নিয়েছেন। আমরা আশা করব পরবর্তী পর্যায়ে গোর্খা ভাইদের উন্নতির স্বার্থে তিনি তাদের সঙ্গে সব বিষয়ে সহযোগিতা করবেন। আমরা আশা করব পশ্চিমবঙ্গ সরকার তাদের সঙ্গে বিমাতৃসুলভ আচরণ করবেন না। গোর্খা জনগণের উন্নতির জন্য কাউনসিল যাতে রাজ্য সরকারের কাছ থেকে টাকা পয়সা পায়, উন্নয়নের ক্ষেত্রে যেন তারা বঞ্চনার স্বীকার না হন। এই কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়-হিন্দ।

**[6.00 - 6.10 p.m.]**

**শ্রী বিমলানন্দ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২ বছরের তিক্ত অবস্থা হয়তো একটু শান্তির মুখে উপস্থিত হয়েছে। ভারতবর্ষ কোথায় গিয়ে দাঁড়াবে তা এখন আমাদের অজানা, তবুও এটা শুভ-সূচনা যে গতকাল জি. এন. এল. এফ নেতা সুভাষ ঘিসিং একটা বক্তব্য উপস্থাপিত করেছেন, যে তাঁর সংগঠনের সমস্ত ক্যাডারদের সমস্ত অস্ত্র সমর্পন করতে হবে এবং ডুয়ার্সের আন্দোলন বন্ধ করতে হবে। আমরা এই কথাগুলির উপর যথেষ্ট গুরুত্ব দেব। আমাদের বামফ্রন্টের এবং বামফ্রন্ট সরকারের প্রতিটি পদক্ষেপ এবং আশা করবো বিরোধীদলের পদক্ষেপ খুব সতর্ক হবে যাতে ভবিষ্যতে কোন সুযোগের অজুহাত তৈরী না হয়, আবার যাতে গন্ডগোল সৃষ্টি না হয়। খুব ভাল লাগলো এবং বিচলিত আমরাও, মাননীয় সদস্য শ্রী ফজরুল রহমানের দেশ বিভাগের কতখানি বেদনা তা তাঁর চোখের জলের মধ্য দিয়ে ব্যক্ত করেছেন এবং সকলেই তা অনুভব করেছেন। নেপালী মানুষ, দার্জিলিং-এর বিভিন্ন ভাষাভাষী জাতি, খন্ডিত জাতির মানুষের মনে বেদনা আছে। কিন্তু বেদনার সুড়সুড়ি দেওয়াটা ঠিক নয়। আমি একটা কথা উল্লেখ করি, মেঘালয় থেকে বহু নেপালী মানুষকে যখন তাড়িয়ে দেওয়া হল তখন তারা এই পশ্চিমবাংলার ভিতর দিয়ে গিয়ে দার্জিলিং-এ পৌছলেন। এই বামফ্রন্ট সরকার তাঁদের আশ্রয়ের ব্যবস্থা করলেন। কিন্তু তাঁরা আরো উস্কানি পেলেন। স্বাভাবতই তাঁদের ধারণা তৈরী হয়েছিল যে অন্য জায়গায় আমাদের থাকার মতন ব্যবস্থা নেই। এই উস্কানি, এই বিচ্ছিন্নতাবোধ, এই বিভেদ সৃষ্টি কারা করেছেন সেটা একটু ভেবে দেখবেন। সংকীর্ণ স্বার্থে, জাতীয় সংহতি ও জাতীয় ঐক্যের কথা মুখে যারা বলেন, যারা আগে এক জাতি, এক প্রাণ বলে আসতেন তাঁরাই আজকে বিভেদের শক্তি উজ্জীবিত করেছেন কোন রকমে সরকারী আসনে থাকার জন্য এবং তারই ফলে আজকে এই সমস্ত বিচ্ছিন্নতাবাদী বিক্ষোভ। এক মানুষের সঙ্গে আর এক মানুষের কলহ এবং সাম্প্রদায়িক বীজগুলি ছড়িয়ে দিচ্ছে। সেই জায়গায় আজকে যেহেতু একটা সর্বসম্মত প্রস্তাব এসেছে, আমি অনুরোধ করবো, এমন কিছু প্ররোচনা দেবেন না যাতে যে জায়গায় আমরা দীর্ঘ ২ বছর পর একটু শান্তির জায়গায় এসে আসার সূচনা তৈরী করতে পেরেছি সেটা যাতে আরো খারাপের দিকে না যেতে পারে। সমস্যা আছে, সমস্যা সারা দেশেই আছে, সারা দেশের অধিকাংশ মানুষের বেদনা আছে একটা বিশেষ বেদনার জন্য। এই অবস্থায় মানুষের দুঃখ, মানুষের ক্ষোভ, মানুষের অভাব-অনটনের সুযোগ নিয়ে তাকে ভুল পথে পরিচালিত করার শক্তিও আছে। তারই

বিরুদ্ধে আমাদের এই সংগ্রাম। কিন্তু দোহাই, জাতিতে জাতিতে বিভিন্ন ভাষাভাষীর মধ্যে বিভেদ সৃষ্টি করে দেবেন না। সুভাষ ঘিসিং মহাশয় আগে যা করেছেন বা বলেছেন তা আমরা সবাই জানি। আজকে এটা শুধু জ্যোতিবাবুর প্রশ্ন নয়, আমরা জানি বামফ্রন্ট সরকার এবং তার যিনি মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু সুভাষ ঘিষিংয়ের সঙ্গে দীর্ঘদিন আলোচনান্তে একটা ঐক্যমতে এসেছেন এবং সমস্ত দল ঐক্যবদ্ধ হয়ে সেই চুক্তি প্রয়োজনীয়তা মেনে নিয়েছে বলেই আজ এই বিল এসেছে। অবশ্য আমরা জানি এই ব্যাপারে পশ্চিমবাংলার একটি মাত্র দলই বিরুদ্ধচারণ করেছিল এবং আমরা আশা করব এ ব্যাপারে আর কোন রকম প্ররোচনা হবে না তবে মনে রাখবেন বিপদ আছে। একজন মাননীয় সদস্য বলেছেন কি ধরণের অবস্থা এখনও সেখানে চলছে। ডুয়ার্সের কথাও বলা হয়েছে, এগুলি মোকবিলা করতে হবে, তবে সেই সঙ্গে মনে রাখতে হবে জাতীয় ঐক্য বোধ এবং জাতীয় সংহতি যেন বজায় থাকে। শ্রেণী সংগ্রাম তো থাকবেই, কংগ্রেসের সঙ্গে আমাদের বিরোধিতা তো থাকবেই, তবে জাতীয় ঐক্যের প্রশ্নে আমরা চাইব যেটুকু হয়েছে সেই ঐক্যমত যেন বজায় থাকে। সুভাষ ঘিসিং মহাশয়কে অস্ত্র সংবরণের ব্যবস্থা করতে হবে কারণ ওখানে বিদেশী শক্তি কাজ করছে, নানা সাম্প্রদায়িক শক্তি, বিচ্ছিন্নতাবাদী শক্তি, বিভেদকামী শক্তি ওখানকার উত্তর দক্ষিণে নানা খণ্ডে কাজ করছে। কাজেই এদিকে আমাদের অত্যন্ত সতর্ক পদক্ষেপ রাখতেই হবে, যাতে কেউ কোন রকম গণ্ডোগোল যেন পাকাতে না পারে। এই বিলের মধ্যে দিয়ে শুধু পশ্চিমবাংলা নয়, সারা ভারতের ক্ষেত্রেই একটা রাস্তা পাওয়া গেছে, এটা বোঝা গেল খানিকটা স্বায়ত্বশাসন দিতে পারলে অনেক সমস্যারই সমাধান হয়ে যায়। আমরা দেখেছি নাগাল্যান্ডের অন্দোলন, বিষ্ণুমোদী তখন আসামের মুখ্যমন্ত্রী ছিলেন। নাগাল্যান্ড ন্যাশ্যান্যাল কাউনসিলে আমাদের আর. সি. পি. আই একজন প্রতিনিধিও ছিলেন, আমরা দেখেছি সামান্য কিছু স্বায়ত্বশাসন মূলক অধিকার দিলে ওখানকার সমস্যার মীমাংসা হতে পারত কিন্তু সেটা না করার ফলে নাগারা সশস্ত্র বিদ্রোহের দিকে যেতে বাধ্য হল এবং যাকে বলে সেল্ফ ডিটারমিনেসন সেই বিচ্ছিন্ন হওয়ার দিকে চলে গেল এবং সেদিকে যাবার জন্য নানারকম প্রভোকেসনও দেওয়া হয়েছিল। মেঘালয় থেকে নেপালীদের বিতারণ তাদের আরও বেশী উত্তেজিত করেছিল। আমি আর একটা কথা বলছি গোর্খা শব্দটি যাই হোক না কেন আমরা এই শব্দটিতে খুব বেশী আপত্তি করি না। নাগাল্যান্ডের কথা আমি আপনাদের শোনালাম। পশ্চিমবাংলা শুধু বাঙালীদের দেশ নয়, এখানে নানা জাতির বাস আছে এটা একটা কমপ্যাক্ট এরিয়া, এখানে নেপালী, ভুটিয়া, টিবেটিয়ানরা রয়েছে। অনেক খণ্ড জাতি রয়েছে। দার্জিলিং নিয়ে যে সমস্যার সৃষ্টি হয়েছে তাতে মীমাংসার রাস্তা যাতে নষ্ট না হয় সেই বাস্তব বোধ বামফ্রন্ট সরকারের ছিল এবং সে ব্যাপারে কেন্দ্রীয় সরকারের প্রতিনিধিরা যা কর্ত্তব্য পালন করেছেন সেটা আমি অস্বীকার করব না। আমার শেষ কথাটা হচ্ছে এই বিলের প্রতি যে সকলের সমর্থন এসেছে তার জন্য শুভেচ্ছা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবুদ্ধ লাহা :** মিঃ স্পীকার স্যার, দার্জিলিং গোর্খা হিল কাউনসিল বিলকে আমি সর্বান্ত করণে সমর্থন জানাচ্ছি এবং মাননীয় মুখ্যমন্ত্রী এই বাস্তববাদী পদক্ষেপ নেওয়ার জন্য আমি তাঁকেও আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমার মনে আছে এই গোর্খা চুক্তি যখন টেনটেটিভলি ঠিক হয়ে গিয়েছিল তখন মুখ্যমন্ত্রী মহাশয় নিজে প্রধানমন্ত্রী মহাশয়ের ঘরে গিয়ে প্রধানমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিয়ে এসেছেন।

**[6.10 - 6.20 p.m.]**

মুখ্যমন্ত্রীর যে বাস্তব বুদ্ধি আছে, তিনি যে ভারতের তরুণ প্রধানমন্ত্রী রাজীব গান্ধীকে কৃতজ্ঞতা জানাতে গিয়েছিলেন এবং ভারতের গৃহমন্ত্রী বুটা সিংকে ধন্যবাদ জানিয়েছিলেন তাঁকে সাহায্য করবার

জন্য, তারজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। তবে এই বাস্তব জ্ঞান মুখ্যমন্ত্রীর অনেক পরে এসেছে। কিন্তু বেটার লেট দ্যান নেভার। এই বাস্তব জ্ঞান হয়ত তাঁর মধ্যে অনেক দিন আগে হতেই ছিল, কিন্তু তাঁর দল এটা তাঁকে করতে দেয়নি। কারণ ১৯৮৭ সালের বিধানসভার নির্বাচন পেরোতে তাঁদের এটা দরকার ছিল। তাই তখন দেয়ালে দেয়ালে লেখা হত 'গোর্খাল্যান্ড রুখছি রুখবো,' পশ্চিমবঙ্গকে ভাগ হতে দেবো না।' এবং তাঁরা চাইতেন এই জিনিসটা গড়িয়ে গড়িয়ে চলুক। কিন্তু মুখ্যমন্ত্রী সেটা হতে দেননি। সি. পি. এম পার্টির অনেকেই চাইতেন আগামী লোকসভার নির্বাচন পর্যন্ত গোর্খাল্যাণ্ড ইস্যু জীইয়ে থাক। কিন্তু তিনি সি. পি. এমের কথা না শুনে দুইজন বুরোক্র্যাটের কথা শুনেছেন এবং সাকসেসফুল হয়েছেন। এঁদের একজন হচ্ছেন চীফ সেক্রেটারী এবং অপর জন হোম সেক্রেটারী। তিনি বুঝেছিলেন যে, এই ধরণের আই. এ. এস অফিসাররা ঠিক কথাই বলছেন এবং. যদি এ্যাডমিনিষ্ট্রেশন চালাতে হয় তাহলে ব্যুরোক্র্যাসীর কথা শুনেই চলতে হবে, না হলে দেশের ভাল হবে না। কিন্তু সি. পি. এম দেশের ভাল চান না, তাঁরা শুধু ইলেকশন জিততে চান। প্রধানমন্ত্রী মুখ্যমন্ত্রীকে নিরুৎসাহিত না হয়ে, নেপালীদের কুকরীকে ভয় না পেয়ে দার্জিলিং-এর মাটিতে যাবার জন্য বললেন। প্রধানমন্ত্রী তাঁকে হাত ধরে নিয়ে যেতে চাইলেন। তবু তিনি সেখানে গেলেন না। কিন্তু পশ্চিমবঙ্গ যুব কংগ্রেস দার্জিলিং-এর ম্যালে ভারতের জাতীয় পতাকা এবং কংগ্রেস পতাকা প্রথিত করে দিয়ে এসেছিলেন, সি. পি. এম পারেনি সেটা। তবে এ্যাডমিনিষ্ট্রেশনে থাকতে থাকতে মুখ্যমন্ত্রী নিশ্চয়ই দেশপ্রেমিক হয়ে উঠেছেন এবং তাই হয়ত তিনি গুর্খাদের উন্নয়ণ চান এবং তাই হয়ত তিনি সেটাকে রূপ দিচ্ছেন বাস্তবকে মেনে নিয়ে। তবে ১৯৭৭ থেকে ১৯৮৮ সাল পর্যন্ত গুর্খাদের উপর অনেক অত্যাচার করা হয়েছে। বামফ্রন্ট সরকার তাঁদের উপর অনেক অত্যাচার করেছেন। তবে সেটা যাতে আর না হয় তা দেখতে হবে। তাঁদের উপর যে অন্যায় হয়েছে, অত্যাচার হয়েছে, সে সম্বন্ধে মুখ্যমন্ত্রী নিশ্চয়ই উপযুক্ত ব্যবস্থা নেবেন; গুর্খাদের সার্বিক উন্নতির জন্য নিশ্চয়ই ব্যবস্থা করবেন তিনি। তবে সুভাষ ঘিসিং যা দেখিয়েছেন, সেটা জাগলারী হলেও, তার প্রশংসা করা উচিত নিশ্চয়ই প্রশংসা করা উচিত। তবে সুভাষ ঘিসিং যদি আজকে আর্মস লেড ডাউন না করতেন তাহলে কি এটা এফেকটিভ হত ? তিনি নিজে একটা পলেটিক্যাল ষ্টান্ট দেখিয়েছেন। তিনি তাঁর নিজের দলের লোকের কাছে অনেক রিসক্ নিয়েছেন। তবে তাঁর লেটেষ্ট রিসক্ হচ্ছে চুক্তিতে সই করা। সুভাষ ঘিসিংকে এরজন্য ধন্যবাদ দেওয়া উচিত। তবে সুভাষ ঘিসিং প্রমান করেছেন যে, তিনি দেশদ্রোহী নন, ভারতবর্ষের জাতীয় পতাকাকে তিনি স্যাল্যুট করেন। তিনি আজকে মুখ্যমন্ত্রীকে স্বীকার করে নিতেও রাজী। আজকে সুভাষ ঘিসিং সত্যটা বুঝেছেন এবং মুখ্যমন্ত্রী তার রূপ দিচ্ছেন। তবে এরজন্য সি. পি. এম সদস্যদের অনন্দ করা উচিত নয়, কারণ তাঁরা গুর্খাল্যাণ্ড আন্দোলনের বিরুদ্ধে কোন আন্দোলন করতে পারেননি। সেক্ষেত্রে অনেক বেশী লড়াই করেছে কংগ্রেস। আজকে মুখ্যমন্ত্রীকে এ-বিষয়ে নজর রাখতে হবে যাতে চুক্তিটা বাস্তবে সত্যি সত্যিই রূপায়িত হয়। লক্ষ্য রাখতে হবে, এর থেকে যেন অন্য কোন সুভাষ ঘিসিং-এর জন্ম সেখানে না হয়। সেক্ষেত্রে ডুয়ার্সের সেসেনিষ্ট আন্দোলনের উপর নজর রাখতে হবে, সেটা রুখতে হবে এবং শিলিগুড়ির বিলটা তাড়াতাড়ি আনতে হবে। অবশ্য আজকে গুর্খাল্যান্ড সংক্রান্ত যে বিল এখানে এসেছে তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করি। তবে 'গুর্খা শব্দটা এর মধ্যে না এলেই ভাল হত। কেননা যদিও সুভাষ ঘিসিং নিজেকে এখন দেশপ্রেমিক রূপে চিহ্নিত করেছে কিন্তু এই গোর্খা শব্দ থেকে ঝাড়খণ্ড আন্দোলন যেন জন্ম না নেয়। সেটাকে আমাদের দেখতে হবে। আমরা কংগ্রেসীরা সব সময়ই চাই শান্তিপূর্ণ উপায়ে সমস্যার সমাধান করতে এবং মুখ্যমন্ত্রী ও প্রধানমন্ত্রীর পদাংক অনুসরণ করেছেন। সমস্ত কিছু শান্তি পূর্ণ সমস্যার সমাধানের দিকে সকলকে লক্ষ্য রাখতে হবে। ভবিষ্যতে যেন এর থেকে কোন ভাবি বিদ্রোহ জন্ম না নিতে পারে সেই দিকে লক্ষ্য রাখতে হবে। কেননা আমাদের কাছে সবচেয়ে বড় হচ্ছে ভারতবর্ষ এবং তারপরে পশ্চিমবঙ্গ। কংগ্রেসীরা

নিজেদের আত্মসমালোচনা করতে পারে, কেননা তাঁদের অভ্যন্তরে গনতন্ত্র রয়েছে, কংগ্রেসীদের মধ্যে নিজেদের মতামত ঠিকমত ব্যক্ত করবার সুযোগ রয়েছে। কিন্তু আপনাদের দলে এই জিনিস নেই। তাহলেও আমি এই বিলকে সর্ব্বান্তকরনে সমর্থন করে যাচ্ছি কিন্তু তা সত্বেও আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো যে পশ্চিমবাংলার অখণ্ডতা যেন রক্ষিত হয় সেই দিকে তিনি যেন লক্ষ্য রাখেন। আগামী দিনে নেপালী ভাইদের সার্বিক উন্নয়নের দিকে তিনি যেন লক্ষ্য রাখেন। জয় হিন্দ।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে দার্জিলিং গোর্খা হিল কাউনসিল বিধেয়ক বিল ১৯৮৮ আজকের বিধানসভার অধিবেশনে পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। এই বিল সম্পর্কে দু-একটা কথা বলতে গিয়ে প্রথমেই আমি তাঁদের কথা স্মরণ করবো যাঁরা এই দার্জিলিং-এ বিচ্ছিন্নতাবাদীদের বিরুদ্ধে সংগ্রাম করতে গিয়ে যে সমস্ত যুব, ছাত্র, মহিলারা প্রাণ দিয়েছেন তাঁদের আত্মত্যাগের কথা স্মরণ করবো। ওঁনারা বারে বারে রাজীব গান্ধিকে ধন্যবাদ দিতে চাচ্ছেন। আমিও ওই কংগ্রেসী বন্ধুদের মাধ্যমে রাজীব গান্ধিকে আমার ধন্যবাদের কথাটা পৌঁছে দিতে চাই। পৌঁছে দিতে চাই এই কারণে যে, আড়াই বছর ভারতবর্ষের প্রধানমন্ত্রী রাজীব গান্ধির সময় লাগলো বুঝতে পশ্চিমবাংলার মানুষকে বুঝতে, পশ্চিমবাংলাকে বুঝতে, এখানকার মানুষের চেতনাটাকে বুঝতে। আড়াই বছর পরে হঠাৎ তিনি বুঝতে পারলেন যে পশ্চিমবাংলাকে ভাগ করা যাবে না, দার্জিলিংকে পশ্চিমবাংলা থেকে বিচ্ছিন্ন করা যাবে না যত রকম সুড়সুড়ি দেওয়া যাক না কেন, যত রকম প্রচেষ্টা করা যাক না কেন। আড়াই বছর সময় লাগলো পশ্চিমবাংলার মানুষকে বুঝতে এবং তাঁদের চেতনাটাকে বুঝতে। আড়াই বছর পরে বুঝলেও এটা অত্যন্ত আনন্দের যে তিনি এটা বুঝতে পেরেছেন। আর কংগ্রেসীরা এখানে যে বক্তব্য রাখলেন সেটা শুনে আমি এই টুকু বুঝলাম যে ঢোক গিলে তাঁদের এই বিলকে সাপোর্ট করতে হ'ল অর্থাৎ এই গোর্খা পার্বত্য পরিষদ বিলটাকে সমর্থন করতে হল। তার কারণ হচ্ছে ওঁরা চেয়েছিলেন এই ধরণের একটা আন্দোলন হোক। গোর্খাদের আন্দোলন এই ভাবে বন্ধ হয়ে যাক, চুক্তিটা এই ভাবে স্বাক্ষরিত হোক এটা তাঁরা চান নি। কারণ এর আগে এই বিধানসভার অধিবেশনের আগের অধিবেশনে এই বিল আমরা আনতে চেয়েছিলাম। কিন্তু সেই সময় এখানে বসে যাঁরা চিৎকার করছেন ওই কংগ্রেসী বন্ধুরা সেই পার্বত্য পরিষদের বিলের বিরুদ্ধে কথা বলেছেন এবং এই বিলের প্রতিবাদ করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নিশ্চয়ই মনে আছে গত বিধানসভায় এই ধরনের বিল আসার কথা ছিল। কিন্তু সেই বিল আসেনি কেন? কারণ দিল্লির কোন রকম গ্রিন সিগন্যাল ঘিসিং-এর কাছে আসেনি। যার জন্য ঘিসিং কোন রকম চুক্তিতে স্বাক্ষর করতে রাজি হয়নি বলে গত বিধানসভার অধিবেশনে এই বিল আনা সম্ভব হয় নি। নতুবা গত বিধানসভায় এই দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ বিল আসতো। কেন আসা সম্ভব হয় নি? এই কারণে যে এই কংগ্রেসীরা তখন বুঝে উঠতে পারেন নি যে এই পশ্চিমবাংলায় তাঁদের এই ধরণের উসকানি চলবে না। ওঁরা যখন বুঝলেন তখন ওঁরা বাধ্য হলেন ঘিসিংকে দিয়ে এই চুক্তি স্বাক্ষরিত করাতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই রাজীব গান্ধিকে আর একবার ধন্যবাদ জানাবো যে ভদ্রলোক মাঝে মাঝে বুঝতে পারেন বলে। এই কয়েক দিন আগে লোকসভাতে এই ডিভেমেসান বিল আনলেন, কিন্তু আজকে সংবাদপত্রে দেখছি সেই ডিভেমেসান বিলটা উনি লোকসভায় আনছেন না। ওনার একটু দেরীতে দেরীতে বোধগম্য হয়। দেরীতে দেরীতে যখন বোধগম্য হয় তখন ভারতবর্ষে অনেক ক্ষতি হয়ে যায়। এই ভাবে ভারতবর্ষের সমস্ত সন্ত্রাসবাদী আন্দোলনকে, বিচ্ছিন্নতাবাদী আন্দোলনকে মদত দিয়ে ভারতবর্ষের অনেক ক্ষতি করেছেন ওঁরা। আর সেই জায়গায় দাঁড়িয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার এবং পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী অচল অটল অবস্থায় থেকে সারা ভারতবর্ষকে দেখিয়ে দিল যে কি ভাবে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন, পশ্চিমবাংলার ব্যর্থ হতে পারে, কি

ভাবে পশ্চিমবাংলার মানুষের চেতনার কাছে নতি স্বীকার করতে হয়। দেরীতে হলেও এটা অত্যন্ত আনন্দের কথা তিনি চুক্তিতে স্বাক্ষর করেছেন এবং কংগ্রেসীরা এই চুক্তিকে সমর্থন করেছেন। ওঁদের মধ্যে অনেক অনৈক্য আছে, অনেক বিভেদ আছে তবুও আমি বলবো দার্জিলিং চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং দার্জিলিং-এ শান্তি ফিরে আসবে। এই যে ২০০-৩০০ কোটি কোটি টাকা দার্জিলিং-এ ক্ষয়-ক্ষতি হয়েছে এই টাকা কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। কেননা কেবলমাত্র দার্জিলিং এলাকা থেকে ১০০ কোটি টাকারও বেশী কেন্দ্রীয় সরকার নিয়ে যান।

**[6.20 - 6.30 p.m.]**

ওখান থেকে চা, কাঠ, বড় এলাচ ও কমলালেবু ইত্যাদি বনজ সম্পদের মাধ্যমে কেন্দ্রীয় সরকার একশ' কোটিরও বেশী পরিমাণ টাকা নিয়ে যান। সুতরাং দার্জিলিংয়ের পুর্নগঠনে কেন্দ্রীয় সরকারকে দায়িত্ব নিতে হবে। দার্জিলিংয়ে অশান্ত অবস্থায় প্রায় ২০০।৩০০ কোটি টাকা ক্ষতি হয়েছে। এই অবস্থায় দার্জিলিংয়ের পুর্নগঠনের জন্য কেন্দ্রীয় সরকারকেই পুরোপুরি সাহায্য দিতে হবে। আজকে এখানে এই যে বিল আনা হয়েছে আমি তাকে পুরোপুরি সমর্থন করছি।

**শ্রী জ্যোতি বসু :** স্পিকার মহাশয় আমি আনন্দিত, আমি যে বিল এখানে উৎথাপন করেছি তাতে আমাদের সমস্ত মাননীয় সদস্যরা - যাঁরা বক্তৃতা দিয়েছেন - সমর্থন করেছেন। অন্যান্য সদস্যরাও একে সমর্থন করেছেন, সেজন্য আমি আনন্দিত। আমি এখানে উত্তর দিতে গিয়ে খালি দু'চারটি কথা বলতে চাই। তবে বিতর্ক মূলক অনেক কথা এখানে যা হয়েছে আমি তার মধ্যে যেতে চাই না। দেশের ঐক্য রক্ষার জন্য, পশ্চিমবাংলার অখন্ডতা রক্ষার জন্য আমাদের নেপালী ভাইবোন, যাঁদের সংখ্যা আশি জন হবে, তাঁরা জীবন দিয়েছেন। আমি তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করছি। সংবাদপত্রগুলিতে বিতর্কমূলক কিছু সংবাদ বেরিয়েছে, জ্যোতিবাবু বলেছিলেন যে সুভাষ ঘিষিং দেশদ্রোহী কাজ করেছেন, এখন দেখা যাচ্ছে তাঁকে দেশপ্রেমিক বলছেন এবং তাঁর সঙ্গে চুক্তি হচ্ছে। আমি জানিনা, এখানে কেন এমন ধরণের কথা বলা হয়েছে? এখানে এ সম্পর্কে কিছু বলার দরকার আছে বলে আমি মনে করি। আমি এখন মনে করি, আগেও মনে করতাম যে, আমাদের আভ্যন্তরীণ ব্যাপারে কেউ যদি আন্দোলন করেন, সংগ্রাম করেন - সেই সংগ্রাম যে কোন রকমের সংগ্রাম হতে পারে - তবে সেই আন্দোলন ও সংগ্রামকে কখনও দেশদ্রোহী মূলক সংগ্রাম বলা যায় না। বিচ্ছিন্নতাবাদ এক জিনিস এবং দেশদ্রোহীতা করা আর এক জিনিস। আমি সুভাষ ঘিসিংয়ের আন্দোলনকে কেন এটা বলেছিলাম, যেটা কংগ্রেসী বন্ধুরা এই রকম মনে করলেন? তাঁরা বোধহয় এইজন্য এটা মনে করেছিলেন - দুটোকে এক করে ফেলার জন্যই বোধহয় তাঁরা এই রকম মনে করেছিলেন। আমাদের ভেতরে রাজনৈতিক দিক থেকে একটা বিভেদ আছে, সংগ্রাম আছে, যেগুলিকে আমরা নিজেদের মধ্যে আলোচনা করে ঠিক করে নিতে পারি। কিন্তু সুভাষ ঘিসিং বাইরের শক্তির কাছে - রাষ্ট্রসংঘ হোক, নেপালের কাছে হোক, পাকিস্তান, আমেরিকা বা চীনের কাছে হোক, তাঁদের কাছে আবেদন করেছিলেন। কিন্তু ঐ সমস্ত বাইরের শক্তির কাছে কেন আবেদন করবেন? রাজনৈতিক দৃষ্টিভঙ্গী থেকে এইজন্য আমি তখন বলেছিলাম যে তিনি সঠিক কাজ করেন নি। এটা দেশপ্রেমিকের কাজ নয়। কিন্তু কখন এটা পরিবর্ত্তিত হলো? একটু দেরীতে হয়েছে। প্রধানমন্ত্রীর অনেক কাজ থাকে। তাঁকে হয়ত সব চিঠিপত্র দেখানো হয়নি। তাঁর সঙ্গে আমার দিল্লীতে দেখা হলে তিনি খোলাখুলি আমাকে জিজ্ঞাসা করেছিলেন এবং আমি তখন সুভাষ ঘিষিংকে দেশদ্রোহী বলেছিলাম তা বলি। তবে সৌভাগ্যবশতঃ তিনি এটা বুঝেছেন এই চিঠিটা যখন আমার হাতে এলো, এটি তিনি স্বারাষ্ট্রমন্ত্রী কাছে লিখেছিলেন, এতে দেখলাম লেখা আছে, সুভাষ ঘিসিং লিখেছেন - 'আমার চিঠিতে যে ব্যাখ্যা আছে এবং সি. পি. আই. (এম) এর যে ব্যাখ্যা করবেন তা আমি বুঝতে পারিনি। আমি দেশপ্রেমিক, আমি ভারতীয়

নাগরিক। আমি তাড়াহুড়ার মধ্যে এটা করেছিলাম, তারজন্য আমি অনুতপ্ত, আই রিগ্রেট।' প্রধানমন্ত্রী আমাকে বলেছেন যে, তিনি ওটি দেখেছেন। ইট ইজ অল ওভার। সুভাষ ঘিসিং নিজে বলেছেন 'আই রিগ্রেট, আমি গোর্খা ল্যান্ডের দাবী করবো না।' কোন মানুষ যদি বলেন যে তিনি অনুতপ্ত, তাঁর ভুল বুঝতে পারেন, তাহলে তা কচ্‌লে লাভ নেই। তিনি দেশের মধ্যে থাকতে চান। তিনি বলেছেন যে তিনি আলাদা হতে চান না। ভারতবর্ষের বুক থেকে তিনি আলাদা হতে চান না। এ সমস্ত কথা বলার পরে তাঁকে দেশদ্রোহী বলতে পারি না। ভারতবর্ষ থেকে যদি কেউ আলাদা হতে চান, তবেই তাঁকে বিচ্ছিন্নতাবাদী বলতে পারি।

তারপরে একটা প্রশ্ন উঠেছে যে এটা এতদিন লেগেছে কেন — আমি এখানকার রাজনৈতিক দলে যারা আছেন তাদেরকে সঙ্গে রাখবাব চেষ্টা করেছি — দুই বছর আগেই এটা হয়ে যেতে পারত। কিন্তু হিল কাউন্সিল যে দার্জিলিংয়ে হবে এটা তো দুই বছর আগেই আমরা মেনে নিয়েছি। আমাদের বক্তব্য ছিল যে তাঁর জন্য পশ্চিমবাংলায় আমরা আইন আনব এটা যদি তখন শ্রী ঘিসিং এবং ওর বন্ধুরা মেনে নিতেন তাহলে এত দেরী হোত না। এই সেদিন অবধি আমরা দেখেছি — জানুয়ারী মাস অবধি কি অবস্থা ছিল — কিন্তু তারপরে খুব ভাল ছবি-টবি উঠেছিল, টেলিভিশানে ছবি উঠেছিল, ঘিসিংয়ের সঙ্গে হ্যান্ডশেক করছি। এরপর হোম মিনিষ্টারের অফিসে যে মিটিং ছিল ওখানে আমার বক্তব্য ছিল কংগ্রেসীদের বক্তব্যকে মেনে নিয়ে — তিনি যদি গোর্খাল্যান্ড ছেড়ে দেন তাহলে পশ্চিমবঙ্গের মধ্যে থেকে, আলোচনার বিষয়বস্তুতে থেকে ওখানে কি করে সংস্থান হবে, সেটা আলোচনা হতে পারে। কি সাবজেক্ট হবে, না হবে সেটা আলোচনায় ঠিক হতে পারে এইটা হোম মিনিষ্টারকে বুঝিয়েছিলাম। উনি মেনে নিয়েছেন, গোর্খাল্যান্ড আর করবেন না, কিন্তু ওনার অনেক দাবী আছে। তাঁরপর আমি চা-টা খেয়ে চলে গেলাম, এইগুলি জানুয়ারী মাসের কথা। উনি আবার পরের দিন বললেন আমি এটা মানতে পারছি না। যাই হোক আমি তার মধ্যে যাচ্ছি না, এখন শান্তি ফিরিয়ে আনতে হবে, সময় সীমা বাঁধা, সেইজন্য তার মধ্যে আমরা যেতে চাই না। দেরীটা এইজন্য হয়েছে, কেন আড়াই বছর লেগেছে তার হচ্ছে এই জবাব। তাছাড়া ওখানে লেপচা, ভুটিয়া, বিভিন্ন ট্রাইবস আছে, রেক্‌গনাইজড ট্রাইবসও আছে, তাদের মধ্যে থেকেই ইলেকটেড করা হবে কাউন্সিলে; সেইজন্য আমরা লেপচা, ভুটিয়াদেরকেও রেখেছি। এখানে ৪২ জনের ভেতরে ২৮ জনের জন্য নির্বাচন হবে, বাকিটা নমিনেশনে হবে। আর একটা প্রশ্ন করা হয়েছে যে ওরা জি. এন. এল. এফ. তো এইসব দাবী দাওয়া আগে থেকেই করছেন, আপনারা এত সময় লাগালেন কেন। তাই আবার বলি, প্রথমে যে দাবী ওরা করেছিলেন তাতে বলেছিলেন হিল-কাউন্সিল যদি হয় তাহলে শিলিগুড়ি মহকুমাকে ঢোকাতে হবে, ডুয়ার্সকে ঢোকাতে হবে। আমি এই ব্যাপারে মিটিংয়ে বলেছিলাম শতকরা ৮ ভাগের কিছু বেশী নেপালী ভাষাভাষি মানুষ যেখানে বাস করে - আমি বলেছি ডুয়ার্সের ব্যাপারে - সেখানে হিল-কাউন্সিলের ব্যাপারে কোন বক্তব্য রাখা চলবে না। ডুয়ার্সে শতকরা ৮ ভাগ যা নেপালী আছে তাও সংলগ্ন এলাকার দু-একটি চা-বাগানে আছে। এগুলি তো বললে হবে না, অবাস্তব কথা, তাই এইসব ব্যাপারে ওদের হয়ত অসুবিধা ছিল, ওদের নিজেদের পার্টির লোকদের বোঝাতে এত সময় লেগে গিয়েছে। এত ক্ষয়-ক্ষতি হয়েগেল, এত বৈষম্যর অবস্থা সৃষ্টি হল; এত তিক্ততা হয়ে গেল। এখনও কিছু চলছে এইচ. বি. রাই যেটা বলছেন সেটা কি, আমাদের কাছেও পুলিশের খবর আছে। আমরা রাজনীতিতে যখন সিদ্ধান্তে পৌঁচেছি - চুক্তি যখন হয়েছে - আমরা রাজনৈতিক দৃষ্টিভঙ্গী নিয়েই চলব, এই ব্যাপারে এ্যাডমিনিষ্ট্রেটিভ মেজার নিশ্চয় নিতে হবে, এই বিষয়ে কোন সন্দেহ নেই।

**[6.30 - 6.42 p.m.]**

জি. এন. এল. এফ নেতাকে আমি বলেছিলাম আপনার কথা যদি কেউ না শুনে, এখনও যদি ভাওলেন্স চলে তাহলে আপনি তো বলবেনই, আপনি ওদের চিহ্নিত করবেন যে ওরা জি. এন. এল. এফ-এর লোক নয়, এ্যাডমিনিস্ট্রেশান তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করবে। উনি বলেছেন আমরা নিশ্চয়ই করব। আমি এ্যাডমিনিস্ট্রেশানকে বলেছিলাম আমাদের এক মাস ধরে আলোচনা হয়েছে, আপনারা আগ বাড়িয়ে আরমস সিজ এইসব কিছু করবেন না। ঘিসিং-এর সঙ্গে অন্যান্য দল আছে — গোর্খা লীগ আছে, আরো অনেক দল আছে, তাদের সঙ্গে আপনারা আলোচনা করুন যারা আপনাদের সঙ্গে আলোচনা করতে চাইবে। বিশেষ করে ঘিসিং-এর যেটা করণীয় কাজ সেটা করছে। আজকেই বিবৃতি দিয়েছেন যে আরম্স সারেন্ডার কর। স্বারাষ্ট্র বিভাগ থেকে বলা হয়েছে অমুক দিনের মধ্যে আরম্স সারেন্ডার করবে, তার মধ্যে যদি না হয় তাহলে যে আরম্স এ্যাক্ট আছে সেই আইন অনুযায়ী সিজের কাজ হবে। আমাদের দিক থেকে যা করার তা আমি আগেই বলেছি, যারা বন্দী আছে তাদের অনেককেকে ছাড়া হয়ে গেছে, খালি আমি বলেছি ২০/২৫ জন যে পুলিশ খুন হয়ে গেল, এত মানুষ খুন হয়ে গেল সেখানে যদি এই রকম কোন কিছু নির্দিষ্ট অভিযোগ থাকে, সব ছাড়া পেয়েছে কিনা জানি না, যদি সব ছাড়া পেয়ে না থাকে তাহলে সেটা দেখবেন, আর বাকি সব ছেড়ে দেবেন। এই ব্যাপারে ওদের নেতাদের সঙ্গে আলোচনা করুন, এটা হয়েছে। আর যারা নাকি রিফিউজি - ঘিসিং বলেছেন নিজের এলাকা থেকে অন্য এলাকায়, সিকিমে চলে গেছে, অন্য কোথাও লুকিয়ে আছে, তারা যখন ফিরে আসবে তখন তাদের পুলিশ প্রোটেকশান দরকার। আমি বলেছি আমাদের ক্যাম্পে ৪ হাজার আছে যারা আপনার লোক নয়, আমাদের লোক, তারা সব ফিরে আসবে। তা না হলে রাজনীতি, মিটিং কি করে করবে, নিজের বক্তব্য কি করে বলবে। তাদের সঙ্গে বসে ব্যবস্থা করা হবে। হিল কাউন্সিল যাতে চলে তারজন্য টাকা-পয়সা দরকার। কেন্দ্র কিছু দেয়, যেমন কেন্দ্র থেকে ৯/১০ কোটি টাকা এল, আমরাও দিই, আমরা ৩০/৪০ কোটি টাকা দিয়েছি। [illegible]। আরো দরকার হবে, সেই টাকা দিতে হবে। বিলের মধ্যে দেখেছেন কি কি তাদের থাকবে, কি কি তারা খরচ করবেন সেটা পরিষ্কার করে দিয়েছি। তবে বলেছি এটা চালু করতে গিয়ে কিছু কিছু সমস্যা দেখা দিতে পারে, সেটা কার্য ক্ষেত্রে না গেলে এখনই বলতে পারি না। আমরা বলেছি ১৫ই ডিসেম্বরের মধ্যে নির্বাচন করে নিতে পারব আশা করছি। সেই সময় সীমা রাখার সব থেকে বড় কারণ হচ্ছে সেখানে শান্তি শৃঙ্খলা ফিরে আসবে, সেখানে [illegible] দল নিজেরা মিটিং মিছিল করতে পারবে, নাগরিকরা স্বাধীনভাবে ঘোরাফেরা করতে পারবে। সেটা সবাই মিলে চেষ্টা করলে ফিরে আসবে। তাদের ৪টি টুরিস্ট সিজিন নষ্ট হয়েছে, সেই কারণে সেখানে লোকে এবারে হোটেল পরিষ্কার পরিচ্ছন্ন করছে। আর যারা কথা শুনবে না, যারা চুক্তির মধ্যে থাকবে না তারা জি. এন. এল. এফ-এর লোক হোক আর যেই হোক তাদের সম্বন্ধে প্রশাসনিক ব্যবস্থা করতে হবে, এছাড়া অন্য কোন কথা আমাদের নেই। সেজন্য আপনাদের সবার সমর্থন এখানে দরকার আছে। কাজেই এইসব কথা বলা ঠিক নয় এই রকম বিল যখন এখানে এনেছি একজন বলেছেন রাজীব গান্ধীর প্রশংসা করুন। কত প্রশংসা করব, এ আমার চাকরির ব্যাপার নয় যে প্রশংসা করতে হবে আমাকে। যা সত্য ঘটনা তাই বলেছি। কংগ্রেসীরা যা বলেছেন তার মধ্যে আমি যাচ্ছি না, কিন্তু আবার বলছি স্বারাষ্ট্র মন্ত্রী, রাজীব গান্ধী এঁদের সঙ্গে কথা হয়েছে, সেখানে বলেছি রাজনৈতিকভাবে ঐক্যমত পোষণ করেছি। এই কথা বলে আমি যে হিল কাউনসিল বিল এখানে উত্থাপন করেছি, আশা করি, আপনারা সকলে একে সমর্থন করবেন।

The motion of Shri Jyoti Basu that the Darjeeling Gorkha Hill Council Bill, 1988, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 4**

**Mr. Speaker :** There is no amendment in Clauses 1 to 4.

The question that clauses 1 to 4 do stand part of the Bill, was then put and agreed to.

**Clauses 5**

**Mr. Speaker :** There is one amendment in Clause 5 by Shri A.K.M. Hassan Uzzaman.

**Shri A.K.M. Hassan Uzzaman :** Sir, I beg to move that in clause 5, sub-clauses (2), after item (ii) the following be added :–

(iii) one member belonging to the Christian Community, one Member belonging to the Scheduled Castes or Tribes and one member belonging to the Muslim Community''.

**Shri Jyoti Basu :** I do not accept it.

The amendment of Shri A.K.M. Hassan Uzzaman was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 6 to 16**

**Mr. Speaker :** There is no amendment in Clauses 6 to 16.

The question that clause 6 to 16 do stand part of the Bill was then put and agreed to

**Clauses 17**

**Mr. Speaker :** There is one amendment in Clause 17 by Shri A. K. M. Hassan Uzzaman,

**Shri. A. K. M. Hassan Uzzaman :** Sir, I withdraw my amendment.

The question that clause 17 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 18 to 38**

**Mr. Speaker :** There is no amendment in Clauses 18 to 38.

The question that clauses 18 to 38 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 39**

**Mr. Speaker :** There is one amendment in Clause 39 by Shri Niranjan Mukherjee.

**Shri Niranjan Mukherjee :** Sir, I beg to move that in cluase 39, for sub clause (c), the following sub-clause be substituted :

(c) his nomination is cancelled by the Chief Executive Councillor where he is nominated by him or by the Government where he is nominated by the Government."

**Shri Jyoti Basu :** Yes I will accept this amendment.

The amendment of Shri Niranjan Mukherjee was then put and agreed to.

The question that clause 39, as amended, do stand part of the Bill was then put and agreed to.

### Clauses 40 to 71

**Mr. Speaker :** There is no amendment in Clauses 40 to 71.

The question that clauses 40 to 71 do stand part of the Bill was then put and agreed to.

### Preamble

**Mr. Speaker :** Thus is one amendment in Preambly by Shri A. K. M. Hassan Uzzaman.

**Shri A. K. M. Hassan Uzzaman :** Sir, I beg to move that in Preamble, in line 4, after the words "in the hill" the words "and some other" be inserted.

**Shri Jyoti Basu :** No. I will not accept the amendment.

The amendment of Shri A.K.M. Hassan Uzzaman was then put and lost.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Jyoti Basu :** Sir, I beg to move that the Darjeeling Gorkha Hill Council Bill, 1988, as settled in the Assembly, be passed

The motion of Shri Jyoti Basu was then put and agreed to.

## ADJOURNMENT

The House was adjourned at 6.42 p.m. till 1 p.m. on Tuesday the 6th September, 1988.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 6th September, 1988 at 1.00 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hasim Abdul Halim) in the Chair, 10 Ministers, 3 Ministers of State and 177 members.

**[1.00 - 1.10 P.M.]**

**শহীদ প্রফুল্ল চাকীর জন্মশতবার্ষিকী পালন**

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *২।) **শ্রী অমলেন্দ্র রায় :** তথ্য ও সংস্কৃতি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) শহীদ প্রফুল্ল চাকীর জন্মশতবার্ষিকী পালন উপলক্ষ্যে কোন প্রস্তাব সরকারের হাতে এসেছে কিনা ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে ঐ সম্বন্ধে কি কি ব্যবস্থা এ পর্যন্ত গ্রহণ করা হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য :**

(ক) হ্যাঁ, শহীদ প্রফুল্ল চাকী জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কমিটির পক্ষ থেকে একটি প্রস্তাব এসেছে।

(খ) বহরমপুর রবীন্দ্র ভবনটি আগামী ১০ ডিসেম্বর বিনা ভাড়ায় ব্যবহারের অনুমতি চাওয়া হয়েছে এবং এই বিভাগের লোকরঞ্জন শাখা থেকে উক্ত দিবসে অনুষ্ঠান করতে অনুরোধ জানান হয়েছে। দুইটি প্রস্তাবই সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহোদয় জানেন যে, শহীদ প্রফুল্ল চাকী মোকামায় ১৯০৮ সালে আত্মহনন করেছিলেন পুলিশের হাতে যাতে ধরা পড়তে না হয়। তারপর তার দেহটা মোকামা থেকে মজঃফরপুরে নিয়ে যাওয়া হয়েছিল ক্ষুদিরামকে দিয়ে আইডেনটিফিকেসন করার জন্য। তারপর তার সেই মৃতদেহ থেকে মাথাটা কেটে নেওয়া হয় এবং সেটা ফারদার আইডেনটিফিকেসনর জন্য কলকাতায় নিয়ে আসা হয়। যতটুকু জানা গেছে, তাতে কেউ কেউ বলেছেন যে, সেই কাটা মুন্ডুটি ফ্রি স্কুল স্ট্রীটের কোথাও পুঁতে দেওয়া হয়েছিল। এই রকম কোন প্রস্তাব আপনার কাছে এসেছে কিনা, ঐ কাটা মুন্ডুটি ঠিক কোন জায়গায় পোঁতা হয়েছিল সেটা পুলিশের রেকর্ড থেকে অনুসন্ধান করে বের করা যেতে পারে এবং ১০ই ডিসেম্বর তার জন্ম শতবার্ষিকীতে সেটা বের করার চেষ্টা করা হবে কিনা এটা আমাদের জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য :** আমি এই সংক্রান্ত ব্যাপারে আপনার একটি চিঠি পেয়েছি আমার ধারণা শুধু সরকারী ভাবে নয়, বে-সরকারী দিক থেকে অর্থাৎ আধুনিক ভারতের নানা দিক নিয়ে যেসব ঐতিহাসিক

গবেষণা করছেন তাদের সঙ্গে পরামর্শ করে এই বিষয়টি গুরুত্ব দিয়ে দেখা দরকার।

**শ্রী অমলেন্দ্র রায় :** আপনি নিশ্চয় জানেন যে, শহীদ প্রফুল্ল চাকী আমাদের একজন বাঙালী শহীদ বা বাংলাদেশের শহীদ এইভাবে চিহ্নিত হন না। তিনি আমাদের জাতীয় মুক্তি সংগ্রামের একজন জাতীয় স্তরের শহীদ এবং জাতীয় শহীদ বলেই তাকে চিহ্নিত করা হয়ে থাকে। কাজে কাজেই তার এই জন্মশতবার্ষিকী অনুষ্ঠানটি যাতে জাতীয় স্তরে পালন করার ব্যবস্থা করা হয় তার জন্য আপনার কাউন্টার পার্ট দিল্লীতে যিনি আছেন তার সঙ্গে কোন যোগাযোগ করেছেন কিনা বা করার কথা ভাবছেন কিনা — এটা জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য :** আপাতত রাজ্য সরকারের পক্ষ থেকে কি করা যায় সেটা নিয়েই আমরা পরিকল্পনা করছি। এটা নিয়ে দিল্লীতে অনুরোধ করা যেতে পারে, এতে কোন অসুবিধা নেই। আমরা এখনো চিঠি দিই নি। তবে ভবিষ্যতে দেব।

## কুলটি থানায় নোটিফায়েড এরিয়া অথরিটির সংখ্যা

***১১। (অনুমোদিত প্রশ্ন নং *১২০।) শ্রী তুহিন সামন্ত :** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) কুলটি থানায় কয়টি নোটিফায়েড অথরিটি আছে;

(খ) ঐ নোটিফায়েড অথরিটিতে মনোনীত সদস্য সংখ্যা কত;

(গ) মনোনয়নের পদ্ধতি কিরূপ; এবং

(ঘ) ঐ এলকায় নির্বাচিত বিধানসভার সদস্যকে নোটিফায়েড এরিয়া অথরিটিতে না রাখার কারণ কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য :**

(ক) তিনটি।

(খ) ১) কুলটি বরাকর - ৯ জন।

২) দিশেরগড় - ৯ জন।

৩) নিয়ামতপুর - ৭ জন।

(গ) বঙ্গীয় পৌর আইন, ১৯৩২ এর নির্দিষ্ট ধারা অনুসারে সরকার সদস্যদের মনোনয়ন করিয়া থাকেন।

(ঘ) বঙ্গীয় পৌর আইন, ১৯৩২ এ এরূপ কোন বাধ্যবাধকতা নাই।

**শ্রী প্রবুদ্ধ লাহা :** আগেরবার যাঁরা যাঁরা বামফ্রন্টের এম.এল.এ ছিলেন কুলটি এবং হিরাপুরের, বিশেষ করে কুলটির কথা বলছি তাঁরা নোটিফায়েড অথরিটির চেয়ারম্যান ছিলেন। আগে প্রিসিডেন্ট ছিল লোক্যাল এম.এল.এ চেয়ারম্যান হতেন। এবারে তা হ'ল না কেন মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য :** সেটা আইনেরি কোন ধারা অনুযায়ী তাঁরা চেয়ারম্যান ছিলেন না, আইনটা যদি বুঝতে পেরে থাকেন তাহলে বুঝবেন। সেটা সরকারী সিদ্ধান্ত মত ছিলেন। এবারেও যাঁরা নেই তাঁরা আইনের ধারা অনুযায়ী নেই তা নয়, এটা সরকারী সিদ্ধান্ত আইন বলছে না যে এম.এল.এ.কেই করতে হবে। সুতরাং সেখানে সরকারী সিদ্ধান্তটাই চূড়ান্ত সিদ্ধান্ত।

**শ্রী প্রবুদ্ধ লাহা** : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এবারে নোটিফায়েড অথরিটিতে কারা কারা চেয়ারম্যান এবং মেম্বার আছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** : নোটিশ চাই।

**শ্রী সুহৃদ বসুমল্লিক** : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, সরকারী সিদ্ধান্ত আগেরবার একরকম এবং ১৯৮৭ সালের নির্বাচনের পর আর এক রকম— এটা কি উদ্দেশ্যপ্রণোদিত?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** : আইনটা একই রকম, সিদ্ধান্ত অন্য রকম হতেই পারে।

**শ্রী আবদুস সাত্তার** : উদ্দেশ্যপ্রণোদিত কিনা সেটা বলুন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** : আইনটা একই রকম। যাঁরা সরকার চালাচ্ছেন সেই সরকার তো তাঁদের মত নোটিফায়েড অথরিটি করবেন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সেন** : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ১৯৭২ থেকে ১৯৭৭ সালের মধ্যে এই সমস্ত নোটিফায়েড এরিয়া অথরিটিতে কোন বামপন্থী বা তখনকার বিরোধীদলের এম.এল.এ মনোনীত সদস্য ছিলেন কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** : না, না, পুরানো সরকারের আমলে এইসব নীতি তাঁরা ভাবতেনও না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী** : মাননীয় মন্ত্রী মহাশয় একটু আগে বলেছেন যে সরকার তাদের মত করবেন। সি.পি.এম-এর এম.এল.এ যদি হয় তাহলে এক রকম হবে আর কংগ্রেসের এম.এল.এ হলে সে রকম হবে না। সেটা একটা পরিস্কার করে যদি বলে দেন তাহলে বুঝতে সুবিধা হয়।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** : আইন অনুযায়ী চলতে হয় সরকারকে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী** : কংগ্রেসী এম.এল.এ হলে সিদ্ধান্ত অন্য রকম হবে সরকারের সেটা বলে দিন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** : সরকার আইন অনুযায়ী চলেছেন। তিনি এম.এল.এ ছিলেন কি ছিলেন না সেটা আমাদের কাছে প্রশ্ন ছিল না। যে ব্যক্তিকে করা হচ্ছে নোটিফায়েড অথরিটির চেয়ারম্যান বা সদস্য তিনি সেই কাজ করতে পারবেন কিনা, করার ক্ষমতা আছে কিনা সেটা বিচার করে করা হয়।

**শ্রী প্রভঞ্জন কুমার মন্ডল** : মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ১৯৩২ সালের যে আইন আছে, এই আইনের ধারাগুলির কোন পরিবর্তনের কথা চিন্তা করবেন কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য** : এই ধরণের কোন পরিবর্তনের প্রস্তাব আমাদের সামনে নেই।

**মিঃ স্পীকার** : ষ্টার কোয়েশ্চেন ১২ হেল্ড ওভার। কারণ এটা ভুল করে ইনফরমেশান এন্ড কালচাল দপ্তরে পাঠিয়েছে, এটা শিক্ষা দপ্তরে যাবে।

**[1.10 – 1.20 P.M.]**

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received two notices of Adjounrment Motion. The first is from Shri Mannan Hossain on the subject of sufferings of people due to flood in several districts of

West Bengal and the second is from Shri Prabuddha Laha on the subject of reported death of 11 persons due to gastroenteritis in the flood affected areas of North Bengal.

The concerned Minister will make a statement in the House on the subject to-day in reply to a calling attention notice. Moreever tomorrow the 7.9.88 has been fixed as the date for discussion on flood situation.

I therefore withhold my consent to both the Motions. One Member of the Party may, however, read out the text of the motion as amended.

**Shri Prabuddha Laha :** This Assembly do now adjourn its business to discuss a difinite matter of urgent public importance and of recent occurance, namely : -

Death of eleven persons due to Gastroenteritis in the relief camps for the flood affected people of North Bengal. Eleven persons have contracted the disease so far Adequate medical relief arrangements have not been made for the victims of the recent floods in North Bengal.

## CALLING ATTENTION TO MATTER OF UNGENRT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** I have received 6 notices of Calling attention, namely :

| | | |
|---|---|---|
| 1. Alleged murder at Rajdharpara, Beharampore Block by some anti-social on 3.9.88 | : | Shri Biswanath Mondal, Shri Mozammel Haque, Shri Pareah Nath Das and Shri Atahar Rahaman. |
| 2. Reported death of five Cholers patients at Chabra in Bankura district. | : | Shri Kripasundhu Saha |
| 3. Alleged police assault on a student of Bhangore High School on 31.8.88 | : | Shri Gobinda Chandra Naskar |
| 4. State Govt's re-action to the recommendations of Ninth Finance Commission. | : | Shri Prabuddha Laha |

5. Alleged rude behaviour of S.D.P.O., Kandi Sub-division with the leader of the Opposion. : Shri Mannan Hossain

6. Lock-out in Bata, Gustkeen Williams, Dunlop and Govt's action thereon. : Shri Santasri Chatterjee

I have seleted the notie of Shri Biswanath Mindal on the subject of alleged murder at Rajdharpara Beharmpore Block by some anti socials on 3.9.88.

The Minister-in-Charge will please make a statement to-day, if possible or give a date.

**Shri Abdul Quiyom Molla :** 9th September.

**Mr. Speaker :** The Minister-in-Charge of Irrigation and Waterways Department to make a statement on the subject of disastrous flood in some parts of West Bengal.

(Attention called by Dr. Sudipto Roy, Shri Prabuddha Laha and Shri A.K.M. Hassan Uzzaman on 30th August, 1988.)

Thereafter he will make a statement on the relief measures taken by his Department.

**Shri Debabrata Bandyopadhyay :** In the later half on August, 1988 heavy floods occured in the districts of Darjeeling, Jalpaiguri, Coochbehar, West Dinajpur, Malda and Musrhidabad. The reason for flooding in the above districts of Darjceling, Jalpaiguri and Coochbehar is mainly due to heavy Precepetation in the upper Catchments of the rivers, orgination from Himalayan region, namely Teesta Jaldhaka, Kaljani, Tersha, Raidak-I, Raidak-II and Sankosh. The total rainfall during the period of 20.8.88 to 30.8.88 was in the order of Jalpaiguri - 994 mm, Coochbehar - 1097 mm, Alipurduar 1424 mm. Since the rivers are flashy in nature, the duration of the flood was compartively less and the situation has already started improving.

The flooding in the district of Malda and West Dinajpur is due to heavy rainfall in the upper catchments of Ganga Mahananda, Nagar, Kulik, Tangon, Punarbhaba, Atreyee and on rush of flood water from the adjoining States and Countries through which these

rivers traverse before entiring West Bengal. All the rivers have their ultimate outfall in the river Ganga. The river Ganga ruled pretty high i.e., 2 meters above the danger level since 18.8.88 and atained maximum level of 24.52 on 1.9.88, which is 2.27 meters above danger line. The rivers could not drain out properly and as such have spilled over its banks in the two districts of West Dinajpur and Malda.

Due to non-execution of the protective measurs at Simultala as per recommendations of the Technical Advisory Committee of the Parakka Barrage Project, the marginal left embankment of the river Ganga at Simultala was breached by erosion for a length on 1500 meters on 26.8.88. The spur no.2 and 3 upstream of Farrakka Barrage were washed away and other 3 spurs have been severely damaged. This caused flood devastation to a huge are a measuring about 35 sq. miles in the Kaliachak P.S. of the district of Malda.

Altogether 14 blocks out of 16 blocks in West Dinajpur have been affected. In Malda District 13 blocks out of 15 have been flooded due to spill or drainage congestion. In Coochbehar district large area in Sitalkuchi, Mathabanga, Toofancganj, Dinhata and Sitai P.S. have been inundated due to flash flood. In Jalpaiguri district low lying areas in P.S. Falakata particularly Gowber, Jateswar and Falakata Anchal have been affected. In Murshidabad district low lying areas in eight Police Stations namely Farakka, Samserganj, Raghunathganj Lalgola, Bhagabangola, Raningar, Jallangi and Suti have been flooded due to spill of Ganga. In Birbhum District, some areas in P.S. Murarai and Rampurhat have been flooded due to flash flood in Pagla and Brahmeni rivers. In the Nadia district, the rivers Jallangi, Churni and Bhahirathi have crossed danger level and some unprotected areas in eight Nos. Blocks have been inundated.

Nearly 30 lacks of people in seven districts have been affected, West Dinajpur being worst affected. As far as the assessment could be done till 5.9.88, the cropped area inundated in different districts are as follows. West Dinajpur 1430 sq. Km, Coochbehar - 556 sq. km., Murshidabad - 300 sq. km., Malda - 250 sq. km., Jalpaiguri - 70 sq. km., Darjeeling - 1.5 sq. km., Nadia - 96 sq. km., Birbhum - 2 sq. km.. The final assessment is yet to be done.

There have been breaches and cuts in embankments particularly in West Dinajpur. Several bridges including those on National High-

ways have been damaged. The National Highway No. 34 breached at Botalbari and overtapped at Narayanpur, Masaldighi, and Itahar with 3 to 4 feet water over the road crest. The Balurghat - Buniadpur - Raiganj State Highway and other State Highways overtopped at 21 different places. As a result, the West Dinajpur District remained cut off from rest of the State for three to four days necessitation air dropping of food in vital affected areas. The flood has caused wid-spread damage to drainage sluices and other irrigation, flood control structures besides damages to Public and Govt. property.

Repairs to the breaches in embenkment and emergency repair of the sluices have already been taken up. Full assessment of damages to irrigation and flood control structures are being done which will be submitted to the Central Study Team expected to be visiting within a week.

The flood situation in the district of Jalpaiguri, Coochbehar and West Dinajpur has started improving while that of Malda and Murshidabad continued to be still grave till 2.9.88 due to raising trand of flood level in river Ganga.

**Mr. Speaker :** The statement will be circulated.

**[1.20 – 1.30 P.M.]**

**শ্রীমতী ছায়া বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্য ডাঃ সুদীপ্ত রায় ও শ্রী প্রবুদ্ধ লাহা কর্ত্তৃক উত্থাপিত ৩০.৮.৮৮ তারিখের দৃষ্টি আকর্ষণী প্রশ্নের জবাবে জানাই যে গত জুন মাসের দ্বিতীয় সপ্তাহে বঙ্গোপসাগরে যে নিম্নচাপের সৃষ্টি হয় তার ফলে গাঙ্গেয় পশ্চিমবঙ্গে অস্বাভাবিক বৃষ্টিপাত হয়। এর ফলে দক্ষিণ বঙ্গের বেশ কয়েকটি জেলা ও কোলকাতার কিছু কিছু অংশ দুর্যোগক্লিষ্ট হয়ে পড়ে। তবে ২/৩ দিনের মধ্যে বৃষ্টি বন্ধ হয়ে যাওয়ায় দুর্যোগ কেটে যায় এবং জীবনযাত্রা স্বাভাবিক হয়ে আসে। কিন্তু সমস্যা দেখা দেয় যখন আগষ্ট মাসের মাঝামাঝি উত্তরবঙ্গের জেলাগুলিতে অতি বর্ষণ শুরু হয় এবং বন্যাকবলিত পার্শ্ববর্তী রাজ্য ও রাষ্ট্র থেকে বন্যার জল উত্তরবঙ্গের জেলাগুলির নদীপথে প্রবাহিত হয়। ফলে অতি অল্পদিনের মধ্যেই নদীগুলির জলস্ফীতি ঘটায় এবং বিপদসীমা অতিক্রম করে ও বন্যার আকার ধারণ করে। ফলস্বরূপ মালদা, মুর্শিদাবাদ, জলপাইগুড়ি,কোচবিহার এবং পশ্চিমদিনাজপুর জেলার ব্যাপক অংশে বন্যার জল ঢুকে পড়ে। এর কয়েকদিন পরে নদীয়া জেলাতেও নদীর জল বাড়ার জন্য কিছু অংশ প্লাবিত হয়। এ ছাড়া বীরভূম জেলারও সামান্য কিছু অংশ প্লাবিত হয়।

জেলাগুলো থেকে ৪.৯.৮৮ তারিখ পর্যন্ত জীবন ও সম্পত্তির ক্ষয়ক্ষতির প্রাথমিকভাবে যে রিপোর্ট পাওয়া গেছে তার ভিত্তিতে জানা যায় যে উপরোক্ত জেলাগুলিতে মোট ১৮১৯টি গ্রাম এবং ২১৬৭টি মৌজায় ৩১,০৭,৬৮৪ জন মানুষ বন্যাক্লিষ্ট হয়। ৬৮,৩৭১ টি বাড়ী সম্পূর্ণরূপে এবং ১,২৫,৩০৫টি বাড়ী আংশিকভাবে ক্ষতিগ্রস্থ হয়। বন্যার ফলে মোট ২,৭০,১৯০ হেক্টর শষ্যক্ষেত্র

প্লাবিত হয়। এ পর্য্যন্ত বন্যাক্লিষ্টদের মধ্যে ৫,৩৯,১০০ জন, ১৫১৭টি ত্রাণ শিবিরে সাময়িকভাবে আশ্রয় গ্রহণ করে। বিভিন্ন জেলাতে বন্যার দরুণ এ পর্যন্ত ৪৩ জনের মৃত্যুর সংবাদ পাওয়া গেছে। এ ছাড়া ৩৪নং জাতীয় সড়কের স্থানে স্থানে ক্ষতি হওয়ায় আজও যানবাহন চলাচল বন্ধ আছে এবং দ্রুত মেরামতির কাজও চলছে। অন্যান্য জাতীয় সম্পত্তির ক্ষয়ক্ষতির হিসাব নিরূপন করা এখনও সম্ভব হয়নি।

মহাকরণে, জেলাগুলিতে এবং ব্লকস্তরে সংশ্লিষ্ট বিভাগগুলির প্রতিনিধিদের নিয়ে ২৪ ঘন্টা কন্ট্রোলরুম চালু করা হয়েছে।

জেলাগুলিতে ত্রাণ বাবদ ৪৮৩০ মেট্রিক টন গম ও ৬০০ মেঃ টন চাল, ৪০,৪৫০টি ত্রিপল, ২১০ ব্যাগ গুড়ো দুধ, ৮০০০ জামাকাপড় এবং চিড়া গুড় ইত্যাদি শুকনা খাবার এবং অন্যান্য আনুসঙ্গিক খরচের জন্য ৩৮,০০,০০০ টাকা দেওয়া হয়েছে। কোলকাতা থেকে চিড়া গুড় দুর্গত জেলাগুলিতে পাঠানো হয়েছে। পশ্চিম দিনাজপুর জেলায় বন্যা দুর্গতদের সাহায্যে সেনাবাহিনী নামানো হয় এবং আকাশপথে খাদ্যদ্রব্য ও ওষুধ পাঠানো হয়। এ ছাড়া দুর্গতদের উপযুক্ত চিকিৎসা এবং রোগ প্রতিরোধের জন্য স্বাস্থ্যদপ্তর ব্যবস্থা নিয়েছেন। বিভিন্ন নদীর জল নামতে শুরু করেছে এবং পরিস্থিতির উন্নতি হয়েছে।

**মিঃ স্পীকার ঃ** মিসেস বেরা, আপনি ডিস্ট্রিক্টওয়াইজ রিলিফের যে ব্যবস্থা করেছেন সে সম্বন্ধে একটা স্টেটমেন্ট আগামী কাল দিয়ে দেবেন।

**শ্রীমতি ছায়া বেরা ঃ** হ্যাঁ, স্যার, কালকে ওবিষয়ে একটা স্টেটমেন্ট দেব।

## MENTION CASES

**শ্রী শক্তি প্রসাদ বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় শ্রমমন্ত্রীর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন চট শিল্প আমাদের দেশের একটা প্রধান শিল্প। সেই শিল্পের মালিকরা আজকে এক চরম বিশৃঙ্খল ও অরাজক অবস্থার সৃষ্টি করছে। বেশীরভাগ চটকলগুলি আজ পর্যন্ত বন্ধ হয়ে আছে, লক-আউট হয়ে আছে, তারা সেগুলি খোলার অন্য কোন চেষ্টাই করছে না। তাই আমি দাবী করছে অবিলম্বে সরকারের পক্ষ থেকে ঐ লক-আউট গুলিকে বে-আইনী ঘোষণা করা হোক। অবিলম্বে স্পেশাল কোর্ট গঠন করে ঐ সমস্ত মালিকদেব যাতে শাস্তি দেওয়া যায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করা দরকার। আজ পর্যন্ত মাত্র একজন মালিককে গ্রেপ্তার করা হয়েছে। এই সব ফাটকাবাজ মালিকরা শ্রমিকদের ই.এস.আই প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটির ৮০ কোটি টাকা আত্মসাৎ করেছে। এই প্রসঙ্গে সরকারের কাছে আমার প্রস্তাব হচ্ছে অবিলম্বে ঐ সমস্ত ফাটকাবাজ মালিকদের স্থাবর, অস্থাবর সমস্ত সম্পত্তি বিষয়-সম্পত্তি ক্রোক করে নেবাব জন্য আইন সংশোধন করার ব্যবস্থা করা হোক। ই.এস.আই, গ্রাচুইটি ইত্যাদির টাকা মালিকরা শ্রমিকদের দেয় না, ঐ টাকা শ্রমিকরা এবং সরকার দেয়। সুতরাং আমি দৃঢ়ভাবে দাবী করছি ঐ সমস্ত ফাটকাবাজ মালিকদের বিরুদ্ধে আইন সংশোধন করে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কংগ্রেস বেঞ্চের সকল সদস্যের গায়ে কালো ব্যাজ, কারণ আমরা আজকে কালা দিবস পালন করতে চাচ্ছি। আপনি জানেন বামফ্রন্ট সরকারের সি.পি.এম দল ৪৬ নম্বর ওয়ার্ডে গত রবিবারদিন শুধু গণতন্ত্রকে হত্যা করেছে তাই নয়, পশ্চিমবাংলার মানুষের কাছে, কলকাতার সাধারণ লোকেদের কাছে, শিক্ষিত জনসমাজের কাছে

পৌঁছে দিয়েছে একটি কথা, কলকাতার বুকে বোমাবাজি করে রিভলবার, পিস্তল, বন্দুক এবং লাঠি নিয়ে, চারিদিক থেকে গুন্ডা, সমাজবিরোধী নিয়ে এসে কি করে ভোট নেওয়া যায়। তারই ফলশ্রুতি হিসাবে কি হয়েছে, আবদুর রউফ আনসারি আঘাত প্রাপ্ত হয়েছে, হাঁটাচলাও করতে পারে না। একজন কংগ্রেস কর্মী হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়াই করছে এবং এছাড়া কয়েকজন কংগ্রেসকর্মী আহত হয়েছে। বিধানসভার সদস্য শ্রী সুদীপ বন্দোপাধ্যায়রে গাড়ি ভেঙে দেওয়া হয়েছে। দুঃখের বিষয়, পশ্চিমবাংলায় পুলিশ নামক যে জন্তুটি আছে তারা দূরে দাঁড়িয়ে দেখছিলেন। সি.পি.এমের লোকেরা পুলিশের লাঠি নিয়ে কংগ্রেস কর্মীদের মারছে, বোমা ছুঁড়ছে আর বন্দুকধারী পুলিশ দূরে পালিয়ে গিয়ে দেখছে। প্রোটেকশন দেওয়া তো দূরের কথা, তারা পালিয়ে যাচ্ছে। ইতিহাসে একটা নজীর হয়ে থাকলো। পশ্চিমবাংলার বুকে বামফ্রন্ট সরকার বড়বাজার বিধানসভার একটি জায়গায় যেভাবে বোমাবাজি করে ভোট নিয়েছে সারা ভারতবর্ষের ইতিহাসে, বাংলাদেশের ইতিহাসে এর নজির নেই। এটা অত্যন্ত পরিতাপের বিষয়। আমি ভেবেছিলাম কালকে, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী এই বিধানসভায় এসে জনসাধারণের কাছে ক্ষমা চাইবেন। তিনি বলবেন, গত রবিবারদিন যেভাবে নির্বাচন হয়েছে তারজন্য তিনি অনুতপ্ত এবং তিনি পার্টির তরফ থেকে জনসাধারণের কাছে ক্ষমা চাইছেন। কিন্তু পরিতাপের বিষয়, তিনি এই সম্পর্কে কিছু বললেন না। আমি আপনার কাছে একটি কথা জানাতে চাই, সি.পি.এম যদি এইভাবে বোমাবাজি করে ভোট নেয় তাহলে এই বিধানসভা রেখেছেন কেন? বোমা, পুলিশ এবং সরকারী প্রশাসন যন্ত্র হাতে নিয়ে যদি ভোট হয় তাহলে গণতন্ত্রের কোন মূল্য আছে কি? পশ্চিমবাংলায় গণতন্ত্রের সমাধি হয়ে গেছে, গণতন্ত্রকে ধর্ষণ করা হয়েছে। নির্বাচিত প্রতিনিধিকে যদি বোমার মাধ্যমে জিতে আসতে হয় তাহলে আমি বলবো যিনি এই কেন্দ্র থেকে জিতেছেন তাঁর পদত্যাগ করা উচিৎ, কারণ সারা পশ্চিমবাংলা তাঁকে ধিক্কার জানাচ্ছে, সারা ভারতবর্ষের লোক তাঁকে ধিক্কার জানাচ্ছেন। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলবো, তিনি যেন অবিলম্বে ঐ নির্বাচন কেন্দ্রে নিযুক্ত দোষী পুলিশ অফিসারদের সাসপেন্ড করেন এবং তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করেন।

**শ্রী শিশ মহম্মদ ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় দুটি অঞ্চলে লোকসংখ্যা হচ্ছে ৪০ হাজার এবং ভোট সংখ্যা হচ্ছে ১৮ হাজার। জাতীয় সড়কের কাছে যে আহিরণ ব্রীজ আছে সেই জায়গাটি অতি গুরুত্বপূর্ণ জায়গা। সেখানে ৩০/৪০ হাজার বসবাসকারীদের বহরমপুর, জঙ্গীপুর এবং কলকাতার সঙ্গে যোগাযোগ করতে হয় বিভিন্ন কারণে, যেমন, ব্যবসার খাতিরে, মামলা-মোকর্দ্দমার ব্যাপারে এবং রুগীদের নিয়ে যাওয়ার জন্য। তাদেরকে এখান থেকেই বাসে উঠতে হয়। কিন্তু আমি বুঝতে পারছি না, আমি মুর্শিদাবাদের আর.টি.একে বারবার দরখাস্ত করেও সমস্যার সমাধান হল না অর্থাৎ ব্রীজের কাছে বাস-স্টপ করলো না। প্রত্যেকটি বাস এক্সপ্রেস করে ছেড়ে দিচ্ছে। আমি স্টেট বাসের স্টপেজ চাই না, কিন্তু যে সমস্ত লোকাল বাস আছে, প্রাইভেট বাস আছে সেই সমস্ত বাসের আমি স্টপেজ চাইছি। সুতরাং যে ৪০ হাজার লোককে কষ্টের মধ্যে দিয়ে চলতে হয় তাদের গ্রামের নামগুলো বলছি। নুরপুর, সাদিকপুর, বাহাদুরপুর, সৈয়দপুর, রায়পাড়া, বাগডাঙ্গা, অকালগাছী, রমাকান্তপুর, খড়িবোরা, কালুপুর, ফতেপুর, লালিহা, সেরপুর, সজনিপাড়া, গাংগিল, সোয়াপুর, সরলা, বসন্তপুর। সঙ্গে সঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহনমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, তিনি যেন একটা ব্যবস্থা গ্রহণ করেন।

**[1.30 – 1.40 P.M.]**

**শ্রী মান্নান হোসেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১১ বছর পশ্চিমবঙ্গে বামফ্রন্ট ক্ষমতায় আসার পর আমরা দেখছি একের পর এক কংগ্রেস কর্মীদের খুন করা হচ্ছে। আমরা কিছুদিন লক্ষ্য করছি যে, আগে বামফ্রন্টের শরিকদের যে লড়াইটা খবরের কাগজের বিবৃতির মধ্যে ছিল সেটা এখন রাস্তায় শুরু হয়েছে। মুর্শিদাবাদ জেলায় গত ৩.৯.৮৮ তারিখে বহরমপুর থানার নগরাজলে সি.পি.এম এবং আর.এস.পি-র লড়াইয়ে একজন কর্মী, পঞ্চায়েত প্রধান আবদুস সালাম এবং তার সঙ্গে আরও ৪ জন আমজাদ সেখ, মাওলা বক্স, আজাদ আলী তাদের কে খুন করা হয়। পরবর্তীকালে সি.পি.এম. রা আর.এস.পি-র লোকেদের বাড়ীতে চড়াও হয়ে খুন করে। এদের এই সংঘর্ষের ফলে ৫ জন মানুষ মারা গেছে, দুজন আহত হয়ে বহরমপুর হাসপাতালে আছে। আজকে এদের জন্য কংগ্রেসের যে সব কর্মী আছেন তাঁরা বাড়ীতে থাকতে পারছেন না। যাতে এ ঘটনার একটা প্রতিকার হয় আমি সেজন্য মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পান্ডব কুমার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ ব্যাপারের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৬.৮.৮৮ তারিখে আমি পুরুলিয়ার জেলা শাসকের অফিসে গিয়েছিলাম জনগণের স্বার্থে একটি বিষয়ে আলোচনার জন্য, কিন্তু তাঁর অফিসে ঢোকার সঙ্গে সঙ্গে জেলা শাসক মহাশয় আমার প্রতি অত্যন্ত অশালীন আচরণ করেন। জনগণের প্রয়োজানে আমাদের অনেক অফিসে যেতে হয়, কিন্তু একটা জেলার দায়িত্ব পদে অধিষ্ঠিত অফিসার বিধায়কদের প্রতি যদি অশালীন আচরণ করেন তাহলে আমাদের পক্ষে খুবই অসুবিধার সম্মুখীন হতে হয়। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যেন একটি নির্দেশ জেলা শাসকের অফিসে পাঠান যেন বিধায়কদের প্রতি এরকম অশালীন আচরণ না করা হয়।

**শ্রী প্রবুদ্ধ লাহা ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার কাছে এই মহতী সভায় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজ সকাল বেলায় বাড়ী থেকে বেরোবার সময় একটি শ্লোগান দেওয়ালে লেখা রয়েছে দেখলাম। শ্লোগানটি কংগ্রেসের নয়, সি.পি.এমের শ্লোগান। শ্লোগানে লেখা আছে যে নির্বাচন মানে ভোটের বাক্সে কাগজ ফেলা নয়, শ্রমজীবি, মেহনতী মানুষের কর্মকে প্রতিষ্ঠা করার নাম নির্বাচন। আমরা নির্বাচনের মাধ্যমে গণতন্ত্র বজায় করে থাকি, গণতন্ত্র হচ্ছে আমাদের মা, আমাদের মন্দির। কিন্তু দুঃখের বিষয় এই সি.পি.এম গত পরশু গণতন্ত্রের উপর আক্রমণ করে গণতন্ত্রকের ধ্বংস করেছে। মিউনিসিপ্যাল ইলেকসনে যেভাবে গণতন্ত্রকে পদদলিত করেছে সেটা একটা নজিরবিহীন ঘটনা। সি.পি.এমের গুণ্ডারা সমস্ত জেলা কমিটিতে এবং বর্তমান এই বিধানসভার বিধায়ক শ্রী সুদীপ বন্দোপাধ্যায় মহাশয়কে আক্রমণ করে, সুদীপ বন্দ্যোপাধ্যায় মহাশয় দৌড়ে পালিয়ে গিয়ে অল্পের জন্য বেঁচে যান এবং তাঁর গাড়ী ভাঙচুর করা হয়। তা না হলে তাঁর জীবন চলে যেত। প্রাক্তন বিধায়ক এবং পশ্চিমবঙ্গের মন্ত্রী আবদুল রউফ আনসারী সাহেবকে আক্রমন করা হয়। এই ঘটনায় আবদুল রউফ আনসারী আহত হয়েছেন। কোন রকমে তিনি প্রাণে বেঁচে গেছেন। সেখানে যুব কংগ্রেসের জেনারেল সেক্রেটারী দুলাল রায়কে আক্রমন করা হয়, আক্রমন করা হয় ক্যালকাটা কর্পোরেশনের কাউন্সিলার ওমপ্রকাশ পোদ্দারকে। যে গণতন্ত্র আমাদের মা, যে গণতন্ত্র সি.পি.এমকে এখানে এনেছে, সেই গণতন্ত্রকে আজকে পদদলিত করা হয়েছে। আজকে সি.পি.এম সেখানে যে দৃষ্টান্ত স্থাপন করেছে, আগামী দিনে সেই সি.পি.এম যদি পশ্চিমবঙ্গে সংখ্যালঘুতে পরিণত হয় তখন আমরা যে তাদের এই দৃষ্টান্ত অনুসরণ করবো না তার নিশ্চয়তা কোথায়? আমি জোর দিয়ে

বলছি, নিশ্চয়ই আমরা তাদের দেখান পথ অনুসরণ করবো। হয়ত আমি সেটা ব্যক্তিগতভাবে অনুসরণ করবো না, কিন্তু যারা আমাদের উত্তরসূরী হবে তারা করবে। তাই আপনার কাছে অনুরোধ, বিষয়টা আপনি নিজে দেখুন এবং ভবিষ্যতে যাতে এর পুনরাবৃত্তি না ঘটে তার ব্যবস্থা করুন।

**শ্রীমতী মমতাজ বেগম :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি এর আগেও অনেকবার বলেছি যে, মালদা জেলার রতুয়া ১ নম্বর ব্লকের অধিনে মহানন্দটোলা এবং বিলাইমারী নামে দুটি অঞ্চল আছে। বিগত কংগ্রেস শাসনকালে কেন্দ্রীয় সরকারের মাষ্টার প্ল্যান অনুযায়ী সেখানে যে কাজ করা হয়েছিল তারফলে দুটি অঞ্চল প্রতি বছর প্লাবিত হয়ে যাচ্ছে। একটা ভয়াবহ অবস্থা সৃষ্টি হয়েছে সেখানে। সেখানকার ৪০ হাজার মানুষ প্রতি বছর প্লাবিত হয়ে পড়ছেন। এই অবস্থাত তাঁদের যাতায়াতের কোন ব্যবস্থা থাকছে না, রিলিফ দিয়ে বাঁচিয়ে রাখতে হচ্ছে তাঁদের। মহানন্দটোলায় একটি স্বাস্থ্যকেন্দ্র আছে, কিন্তু সেখানে ডাক্তার থাকেন না। স্বাস্থ্যকর্মীরা গিয়ে সেখানে কাজ চালায়। কিন্তু বন্যার সময় হসপিটাল বিল্ডিংসটির অর্ধেক পর্যন্ত জলে ডুবে যায়, ফলে সেখানে কোন রোগী রাখা যায় না এবং তারফলে তাদের চিকিৎসারও কোন ব্যবস্থা করা যায় না। সেই কারণে বাড়ীটিকে অবিলম্বে ত্রিতলকরা দরকার যাতে করে বন্যার সময় রোগীদের গ্রাউন্ড ফ্লোর থেকে সেকেন্ড ফ্লোরে স্থানান্তরের ব্যবস্থা করা যায়। ঐ এলাকায় ৪০ হাজার বন্যাপিড়ীত মানুষ যাতে চিকিৎসার সুযোগ পায় তারজন্য উল্লিখিত ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করতে আমি স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি।

**ডাঃ সুদীপ্ত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। ১১ বছর রাজত্বের পর এই রাজ্যে এস.এফ.আই যখন বিভিন্ন কলেজগুলিতে তাদের রাজত্ব কায়েম করেছে তখন পর্যন্ত কিন্তু পশ্চিমবঙ্গে মেডিক্যাল কলেজগুলিতে কোন আধিপত্য স্থাপন করতে পারেনি। এবং তার ফলস্বরূপ দেখতে পাচ্ছি ছাত্র পরিষদের বিভিন্ন ইউনিয়নের উপর আক্রমন হচ্ছে। তাই আর.জি.কর মেডিক্যাল ষ্টুডেন্টস্ ইউনিয়ন যখন হোষ্টেলের দাবীতে, কনডেম বিল্ডিং থেকে ছাত্রছাত্রীদের স্থানান্তরের দাবীতে আন্দোলন করছিলেন এবং সেই দাবী জানাতে সুপারের ঘরে গিয়েছিলেন তখন দেখতে পেলাম যে, সন্ধ্যাবেলা সি.পি.এম-এর গুন্ডারা সেইসব ছাত্রদের উপর আক্রমন করলো এবং সেখানে ১২ জন ছাত্রকে আহত করলো। ঐ ঘটনার পর দেখতে পেলাম, ঐসব গুনডারা বিভিন্ন ওয়ার্ডে অবরোধ সৃষ্টি করলো। এই সব ঘটনা নতুন কিছু নয় কারণ, ঐ বর্ধমান মেড্যিকাল কলেজেও এইভাবে রাতের অন্ধকারে ছাত্রদের পেটাতে আমরা দেখেছি। নর্থবেঙ্গল মেডিক্যাল কলেজেও এই ব্যাপারে তারা পিছিয়ে নেই। একটা সামগ্রিক চিত্র। এইভাবে ............

(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায় সময় শেষ হয়ে যাওয়ার কারণে)

**[1.40 – 1.50 pm]**

**শ্রী সালিব টোপ্পো :** अध्यक्ष महोदय, मैं आपके माध्यम से माननीय संशलिस्ट मंत्री महोदय का ध्यान आकर्षित करना चाहता हुं। कुमार ग्राम जो आसामपोउज से संलग्न है, वहाँ पर अभीतक इलेक्ट्रीफिकेशन नही हो पाया है। १९८२ मे वहाँ तार विछाया गया था लेकिन विजली अभी तक नही गई है। कुमार ग्राम की आवादी का ८५ भाग तफसीली ओर आदिवासियो को है। अभी तक उनकी उन्नति के लिय कुछ नही है गया है। उनकी उन्नति ओर सुरव-सुविधा की ओर ध्यान मंत्री महोदय के वहाँ पर विजली की व्यवस्था करनी की कृपा करें।

**Shri Mohan Sing Rai :** Hon'ble Speaker Sir, I want to draw

the attention of the Hon'ble Home Minister of West Bengal about a serious problem. The Indian Society is a male dominated socoety although the females are equally able and strong enough. But the female is being treated hare not as a co-ordinator but as a subordinator in the society. So, the Male chauvanism should be checked bp by the administration properly. The male chauvanism is not new in the history. In the Ramayana Sita was kidnapped by Ravana. In our society in every sphere the police force is male. In north Bengal there are inhabitants of different castes and communities but no lady police force has been introduced uptil now. In the name of crime sometimes women are harassed and arrested by the male police. The women are even checked up and interrogated by the male police. So, to honour and protect the modesty and prestige of women, lady police force must be introduced in North Bengal immediately. Thank you, sir.

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বামফ্রন্ট সরকারের আমলে কলিকাতায় কাজুরিয়া-বাজুরিয়ার সঙ্গে আঁতাত করে কি ভাবে পূর্ত্ত দপ্তরের মন্ত্রী এবং পূর্ত্ত দপ্তর, কলিকাতা করপোরেশনে বড় বড় অফিসার এবং সেই সঙ্গে মন্ত্রী মহাশয় বহু কোটি টাকা নিয়ে কালোবাজারী করছে তার উদাহরণ তুলে ধরছি। কলিকাতার ১০০টির মতো বে-আইনী বাড়ি তৈরী হয়েছে। ৪৮, ক্যামাক ষ্ট্রীটে বেআইনী ভাবে ১১ দলা বাড়ী তৈরী হয়েছে, এটা হেয়ার ষ্ট্রীট থানার আন্ডারে। প্রথমে ৪ তলা বাড়ি হয়, তারপর বাকি অংশ বেআইনীভাবে পূর্ত্ত দপ্তরের অফিসারদের যোগসাজসে এবং কলিকাতা করপোরেশনের অফিসারের যোগসাজসে কে.বি. কাজুরিয়া বেআইনীভাবে বাড়ি করেছে। এই ব্যাপারে হাইকোর্টে কেস হয়। তারপর হাইকোর্টের ইংজাংসানে স্টে অর্ডার দেওয়া হয়। তারপর দেখা যায় রাতের অন্ধকারে সেই ৪ দলা বাড়ি থেকে ২ বছরের মধ্যে ১১ তলা বাড়ি হয়ে যায়। আমি আপনার মাধ্যমে আরো বলতে চাই এই বাড়ীর ৩ তলায় ৫০টি ৫০টি করে মোট ১৫০টি বেআইনী ভাবে দোকান বসিয়েছে। সেই বাড়িতে লিফটেব কোন ব্যবস্থা নেই। তারপর সর্ব্বোচ্চ তলায় ৫ কিলোওয়াটের হেভি জেনারেটর বসিয়েছে যেটা অত্যন্ত বেআইনী। আমি আপনার মাধ্যমে এই মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে কলিকাতায় এই রকম বহু সংখ্যক বেআইনী বাড়ি আছে যেখানে অগ্নি নির্বাপকের কোন ব্যবস্থা নেই, যাতায়াতের রাস্তা নেই, জল সরবরাহের ব্যবস্থা নেই। এতে কলিকাতা শহরের যানবাহন চলাচলের অসুবিধার সৃষ্টি হয়, সেখানে একটা বিপদজনক অবস্থার সৃষ্টি হয়। স্যার, আমি আপনার মাধ্যমে দাবি জানাতে চাই ৪৮, ক্যামাক ষ্ট্রীটের বাড়ি সহ অন্যান্য যে সমস্ত বেআইনী বাড়ি কলিকাতা শহরে আছে সেইগুলি বেআইনী ঘোষণা করা হোক। এই ব্যাপারে মাননীয় পূর্ত্তমন্ত্রী যেন তদন্তের ব্যবস্থা করেন।

**শ্রী অরুণ কুমার গোস্বামী ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী ও এই সভার সদস্যদের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে কিছুদিন আগে তথ্য ও জনসংযোগ বিভাগের চন্দননগর অফিসের কো-অর্ডিনেশন কমিটির কিছু লোক এবং অফিসাররা মিলে কিছু মাল নিলাম করেছেন। এরসঙ্গে জাতীয় পতাকাও নিলাম করা হয়েছে। আমি আপনাকে দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, পশ্চিমবাংলায় বিভিন্ন জায়গায় আজও গুরুত্বপূর্ণ মাল

নিলাম করার সময়ে জাতীয় পতাকার মত মালও নিলাম করে দেওয়া হচ্ছে। আমার আশঙ্কা হচ্ছে যে অফিসগুলো থেকে কো-অর্ডিনেশন কমিটির লোকেরা এবং অফিসাররা অফিসের জাতীয় পতাকা সরিয়ে দিচ্ছে এবং তা বিক্রি করছে। এই সাথে সাথে আমার বিশেষ আশঙ্কা হচ্ছে যে, আমরা কোনদিন দেখবো রাইটার্স বিল্ডিংস্ থেকে জাতীয় পতাকা সরিয়ে তা বিক্রি করে দেওয়া হয়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি যে, এই সমস্ত কাজ যে সমস্ত অফিসাররা করছেন তাঁদের যেন শাস্তি দেওয়া হয় এবং এনকোয়ারী করে তাঁকে অফিস থেকে যেন তাড়িয়ে দেওয়া হয়।

**মিঃ স্পিকার ঃ** মিঃ গোস্বামী, আপনারা যখন জাতীয় পতাকা কেনেন তখন টাকা দিয়ে কেনেন না? তাই যদি কেনেন তাহলে তা বিক্রি করাটা কী অপরাধ?

**শ্রী অরুণ কুমার গোস্বামী ঃ** আমি জাতীয় পতাকা বিক্রি করা অপরাধ বলিনি। আমি বলেছি যে, এই ভাবে অফিসের পতাকা যদি বিক্রি করা হয় তাহলে রাইটার্স বিল্ডিংসের পতাকাও বিক্রি করে দেওয়া হবে, আপনি এইটা বলছেন কি?

**মিঃ স্পিকার ঃ** ন্যাশানাল ফ্লাগ যদি ডেষ্ট্রয় হয়ে যায় বা ডিফেসড্ হয়ে যায় তাহলে কি হবে? গভর্ণমেন্ট প্রপার্টি ছিঁড়ে গেলে বা নষ্ট হয়ে গেলে তার নিষ্পত্তির জন্য একটা নিয়ম তো থাকবে? ধরুন, এ.জি., ওয়েষ্ট বেঙ্গল যদি জিজ্ঞাসা করেন এই এস.ডি.ও অফিসের জন্য ১০টি জাতীয় পতাকা কিনেছিলেন, এখন দেখছি ৫টি আছে, বাকী ৫টি কি হল? কাজেই তাঁকে উত্তর দিতে গেলে তো একটা নিষ্পত্তি দেখাতে হবে? নিষ্পত্তি হতে গেলে সরকারী ক্ষেত্রে একটা নিয়ম আছে এবং সেই অনুসারে জাতীয় পতাকা বিক্রি করাটা অপরাধ নয়।

**শ্রী অরুণ কুমার গোস্বামী ঃ** আমি সেকথা বলিনি। আমি বলেছি যে অফিস থেকে অফিসাররা জাতীয় পতাকা নিলাম করেছেন।

**[1.50–2.00 pm]**

**শ্রী শিবপ্রসাদ দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা খন্ডকোষের উত্তর দিকে দামোদর নদী বয়ে গেছে। ওই নদীর পাশে গ্রাম বেতানপুর ওই নদীর জলে সম্পূর্ণভাবে ভেসে যাবে এর যদি ব্যবস্থা না নেওয়া হয় তাহলে নদী গর্ভে চলে যাবে একটি গ্রাম। এখানে ওই নদীর ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য বহুবার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে কিন্তু কোন কার্য্যকরী ভূমিকা নেওয়া হয় নি। আমি আপনার মাধ্যমে জানাতে চাইছি যে যদি অবিলম্বে সত্বর ব্যবস্থা না নেওয়া হয় তাহলে ওই গ্রামকে দামোদরের কবল থেকে রক্ষা করা যাবে না।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার এই সভার দৃষ্টি একটি বিষয়ে আকর্ষণ করছি। আশা করি শাসকদলের সদস্যরাও এই বিষয়ে আমার সঙ্গে একমত হবেন। এই রাজ্যের শ্রমদপ্তর অপদার্থতা আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমি আগেও এই হাউসে বলেছিলাম যে পশ্চিমবঙ্গ পুঁজিপতিদের স্বর্গরাজ্য হয়ে উঠেছে এবং শ্রমদপ্তর অন্ধ ধৃতরাষ্ট্রের মত সম্পূর্ণ নিষ্ক্রিয়ভাবে একের পর এক কারখানা বন্ধ হয়ে যাচ্ছে চোখে দেখে যাচ্ছে। মেটাল বক্সের কথা আগের সেসানেই আমি উল্লেখ করেছিলাম সেই মেটাল বক্স এখনো বন্ধ আছে। গেষ্টকিন উইলিয়াম এখানো বন্ধ আছে কেশোরাম কটন মিলস্ এখনো বন্ধ। শুধু তাই নয় সাড়ে ৯ হাজার কর্মী এখানে কাজ করে তাও বন্ধ হয়ে রয়েছে। বাটা কোম্পানী লক আউট হয়ে গেছে, একটা মিটিং পর্যন্ত মুখ্যমন্ত্রী

ডাকেননি। শুধু তাই নয় ডানলপ কোম্পানী সাড়ে ৬ হাজার লোক কাজ করে সেটাও বন্ধ, একটা মিটিং পর্যন্ত ডাকবার সাহস এই সরকারের নেই। কোন পুঁজিপতিকে ডেকে ধমকানোর সাহস নেই। চটকল বন্ধ হয়ে রয়েছে। হার্ডার কটন মিল এক বছরের বেশী বন্ধ হয়ে রয়েছে তাও উল্লেখ করেছি। তাছাড়া ব্লু চিপ কোম্পানী ভালো কোম্পানী তাও বন্ধ। ডানলপ মেটাল বক্স বাটা গেষ্টকিন উইলিয়াম বন্ধ। এখন আবার গুনঠি ইন্ডিয়ান অক্সিজেনে অশান্তি চলছে বন্ধ হয়ে যেতে পারে। এই কারখানাগুলি খোলার জন্য কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না অথচ রাজ্য সরকার নতুন নতুন প্রজেক্ট চাইছেন। একজিসটিং ফেক্টারিজের ক্ষেত্রে মালিকদের কাছে সরকার এমনভাবে আত্মসমর্পন করেছেন যে কিছু করার নেই। এমন কি সিটুও মালিকদের কাছে আত্মসমর্পন করেছেন।

**শ্রী আতাহার রহমান :** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের এবং স্বাস্থ্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় গত মার্চ মাসে স্বাস্থ্য দপ্তর পূর্ত্ত দপ্তরকে ৬৫ লক্ষ টাকা দিয়েছিলেন। এই টাকা দিয়েছিল হেল্‌থ ডেপার্টমেন্ট পি.ডব্লিউ.ডি ডিপার্টমেন্টকে। ওই টাকাটা দেওয়া হয়েছিল মুর্শিদাবাদ জেলায় গত বছরের বন্যায় যে সমস্ত স্বাস্থ্য কেন্দ্রগুলি নষ্ট হয়ে গিয়েছিল সেগুলি মেরামতি করার জন্য টাকা দেওয়া হয়েছিল। এই টাকা মার্চ মাসের শেষের দিকে যায় এবং সঙ্গে সঙ্গে ওই টাকা শেষ হয়ে যায়। কিন্তু যে কাজের জন্য দেওয়া হয়েছিল তা কিছুই সম্পূর্ণ হয়নি। এর ফলে মুর্শিদাবাদ জেলায় একটা চাঞ্চল্যের সৃষ্টি হয় এবং এর পরিপ্রেক্ষিতে ওখানকার জেলা শাসককে নির্দেশ দেওয়া হয় যে তদন্ত করার জন্যে। একটা ভিজিলেন্স তৈরী করা হয় তদন্ত করার জন্য গত ২৪.৬.৮৮ তারিখে চীফ ইঞ্জিনিয়ারকে দিয়ে কিন্তু আজ পর্যন্ত তার কোন ব্যবস্থা নেওয়া হয়নি। ফলে মুর্শিদাবাদ জেলায় সবারই আশ্চর্য্য লাগছে যে এতোবড় ঘটনা ঘটে গেল তবুও সেই দুর্নীতিপরায়ণ অফিসার এখনো নির্বিবাদে এই সরকারী দপ্তরে অবাধে কাজ করে যাচ্ছেন। এর অবিলম্বে একটা ব্যবস্থা নিন।

**শ্রী সুহৃদ বসুমল্লিক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত রবিবার কলিকাতা করপোরেশনের ৪৬ নং ওয়ার্ডে নির্বাচন হল। নির্বাচনে আপনি জানেন যে ত্রিপুরার মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি যখন হেরে গেল তখন তারা কলিকাতায় এসে শোকদিবস পালন করলেন যে নির্বাচনে রিগিং হয়েছে ইত্যাদি বলে। আজকে পশ্চিমবঙ্গের অবস্থা কি— প্রত্যেকটি বাই ইলেকশান হলে সি.পি.এম-এর গুন্ডারা সরকারের পয়সায়, প্রশাসনকে কাজে লাগিয়ে নির্বাচনে জয়লাভ করার চেষ্টা করছেন।

স্যার, কলকাতার ৪৬ নম্বর ওয়ার্ডে সারা পশ্চিমবাংলা থেকে সি.পি.এম-এর যত গুন্ডা আছে তাদেরকে সেখানে প্রায় ৪/৫ হাজার গুন্ডাকে বুথেতে মবিলাইজেশন করেছে। আমাদের বিধায়ক সুদীব বন্দ্যোপাধ্যায়কে যে ভাবে আক্রমন করা হয়েছে এবং প্রাক্তন বিধায়ক রউফ আনসারীকে যে ভাবে আক্রমন করা হয়েছে তার জন্য আমরা বলতে চাই, সি.পি.এম তারা নির্বাচনে জয়লাভ করার জন্য যে ভাবে গুন্ডাদের নিয়ে নির্বাচন করছে সেই পরিপ্রেক্ষিতে বলব আগামী দিনে আমরাও বুঝিয়ে দেব সি.পি.এম তোমাদের কত হিম্মত আছে। গণতন্ত্রকে বাঁচাতে হলে মুখ্যমন্ত্রীকে বলতে হবে, এর জবাব দিতে হবে।

**শ্রী অঞ্জন চ্যাটার্জী :** স্যার, আমার বিধানসভার এলাকার একটি গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র একটি মহকুমায়, তার সঙ্গে ৪টি মহকুমার যোগাযোগ আছে। এবং তার পার্শ্ববর্ত্তী জেলা মুর্শিদাবাদ, নদীয়া, বীরভূমের সাথে সড়ক পথে যোগাযোগ আছে। এখানে বাস দিনে ১০০টির মত চলে, এখানে রাস্তার অবস্থা এমন

হয়েছে যে বাস কিছুদিনের মধ্যে চলাচল বন্ধ হয়ে যাবে। ইতিমধ্যে বাসের মালিকরা যৌথভাবে একটা স্মারকলিপি পরিবহন মন্ত্রীর কাছে জমা দিয়েছেন। এবং বলেছেন যে অবিলম্বে যদি সমস্যার সমাধান না হয় তাহলে বাস চলাচল বন্ধ হয়ে যাবে। তাই এই ব্যাপারে বিষয়টির গুরুত্ব অনুধাবন করে যাতে রাস্তা অবিলম্বে চলাচলের উপযোগী করে তোলা যায় তার জন্য অনুরোধ করছি।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীর প্রতি। আমার নির্বাচন কেন্দ্র কুলতলিতে ভুবনেশ্বর উপস্বাস্থ্যকেন্দ্র-য় দীর্ঘদিন কোন ডাক্তার ছিল না। এই বিষয়ে আমি বারবার হাউসের দৃষ্টি আকর্ষণ করেছি। বর্তমান স্বাস্থ্যমন্ত্রী স্বাস্থ্যদপ্তরে আসার পর সেখানে ডাক্তার এবং নার্স গিয়েছে। কিন্তু দুঃখের বিষয় বামফ্রন্ট সেখানে একটি পুলিশ ক্যাম্প বসিয়ে দিয়েছে, এবং পুলিশ হাসপাতালের ঘরগুলি দখল করে বসে আছে। ডাক্তার এবং নার্সরা থাকতে পারছেন না। এই ব্যাপারে এস.পি-র কাছে জানান হয়েছে কিন্তু কোন ফল হচ্ছে না। আমি মাননীয় স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি গ্রামীন হাসপাতালে দীর্ঘদিন ধরে ডাক্তার না থাকার ফলে সাধারণ মানুষ চিকিৎসার সুযোগ পাচ্ছিল না। তারপরে যখন ডাক্তার গিয়েছে হাসপাতালে তারা থাকতে পারছে না। এই রকম পরিস্থিতিতে আমার আবেদন ভুবনেশ্বর উপস্বাস্থ্যকেন্দ্র থেকে পুলিশ ক্যাম্প অবিলম্বে অপসারণ করা হোক এবং ডাক্তাররা যাতে কোয়ার্টারে থাকতে পারেন সেই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**[2.00 – 2.10 P.M.]**

**শ্রী পুলিন বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের মধ্যে জেনারেল কোর্সে বিজ্ঞান বিভাগে এম এস সি পড়ার ব্যবস্থা নেই। যারা বি এস সি (অনার্স) পাশ করেছে তাদের সামনে একটা অনিশ্চিত অবস্থা যে তারা কোথায় এম এস সি পড়তে যাবে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে আসন সংখ্যা সীমিত, সেখানে বিজ্ঞান বিভাগে পড়তে পারবে না। যাদবপুর, বর্ধমান বিশ্ববিদ্যালয়েও সিট সীমিত, সেখানে রসায়ন, পদার্থ, উদ্ভিদ, জীব বিদ্যা পড়তে পারবে না। সুতরাং এম এস সি পড়তে যেসব ছাত্র-ছাত্রী ইচ্ছুক তাদের সামনে একটা অনিশ্চিত অবস্থা দেখা দিয়েছে। বামফ্রন্ট সরকার শিক্ষা দরদী, শিক্ষা ক্ষেত্রে উন্নতির জন্য চেষ্টা করছেন। মেদিনীপুরের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের জন্য শিক্ষা দরদী বামফ্রন্ট সরকার সাধ্যমত অনেক টাকা খরচ করেছেন। কেন্দ্র টাকা দিচ্ছে না এটা ঠিক, তা সত্বেও আমাদের কষ্ট করে ঐ বিশ্ববিদ্যালয়ের এম এস সি পড়ানোর জন্য ব্যবস্থা করতে হবে, যত কষ্টই হোক অর্থের সংস্থান রাখতে হবে এই দাবি আমি মুখ্যমন্ত্রীর কাছে করছি। যদি ভবনের অসুবিধা হয় তাহলে মেদিনীপুর কলেজে এম এস সি পড়ান যেতে পারে।

**শ্রী মোজাম্মেল হকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় পঞ্চায়েত এবং সমষ্টি উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টিতে আনতে চাই। বিষয়টি হল হরিহরপাড়া পঞ্চায়েত সমিতির কংগ্রেস (আই) এর নির্বাচিত সদস্য মহামান্য হাইকোর্টে কেস করার ফলে দীর্ঘ ৫ বছর ধরে সেখানে সমস্ত উন্নয়নমূলক কাজ বন্ধ ছিল এবং জমি বিলি, খাস জমি বিলি ইত্যাদি সমস্ত বন্ধ ছিল। এই বছরেও দেখা গেল যে পঞ্চায়েত নির্বাচনের সময় কংগ্রেসের সঙ্গে যৌথভাবে আগ মার্কা বিপ্লবী দল এস ইউ সি নির্বাচনে প্রতিদ্বন্দিতা করল কিন্তু নির্বাচনে ভরাডুবি হওয়ার ফলে শেষ পর্যন্ত দেখা গেল পঞ্চায়েতের প্রধান উপ-প্রধান নির্বাচনে কোথাও কংগ্রেসের প্রধান এস ইউ, সি'র উপ-প্রধান, আবার কোথাও এস ইউ সি'র প্রধান কংগ্রেসের উপপ্রধান হল।

তারপর পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচনে তাঁরা অংশগ্রহণ করলেন না, হাইকোর্টে আবার এসে ইনজাংসান নিয়ে গেলেন। গত ২১ শে জুলাই মহামান্য হাইকোর্ট একটা নির্দেশ দিলেন যে আমার কাছে অভিযোগ করেছে তাদের নাকি স্থানের ক্ষেত্রে বিভ্রান্তি সৃষ্টি হয়েছে তাই হাইকোর্ট থেকে নির্দিষ্ট করে দেওয়া হল তারিখ, সময় এবং ঠিক জায়গা। তারপর দেখা গেল মাত্র ৪ জন কংগ্রেসের নির্বাচিত সদস্য উপস্থিত হলেন, বাকিরা হলেন না। আমার বক্তব্য হচ্ছে যারা এইভাবে জনগণের নির্বাচিত যে সংস্থা তার সমস্ত কাজকে বন্ধ করে দিতে চায় তারাই আবার হাইকোর্টের কাছে উপস্থিত হয়ে হাইকোর্টের নির্দেশকে অবমাননা করে। তাদের বিরুদ্ধে কেন কনটেম্পট্ করা হবে না এই দাবি আমি পঞ্চায়েত এবং সমষ্টি উন্নয়ন মন্ত্রীর কাছে জানাচ্ছি এবং পাশাপাশি এটা বলতে চাই বিরোধী বেঞ্চ থেকে বলতে শোনা যায় যে পঞ্চায়েত সমিতি বামফ্রন্ট সরকার আসার পর জমি বিলি করতে ব্যর্থ হয়েছে। ১৯৬৭/১৯৬৯ সালে থেকে জমি বিলি শুরু হয়েছে।

**শ্রী সুকুমার মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্য ও স্বরাষ্ট্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে যে, নদীয়া জেলার হাঁসখালি থানার অধীন দক্ষিণপাড়া ২নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত প্রভাত নগরের কিছু কংগ্রেস (আই) সমাজবিরোধী ঐ গ্রামের একজন ক্ষেত মজুরের স্ত্রীর শ্লীলতাহানির চেষ্টা করে। অপরাধীদের নাম দিয়ে ঐ ঘটনার যথারীতি হাঁসখালি থানায় অভিযোগ দায়ের করা হয়। থানা কর্তৃপক্ষ ঐ ঘটনার প্রত্যক্ষদর্শী হিসাবে সাক্ষী দিয়াছিলেন এই ধরণের পাঁচজনকে কংগ্রেস (আই) সমাজবিরোধী গুন্ডারা আক্রমন করে গুরুতর আহত করে। ফলে তাহাদের শক্তিনগর হাসপাতালে ভর্ত্তি করতে হয়। এর প্রতিবাদে গত ২৬শে আগষ্ট প্রভাত নগরে মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির নেতা ও কৃষ্ণগঞ্জ বিধানসভার সদস্য নয়ন সরকার প্রতিবাদ সভা করার সময় সমাজবিরোধী কংগ্রেস (আই) গুন্ডারা সভাস্থলে বোমা নিক্ষেপ করে। হাঁসখালি থানায় সমাজবিরোধীদের নাম দিয়ে অভিযোগ দায়ের করা সত্ত্বেও আদ্যাবধী অপরাধী গুন্ডাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ না করায় ঐ এলাকায় চরম সন্ত্রাস ও বিক্ষোভ দেখা দিয়েছে, অতএব মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়ের নিকট অনুরোধ যে অবিলম্বে অপরাধীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে এলাকা শান্তি স্থাপন করুন।

**মিঃ স্পিকার :** মিঃ মন্ডল, সংসদীয় নিয়ম অনুসারে গুন্ডা বলা যায় না, সমাজবিরোধী বলতে হয়।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মৎস্য মন্ত্রীর দৃষ্টি অকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্রে দোগাছি গ্রাম পঞ্চায়েত মৎস্যজীবি সমবায় সমিতি গঠন করে রেজিষ্টি করা হয় এবং মৎস্য দপ্তরের অঞ্জনা নদী যেটা এখন মজে খালের মত হয়ে গেছে তার ৮ এবং ৫ নম্বর জলা মৌখিকভাবে এই সমিতিকে বিলি বন্দোবস্ত দেওয়া হয়। সমিতি ওখানে মৎস্য উৎপাদন করে চলেছে এবং জেলার মৎস্যবিভাগ এ বিষয়ে অবহিত আছেন। তারা এখন ৪ থেকে ৭ নম্বর জলা ১৯৮১-৮২ সাল থেকে বন্দোবস্ত পাবার জন্য জেলার মৎস্য দপ্তর এবং মৎস্য আধিকারিকের কাছে আবেদন করেছেন। কিন্তু এখন পর্যন্ত কোন ব্যবস্থা হয় নি। এদিকে সমাজবিরোধীরা সেই জলা দখল করে লক্ষ লক্ষ টাকা লুঠ করছে। আমি এই পরিস্থিতিতে অনুরোধ করছি ঐ রেজিষ্ট্রিকৃত সমিতিকে ৪ থেকে ৭ নম্বর জলা বন্দোবস্ত দেওয়া হোক।

**শ্রী উপেন্দ্র কিস্কু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাঁকুড়া জেলার দক্ষিণ সীমান্ত বরাবর অঞ্চলে বার বার ঝাড়খণ্ডীরা সমাজবিরোধী কার্য্য এবং নানারকম সন্ত্রাস চালিয়ে যাচ্ছে। গরু, ছাগল লুঠ করছে এবং মানুষ গ্রাম ছাড়া হচ্ছে। দুঃখের সঙ্গে বলছি কংগ্রেসীরা এতে মদত দিচ্ছে এবং ওরা সবুজ

ঝান্ডা নিয়ে এই কাজ করে বেড়াচ্ছে। বিগত ৩ সপ্তাহ পূর্বে রসপালহাট যেখানে দুটি জেলার মানুষ বিভিন্ন জিনিষপত্র কেনা বেচা করে সমাজবিরোধীরা সেই হাট লুঠ করেছে। এখন পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয়নি। তাই মানুষ চরম অসুবিধা বোধ করছে কেনা বেচা করতে পারছে না। আমি অনুরোধ করছি অবিলম্বে হাট খোলার ব্যবস্থা করা হোক যাতে মানুষ তাদের সংসারের প্রয়োজনীয় জিনিষপত্র নিয়মিতভাবে কিনতে পারে। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন অনুগ্রহ করে এ ব্যাপারে দৃষ্টি দেন।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনি বলেছেন যে, এখানে গুন্ডা কথাটা ব্যবহার করা যাবে না কেননা সেটা বিধি বহির্ভূত। আমি জানতে চাইছি যদি কোন সদস্য হাউসে ঢোকে বা হাউসে বসে আছে এমন অবস্থায় কি কাউকে গুন্ডা বলা যাবে? আমি লক্ষ্য করলাম মাননীয় সদস্য লক্ষী দে মহাশয় যখন হাউসে ঢুকছিলেন তখন তাঁকে গুন্ডা বলা হল।

**মিঃ স্পীকার ঃ** না, কোন অবস্থাতেই গুন্ডা বলা যাবে না। সমাজবিরোধী বলতে হবে। তবে লক্ষী বাবুর ব্যাপার যা বললেন সেটা বোধহয় লাইটলি বলেছে।

এটায় লক্ষী দের ব্যাখ্যা আছে— উনি যখন গুন্ডা ব্যবহার করেন তখন ভদ্রলোক বলে— আর আপনারা যখন ওদের বলেন তখন বদ্ লোক বলে— এই জন্য এটা বলা যাবে না।

## [2.10 – 2.20 P.M.]

**শ্রী রামপদ মাণ্ডি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র, মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৩/৮/৮৮ তারিখে আমার বিধানসভা কেন্দ্র রাণীবাঁধ থানার খাড়জুড় গ্রামে নগেন সোরেন সহ আরো ৩ জন গরীব আদিবাসী পাট্টা চাষী তাদের বর্তমান পাট্টা জমিতে সকাল বেলায় চাষাবাদ করছিল। এমন সময় ঐ গ্রামের কয়েকজন প্রাক্তন কংগ্রেসী, বর্তমানে ঝাড়খন্ডী, শ্রী রাম টুডু তার ছেলে শৈলেন টুডু এবং ঐ এলাকার ঝাড়খন্ডী পঞ্চায়েত সদস্য শশী ভূষণ টুডুর নেতৃত্বে শতাধিক ঝাড়খন্ডী সমাজবিরোধী মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে ঐ পাট্টাচাষীদের জমি থেকে উচ্ছেদ করে এবং যাবার সময় ৫টি হালের বলদ লুঠ করে নিয়ে যায়। সর্বশেষে ঐ গ্রামে ঢুকে তাদের ঘরবাড়ী সব লুঠ করে নিয়ে যায়। ঐ পাট্টা চাষীরা থানায় এফ.আই.আর করেছে। যে ৫টি গরু তারা লুঠ করে নিয়ে গেছে সেগুলি এখনো পাওয়া যায় নি। আমি দাবী করছি অবিলম্বে এদের গ্রেপ্তার করে কঠোর শাস্তিদানের ব্যবস্থা করা হোক।

**শ্রী সুশীল কুজুর ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র মাদারিহাট এবং বীরপাড়ায় ভীষণভাবে বুনো হাতির উপদ্রব দেখা দিয়েছে। এক সাথে প্রায় ১৫০/২০০ বুনো হাতি গ্রামের মধ্যে ঢুকে সমস্ত ঘরবাড়ী ভেঙ্গে তছনছ করে দিচ্ছে। সব চেয়ে ভয়াবহ ঘটনা গত ২৫/৮/৮৮ তারিখে ঘটে গেছে। ঐদিন ১৫০টি বুনো হাতি গ্রামের মধ্যে ঢুকে ৫০টি বাড়ী ভেঙ্গে সমস্ত জিনিসপত্র নষ্ট করে দিয়েছে, জমির ধান নষ্ট করে দিয়েছে। এই অবস্থায় গ্রামবাসীরা সন্ধ্যা ৭টার পর থেকে গ্রামে থাকা আর নিরাপদ মনে করছে না। অবিলম্বে ওখানে একটা এলিফ্যান্ট স্কোয়াড গঠন করার দাবী জানাচ্ছি।

**শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ ঃ** মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিগত অধিবেশনে হলদিয়া সার কারখানার ব্যাপারে একটা সর্বদলীয় ডেলিগেশন টিম গঠিত হয়েছিল। এই টিম গত এপ্রিল মাসে কেন্দ্রীয় সার

মন্ত্রী আর. প্রভুর সঙ্গে সাক্ষাৎ করেন। তখন কেন্দ্রীয় সার মন্ত্রী বলেছিলেন যে, এই সার কারখানাটিকে বাণিজ্যিক উপায়ে চালু করার জন্য টয়ও অব জাপান এবং উধি অব জার্মানির উপর দায়িত্ব দেওয়া হয়েছে। তরা সার্ভে করছেন। তাদের কাছ থেকে রিপোর্ট পেলে বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদন চালু করবার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন। আমরা জানতে পেরেছি জুন মাসে টয়ও ইঞ্জিনিয়ারিং এবং উধি তাদের রিপোর্ট সাবমিট করে তারা বলেছেন ৫০২ কোটি টাকা লাগবে। এই টাকা যদি কেন্দ্রীয় সরকার অনুমোদন না করেন তাহলে সার কারখানাটি বন্ধ হয়ে যাবে। আমি তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে, তিনি যেন এই বিষয়টি প্রধানমন্ত্রীকে বলে অবিলম্বে অর্থ বরাদ্দের ব্যবস্থা করেন। এই কারখানা ১৯৭৯ সাল থেকে বন্ধ হয়ে আছে। ১৯৭৯ সালের ২০শে সেপ্টেম্বর হলদিয়া ময়দানে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, হলদিয়ার এই সার কারখানাটি চালু করতে তিনি সাহায্য করবেন।

**শ্রী মাধবেন্দু মহান্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবাংলায় বন্যা পরিস্থিতি নিয়ে একটু আগে এই সভায় মাননীয় সেচমন্ত্রী এবং মাননীয় ত্রাণ মন্ত্রী তাঁদের বক্তব্য রেখেছেন এবং আপনিও স্যার, আগামীকাল পশ্চিমবাংলার বন্যা পরিস্থিতি নিয়ে আলোচনা করার জন্য ৪ ঘন্টা সময় নির্ধারণ করেছেন কিন্তু তবুও স্যার, নদীয়া জেলার বন্যা পরিস্থিতি নিয়ে বলার জন্য আমি যে নোটিশ দিয়েছি সেই অনুযায়ী আমি সে সম্পর্কে কয়েকটি কথা বলছি। স্যার, ভাগীরথী, চূর্ণী, জলঙ্গী প্রভৃতি নদীর জলস্ফীতিতে নদীয়া জেলার ১৭টি ব্লকের মধ্যে ৮টি ব্লক প্লাবিত হয়েছে। আমরা লক্ষ্য করেছি, নবদ্বীপ শহরের নিম্নাঞ্চল, কিছু গ্রামাঞ্চল, তেহট্ট এক এবং দু নং ব্লক, করিমপুর দু নং ব্লক বিশেষ ভাবে হাঁসখালির বেশ কিছু অংশ, নাকাশিপাড়া ইত্যাদি এলাকা প্লাবিত হয়েছে। এ ছাড়া অন্যান্য ব্লকও আছে। এর ফলে নদীয়াজেলার ধান, পাট, আখ, এবং শাকশব্জির বিশেষভাবে ক্ষতি হয়েছে। ক্ষতির পরিমান কম নয়। এর সঙ্গে স্যার, আরো যেটা লক্ষ্য করেছি সেটা হচ্ছে পলসন্ড গ্রামে পেটের অসুখ, গ্যাসট্রো-এনট্রাটিস যাকে বলে সেই রোগ দেখা দিয়েছে এবং তাতে বয়তুল্লা নামে একটি মুসলমান কৃষক যুবক মারা গিয়েছে। ইতিমধ্যে সরকার থেকে ত্রানের কাজ শুরু করা হয়েছে এবং বিভিন্ন রকমের ব্যবস্থাও নেওয়া হয়েছে। এই ব্যবস্থার আরো উন্নতি করা দরকার। স্যার, নদীয়া জেলার বন্যাপরিস্থিতির এখন উন্নতির লক্ষণ নেই, বরং তা অবনতির দিকে। আমি এ ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী, কৃষিমন্ত্রী, ত্রানমন্ত্রী এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মালদহ জেলার ১০টি হাসপাতালে বহুদিন ধরে ডাক্তার নেই। বারবার বলা সত্ত্বেও সেখানে ডাক্তার যায়নি। অন্যান্য হাসপাতালে কিন্তু ডাক্তার আছে। আমার নির্বাচনী কেন্দ্রের মধ্যে বোরোই হাসপাতাল বন্যা প্লাবিত এলাকার মধ্যে অবস্থিত একটি হাসপাতাল কিন্তু সেখান থেকে ডাক্তারকে অন্য জায়গায় বদলি করা হয়েছে, তার বদলে অন্য ডাক্তারকে সেখানে পাঠানে হয়নি। এ ছাড়া হরদমনগরে ১৯৭৩ সালে একটি হাসপাতাল স্থাপিত হলেও আজ ১৫ বছর হয়ে গিয়েছে কিন্তু সেখানে কোন ডাক্তার যায়নি। অনেকবার বলেও আমরা কিছু করতে পারিনি। আমরা তিনজন এম.এল.এ সই করে একটি আবেদন করেছিলাম এই বলে যে বন্যা প্লাবিত এলাকাগুলিতে অবিলম্বে ৫ জন ডাক্তারকে পাঠানো হোক। শুনলাম সেখানে তিনজন ডাক্তার গিয়েছেন। বন্যা প্লাবিত এলাকা যেখান থেকে ডাক্তার তুলে নেওয়া হয়েছে সেখানে অবিলমেব ডাক্তার পাঠানোর জন্য আমি অনুরোধ জানাচ্ছি। এ ছাড়া স্যার, আমাদের একটি এ্যাম্বুলেন্স ছিল কিন্তু সেটি তিন বছর আগে মেরামতের জন্য নিয়ে আসা হলেও আজ পর্যন্ত তা ফিরে যায়নি।

বন্যার কথা চিন্তা করে অবিলম্বে এই বিষয়গুলির প্রতি দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুভাষ বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমনত্রীর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। অবশ্য কেন্দ্রে তো কোন সরকার নেই, সেখানে একজনই সরকার। স্যার, আসানসোল এবং কল্যানীতে সাইকেল কর্পোরেশন অব ইন্ডিয়ার যে কারখানা আছে সেখানে উৎপাদন বন্ধ করে দেওয়া হয়েছে এবং সেই সাইকেল এখন ব্ল্যাকে বিক্রি হচ্ছে। সেখানে আই.এন.টি.ইউ.সি., সি.আই.টি.ইউ-এর শ্রমিকরা মিলিতবদ্ধভাবে উৎপাদন করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে গত ১৪ তারিখে ডেপুটেশন দিয়েছিলেন। প্রধানমন্ত্রী মহাশয় সে ব্যাপারে বলেছেন যে তিনি এনকোয়ারী করে দেখছেন। স্যার, এনকোয়ারী করতে করতেই কারখানা উঠে যাবে। একটু আগে ওঁদের একজন সদস্য বললেন যে পশ্চিমবাংলার কারখানা সব বন্ধ হয়ে যাচ্ছে। স্যার, কেন্দ্রীয় সরকার যদি কারখানা উৎপাদন বন্ধ করে দিয়ে ব্যক্তিগত মালিকানার সাইকেল যাতে বাজারে চলে সে ব্যবস্থা করেন তাহলে আর কি হবে। অথচ এই র‍্যালে সাইকেলের সারা ভারতবর্ষে এবং পৃথিবীর নানান জায়গায় পরিচিতি আছে এবং মানুষের কাছে তা গ্রহণযোগ্য। এই সাইকেল কারখানাটি মূলতঃ তারা বন্ধ করে দিয়েছেন। এর ফলে শ্রমিকদের মধ্যে বিক্ষোভ দেখা দিয়েছে। অবিলম্বে সাইকেল কর্পোরেশন কাঁচা মাল এনে যাতে উৎপাদন শুরু করেন এবং যাতে কারখানাটি বন্ধ হয়ে না যায় সেদিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**[2.20 – 2.30 P.M.]**

**শ্রী সুমন্ত কুমার হীরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সৌগত রায় বাটা শ্রমিকদের সম্পর্কে বলেছেন। আমার মেনসনের বিষয়ও বাটা লক্‌আউটের উপরে। আপনি জানেন যে দীর্ঘদিন ধরে বাটা কর্তৃপক্ষ এই কারখানাটি বন্ধ করে রেখেছে। এর ফলে বাটানগরের ১০ হাজারের উপর শ্রমিক আজকে ভয়ংকর অনিশ্চয়তার মধ্যে পড়েছে এবং তারা একটা দুশ্চিন্তার মধ্যে দিন কাটাচ্ছে। সামনে দুর্গাপুজা আসছে। এই রকম একটা সময়ে তারা তাদের স্ত্রী, পুত্র পরিবার নিয়ে অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছে। এই রকম একটা অবস্থায় মাননীয় সৌগত রায় যে ভাষায় কথা বললেন তাতে তার লক্ষ্য কি বাটা ম্যানেজমেন্ট, না বামফ্রন্ট সরকার? আমাদের বামফ্রন্ট সরকারের শ্রমমন্ত্রী একাধিকবার তাদের ডেকে কথা বলেছেন। তারা রাইটার্স বিল্ডিংয়ে এসেছিলেন। মাননীয় মুখ্যমন্ত্রী এই ব্যাপারে হস্তক্ষেপ করে বলেছেন যে তারা যখন এসেছেন তখন আমরা দেখবো কি করতে পারি। তারপরেও শ্রমিক কর্মচারীদের ব্যাপার নিয়ে তিনি কথা বলেছেন। আজকে বাটা ম্যানেজমেন্ট, এই একচেটিয়া গোষ্ঠী একটা অনিশ্চয়তার সৃষ্টি করার চেষ্টা করছেন। বাটা ম্যানেজমেন্ট যারা এই চর্ম শিল্প এবং জুতোর একচেটিয়া গোষ্ঠী তারা একটা ষড়যন্ত্র করছে পশ্চিমবাংলা থেকে এই শিল্পকে তুলে দেবার জন্য। তারা অন্য জায়গায় একটা ইউনিট করেছে। সেই ইউনিটে বেশী লোকের দরকার হবে না। আমাদের পশ্চিমবাংলা এবং ভারতবর্ষের বাজারের জন্য তাদের যে কাঁচা মাল বিক্রয় হয় তাতে মালের চাহিদা পূরণ হবে না। সামনে পুজো আসছে। শ্রমিকদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করে তাদের মহার্ঘভাতা, বোনাস ইত্যাদি নানা সুযোগসুবিধাগুলি যাতে কমান যায় তার জন্য একটা ষড়যন্ত্র করে এইভাবে এক তরফা তারা আক্রমন করেছে। এই ব্যাপারে শুধু বাটার শ্রমিকরাই নয়, তার সঙ্গে বাটা সেলের যারা যুক্ত আছেন তাদেরও অভুক্ত করে রাখার চেষ্টা করা হয়েছে। এর ফলে সমস্ত দোকানের মাল কেনা-বেচা বন্ধ হয়ে গেছে। আজকে তারা একটা অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছে। কাজেই আজকে এই বিধনসভা থেকে এই সম্পর্কে ক্ষোভ প্রকাশ করা দরকার। বাটা ম্যানেজমেন্টের

এই চক্রান্তের বিরুদ্ধে আমরা ঘৃণা এবং ক্ষোভ জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে অবিলম্বে এই কারখানা যাতে খোলা যায় এবং হাজার হাজার শ্রমিক কর্মচারী যারা আছেন তাদের যাতে এই অনিশ্চয়তার হাত থেকে রক্ষা করা যায় তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পীকার ঃ** গোপালবাবু, ইওর মেনশান ইজ আউট অব অর্ডার।

**শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য ঃ** স্যার, এতগুলি সদস্যকে মারা হল সেটা বলা যাবেনা?

**মিঃ স্পীকার ঃ** গোপালবাবু, আপনারা মেনশান করেন কেন? আপনারা মেনশন করেন যাতে রাজ্য সরকার এ্যাকশান নিতে পারে। কিন্তু এই ব্যাপারে রাজ্য সরকার কি এ্যাকশান নেবেন? দিল্লীতে, অন্ধ্রপ্রদেশের এম.এল.এ-দের কি করলো না করলো সেটা নিয়ে এই সরকার কি করবেন? এটা হয়না। কাজেই এটা আউট অব অর্ডার।

**শ্রী গৌর কুন্ডু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী এবং উদ্বাস্তু মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রানাঘাট কুপারস ক্যাম্পের হাসপাতালটি ১৯৪৭ সাল থেকে আছে। আপনি জানেন যে সেই হাসপাতাল থেকে সেখানকার উদ্বাস্তু মা, ভাই-বোনোরা চিকিৎসার সুযোগ পেয়ে থাকেন। নদীয়া জেলার সি.এম.ও.এইচ একটা নির্দেশনামা জারী করেছেন হাসপাতালটি বন্ধ করে দেবার জন্য। এর ফলে রুগীদের ঔষধ, ডায়েট ইত্যাদি বন্ধ হয়ে যাবে। আপাততঃ এস.ডি.ও সাহেবকে বলে সেটা চালু রাখা হয়েছে। এই হাসপাতালের আউটডোর, ইনডোর এবং এমার্জেন্সি যদি বন্ধ হয়ে যায় তাহলে ওখানকার গরীব উদ্বাস্তু মানুষ যারা আছেন তারা এই চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হবেন। ওখানে কেন্দ্রীয় সরকার থেকে কোন ব্যবস্থা করা হয়নি। এখন যদি এই হাসপাতালটি বন্ধ হয়ে যায় তাহলে এই সমস্ত উদ্বাস্তু মা, ভাই-বোনেরা ভীষণ বিপদের মধ্যে পড়বেন। কাজেই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর এই বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই হাসপাতালটি উঠে না যায় তার ব্যবস্থা করার জন্য। এই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্ত্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় জানাতে চাই, আপনি জানেন পশ্চিমবঙ্গ বিধানসভায় যত্রতত্র মসজিদ্ মন্দির যাতে না গজিয়ে ওঠে, এই বিষয়ে আমরা সকলে মিলে একটা আইন রচনা করেছি। তা সত্ত্বেও দেখতে পাচ্ছি বিভিন্ন জায়গায় সরকারের বিনা অনুমতিতে এই রকম মন্দির, মসজিদ গড়ে উঠছে। পান্ডুয়া রেল ষ্টেশনের দক্ষিণ পাশে কংগ্রেসীদের মদতে একটা শনি মন্দির সেখানে গজিয়ে উঠেছে। যার ফলে বেলুন পান্ডুয়া রাস্তায় বাস যাতায়াতে খুব অসুবিধা হচ্ছে এবং সেখানে রিক্সা স্ট্যান্ডের খুব অসুবিধা হচ্ছে। ঐ জায়গা রেলওয়ের জায়গা বলে সেখানে ফেনসিং দিয়ে সব জায়গায় ঘিরে রেখেছে, ফলে ঐ জায়গা দিয়ে রিক্সা ও বাস যাতায়াতে খুব অসুবিধা হচ্ছে, এবং ওখানে একটা বাস ষ্ট্যান্ড ও রিক্সা ষ্ট্যান্ড দরকার, সেই জন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি, তিনি হাওড়ার ইষ্টার্ণ রেলওয়ের জেনারেল ম্যানেজারের কাছে যেন অনুরোধ করেন, যাতে জনস্বার্থে ওখানে বাস ও রিক্সা ষ্ট্যান্ডের জন্য পাণ্ডুয়া রেল ষ্টেশন এর দক্ষিণ পার্শে একটু জায়গা নির্দিষ্ট করে দেন, না হলে জনসাধারণের খুব অসুবিধা হচ্ছে।

**শ্রীমতি কমল সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রী সভার সদস্যদের এবং বিধানসভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। আমি বিশেষতঃ খাদ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে, আমাদের সরকার কর্ত্তৃক ন্যূনতম যে

বেতন শ্রমিক কর্মচারীদের জন্য নির্ধারিত আছে, সেই বেতন রেশন দোকানের যে কর্মচারী, তাদের ঠিক মত সব জায়গায় প্রয়োগ করা হচ্ছে না। তাই আমি মাননীয় খাদ্যমন্ত্রী এবং মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, তাঁরা একটু দেখবেন যাতে রেশন দোকানগুলোতে ন্যূনতম বেতন সর্বত্র দেওয়া হয়, যেটা নীতি হিসাবে আমাদের সরকার গ্রহণ করেছেন। আমি স্বল্প সময়ের মধ্যে অনেকগুলো দোকানের কথা বলতে পারবো না, একটা দোকানের কথা এখানে উল্লেখ করছি, সেখানে যে কর্মচারী ওজন করে মাল দেয়, তার মাইনে হচ্ছে ১৫০ টাকা, যে ক্যাশমেমো লেখে, সে পায় ১৫০ টাকা এবং যিনি এ্যাকাউনটেন্টের সমস্ত কাজ করেন তিনিও পান ১৫০ টাকা। অথচ তাদের ন্যূনতম বেতন হওয়া উচিত ৫৫৮ টাকা ১০ পয়সা। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার জনসাধারণের নায্য দাবীগুলো নিয়ে সংগ্রাম করে এবং যারা পিছিয়ে পড়া পশ্চাদপদ স্বল্প বিত্তের মানুষ, যাদের স্বল্প বেতন তারা যাতে নায্য বেতন পায় তার জন্য সংগ্রাম করেন। পূর্বতন সরকারের থেকে আমাদের দৃষ্টিভঙ্গীর এটাই তফাৎ। আমরা আমাদের রাজ্যের বিভিন্ন দাবী দাওয়া নিয়ে দিল্লীতে গিয়েছিলাম, প্রধানমন্ত্রীর কাছে আমাদের রাজ্যের সমস্ত দাবীগুলো সেখানে রেখেছিলাম, আমাদের এখান থেকে আমাদের মন্ত্রীরা, আমরা এম.এল.এ হিসাবে দিল্লীতে আমাদের দাবী পেশ করতে গিয়েছিলাম। পরবর্ত্তীকালে অন্ধ্রপ্রদেশ থেকে সেখানকার মন্ত্রীরা এম.এল.এরা তাঁদের দাবী দাওয়া নিয়ে সেখানে উপস্থিত হয়েছিলেন, কিন্তু দুঃখের কথা লাঠি পেটা খেয়ে ফিরে এসেছেন, দিল্লীতে অন্ধ্রপ্রদেশের মন্ত্রী এবং এম.এল.এ এম.পি.-দের ভাগ্যে এই দুর্দশা ঘটেছিল। এই বিষয়টা আমার বক্তব্য নয়, আমি ওটা বলতে চাইনা যে অন্ধ্রের মন্ত্রীর, এম.এল.এদের ঐ ভাবে দিল্লী থেকে ফিরে আসতে হয়েছে। আমরা আমাদের দাবী নিয়ে দিল্লী গেছি, সেই রকম এখানেও যাতে শ্রমিকদের ন্যূনতম বেতনক্রম যাতে প্রয়োগ করা হয়, সেটা আমাদের মাননীয় শ্রমমন্ত্রী এবং খাদ্যমন্ত্রী আশা করি দেখবেন, এই আমার বক্তব্য।

### [2.30 – 2.40 P.M.]

**মিঃ স্পীকার ঃ** শ্রীমতী কমল সেনগুপ্তের বক্তব্য থেকে অন্ধ্রপ্রদেশের এম.এল.এ., এম.পি. সংক্রান্ত কথাগুলি বাদ যাবে ওটা আমাদের রাজ্যের বিষয় নয়। শ্রীমতি সেনগুপতি আপনি যে বিষয়টি উল্লেখ করলেন সেটি খাদ্য দপ্তরের ব্যাপার নয়। সুতরাং খাদ্যমন্ত্রী ও ব্যাপারে কি করবেন? ওটা শ্রম দপ্তরের ব্যাপার। তাঁদের বলুন, আইন আছে তাঁরা বিষয়টি চেক করে মামলা করতে পারেন।

[Mr. Asit Kumar Mal and Mr. Amar Banerjee were not present]

**শ্রী শ্রীধর মালিক ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের কমিউনিটি হেল্‌থ গাইড নামে একটা প্রকল্প আছে এবং এই প্রকল্পটি কেন্দ্রীয় সরকারের প্রকল্প। এই প্রকল্পে প্রতি এক হাজার জনসংখ্যা অধ্যুষিত গ্রামে একজন করে কমিউনিটি হেল্‌থ গাইড কর্মী গ্রামের মানুষের কিছু চিকিৎসা এবং চিকিৎসা সংক্রান্ত পরামর্শের জন্য নিযুক্ত আছেন। এই কর্মীরা মাসে মাত্র ৫০ টাকা করে ভাতা পান এবং আরো ৫০ টাকার তাঁদের ওষুধ সরবরাহ করা হয়। কিন্তু এই দুটোই প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়। জনতা সরকারের আমলে এই প্রকল্পটি চালু হয়েছিল। ভারতবর্ষের প্রতি রাজ্যেই এই প্রকল্প চালু আছে। আমাদের পশ্চিমবঙ্গেও চালু আছে। ৪২ হাজারেরও বেশী হেল্‌থ গাইড কর্মী এই প্রকল্পের সঙ্গে যুক্ত। এরা দীর্ঘদিন ধরে মাসিক ৩০০ টাকা ভাতা এবং উপযুক্ত পরিমান ওষুধপত্রের দাবী জানিয়ে আসছেন। তাঁদের এই দাবী আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে মেনে নিয়ে সেই

পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকারের কাছে দাবী পেশ করা হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে প্রচন্ড উদাসীন, তাঁরা দাবী মানছেন না। এমন কি কিছু দিন আগে প্রধানমন্ত্রী বলেছেন যে, এই প্রকল্পটি রাখার কোন প্রয়োজন নেই, তুলে দেওয়া হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, এখনো ভারতবর্ষের বিশাল জনসংখ্যা নিরক্ষরতা এবং চরম দারিদ্র্যের মধ্যে বসবাস করছে, নানারকম সামাজিক কুসংস্কার তাদের মধ্যে বিরাজ করছে, সুতরাং এই অবস্থার মধ্যে কমিউনিটি হেল্‌থ গাইডরা গ্রামের মানুষের কাছে একটু-আধটু চিকিৎসা পৌঁছে, চিকিৎসা সংক্রান্ত ব্যাপারে তাদের পরামর্শ দিচ্ছে এবং তাদের স্বাস্থ্য সচেতন করে তোলার চেষ্টা করছে। অথচ কেন্দ্রীয় সরকার এ বিষয়ে সম্পূর্ণ উদাসীন। এমনকি তাঁরা প্রকল্পটিই তুলে দিতে চাইছেন। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর এবং তাঁর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমি দাবী করছি কেন্দ্রীয় সরকার প্রকল্পটিকে আরো ভালোভাবে চালাবার ব্যবস্থা হিসাবে কর্মীদের জন্য ৩০০ টাকা করে ভাতা বরাদ্দ করুন এবং উপযুক্ত পরিমাণ ওষুধ-পত্রের ব্যবস্থা করুন। অবিলম্বে এই দাবী পূরণ করে প্রকল্পটিকে আরো ভালভাবে কার্যকরী করার ব্যবস্থা করুন।

**শ্রী বিমলানন্দ মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং আইনমন্ত্রীর দৃষ্টিগোচর করার জন্য বীরভূম জেলার রামপুরহাট সংলগ্ন কুমার গ্রামের একটা ঘটনা এখানে উল্লেখ করছি। গত ২৪শে আগষ্ট ঐ গ্রামে মহরমের মিছিল বের হয়েছিল। গ্রামটি বিশাল, ওখানে দুটি গ্রাম পঞ্চায়েত এবং দুটির প্রধানই কংগ্রেসের এবং ঐ এলাকার হাসান বিধানসভা নির্বাচন কেন্দ্রের বিধায়কও কংগ্রেসের। হঠাৎ মহরমের মিছিলটি প্রকাশ্যভাবে সোজাসুজি, লাঠি, টাঙী, বল্লম, তলোয়ার, বোম নিয়ে আক্রমন করা হয়। সেখানে ৮/৯টি বোমা পড়েছিল। যাদের সমাজবিরোধী বলা হয় তারাই মিছিলটি আক্রমন করছিল এবং তাদের নেতা সুজাউদ্দিন কংগ্রেসের লোক বলে পরিচিত। তার সাঙ্গপাঙ্গ যারা তারাও কংগ্রেসের লোক বলেই পরিচিত। এমনকি আক্রমণে একজন মারা গেছে এবং সেও কংগ্রেস সমর্থক বলেই পরিচিত। যদি এটা হিন্দু মুসলমানের ব্যাপার হত কি অবস্থাই না হ'ত! অবশ্য ঐ গ্রামে ইতিপূর্বে সে চেষ্টাও হয়েছিল। ঈদের সময়ে প্ররোচনা দিয়ে গণ্ডগোল সৃষ্টির চেষ্টা হয়েছিল। এই ঘটনাতেও ৮/৯টি বোমা পড়েছিল, একটা সাংঘাতিক পরিস্থিতির সৃষ্টি হয়েছিল। পুলিশ তৎপরতার সঙ্গে ব্যবস্থা নিয়েছে এবং পরের দিন যিনি হাসপাতালে মারা গেছেন তাঁকে যারা আক্রমন করেছিল তাদের গ্রেপ্তার করা হয়েছে। জেলাতে তাঁরা কোন জামিন পাননি। কিন্তু কংগ্রেসের তরফ থেকে হাইকোর্টে চেষ্টা হচ্ছে তাঁদের জামিন দেওয়ার জন্য। আমি মাননীয় আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই কারণে, এই ধরণের সমাজবিরোধীরা এই ধরণের অপরাধের জন্য যাতে জামিন না পায় তারজন্য সরকারী তরফ থেকে ব্যবস্থা গ্রহণ করতে এবং এলাকায় যাতে ভবিষ্যতে সমাজবিরোধীদের অত্যাচার না হয়— আমরা যারা রাজনৈতিক দল যেমন প্রচেষ্ট করছি— তারজন্য সরকারী ব্যবস্থাও আরো কঠোর হওয়া দরকার। দুঃখের বিষয়, সেখানকার বিধায়ক, আজ পর্যন্ত যাননি এবং তারফলে প্রচন্ড ক্ষোভ হয়েছে। তিনি হচ্ছেন কংগ্রেসের বিধায়ক, ঐ গ্রামেই তাঁর বাড়ি, তিনি যাননি। তাঁর এখানে মেনশনও ছিল, কিন্তু এখানে আসেননি। বিধায়কের নাম হচ্ছে শ্রী অসিত মাল। আজকে তিনি গেছেন কিনা জানি না তবে আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, সমাজবিরোধীদের তান্ডব যেটা হয়েছে, রাজনৈতিক দল বিশেষ করে আর.সি.পি.আই যেমন প্রচেষ্টা করছে তেমনি পুলিশ থেকেও সেখানে কঠোর ব্যবস্থা নেওয়া উচিৎ। ঐ গ্রামে প্রায়ই এই ধরণের গন্ডগোল ঘটে থাকে। সুতরাং প্রশাসন যাতে সতর্ক দৃষ্টি দেন এই আবেদন করছি।

**Mr. Speaker :** Shri Asok Ghosh, Shri Asok Ghosh

.......(the hon'ble member Shri Asok Ghosh was not present in the

House when called)........

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, আমাদের প্রবীন সদস্য শ্রী বিমলানন্দ মুখার্জী মহাশয় বক্তৃতা দেবার সময় অসিত মাল সম্পর্কে বললেন যে তিনি সেখানে যাননি। অসিত মাল এই হাউসে নেই, সুতরাং তাঁর বিরুদ্ধে যদি কোন কিছু বলার থাকে তাহলে হাউসের প্রচলিত প্রথা অনুযায়ী তাকে আগে জানাতে হবে। উনি বলতে গিয়ে বললেন "বোধহয় তিনি যাননি"। বোধহয় না বলে তার আগে জেনে নেওয়া উচিৎ ছিল গেছেন কিনা। সুতরাং এটা বিধানসভার কার্য বিবরণী থেকে যেন বাদ দেওয়া হয়। আর একটি কথা আমি আপনাকে বলি, আপনি নিজেই কয়েকবার বলেছেন যে মেনশন চলার সময় যেন মন্ত্রীরা থাকেন। আমি দেখতে পাচ্ছি অর্ধেকের বেশী মন্ত্রী ছিলেন না। সুতরাং তাঁরা আসলে ভাল হয়। কারণ, উত্তর দেবার মতন কেউ নেই।

## Presetation of the First Report of the Committee on Health and Family Welfare (1987-88)

**Dr. Gouri Pada Dutta :** Hon'ble Speaker, Sir, I beg to present the First Report of the Committee on Health and Family Welfare (1987-88) on Health Services-Delivery System and Health Infra-structure.

## ZERO HOUR MENTION

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** [******]

**মিঃ স্পীকার :** আপনি মন্ত্রীর বিরুদ্ধে অভিযোগ করলে আগে নোটিশ দিতে হবে।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** আমি দপ্তরের ব্যাপারে বলছি।

**মিঃ স্পীকার :** তাহলেও নোটিশ দিতে হবে। সব বাদ যাবে।

**[2.40 – 3.15 P.M.]**

**(including adjournment)**

**শ্রী প্রভঞ্জন কুমার মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় কংগ্রেসী বিধায়কদের কাছে উপস্থাপিত করতে চাই। গত কাল যখন দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল বিল এখানে পাশ হয়েছিল তার উপর ভাষণ দিতে গিয়ে কংগ্রেসের অন্যান্য বিধায়কদের কথা বাদ দিলেও — মাননীয় সদস্য শ্রী সৌগত রায় যে কথাটা বলেছেন আমরা মনে করি বিশেষ কিছু ছিল না। অন্যান্য সদস্যদের আমারা কাউন্টের মধ্যে জানি না, শুধু মাননীয় সদস্য সৌগত রায় এবং সুদীপ বন্দ্যোপাধ্যায় মহাশয় যাঁরা বলেছিলেন খুব সিগনিফিকেন্ট পয়েন্ট ছিল আজকে গোর্খাদের যে সমস্যা তাদের সমস্যা নিয়ে যে ভাবে একটা বিষয় বলা উচিত ছিল, তাঁরা ঐতিহাসিক ভূমিকার কথা উল্লেখ করেছেন মাননীয় রাজীব গান্ধী এবং জ্যোতিবসু মহাশয়...............

---

*Note* - [* Expunged as ordered by the Chair]

**মিঃ স্পীকার ঃ** এটা কি জিরো আওয়ার হল নাকি? আমি সব বাদ দিয়ে দোব।

**শ্রী প্রভঞ্জন কুমার মণ্ডল ঃ** তারপর বলেছেন পশ্চিমবঙ্গে যে সমস্ত সমস্যাগুলি আছে, যেগুলির সাথে রাজ্য এবং কেন্দ্রের সম্পর্ক যুক্ত হলদিয়া পেট্রোকেমিকেল প্রোজেক্ট ............

**মিঃ স্পীকার ঃ** না, না, এ জিরো আওয়ার নয়, নাথিং ইজ টু বি রেকর্ডেড।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি উল্লেখযোগ্য বিষয়ের প্রতি মন্ত্রীসভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। রাজ্য সরকারের সেনসাস যাঁরা সেনসাসের সময়ে কাজকর্ম করেছেন তাঁরা আজ প্রায় এক মাস হতে চলল এসপ্ল্যানেড ইষ্টে অবস্থান আন্দোলন করে চলেছেন। আমি ইতিপূর্বে বিধানসভায় প্রশ্নোত্তরকালে প্রশ্ন তুলেছিলাম, সংসদীয় মন্ত্রী মহাশয় উত্তর দিয়েছিলেন। প্রায় এক বছর হতে চলল, যাঁরা এরকম কাজকর্ম করেন তাঁদের পরবর্তী কালে সরকারের বিভিন্ন দপ্তরে নিয়োগ করা হবে, বিধানসভার প্রশ্নের উত্তরে এই কথা বলা হয়েছিল কিন্তু আজ পর্যন্ত সেন্সাস কর্মীদের এ্যাবসর্ব করবার কোন ব্যবস্থা করা হয়নি। সরকারী কাজ করার জন্য এক সময় যেমন শিবির কর্মচারীদের নিয়োগ করা হয়েছিল তেমনি সেনসাস কর্মচারীদের নিয়োগ করা হোক এই আবেদন আমি রাখছি। তা ছাড়া বিধানসভায় যে এ্যাসিওরেন্স দিলেন সেটা কিছুটা অবলিগেটরী বলে আমরা মনে করি! বিধানসভার চত্বরে এ্যাসিওরেন্স দিলে তা মানতে হয়। তাই আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি যে, যে এ্যাসিওরেন্সটা দিলেন সেটা পালন করুন।

**[3.15 – 3.40 P.M.]**

**(After Adjournment)**

**Mr. Speaker :** Now, the Honourable Ministe-in-Charge of the Health and Family Welfare Department, Shri Prasanta Kumar Sur, will make a statement.

**শ্রী প্রশান্ত কুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৭শে আগষ্ট তারিখে আর.জি.কর মেডিক্যাল কলেজের ছাত্রসংসদ ও ডি.এস.এ নামক ছাত্র সংগঠন নবাগত ১ম বর্ষের ছাত্রছাত্রীদের ছাত্রাবাসে আসন বন্টনের দাবীতে অধ্যক্ষের কাছে বিক্ষোভ জানায়। আমাদের মেডিক্যাল কলেজগুলি প্রকৃত আবাসিক কলেজ হিসাবে গড়ে উঠেনি, এবং সেই কারণে সংশ্লিষ্ট সব ছাত্রছাত্রীদের ছাত্রাবাসে আসন দেওয়ার দায়িত্ব কর্তৃপক্ষের নেই— একথা বিশেষভাবে বুঝিয়ে বলার পরও ছাত্রদের বিক্ষোভ প্রশমিত হয় না। তারা হাসপাতালের প্রসূতি বিভাগের একটা নির্দ্দিষ্ট অংশে এবং এ.ডি.এইচ ব্লকে ছাত্রদের আসন বন্টনের জন্য কর্তৃপক্ষের উপর চাপ সৃষ্টি করতে থাকেন।

শেষ পর্যন্ত ছাত্রদের ও অভিভাবকদের সঙ্গে আলোচনার ভিত্তিতে অধ্যক্ষ ও হাসপাতালের প্রশাসক— অধীক্ষকের যৌথ সিদ্ধান্ত অনুযায়ী ১ম বর্ষের ৫৬ দন ছাত্রদের এ.ডি.এইচ ব্লকের দোতালায় (পরিস্কার পরিচ্ছন্ন করে বাসপোযোগী করার পরে) ও প্রসূতি বিভাগের একটা অংশে ২০ জন ছাত্রীদের জন্য প্রয়োজনের গুরুত্ব অনুযায়ী সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে আসন বন্টনের উদ্যোগ নেওয়া হয় এবং ২৯/৮/৮৮ তারিখে অধ্যক্ষ ও প্রশাসক-অধীক্ষকের যৌথ স্বাক্ষরে নির্দ্দেশ জারী করা হয়। যেহেতু উল্লেখিত হাসপাতালের অংশ দুইটি প্রশাসক-অধীক্ষকের প্রশাসনিক আওতায় পড়ে তাই যোগ্য কারণেই এ সম্পর্কে আসন বন্টনের প্রয়োজনীয় কাগজপত্র প্রশাসক-অধীক্ষক সই করে পাঠান। উল্লেখ নিষ্প্রয়োজন যে এই প্রশাসনিক পদক্ষেপ অধ্যক্ষকের পূর্ণ সমর্থনের ভিত্তিতেই নেওয়া হয়। আরও সিদ্ধান্ত হয় যে যত শীঘ্র সম্ভব এই সব ছাত্রছাত্রীদের ছাত্রাবাস কমিটির সিদ্ধান্ত অনুযায়ী

ছাত্রাবাসগুলিতে আসন দেওয়া হবে।

৩১/৮/৮৮ তারিখে ছাত্রসংসদের প্রতিনিধিরা ঐ আসন বন্টনের দায়িত্ব তাঁদের হাতে তুলে দিতে হবে এই দাবীর ভিত্তিতে প্রশাসক-অধীক্ষকের দুপুর থেকে ঘেরাও করে বিক্ষোভ জানাতে থাকেন। ডি.এস.এ নামক ছাত্রসংগঠনও তাদের সঙ্গে যোগ দেয়। রাত প্রায় ৮টার সময় ঘটনাস্থলে প্রচুর ছাত্র জমায়েত হন এবং পরস্পরের সঙ্গে বাদানুবাদ ও সবশেষে মারামারির ফলে দু'জন ছাত্র গুরুতরভাবে আহত হন। তাদের মধ্যে ১ জন মাথায় আঘাত পান তাঁকে এস.এস.কে.এম হাসপাতালে ভর্তি করা হয়।

বলা প্রয়োজন, ১ম বর্ষের ছাত্রভর্তিকে কেন্দ্র করে ছাত্রাবাসে ছাত্রছাত্রীদের আসন বন্টনের দাবীতে গত কয়েক বছর ধরেই আর.জি.কর মেডিক্যাল কলেজে সুপরিকল্পিতভাবে বিশৃঙ্খলা সৃষ্টি করে স্থানীয় কর্ত্তৃপক্ষ ও প্রশাসনকে পঙ্গু করে দিয়ে কলেজ ও হাসপাতালে বন্ধ করে দেওয়ার চেষ্টা চলছে। স্থানীয় কর্ত্তৃপক্ষ সম্ভাব্য সবরকম প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া সত্ত্বেও আন্দোলন করার জন্য অকারণে আন্দোলন করা হচ্ছে নানান অজুহাতে ও অযৌক্তিক দাবীর ভিত্তিতে। বলা প্রয়োজন কলকাতার বাকী ৩টি মেডিক্যাল কলেজে কিংবা কলকাতার বাইরে অবস্থিত ৩টি মেডিক্যাল কলেজে ছাত্রাবাসে ১ম বর্ষের ছাত্রছাত্রীদের জন্য পর্যাপ্ত আসন না থাকা সত্ত্বেও এই ধরণের অযৌক্তিক আন্দোলন হচ্ছে না। বরঞ্চ ১ম বর্ষে ভর্ত্তি হওয়ার পরে নির্দিষ্ট কমিটির মাধ্যমে বাছাই করার পরে যোগ্য ছাত্র-ছাত্রীদের আইন অনুযায়ী কর্ত্তৃপক্ষ ছাত্রাবাসে ভর্ত্তি করেন অগ্রাধিকারের ভিত্তিতে।

আরও একটি ঘটনার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করার প্রয়োজনবোধ করছি। পাশাপাশি গত ২৯/৮/৮৮ তারিখে এন.আর.এস মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ফার্মোকোলজির বিভাগীয় প্রধানকে একটি বিশেষ রাজনৈতিক মতাবলম্বী একদল ছাত্রছাত্রী ঘেরাও করে ভীতি প্রদর্শন করতে থাকে, ছাত্রাবাসে ছাত্রদের নিরাপত্তার অভাব হয়েছে এই মিথ্যা অজুহাতে।

এই সাজানো ঘটনাকেও সামগ্রিকভাাবে বিশৃঙ্খলা সৃষ্টির একটা সুপরিকল্পিত অঙ্গ হিসাবে আমি চিহ্নিত করতে চাই।

ঘটনাগুলি যেভাবে এগিয়ে চলেছে, তাতে আমাদের ক্রমবর্দ্ধমান উদ্বেগ ও দুশ্চিন্তা হওয়াই স্বাভাবিক। আমি এ ব্যাপারে সভার সমস্ত মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি এবং এইসব ঘটনার পুনরাবৃত্তি রোধে সকলকে যোগ্য ভূমিকা নিতে আহ্বান করছি।

**ডাঃ সুদীপ্ত রায় ঃ** এটা একটা অসত্য রিপোর্ট, এই ব্যাপারে আমরা কিছু বলতে চাই।

**মিঃ স্পীকার ঃ** আপনি আবার কি বলবেন? এই নিয়ে ডিবেট হবে না। স্টেটমেন্ট উইল বি সারকুলেটেড।

## LEGISLATION

**Mr. Speaker :** Now there are 4 Bills which will be moved separately, but will be discussed together and will be voted separately. One Bill is to be moved by the Hon'ble Education Minister. But I do not find the Hon'ble Minister in the House. So, I adjourn the House for 15 minutes.

(At this stage the House was adjourned for 15 minutes)

**[3.40 – 3.50 P.M.]**

**শ্রী কান্তি বিশ্বাস :** আই হ্যাভ এ সাবমিশান স্যার, এখানে আজকে যে ৪টি বিল উত্থাপন করার কথা তারমধ্যে ৩নং এবং ৪নং ছিল আমার বিল। আমার ধারণা ছিল ১নং এবং ২নং বিল মুভ হবার পরে আমার বিল উঠবে এবং তখন আমি হাউসে আসবো। আমি আমার ঘরেই ছিলাম। আমার বুঝতে ভুল হয়েছে। ৪টি বিল যে একসঙ্গে মুভ করা হবে তা আমি জানতাম না। আমার জন্য যে হাউস এ্যাডজর্ন করতে হয়েছে সেজন্য আমি দুঃখিত।

**মিঃ স্পীকার :** পার্লামেন্টারী এ্যাফেয়ার্স মিনিষ্টারকে এখানে দেখছি না, তবে এখানে চিফ হুইপ উপস্থিত আছেন। আপনারা বি.এ. কমিটির ডিসিসান হাউসে বলা হয় তা মন্ত্রীদের ঠিক ভাবে কি কমিউনিকেট করেন না?

**শ্রী নিরঞ্জন মুখার্জী :** এটা সব সময়েই করা হয়। তবে এটাতে একটু বুঝতে ভুল হয়েছে— সামান্য ভুল বোঝাবুঝির ব্যাপার। এরজন্য আমি সত্যিই খুব দুঃখিত।

**মিঃ স্পীকার :** এখানে ৪টি বিল একসঙ্গে মুভ হবে, ডিসকাসন একসঙ্গে হবে, তবে ভোটিং হবে সেপারেটলি।

## THE BENGAL MUNICIPAL (AMENDMENT) BILL, 1988

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to to introduce the Bengal Municipal (Amendment) Bill, 1988.

(Secretary then read the title of the Bill)

## THE WEST BENGAL PANCHYAT (AMENDMENT) BILL, 1988

**Shri Binoy Krishna Chowdhury :** Sir, I beg to to introduce the West Bengal Panchyat (Amendment) Bill, 1988.

(Secretary then read the title of the Bill)

## THE WEST BENGAL BOARD OF SECONDARY EDUCATION (AMENDMENT) BILL, 1988

**Shri Kanti Biswas :** Sir, I beg to to introduce the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1988.

(Secretary then read the title of the Bill)

## THE WEST BENGAL PRIMARY EDUCATION (AMENDMENT) BILL, 1988

**Shri Kanti Biswas :** Sir, I beg to to introduce the West Bengal Primary Education (Amendment) Bill, 1988.

(Secretary then read the title of the Bill)

## THE BENGAL MUNICIPAL (AMENDMENT) BILL, 1988

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir. I beg to move that the Bengal Municipal (Amendment) Bill, 1988, be taken into consideration.

## THE WEST BENGAL PANCHYAT (AMENDMENT) BILL, 1988

**Shri Binoy Krishna Chowdhury :** Sir, I beg to move that the West Bengal Panchyat (Amendment) Bill, 1988, be taken into consideration.

প্রস্তাবিত দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল গঠনের জন্য এই বিধানসভায় একটি বিল অনুমোদিত হয়েছে। এই বিলের সাথে সঙ্গতি রেখে বর্তমান পঞ্চায়েত আইনের বেশ কিছু ধারার সংশোধনের প্রয়োজন হয়ে পড়েছে। বর্তমান পঞ্চায়েতী ব্যবস্থায় প্রস্তাবিত পার্বত্য পরিষদের কি ভূমিকা হবে এবং সংশ্লিষ্ট এলাকার পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েত সংগঠনগুলির সাথে এই পরিষদের কি সম্পর্ক থাকবে, তাছাড়া দার্জিলিং মহকুমায় কি এইসব ধরণের নির্বাচিত সংস্থা থাকবে, এসব নির্দিষ্ট করার জন্য এই সংশোধন করা প্রয়োজন। যেহেতু পার্বত্য পরিষদের ব্যাপক ক্ষমতা থাকছে, সেইহেতু পঞ্চায়েত আইন সংশোধন করে এই পরিষদ যাতে নির্বাচিত সংস্থা হিসাবে জেলা পরিষদের নির্দিষ্ট ভূমিকা সক্রিয় ভাবে পালন করতে পারে এবং এই সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতি গ্রাম পঞ্চায়েতগুলির সাথে যথাযথ কার্যকরী যোগাযোগ রাখতে পারে তারজন্য সংশোধিত বিলে প্রস্তাব করা হয়েছে।

শিলিগুড়ি মহকুমার জনসাধারণের স্বার্থ বজায় রেখে বিশেষ করে ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে উন্নয়নমূলক কাজের ধারা ও গতি অব্যাহত রাখতে এই অঞ্চলের জন্য একটি নির্বাচিত সংস্থার কথা ভাবা হয়েছে। এরজন্য বর্তমান পঞ্চায়েত আইনের অনেকগুলি ধারার সংশোধন প্রয়োজন। এই ভেবে আমার বিভাগ একটি সংশোধনী বিল তৈরী করেছে এবং তা আমি এই সভার বিবেচনার জন্য পেশ করছি।

**Shri Kanti Biswas :** Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1988, be taken into consideration.

Sir, I also beg to move that the West Bengal Primary Education (Amendment) Bill, 1988, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মধ্য শিক্ষ পর্ষদের ব্যাপারে আমি যে প্রস্তাব রেখেছি তা হচ্ছে— এখানে আইন অনুসারে গোটা রাজ্যের শিক্ষকদের মধ্যে থেকে ৩২জন নির্বাচিত হয়ে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদে আসতে পারেন। এর সঙ্গে আমরা রুল করে গোর্খা হিল কাউন্সিল হওয়ার জন্যে দার্জিলিং জেলা থেকেও একজন মত মাধ্যমিক শিক্ষক নিয়ে আসার পরিকল্পনা করেছি। যেহেতু গোর্খা হিল কাউন্সিল গঠিত হতে চলেছে এবং শিলিগুড়ি মহকুমার বৃহত্তর অংশে আলাদাভাবে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা পরিচালিত হতে চলেছে সেইজন্য উভয় অংশ থেকেই একজন করে শিক্ষক প্রতিনিধি

হিসাবে মধ্যশিক্ষা পর্ষদে আসতে পারেন। এইভাবে ৩২জনের জায়গায় ৩৩জন করা হয়েছে। সেইজন্য সব রুল পরিবর্তন করে দার্জিলিংয়ে গোর্খা হিল কাউন্সিল এবং শিলিগুড়ি মহকুমা থেকে একজন করে যাতে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদে আসতে পারেন তার ব্যবস্থা করা হয়েছে। প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে যেহেতু সমস্ত জেলায় একটা ডিষ্ট্রিক্ট এডুকেশন কাউন্সিল গঠিত হয়েছিল, পরবর্তীকালে ২টি কাউন্সিল গঠিত হবে। সেইজন্য শিলিগুড়ি মহকুমার যে অংশটি হিল কাউন্সিলে যাবে তা বাদ দিয়ে আলাদাভাবে কাউন্সিল গঠিত হবে এখানে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে এবং সেই উদ্দেশ্যেই এই বিধেয়কটি উত্থাপন করেছি।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মাধ্যমিক এবং প্রাথমিক শিক্ষামন্ত্রী যে বিলটি উত্থাপন করেছেন যে পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদে ৪ ধারার ১৪ উপধারার পরিবর্তন করে ৩২ জনের সঙ্গে আরেকজন যোগ করে ৩৩ জন করার ব্যবস্থা করেছেন তারজন্য মাননীয় শিক্ষমন্ত্রীর এই উদ্যোগকে এবং প্রচেষ্টাকে সাধুবাদ জানাই। তবে সেই সঙ্গে সঙ্গে আমি আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি যে পার্বত্য অঞ্চল এবং দার্জিলিং হিল কাউন্সিলে যে নেপালী ভাষাভাষির সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষরা বাস করে তাদের শিক্ষাক্ষেত্রে দায়িত্ব এবং গুরুত্ব যথাযথভাবে নিতে হবে এবং শিক্ষার পঠন পাঠন যথাযথ মান চালুর ব্যবস্থা অবিলম্বে করা দরকার। সেটা ঠিকমত লক্ষ্য রাখতে হবে। আজকে আমরা কি দেখছি? পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ একটা বাস্তুঘুঘুর আখড়ায় পরিণত হয়েছে। ১৯৬৩ সালে যে মধ্যশিক্ষা পর্ষদ গঠিত হয়েছিল তাতে আমরা কি দেখেছিলাম? পাওয়ারস এ্যান্ড ফাংশান্স অফ দি বোর্ড ছিল এবং তার কাজকর্ম, পঠন-পাঠন ঠিকমত হত কিন্তু আজকে আমরা কি দেখছি? মধ্যশিক্ষা পর্ষদে চরম দুরবস্থার সৃষ্টি হয়েছে, যারফলে শিক্ষার মানের অবনতি হয়েছে। আজকে যে সমস্ত গুরুত্বপূর্ণ লোক দিয়ে গঠন করার কথা ছিল তা না করে রাইটার্স বিল্ডিংস থেকে ফতেয়া জারি করে সেই সৎ উদ্দেশ্যকে বাস্তবে রূপায়িত হতে দিচ্ছে না।

**[3.50 – 4.00 P.M.]**

এখন যে সমস্ত বোর্ড গঠন করা হয়েছে তার মধ্যে গুরুত্বপূর্ণ দেখছি, The President, The Director of Public Instruction, The Director of Agriculture, The Director of Industries, The Director of Health, The Principal Bengal Engineering College, The Chief Inspector, Womens Education, The Chief Inspector Technical Education, The Chief Inspector Secondary Education, Dean of the Faculty of Science, Calcutta University এবং আরো বহু গুরুত্বপূর্ণ পদাধিকারী ব্যক্তি আছেন। কিন্তু দেখা যাচ্ছে পার্টির মিটিংয়ে যে সিদ্ধান্ত গ্রহণ করা হয় সেটা আবার রাইটার্স থেকে টেলিফোন গিয়ে -- ইনষ্ট্রাকশান দেওয়া হয় — সেইগুলিকে বাস্তবে রূপদান করা হয়না। তাই আমি বলতে চাই আপনার মাধ্যমে যে, শিক্ষামন্ত্রী কিছুদিন একটা স্কুলের শিক্ষক ছিলেন, তিনি শিক্ষার ব্যাপারে আশা করি ভালই বোঝেন, তিনি পশ্চিমবঙ্গের মধ্যশিক্ষা পর্ষদের শিক্ষার প্রতি লক্ষ্য রাখবেন। দার্জিলিং হিল কাউন্সিলের এডুকেশান বিলের ব্যাপারে তিনি যে প্রচেষ্টা নিয়েছেন তার জন্য তাঁকে সাধুবাদ জানাচ্ছি। কিন্তু, তার এই প্রচেষ্টা প্রকৃত শিক্ষার ব্যাপারে তিনি কি করতে পারবেন সেই বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। পশ্চিমবঙ্গের মধ্যশিক্ষা পর্ষদের বর্তমান বৎসরে কি কলঙ্কই না সৃষ্ট হয়ে গেল সেটা আপনারা সকলেই জানেন। মধ্যশিক্ষা পর্ষদ যে কোয়েশ্চেন পেপার বার করলেন তার মধ্যেও ভুল। তার ফলে যখন রেজাল্ট বেরুল তখন দেখা গেল যে বিলো ৫০ পারসেন্ট - কয়েক লক্ষ ছাত্র-ছাত্রী ফেল করেছে মধ্যশিক্ষা পর্ষদের চরম ঔদাসিন্যে। আমরা যখন

ছিলাম তখন দায়িত্ব দিয়েছিলাম এমন একজন ব্যক্তিকে প্রেসিডেন্টের পদে, যিনি উচ্চশিক্ষিত, পণ্ডিত বিদগ্ধ ব্যক্তি। যেমন লাষ্ট প্রেসিডেন্ট ছিলেন সত্যেন চট্টোপাধ্যায় মহাশয়। আজকে আমরা দেখতে পাচ্ছি সেই সমস্ত জায়গায় নূতন করে রাজনৈতিক দৃষ্টিভঙ্গী নিয়ে প্রেসিডেন্টের দায়িত্ব দেওয়া হচ্ছে। বামফ্রন্ট যখন প্রথম ক্ষমতায় এলেন তখন সেখান থেকে সত্যেনবাবুকে সরিয়ে দিয়ে ভবেশ বাবুকে নিয়ে এলেন। কিন্তু তার শিক্ষা হচ্ছে কম্পার্টমেন্টাল পাওয়া বি.কম পাশ করা। এই সমস্ত ব্যক্তিকে সেখানে বসিয়ে দেওয়া হয়েছে। এবং শেষ ৫ বছরে সেখানে বসান হয়েছে রঞ্জুগোপালকে। তাই মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মধ্যশিক্ষা পর্ষদেরগ কার্যকারিতা যাতে যথাযথভাবে পালন করা হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি। মধ্যশিক্ষা পর্ষদের যে কমিটি আছে - সিলেবাস কমিটি, রেক্‌গনিশান কমিটি এইগুলিও ঠিকভাবে কাজ করছে না। মাননীয় শিক্ষামন্ত্রী নিশ্চয়ই জানেন, লার্নিং ইংলিশের এই বইয়ের ব্যাপারে কোন সহায়ক মেড-ইজির বই পাওয়া যায় না। কিন্তু বাজারে এই বইয়ের মেড-ইজি ৫০-৬০ টাকা দামে বিক্রি হচ্ছে। স্যার, আপনার মাধ্যমে অনুরোধ করতে চাই মাননীয় শিক্ষামন্ত্রীকে যদি হিল কাউন্সিল এলাকার মানুষের শিক্ষার যথোপযুক্ত উন্নতি করতে হয় তাহলে শিক্ষামন্ত্রীকে বলব সত্বর দলবাজী না করে, যাতে করে মধ্যশিক্ষা ব্যবস্থায় উন্নতি করা যায় সেদিকে দৃষ্টি দেবার জন্য. অনুরোধ করছি। আমরা দেখেছি যে রেক্‌গনিশন কমিটি আছে তারা - জুনিয়ার হাইস্কুল এবং হাইস্কুলে নির্দিষ্ট সংখ্যক ছাত্র-ছাত্রী না থাকলে সেক্ষেত্রে তারা রেক্‌গনিশন উইথড্র করে। আমরা দেখলাম রাতের অন্ধকারে সেই সমস্ত স্থানে বহু ছাত্র-ছাত্রীকে দেখান হয়েছে। কিন্তু এমন কতকগুলি শিক্ষা প্রতিষ্ঠান আছে যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র সংখ্যা কম হওয়া সত্ত্বেও কতকগুলি পলিটিক্যাল কন্‌সিডারেশানে সেখানে রেকগনিসান উইথড্র করা হয়নি। তাই মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আজকে যে বিল এনেছেন পর্ষদ এলাকার মানুষের যাতে শিক্ষা প্রতিষ্ঠানগুলি ঠিকমত চলে সেইদিকে নজর রাখতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রেকগনিশান সম্বন্ধে বললাম, মধ্যশিক্ষা পর্ষদের যে এ্যাপিল কমিটি আছে সেই এ্যাপিল কমিটিতে শিক্ষকদের জন্য যে ব্যবস্থাপনা রয়ে গেছে সেগুলি সম্বন্ধে শিক্ষা ব্যবস্থার মধ্য দিয়ে ম্যানেজিং কমিটির পক্ষ থেকে কোন এ্যাকশন নেই। এ্যাপিল কমিটি ঠিকমত কাজ করছে না। হায়ার সেকেন্ডারী কাউন্সিলে একজন প্রতিনিধি গ্রহণ করেছেন সেটা সাধু প্রস্তাব, কিন্তু সেই সঙ্গে সঙ্গে বলব পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদকে রাজনীতি ও দুর্নীতির আখড়া থেকে মুক্ত করে প্রপার এডুকেশান যাতে হয়, প্রপার সিষ্টেম সেখানে যাতে চলে এবং সেই সঙ্গে সঙ্গে রেকগনিসান কমিটি, এ্যাপিল কমিটি, সিলেবাস কমিটি, অন্যান্য যে সমস্ত কমিটি আছে সেই কমিটিগুলি যাতে ঠিকমত পরিচালিত হয় এবং পর্ষদ অঞ্চলের সংখ্যালঘু মানুষের শিক্ষা ব্যবস্থা যাতে ভালভাবে চলে সেইদিকে শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অমলেন্দ্র রায় :** স্যার, আই এ্যাম অন এ পয়েন্ট অর্ডার।

**মিঃ স্পীকার :** মিঃ রায়, হোয়াট ইজ ইওর পয়েন্ট অব অর্ডার।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ্যামেন্ডমেন্ট বিলের উপর আলোচনা করতে উঠে এ্যামেন্ডমেন্ট কতকগুলি নির্দিষ্ট ক্লজে আছে সেগুলি সম্বন্ধে উনি আলোচনা করবেন। উনি জেনারেল ডিসকাসন করতে পারেন কিন্তু কনফাইন্ড হবে ঐ যে এ্যামেন্ডমেন্টগুলি আনা হচ্ছে সেই এ্যামেন্ডমেন্টগুলির উপর। উনি যদি গোটা বক্তৃতায় একেবারে র‍্যানডম যা খুশী তাই বলে যান তাহলে আমাদের পক্ষে এত ট্যাকসেশান হয় যে আমাদের পক্ষে বসে থাকা কঠিন হয়ে যায়। এইভাবে আবোল-তাবোল যা খুশী যদি বলে যান তাহলে অসুবিধা হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রবীন বিধায়ক অমল রায় মহাশয়ের কথাটার যুক্তি খানিকটা আছে যে এ্যামেন্ডমেন্টের উপর বলবেন, কিন্তু একটা প্রশ্ন সেটা হচ্ছে উনি বলার সময় কতটুকু কনফাইনড থাকেন তা আমার পূর্ব অভিজ্ঞতায় দেখেছি। অনেক সময় উনি বলতে বলতে খাল থেকে বিলে যান, বিল থেকে সমুদ্রে যান। সুতরাং উপদেশ দেওয়া যায় অপরকে কিন্তু নিজে উপদেশ মানতে পারা যান না এটাই হচ্ছে প্রবলেম।

**মিঃ স্পীকার :** মিঃ বাপুলি, অমল বাবুর খাল থেকে বিলে, বিল থেকে সমুদ্রে যাওয়া কঠিন, কারণ মুর্শিদাবাদে সমুদ্র নেই, সমুদ্র আছে ডায়মন্ডহারবারে।

**শ্রী মানবেন্দ্র মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রশ্ন একান্তভাবে আপনার কাছে যে আমি বিলটা মোটামুটি উল্টে-পাল্টে দেখেছি, গোবিন্দ বাবুর বক্তৃতা শুনে আপনি আমাদের বুঝিয়ে দিন গোবিন্দবাবু কি বললেন?

**মিঃ স্পীকার :** ইংরাজীতে একটা প্রবাদ আছে যাকে বলে— ইগনারেন্স ইজ ব্লিস, নিরক্ষর মানুষ কিন্তু আনন্দেই থাকেন, গোবিন্দবাবু রুলস না জেনে আনন্দেই আছেন।

(তুমুল হাস্যরোল)

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** স্যার, বোকারা দুবার হাসে।

**মিঃ স্পীকার :** সুদীপবাবু, ইংরাজীতে একটা প্রবাদ আছে— ফুলস লাফ থ্রাইস, বোকারা প্রথম হাসে যখন সবাই হাসে, দ্বিতীয়বার হাসে পাশের লোককে জিজ্ঞাসা করে কারণ শুনে হাসে, আর তৃতীয়বার হাসে প্রথমে হাসল কেন সেটা মনে করে হাসে।

**[4.00 – 4.10 P. M.]**

**শ্রী গৌর চন্দ্র কুন্ডু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে সমস্ত সংশোধনী বিল এসেছে তাকে পূর্ণ সমর্থন করে দু-একটা কথা বলব। এই বিল সমর্থন করে কংগ্রেস সদস্য শ্রী গোবিন্দ নস্কর মহাশয় যা বললেন তা ধান ভানতে শিবের গীত ছাড়া আর কিছুই নয়। গতকাল আমরা এখানে দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল বিল সর্বসম্মত ভাবে গ্রহণ করেছি এবং কংগ্রেসের বন্ধুরাও আন্তরিকতার সঙ্গে সমর্থন করেছেন। দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল বিলকে সমৃদ্ধ করবার জন্য এবং সেই এলাকার জনগণের সুযোগ সুবিধা বাড়াবার জন্য এই সংশোধনী বিল আনা হয়েছে। আমরা দেখছি দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল বিল একটা সংগ্রামের মধ্যে দিয়ে এল। পশ্চিমবাংলার জনগণ গত আড়াই বছর ধরে এটা নিয়ে লড়াই করেছে। তারা বলেছে, গোর্খা ল্যান্ড করা হবে না, সুষ্ঠুভাবে মীমাংসা চাই। এই আন্দোলনের ফলে দার্জিলিংয়ের লোকের অনেক ত্যাগ স্বীকার করতে হল। এখন আইন অনুযায়ী যে সমস্ত ব্যবস্থা নেওয়া দরকার সেটা যদি এ্যাডমিনিষ্ট্রেসনের তরফ থেকে না করা হয় তাহলে একটা ভ্যাকুয়াম থেকে যাবে। এই সব কারণে সরকার যে এ্যামেন্ডমেন্ট এসেছেন এটা সুখের কথা। কংগ্রেস আমলে দেখেছি আইন পাশ হয়েছে, কিন্তু রুলস তৈরী করতে দেরী হওয়ায় কাজ ব্যহত হয়েছে। সেদিন থেকে এই বিল যা এসেছে তাকে আমি সমর্থন করছি। বামফ্রন্ট সরকারের নীতি হচ্ছে ক্ষমতার বিকেন্দ্রীকরণ। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, রাইটার্স বিল্ডিংসে বসে আমরা রাজত্ব করতে চাই না, আমরা জনগণের হাতে ক্ষমতা দিতে চাই, যেটা কংগ্রেস ৩০ বছরে দেয়নি। এখন ত্রিস্তর পঞ্চায়েত চালু করা হয়েছে এবং পৌরসভাগুলির কাজও চলেছে। পৌরসভা যাতে ঠিকমত কাজ করতে পারে সেইজন্য বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে সর্বরকম সাহায্য করা হচ্ছে। এই প্রসঙ্গে পৌরসভার বাজেট

আলোচনা আমি বিস্তৃতভাবে বলেছি। এটা বাস্তব সত্য দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল এলাকায় উন্নয়নমূলক কাজের প্রয়োজন আছে। হিল কাউন্সিল যেটা একটা নির্বাচিত সংস্থা হবে তার হাতে সরকার অনেক ক্ষমতা বিলের মাধ্যমে দিয়েছেন। এই হিল কাউন্সিল যাতে জনগণের স্বার্থে কাজ করতে পারে সেইজন্য সরকার এই এ্যামেন্ডমেন্ট এনেছেন। এই এ্যামেন্ডমেন্ট আনার ফলে দার্জিলিং, এলাকায় জনগণের মঙ্গল হবে। ওখানে যে ৪টি মিউনিসিপ্যালিটি রয়েছে তাদেরও উপকার হবে। আমি মনে করি যে কাজে মানুষের উপকার হবে সেই কাজকে কংগ্রেসের পক্ষ থেকে সমর্থন করা উচিত এবং আশাকরি তাঁরা সমর্থন করবেন। শিলিগুড়ি, দার্জিবিং জেলার মধ্যে ছিল। হিল কাউন্সিল গঠিত হবার পর শিলিগুড়ির জন্য যদি আলাদা ব্যবস্থা না করা যায়, জেলা পরিষদ, পৌরসভার কাজ যদি না করা যায় তাহলে সেই এলাকার লোকের ক্ষতি হবার সম্ভাবনা রয়েছে। শিলিগুড়িতে যাতে মধ্যশিক্ষা পর্ষদ থেকে আসতে পারে সেই ব্যবস্থা করা হচ্ছে। আশাকরি কংগ্রেস এটা সমর্থন করবেন। এই যে সংশোধনীগুলি আনা হয়েছে এগুলি দার্জিলিং হিল কাউন্সিল এরিয়ার এবং সমস্ত জনগণের স্বার্থের দিকে লক্ষ্য রেখেই আনা হয়েছে।

এবং সেখানে জনগণের স্বার্থ রক্ষা করা যাবে পঞ্চায়েতী ব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালনার মধ্য দিয়ে, পৌরসভা পরিচালনার কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করার মধ্য দিয়ে এবং হিল কাউন্সিল বিল যাতে সুষ্ঠুভাবে জনগণের স্বার্থে কার্য পরিচালনা করে তার জন্য আইনের প্রয়োজন হবে। আইন সংশোধনের প্রয়োজন আছে বলেই সরকারের তরফ থেকে আইন সংশোধন করে যে ব্যবস্থাগুলি করা হচ্ছে তাতে ঐ এলাকার জনগণের মঙ্গল হবে বলে আমি আশা করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিশেষে আমি এই কথা বলতে চাই যে, সরকারের তরফ থেকে পঞ্চায়েতী ব্যবস্থাকে কার্যকরী করার জন্য যে পরিমান অর্থ দেওয়া হচ্ছে সেই পরিমান অর্থ কংগ্রেসী রাজত্বেও কোনদিন দেওয়া হয়নি। আজকে যে অর্থ দেওয়া হচ্ছে পরবর্তীকালে আরো অর্থের প্রয়োজন হবে। আমি তাই কংগ্রেসী বন্ধুদের বলব, পশ্চিমবঙ্গ সরকরের প্রতি কেন্দ্র যে অবিচার করছেন সেটা আপনারা একটু বলুন। সরকারের তরফ থেকে যে অর্থ দেওয়া হচ্ছে তার দ্বারা পৌরসভা উন্নয়ন মূলক কাজগুলি চালিয়ে যাচ্ছে। জনগণের মঙ্গলের জন্য পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে যে অর্থ দেওয়া হচ্ছে তার জন্যই এই সংশোধনী আনা হয়েছে। জনগণের আশা আকাঙ্খা পৌরসভার ভিতর যাতে প্রতিফলিত হয় তার জন্য এই বিলগুলি আনা হয়েছে আমি আশা করি কংগ্রেসী বন্ধুরাও এই বিলগুলিকে আন্তরিকভাবে সমর্থন করবেন।

**শ্রী সুহৃদ বসুমল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা মন্ত্রী আজকে যে বিল পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। গতকাল আমাদের এই সভায় দার্জিলিং হিল কাউন্সিল বিল পাশ হয়েছে এবং সেইজন্যই এই বিল আজকে আমাদের পাশ করতে হচ্ছে। আমি এই বিলকে সমর্থন করছি। আমার বন্ধু বিধায়ক গোবিন্দ চন্দ্র নস্কর, পশ্চিমবঙ্গে শিক্ষা ক্ষেত্রে যে নৈরাজ্য চলেছে সেই সম্পর্কে বলেছেন। আমি এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে কয়েকটি কথা বলতে চাই। হিল কাউন্সিলের হাতে শিক্ষা থাকছে। হিল কাউন্সিল সিলেবাস তৈরী করবে, পঠন-পাঠনের ব্যবস্থা করবে এবং তারাই তাদের সিলেবাস তৈরী করবে, এটা আমাদের দেখতে হবে। প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে তাদের যে দায়দায়িত্ব রয়েছে সেটা মূল স্রোতের সঙ্গে আছে কিনা অর্থাৎ পশ্চিমবঙ্গে আমাদের শিক্ষা ব্যবস্থা যা রয়েছে, পঠন পাঠনের যে ব্যবস্থা রয়েছে তার সঙ্গে সঙ্গতি রেখে এই হিল কাউন্সিলের কর্মকর্তারা সেইভাবে চলছে কিনা সেটা দেখা দরকার। আজকে তাদের হাতে শিক্ষা ক্ষেত্রে পুরো ক্ষমতা দেওয়া হয়েছে। সেই ক্ষমতা যাতে ঠিক মত ব্যবহার করা হয় সেটা দেখতে হবে এবং গোর্খা ছেলে-মেয়েদের মধ্যে, নেপালী ভাষাভাষীদের মধ্যে যেন কোন রকম

বিচ্ছিন্নতাবাদের বীজ বপন করা না হয়, সেটা দেখতে হবে। আমরা বলছি যে, পশ্চিমবঙ্গে শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য আছে এবং দলবাজী আছে। শিক্ষাক্ষেত্রে দলবাজী করতে গিয়ে বামফ্রন্টের চরম ব্যর্থতা রয়েছে ঐ ক্ষেত্রে এটার প্রতিফলন যেন না ঘটে। সারা পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি শিক্ষক নেই, স্কুল ঘর নেই, বেতন ঠিকমত দেওয়া হয় না, পেনশন দেওয়া হয় না ইত্যাদি ইত্যাদি। বামফ্রন্টের ১১ বছরের শাসনে আমরা এই জিনিস দেখতে পাচ্ছি প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বামফ্রন্ট সরকার কোন উল্লেখযোগ্য উন্নতি করতে পারেন নি। এই ক্ষেত্রে তারা ব্যর্থ হয়েছেন। সুভাষ ঘিষিং-এর নেতৃত্বে হিল কাউন্সিল তৈরী হতে চলেছে। হিল কাউন্সিল বিল যে তৈরী হয়েছে. সেখানে শিক্ষার ব্যাপারে এ্যাক্টে কিছু ক্ষমতা দেওয়া হয়েছে। তারা যাতে পশ্চিমবঙ্গের শিক্ষা, সংস্কৃতির সাথে সঙ্গতি রেখে এই শিক্ষাকে পরিচানলনা করে সেটা মন্ত্রী মহাশয়কে দেখতে হবে। সারা পশ্চিমবঙ্গে শিক্ষা ক্ষেত্রে যে নৈরাজ্য চলেছে সেটা মন্ত্রী মহাশয় দেখেও দেখছেন না। কারণ, সেখানে তার দলের লোকদের ইনভল্‌ভমেন্ট রয়েছে। সেখানে তিনি চুপ করে বসে থাকতে পারেন। কিন্তু হিল কাউন্সিলের শিক্ষা ক্ষেত্রের কার্যকলাপ নিয়ে উনি যদি চুপ করে বসে থাকেন তাহলে সর্বনাশ হয়ে যাবে। হিল কাউন্সিল করে দিয়েছেন শান্তির জন্য। এই নিয়ে পশ্চিমবঙ্গে যাতে শান্তি রক্ষিত হয় সেটা দেখতে হবে। হিল কাউনিস্ল করে দিয়েছি, অতএব আমাদের আর দায়িত্ব নেই, এটা বললে চলবে না। শিক্ষামন্ত্রী নির্লিপ্ত হয়ে রয়েছে। পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে নৈরাজ্য চলেছে। স্কুল বিল্ডিং নেই, এ্যাফিলিয়েন্স নেই, স্কুলে স্কুলে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে দলবাজী চলছে।

**[4.10 – 4.20 P. M.]**

পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় অনেক সর্বনাশ করেছেন আমরা সকলেই সে কথা জানি। কিন্তু তবুও আমি বলব, যাঁরা হিল কাউন্সিলের কর্মকর্তা হবেন তারা যাতে পশ্চিমবাংলার কোন সর্বনাশ করতে না পারেন সেটা শিক্ষামন্ত্রীমহাশয়কে বিশেষভাবে দেখতে হবে। সেখানে যাতে তারা তাদের নিজেদের মতন শিক্ষার ব্যবস্থা করতে না পারেন অর্থাৎ কমিউন্যালিজের প্রিচ করতে না পারেন বা সে রকম শিক্ষর ব্যবস্থা করতে না পারেন সেটা দেখতে হবে। পরিস্কার ভাষায় বলতে গেলে বলতে হয়, "ভারতবর্ষ থেকে বেরিয়ে যাব, পশ্চিমবাংলা থেকে বেরিয়ে যাব"— এই শিক্ষা গোর্খা ছেলেমেয়েরা শৈশব থেকে যাতে না পায় সে দিকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় সদা সতর্ক দৃষ্টি রাখুন। তাদের পঠন-পাঠন, স্কুল পরিচালনা পদ্ধতি ইত্যাদি সকল বিষয়ের প্রতিই দৃষ্টি রাখতে হবে, রাখুন। দু বছরের আন্দোলনেল ফলে দার্জিলিং-এর প্রাথমিক বিদ্যালয়গুলির অনেক ক্ষতি হয়েছে। আমার অনুরোধ, সেখানে আপনারা দলবাজী করবেন না। যেহেতু তারা আপনাদের থেকে বেরিয়ে গিয়েছে সেই হেতু তারা আরো বেশী কষ্ট পাক সে ব্যবস্থা করবেন না। স্কুলগুলি যাতে ভালোভাবে মেরামত হয়, নতুন নতুন স্কুল যাতে তৈরী হয় সেজন্য আমার অনুরোধ, তাদের আর্থিক সাহায্য দিয়ে এবং পরামর্শ দিয়ে সহযোগিতা করুন। স্যার, পশ্চিমবাংলার পাহাড়ী এলাকায় যে বিচ্ছিন্নতাবাদের আন্দোলন মাথাচাড়া দিয়ে উঠেছিল তা স্তব্ধ করার জন্য এবং পশ্চিমবাংলায় শান্তি বজায় রাখার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু, সুবাস ঘিসিং এবং কেন্দ্রীয় সরকারের মধ্যে যে শান্তি চুক্তি হয়েছে তা যথাযথভাবে যাতে বাস্তবায়িত হয় সেটা আমাদের সকলকে দেখতে হবে। আমরা চাই নেপালী ভাষাভাষী মানুষদের মন থেকে হতাশা দূর হোক এবং সেখানে শিক্ষার বিস্তার হোক। আমার অনুরোধ, বামফ্রন্ট সরকার অন্য জায়গার মত এখানে দলবাজী করবেন না। এদের যাতে মূল স্রোতের মধ্যে ধরে রাখা যায় তার চেষ্টা করুন। কোনও ভাবে তাদের নিজস্ব চিন্তা-ভাবনা গোর্খা চো'ভেনিজম, সেলফ ডিটারমিনেশান, এটা যাতে কোনরকমে এনকারেজড না হয় সেটা দেখতে হবে। তাদের শিক্ষা ব্যবস্থার দিকে আমরা নাক গলাবো না, যা পারছে তারা করুক,

তাদের স্কুলবাড়ীগুলি ভেঙ্গে গেলেও তা মেরামতের জন্য টাকা পয়সা দেব না— এরকম মানসিকতা থাকলে কিন্তু বিপদজনক অবস্থার সৃষ্টি হতে পারে। এখাহে হিল কাউন্সিল বিল যা পাশ হয়েছে তার সঙ্গে সঙ্গতি রেখে আজকে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে যে পরিবর্তন আনছেন তাকে আমি স্বাগত জানাচ্ছি কিন্তু তার সঙ্গে সঙ্গে আপনাদের সাবধান করে দিয়ে বলছি শিক্ষর ক্ষেত্রে দলবাজী করে আপনারা পশ্চিমবাংলার অনেক ক্ষতি করেছেন, এখানে আর তা করবেন না। হিল কাউন্সিলের কাছে এডুকেশানের ব্যাপারে যে ক্ষমতা দেওয়া হয়েছে সেই ক্ষমতা যাতে ঠিকভাবে প্রয়োগ করা হয় এবং সারা পশ্চিমবাংলায় শিক্ষা ও সংস্কৃতির সঙ্গে তার যাতে সঙ্গতি থাকে সেটা দেখবেন। ছোট ছোট ছেলেমেয়ে যারা স্কুলে পড়ে তাদের মধ্যে অত্যন্ত সহজে রিজিওন্যালিজম এবং বিচ্ছিন্নতাবাদের বীজ বপন করা যায়। এটা অত্যন্ত সেনসিটিভ ব্যাপার। নেপালী ভাষাভাষী ছোট ছোট ছেলেমেয়েদের মনে যাতে কোন রকমে একটা রিজিওন্যালিজম এবং বিচ্ছিন্নতাবাদের বীজ বপন না করা হয় সে ব্যাপারে আপনারা হিল কাউন্সিলকে সাহায্য করবেন। তাদের সিলেবাস, তাদের পঠন-পাঠন সারা পশ্চিমবাংলার সিলেবাস এবং পঠন—পাঠনের সামঞ্জস্য থাকে সেটা দেখবেন পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের ক্যালাসনেস এবং ইনকম্পীট্যান্ট কথা আমরা সকলেই জানি। বিশেষ করে শিক্ষা ক্ষেত্রে তাদের ইনএফিসিয়েন্সীর কথা আমাদের নজরে আছে। Inefficiency in development of Primary and Secondary Education in West Bengal আমরা জানি। তার রিফ্লেকসনটা যেন এই গোর্খা হিল কাউন্সিলে এসে না পড়ে সেটা দেখবেন। এই কথা বলে এই বিলকে পূর্ণভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী সত্যেন্দ্র নাথ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের শ্রদ্ধেয় বিনয়বাবু থেকে আরম্ভ করে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী যে সংশোধনী বিল এখানে এনেছেন, আমি সেই বিল সম্পূর্ণভাবে সমর্থন করে ২/১টি কথা এখানে বলতে চাই। এই বিল আনা খুবই দরকার ছিল এবং দার্জিলিং হিল কাউন্সিলের ওরা কাজ করার আগে এই বলি পাশ করিয়ে নেওয়া হচ্ছে, সেদিক থেকেও এটা খুব সঙ্গত এবং সময় মত হয়েছে। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা (সংশোধনী) বিল যেটা ছিল, সেই পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইনের ২, ৪ ৩৭ নম্বর ধারার সংশোধন করা হচ্ছে। এর মধ্যে ২ নম্বর ধারার পরিবর্তন খুব একটা গুরুত্বপূর্ণ নয়, এটা একটা সিম্পল পরিবর্তন। যেখানে আছে পার্বত্য অঞ্চল সমুহ সেখানে থাকবে 'গোর্খা পার্বত্য পরিষদ আইন'। এটা একটা সামান্য পরিবর্তন। ২(খ) ধারায় বলা হয়েছে যে এই আইন অনুযায়ী শিলিগুড়ি মহকুমা পরিষদের অন্তর্ভূক্ত থাকবে। কাজেই এই সামান্য সংশোধন রাখা হয়েছে। এর মধ্যে ৩ নম্বর ধারা যেটা ৪ নম্বর ধারার সংশোধনী, যেখানে বলা হয়েছে পার্বত্য অঞ্চল, সেখানে এই পার্বত্য অঞ্চলের পরিবর্তে হবে পার্বত্য অঞ্চল সমুহ। কাজেই দি এ্যামেন্ডমেন্ট ইজ ভেরী সিম্পল। এর পরে যে সংশোধনী আনা হয়েছে সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেখানে বলা হয়েছে যে একজন শিলিগুড়ি মহকুমার প্রাথমিক বিদ্যালয়ের প্রতিনিধি পরিষদের থাকবে। এতদিন এটা ছিলনা। নুতন এ্যামেন্ডমেন্টর মধ্যে বলা হয়েছে যে একজন শিলিগুড়ি মহসাকুমার প্রাথমিক বিদ্যালয়ের প্রতিনিধি থাকবে। তৃতীয় হচ্ছে, ৩৭ নম্বর ধারার যে এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে সেটাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেখানে বলা হয়েছে শিলিগুড়ি মহকুমা থেকে যে অঞ্চলটা এখন বাদ হয়ে গেল, যে অঞ্চলটা দার্জিলিং হিল কাউন্সিলের অন্তর্ভূক্ত হল, মহকুমার যে ১৩টি মৌজা ছিল, এগুলি বাদ দিয়ে শিলিগুড়ি প্রাথমিক বিদ্যালয় পরিষদ শিলিগুড়ি নামে নামাঙ্কিত হয়ে তৈরী হবে। আমার মনে হয় প্রাইমারী এডুকেশান (এ্যামেন্ডমেন্ট) বিলের এই সুপারিশটাও একটা গুরুত্বপূর্ণ দিক।

তারপরে সেকেন্ডারী এডুকেশান বিলে যেটা বলা হয়েছে সেটাও এমন কিছু নয়, এটাও খুব সিম্পল। এখানে মন্ত্রী মহাশয় বলেছেন যে, আগে আমাদের এ্যাক্টে ৩২টি ধারা ছিল, সেটা এখন নতুন

সংশোধিত আইনে ৩৩টি করা হয়েছে। কাজেই সেকেন্ডারী এডুকেশান বিলের যে এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, এটাও গুরুত্বপূর্ণ এবং এটার দরকার ছিল। পশ্চিমবঙ্গ সরকারের আমরা যখন সমস্ত শাসন ব্যবস্থার মধ্যে জনপ্রতিনিধির সংখ্যা বাড়াচ্ছি যাতে সব অঞ্চলের প্রতিনিধি আসে, যখন নীতিগত ভাবে এটা স্বীকার করেছি তখন সেদিক থেকেও এটা গুরুত্বপূর্ণ এবং দরকারী সংশোধন বলে মনে করি।

তারপরে পঞ্চায়েত এ্যাকটের মধ্যে যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ সেটা সম্পর্কে আমাদের শ্রদ্ধেয় বিয়নবাবু সংশোধনী এনেছেন। সেটা হচ্ছে, যে তারিখে আমাদের হিল কাউন্সিল তৈরী হবে সেই তারিখের সঙ্গে সঙ্গে দার্জিলিং এলাকায় যে জেলা পরিষদ আছে সেটাও ভেঙ্গে দেওয়া হবে এবং তার যে সব মেম্বার আছেন তারাও আর মেম্বার থাকতে পারবেন না এবং দার্জিলিং জেলা পরিষদের যে সব প্রপারটি, বিল্ডিং ইত্যাদি আছে সেগুলি এই নুতন হিল কাউন্সিলে ট্রানস্ফার হয়ে যাবে। এই সব দিক থেকে যে সংশোধনী আনা হয়েছে, এটা খুবই গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি। সে জন্য এই সংশোধনীকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4.20 – 4.30 P. M.]

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে বিলগুলো একসঙ্গে উথাপিত করা হয়েছে তা অনিবার্য ছিল, এই জন্য যে দার্জিলিং পার্বত্য বিল পাশ হবার পর প্রশাসনিক ক্ষেত্রে যে রদবদল অবশ্যম্ভাবী, তার পরিপ্রেক্ষিতে এই বিলগুলো উথাপন করা হয়েছে। স্বভাবতঃই এই বিলের ভিতর খুব বেশী আলোচনার সুযোগ নেই, যা অনিবার্য তা মন্ত্রীরা করেছেন। এখন যেটা প্রশ্ন যে পার্বত্য বিলের মধ্যে যেটা দেখা গিয়েছিল যে নির্দিষ্টভাবে ক্ষমতা দেওয়া হচ্ছে পার্বত্য পরিষদকে, কিন্তু একটা ব্যাপার বুঝতে পারছি না, এখানে যে ফাইন্যানশিয়াল মেমোরেনডামগুলো দেওয়া রয়েছে, তার মধ্যেও বলা হয়েছে যে এইগুলো অর্থ দপ্তরের মধ্যে যাবে এবং তার ইমপ্লিকেশন দেখে ঠিক করা হবে। আমার মনে হয়, শুধু এই নুতন যে সংশোধনীগুলো আনা হয়েছে, সেই ক্ষেত্রে নয়, গোটা পার্বত্য পরিষদ বিলের মধ্যে আর্থিক ব্যাপারটায় কোন বিভাজন হয়নি, স্পষ্ট করে বলা হয়নি যে তাদের আর্থিক ক্ষমতা কতটুকু হবে, ব্যয়বরাদ্দ কতটুকু হবে। যে সব দপ্তরগুলো তারা নিজেরা পরিচালনা করবেন সম্পূর্ণ স্বাধীনভাবে সেই স্বায়ত্বশাসিত বিষয়গুলিতে আর্থিক বিষয়টার নিশ্চয়তা দেখা দেয়নি, সেই বিষয়ে ঐ বিলের মধ্যেও ছিল না। এখন যে ছোট ছোট সংশোধনীগুলি অনিবার্য কারণে আনতে হয়েছে, তার মধ্যেও নির্দিষ্ট করে থাকছে না। আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে এবং রাজ্য মন্ত্রীসভার কাছে আবেদন জানাবো যে এই ব্যাপারটা নিশ্চিত করতে হবে। এই ব্যাপারে কোন সন্দেহ নেই যে আমাদের দৃষ্টিভঙ্গী, সেখানে যে স্বায়ত্ব শাসন দেওয়া হয়েছে, এটা কোন চাপের কাছে নতিস্বীকার নয়, যে সমস্ত জনজাতি গোষ্ঠী সংখ্যাগরিষ্ঠ মানুষের মধ্যে থাকবে, প্রগতিবাদী দৃষ্টি অনুসারেই তারা স্বায়ত্বশাসন পেয়েছে। কিন্তু সেই স্বায়ত্বশাসন কে তাদের জীবনে ফলপ্রসু করার জন্য যে ক্ষমতাগুলো দেওয়া হলো, তার সঙ্গে অর্থের যে চাহিদা যুক্ত, সেই বিষয়গুলো নির্দিষ্ট করে দিতে হবে। কারণ এই কথা আমরা সকলে জানি যে বিচ্ছিন্নতাবাদী শক্তি সমূহ, তার মধ্যে এখনও প্রবল ভাবে আছে এবং সেখানে কাজ করছে, যদি না আজকে এই স্বায়ত্বশাসনের ক্ষেত্রে আমাদের দৃষ্টিভঙ্গী অত্যন্ত পরিচ্ছন্ন না হয়, এখানে যদি কোন পার্বত্য পরিষদ গঠন করেও সেখানে যদি কোন কর্তৃত্ব প্রবনতা থাকে তাহলে ভবিষ্যতে সেটা বিপদজনক হতে পারে। যে কারণে শেষবার যেটা গুরুত্বপূণও বলে মনে হয়েছে পার্বত্য পরিষদ বিলের মধ্যে, অর্থ সংস্থানের ব্যাপারটা কোথাও নির্দিষ্ট ভাবে বলা হয়নি, তাদের কী আর্থিক ক্ষমতা থাকবে, কী বরাদ্দ করা হবে, তারা যে দপ্তরগুলো পাচ্ছে, সেখানে কত টাকা পাবে, এটা নির্দিষ করে নেই, স্বভাবতঃই আজকে মন্ত্রীরা তাঁদের ফাইন্যানসিয়াল

মেমোরেনডামের ক্ষেত্রে নিশ্চিত করে বলছেন না, ফাইন্যান্স ডিপার্টমেন্ট ঠিক করবেন, যেমন যেমন ব্যবস্থা করা হবে, সেই রকম ভাবে করা হবে এই অনিশ্চয়তার জায়গাটা থাকা উচিত নয়। একটা নির্দিষ্টভাবে যে সমস্ত বিল উত্থাপন করা হয়েছে, তাতে বলা দরকার। এই কথা বলে যে সমস্ত বিল উত্থাপিত হয়েছে, তা সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নিখিলানন্দ শর্ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের হাউসে বিভিন্ন দপ্তরে ভারপ্রাপ্ত মন্ত্রীরা যে চারটি সংশোধনী বিধেয়ক এখানে উপস্থিত করেছেন, তার সমর্থনে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখছি। মূল কাজটা গতকাল এই হাউস সেরেছে, দার্জিলিং গোর্খা হিল কাউনিসল এবং তার ফলশ্রুতি হিসাবে সেই এলাকার সরকারী বিভিন্ন বিভাগের কাজকর্ম কে সঠিক ভাবে নিয়ে যাবার জন্য আজকে এই সংশোধনীগুলোর প্রয়োজন হয়েছে। কিন্তু দুঃখের কথা, আমাদের বিরোধী বন্ধুরা একে সমর্থন জানাচ্ছেন , কিন্তু সমর্থন জানাতে গিয়ে যা বলছেন, অবাক লাগছে— বাস্তুঘুঘুর বাসা ভেঙেছে, গোবিন্দবাবু বললেন, মধ্যশিক্ষা পর্ষদ— এই তিনটে দপ্তরের যে কথা স্বায়ত্ব শাসন, মিউনিসিপ্যালিটি, পঞ্চায়েত এবং প্রাথমিক, মাধ্যমিক শিক্ষা সম্পর্কে, এই সব কটা দপ্তর সম্পর্কে কংগ্রেসী আমলের যে কাজ তাও আমাদের জানা আছে। এর সাথে সাথে যদি ওঁদের আমলের নীতিগুলি আজও চালান হ'ত তাহলে নিশ্চয়ই ওঁদের ভাল লাগত। কিন্তু প্রশ্ন হচ্ছে এই কিছু দিন আগে পর্যন্ত ওঁরা পঞ্চায়েত ব্যবস্থার প্রচন্ড সমালোচনা করছিলেন, কিন্তু এখন আর তা করছেন না। কেন? কারণ বর্তমান পঞ্চায়েতের গুরুত্ব ওঁরা উপলব্ধি করেছেন। তাই ওঁদের সর্বভারতীয় নেতৃত্ব আজকাল বলছেন যে, প্ল্যানিক নীচের তলা থেকে করতে হবে। ডিষ্ট্রিক্ট প্ল্যানিং-এর ক্ষেত্রে সব ধরণের টায়ারগুলি যাতে ঠিকমত কাজ করে তার জন্য ওয়ার্কশপ হচ্ছে। এতখানি তাঁরা গুরুত্ব দিচ্ছেন ক্ষমতা বিকেন্দ্রীকরণকে। যেটা আমরা বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে দীর্ঘদিন ধরে বলে আসছি সেটা তাঁরা এখন অনুভব করছেন। এর সাথে সাথে আমরা আবার অন্য জিনিসও দেখছি। যখন তাঁরা এত ভাল ভাল কথা বলছেন তখনই আবার আমাদের পাশের রাজ্য ত্রিপুরাতে নির্বাচিত স্বশাসিত সংস্থা এবং পঞ্চায়েতকে বাতিল করে দিচ্ছেন। ফলে তাঁদের কথার সাথে মনোভাবের এবং কার্যধারার মিল দেখতে পাচ্ছি না। আজকে এখানে যে বিলগুলি উপস্থাপিত করা হয়েছে সেই বিল গুলির ওপর আলোচনায় অংশ গ্রহণ করে আমাদের বিরোধী দলের একজন অধ্যাপক বন্ধু, অধ্যাপক সুহৃদ বসু মল্লিক, যিনি অধ্যাপনা করেন, তিনি এমন সব কথা বললেন যাতে আমাদের মনে হ'ল তিনি বিলগুলি একটু পড়েও দেখেন নি। যদি তিনি পড়ে দেখতেন তাহলে নিশ্চয়ই দেখতে পেতেন যে, গোটা পশ্চিমবঙ্গের জন্য — শিক্ষা ক্ষেত্রে — যে সিলেবাস ইত্যাদি আছে তা সব কিছুই ওখানেও প্রযোজ্য হবে। অর্থাৎ গোটা পশ্চিমবঙ্গের জন্য যে সংস্থা আছে সেই সংস্থার মাধ্যমেই সেখানকার সিলেবাস ইত্যাদিও ঠিক হবে। তারপরে সেখানে কোন ভাষায় পড়ান হবে, না হবে সেটা অন্য প্রশ্ন। অথচ উনি এখানে নানান ধরণের বিভ্রান্তিকর কথা বললেন। সাথে সাথে উনি বিলগুলির বাইরেও কিছু অসংগত কথাবার্তা বললেন। এই প্রসঙ্গে আমি যে বিষয়টির প্রতি বিশেষ গুরুত্ব দিতে চাই তা হচ্ছে মূল চুক্তিটিকে সকলেই সমর্থন করেছেন বলে আজকে আমরা এই সমস্যার সমাধানের দিকে এগিয়ে যেতে পেরেছি, কিন্তু তার সাথে সাথে আগামী দিনে আমাদের যে কাজগুলি করতে হবে সেই কাজগুলি করার ক্ষেত্রে ওঁদের দিক থেকে কতখানি সমর্থন পাওয়া যাবে, না যাবে তার ওপর অনেক কিছুই নির্ভর করছে। গণতান্ত্রিক ব্যবস্থা বজায় রাখার জন্য, শিক্ষা ক্ষেত্রে গণতান্ত্রিক ব্যবস্থা বজায় রাখার জন্যই এই বিলগুলি আনা হয়েছে। মিউনিসিপ্যাল সংশোধন বিল, পঞ্চায়েত সংশোধন বিলও সেই উদ্দেশ্যে নিয়েই আনা হয়েছে। যেহেতু হিল কাউন্সিল গঠিত হচ্ছে সেহেতু ওখানে জেলা পরিষদের ওপর যে ক্ষমতা ন্যস্ত ছিল সেই ক্ষমতা তিনটি সাব-ডিভিশন নিয়ে গঠিত হিল কাউন্সিলের ওপর ন্যস্ত

হচ্ছে। জেলা পরিশদের দায় দায়িত্ব ঐ এলাকায় হিল কাউন্সিল থেকে পালন করা হবে। দার্জিলিং জেলায় হিল কাউন্সিলের বাইরে যে শিলিগুড়ি মহকুমা রয়েছে সেই শিলিগুড়ি মহকুমার ক্ষেত্রে এই সমস্ত দায়দায়িত্ব পালন করার জন্য একটা মহকুমা পর্ষদ গঠন করা হবে। অর্থাৎ ওখানে এত দিন জেলা পরিষদ যে কাজগুলি করছিলেন সেই কাজগুলি দুটি ভাগে বিভক্ত হয়ে যাচ্ছে। সেই কাজ গুলি উভয় ক্ষেত্রে যাতে সুষ্ঠুভাবে করা যায় তার জন্যই আজকে এই বিলগুলি এসেছে। এই বিলগুলি আনার পিছনে সরকারের কোন খারাপ উদ্দেশ্য নেই এবং এক্ষেত্রে বিস্তারিত আলোচনারও বিশেষ প্রয়োজন নেই। সমস্যার সমাধানের ক্ষেত্রে ঐক্যমত হয়ে যে চুক্তি রূপায়িত হয়েছে সেই চুক্তি অনুযায়ী সমস্ত কাজগুলি যাতে সঠিকভাবে করা যায় তার জনাই এই সংশোধনী বিলগুলি আনা হয়েছে। অবশ্যই সংশোধনী গুলিকে বিরোধীরা সমর্থন করছেন এবং আমি আশা করব আগামী দিনের কাজগুলি সম্পন্ন করার ক্ষেত্রে যে সহযোগিতা, সাহায্য এবং ঐক্যের প্রয়োজন হবে তা তাঁরা করবেন। প্রয়োজনে সাহায্য, সহযোগিতা করতে তাঁরা কার্পণ্য করবেন না, এই আশা রেখে, এই ক'টি কথা বলে, আমি আর একবার এই বিলগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**[4.30 - 4.40 P. M.]**

**Shri Mohan Sing Rai :** Hon'ble Speaker, Sir, I support the Bills which have been introduced today by the Hon'ble Ministers in toto. I support these bills because these bills got merits and necessities. In the statement of Objects and Reasons of Bill No. 25, it is clearly mentioned that it has become necessary to make some consequential amendments in the West Bengal Board of Secondary Education Act. Sir, after the nightmare in the hills of Darjeeling reality came out at last. The role of our Chief Minister is trust-wortyy in this regard. The role of our Prime Minister is also appreciable to some extent. Last of all Mr. Subhas Ghising also realise the importance of the situation. He also came out and sit in the tripartite meeting. So his role is also appreciable to some extent. However, we should not be forgetten the history. What not happned in Darjeeling ? Loot, arson, violence, destruction of buildings, government properties - every type of criminal activities were happned during the violence period. Let us hope for a bright future for our hills. Known that Darjeeling is not outside the West Bengal. It is belonging to West Bengal. So, how practically it has been mentioned that one member out of 33 members will be elected from the Hills, from the hill people. This should be pointed out here that during the period of the Left Front Government, many junior schools have been recognised and upgraded, in Darjeeling. It has become the history. During the Left Front regime in the educationla field - lot of developmental activities have taken place in Darjeeling. Again weare expecting that more developmental activities will take place in that area. But at

present we are facing one serious problem there - our primary and secondary teachers have been driven out at the gun point by the GNLF activities and they are still remaining outside Darjeeling. So, we have to see how safely they can returned. They should have been rehabilated in their area. How to rehabilitate them - that should be thought out appropriately by our Government. The properties of the teachers have been destroyed by the GNLF activists. I think the victims should get campensation. In yesterday's session hon'ble members of Congress(I) party talked about the Nepali language. But they should remenber that the Communist Party is fighting from 1953 of the inclusion of the Nepali language in the 8th Scheduled of the Constitution of India and our demand will remain as it is. Regarding encouragement, I would say that though last of all our hon'ble Prime Minister has played a very appreciable role but I should not forget to say here that he has given some sorts of encouragements at the initial stage. It is a matter of great regreat that our Prime Minister has spoken on GNLF in America also. He has highlighted this issue there. So the GNLF activities got encouragement. Another hon'ble member told that MLAs and MPs who are elected from Darjeeling should resign. I should say that is a very dangerous proposal. We are all patriots. We are obeying, following the Constitution. We have taken the risk of our lives. Now if we resign the assassinators would be encouraged. I think that would not be desirable. We, being the elected representatives of the people, have to speak within the constitutional framework of our country.

I once again support this Bill.

Thank you, Sir.

**শ্রী প্রভঞ্জন কুমার মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের উপরে সংশোধনী যে আনা হয়েছে তাকে আমি সমর্থন করছি। মাননীয় সদস্য শ্রী গোবিন্দ নস্কর এবং শ্রী সুহৃদ বসুমল্লিকের বক্তব্য আমি শুনলাম। দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল বিল যেমন অনিবার্যভাবে আনতে হয়েছে তার পরিপূরক হিসাবে এই বিলও আনতে হয়েছে। প্রাইমারী এডুকেশনের ক্ষেত্রে যে সমস্ত শিক্ষক শিক্ষিকারা কাজকর্ম করেন, সেখানে একটু অসুবিধা দেখা দিয়েছে, বাস্তবে সেগুলো দুর করার জন্যই এই বিল অনিবার্যভাবে আনতে হয়েছে। বিরোধী পক্ষের বক্তারা যে এগুলো কেন বুঝতে পারেন না তা আমি বুঝি না। যাই হোক, শিক্ষা ক্ষেত্রে যে সংশোধনী প্রস্তাব এসেছে তা গ্রহণ করা হোক এই অনুরোধ রাখছি। তা ছাড়া বোর্ডের রেকমেনডেসন দরকার, তার জন্য এই এ্যামেন্ডমেন্ট অত্যন্ত প্রয়োজনীয়। এতে আর বলার কিছু নেই, বিরোধী পক্ষের কিছু বলার থাকলে ওঁরা এটাকে সমর্থন করতেন না, বলার কিছু নেই বলেই এটাকে সমর্থন করেছেন। যে যে পয়েন্টসগুলি আছে সেইগুলি

মধ্যে আমরা যা দেখলাম তাতে ৪৩(২)(৪) ৩৭ ধারা প্রয়োগ করতে হবে। গোবিন্দবাবু এখানে মধ্যশিক্ষা পর্ষদ সম্পর্কে কতগুলো অবান্তর কথা বলে গেলেন। আমি ওঁকে ১৯৭২ থেকে ১৯৭৭ - ঐ পিরিয়ডের কথা মনে করিয়ে দিচ্ছি। সেই সময় মধ্যশিক্ষা পর্ষদ ছিল ওঁরই অধীনে, কারণ সেই সময় উনি ছিলেন শিক্ষা উপমন্ত্রী। তখন দেখেছি, মধ্যশিক্ষা পর্ষদে মিটিং বসেছে কোন স্কুলকে রেকগনিশন দেওয়া হবে এবং কোন স্কুলকে দেওয়া হবে না তার উপর। একটি স্কুলের ক্ষেত্রে হয়ত অল পেপারস কমপ্লিট এবং সেইমত রিপোর্টও এসে গেছে ইন ফেভার অফ দ্যাট স্কুল। কিন্তু সেক্ষেত্রে রাজনীতি বাধা হয়ে দাঁড়াল। হঠাৎ রাইটার্স বিল্ডিং থেকে ফোন এলো 'স্টপ ইট' এবং সঙ্গে সঙ্গে সেই স্কুলের রেকগনিশন দেওয়া বন্ধ হয়ে গেল। এটা রাজনীতি নয়? এই রকম অসংখ্য উদাহরণ রয়েছে। একটি স্কুল সাত বছর পুলিশ বসিয়ে তালা লাগান ছিল ডিউরিং দ্যাট পিরিয়ড। গোবিন্দবাবু খোঁচালেন বলেই এইসব কথা বলতে হল। আজকে যে এ্যামেন্ডমেন্ট এসেছে সেটা অত্যন্ত সময়োপযোগী। এই বিষয়ে কারো কোন বিরোধিতা নেই, সকলেরই একে সমর্থন করা উচিত। আমিও একে সমর্থন করছি।

**[4.40 – 4.50 P. M.]**

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের বক্তব্য অনুধাবন করতে গিয়ে আমার সংশোধনীর উপর কোন কথাবার্তা শুনিনি। কাজেই ধরে নেয়া যায় যে, মাননীয় সদস্যরা সকলেই একে সমর্থন করেছেন। এই কথা বলে আমার বক্তব্য শুরু এবং শেষ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিল সম্বন্ধেও ওঁরা কেউ কিছু বলেননি, কিন্তু তবুও দু'একটি কথা বলে দিচ্ছি। এটা যদিও পঞ্চায়েত এ্যাক্টের এ্যামেন্ডমেন্ট বলা হচ্ছে, কিন্তু প্রকৃতপক্ষে এটা পঞ্চায়েত এ্যাকটের একটা কনসিকোয়েনশিয়াল সংশোধনী মাত্র। হিল কাউনিসল বিল পাশ হবার ফলে এতে যতটুকু সংশোধন করা প্রয়োজন সেইটুকুই করা হচ্ছে এতে। এর দুটো দিক আছে; একটা হল, ঐ এলাকায় যেসব গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতি আছে তার উপর সুপারভিশন কারা করবে এবং দুই, হিল কাউন্সিলের সঙ্গে তার কি সম্পর্ক থাকবে। কাজেই হিল কাউন্সিল যাতে ঐসব গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতিগুলির উপর সুপারভিশন করতে পারে, যেমন জেলা পরিষদ করে থাকে, সেইজন্যই এটা করা দরকার। কিন্তু দেখা যাচ্ছে যে, জেলা পরিষদের শিলিগুড়ির বাকি অংশটা থাকছে তাকে কো-অর্ডিনেটর করবার জন্য কেউ থাকছে না। সেজন্য সেখানে মহকুমা পর্ষদ দরকার হচ্ছে এবং জেলা পরিশদের যে অধিকার সেটা তাদের দেওয়া হচ্ছে। কো-অর্ডিনেশন-এর স্বার্থে এটা করা হচ্ছে, কোথায়ও কোন অসঙ্গতি রাখা হয়নি। সত্য বাপুলী মহাশয় দেখলাম একটু বাড়িয়ে বললেন, তবে বাকি সবাই ব্যাপারটা বুঝেছেন যে, এ-ব্যাপারে সত্যিই বাধা দেবার কিছু নেই। সেজন্য আপনাদের সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করলাম।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিনয়বাবু সমস্ত কিছু বললেন। এটা পারফেক্টলি কনসিকুয়েনশিয়াল চেঞ্জ। যেহেতু আমরা এটা পাশ করেছি তার জন্য এটা করতে হয়েছে, এটার কোন উপায় নেই এটা করতেই হবে। এটাকে যদি রেসপেক্ট করতে হয় তাহলে এটা সংশোদন করা ছাড়া কোন উপায় নেই। তবে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটু জিজ্ঞাসা করে নিই যে এটা প্রথম মহকুমা হচ্ছে - যেমন জেলাপরিষদ আছে সেই রকম মহকুমা পরিষদ হচ্ছে - ওরা যে দাবি করেছিল শিলিগুড়িকে জেলা করে দেওয়া হোক, জেলা পরিষদ বলে ডিক্লেয়ার করা হোক। আমি জানি না এই ব্যাপারে কিছু আছে কিনা।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :** এই সব বলা হয়েছে। এটা বুঝে দেখুন মূল জিনিস থেকে যে

স্পিরিটটা পাওয়া যাচ্ছে। যদিও এটা জেলা বলি তাহলে এটা সেপারেট হবে, সেই জিনিস হচ্ছে না। আমাদের স্কীম অফ থিং যেটা পাস করেছি তাতে হচ্ছে দার্জিলিং ডিসট্রিক্ট overall authority at both the side থাকছে। এটা রেখে দেওয়া হয়েছে। এটা খুব ইম্পর্টেন্ট এবং পলিটিক্যালি ভেরি সিগনিফিকেন্ট। সেইজন্য কোন রকম কিছু করা হবে না। সেই ব্যাপারটা আপনারা একটু বুঝুন তাহলে নিশ্চয়ই সব আপনারা বুঝতে পারবেন।

**মিঃ স্পীকার** ঃ আমার একটু ভুল হয়েছে, আলোচনা চলার সময় আমি একজন বক্তাকে বাদ দিয়েছি তিনি হলেন প্রকাশ মিঞ্জ। আগে উনি বলে নিন, তারপর মন্ত্রী জবাবী ভাষণ দেবেন।

**শ্রী প্রকাশ মিঞ্জ** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিল আনা হয়েছে সেই বিলকে আমি সম্পূর্ণ সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। গতকাল এই হাউসে দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল বিল পাশ হয়েছে। গত ২ বছর ধরে দার্জিলিং-এর পাহাড়ী অঞ্চলে এবং জলপাইগুড়ির ডুয়ার্স অঞ্চলে বহু গন্ডগোল সংগঠিত হয়। এই বিচ্ছিন্নতাবাদী শক্তির বিরুদ্ধে এই বামপন্থী সরকার রুখে দাঁড়িয়েছিল যাতে না দার্জিলিং জেলা ভাগ না হয়। এর বিরুদ্ধে সংগ্রাম করতে গিয়ে আমাদের প্রায় ৮০ জন লোক মারা গিয়েছে। তার মধ্যে দিয়ে এই বামফ্রন্ট সরকার দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল গঠন করেছে। এটা করার জন্য কিছু সংশোধনী আনতে হয়েছে এবং এটা খুব সঠিক ভাবেই আনা হয়েছে। এই সংশোধনী আনার ফলে পাহাড়ী এলাকায় এবং শিলিগুড়ির সমতল ভূমিতে মহকুমা অঞ্চল পঞ্চায়েত এবং পৌরসভার কাজকর্ম করার অনেক সুবিধা হবে। আমি মনে করি যে ওই মহকুমা পরিষদ এলাকা বেশীর ভাগ গ্রাম এলাকা। এই এলাকার যাতে উন্নতি হয় এবং এলাকায় যাতে আরো বেশ ক্ষমতা দেওয়া হয় সেই দিকে একটু নজর দেবার জন্য আমি আবেদন জানাচ্ছি। স্যার, আপনি জানেন উত্তর-পূর্ব ভারতের শিলিগুড়ি হচ্ছে একটি গুরুত্বপূর্ণ শহর। আমরা জানি বিগত কংগ্রেস আমলে এই শিলিগুড়ি মহকুমায় কি ধরণের অনুন্নত ছিল। বর্ত্তমানে এই বামফ্রন্ট সরকারের আমলে শিলিগুড়ি মহকুমায় অনেকখানি উন্নয়ন হয়েছে। আমি দাবি করবো এই শিলিগুড়ি মহকুমার উন্নতির জন্য যাতে আরো পৌর সংস্থাকে ক্ষমতা দেওয়া হয় এবং আর্থিক সাহায্য দেওয়া হয়। এই মহকুমা পরিষদে কোন গণ্ডগোল নেই, একমাত্র পানিঘাটা অঞ্চলে গন্ডগোল আছে। এখানে যাতে সুষ্ঠভাবে নির্বাচন করা যায় তার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য এখানকার জনসাধারণের পক্ষ থেকে আমি এই আবেদন জানাচ্ছি। এই কথা বলে বিলগুলিকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**[4.50 – 5.00 P. M.]**

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে যে বিধেয়ক দুটি উত্থাপন করেছি তার উপরে আলোচনায় অংশগ্রহণকারী সকল মাননীয় সদস্য যাঁরা সমর্থন করেছেন তাঁদের সকলকে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এই সাথে সাথে বলব এই বিল দুটিকে সমর্থন করতে গিয়ে বিরোধী দলের মাননীয় সদস্যরা অপ্রাসঙ্গিকবাবে এবং অহেতুকভাবে কয়েকটি প্রশ্ন তুলেছেন, যা তোলার কোন দরকার ছিল না। আমি এই সেই সব প্রশ্নের মধ্যে বিস্তারিতভাবে না গিয়ে কয়েকটি বিষয় সম্পর্কে এই সভার মাননীয় সদস্যদের কাছে রাখছি। মাননীয় বিরোধী দলের সদস্য গোবিন্দ বাবু ১৯৭২-৭৭ সাল পর্যন্ত এই রাজ্যের শিক্ষা বিভাগের রাষ্ট্রমন্ত্রী ছিলেন। তিনি তাঁর বক্তব্যে উল্লেখ করেছেন যে কিছু মাধ্যমিক পরীক্ষার ফলাফল ৫০ বা তার বেশী হয়েছে এবং সেজন্য তিনি দোষারোপ করেছেন। কিন্তু একটা কথা বলা দরকার যে এই বিষয়ে সরকার থেকে সরাসরি কিছু করা হয় না, যেহেতু এটি একটি স্বয়ংসম্পূর্ণ সংস্থা। সুতরাং এইজন্য যদি সরকারকে দায়ী করা হয় তাহলে তা সম্পূর্ণই ভুল। তাঁর মন্ত্রীত্বের আমলে শেষের দুই বছরে পশ্চিমবঙ্গে মাধ্যমিক পরীক্ষার ফলাফলের

হার ছিল শতকরা ৪৬ থেকে ৪৮। আমি তাঁর কাছে বিনীতভাবে জিজ্ঞাসা করছি, এটি কি শতকরা ৫০'এর চাইতে বেশী? ৫০ বেশী, না, ৪৬ বা ৪৮ বেশী? আর একজন মাননীয় সদস্য এখানে জিজ্ঞাসা করেছেন— তাঁর বক্তব্যে উল্লেখ করেছেন যে সিলেবাস, কারিকুলাম ইত্যাদি হিল কাউন্সিল যখন দার্জিলিং এলাকার জন্য গঠিত হতে চলেছে তখন যেন এই বিষয়ে আমি লক্ষ্য রাখি। এখানে মাননীয় সদস্য নিখিলানন্দ শর এবিষয়ে ভালো করেই বলে দিয়েছেন। আমরা এখানে যে বিধেয়কটি রেখেছি তাতে উল্লেখ করেছি। সিলেবাস, কারিকুলাম ইত্যাদি কোন কথার উল্লেখ সেখানে করিনি। শিক্ষার পাঠক্রম নির্ধারিত সর্ব রাষ্ট্রের ভিত্তিতে যে ভাবে হয়, ঠিক সেইভাবেই এখানেও মাধ্যমিক শিক্ষা এবং প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে নির্ধারিত হবে। দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলে আলাদা ভাবে কোন সিলেবাস, কারিকুলাম-এর কথা প্রস্তাবের মধ্যে উল্লেখ করিনি। এই প্রসঙ্গ নিয়ে মাননীয় সদস্য অহেতুক ভাবে কেন বলেছেন তা আমি জানিনা। সেখানে যখন কোন বিদ্যালয় স্থাপিত হবে তা দেখাশুনার দায়িত্ব থাকবে ঐ হিল কাউন্সিলের উপরে। সিলেবাস, কারিকুলাম, ইত্যাদির ব্যাপারে রাজ্যব্যাপী, অর্থাৎ কেন্দ্রীয় সংস্থার দ্বারা প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে যে ভাবে নিধারিত হবে তাই থাকবে, এই কথা বিধেয়কের মধ্যে বলা হয়েছে। এখানে আর একটি বিষয়ে একজন মাননীয় সদস্য বলেছেন, তিনি জিজ্ঞাসা করেছেন যে, ফিন্যানশিয়াল মেমোরেন্ডাম যা আছে তার মধ্যে কিছু বলা যেত কিনা। মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে বলেছি যে অতিরিক্ত ব্যয় কিছু নেই। ওখানে যেহেতু ৩২ জন নির্বাচিত প্রতিনিধি যেটা ছিল, সেই জায়গায় ৩৩ জন হবে। দার্জিলিং এলাকায় মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে মধ্যশিক্ষা পর্যদের যেহেতু অতিরিক্ত কোন ফিন্যানন্সিয়াল কমিটমেন্ট নেই এবং প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে যেহেতু আলাদা দুটি কাউন্সিল গঠিত হবে— দার্জিলিং হিল কাউন্সিলের জন্য আলাদা একটি কাউন্সিল এবং শিলিগুড়ি মহকুমার জন্য আলাদা একটি কাউন্সিল গঠিত হবে, সেইজন্য এই কাউন্সিলের জন্য যে কষ্ট তারজন্য যে প্রশাসনিক ব্যয়, সেই ব্যয়টুকুই হবে। এরজন্য যে সমস্ত কর্মচারী নিযুক্ত থাকবেন, সেই সমস্ত বাবদ আমাদের কিছু বাড়তি ব্যয় করতে হবে। অর্থাৎ কাউন্সিল গঠিত হবার পর ওখানে আমাদের যাঁদের নিয়োগ করতে হবে সেই বিষয়টি। এই বিষয়টি চূড়ান্ত না হওয়া পর্যন্ত আর্থিক ব্যয় কি হবে তা পরিস্কার করে এখনই বলা সম্ভব নয়। তাছাড়া, সেখানে যে সমস্ত বিদ্যালয় স্থাপিত হবে এবং তারজন্য যে সমস্ত শিক্ষক নিয়োগ হবে, সেই ব্যাপারে চূড়ান্ত না হওয়া পর্যন্ত নতুন কিছু বিবেচনা করার সংস্থান এখনই নেই। এবং সেইজন্যই অতিরিক্ত আর্থিক ব্যয় এখনই কিছু নেই। তবে এই বিষয়ে বলা যেতে পারে যে, দুটি কাউন্সিল গঠিত হবার পর, অতিরিক্ত কর্মচারী নিয়োগ ইত্যাদির জন্য এবং প্রশাসনিক কার্যাদি চালাবার জন্য এষ্টাবলিশমেন্ট কষ্ট যা দরকার হবে তা নির্বাহ করতে হবে। এইসব কারণে এই মুহূর্তে, এই স্তরে কিছু বলা সম্ভবপর নয়। সেজন্য আশা করছি, যে মহৎ উদ্দেশ্যে গতকাল আপনারা বিলকে অনুমোদন দিয়েছেন, সেই উদ্দেশ্যকে কার্যকরী করার ক্ষেত্রে, সার্থকভাবে প্রয়োগ করার জন্য এই বিল দুটির প্রতিও আপনারা অনুমোদন দেবেন। গতকাল এখানে যে বিল উত্থাপিত হয়েছে এবং অনুমোদিত হয়েছে, তারজন্য কতকগুলি বিধেয়কের আইনের সংশোধন করার প্রয়োজন দেখা দিয়েছে। সেইজন্যই এখানে এই বিলদুটি উত্থাপিত হয়েছে। আপনাদের অনুমোদন নিয়ে অনিবার্য ভাবে যে কাজগুলি করতে হবে তার জন্যই এই বিল এখানে উপস্থাপন করা হয়েছে। আশা করবো, আপনারা এর প্রতি আপনাদের অনুমোদন দেবেন। এই কথা বলে, আমি আর একবার আপনাদের এই বিলের প্রতি সমর্থনের আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

## The Bengal Municipal (Amendment) Bill, 1988

The Motion of Shri Budhadeb Bhattacharjee that the Bengal

Municipal (Amendment) Bill, 1988, be taken into consideration was then put and agreed to.

### Clauses 1-9 and the Preamble

The question that clauses 1-9 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Buddhadeb Bhattacharjee** : Sir, I beg to move that the Bengal Municipal (Amendment) Bill, 1988, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

### The West Bengal Panchayat (Amendment) Bill, 1988

The motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Panchayat (Amendment) Bill, 1988 be taken into consideration was then put and agreed to.

### Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 2

**Shri Niranjan Mukherjee** : Sir, I beg to move that in clause 2, for sub-clauses (d) and (e), the following be substitute, namely :

(d) in clause (22), for the words and figures "elected under section 143;" the words and figures "elected under section 143, and includes the Sahbadhipati of the Mahakuma Parishad;" shall be substituted;

(e) in clause (24), for the words and figures "elected under section 143;" the words and figures "elected under section 143, and includes the Sahakari Sahbadhipati of the Mahakuma Parishad;" shall be substituted;

**Shri Binoy Krishna Chowdhury** : I accept it.

The motion was then put and agreed to.

The question that clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

### Clauses 3-20 and the Preamble

The question that clauses 3-20 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Binoy Krishna Chowdhury :** Sir, I beg to move that the Bengal Panchayat (Amendment) Bill, 1988, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

### The West Bengal Secondary Education (Amendment) Bill, 1988

The motion of Shri Kanti Biswas that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1988 be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1, 2 and the Preamble

The question that clauses 1, 2 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Kanti Biswas :** Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1988, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

### The West Bengal Primary Education (Amendment) Bill, 1988

The motion of Shri Kanti Biswas, that the West Bengal Primary Education (Amendment) Bill, 1988 be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1-4 and the Preamble

The question that clauses 1-4 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**[5.00 – 5.10 p.m.]**

**Shri Kanti Biswas :** Sir, I beg to move that the Bengal Primary Education (Amendment) Bill, 1988, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

## The West Bengal Labour Welfare Fund (Amendment) Bill, 1988

**Shri Santi Ranjan Ghatak :** Sir, I beg to introduce tha. West Bengal Labour Welfare Fund (Amendment) Bill, 1988.

(Secretary then read the Title of the Bill)

**Shri Santi Ranjan Ghatak :** Sir, I beg to move that the West Bengal Labour Welfare Fund (Amendment) Bill, 1988, be taken into consideration.

স্যার, বিলটা হচ্ছে সোজা ব্যাপার। প্রথম হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্টে ১৬ শত টাকা পর্যন্ত যাদের মাহিনা তাদের আই.ডি. এ্যাক্টে কভারেজ দেওয়া হয়েছে। আমাদের এখানে ছিল সাড়ে সাতশত পর্যন্ত, আমরা সেটাকে এক্সটেন্ড করে ১৬ শত কভারেজ দিয়েছি। আই.ডি এ্যাক্টে যেটা সেলস প্রমোশান এমপ্লয়িস (কন্ডিশান অফ সার্ভিসেস এ্যাক্ট '৭৬) সেটা এ্যামেন্ডমেন্ট করে, সেলস প্রমোশান এমপ্লয়িস (কন্ডিশান অফ সার্ভিসেস) এ্যামেন্ডমেন্ট এ্যাক্ট, '৮৬-য়ের আই.ডি. এ্যাক্টে কভারেজ নেওয়া হয়েছে। সুতরাং তাদেরও স্ট্যাটুইচরী ওয়েলফেয়ার পাওয়ার যে অধিকার আছে সেটা দিয়েছে আপ টু ১,৬০০ টাকা পর্যন্ত। এই দুটো আগের বারে আনবার চেষ্টা করেছিলাম; কিন্তু এখন সেটা দিচ্ছি। আমি আশা করব মাননীয় সদস্যরা, আজকে যে এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে সেটাকে সমর্থন করবেন।

**Mr. Deputy Speaker :** Now, Shri Saugata Roy.

(At this stage, Shri Saugata Roy was not found in the House)

Then, Shri Gopal Krishna Bhattacharya.

**শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে যে বিল মাননীয় শ্রমমন্ত্রী এনেছেন সেটা আমাদের সমস্ত শ্রমিক কর্মচারীর ক্ষেত্রে সুবিধা হবে। ওয়েলফেয়ার বোর্ডের অধীনে আমাদের শ্রমিক কর্মচারীর যেটুকু সুযোগ-সুবিধা পান - যেটুকু বাধা ছিল - আমাদের আই.জি. এ্যাক্টে শ্রমিকের যে সংগ্রাম সেই সংগ্রামের পরিবর্তন ঘটেছে। স্যার, আপনি জানেন ভারতবর্ষব্যাপী বহু সেল্‌স প্রমোশানের এমপ্লয়ি আছে, যারা বহু ফ্যাক্‌টরীর জিনিস বিক্রী করে। অনেকে মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ, সেলস রিপ্রেজেন্টেটিভ করছে, তারা আইনের সুযোগ-সুবিধা পাচ্ছেন না। বিশেষ করে আই.ডি. এ্যাক্টের সুযোগ-সুবিধা তারা পাচ্ছেন না। প্রথম বামফ্রন্ট সরকার এই ধরণের যারা কর্মচারী তাদেরকে আই.ড়ি. এ্যাক্টে সুযোগ দিচ্ছেন। আমরা জানি কেন্দ্রীয় সরকারও সেল্‌স প্রমোশনের এমপ্লয়িদের বা রিপ্রেজেন্টেটিভদের এই সুযোগ দেন না, বা তাদের বিরুদ্ধে যে সমস্ত ট্রাইবুনাল বা কোর্টকাছারি হয়, ইল্‌লিগ্যাল ট্রান্সফার হয়, সেইগুলির ব্যাপারেও তারা সুযোগ পাবেন। এজন্য আমি বামফ্রন্ট সরকারকে বিশেষভাবে অভিনন্দন জানাই যে তাঁরা এই আইনের এ্যামেন্ডমেন্ট করে ওয়ার্কমেন হিসাবে এই কর্মচারীদের আই.ডি. এ্যাক্টের আওতায় এনেছেন। আমরা জানি এই কর্মীদের আইনতঃ তখন পর্যন্ত বেতন ছিল ৭৫০ টাকা, পরবর্তীকালে কেন্দ্রীয় সরকার ওয়ার্কমেনদের ক্ষেত্রে ১৬ শো টাকা পর্যন্ত ধার্য করেছেন, এর মধ্যে যাঁরা পড়বেন তাঁরাই ওয়ার্কমেন হিসাবে গণ্য হবেন। কিন্তু আই.ডি. এ্যাক্টে কেন্দ্রীয় সরকার কর্মীদের সংগা নির্ধারণ করেননি। সাধারণভাবে পশ্চিমবঙ্গ সরকার যখন আই.ডি. এ্যাক্টে কর্মীদের সংগা নির্ধারণ করেছেন এবং কেন্দ্রীয় সরকারের মত পশ্চিমবঙ্গ সরকার কর্মীদের বেতন হিসাবে ১৬ শো টাকা ধার্য করেছেন তখন স্থায়ীভাবে ওয়েলফেয়ার

ফান্ড বোর্ডের অধীনে তাদের যে সুযোগসুবিধা সেই সুযোগ-সুবিধা কর্মীদের পাওয়া উচিত সেই দিক থেকে শ্রমমন্ত্রী এই বিলের এ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন। আমি বিশ্বাস করি পশ্চিমবঙ্গ সরকার আরো কিছু শ্রমিক কর্মচারী বিশেষ করে সেলস প্রোমোশানে যারা আছে তারা এই সুযোগসুবিধা যাতে পায় সেইদিকটা দেখবেন। আমাদের শ্রমমন্ত্রীর কাছে ইতিমধ্যে বহুবার সেলস প্রোমোশানের কর্মীরা ডেপুটেশান দিয়েছেন যে কেন্দ্রীয় সরকার রাজ্যসরকার যে অধিকার দিয়েছেন সেই অধিকার দিচ্ছেন না, আমাদের শ্রমমন্ত্রী কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে সেলস প্রোমোশানের কর্মীদের যাতে আই.ডি. এ্যাক্টের সুযোগসুবিধা দেয় তার প্রচেষ্টা চালাবেন। তিনি সেই চেষ্টা করছেন কিন্তু কেন্দ্রীয় সরকার সেই সুযোগসুবিধা দিচ্ছেন না. কেন্দ্রীয় সরকার বিভিন্ন জনস্বার্থ বিরোধী নীতি, শ্রমিক কর্মচারীদের বিরুদ্ধে আক্রমনের নীতি চালিয়ে যাচ্ছেন। যে শ্রমিক কর্মচারীরা মাঠে ময়দানে দাঁড়িয়ে কাজ করছেন তাঁরা কর্মী হিসাবে ট্রিটেড হবেন না এই যে কেন্দ্রীয় সরকারের নীতি এটা শ্রমিক স্বার্থ বিরোধী নীতি বলে আমি মনে করি। সুতরাং হাউসের পক্ষ থেকে দাবি হচ্ছে মন্ত্রী মহাশয় ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে সর্বক্ষেত্রে এই ধরণের শ্রমিক কর্মচারীরা যাতে এই সুযোগ সুবিধা পান তার ব্যবস্থা করবেন। শ্রমিক কল্যাণের স্বার্থে বামফ্রন্ট সরকারের যে নীতি সেটা কার্যকরী করার ক্ষেত্রে মাননীয় শ্রমমন্ত্রী যে এ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন তারজন্য তাঁকে ধন্যবাদ দিয়ে এবং এই এ্যামেন্ডমেন্ট বিলকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ শ্রমিক কল্যাণ তহবিল সংশোধন বিল, ১৯৮৮ যা মাননীয় শ্রমমন্ত্রী এখানে উপস্থাপিত করেছেন তাকে আমি সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে আমার কিছু বক্তব্য রাখছি। মন্ত্রী মহাশয় যে সংশোধনী বিল এনেছেন তাতে তিনি শ্রমিক কর্মীদের বেতন ১৬ শো টাকা করতে চাইছেন। এটা একটা পুরাণ দিনের ডিমান্ড, আজকে বিল আকারে এনেছেন, এটা খুবই গ্রহণযোগ্য এবং সমর্থনযোগ্য। আগামী দিনে এর একটা পার্স্পেকটিভ আছে, এতে শ্রমিকদের অনেক আশাব্যঞ্জক জিনিস আছে, বিশেষ করে সেলসে যারা কর্মচারী আছে তাদের পক্ষে অনেক আশাব্যঞ্জক জিনিস আছে। আমি দু'একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই মালিকরা শ্রমিকদের যে চাঁদা কাটছে সেটা ঠিকমত জমা পড়ছে কিনা সেটা দেখতে হবে। লেবার ওয়েলফেয়ার বলতে শ্রমিকদের বাড়ীর ছেলেমেয়েরা যাদের চাঁদা কাটা হয় ন্যূনতম ভিত্তিক প্রয়োজনীয় শিক্ষার সুযোগ যাতে পায়, ডাক্তারী, ইঞ্জিনিয়ারিং স্টাইপেন্ড নিয়ে যাতে তারা পড়তে পায় সেটা একটু ভাবতে হবে।

যে বিল এসেছে ওটা খুব সুন্দরভাবে এসেছে এবং এটার প্রয়োজনও ছিল। আমি এই বিলকে সমর্থন করছি এবং মনে করি সকলেরই সমর্থন করা উচিত। তবে ছোটখাট কথা যেগুলি বললাম সেদিকে দৃষ্টি দেবেন এই অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করছি।

**[5.10 – 5.20 P.M.]**

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সমস্ত সদস্যদের অভিনন্দন জানাচ্ছি। মাননীয় সদস্য গোপালবাবু যেটা বলেছেন সেটা আমরা টেক-আপ করেছি, ওদিকে আমাদের নজর আছে। মাননীয় সদস্য শক্তিবাবু যেটা বলেছেন সে সম্বন্ধে জানাচ্ছি, এরজন্য একটা এ্যাডভাইসরী কমিটি আছে। তবে যদি দেখেন কোথাও গলতি হয়েছে তাহলে আমাদের জানাবেন। সাধারনতঃ মালিকদের একটা প্রবণতা আছে ই.এস.আই., পি.এফের টাকা হজম করার। প্রভিডেন্ট ফান্ডের ব্যাপারের খবরের কাগজে হয়ত দেখেছেন ২ জনের জেল হয়েছে। যাহোক, স্পেশিফিক খবর থাকলে আমাদের দিয়ে সাহায্য করবেন। নূতন কথা আর কিছু বলার নেই। এই এ্যামেন্ডমেন্ট গ্রহণ করার জন্য

আমি সমস্ত সদস্যকে অনুরোধ করছি।

The Motion of Shri Santi Ranjan Ghatak that the West Bengal Labour Welfare Fund (Amendment) Bill, 1988, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1, 2 and the Preamble**

The question that clauses 1,2 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Santi Ranjan Ghatak :** Sir, I beg to move that the West Bengal Labour Welfare Fund (Amendment) Bill, 1988, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Central Valuation Board (Amendment) Bill, 1988**

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to introduce the West Bengal Central Valuation Board (Amendment) Bill, 1988.

(Secretary then read the Title of the Bill)

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to move that the West Bengal Central Valuation Board (Amendment) Bill, 1988, be taken into consideration.

**শ্রী সুপ্রিয় বসু :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ওয়েষ্ট বেঙ্গল সেন্ট্রাল ভ্যালুয়েসন বোর্ড এ্যামেন্ডমেন্ট বিল মন্ত্রী মহাশয় যেটা উপস্থিত করেছেন এটা অত্যন্ত ফর্মাল, কাজেই এর বিরোধিতা বা সমর্থনে খুব একটা ফারাক নেই। যার জন্য আমি বিরোধিতা করছি না। তবে সেন্ট্রাল ভ্যালুয়েসন বোর্ড বর্তমানে যে অবস্থায় রয়েছে সেটা বিবেচনা করার জন্য আমি তাঁকে অনুরোধ করছি। ষ্টেটমেন্ট অফ্ অবজেকসন এ্যান্ড রিজনস-এ লেখা আছে টু ব্রিং এ প্যারিটি আরবান ট্যাক্সেসন ইন্ ওয়েষ্ট বেঙ্গল।

যদি কোন একটা সংস্থায় হয়, যাতে সমস্ত মানুষ যারা কর দেয় তাদের একটা প্যারিটি হলে নিশ্চয় সেটা গ্রহণযোগ্য হবে। কিন্তু মন্ত্রী মহাশয় আজকে সেন্ট্রাল ভ্যালুয়েসন বোর্ডকে পাওয়ারফুল করার জন্য ইকুইপটেড্ করার জন্য সেক্রেটারির জায়গায় একজন টেকনিক্যাল পারসোনেলকে চেয়ারম্যান করার চেষ্টা করছেন। তিনি নিজের কেন্দ্রের ভ্যালুয়েসন অব ট্যাকসেসনকে কিভাবে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত ভাবে ব্যবহার করছেন, নিশ্চয় সেটা জানেন। সেই সঙ্গে আমি আর একটা জিনিস বলব যে, টু ব্রিং প্যারিটি যদি করতে হয় তাহলে যা ষ্টার্ট করা হয়েছিল মেট্রোপলিটান সিটি, ক্যালকাটা করপোরেশন থেকে — বাট ক্যালকাটা করপোরেশন সেটা এ্যাকসেপ্ট করেনি। শুধু এ্যাকসেপ্ট করেনি তাই নয়, আপনি যে প্যারিটির কথা বলেছেন — আপনারা ভোটে জেতার জন্য ক্যালকাটা করপোরেশনের সঙ্গে যাবদপুর, গার্ডেনরিচ, বেহালার ৪১টি ওয়ার্ডকে এ্যাড করলেন। সেই

*৪১টি ওয়ার্ডে প্যারিটি তো দূরের কথা— ক্যালকাটা করপোরেশনের যে জি.আর প্রথা (জেনারেল রিভিসন) যার দ্বারা ট্যাক্স ক্যালকুলেশন হয় — আপনারা জানেন যে, ভোট পাবার জন্য কি করেছেন—* ওখানে জি.আর হচ্ছে না। জি.আর এর অর্থ কি ভ্যালুয়েসন বোর্ডে বেরিয়ে আসবে? বাড়ী বাড়ী গিয়ে যেটা দেখা হয়, রেন্ট্রাল কেউ থাকলে বা অন্য কিছু থাকলে ন্যাশনাল বেন্ট একটা ধরে ভ্যালুয়েসন করা হয়। মেয়র ডাইরেকসন দিয়েছিলেন ঐ ৪১টি এ্যাডেড ওয়ার্ডে জি.আর হবে। কিন্তু ওখানকার সি.পি.এম কাউন্সিলর যারা আছেন তাদের আপনি নিজেই সমর্থন করে জি.আর করতে দেন নি। সেখানকার ট্যাক্স পেয়ার, হোল্ডিং মালিক যারা, তারা যে রিটার্ন দিচ্ছে তারই উপর ট্যাক্স ঠিক হচ্ছে বা সেন্ট্রাল ভ্যালুয়েসন বোর্ড করবে। আপনি এটা করতে পারেন নি। মেয়রের কথা ধূলিস্যাত করলেন। আপনি ডি.আর করতে পারেন নি এবং ওখানকার ইন চার্জকে সাসপেন্ড নয়, সরি, ট্রান্সফার হতে হয়েছে আপনার কথা শোনেননি বলে এবং মেয়র যে কথা বলেছিলেন সেই অনুযায়ী তিনি বলেছিলেন যে, হ্যাঁ, জি.আর হবে — এই তার অপরাধ। আপনি সেন্ট্রাল ভ্যালুয়েসন বোর্ড ঠিক করতে চাইছেন। আপনি আগে নিজেকে ঠিক করুন, তারপরে এই কথা বলবেন। আজকে আমি সেইজন্য বলছি যে, ক্যালকাটা করপোরেশনের মত জায়গা, যেখানে ভ্যালুয়েসন সঠিক করার পদ্ধতি হচ্ছে এই জি.আর — যেখানে আপনাদের ভ্যালুয়েসন এ্যাসেসমেন্ট দপ্তর আছে, ইন্সপেকটর আছে, সেখানে আপনি যেতে দিচ্ছেন না!, কন্ট্রোল করছেন, বলছেন করতে দেব না, যা রিটার্ন দেবে তাই হবে। আপনি জেনে রাখুন, এর ফলে কয়েক কোটি টাকা ট্যাক্সের ক্ষতি হবে। যাদবপুর, গার্ডেনরিচ, বেহালা এই ৪১টি এ্যাডেড ওয়ার্ডের কয়েক কোটি টাকা ট্যাক্সের ক্ষতি হবে। আমি আপনাকে চ্যালেঞ্জ করে বলছি যে, আপনি জি.আর করতে দেন নি, মেয়র অর্ডার দিয়েছিলেন সেটা আপনি জানেন। সেন্ট্রাল ভ্যালুয়েসন বোর্ডের চেয়ারম্যানকে চেঞ্জ করছেন। শুধু তাই নয়, আজকে আমরা দেখতে পাচ্ছি যে, ক্যালকাটা করপোরেশনের ট্যাক্সের ব্যাপারে সেন্ট্রাল ভ্যালুয়েসন বোর্ড বাড়ী বাড়ী যাবে, মেজার করবে, ল্যান্ড মেজার করবে ইত্যাদি ইত্যাদি, এই হচ্ছে পদ্ধতি। কিন্তু ক্যালকাটা করপোরেশন মেজার করতে পারলেন না, এ্যাকসেপ্ট করতে পারলেন না, সেটা হাওড়া করপোরেশনে পাঠিয়ে দিলেন। হাওড়া করপোরেশন কোথায়? সেটা কোন মেট্রোপলিটান সিটি নয়, কয়েকশো বছরের পুরোনো, ঘিঞ্জি, নোংরা, গন্ধময় একটা শহর। সেখানে তারা গেছেন। ভাল কথা— কিন্তু ক্যালকাটা করপোরেশনের স্টাফ দিয়ে আপনারা জি.আর করাচ্ছেন হাওড়া করপোরেশনের। যেখানে সেন্ট্রাল ভ্যালুয়েসনকে মাঝে মাঝেই ভরতুকি দিতে হয় হাওড়া করপোরেশনকে, সেখানে এবারে বাজেট ধরা হয়েছে সেন্ট্রাল ভ্যালুয়েসনের কাজ করার জন্য ১০ লক্ষ টাকা খরচ করতে হবে। সেন্ট্রাল ভ্যালুয়েসন বোর্ড ওখানে কাজ করতে গেলে মিউনিসিপ্যাল করপোরেশনের তহবিল থেকে ১০ লক্ষ টাকা খরচ করতে হবে, আপনার দপ্তরের সেখানে যারা রয়েছে তাদের জন্য, আর হাওড়া করপোরেশনের যারা দীর্ঘকাল ধরে ভ্যালুয়েসন করে এসেছে তাদের আপনি বসিয়ে বসিয়ে মাইনে দেবেন— এখানে দেখা যাচ্ছে সেন্ট্রাল ভ্যালুয়েসন বোর্ডের এবারের বাজেট ১০ লক্ষ টাকা ধরা হয়েছে। এটা আপনি খোঁজ করে দেখুন।

**[5.20 – 5.28 P.M.]**

গতবার ১১টি মিউনিসিপ্যালিটির নির্বাচনের সময় আপনি এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সব জায়গায় বলে বেড়িয়েছিলেন এবং আপনাদের দলের পক্ষ থেকে দেওয়ালে লেখা হয়েছিল যে, "করের বোঝা কমাতে বামপন্থীদের ভোট দাও, সি.পি.এম-কে ভোট দাও"। এসব বলেও কিন্তু সব জায়গায় আপনারা জিততে পারেন নি। আর সেন্ট্রাল ভ্যালুয়েসন বোর্ড যেখানে যাচ্ছে সেখানে কি করছেন? আমি আপনাদের বলে দিচ্ছি, শুনুন আপনাদের পক্ষ থেকে লিফলেট বেরিয়েছিল, বালি

মিউনিসিপ্যালিটির ব্যাপারে, আগেরবার যারা করেছিলেন আপনাদের রাজত্বে তারা নাকি অসৎ উপায়ে করেছিলেন। কিন্তু এবারে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড যেটা আপনারা করলেন বালি মিউনিসিপ্যালিটিতে কেন সেটা আপনরা রাখতে পারলেন না? আপনারা যেটা এক থেকে পাঁচ হাজার টাকা ভ্যালুয়েসন করেছিলেন কেন কমালেন তাহলে? স্যার, আমাদের সেই কাদম্বিনীর কথা মনে পড়ে যায়। আমরা যখন ডেপুটেশান দিয়েছি, মিউনিসিপ্যালিটিতে গিয়েছি তারা বলেছেন ঠিক করেছেন। "কাদম্বিনী মরিয়া প্রমান করিলেন যে কাদম্বিনী বাঁচিয়াছিলেন।" আপনারা কমিয়ে প্রমান করলেন যে আপনারা ভুল করেছিলেন। গোড়ায় বেশী হয় এবং পরে কমায় সেটা আমরা জানি। কিন্তু সেখানে সেন্ট্রাল ভ্যালুয়েসন বোর্ডের দোহাই দেবার কি দরকার ছিল? সেন্ট্রাল ভ্যালুয়েশান বোর্ডের ইনস্ট্রাকসানে, তাদের সাজেসানে আমরা বাড়িয়েছি বললেন তাহলে রাখলেন না কেন? সেখানে আবার ডেকে ডেকে বলছেন, ওরে তোর বাবাকে বলে দিস যে কমিয়ে দিয়েছি। এসব করে ভোটে জেতা যাবে না। পলিটিক্যাল উদ্দেশ্যে এখানে কমানো হচ্ছে, সে যাই কমাক। ট্যাক্সের বোঝা বেশী ক্যাপিটালিষ্ট দেশে হয়। তাই আমি বলছি, আপনারা সেন্ট্রাল ভ্যালুয়েশান বোর্ড যেটা করেছেন সেটা ফাঁকা জায়গায় একটা প্রলেপ দেওয়া হচ্ছে। আপনারা হোল ট্যাক্স ষ্ট্রাকচারটা করুন। কোলকাতা কর্পোরেশানের ব্যাপারে এই সুযোগ বলি, কোলকাতা কর্পোরেশনে যা ট্যাক্স ষ্ট্রাকচার রয়েছে তাতে মধ্যবিত্ত বাঙ্গালীদের কোলকাতা শহরে আর বাড়ী রাখার উপায় থাকবে না। গত ৪ বছরে বামফ্রন্ট সরকার যেটা চেঞ্জ করেছে সেটা হচ্ছে ১৮ হাজার ভ্যালুয়েশন পর্য্যন্ত ৪০ পারসেন্ট ট্যাক্স। যেটা ১৫ হাজারে পরে ৩৩ পারসেন্ট সেটা আজকে ১৮ হাজারে ৪০ পারসেন্ট হয়েছে। আমি আপনাকে বিবেচনা করতে বলব। আপনি যদি না বোঝেন তাহলে আপনার দলের লোক যরা এসব বোঝেন তাদের কাছ থেকে বুঝে নিন। ১৮ হাজার টাকায় ৪০ পারসেন্ট ট্যাক্স আবার এক লক্ষ টাকা ভ্যালুয়েশনেও ৪০ পারসেন্ট ট্যাক্স — সেটাতে কিন্তু সাধারণ মধ্যবিত্তরা অসুবিধায় পড়ছেন। কাজেই আমি বলব, তারা বললেই হবে না, ষ্ট্রাকচার দেখে যেখানে যেটা প্রয়োজন সেটা করুন। আর একটি বিষয় আমি নজরে আনতে চাইছি। আপনারা নাকি সব এফিসিয়েন্ট লোকদের এই সেন্ট্রাল ভ্যালুয়েশান বোর্ডে আনবার চেষ্টা করছেন। আপনি নিশ্চয় জানেন, কোলকাতা কর্পোরেশনের যারা রিটায়ার্ড, পেনশন হোল্ডার, তাদের আপনারা সেখানে স্পেশাল অফিসার করে নিয়ে যাচ্ছেন। জানিনা তারা একদিকে পেনশন এবং অন্যদিকে বেতন পাবেন কিনা। আপনি চাইলে আমি নামও দিয়ে দিতে পারি। এমন কি যারা ভ্যালুয়েশন ডিপার্টমেন্টে কাজ করেন নি, পারসোনাল ডিপার্টমেন্টে কাজ করেছেন তাদেরও আপনারা স্পেশাল অফিসার করে সেখানে নিয়ে যাচ্ছেন। সে নামও আমি চাইলে দিয়ে দিতে পারি। যারা পেনশন পাবেন. ফাইল রেডি তাদের এইভাবে নিয়ে যাচ্ছেন, জানি না তারা মাহিনা এবং পেনশন দুটিই পাবেন কিনা। স্যার, এম্পটি ভেসেল সাউন্ড ম্যাচ বলে একটা কথা আছে। আজকে এম্পটি ভেসেল এই সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড এবং তার সাউন্ড ম্যাচ। ভালো কথা টেকনিক্যাল লোক আনবেন কিন্তু আমি বলব সর্বত্র আপনারা প্যারিটি করুন। আপনার কেন্দ্রে ভোট করার জন্য সেখানে জি.আর করতে পারবে না আর হাওড়া এবং বালিতে যা পিছিয়ে পড়া এলাকা সেখানে যথেচ্ছারভাবে ট্যাক্স বাড়াবেন এটা হয়না। মেট্রোপলিটান সিটিগুলিকে আগে দেখুন তারপর অন্য জায়গায় যান। আমি এই বিলের বিরোধিতা করছি না বটে কিন্তু আমি আপনাকে বলব, সমস্ত পশ্চিমবঙ্গের যে ট্যাক্স ষ্ট্রাকচার সেটা বিবেচনা করুন। আপনি একজন বিদগ্ধ মন্ত্রী, মন্ত্রীদের মধ্যে অগ্রগণ্য বলেও শুনেছি এবং জানি, তাই আপনাকে বলব, সমস্ত দিক বিবেচনা করে কিছু করার চেষ্টা করুন। এই বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এই সংশোধনীর উপরে মাত্র

একজন মাননীয় সদস্য আলোচনা করেছেন। অবশ্য এখানে সংশোধনী একটাই আছে। সেটা হচ্ছে, ভ্যালুয়েশান বোর্ডের চেয়ারম্যান, তিনি ডিপার্টমেন্টাল সেক্রেটারী, তাকে করার প্রস্তাব এতদিন ছিল। আমরা সেখানে বলেছি যে চীফ ইঞ্জিনিয়ারকেও করা যেতে পারে। এটাই হচ্ছে একমাত্র সংশোধনী। কিন্তু এর উপরে আলোচনা করতে গিয়ে মাননীয় সদস্য ভ্যালুয়েশান বোর্ড, তার গঠন, তার ট্যাক্স স্ট্রাকচার কি হওয়া উচিত ইত্যাদি কথা বলেছেন। আমার মনে হয় এগুলি প্রাসঙ্গিক নয়। উনি একটা কথা বললেন— আমি জানিনা, এই ব্যাপারে দেখছি উনি আমার থেকে বেশি খবর রাখেন— যাদবপুরে কি এ্যাসেসমেন্ট হচ্ছে, আর বালিতে কি হচ্ছে উনি হয়ত চলতে চেয়েছেন— আমি যাহা বুঝেছি যে কমিশনাররা বোধ হয় এ্যাসেসমেন্টা যাদবপুরে কমিয়ে দিয়েছেন, আর বালিতে বাড়িয়ে দিয়েছেন। বালির সঙ্গে আমাদের তো কোন বিরোধ নেই। বালিতেও আমাদের লোক থাকে। আপনার হয়ত জানা নেই, আজকে যে প্রসঙ্গে সংশোধনী আলোচনা হচ্ছে সেই ভ্যালুয়েশন বোর্ডের মধ্যে যাদবপুর পড়ে না। সুতরাং আপনার আলোচনার প্রসঙ্গটা ঠিক নয়। এটা ক্যালকাটা কর্পোরেশানের আন্ডারে আছে ঐ যাদবপুর ইত্যাদি। আপনি যে প্রসঙ্গ সম্পর্কে আমাকে চিঠি দিয়েছেন সেই ব্যাপারে আপনার সঙ্গে বসে আরেকবার আলোচনা করবো, বিশেষ করে বালিতে যে সমস্যা হচ্ছে সেটা আমরাও জানি। সেই ব্যাপারে আপনার সঙ্গে আলোচনা করে একটা জায়গায় যাওয়া যাবে। আজকে যে প্রসঙ্গে এখানে আমি সংশোধনী এনেছি সেটা আপনারা সকলে সমর্থন করেছেন। কাজেই আমি আর বিশেষ কিছু না বলে এখানে আমার বক্তব্য শেষ করছি।

The Motion of Shri Buddhadeb Bhattacharjee that the West Bengal Central Valuation Board (Amendment) Bill, 1988, be taken into consideration was then put and agreed to.

## Clauses 1, 2 and the Preamble

The question that the clauses 1, 2 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to move that the West Bengal Central Valuation Board (Amendment) Bill, 1988, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## ADJOURNMENT

The House was then adjourned at 5-28 p.m. till 1 p.m. on Wednesday, the 7th September, 1988.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 7th September, 1988 at 1.00 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 13 Ministers, 4 Ministers of State and 187 members.

**(Starred Questions to which oral answers were given.)**

**বে-আইনী জমি উদ্ধারে পদক্ষেপ**

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬।) **শ্রী দেবপ্রসাদ সরকার :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে ভূমিসংস্কার (দ্বিতীয় সংশোধনী) আইনটি কার্যকরী করার জন্য প্রয়োজনীয় বিধি (রুলস) প্রণয়নের কাজ শেষ হয়েছে ; এবং

(খ) সত্য হলে, গ্রামাঞ্চলে বে-আইনী জমি উদ্ধারের জন্য কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

**[1.00 - 1.10 p.m.]**

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী :**

(ক) ১৯৮১ সালের পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার (সংশোধনী) আইনটি কার্যকরী করার জন্য প্রণীত পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার বিধির সংশোধনী ১৫ই জুলাই, ১৯৮৮ তারিখের সরকারী গেজেটে প্রকাশিত হয়েছে।

(খ) বেনামী জমি উদ্ধারের জন্য আইনানুগ ক্ষমতা সেটেলমেন্ট অফিসার এবং সেটেলমেন্ট চার্জ অফিসারদের উপর অর্পণ করা হয়েছে এবং বেনামী জমি সংক্রান্ত বিস্তৃত তথ্যাদি সংগ্রহের কাজও চলেছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কী, ১৯৮৬ সালের ২৪শে মার্চ রাষ্ট্রপতির অনুমোদন পাবার পর এই আইনটা, গেজেটে যেটা প্রকাশিত হয়েছিল, সেই আইনকে কার্য্যকরী করতে, শুধু বিধি প্রণয়ন করতে, প্রয়োগ করতে আড়াই বছর লেগে গেল, এই অধিক সময় লাগার কারণ কী?

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** মাননীয় সদস্যকে স্মরণ করিয়ে দিতে চাই, এখানে এই বিষয়টা বহুবার আলোচিত হয়েছে. ১৯৮৬ সালে আইনটা কনসেন্ট দেবার সঙ্গে তারা একটা মেসেজ পাঠান,

তাতে যা ছিল, তার জন্য আরও দুটো সংশোধনী আনতে হয়েছে। সেই জন্য এই হাউসে তৃতীয় সংশোধনী বিল পাশ হয়েছে এবং সেটা এখনও অনুমোদন পেয়ে আসে নি। সেই জন্য এখানে বলা হয়েছে, আমরা এই ব্যাপারে যেগুলো করা যায়, যেমন ধরুন বড় বড় জোতদার বা বিগ রায়ত্, যারা এই আইনের ভিতর পড়বে, সেইগুলো সম্বন্ধে অনুসন্ধান করা হচ্ছে, মেছো ঘেড়ি বা ট্যাঙ্ক ফিশারী সম্পর্কে পূর্ণ তথ্য নেওয়া হচ্ছে, তাদের কত জলকর আছে, এই সমস্তগুলো করা হচ্ছে। সুতরাং বড় রায়তদের এই জমি ছাড়া অন্য কোন জমি আছে কী না, সমস্ত তথ্যটা সংগ্রহ করতে দেরী হয়েছে। এদিকে থার্ড এ্যামেন্ডগুলো অনুমোদন হয়ে আসতে দেরী হচ্ছে, এর মধ্যে কিছু কিছু তথ্য সংগ্রহ করতে পেরেছি। আপনি আলাদা করে যদি প্রশ্ন দেন, ইতিমধ্যে কতদূর কাজ এগিয়েছে, তার উত্তর দিয়ে দেব।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কী, এই আইনের আওতায় পশ্চিমবাংলায় যে পরিমান বে-আইনী জমি উদ্ধার করা যাবে তার, আনুমানিক পরিমান কত এবং ইতিমধ্যে আপনার দপ্তর যেটুকু তথ্য সংগ্রহ করেছে বেনামী জমি সম্পর্কে, তার ভিত্তিতে কী পরিণান জমি বেনামী বলে আপনার দপ্তরে সংগৃহীত হয়েছে এবং আনুমানিক কী পরিমান জমি এই আইনের দ্বারা উদ্ধার করা সম্ভব?

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে, প্রশ্নের মূল উদ্দেশ্য হচ্ছে যা ঘটেছে তার এলিসিটিং ইন্‌ফরমেসন। অনুমান, স্পেকুলেসন, ক্যালকুলেসন ইত্যাদি প্রশ্নের মধ্যে আসে না, আসা উচিত নয়। '৭১ সালের সেনসাসের ওপর ভিত্তি করে এগ্রিকালচারাল সেনসাসে হোল্ডিং-এর সংখ্যা ছিল ৪২ লক্ষ। সম্প্রতি ন্যাসনাল স্যামপেল সার্ভের লাষ্ট রিপোর্ট অনুযায়ী সেই সংখ্যা বেড়ে হয়েছে ৫৮ লক্ষ। সুতরাং এটা সহজে হিসাব করা যায় না। তা ছাড়াও অনেক গুলো দিক আছে। আর একটা জিনিস আপনাদের বোঝা উচিত যে, বর্তমান সমাজ ব্যবস্থার মধ্যে দাঁড়িয়ে আগে থেকে মতলব বাইরে ফাঁস করে দিলে উদ্দেশ্য সাধন হবে না। সুতরাং আপনারা আমাকে এমন কোন প্রশ্নের উত্তর দিতে বলবেন না যাতে মতলব ফাঁস হয়ে যায়। কারণ অত্যন্ত শক্তিশালী ভেষ্টেড ইন্টারেষ্ট নানারকম ভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছে।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** দ্বিতীয় ভূমি সংস্কার বিল রাষ্ট্রপতির অনুমোদনের পর তৃতীয় সংশোধনী অনুযায়ী কবে থেকে কার্যকরী হবে?

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** এটা এখানে পরিষ্কার করে সকলের বোঝা উচিত যে, দ্বিতীয় ভূমি সংস্কার বিলে প্রেসিডেন্টের এ্যাসেন্ট দেওয়ার সময়ে যে মেসেজ্ দেন সেই মেসেজে যা যা চেয়েছিলেন তাই তাই আমরা করেছি। It is mere compliance with their request. এটা আর এক সপ্তাহও দেরি হওয়া উচিত নয়। এটা নতুন কিছু নয়। তিনি যা বলেছেন তাই করেছি।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** আমি দেরির কথা বলছি না। আমি বলছি যে, কোন্ সাল থেকে এটা কার্যকরী হবে? অর্থাৎ আমরা বিধানসভা থেকে যে সময়ে এটাকে পাশ করেছিলাম সে সময় থেকে, না রাষ্ট্রপতি যখন সম্মতি দিলেন তখন থেকে এটার এফেক্ট দেবেন? কবে থেকে এটার এফেক্ট দেবেন?

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** আমি আপনাদের একটু স্মরণ করিয়ে দিই। তৃতীয় এ্যামেন্ডমেন্ট বিলের ওপর প্রশ্ন ছিল জমির সজ্ঞার ভেতর এ্যাগ্রিকালচারাল ল্যাণ্ড, নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড, সমস্ত কিছু ইন্‌ক্লুড হবে কিনা? এবং এটা ৯.৯.৮০ তারিখে ইনট্রোডিউস হয়। সেই জন্য বলা হয়েছিল এর রেট্রসপেকটিভ এফেক্ট ৯.৯.৮০ তারিখ হবে। সেটা আমরা মেনে নিয়েছি। আর একটা পয়েন্ট আছে,

সেটা হচ্ছে ম্যালাফাইড রিটার্নস ইত্যাদি। সেই জন্যই এই তৃতীয় এ্যামেন্ডমেন্ট বিল, এটা এক সপ্তাহও দেরি হওয়া উচিত নয়। যাই হোক এটা মিয়ার কমপ্লায়েন্স উইথ দি রিকোয়েষ্ট মেড বাঁই দেম।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** ৯.৯.৮০ থেকে যদি কার্যকরী হয় তাহলে কি বহু জমি লুকানোর সুযোগ পেয়ে যাবে না?

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** কার্যকরী বলতে কি বলছেন?

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** ৯.৯.৮০ থেকে কার্যকরী হলে অনেক জমি লুকানো যাবে। সুতরাং আইনটি কার্যকরী করার বিষয়টি কার্যকরী করার বিষয়টি কি একটু চিন্তা করে দেখবেন?

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** ঐ তারিখটি তো আমরা মেনে নিয়েছি। আমি এ বিষয়ে প্রথম প্রশ্নের জবাবেই বলেছি। কোন কাজ করতে গেলেই তার একটা হোম ওয়ার্কের দরকার আছে। এটা একটা জটিল জিনিস। আমাদের এখানে অনেক অর্চাড় আছে, বিশেষ করে মুর্শিদাবাদে এবং মালদায় বহু অর্চাড় আছে এবং অন্যান্য জমিও কিছু আছে। সুতরাং সমস্ত হিসাব নিতে হবে। অর্চাড় এর হিসাব, অন্য জমির হিসাব, প্রত্যেকেটা লোককে ধরে ধরে আমাদের এটা ঠিক করতে হবে এবং অত্যন্ত সাবধানতার সঙ্গে আমাদের ইমপ্লিমেনটেসন করতে হবে। যারা আইনের আওতায় পড়বে না তারা যাতে বিব্রত না হয় তা আমাদের দেখতে হবে এবং আইনের আওতায় যারা পড়বে তারা যাতে কোন ভাবেই বেরিয়ে যেতে না পারে তাও আমাদের দেখতে হবে। সুতরাং সেই ভাবে আমাদের এ্যাকসন নিতে হবে। সঠিকভাবে সঠিক লোকের ক্ষেত্রেই এটা আমরা প্রয়োগ করতে চাই।

**[1.10 – 1.20 p.m.]**

**শ্রী সুমন্ত কুমার হীরা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাইবেন, দ্বিতীয় ভূমি সংস্কার আইন পাশ হবার সঙ্গে সঙ্গে লক্ষ্য করছি তখন থেকে এবং এখনও হচ্ছে কলকাতার আশে-পাশে যে জমিগুলি আছে সেগুলো এই দ্বিতীয় ভূমি সংস্কার আইনের মধ্যে পড়বে সেইসব জমিগুলি বাইফারকেটেড করার চেষ্টা করছে, অন্যর নামে চালানোর চেষ্টা হচ্ছে এবং অনেক বাড়ীঘর করে হাউসিং প্লট হিসাবে বিক্রি করার নানা রকম প্রচেষ্টা সুরু হয়ে গেছে কো-অপারেটিভের মাধ্যমে। আমার প্রশ্ন, অন্যায়ভাবে যে জমিগুলি চলে গেছে সেইসব জমিগুলি উদ্ধার করার সুযোগ এই আইনে আছে কিনা?

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** মাননীয় সদস্যকে একটু স্মরণ করিয়ে দিচ্ছি, এই আইনগুলি একটু পড়া দরকার। কলকাতায় যে সমস্ত জায়গায় বাড়ী হচ্ছে তারজন্য আরবান সিলিং য়্যাক্ট আছে। এটা হচ্ছে একটা আলাদা জিনিস। আমাকে দেখছি এরজন্য ক্লাস নিতে হবে কোন আইনে কি আছে তা বোঝাবার জন্য। নানা রকম জটিলতা আছে। দ্বিতীয় ভূমিসংস্কার, তৃতীয় ভূমিসংস্কার যে কোন আইনই পাশ হোক সেই আইনকে নানা রকম বাধা দেবার জন্য চেষ্টা করা হয়, মাননীয় সদস্য শ্রী সত্য রঞ্জন বাপুলী নিশ্চয়ই জানেন উকিলের কাজই হচ্ছে কিভাবে বাধা দেওয়া যায় তার জন্য চেষ্টা করা। ইতিপূর্বে কতকগুলি কেস হয়েছে।

**শ্রী সত্য রঞ্জন বাপুলী :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাইবেন, আপনার কাছে মাননীয় সদস্য শ্রী জয়ন্ত বিশ্বাস যে প্রশ্নটা জিজ্ঞাসা করেছিলেন তার উত্তরটা একটু পরিস্কার হওয়া দরকার। সেটা হচ্ছে, আপনি যে আইনটা করেছেন এ্যগ্রিকালচার এবং নন-এগ্রিকালচার হোল্ডিং মিলিয়ে একটা হোল্ডিং দিজ ইজ নট ওয়ান হোল্ডিং হাউসে যেদিন বিলটা এনেছেন ঐদিনের তারিখ, না প্রেসিডেন্ট যেদিন এ্যাসেন্ট দিয়েছেন সেই তারিখ। হাউসে যদি এসে থাকে তাহলে আগে থেকেই লোকেরা জানতে পেরে গেছে, বাই দিজ টাইম জমি হস্তান্তর করে ফেলেছে। আমার বক্তব্য কখন থেকে এই আইনটি

কার্যকরী হবে from the date of presenting before the House. এইটা, না প্রেসিডেন্ট যেদিন এ্যাসেন্ট দিয়েছেন ঐ তারিখটা?

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** আপনি একজন আইনজীবী, আপনার এটা জানা উচিৎ। প্রত্যেকটির রেট্রস্পেকটিভ এ্যাফেক্ট আছে। যে আইডিয়াটা প্রথমে ইনট্রোডিউস হচ্ছে তখন থেকে ফাঁকি দেবার জন্য মানুষ সচেতন হয়। কিন্তু যতক্ষণ না হচ্ছে ততক্ষন হবে না। এস্টেট য়্যাকুইজিসন ৫ই মে ১৯৫৩ সাল থেকেই রেট্রস্পেকটিভ এ্যাফেক্ট যদিও তখন আইন পাশ হয়নি। ফ্যামিলি সিলিং কনসেপ্ট ৭ আগষ্ট ১৯৬৯ সালে আসে, সেটাই হচ্ছে রেট্রর্সপেকটিভ এ্যাফেক্ট। ৯.৯.১৯৮০ সালে এটা ইনট্রোডিউসড হয়েছিল কিন্তু পাশ হয়েছে অনেক পর। সিলেক্ট কমিটিতে গিয়েছিল। সেইজন্য এটা তখন থেকেই হচ্ছে। আমরা কিন্তু অপেক্ষা করিনি। সংবিধানে দেখেছি তাতে প্রেসিডেন্ট ৩টি জিনিস করতে পারেন। মাননীয় সদস্যারা জানেন যে একটা হচ্ছে এ্যাসেন্ট। আর একটা হচ্ছে উইথহেল্ড করে রাখা। তৃতীয়টা হচ্ছে উইথ এ মেসেজ। এই ৩ রকম ভাবে করা যায়। এই এ্যাসেন্টটা কনডিসন্যাল এ্যাসেন্ট হয়নি। সব এ্যামেন্ডমেন্ট হল, এর পর হচ্ছে, যেটা দিয়েছেন সেটা। এটা বলছি, ভাল করে বুঝে দেখুন জিনিষটা। আপনি বললেন লুফোলস যেগুলি ছিল সেগুলি ফলো-আপ করবার জন্য আরও আইন এনে তাদের রিকোয়েসটে তাঁরা যা বলেছেন তাই করেছি। তারপর এ ব্যাপারে আমরা তাঁদের সাথে করসপনডেন্স করছি, একটু সময় লাগবে, বিষয়টি অনুধাবন করে তারপর প্রশ্ন রাখবেন।

### রাজ্যে বনাঞ্চলের পরিমাণ

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯।) **শ্রী নটবর বাগ্দী এবং শ্রী গোবিন্দ বাউরী :** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট কত একর বনাঞ্চল আছে ; এবং

(খ) বনভূমি দখল করার বিরুদ্ধে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় :**

(ক) ২৯,৩৫,৩০০ একর

(খ) নিয়মিত বনের সীমানা রক্ষনাবেক্ষন ও নজরদারি, ট্রেঞ্চ কেটে সীমানা নির্দ্ধারণ, দখলকারিদের বিরুদ্ধে আইনত ব্যবস্থা ও দখল হয়ে যাবার সম্ভাব্য জায়গায় গাছ লাগাবার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**শ্রী গোবিন্দ বাউরী :** মাননীয় বন বিভাগের মন্ত্রী মহাশয় জানাবেন — বন রক্ষণাবেক্ষণ করার জন্য যে রক্ষী বাহিনী আছে, সেটা উপযুক্ত কিনা এবং উপযুক্ত না হলে তার জন্য বিকল্প কোন ব্যবস্থা গ্রহণ করছেন কিনা?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় :** বনাঞ্চল রক্ষনাবেক্ষণের জন্য আমাদের রক্ষী বাহিনী আছে। বিশেষ করে যেখানে মাফিয়ারা আধুনিক অস্ত্র শস্ত্রে সজ্জিত হয়ে বনাঞ্চল লুঠ করার প্রচেষ্টা করছে তাদের মোকাবিলার জন্য স্পেশাল প্রোটেকসন ফোর্স তৈরী করার চেষ্টা করছি। নর্থ বেঙ্গলে এই রকম একটা ফোর্স তৈরী করেছি, সাউথ বেঙ্গলেও তৈরী করব। আমরা মনে করি বন রক্ষা করতে গেলে শুধু মানব বেষ্টনী দ্বারা রক্ষা করা যাবে না, তার জন্য সম্মিলিত প্রচেষ্টা করতে হবে। মানুষের প্রয়োজন আছে, আমাদের দেশে পশু খাদ্য অর্থাৎ ফোডার তারপর ইনডাসট্রির কাঁচা মাল ইত্যাদি নানান্ প্রশ্ন এর সঙ্গে জড়িয়ে আছে। কাজেই আমাদের এই যে ফোর্স অর্থাৎ প্রোটেকসন ফোর্স এর

মধ্যে ওয়াচার, ফরেষ্ট গার্ড আছে এবং আমরা এই সঙ্গে একটা পিপলস কমিটি করবার চেষ্টা করছি। মাননীয় সদস্য জানেন পুরুলিয়ায় আমরা ব্যাপক সাফল্য লাভ করেছি, বাঁকুড়ার ব্যাপারেও আমি নিজে চোখে দেখে এসেছি। ৮০০টি কমিটি হয়েছে, তাঁরা রক্ষণাবেক্ষণ করছেন। যেসব বনাঞ্চল ডিগ্রেডেড হয়েছে তার প্রোটেকসন ফোর্সের মাধ্যমে সেগুলি রক্ষা করছে। মানুষের সঙ্গে যোগাযোগ করে জনমত সৃষ্টি করে অন্যান্য প্রদেশের তুলনায় আমরা এ ব্যাপারে সাফল্য লাভ করেছি।

**শ্রী গোবিন্দ বাউরী :** পুরুলিয়া, বাঁকুড়ায় কয়েক বছর আগে বনাঞ্চল নষ্ট হয়ে গেছে। এর পিছনে কোন রাজনৈতিক দলের মদত ছিল কিনা জানেন কি?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় :** ঠিক এইভাবে বলা যাবে না। বামফ্রন্ট ক্ষমতায় আসার পর থেকে বিরুদ্ধবাদী দল যারা আমাদের বিব্রত করতে চায় তারা বনাঞ্চলে হামলা করছে। অনেক বার আইন শৃঙ্খলা পরিস্থিতি খারাপ করবার চেষ্টা করেছে। কিন্তু পুরুলিয়া বা বাঁকুড়ায় এই ধরণের হামলা এখানে বিশেষভাবে বললে খুব সুখপ্রদ হবেনা। মাননীয় সদস্যদের পক্ষে, আমি দলবাজী করতে চাইছি না, ইনডিভিজুয়ালী কোন দলকেও বলছি না। আমি শুধু জানাতে চাইছি বনাঞ্চলের উপর হামলা হয়েছিল এবং মানুষ তার মোকাবিলা করেছে। নূতন জঙ্গল সৃষ্টি করেছে, পুরণো জংগল নূতন করে পল্লবিত হয়েছে। সমস্ত জিনিষটাকে আমি এখানে নামাতে চাইছি না, আমাকে ক্ষমা করবেন।

**[1.20 – 1.30 p.m.]**

**শ্রী গোবিন্দ বাউড়ি :** মাননীয় মন্ত্রী মহাশয় জানবেন কি, গত দুই তিন বছরে বাঁকুড়া এবং পুরুলিয়ায় ঝাড়খণ্ডী এবং কংগ্রেসের মদতে অনেক নতুন জঙ্গল যা বিনষ্ট হয়েছে এবং সেই জঙ্গল বিনষ্ট করে সেখানে ধানের যে জমি তৈরী করা হয়েছে, সেই জমি দখল করতে পেরেছেন কিনা?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় :** এই প্রশ্নটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিষয়টি নিয়ে আমরা বেশ কিছুদিন ধরে আলাপ-আলোচনা করছি। আমার আগে পরিমলদা ছিলেন, অচিন্তবাবু ছিলেন, তাঁদের সঙ্গে এই বিষয়ে আমার আলোচনা হয়েছে। আজকে বনাঞ্চল কিছু দখল হয়েছে। তবে পুরুলিয়ায় এইরকম দখলের পেছনে অন্য ইতিহাস আছে। সেই বিষয়টা হচ্ছে, পুরুলিয়া-ছোটনাগপুর জমি দখল আইনের সেই অধিকার দেওয়া ছিল, সেখানে কোর্ফা স্বত্ত্ব দেওয়া ছিল। তাতে যে কোন প্রজা রায়তি ব্যবস্থায় জমি চাষযোগ্য করলে তারজন্য পাট্টা দরকার হত না এবং সেই জমি এ্যাকুইজিশনও করা যেত না। সেক্ষেত্রে জমিদার কেবলমাত্র খাজনা পেতেন। ঐ আইন অনুযায়ী সেখানে কিছু বনাঞ্চল চাষযোগ্য করা হয়েছে। এই পথে সেখানে কিছু প্রটেকটেড ফরেষ্টকে চাষযোগ্য করা হয়েছে। পরবর্তীকালে বনের সীমানা নিয়ে মত পার্থক্য থেকে গেছে। দুঃখের বিষয়, বনের সীমানা সম্পর্কে সেটেলমেন্ট করা যায়নি, তবে সেটেলমেন্ট রেকর্ডে বহু জায়গা জবরদখল বলে রেকর্ড করা আছে। নানা কারণে আজকে জমির প্রয়োজন বেড়েছে, একসটেনসিভ এগ্রিকালচার হচ্ছে। এর ফলে আমাদের উপর চাপ বাড়ছে। আর এটা একটা নিরন্তর প্রচেষ্টা। যতই আইন কর, গাছ লাগাও বা নজরদারী কর; এটা হচ্ছেই। আজকে বনের সীমানা নির্ধারণ করতে রিভিশনাল সেটেলমেন্ট দরকার। একমাত্র তাহলেই এর চূড়ান্ত নিষ্পত্তি হবে। তা না করলে, হাইকোর্ট রয়েছে, সুপ্রিম কোর্ট রয়েছে, এসব দীর্ঘস্থায়ী হবে না। কাজেই বনের সীমানা আগে নির্ধারণ করবো এবং তারপরই বলতে পারবো যে এনক্রোচমেন্ট হচ্ছে কি হচ্ছে না। তবে এখন এনক্রোচমেন্ট হয়েছে। তবে সেখানে আরাবাড়ি মডেলে প্রজেক্ট গ্রহণ করায় এই রকম ধরণের জবরদখল ঘটনা খুব কমে গেছে। তবে এখানে কংগ্রেস বা ঝাড়খণ্ডীদের আমি ক্লিন চিট্ দিতে পারছি না বা গুড ক্যারেকটর সার্টিফিকেটও দিতে পারছি না সো ফার এ্যাজ দিজ, টু পলেটিকাল্ পার্টিস্ আর কনসার্ণড।

**শ্রী অমল ব্যানার্জী :** মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাইছি, আপনাদের নিশ্চয়ই একটা টার্গেট আছে যে, পশ্চিমবঙ্গে এই পরিমান বনাঞ্চল তৈরী করা হবে এবং বছর বছর এই পরিমান বনাঞ্চল সৃষ্টি করা হবে। আমার জিজ্ঞাস্য, তার কতটা ফুলফিল করেছেন বা সেটা করতে কত সময় লাগবে?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় :** মাননীয় সদস্যের প্রশ্নের উত্তর দিতে গিয়ে বলতে হয় সাটেনেবেল সারপ্লাস হয়েছে বাইরের জঙ্গল নষ্টের জন্য। সারা ভারতবর্ষে যা টারগেট সিক্সথ ফাইব ইয়ার প্লান এবং ফিফ্থ ফাইভ ইয়ার প্ল্যানে সেটা কোন জায়গাতেই এ্যচিফ করতে পারেনি। সো ফার এজ দি টারগেট ইজ কনসার্নড আপনারা জানেন ফাইভ মিলিয়ান হেক্টর টারগেল ছিল। সরকারী স্বীকৃতি থেকে বোঝা গিয়েছে, দিল্লির সরকারের কাছ থেকে জানা গিয়েছে অন পয়েন্ট সেভেন মিলিয়ন হেক্টর সেটা করতে পারেনি। কতখানি আছে তার হিসাব নেই। যে রকম হিসাব আছে সেই হিসাবের উপর দাঁড়িয়ে বলতে পারি যা টারগেট তা এ্যপিড করতে পারেনি। এটা আমার কথা নয়, এটা তাঁদের কথা। আমাদের এখানে একটা প্রকল্প চালু করেছি সেটা হল আরাবাড়ি মডেল। আরাবাড়ি মডেলে যেটা বলা হচ্ছে তা হল স্থানীয় এলাকার যে বনসম্পদ বৃদ্ধি হচ্ছে তেমনি স্থানীয় অধিবাসীদের দারিদ্র দুরীকরণেও সাহায্য করছে। যারা এই জঙ্গল রক্ষনাবেক্ষন করছে তাদের এবং রক্ষা করছে তাদের আমরা ২৫ পারসেন্ট লাভ থেকে দেওয়া হচ্ছে এবং বাকি আমাদের দপ্তরের কাজে লাগছে। এই আন্দোলনের মাঝে দাঁড়িয়ে ৩ হাজারের বেশী লোককে প্রতি মাসে ৫০০ টাকা করে দিতে পাচ্ছি। এই প্রকল্পের জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রসংশা পেয়েছি এবং "ইন্দিরা প্রিয়দর্শিনী বৃক্ষমিত্র" এয়োয়ার্ড পেয়েছি। সুতরাং সহজেই বোঝাযায় বনাঞ্চল সৃষ্টি করা এবং রক্ষনাবেক্ষন করার যে পদ্ধতি সেটা বিশ্লেষণ করলে আমরা এডভানটেজিয়াস পজিসানে আছি। ল্যান্ড রিফর্মস, পঞ্চায়েত ব্যবস্থা, জমি বিলি এবং সমস্ত রকম ডেমোক্রেটিক অরগানাইজেসানের ক্ষেত্রে আমরা এডভানটেজিয়াস পজিসনে আছি। এই এ্যাচিভমেন্ট অনেক দিন থেকে সুরু হয়েছে, এটা ওয়াল্ড ব্যাংক এবং কেন্দ্রীয় সরকারও বলছে। দিল্লির সরকারের ফরেষ্ট এনভারনমেন্ট ডিপার্টমেন্টে জয়েন্ট সেকরেটারী একটা চিঠি লিখেছেন সারা ভারতবর্ষের সমস্ত মন্ত্রীদের যে আপনারা পশ্চিমবাংলার ওই মডেল অনুসরণ করুন, কারণ পশ্চিমবংলার যে মডেল সেটা আইডিয়াল মডেল। আপনারা যদি বলেন সেই চিঠি আমার কাছে আছে আমি পরে সেটা এ্যাসেম্বলীর টেবিলে লে করতে পারি। অনেক সময় টারগেট যা তার বেশী হয়ে যাচ্ছে।

**শ্রী শীশ মহম্মদ :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি বন রক্ষা করার জন্য যে সমস্ত কর্মচারী নিযুক্ত আছে তারা বন কেটে বিক্রি করে দিচ্ছে এই রকম খবর আপনার কাছে আছে কিনা, যদি থেকে থাকে তাহলে তাদের বিরুদ্ধে কার্যকরী কি ব্যবস্থা নিয়েছেন?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় :** এই রকম খবর মাননীয় সদস্যর যদি জানা থাকে তাহলে জানাবেন। বনাঞ্চল হচ্ছে পাবলিক প্রপার্টি, কাসটোডিয়ান হচ্ছে মানুষ বা আপনারা। এই রকম ঘটনা ঘটলে আমরা এ্যকসান নিই। কিন্তু এটা একটা ঘটনা নয় যে এটা জেনারেল ট্রেন্ড যারা বন রক্ষনাবেক্ষন করে তারাই কেটে কেটে বিক্রি করছে। কোন কোন জায়গায় এটা হতে পারে, সেখানে আমরা আইনানুগ ব্যবস্থা নিচ্ছি, প্রসিডিংস ড্র করছি। সব ক্ষেত্রে এটা যদি বলা হয় তাহলে তাদের উপর অবিচার করা হবে বলে আমি মনে করি। জঙ্গল রক্ষা করার ব্যাপারে এডভার্স ক্লাইমেট এবং নানা ব্যাপার আছে। সমস্ত ফরেষ্ট প্রোটেকসান ফোর্সকে কিন্তু জেনারেল কনডেমনেসানের মধ্যে নেওয়া

যেতে পারে না, তবে ইনডিভিজুয়াল ল্যাপসেস আছে। কোন কোন গ্রুপ মিলেমিসে এই সমস্ত জিনিস করে এই ব্যাপারে যা নেবার সেটা আমরা নিচ্ছি।

**শ্রী যামিনী ভূষণ সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি পশ্চিমবাংলায় কত ভাগে বনাঞ্চল আছে এবং কত ভাগ বনাঞ্চল প্রয়োজন? উত্তরবঙ্গে এবং দক্ষিনবঙ্গে কত ভাগ গত ১০ বছরে বনাঞ্চল বৃদ্ধি পেয়েছে এবং তার পরিমান কত?

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** আপনি যে প্রশ্ন করেছেন এটা অত্যন্ত ব্যপক। আমার কাছে একটা স্টেটমেন্ট আছে জিওগ্র্যাফিক্যালি কোথায় কত বনাঞ্চল আছে। আমি এটা পড়ে দিতে পারি, এই স্টেটমেন্টটা একটু লম্বা। সেটা হচ্ছে স্কয়ার কিলোমিটার হিসাবে। ফরেস্ট এরিয়া কত তার ডিসট্রিক ওয়াইজ স্টেটমেন্ট আমার কাছে আছে। সেটা হ'ল total geographical area – 88752 square kilometre, Forest area 11879, Percentage of forest 17.40। কারণ আইডিয়ালিসটিক প্যারামিটার আছে। আপনি যে প্রশ্ন করেছেন সেটা হ'ল কি হওয়া উচিত।

জঙ্গলের ব্যাপারে বিশেষ করে নেচার এবং ইকোলজির ব্যাপারে সম্প্রতি সারা বিশ্বব্যাপী আলোচনা চলছে। বিভিন্ন দেশের লোক এ নিয়ে ভাবছেন। টোটাল ল্যান্ড এরিয়ার ৩৩ শতাংশ বনাঞ্চল হওয়া উচিত, কিন্তু আমরা এখনই আইডিয়াল প্যারামিটারে পৌঁছুতে পারবো না। আমার নিজের মনে হয়েছে যে এটা কোন জায়গাতেই করা যাবে না। কারণ ল্যান্ডের উপরে ক্রমাগত চাপ বাড়ছে। এগ্রিকালচার, পপুলেশান ইত্যাদি আছে, সেজন্য বনাঞ্চলকে এখনই বাড়ান যাবে না। তবে টোটাল এরিয়াকে আমাদের রক্ষা করতে হবে। ২নং হচ্ছে ফার্ম, ফরেষ্টি, ক্যানাল ল্যাণ্ড, রাস্তার দু'পাশ এবং প্রাইভেট ল্যান্ড এইসব জায়গাতে আমরা বন সৃষ্টির চেষ্টা করছি। ৩নং হচ্ছে, আপনাদের যদি নিজস্ব কিছু জায়গা-জমি থাকে তাহলে সেখানে অন্ততঃ পক্ষে ১০ শতাংশ জমিতে বন তৈরী করুন। আমরা ইন্ডাষ্ট্রিগুলিকে ডাইরেকটিভ দিয়েছি যে টোটাল ল্যাণ্ড এরিয়ার ১০ শতাংশে গাছগাছালি লাগাতে হবে। এইসব করলে, সব মিলিয়ে আমার মনে হয় গ্রীন এরিয়া বাড়বে। তবে বনাঞ্চলকে বাড়াবার মত অবস্থা এখনই নেই। নতুন টাউনশিপের ক্ষেত্রে বন সৃষ্টির জন্য ল্যান্ড স্পেস্ রাখতে হবে, সেখানে ফুলের গাছ, অন্যান্য গাছ লাগাতে হবে। এই ভাবে চেষ্টা করলে বনাঞ্চলের অভাব পূরণ হতে পারে। এবং আমরা এই রকম নানাভাবে অভাব পূরণ করার চেষ্টা করছি। মাননীয় সদস্য জানেন যে, আমরা এই ব্যাপারে অনেকখানি সাফল্য লাভও করেছি।

***১৬, *৮৭ নং প্রশ্ন স্থগিত।**

## Acquisition of house of Rishi Bankim Chandra Chattopadhyay

*18. (Admitted question No. *107) **Dr. TARUN ADHIKARI :** Will the Minister-in-charge of the Land and Land Reforms Department be pleased to state —

(a) if it is a fact that the State Government has taken steps for requisition / acquisition of the ancestoral house of Rishi Bankim Chandra Chattopadhyay at Kanthalpara in Naihati in 24-Parganas ; and

(b) if so, the total area of land acquired / requisitioned by the State Government ?

**[1.30 – 1.40 p.m.]**

**Shri Benoy Krishna Chowdhury :**

(a) Yes.

(b) The total area of land already taken possession of on requisition is 0.3661 acre (0.1482 hectares)

**ডাঃ তরুন অধিকারী :** বিনয়বাবু এখানে যে তথ্য দিয়েছেন তারজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। তিনি নিশ্চয়ই জানেন যে, এই বছরে সাহিত্য সম্রাট এবং জাতীয় মণীষী বঙ্কিমচন্দ্রে'র ১৫০তম জন্ম-বার্ষিকী উৎযাপিত হচ্ছে। তিনি জানেন যে, ১৯৬২ সালে গভর্ণমেন্ট নোটিফিকেশন করে ১.৩১৭১ একর জমি অধিগ্রহণ করার জন্য একটি সরকারী আদেশ জারী করা হয়েছিল। কোন অজ্ঞাত কারণে তা ইমপ্লিমেন্টড হ'ল না তা আমি জানি না, আশাকরি, তিনি এখানে তা আলোকপাত করবেন। এটি ইমপ্লিমেন্টেড করার জন্য গভর্ণমেন্টের তরফে সেখানে জমি এ্যাকুইজিশান নোটিশ সার্ভ করা সত্ত্বেও ইমপ্লিমেন্টেড হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় গত ১৮ তারিখে ওখানে নিজে গিয়ে দেখে এসেছেন। কি পরিমাণ জমি এসেছে অনুগ্রহ করে জানাবেন কি এবং সেখানে কি কারণে সমস্ত জমি বাদ দিয়ে একটা অংশ অধিগ্রহণ করা হল?

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** আপনি নোটিশ দেবেন। এইটা সেন্টিনারি ইয়ার বঙ্কিমচন্দ্রের সেইজন্য করা হয়েছে। এটা রিকুইজিশান ডিপার্টমেন্ট করে। আর ল্যান্ড রিফোমর্স এই ডিপার্টমেন্টটা ইন দি ম্যাটার অফ ল্যান্ড একুইজিশান এই প্রোপজালটি পাঠালে পরে আমরা কাজ করি। এর আগে এখানে যেটা হয়েছে সেটা হচ্ছে The proposal for the acquisition of land has been started under Act II of 1948 ....requisition followed by acquisition ... The Collector of North 24-Parganas took possession of land under Section 31 of Act II on 18th June, 1988. The notice was given under Section 12(c) bearing No. 48981 L.A. dated 30th August, 1988 has been sent for publication to the Calcutta Gazettte (Extraordinary) dated 9th September, 1988. Payment of the compensation will be made soon after observing the required formalities. এটা তাড়াতাড়ি করার জন্যে করা হয়েছে। এই হচ্ছে ব্যাপার।

**শ্রী আবদুস সাত্তার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বঙ্কিমচন্দ্রের বাড়ির টোটাল ১.৭২০০ জমি আপনার ৩০.৫.৬২ সালে নোটিফিকেশান হয়, সেই নোটিফিকেশান নং হচ্ছে ৬৮/৪ এল. এ., এটি পোপ্রজড্ রিকুইজিশান হয়ে ছিল। সুতরাং একুইজিশান অফ ল্যান্ডস্ ১৩১৭১ এরিয়ারস্ টোটাল ল্যান্ডের থেকে করা হয়েছিল। এটা একুইজিশান করা হয়েছিল ১৯৬২ সালে। তখন ০.৩৬৬১ এরিয়াস্ একোয়ার করা হয়েছিল। আমার প্রশ্ন যে জমি একোয়ার করা হয়েছে ইন দি ইয়ার ১৯৪৮ এ্যাক্ট (।।) সেই অনুসারেই রিকুইজিশান করে থাকেন। তাহলে কি সেটাকে আপনারা ডিরিকুইজিশান করে দিয়েছেন। ইন হুইচ ইয়ার করেছেন।

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** টোটাল ল্যান্ডটা নেওয়া সম্ভব নয়, তার ভাইয়েরা রয়েছেন, তাছাড়া মামলা-মোকাদ্দমা চলছে। সেই কারণে একটা প্রবলেম রয়ে গেছে। কিন্তু যেহেতু সেন্টিনারি ইয়ার ছিল সেইজন্য আমি নিজে গিয়ে দেখেছিলাম কি করে ব্যবস্থা নেওয়া যায়। এতো প্রবলেম যে অসুবিধা আছে। তা সত্ত্বেও আমরা দেখলাম তাঁর বসতবাটীটি নিয়ে কোন প্রবলেম নেই। সেই কারণে ঠিক করলাম ওটা নিতে কোন অসুবিধা নেই।

**শ্রী আবদুস সাত্তার :** আপনারা ১৯৬২ সালে একবার এ্যাকুইজিশান করেছিলেন। সুতরাং ১৯৬২তে একবার এ্যাকুইজিশান করার পরে সেটা আবার রিকুইজিশান করা হল। তাহলে কি ওই সম্পত্তি দুবার করে রিকুইজিশান করা হল?

**[1.40 – 1.50 p.m.]**

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** আপনি ভাল করে খবর নিন বিশেষ একটা আইন হয়েছে, এখন তিন বছরের ভেতর না করলে ল্যাপস হয়ে যায়। আপনি ভাবছেন যে এ্যাকুইজিশান করা হয়েছিল সেটা ভ্যালিড আছে, সেইজন্য আমি বলছি আপনি ভাল করে খবর নিন ফার্স্ট নোটিফিকেশানটা ল্যাপস হয়ে গিয়েছে।

**শ্রী আবদুস সাত্তার :** আপনি যে এটা চেঞ্জ করেছেন, ল্যাপস করেছেন, কোন আইনে?

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** আপনি এ্যাক্ট ওয়ানে এ্যাকুইজিশান যেটা বলছেন সেটা ল্যাপস হয়ে গিয়েছে, সেইজন্য টু-টা করতে হচ্ছে।

(গোলমাল)

**মিঃ স্পীকার :** বিনয়বাবু এই ভাবে তো হয় না, প্রশ্ন এলে উত্তর দেবেন।

**শ্রী সৌগত রায় :** স্যার, ব্যাপারটা খুব সিরিয়াস। ৩০.৫.৬২ তারিখে ল্যান্ড এ্যাকুইজিশান করা হয়েছিল ১.৩১৭১ এক্রস। কিন্তু ২০.৬.৮৮ তারিখে ভুল অর্ডার দিয়েছেন ০.৩৬৬১ একরস্। তারপরে কি দেখা যাচ্ছে বঙ্কিমের বাড়ী যেখানে বাড়ী যেখানে ১.৩১৭১ এক্রস এ্যাকুয়ার করা ছিল সেখানে কি করে এ্যাকুয়ার করা হচ্ছে ০.৩৬৬১ একরস। আসল কথা হচ্ছে যে, সেখানে জমিটা সেন্ট্রাল গভর্ণমেন্ট থেকে এ্যাকুয়ার করে একটা মিউজিয়াম করা হবে। কিন্তু এখন যেটুকু এ্যাকুয়ার করলেন তার মানে কি ওখানে সি. পি. এম.-এর লোকেরা জবর-দখল করে বসে আছে, সেইজন্য জায়গাটা ছেড়ে দিলেন?

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** আপনারা বলছেন যে ১৯৬২ সালে এ্যাক্ট ওয়ানে যেটা নেওয়া হয়েছিল সেটার ভ্যালিড আছে। কিন্তু তখন যে নোটিফিকেশান করা হয়েছিল, আর এখন যে প্রসিডিওর আছে, এ্যাক্ট ওয়ানে যেটা নেওয়া হয়েছিল সেটাকে যদি তিন বছরের মধ্যে না নেওয়া হয় তাহলে ল্যাপস হয়ে যায়। এখন ব্যাপার হচ্ছে যে ওদের ওখানে কিছু আত্মীয়-স্বজন আছে, তারা সেদিনও আমার কাছে এসেছিল। ওদের যারা নিকট আত্মীয় তাদেরকে কি ভাবে সরাবেন, সেই ব্যাপারে নানা রকমের প্রশ্ন উঠেছে। ওদের যারা নিকট আত্মীয় তাদেরকে কি ভাবে সরাবেন, সেই ব্যাপারে নানা রকমের প্রশ্ন উঠেছে। সেইজন্য মূল বাস্তুভিটাকে নিয়ে যাতে আরম্ভ করা যায় সেটা দেখতে হবে। ওখানে মিউজিয়াম, লাইব্রেরী, রিসার্চ সেন্টার তৈরী করা হবে। এখন প্রশ্ন হচ্ছে ওরা ওখানে আছে সেটাকে বাড়িয়ে যদি দুই তিনতলা করা যায় তাহলে সবগুলি হতে পারে। সেখানে একটা কমিটি আছে, তারাও এই ব্যাপারে আলোচনা করছেন, তবে এটা জবর-দখল নয়।

**মিঃ স্পীকার :** ওয়ান মোমেন্ট, আমি জানতে চাই ১৯৭৮ সালে আমি মন্ত্রী ছিলাম, তখন যতীনবাবু এবং আমি ওখানে একটা প্রোগ্রাম করতে গিয়েছিলাম, তখন দেখেছিলাম একটা অংশ খালি আছে, বাড়ীটা ভেঙ্গে গেছে, আর একটা অংশে ওঁরই ডিপেন্ডেন্ট আত্মীয়রা ওখানে বসবাস করছেন। স্বাভাবিকভাবে যে অংশে ফ্যামিলি মেম্বাররা বসবাস করছেন সেটাকে এ্যাকয়ার করা প্রবলেম হবে, তাঁরা কোর্টে যাবেন, মামলা হবে, অনেক ডিফিকাল্টি হবে। যেটুকু পরে এ্যাকয়ার করেছেন বাদবাকি এ্যাভেলেবল পোর্সান যেটুকু দখল করা যাবে সেটাকে এ্যাকয়ার করেছেন কিনা?

**শ্রী সৌগত রায় :** বাড়ীর সাথে কমপাউনড আছে, সেখানে জবর দখল আছে, সেই পোর্সানটা এ্যাকয়ার করেছেন কিনা?

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** সবটা নয়।

**মিঃ স্পীকার :** ট্রেসপাসারস-এর জায়গা এ্যাকয়ার করা যায়, কিন্তু যেখানে আত্মীয়রা দখল করে আছে সেটা কি করে এ্যাকয়ার করবে?

**শ্রী সুদীপ বন্দোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা প্রশ্ন করতে চাই কিছুদিন আগে সরোজ মুখার্জী যিনি সি পি এম দলের নেতা তিনি বলেছিলেন যে আনন্দ মঠ হচ্ছে একটা সাম্প্রদায়িক পুস্তক। বংকিমচন্দ্রের ১৫০ তম শতবার্ষিকী পূর্তি উপলক্ষে যে কর্মসূচী নেওয়া হয়েছিল সেখানে আনন্দ মঠকে তিনি সামপ্রদায়িক পুস্তক বলে অভিমত করেছিলেন। এই নিয়ে যথেষ্ট বিতর্ক উঠেছিল।

**মিঃ স্পীকার :** পার্টির লোক কে কি বলেছেন মন্ত্রী তার কি উত্তর দেবেন? কোয়েশ্চেন নট এ্যালাওড।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল :** আমার প্রশ্ন হল কোয়ানটাম অব ল্যান্ড নিয়ে বিতর্ক হচ্ছে, ১৯৬২ সালে প্রথম যখন এ্যাকুইজিসানের জন্য নোটিফিকেশান হল তখন থেকে আজকে ১৯৮৮ সালের শেষ ভাগ, আজকে ২৫ বছর শেষ হতে চলল, এতই যখন ভাবনা-চিন্তা ছিল তখন ১৯৬২ সাল থেকে আপনারা ১৯৭৭ সালে এলেন এতদিন ধরে এটার প্রপার ইমপ্লিমেন্টেশানের জন্য কোন স্টেপ কেন নেওয়া হয়নি, তার কি উত্তর আছে?

**মিঃ স্পীকার :** এটা হয় না।

## *19, *20, *21 Held Over

## Funds Sanctioned for Social Forestry Programmes

*22. (Admitted question No. *46) **Shri SAUGATA ROY :** Will the Minister-in-charge of the Panchayats and Community Development Department be pleased to state —

(a) the total amount sanctioned by the Government of India for the Social Forestry Programmes under the Rural Landless Employment Guarantee Programmes in West Bengal during the last four years ;

(b) the amount remained unspent so far : and

(c) the reasons thereof ?

**Shri Benoy Krishna Chowdhury :**

(a) the following, yearwise, was the amount sanctioned by the Government of India :

| | | |
|---|---|---|
| 1984-85 | — | Nil |
| 1985-86 | — | Rs. 602.400 lakhs |
| 1986-87 | — | Rs. 539.800 laksh |
| 1987-88 | — | Rs. 534.000 lakhs |
| | Total | Rs. 1696.200 lakhs |

(b) Out of hte aferesaid amount of Rs. 1696.200 lakhs, the amount that remained unspont as on 1st April. 1988 was Rs. 287.123 lakhs.

(c) The social forestry Programme being a new one to RLEGP having been interduced in the year 1985-86, it took a full year for the Programme to catch up. Even so, at the end of the 3rd year ntilization of funds was more than 83 per cent. Moreover, a quantum of expenditure always remains in the pipeline before it is percolated to the head quarters from the panchayat Samitis. The Zilla Parishad.

**[1.50 - 2.00 p.m.]**

**Shri Saugata Roy :** The Minister has pointed out that in a few cases as the information came to me that an amount of Rs. 4.05 crores has been spent according to the allotment of the total amount. But an amount of Rs. 16 crores has been sanctioned from the Central Government for the purpose of extending benefits to the poorer section of the rural people under the Landless Employment Guarantee Programme. For this purpose the Social Forestry Development Department has already spent an amount of Rs. 2.5 crores out of the total allotment sanctioned by the Central Govt. According to my information the amount was spent in Malda, Murshidabad, Krishnagar etc., except Bankura. There has been limited success. Now will the Hon'ble Minister be pleased to stated as to further what administrative action has been taken in this regard ?

**Mr. Speaker :** It is not a correct question that the programme was laid down and that the amount has been spent. That is not the real reason. The amount has been spent - an amount of Rs. 2 crores 85 lakhs has been spent to serve the purpose of the Programme.

**Shri Binoy Krishna Chowdhury :** The amount as received has been spent. The matter relates only to the amount of Rs. 2.85 crores.

**শ্রী সৌগত রায় :** আমার কাছে যে রিপোর্ট আছে তাতে দেখছি বিভিন্ন জায়গায় বাবলা গাছ লাগান হয়েছে — ছায়া দেয় এরকম গাছ লাগান হচ্ছে না। আমার প্রশ্ন হচ্ছে, সোস্যাল ফরেষ্ট্রি স্কীমে যাতে ভ্যালুয়েবেল গাছ লাগান হয় এবং কেন্দ্রীয় সরকারের টাকার সদ্ব্যবহার হয় সেটা আপনি দেখবেন কি?

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য প্রথমে শুধু ফিগার নিয়ে চ্যালেঞ্জ করেছিলেন।

**মিঃ স্পীকার :** মিঃ রায়, আপনি প্রথমে ফিগার নিয়ে চ্যালেঞ্জ করেছিলেন এবং এখন আবার এইসব প্রশ্ন তুলছেন। এর জবাব দিতে হলে নোটিশ চাই।

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য, সৌগতবাবু প্রথমেই ফিগার নিয়ে আমাকে চ্যালেঞ্জ করলেন। এটা ওঁদের জানা উচিত ওয়েষ্টবেঙ্গলের সোসাল ফরেষ্ট্রি ইমপ্লিমেনটেসনের দিকটা এবং এই ব্যাপারে কেন্দ্রের চার্জে যিনি ছিলেন ডঃ কমলা চৌধুরী, তিনি নিজে এসে এটা দেখে গেছেন এবং তিনি বলে গেছেন ওয়েষ্ট বেঙ্গলের সমস্ত দিক থেকে বেষ্ট পারফরমেন্স ইন ইন্ডিয়া — এটা আপনাদের জানা উচিত। This is also admitted by all excepting you for some political reasons. It is accepted by all.

**Mr. Speaker :** Mr. Roy, you have said that Babla tree লাগানো হয়েছে, বাজে গাছ। That is a matter of opinion. In your opinion, Babla tree is irrelevant but it may be relevant to others. How do you decide upon that ?

**শ্রী সৌগত রায় :** স্যার, সোস্যাল ফরেষ্ট্রের একটা স্কীম আছে। সেই স্কীমটা হল এই, এমন গাছ লাগানো হবে, যেটা হয় ছায়া দেবে, না হয় গ্রামের লোকের টিম্বারের কাজে লাগবে।

**Mr. Speaker :** Mr. Roy, as far as I know, I am coming from a rural constituency. You have also represented once in the Lok Sabha from the Barrackpore Constituency. Now, I am told over that Babla trees in the rural areas are very useful because for the plough the wood is very useful. I have come from a rural constituency. I have some knowledge on the rural areas. I am not entirely unaware of it. Then, I am also told further that in the rural areas nowadays the jute cultivation is dwindling. As the jute cultivators are not getting a good price for the jute crops, they are going to cultivate other crops. The jute crops would provide us with fuels and ***pathkathis*** for cooking

purposes. The Babla tree itself is also a very good fuel. The trees will be replaced by ***pathkathis*** in future which will be a source of income in the rural areas. The mango and jackfruit trees cannot be used as fuel goods. But whether it is a capital investment of whether it will be a source of income in future in the rural areas, that is to be seen. I represent myself in the rural areas. I am telling you from my experience of what the people have told me there. Mr. Roy I, by virtue of my being the Speaker, am not debarred from attending the Panchayat Samity and Zilla parishad meetings which I attend regularly in my Amdanga Block Panchayat. I have made myself aware of this programme in my constituency and I have been told that Babla tree is one of the most popular trees in the rural areas for the rural people because of fire wood and for the plough.

**শ্রী বিনয় কৃষ্ণ চৌধুরী :** মাননীয় স্পীকার মহাশয়, এখানে বাবলা গাছ নিয়ে ঝগড়া করার কোন দরকার নেই। আমরা কোনদিনও বলিনি যে শুধুই বাবলা গাছ লাগাব। এই দিকটা আমরা ইমপ্রুভমেন্ট করার চেষ্টা করছি। আমরা ফরেষ্ট ডিপার্টমেন্টকে বলেছি, সমস্ত রকম গাছই যাতে লাগানো হয় সেটা আপনারা দেখুন। বহুদিন ধরে আমি তাদের সঙ্গে এই ব্যাপারে কথা বার্তাও বলে আসছি এবং আমরা ভেরিয়াস টাইপের গাছ লাগানোর চেষ্টা করছি। এক সময় আকাশমণি অষ্ট্রেলিয়ান ইউক্যালিপটাস লাগানো হচ্ছিল। সে সময় যেটা রেডিলি এ্যাভেলেভল্ হয় সেটাই তারা দেয়। আমরা পলিসি নিয়েছি যে, সব রকম গাছই লাগানো হবে। এতে মানুষ আরো ইন্টারেষ্টেড হবে এবং এর একটা ইকনমিক ভ্যালু'ও হতে পারবে এবং ফরেষ্ট সোসাল ইকনমি গড়ে তুলতে সাহায্য করবে। কোন জায়গায় অর্জুণ গাছ হচ্ছে, কোথাও সেবি-কালচার করা হচ্ছে, আবার কোথাও ফলের গাছ করা হচ্ছে। সেন্ট্রাল গভর্নমেন্টের ইভ্যালুয়েসনের দিক থেকে আমাদের পোজিসন হচ্ছে ফার্স্ট ইন ইনডিয়া। দেয়ার ইজ নো স্কোপ ফর কমপ্ল্যাসেনসি। এটা যাতে আরো বেটার হয়, সেই জন্য নানা রকম ভাবে আমরা এটাকে আরো ইউজফুল করার চেষ্টা নিশ্চই করব।

## Examination of suggestions of the Central Board of Forestry

*23. (Admitted question No. *124) **Dr. SUDIPTO ROY and Shri SAUGATA ROY :** Will the Minister-in-charge of the Forest Department be pleased to state —

(a) whether the State Government has examined the suggestions of the Central Board of Forestry for a complete ban on felling of trees in the state ;

(b) if so, the contemplation of the Government in the matter :

(c) the estimated loss of revenue per year in case such a ban is imposed in the State ; and

(d) the amount of compensation proposed in this regard by the Central Board ?

**Dr. Ambarish Mukhopadhyay :**

(a) The recommendations are under examination of the State Government.

(b) In view of (A) above, does not arise.

(c) Rs. 310 million per year (approx.)

(d) Not yet decided.

**শ্রী সৌগত রায় :** এই যে আপনি বললেন যে এখনও কোন সিদ্ধান্ত নেন নি, আমি কি এটা ঠিক বলব যে এখনও সিদ্ধান্ত নেওয়া হয়নি? আমি বলছি, পশ্চিমবাংলায় যে রকম ভাবে বনাঞ্চল লোপ পাচ্ছে তাতে এ ব্যাপারে মন্ত্রীমহাশয়ের আরো সিরিয়াসলি এটা দেখা উচিত। সেন্ট্রাল বোর্ড অব ফরেষ্ট্রি-অলরেডি রেকমেন্ড করেছেন। মন্ত্রীমহাশয় এর মেম্বার রয়েছেন। যে রেভিনিউ লসের কথা বললেন সেটা খুব মেজর নয়। এটা ওভারক্যাম করে তা মেনে নেওয়া উচিৎ।

**[2.00 – 2.10 p.m.]**

**Dr. Ambarish Mukhopadhyay :** The point is that it is under examination. There are so many points. Such as–

(i) felling of trees on river banks and on identified critical watershes stopped;

(ii) Such areas have already been put under the protection-working-circle.

We are planting such areas after clear felling. This is commensurate with Agenda item No. 2 and 3. About 32% of the total forest area is already under wildlife sanctuaries, national park, tiger reserves and preservation plote and natural reserve, etc. Most forests, where felling arrangement is undertaken, are convered with management plan or schemes.

Now the question is about total moratorium on felling. This matter has been discussed at the highest level. Now there are so many things which are required to be taken into consideration, such as–

(i) household implements ;

(ii) agricultural imploments, i.e., what are the revenues that have to be maintained ? There are so many things to be maintained. All the things have been examined. But the basic recommendations of the

concerned department of the Government of India have been taken care of regarding all these things. So, in totality, I tell you that those are the questions. Then, what is the extimated loss ? The loss of revenue to the tune of Rs. 31 crores, is not a matter of joke. This has to be supplemented by the Govt. of India. So, in this regard correspondences have been made with them. Los of things have been done. The point is that certain basic recommendations have been accepted - not only accepted - but have been implemented.

**শ্রী মাধবেন্দু মহান্ত :** সামাজিক বনসৃজনের যে উদ্যোগ নেওয়া হয়েছে সেটা অত্যন্ত প্রশংসনীয় কাজ। কোথায় কোথায় ত্রুটি থাকলেও আমাদের নদীয়া জেলার কথা বলতে পারি যে সেখানে বেশ দ্রুতগতিতে এর কাজ চলছে এবং বিভিন্ন জায়গায় ফরেষ্ট বাড়াবার চেষ্টা চলছে। সেখানে বিশেষ করে রাস্তার ধারে ধারে যে সমস্ত গাছ আছে সেগুলি স্বল্প ব্যয়ে রক্ষণা-বেক্ষনের জন্য তার যেগুলি লাগানো হয়েছে তার চারপাসে বাবলা গাছ লাগানো হয়েছে। এই বাবলা গাছ যেগুলি লাগানো হয়েছে সে ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় কি কোন সিদ্ধান্ত করেছেন যে সেগুলি পঞ্চায়েতের হাতে তুলে দেওয়া হবে এবং গ্রামবাসীরা শস্তা দরে সেগুলি তাদের ব্যবহারের জন্য পাবে?

**ডাঃ অম্বরীশ মুখার্জী :** সামাজিক বনসৃজন একটা নতুন চিন্তা। আজকে সারা ভারতবর্ষে এই বন তৈরীর ব্যাপারে আলোচনা হচ্ছে। সারা বিশ্বেও আলোচনা হচ্ছে, বিশেষ করে তৃতীয় বিশ্বের দেশগুলিতে আলোচনা হচ্ছে। এতে ওয়ার্ল্ড ব্যাঙ্ক আছেন, 'ফাউ' আছেন, ভারতবর্ষের জ্ঞানীগুনি লোকরা আছেন, বিভিন্ন ইউনিভার্সিটির লোকরা আছেন, গভর্নমেন্ট অব ইন্ডিয়া আছেন, তাদের সকলকে ডেকে আলোচনা করা হচ্ছে। সম্প্রতি দুটি ওয়ার্কশপও আমরা করেছি। অনেকে প্রশ্ন করেন, আপনারা কি গাছ লাগাচ্ছেন বা ইউক্যালিপটাস গাছ কেন লাগাচ্ছেন? ৬শো প্রজাতির ইউক্যালিপটাস গাছ আছে। আর যখন একটা গাছ বাইরে থেকে আসে, সেই গাছ যখন লাগান হয় তখন তাকে এ্যাকলিমেটাইজড করতে হয়। সেই গাছ যত বাড়ে তত জলের দরকার হয়। আমাকে জিজ্ঞাসা করা হয়েছে যে আকাশমনি কেন লাগাচ্ছেন? একটা বন্ধুর ভূমির উপরের সয়েলটা নষ্ট হয়ে গেছে সেখানে কি গাছ লাগান হবে? আমরাতো একটা গাছ তৈরী করার কাজ নয়। এটা বাঞ্ছারামের বাগান নয়, এটা হচ্ছে পুরোপুরি ভাবে একটা কোয়ান্টাম জাম্প। আমাকে কষ্ট বেনিফিট দেখতে হবে। মাটি থাকবে কিনা মাটির নীচে জল ধারণ করবে কিনা সেগুলি দেখতে হবে। তারপরে আবহাওয়া গরম হওয়ার ব্যাপার আছে। কাজেই সব দিক বিবেচনা করে আমাদের কাজ করতে হয়। তারপরে বলা হয়েছে যে রাস্তার ধারের গাছগুলি কি করে বাঁচান হবে? আপনি বলতে পারেন বা অন্যরা বলতে পারেন যে লোহার খাঁচায় করে দেওয়া হোক। কিন্তু সেখানে খরচের একটা প্রশ্ন আছে। ভাল ভাল গাছ লাগালে সেটা আবার রক্ষণা-বেক্ষণের প্রশ্ন আছে। কাজেই বাবলা গাছ লাগানো হয়েছে। এখন আবার থ্রি টায়ার ফরেষ্ট্রি, ফোর টারায় ফরেষ্ট্রি, মাল্টি টায়ার ফরেষ্ট্রি হচ্ছে। এখানে বাবলা গাছ লাগানো হচ্ছে। আমরা যদি পথের ধারে আতা গাছ, পেয়ারা গাছ লাগাই তাহলে সেটা কি ওরা রক্ষা করতে পারবে? ছাগল, ভেড়া ইত্যাদি নানা রকম স্ট্রিট ক্যাটল আছে তারা সেগুলিখেয়ে ফেলবে। তারপরে ডাল কেটে নেবে, ভেঙ্গে ফেলবে ইত্যাদির ব্যাপার আছে। আপনি জানেন যে শিউড়িতে একস্যাস্ট্রিমিষ্টদের এলিমেন্টদের হাত থেকে রক্ষা করার জন্য পুলিশ উদ্যোগ নিয়েছিল ক্যানেল ব্যাঙ্কের কাছে। কাজেই সোসাল ফরেষ্ট্রির ব্যাপারে এই রকম নানা ব্যাপার আছে। সব কিছু করা যায়না। কাজেই আমরা বাবলা করেছি। এখানে বলা হয়েছে যে বাবলা দিয়ে রক্ষা করার ব্যাপারে কোথায় ঠিক হয়েছে? এটা

কি কলকাতায় বসে ঠিক হবে? কলকাতা থেকে পশ্চিমবঙ্গটা অনেক বড়। সেখানকার মানুষ বাবলা প্রয়োজনীয়তা, বাবলা গাছের প্রয়োজনীয়তা বোঝে। কাজেই সেখানে বাবলা গাছ লাগান হয়েছে। যদি অসুবিধার সৃষ্টি হয় তখন কেটে ছেটে দেওয়া হবে। এতে অসুবিধার কি আছে আমি বুঝতে পারছি না। মাননীয় সদস্য আপনাকে ধন্যবাদ দেই যে আপনি এটা বুঝেছেন। আপনি গ্রামে থাকেন, কৃষক আন্দোলনের সঙ্গে যুক্ত আছেন। আপনি সেখানে এগুলি দেখেছেন। অমরা বারবার সিমিলার সিমপোরিয়াম করার চেষ্টা করছি। এরপরে যখন সেমিনার করার হবে তখন দরকার হলে আমরা ডাকবো। সেখানে সাজেসান থাকলে আপনারা দেবেন। সেখানে এক্সপার্ট থাকবে, আমরাও থাকবো। আমাদের বিজ্ঞান সম্মতভাবে কাজ কর্ম করতে হয়। ফরেষ্ট এনভারমেন্ট সৃষ্টির জন্য আমরা খুবই সজাগ। রাশিয়ান কান্ট্রির সঙ্গে আমাদের কথাবার্তা চলছে। আপনি নিশ্চয়ই কাগজে এই সম্পর্কে দেখেছেন। ওরা বলছেন নেচারকে কনসার্ভ করুন। এ্যামেরিকান জার্ণালগুলোতেও অনেক সংবাদ বেরিয়েছে। বড় বড় বই আমাদের কাছে আসছে। তারা বলছে নেচারকে বাঁচান, ইকোলজিকে বাঁচান তা নাহলে সমস্ত বিপন্ন হবে। আমরা বিজ্ঞানের উপরে দাঁড়িয়ে আমাদের যে লিমিটেশন আছে, আমাদের যে চিন্তাভাবনা আছে সেগুলি নিয়ে আমাদের ওয়ার্কিং প্লান করতে হচ্ছে। মাননীয় সদস্যদের বলবো যে আপনারা ওয়ার্কিং প্ল্যানগুলি পড়ুন এবং তারপরে সমালোচনা করুন। তারপরে সমালোচনা করুন তাহলে সেগুলি আমরা মেনে নিতে পারি।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received two notices of adjournment Motion. The first is from Shri Saugata Roy and Dr. Tarun Adhikari on the subject of fate of the report of the inquiry committee regarding police firing at Bagdia Village of Nadia District and the second is from Shri Mannan Hossain on the subject of alleged murder of five persons on 3.9.88 and two persons on 6.9.88 in Murshidabad District.

The First adjournment motion is out of order as earlier a question was given on the subject, as such, Shri Mannan Hossain will read the text of his adjournment motion, as ammended.

**শ্রী মান্নান হোসেন :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতুবী রাখছে। বিষয়টি হল —

মুর্শিদাবাদ জেলার বহরমপুর থানার নগরাজল গ্রামে গত ৩.৯.৮৮ তারিখে ৫ জন মানুষ খুন হবার পর গতকাল ৬.৯.৮৮ তারিখে হরিহরপাড়া থানার খিদিরপুর গ্রামের কাছে আরও ২ জন মানুষ খুন হয়েছেন।

**[2.10 – 2.20 p.m.]**

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received three notices of Calling Atten-

tion, namely : - (1) Lock out at Bata Company — Shri Abul Bassar, (2) Reported death of five persons at Nagrajal village in Mushidabad district on 3.9.88 — Shri Mannan Hossain. (3) Spreading of rumour regarding murder of death in Katra Masjid incident on 24.6.88 — Shri Jayanta Kumar Biswas. On this subject matter an enquiry Commission has been set up to enquire in to the incident. Any matter pending before a enquiry commission cannot be refered in the House.

I have selected the notice of Shri Abdl Bassar on the subject of Lock out at Bata Company. The Minister-in- Charge will please make a statement today, if possible or give a date.

**Shri Abdul Quiyom Molla :** On 9th, Sir.

**Mr. Speaker :** Now the Minister of Commerce and Industries Department will make a statement on the subject of closure of Mayurakshi Cotton Mill and the State Government's decision thereon. (Attention Called by Shri Dhirendra Nath Sen on the 1st September, 1988.)

**Shri Asim Kumar Das Gupta :** Sir,

1. Hon'ble Members are aware that Mayurakshi Cotton Mills which employs about 600 workers is a sick unit in the district of Birbhum.

2. Pursuant to a decision taken in 1977, the Mills are managed by a Board of Directors in which the IRBI has two nominees including the Chairman. The other nominiees are from the Government of West Bengal, the IFCI, the SBI and the previous entrepreneur group.

3. The State Government, considering the precarious financial position of the Company, declared it as a relief undertaking in 1977 under the provisions of the West Bengal Relief Undertakings (Special Provisions) Act, 1972. The present notification in this regard is valid upto 20.2 1989.

4. The operation of the Mayurakshi Cotton Mills was closed with effect from the 10th October, 1984 mainly due to paucity of funds. The State Government was seized of the problem. On the basis of a gurantee provided by the State Government, the IRBI and the SBI together advanced funds aggregating to Rs. 58.50 lakhs and the unit strted functioning with effect from the 26th November, 1985. But, in less than six (6) months time, the Mills had to be closed down again with effect from May, 1986.

5. Revarting back to the financial position of the Company, I want to make it clear that the net worth of the Company has been eroded to a considerable extent. The present value of the assets of the Company is approximately Rs. 110 lakhs,but the total liabilities of the Company stood at Rs. 613 lakhs approximately as on 31.3.1987. The loan burden from banks and financial institutions amounted to Rs. 534 lakhs (approx.) as on 31.3.1987.

6. In order that the Mills could rasume operation, an enquiry team consisting of experts from the IRBI, SBI, IFCI and the State Government coducted a viability study. The report of the study has been discussed and examined at various levels.

7. The State Government is making every effort to reopen the Mills. Meanwhile, the affairs of the Mayurakshi Cotton Mills Ltd. have been referred to the BIFR. The entire matter is now under examination by the BIFR. Preliminary discussions with the IRBI and other concerned institutions have been held. The State Government is awaiting the findings and recommendations of the RIFR.

**Mr. Speaker :** Copy of the Statement will be circulated.

### Statement under rule 346

**Mr. Speaker :** Now, the Minister-in-charge of the Food and Supplies Department will make a statement under rule 346 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly on the failure of the Union Government in supplying their own allotted quota of rice during the recent months in the State, particularly in Calcutta.

**শ্রী নির্মল কুমার বোস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপরিচালনাবিধির ৩৪৬ ধারা অনুসারে আমি বিধানসভার মাননীয় সদস্যদের অবগতির জন্য নিম্ন বিবৃতি পেশ করছি।

পশ্চিমবঙ্গে রেশন ব্যবস্থা চালু রাখার জন্য আমাদের যে পরিমান নিতান্ত প্রয়োজন অর্থাৎ, প্রতি মাসে ১ লক্ষ ২৫ হাজার মেট্রিক টন তা তো দূরের কথা, মাসিক বরাদ্দ কমাতে কমাতে কেন্দ্রীয় সরকার এখন যে ৮০ হাজার মেট্রিক টন বরাদ্দ করেছেন, তাও কেন্দ্রীয় সরকার ও তাদের সংস্থা ফুড করপোরেশন অফ ইন্ডিয়া (এফ.সি.আই) এই রাজ্যের জন্য দিচ্ছেন না। গত মাসে (আগষ্ট, ১৯৮৮) এই চাল সরবরাহের পরিমাণ এত কম ছিল যে প্রায় সারা মাসই কলকাতার অধিকাংশ রেশন দোকানে চাল দেওয়া যায় নি। হুগলী, মুর্শিদাবাদ এবং বনাবিধ্বস্ত কোচবিহার ও পশ্চিমদিনাজপুর জেলাতেও সরবরাহ বিপর্যস্ত হয়েছে। তাই, রাজ্যের সর্বত্র রেশন বরাদ্দ কমিয়ে দিতে হয়েছে এবং বহু স্থানে

কোথাও এক সপ্তাহ, কোথাও বা দুই সপ্তাহ রেশনে কোন চাল দেয়াই যায় নি।

এর মধ্যে কলকাতার অবস্থাই ছিল সবচেয়ে খারাপ। কলকাতা পৌর এলাকার মোট ৪৬, ৪৫, ৮০৬ টন রেশন গ্রহীতার জন্য ১৩০০ টি রেশন দোকানের মাধ্যমে প্রতি দিন দিতে হয় ৯৫০ মেট্রিক টন। (উত্তর কলকাতার জন্য ৩৫০ মেট্রিক টন, এবং দক্ষিণ ও মধ্য কলকাতার জন্য ৬০০ মেট্রিক টন।) কিন্তু ২রা আগষ্ট থেকে ১৬ই আগষ্ট পর্যন্ত হিসাব নিলে দেখা যাবে এফ.সি.আই গুদাম থেকে এই সময়ে দিনের পর দিন চাল সরবরাহের পরিমাণ ছিল একেবারে শূণ্য। যেদিন বা সরবরাহ করা হয়েছে, সেদিনের পরিমাণ অতি কম। এই সংক্রান্ত তথ্য বিবৃতির সঙ্গে যুক্ত সংযোজনে দেয়া হল। ১৭ই আগষ্ট থেকে অবস্থার সামান্য উন্নতি হলেও সরবরাহের ক্ষেত্রে বিশেষ কোন হেরফের হয়নি। ১৬ই আগষ্ট, ১৯৮৮ তারিখে এফ.সি.আই-এর কাছে কলকাতার জন্য মোট চালের বকেয়া পাওনা ছিল, উত্তর কলকাতায় ২১৮০ মেট্রিক টন এবং দক্ষিণ ও মধ্য কলকাতায় ৫১৬০ মেট্রিক টন। ২২শে আগষ্ট, এই বকেয়ার পরিমাণ ছিল উত্তর কলকাতায় ৭৫০ মেট্রিক টন এবং দক্ষিণ কলকাতায় ৪৫৩০ মেট্রিক টন। ফলে, কলকাতায় শতকরা ৮০ ভাগ রেশন দোকানে চাল দেওয়া যায় নি। এই অবস্থার কারণ এখানে এফ.সি.আই-এর গুদামগুলিতে সরবরাহ যোগ্য কোন চাল ছিল না এবং তারা আমাদের কোন চাল দেন নি।

বন্যাপ্রবণ জেলাগুলিতে আগের থেকে যথেষ্ট পরিমাণ চাল গম মজুত রাখার জন্য অনুরোধ করা সত্বেও কোচবিহার জেলায় ২০শে আগষ্ট, '৮৮ তারিখে চালের মজুত ছিল মাত্র ৮৫১ মেট্রিক টন, এবং ৩০শে আগষ্ট ৮১৬ মেট্রিক টন। এই সামান্য পরিমাণ চালে এক সপ্তাহের রেশনও দেয়া যায় না। পশ্চিম দিনাজপুর জেলায় ২০শে আগষ্ট মজুত ছিল ১৮৬০ মেট্রিক টন, এবং ৩০শে আগষ্ট ১৫০২ মেট্রিক টন। এক সপ্তাহের প্রয়োজন মেটানো যায় মাত্র এতে।

আগষ্ট মাসে পশ্চিমবঙ্গের জন্য মাত্র ৬০ হাজার মেট্রিক টনের মত চাল এসেছে। থাইল্যান্ড থেকে আমদানী করা চালের একটি জাহাজ পশ্চিমবঙ্গের জন্য ৭০০০ মেট্রিক টন চাল নিয়ে হলদিয়া বন্দরে এসে পৌঁছয় এবং ১৩ই আগষ্ট, ১৯৮৮ তারিখে তার মধ্যে ১৩০০ মেট্রিক টন খালাস করে এফ.সি.আই-এর জে.জে. পি গুদামে নিয়ে আসা হয়। অথচ আশ্চর্যের ব্যাপার, কলকাতায় যখন চালের জন্য হাহাকার চলছে, তখন বারে বারে বলা সত্ত্বেও, এই চাল ৩রা সেপ্টেম্বর, ১৯৮৮-র আগে এক ব্যাগও সরবরাহ করা হল না। মেদিনীপুর ও বর্ধমানে চাল থাকা সত্ত্বেও অন্য জেলায় চাল পৌঁছল না।

আরও পরিতাপের বিষয়, যেখানে এফ.সি.আই-এর গুদামে যত খারাপ চাল আছে সব এখন সুযোগ বুঝে ছাড়া হচ্ছে। পশ্চিমবঙ্গের মানুষ কি ভিখারী? খুঁদকুড়ো, পচা যা দেবেন, তাই নিতে হবে?

চাল সরবরাহে এই সংকটজনক পরিস্থিতির ব্যাপার নিয়ে আমরা বারে বারে কেন্দ্রীয় সরকার ও এফ.সি.আই-এর সঙ্গে যোগাযোগ করেছি। আমি নিজে ১১ই আগষ্ট, ১৯৮৮ দিল্লীতে কেন্দ্রীয় সরকারের খাদ্য ও সরবরাহ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী শ্রী সুখরাম এবং ১০ই আগষ্ট এফ.সি.আই-এর চেয়ারমান শ্রী টি.এস. ব্রোকার সঙ্গে আলোচনা করি এবং তাঁদের এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করি।

তারপরেও আমি ১৭ আগষ্ট কেন্দ্রীয় মন্ত্রিকে টেলেক্স বার্তা পাঠাই এবং ৩০শে চিঠি পাঠাই কিন্তু, চাল তো দূরের কথা, টেলেক্স বার্তা বা চিঠির কোন জবাব পর্যন্ত এখনও পাই নাই। আজ আবার আর একটি চিঠি পাঠালাম। এফ.সি.আই-এর স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে আমরা নিয়মিত বৈঠক করছি।

*কিন্তু তাতে অবস্থার কোন পরিবর্তন হয়নি। রাজ্য সরকারের খাদ্য ও সরবরাহ দপ্তরের সচিব ২৩শে* আগষ্ট দিল্লী গিয়ে সংশ্লিষ্ট অফিসারদের সঙ্গে কথা বলেছেন। তথাপি, যথা পূর্বং, তথা পরং।

এই যখন অবস্থা, তখন আমি বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করলাম, কেন্দ্রীয় সরকারের খাদ্য ও সরবরাহ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী শ্রী সুখরাম ৩রা সেপ্টেম্বর, ১৯৮৮ তারিখে কলকাতায় এয়ারপোর্ট হোটেলে বসে এক সাংবাদিক সম্মেলনে বললেন, এফ.সি.আই গুদামে প্রচুর চাল মজুত আছে। রাজ্য সরকার তুলতেই (অফ-টক করতে) পারছে না। এ কি পরিহাস? ভদ্রলোকের এক কথার মত শ্রী সুখরাম বারে বারে একই কথা বলছেন, বরাদ্দ মত চাল গম পশ্চিমবঙ্গ তুলতে পারছে না। বরাদ্দ তো কাগজে কলমে, চাল সহ রেল রেক এখানে এসে পৌঁছছে না, দেবার মত চাল নেই, এফ.সি.আই-র অধিকাংশ গুদামে, আর যাও বা দিচ্ছেন তারও এক বিরাট অংশ পচা, ও খাদ্যের অযোগ্য এক্ষেত্রে 'অফ-টেক' হবে কি করে?

কেন্দ্রীয় ভান্ডারে চাল নেই, এই কথা স্বীকার করুন কেন্দ্রীয় মন্ত্রী, থাকলেও পশ্চিমবঙ্গকে দেব না, সাহস থাকে তো এই কথা বলুন, তা না করে, গুদামে অনেক মজুত চাল আছে, পশ্চিমবঙ্গ তুলতে পারছে না। জেনে শুনে সজ্ঞানে এই অসত্য ভাষণ করছেন কেন? একে তো আমাদের নায্য পাওনার চাল দিচ্ছেন না, তারপর 'কাটা ঘায়ে নুনের ছিটা'? আমরা এই অসৎ আচরণের তীব্র নিন্দা করি এবং পুনর্বার দাবী করি, আমাদের প্রয়োজনমত ভাল চাল ঠিক সময়ে, ঠিক জায়গায় ঠিক পরিমামে পৌঁছে দেবার ব্যবস্থা করুন।

**সংযোজন**

২রা আগষ্ট থেকে ১৬ই আগষ্ট, ১৯৮৮ পর্যন্ত এফ.সি.আই গুদাম থেকে কলকাতায় চাল সরবরাহের পরিমাণ।

(মেট্রিক টনের হিসাবে)

| তারিখ | উত্তর কলকাতা | দক্ষিণ ও মধ্য কলকাতা |
|---|---|---|
| ২.৮.৮৮ | শূণ্য | শূণ্য |
| ৩.৮.৮৮ | শূণ্য | ৩৮০ |
| ৪.৮.৮৮ | শূণ্য | ৩৩০ |
| ৫.৮.৮৮ | শূণ্য | ৩৮০ |
| ৬.৮.৮৮ | শূণ্য | ৩৬০ |
| ৭.৮.৮৮ | শূণ্য | শূণ্য |
| ৮.৮.৮৮ | শূণ্য | ২৫০ |
| ৯.৮.৮৮ | শূণ্য | ৩২০ |
| ১০.৮.৮৮ | শূণ্য | ৩৩০ |
| ১১.৮.৮৮ | ২০ | ২৩০ |
| ১২.৮.৮৮ | শূণ্য | ৩৪০ |
| ১৩.৮.৮৮ | শূণ্য | শূণ্য |
| ১৪.৮.৮৮ | শূণ্য | শূণ্য |
| ১৫.৮.৮৮ | শূণ্য | শূণ্য |
| ১৬.৮.৮৮ | শূণ্য | ২০ |

**[2.20 – 2.30 p.m.]**

## GOVERNMENT BUSINESS

## LAYING OF REPORTS

First, Second, Third, Fourth, Fifth, Sixth, Seventh, Eighth, Ninth, Tenth and Eleventh Annual Reports of the West Bengal Livestock Processing Development Corporation Limited for the years 1974-75 to 1984-85.

**Shri Abdul Quiyom Molla :** With your permission, Sir, I beg to lay the First, Second, Third, Fourth, Fifth, Sixth, Seventh, Eighth, Ninth, Tenth and Eleventh Annual Reports of the West Bengal Livestock Processing Development Corporation Limited for the years 1974-75 to 1984-85.

First, Second, Third, Fourth, Fifth, Sixth, Seventh, Eighth, Ninth, Tenth and Eleventh, Twelfth and Thirteenth Annual Reports of the West Bengal Dairy and Poultry Development Corporatiion Limited for the years 1969-70 to 1981-82.

**Shri Abdul Quiyom Molla :** With your permission , Sir I beg to lay the First, Second, Third, Fourth, Fifth, Sixth, Seventh, Eighth, Ninth, Tenth and Eleventh, Twelfth and Thirteenth Annual Reports of the West Bengal Dairy and Poultry Development Corporatiion Limited for the years 1969-70 to 1981-82.

**মিঃ স্পীকার :** মিঃ মোল্লা, আমি দেখছি এই দুটি করপোরেশনের রিপোর্ট, একটা হচ্ছে ১৯৭৪-৭৫ থেকে ১৯৮৪-৮৫ আর একটি হচ্ছে, ১৯৬৯-৭০ থেকে ১৯৮১-৮২ বেরুদে এতদিন লাগলো কেন, হোয়াই সো মেনি ইয়ারস। এ ব্যাপরে কৈফিয়ত দিতে হবে। মন্ত্রী মহাশয়কে বলবেন।

**Shri Abdul Quiyom Molla :** On 9th September, 1988, Sir.

## MENTION

**ডাঃ তরুণ অধিকারী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং সেই সঙ্গে আপনার মাধ্যমে পশ্চিমবাংলার জনগণের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। পশ্চিমবাংলার বিদ্যুৎ সমস্যার সমাধানের জন্য, পশ্চিমবাংলাকে বিদ্যুৎ স্বয়ংসম্পূর্ণ করার জন্য পশ্চিমবঙ্গ সরকার বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্রের জন্য দাবী জানিয়েছেন এবং সেই দাবীকে আমরাও সমর্থন করে কেন্দ্রীয় সরকারের কাছে দাবী জানিয়েছি যে পশ্চিমবাংলার জনসাধারণের স্বার্থে যেন বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র পশ্চিমবাংলায় হয়। কিন্তু আমি দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, একদিকে বামফ্রন্ট মন্ত্রীরা এবং বিধায়করা সরকারী খরচে দিল্লতে গিয়ে ধর্ণা দিচ্ছে এবং রাজীব

গান্ধীর পদত্যাগ দাবী করছে অন্যদিকে দেখতে পাচ্ছি চক্রান্ত করে, পরিকল্পনা করে গৌরীপুর থারমাল পাওয়ার ষ্টেশন বন্ধ করে দেবার ব্যবস্থা করছেন। গত ১-৮-৮৮ তারিখে ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ইলেকট্রিসিটি বোর্ডের সভায় রেজলিউশন নেওয়া হয়েছে। ১৯ নম্বর রেজলিউশনে গৌরীপুর থারমাল পাওয়ার ষ্টেশন ৩০ নভেম্বরের মধ্যে বন্ধ করে দেবার সিদ্ধান্ত নিয়েছে। পশ্চিমবাংলাকে বিদ্যুতে স্বয়ংম্ভর করার জন্য একদিকে যেখানে বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে কেন্দ্রের কাছে দাবী জানাচ্ছে, অন্যদিকে তেমনি পশ্চিমবাংলাব সাধারণ মানুষের বিদ্যুৎ বন্ধ করে দেবার জন্য গৌরীপুর থারমাল পাওয়ার ষ্টেশন বন্ধ করে দেবার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অথচ আমরা দেখছি, গত বছর টোটাল জেনারেশন টার্গেট ছিল ৩০ মিলিয়ন ইউনিট কিন্তু এ্যাকচুয়াল প্রডাকশন হয়েছে ৩৮ মিলিয়ন ইউনিট। সেখানে এ্যাডভানটেজ হচ্ছে ফুয়েল অয়েল লাগে না আর এয়ার পলিউশন হয় না। ১৯৬১ সালে ম্যাকলিন বেরী কোম্পানীর কাছ থেকে এই থারমাল ষ্টেশনটি সরকার অধিগ্রহণ করে। অথচ এখন পর্যন্ত এর রিনোভেশন এবং রিভাম্পিং স্কীম তৈরী করা হয়নি এবং এক্সপানসনের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। সেখানে আমরা দেখছি, সাঁওতালডিহি এবং ব্যান্ডেল পাওয়ার ষ্টেশনের জন্য এক্সপানসনের ব্যবস্থা করা হয়েছে অথচ গৌরীপুর থারমাল ষ্টেশনকে বঞ্চিত করে রাখা হল। গৌরীপুর থারমাল পাওয়ার ষ্টেশন যদি বন্ধ হয়ে যায় তাহলে শুধু নৈহাটি নয়, সংশ্লিষ্ট বীজপুর, হালিশহর এবং শিল্পাঞ্চল বিদ্যুৎ থেকে ব্যহত হবে। আজকে এই সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি। আজকে বিদ্যুৎ মন্ত্রী যিনি নাকি পশ্চিমবঙ্গকে বিদ্যুৎ স্বয়ংম্ভর করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রের কাছে দাবী জানাচ্ছেন এবং রাজীব গান্ধীর পদত্যাগের দাবী জানাচ্ছেন, এই গৌরীপুর থারমাল পাওয়ার ষ্টেশন যদি বন্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয় তাহলে আমি এই বিধানসভায় বিদ্যুৎ মন্ত্রীর পদত্যাগের দাবী জানাচ্ছি।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডানকুনি কোল কমপ্লেক্স, পশ্চিমবাংলার একটা প্রেসটিজিয়াস প্ল্যান্ট। ৭/৮ বছর আগে শ্রীমতী ইন্দিরা গান্ধী তার শিলান্যাস করেছিলেন, গত জুন মাসে মাননীয় মন্ত্রী নির্মল বসুর নেতৃত্বে আমাদের বিধানসভার সর্বদলীয় প্রতিনিধি দল দিল্লীতে গিয়েছিলাম এবং এ ব্যাপারে কেন্দ্রীয় শক্তিমন্ত্রীকে নানা প্রশ্ন করেছিলাম। যা বুঝলাম তাতে মনে হল সম্ভবতঃ অক্টোবর মাস থেকে কর্মাশিয়াল প্রোডাকসান চালু হবে। এখন দেখছি অক্টোবর মাসের মধ্যে কর্মাশিয়াল প্রোড়াকসান চালু হবার কোন সম্ভাবনা নেই, সেখানে এমপ্লয়মেন্টকে কেন্দ্র করে যে ধরমের রাজনীতির খেলায় চলছে সরকারী নিয়ম নীতি অগ্রাহ্য করে কোল কমপ্ল্যান্ট কর্তৃপক্ষ সম্ভবতঃ দিল্লীর কর্তৃপক্ষের নির্দেশে এই করছে যার প্রতিবাদ হওয়া উচিত। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে তোয়াক্কা করা হচ্ছে না এবং কংগ্রেস নেতারা নিয়ম নীতি লঙ্ঘন করে চলেছেন। যাদের জমি নেওয়া হয়েছে সেই জমিহারাদের চাকুরি দেওয়ার ব্যাপারটা সরকারের নীতির মধ্যেই পড়ে, সেখানে শুধু কংগ্রেসের লোকই নয়, অন্য দলের লোকেরাও রয়েছে। যারা কন্ট্রাকটার ওয়ার্কার বহুদিন ধরে কাজ করছে তাদেরও ব্যবস্থা হচ্ছে না। রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করবার জন্য এই রকম একটা প্রেস্টিজিয়াস প্ল্যান্টে অশান্তির সৃষ্টি করা হচ্ছে। এ ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি এই প্রেস্টিজিয়াস প্ল্যান্টটি যেন নষ্ট না হয়, ওখানে কর্মাশিয়াল প্রোডাকশন চালু হয় এবং এমপ্লয়মেন্টের ক্ষেত্রে সরকারী নিয়ম নীতি অনুসরণ করা হয়।

**শ্রী মাণিক উপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে বিদ্যুৎ মন্ত্রী মহাশয় এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র বারাবণি এবং তার চতুপার্শ্বস্থ গ্রামাঞ্চলে রুরাল ইলেকট্রিফিকেশনের ব্যাপারে বিদ্যুৎমন্ত্রী বলেছেন কাজকর্ম অলরেডী কমপ্লিট হয়েছে। বলা হয়েছে ১৯৮০-৮১, ৮২, ৮৬ সাল অলরেডী এ্যাপ্রুভড হয়ে গেছে। কিন্তু ঐ অঞ্চলের গ্রামের মানুষরা

এখনও বৈদ্যুতিকরণের আওতায় আসেনি। এই বৈদ্যুতিকরণের ব্যাপারে এষ্টিমেন্ট এবং তারিখ যেটা এ্যাপ্রুভড হয়েছিল সেটা আপনার সামনে আমি দিতে পারি। রুরাল ইলেকট্রিফিকেশনের ব্যাপারে একটা ডেট হচেছ ২৩/১০/৮২ এবং আর একটা ক্ষেত্রে টোটাল এষ্টিমেটেড কষ্ট ২ লক্ষ ৩২ হাজার ১৬০ টাকা। একটি ডেট হচ্ছে ১০.৯.১৯৮৬ স্থান পর্বতপুর গ্রাম আন্ডার সালামপুর পুলিশ ষ্টেশন, এষ্টিমেট কষ্ট ছিল ৬১, ২৮৫ টাকা এবং তার এ্যাপ্রুভড ডেট ছিল ১১.৮.১৯৮০। কিন্তু আজ পর্যন্ত সেখানকার মেজর পোর্শনে বৈদ্যুতিকরণ হয়নি। তাই আমার অনুরোধ, মাননীয় মন্ত্রী মহাশয় এই বিষয়ে দৃষ্টি দিন।

**[2.30 – 2.40 p.m.]**

**শ্রী যামিনী ভূষণ সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ে রাজ্যসরকারকে অনুরোধ জানাচ্ছি। আপনি জানেন, এখানে শ্রমমন্ত্রী এক প্রশ্নের উত্তরে বলেছিলেন যে, কেন্দ্রীয় সরকার কর্তৃক কারখানা ডি-নোটিফাই করবার ফলে এবং মালিকদের পক্ষ থেকে কারখানা বন্ধ করে দেবার ফলে পশ্চিমবঙ্গে কলকারখানার ১ লক্ষ ১০ হাজার শ্রমিক বেকার রয়েছেন দীর্ঘ দিন ধরে। বারবার আমরা কেন্দ্রীয় সরকারের কাছে এই ব্যাপারে টাকা পয়সা দাবী করেছি এবং সঙ্গে সঙ্গে দাবী করেছি যে, ঐসব কলকারখানা খোলার ব্যবস্তা করা হোক। আমরা ঐসব ডি-নোটিফাই কারখানাগুলি আবার চালু করবার ব্যাপারে অনেক চেষ্টা করেছি, কিন্তু কিছুই হচ্ছে না। এই রকম পরিস্থিতিতে ঐ সব শ্রমিকদের দুঃখ লাঘব করতে বামফ্রন্ট সরকার প্রতিশ্রুতিবদ্ধ। আজকে ঐসব শ্রমিকদের যদি বাঁচাতে হয়, তাঁদের জন্য যদি রেশনের ব্যবস্থা করা যায়, তাহলে হিসেব অনুযায়ী মাসে পরিবার পিছু ৫০টাকা করে দিলে ১ লক্ষ শ্রমিক পিছু মাসে ৫০ লক্ষ টাকা খরচ হয়। সেই হিসেবে এই বাবদ বছরে ৫ থেকে ৬ কোটি টাকা খরচ হবে। তাই আমি রাজ্যসরকারের কাছে অনুরোধ জানাচ্ছি, বর্তমানে রিলিফের যে নিয়মকানুন আছে সেই আইন সংশোধন করে যাতে ঐসব লক-আউট শ্রমিকদের জন্য রেশনের ব্যবস্থা করে দেওয়া যায় সেই ব্যবস্থা গ্রহণ করুন।

**श्री सत्य नारायन सिं** :- अध्यक्ष महोदय, आपके माध्यम से जे. के. अस्पताल मे जो अवर्णनीय दुर्दशा चल रही हे, असकी ओर मैं स्वास्थ मंत्रीका ध्यान आकर्षित करना चाहता हुं। मनुष्य को रोग मुक्त करने के लिए अस्पताल वनाया जाता है किन्तु वंहा पर रोग बढाया जाता है उस अस्पताल मे न तो दवा देने की व्यवस्था हे ओर न तो इन्जकशन देने की। यही नही, रोगीयो के स्थान की भी वुरी अवस्था है। सुपारिन्टेन्डण्ट का कहना हो की सरकार से वार वार अनुरोध करने पर भी कोई व्यवस्था नही हे पा रही है। वहाँ की अवस्था आ सकता हे कि आदमियो के जीवन वचाने का कोई रास्ता नही है। वह अस्पताल नरक वन गया है। एक विस्तरे पर चार रोगी चार रोगो से ग्रसित होका पड़े रहते हे। इसके परिणाम स्वरुप एक रोगी एक दुसरे रोगी के रोग से ग्रसित हो जाता हे। यह साकार अन्धी ओ नहरी हो। इसलिये कि सुपरिन्टेण्डन्ट के कहने पर भी कोई समुचित व्यवस्था नही कर रही है। उनका कहना है की आप छे स्वास्थ मंत्री से अनुरोध करे। स्वीकर सर, आज चारो ओर चेजाक चक रहा है। अस्पवा मेजाक चर रहा है मेजाक सरकार से मनुष्य क्या आशा की जाय। इसलिए हेल्थ मिनिस्टर से अनुरोध करुंगा की अस्पताल को नारकीय अवस्था से वचानें। स्थान की व्यवस्था, सीट की व्यवस्था आर दना की समुचित व्यवस्था करने की कृपा करें।

**শ্রী বিমলানন্দ মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি নদীয়া জেলার রানাঘাট মহকুমার অধীন

গাংনাপুরে গত ৪-৫ বছর ধরে পর পর অনেকগুলি খুন হয়ে গেছে। চুরি, ডাকাতি এবং রাহাজানি এই গুলি নিত্তনৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। গত পয়লা সেপ্টেম্বর গাংনাপুর স্কুলের সহকারী প্রধান শিক্ষক স্কুলের আসার সময় রাস্তার উপর প্রকাশ্য দিবালোকে গুলিবিদ্ধ হন। সমাজবিরোধীরা তাঁকে গুলি করেও সন্তুষ্ট হতে পারেনি, তাঁর মাথায় আবার হাতুড়ি মেরে যায়। সেই আঘাতের ফলে সঙ্গে সঙ্গে তিনি মারা যান। আশ্চর্য্যের বিষয় তার ৪ ঘন্টা বাদে আর একজন গ্রামবাসীকে গুলিবিদ্ধ করা হয়। আবার যাঁরা বামপন্থী আন্দোলন করেন তাঁদেরকে হত্যা করার হুমকী দেওয়া হচ্ছে। কারা এটা করছে, সমাজবিরোধীরা কাদের আশ্রয়পুষ্ট এটা অবশ্য আমি বলছি না। কিন্তু এটা ঘটে যাচ্ছে। এই জায়গাতেও দরকার সেটা হ'ল একটা কঠোর ব্যবস্থা এখানে নেওয়া দরকার। প্রশাসনিক দিক থেকে একটা অসুবিধা দেখতে পাচ্ছি। এই গাংনাপুর রানাঘাট থানার অন্তর্গত। পুলিশকে যদি গাংনাপুরে আসতে হয় তাহলে চাকদা হয়ে ঘুরপথে আসতে হয়। অথচ ওইখান থেকে রানাঘাটের দুরত্ব ৫ কিলোমিটার। রানাঘাটে যাওয়ার একটা সহজ রাস্তা আছে, সেই রাস্তার কিছু অংশ পিচ দেওয়া আছে এবং বাকি অংশ কাঁচা। বাকি অংশে পিচের রাস্তা করে দিলে সাধারণ মানুষের পক্ষে আসাযাওয়া করার সুবিধা হয় এবং সেই সঙ্গে রানাঘাট বাজারের সঙ্গে যোগাযোগ ব্যবস্থা দ্রুত হবে। সেইজন্য আমি স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করতে চাই তিনি যেন সেখানে সমাজবিরোধীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেন এবং সামান্য এই ৩-৪ কিলোমিটার রাস্তা পি.ডব্লিউ.ডি দপ্তর যাতে করে দিতে পারে তার জন্য আবেদন জানাচ্ছি।

**ডাঃ সুদীপ্ত রায় ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এক সময় পশ্চিমবঙ্গ চিকিৎসা শিক্ষার ক্ষেত্রে অগ্রণী ছিল। এই রাজ্যে চিকিৎসা শিক্ষা নিয়েছেন ডাঃ বিধান চন্দ্র রায়, স্যার নীলরতন সরকার এবং স্যার কেদার নাথ দাস। সারা দেশের বিভিন্ন প্রান্ত থেকে মানুষ এসে এই রাজ্যে চিকিৎসা নিয়ে যেতেন। অথচ এখন ভারতবর্ষের সকল মানুষ জেনে গিয়েছে পশ্চিমবাংলায় কোন চিকিৎসা হয়না। তাই পশ্চিমবাংলার মানুষেরা আজকে চিকিৎসার জন্য দিল্লী যান, চিকিৎসার জন্য বম্বে যান এবং ভেলোরে যান। চিকিৎসার জন্য মস্কোতে যান, আমেরিকাতে যান, অথচ পশ্চিমবাংলাতে আমরা যাঁরা চিকিৎসা শিক্ষার সঙ্গে যুক্ত আছি তাঁরা দেখছি যে পশ্চিমবাংলায় এখনও পর্যন্ত একটি অল ইন্ডিয়া ইনষ্টিটিউট অব মেডিকেল সায়েন্স হ'ল না। এর আগে আমরা জানি, ভারতবর্ষের বুকে দিল্লীতে অল ইন্ডিয়া ইনষ্টিটিউট অব মেডিক্যাল সায়েন্স হয়েছে। চন্ডীগড়ে পি.জি.আই হয়েছে, পন্ডিচেরিতে পি.জি.আই হয়েছে, আগ্রাতে হয়েছে, আলিগড়ে পি.জি.আই হয়েছে এবং বেনারস হিন্দু ইউনির্ভাসিটিতে পি.জি.আই হয়েছে। অথচ গত ১১ বছরে পশ্চিমবাংলা সরকার এই রাজ্যে অল ইন্ডিয়া ইনষ্টিটিউট অব মেডিক্যাল সায়েন্স তৈরী করতে উদ্যোগ নিতে পারলেন না। আপনার মাধ্যমে আমি তাই সরকারের কাছে দাবী জানাচ্ছি, সভার সকল সদস্যদের কাছে দাবী জানাচ্ছি যে, এই বিধানসভা থেকে পশ্চিমবাংলায় পূর্ব ভারতের একমাত্র অল ইন্ডিয়া ইনষ্টিটিউট অব মেডিকেল সায়েন্স করার দাবী জানানো হোক।

**[2.40 – 2.50 p.m.]**

**শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে অবহিত করতে চাইছি। বামফ্রন্ট সরকারের শিক্ষা ব্যবস্থার নীতির পরিপ্রেক্ষিতে আমার নির্বাচনী ক্ষেত্র কৃষ্ণনগরে কয়েক বছর আগে ৮টি প্রাথমিক বিদ্যালয় মঞ্জুর হয় সরকারী কোটা অনুযায়ী। এই অঞ্চলে আর্বান এ্যাডভাইজারী কমিটি তপশিলী ও আদিবাসী অধ্যুসিত এলাকা সহ কয়েকটি জায়গায় এই বিদ্যালয়গুলি স্থাপনের জন্য নির্দিষ্ট করেন। এই সংবাদে এই

এলাকার মানুষ উৎসাহ নিয়ে ও উদ্যোগ নিয়ে স্কুলের জন্য জমি সংগ্রহ করেন এবং ডি.আই (প্রাইমারী) -কে সেই জমি রেজিষ্ট্রি করে দিতে আগ্রহী হন। কিন্তু দুঃখের বিষয়, সেই সমস্ত প্রস্তাব শিক্ষা দপ্তরে দেবার পর আজ কয়েক বছরের মধ্যেও কোন ইতিবাচক নির্দ্দেশ না আসার ফলে এলাকার মানুষ বিক্ষুব্ধ হয়ে পড়েছেন। বামফ্রন্ট সরকারের ঘোষণা থাকা সত্ত্বেও রাইটার্স বিল্ডিংসের আমলাদের দ্বারা বাধাপ্রাপ্ত হচ্ছে। এরফলে বামফ্রন্ট সরকারের ভাবমূর্ত্তি নষ্ট হচ্ছে এবং মানুষের মধ্যে ক্ষোভ সৃষ্টি হচ্ছে। আমি সেজন্য আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ঐ বিদ্যালয়গুলি স্থাপিত হয়।

**শ্রী অরুণ কুমার গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েক বছর হ'ল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন শ্রীরামপুর-এসপ্ল্যানেড্ নামে একটি বাস সার্ভিস চালু করেছেন। উক্ত রুটে কয়েক বছর আগে ৩টি বাস চালু হয়েছিল এবং আজও সেখানে ৩টি বাসই চলছে। আমি দাবী জানাচ্ছি বাস সংখ্যা বাড়ানো হোক, কারণ যাত্রীদের অত্যন্ত অসুবিধা হচ্ছে। দুপুর ১টা থেকে ৪টা পর্যন্ত কোন বাস ওখানে চলছে না। আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি যে, এখানে কিছু বাস যা চলছে, যার রুট নম্বর হচ্ছে 'এল-৩১', এর সংখ্যা বাড়ানো হোক; শ্রীরামপুর বাসষ্ট্যান্ডে যাত্রীদের এবং কর্মচারীদের সুবিধার জন্য একটি অফিস তৈরী করা হোক।

**শ্রী অঞ্জন চ্যাটার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি খুব গুরুত্বপূর্ণ বিষয়ে। এতদিন পর্যন্ত আমরা শুনেছিলাম কেন্দ্রীয় সরকার বিভিন্ন কারখানা বন্ধ করে দিচ্ছেন, ক্রোজার করে দিয়েছেন, তুলে দিয়েছেন। কিন্তু সম্প্রতি আমার এলাকাতে ২টি রেলপথ সরাসরিভাবে কেন্দ্রীয় সরকার তুলে দিচ্ছেন। তার একটা হচ্ছে কাটোয়া থেকে জেলা সদর - কাটোয়া বর্দ্ধমান লাইন আরেকটি হচ্ছে কাটোয়া - বীরভূম লাইন দুটিই ন্যারো গেজ লাইন। ১৫ই সেপ্টেম্বর থেকে এই দুটি লাইন তুলে দেবার কথা হয়েছে। আমরা বারেবারে রেলওয়ে দপ্তরের সঙ্গে কথাবার্তা বলেছি, আমরাও টেলিগ্রামও পাঠিয়েছি কিন্তু কিছুই হবে বলে মনে হয় না। আমি পুনরায় মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি যাতে এই বিষয়ে দৃষ্টি দেন।

**শ্রী মান্নান হোসেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা এতোদিন জানতাম যে পুলিশকে ট্রেড ইউনিয়ন অধিকার দেওয়া হয়েছে কিন্তু রাজনৈতিক অধিকার বা তাদের পার্টির মিছিলে, মিটিংয়ে রাজনৈতিক কার্য্যকলাপে যে অধিকার দেওয়া হয়েছে তা আমাদের জানা ছিল না। আমার জেলা মুর্শিদাবাদে পুলিশের একাংশ নন গেজেটেড পুলিশ কর্মচারী সমিতি প্রকাশ্যে পার্টি মিছিল করছে, পোষ্টার লাগাচ্ছে। মুর্শিদাবাদ জেলার লালবাগ থানায় প্রবীর জানা একজন কনষ্টেবল পার্টির হোল টাইমার হিসাবে শাসক দলের কাজ করে যাচ্ছেন। তারপরে নবগ্রাম থানার সত্যেন সরকার নামে একজন পুলিশ কর্মচারী সরকারী কর্মচারী হয়ে পার্টির হোল টাইমার হিসাবে কাজ করছেন। শুধু তাই নয় বেলডাঙ্গা থানার জয়ন্ত রায় লালবাগে যখন একজন সমাজবিরোধী আসামীকে গ্রেপ্তার করতে যায় তখন সে পুলিশ কর্মচারী হয়ে রাজনৈতিক দলের হয়ে সেখানকার এস. ডি. পিও তাকে অসভ্যভাবে গালিগালাজ করেছেন। সুতরাং এই সমস্ত পুলিশ কর্মচারীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হোক।

**শ্রী পুলিন বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। মেদিনীপুর জেলার ময়না, পিংলা ও সবং থানার মধে দিয়ে প্রবাহিত চন্ডা নদীর নিম্নাংশ এখনই গভীর এবং চওড়া করে খনন করা দরকার। বন্যা

নিবারণের জন্যে ময়না পিংলা ও সবং থানার মধ্য দিয়ে প্রবাহিত চন্ডা নদীর নিম্নাংশ মজে যাওয়ার ফলে বর্ষার জল নির্গমনের পথ পায় না। ফলে ময়না, পিংলা ও সবং থানায় প্রতি বছর বন্যার আশংকা দেখা দেয়। চন্ডা নদীর নিম্নাংশকে চওড়া ও গভীর করে খনন করতে পারলে বেশ কয়েক বছর বন্যার আশংকা দূরীভূত হবে। পাইচাঁদা, পাঁচথুরি ও চন্ডা প্রকল্পের অগ্রিম কাজ হিসাবে এখনই চন্ডা নদীর নিম্নাংশের খনন কাজ সুরু করতে পারলে বন্যা আতঙ্কগ্রস্ত ময়না, পিংলা ও সবং থানার মানুষ আশ্বস্ত হবেন।

**[2.50 – 3.00 p.m.]**

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮১ সাল থেকে পুলিশ বিভাগে সি.পি.এম ক্যাডার দিয়ে এ.এস.আই অফ পুলিশ পশ্চিমবাংলায় ওয়েষ্ট বেঙ্গল সার্ভিসে সাড়ে ৪ লক্ষ লোককে ঢোকান হয়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় ১৯৮১ সালে কনষ্টেবল থেকে এ্যাসিসটেন্ট সাব ইন্সপেক্টর অফ পুলিশে প্রমোশনের একটা পরীক্ষা নেওয়া হয়েছিল। ৩ হাজার জন পাশ করে। কিন্তু বামফ্রন্ট নিজের ক্যাডারদের পুলিশ বাহিনীতে ঢোকাবার জন্য এই সমস্ত যারা প্রমোশান পেয়েছিল তাদের প্রমোশানের পদগুলি বন্ধ করে দিয়েছে । কিন্তু আজকে আমি জানাই যে সমস্ত পুলিশ বহুদিন চাকরী করছে, পরীক্ষা দিয়েছেন ১৯৮১ সালে, অথচ তারা পাশ করে বসে আছে। তারা এ.এস.আই অফ পুলিশ হতে পারবেন কি না জানিনা. আজকে স্বরাষ্ট্রমন্ত্রী নেই থাকলে বলতাম পশ্চিমবাংলার পুলিশ বাহিনীতে যারা পাশ করে বসে আছেন তাদের কয়েকজনকে থানায় পোষ্টিং করে ক্যাডার প্রথা বন্ধ করার আবেদন রাখছি।

**Shri Mohan Sing Rai :** Hon'ble Spaker, Sir, in connection with a serious matter, I am drawing the attention of the Hon'ble Health Minister. The S.S.K.M. Hospital is a prestigious hospital in our state. So from time to time some improvements and changes have to be brought in every sphere of hospital condition. There is no emergency light in the operations theatre which creates great problems in operation time. The Bronchosecopy is out of order in Thoracic Surgery Unit for six months which has to be checked up. Last of all compulsory injections, Drs. Para Medical Staffs against Blood Bond Januduce in Blood Products Unit must be made available. This is my suggestion to the Government.

**শ্রী তুহীন সামন্ত :** স্যার, বামফ্রন্ট সরকার গণতন্ত্রের মহান পুজারী। সব সময় গণতন্ত্রের কথা বলেন, গণতন্ত্রের ধ্বজা তুলে ধরার চেষ্টা করেন। গতকাল একটা প্রশ্ন ছিল আমার বরাকর, কুলটি, সীতারামপুর এবং দিশেরগড়-এর নোটিফাইড এরিয়া সম্বন্ধে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা পঞ্চায়েতি ব্যবস্থায় নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা দিতে চান, কিন্তু স্যার, আমার কুলটি এলাকার তিনটি নোটিফাইড এরিয়ায় ইতিমধ্যে অডিট রিপোর্টে ধরা পড়েছে যে নোটিফাইড এরিয়াগুলিতে চুরি হয়েছে। ফলস চেক দিয়ে টাকা তোলা হয়েছে। আমার দাবী ছিল মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই নোটিফাইড এরিয়াগুলিতে ......................

(সময় শেষ হওয়ায় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

**Shri Mohammad Ramjan Ali :** Mr. Speaker, Sir, Md. Usuf,

son of Aies Mohammad was brutally murdered on 26.7.88 in Village - Chaughoria, P.S. - Chougharia of West Dinajpur. The matter was brought to the knowledge fo the P.S. and the local authority concerned. But it is a matter of great regret that the accused persons are moving free as if the police officers of the Government are in club with the criminals. So, I want to draw the attention of the Chief Minister as well as the Home Minister to take appropriate action against the criminals who have not been arrested. The innocent person was killed - the fault was only to disclose the names of the criminasl of wire theft. I want to diaw the attention of the Home Minister to take approprite action against the O.C., Chougharia for his deriliction of duty because the names of the persons mentioned in F.I.R. have not been dealt with properly.

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে রাজ্যের কোষাগারে যখন দারুণ অর্থাভাব তখন প্রতি বছর রাজ্য কোষাগারের কোটি কোটি টাকা নষ্ট হচ্ছে। বিক্রয় কর বাবদ কোটি কোটি টাকা প্রতি বছর ফাঁকি দিচ্ছে। ১৯৮৪-৮৫ সালের অডিট রিপোর্ট মারাত্মক, তাতে দেখা যাচ্ছে যে এই রাজ্যে ২ কোটি ৫৭ লক্ষ ৭ হাজার টাকা বিক্রয় কর ফাঁকি দিয়েছে এবং ১৪৫টি কেসের মধ্যে ২৪ টি কেসে কর ধার্য করার ক্ষেত্রে কারচুপি হয়েছে ৭০ লক্ষ ১১ হাজার টাকা, ৩২টি কেসে বে-আইনী ছাড় দেওয়া হয়েছে ৩১ লক্ষ ৩০ হাজার টাকা এবং জরিমানা বাবদ ২৭ লক্ষ ৬ হাজার টাকা ফাঁকি দিয়েছে। যা ধার্য কর তার থেকে বেশী কর বিক্রেতারা ক্রেতাদের কাছ থেকে নিচ্ছে। আমি দুটি দৃষ্টান্ত দিচ্ছি— কলকাতার একজন ব্যবসায়ী ৪০ লক্ষ টাকা নিয়েছে, আর একজন ব্যবসায়ী ১৮ হাজার টাকা নিয়েছে। এর বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হচ্ছে না। অডিটর জেনারেলের তরফ থেকে রিপোর্ট দেওয়া হচ্ছে যে কোন ব্যবস্থা এই সম্বন্ধে নেই। আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যখন রাজ্যের কোষাগারে এই রকম অর্থাভাব তখন প্রতি বছর এইভাবে বিক্রয় কর বাবদ কোটি কোটি টাকা সরকারের ক্ষতি হচ্ছে, দোষীদের শাস্তি দেওয়া হচ্ছে না। অবিলম্বে এই ব্যাপারে কার্যকরী ব্যবস্থা যেন নেওয়া হয়।

**শ্রী সুফল মুর্মু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার আদিবাসী এবং তপশিলীদের জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছেন বিশেষ করে আদিবাসী এবং তপশিলী বাড়ীর ছেলেমেয়েদের পড়াশুনার ব্যাপারে ইনসেনটিভ দেওয়ার জন্য বিভিন্ন প্রকল্প নিয়েছেন এবং আমরা দেখছি যে আদিবাসী এবং তপশিলী পরিবারের ছেলেমেয়েরা বেশী বেশী করে স্কুল কলেজে পড়ার সুযোগ এ্যাভেল করছে। এই সুযোগ এ্যাভেল করার জন্য সার্টিফিকেট দরকার হয়। ইসলামপুরে সাব-ডিভিসানে সার্টিফিকেটের জন্য দরখাস্ত করার পর বি.ডি.ও. অফিসে এনকোয়ারী হওয়ার পর এ্যাপ্লিকেশান হয়ে আসবে ট্রাইব্যাল ওয়েলফেয়ার অফিসে, সেখান থেকে এস.ডি.ও. অফিসে যাবে, এই গোটা প্রসেসে অনেক ডিলে হয় এবং তার ফলে সময় মত সার্টিফিকেট পাওয়া না যাওয়ার অসুবিধা হচ্ছে। এই বিষয়ে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় সভাতে উল্লেখ করছি।

গত ১৫ই আগষ্ট সারা দেশে মহা আড়ম্বরে স্বাধীনতা দিবস পালিত হয়েছে। সকাল ৭ টায় লালকেল্লায় প্রধানমন্ত্রী জাতীয় পতাকা তুলেছেন, কলকাতায় রাইটার্সে বিল্ডিংসে মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরী পতাকা তুলেছেন। কিন্তু দুঃখের বিষয় আমাদের এই পশ্চিমবঙ্গে স্বাধীনতা দিবস মর্যাদা পেল না। তার কারণ মুখ্যমন্ত্রী এবারও জাতীয় পতাকা তুললেন না। এই নিয়ে অনেক বিতর্ক। আমি মুখ্যমন্ত্রীর জাতীয় পতাকা তোলা নিয়ে বা তাঁর দেশপ্রেম নিয়ে প্রশ্ন করতে চাই না, কিন্তু আমার মনে হয় স্বাধীনতার দিবসে রাজ্যের মুখ্যমন্ত্রী ১১ বছর ধরে যদি জাতীয় পতাকা না তোলেন তাহলে জাতীয় পতাকাকে যে মর্যাদা দেওয়া উচিত তা দেওয়া হয় না। এই বছরে মুখ্যমন্ত্রীর শরীর খারাপ ছিল, বৈকালে তিনি রাজ্যপালে অনুষ্ঠানে গিয়েছিলেন। মুখ্যমন্ত্রী এই কথা বলেছেন জাতীয় পতাকার নিচে বসে কাজ করে, তাঁর গাড়ীতে জাতীয় পতাকা তোলা থাকে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করব অন্ততঃ সামনের বছর ২৬শে জানুয়ারী এবং ১৫ই আগষ্ট জাতীয় পতাকা তুলে তাঁর দেশপ্রেম সম্পর্কে কিছু মন্দ লোক যে সন্দেহ প্রকাশ করেছে সেই সন্দেহ তিনি দূর করে দেবেন।

**[3.00 – 3.10 p.m.]**

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় স্পীকার মহাশয়, গত ২৪শে জুন, কাটরা মসজিদের ব্যাপার নিয়ে মুর্শিদাবাদের যে সাম্প্রদায়িক ঘটনা ঘটেছে আমি সেই প্রসঙ্গে যাচ্ছি না। কাটরা মসজিদের ব্যাপারে যে মর্মন্তুদ অবস্থা হয়েছে এটা এখন সাবজুডিস। যাইহোক এই ঘটনার পর মুখ্যমন্ত্রী মুর্শিদাবাদ জেলায় একটা সর্বদলীয় মিটিং ডেকেছিলেন, সমস্ত রাজনৈতিক দলকে নিয়ে এবং সেখানে ঠিক হয়েছিল যারা ঐ দুর্ঘটনায় নিহত হয়েছে তাদের পরিবারকে ২০ হাজার টাকা দেওয়া হবে এবং আহতদেরও ঐ অনুপাতে সাহায্য দেওয়া হবে, যাদের ঘর বাড়ী ভেঙ্গেছে তাদেরও সাহায্য দেওয়া হবে। তবে সেই সাহায্য এখন পর্যন্ত পৌছয়নি বলে আমি অনুরোধ করছি ঐ সাহায্য দ্রুত পাঠান হোক।

**শ্রী সুফল মুর্মু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলার গাজল থানার অধীনে পানভুয়া অঞ্চলে যে সাবসিডিয়ারী হাসপাতালটি রয়েছে সেখানে দু-তিন বছর ধরে কোন ডাক্তার নেই। আমি স্বাস্থ্য মন্ত্রীকে অনুরোধ করছি ওখানকার জনসাধারণের দুঃখ দুর্দশা এবং চিকিৎসার কথা বিবেচনা করে অবিলম্বে সেখানেযেন ডাক্তার পাঠান হয়।

**শ্রী অমর ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের ৪টি অঞ্চল শ্যামপুর থানার অন্তর্গত। ওখানে দামোদর নদী বয়ে গেছে ফলে প্রয়োজন হলে নৌকো করে আসতে হয়। কিছুদিন আগে ভুতিনগর গ্রামে ১৩টি বাড়ি লুঠ হয়েছে, ১৭টি বাড়ি ভাঙ্গচুর হয়েছে এবং ৩টি মুদিখানার দোকানে অগ্নিসংযোগ করা হয়েছে। পার্শ্ববর্তী গ্রামেও মার্ডার হয়েছে। আমরা দেখেছি নানাকারণে উলুবেড়িয়া থানার পুলিশ এসব জায়গায় যেতে চায় না। ওখানে পার্মানেন্ট পুলিশ ষ্টেশন করা হোক, এই মর্মে আমরা হাওড়া ডিষ্ট্রিক্ট ম্যাজিসট্রেট, চীফ সেক্রেটারী, এবং হোম সেক্রেটারীকে বলেছি। এখন পর্যন্ত কোন ব্যবস্থা না হওয়ার জন্য আমি এখন মুখ্যমন্ত্রীকে এ ব্যাপারে নজর দিতে অনুরোধ করছি।

**শ্রী তারাপদ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় অর্থ এবং সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন বামফ্রন্ট সরকার শিক্ষিত বেকার যুবক এবং দুর্বলতর মানুষদের সামাজিক এবং আর্থিক উন্নয়নের জন্য কিছু প্রকল্প নিয়েছেন এবং এই টাকাগুলি ব্যাঙ্কের

মাধ্যমে দেওয়া হয়। বিভিন্ন ব্যাঙ্কে এই ব্যাপারে টাকা এ্যালট করা থাকে এবং কোটা ফুলফিল করবার একটা সময় সীমা থাকে কিন্তু লক্ষ্য করছি ব্যাঙ্ক এই কোটা ফুলফিল করে না এবং যে সমস্ত প্রকল্প মঞ্জুর করা হয় সেখানে টাকা দিতে টালবাহানা করে। কাজেই অর্থমন্ত্রী দ্রুততার সঙ্গে এ ব্যাপারে দৃষ্টি দেন তাহলে আমাদের উদ্দেশ্য সফল হবে।

**শ্রী গৌর চন্দ্র কুন্ডু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। নদীয়া জেলার রাণাঘাট এবং শান্তিপুর থানায় গঙ্গা আছে। সেই গঙ্গা ভাঙ্গতে ভাঙ্গতে গ্রামের মধ্যে ঢুকে পড়েছে এবং হাজার হাজার বিঘা জমি ভেঙ্গে নিয়ে চলে গেছে। এখন বন্যা পরিস্থিতি উদ্ভব হওয়ায় প্রত্যেক বছরই বন্যা হয়। ওখানে একটা কাঁচা বাঁধ দেওয়া হয়েছিল। মাননীয় মুখ্যমন্ত্রীর কৃপায় আমরা ৪ লক্ষ টাকা পেয়েছিলাম এবং ঐ টাকায় বাঁধ দেওয়া হয়েছিল। কাঁচা বাঁধ ভেঙ্গে গেছে। সেচ বিভাগ বাঁধটি তৈরী করে দেবে বলেছিল। নদীয়া জেলায় ডি.পি.সি.সি-র মিটিং হয়েছিল এই ব্যাপারে এবং সেই মিটিং-এ আমি এই কথাটা বলেছিলাম এবং বহুবার এই বিষয়ে আলোচনাও হয়েছিল। ওরা আশ্বাস দিয়েছিলেন যে, এটা করে দেবেন। কিন্তু আজ পর্যন্ত ওরা করে দেননি। অফিসাররা আশ্বাস দেন, কিন্তু করেননি। এটা না করার জন্য এবারে হয়ত ওখানে বন্যা হতে পারে। বন্যা হলে ঐ অঞ্চল ভেসে যাবে। ভেসে গেলে গভর্ণমেন্টের তরফ থেকে লক্ষ লক্ষ টাকা খরচ করতে হবে। কিন্তু এই বাঁধটি দিয়ে দিলে মাত্র ৩ লক্ষ টাকা খরচ হত। ঐ এলাকায় গঙ্গার ভাঙন হলে ৩ অঞ্চল শেষ হয়ে যাবে, হাজার হাজার লোকের অসুবিধা হবে, হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হবে। ঐ এলাকায় বি.ডি.ও., এস.ডি.ও., ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সকলেরই অসুবিধা হবে। এই বিষয়ে যাতে মাননীয় সেচমন্ত্রী দৃষ্টি দেন সেই জন্য মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্ত্তী :** মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ে সারা পশ্চিমবাংলা সাধারণ মানুষের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে সারা পশ্চিমবঙ্গে একটিও সংবাদপত্র প্রকাশিত হয়নি। এমন ঘটনা আগে ঘটেনি। যখন বৃটিশ সরকার ছিল তখন সংবাদপত্রের কণ্ঠরোধ করা হত। সেই জন্য সাংবাদিক এবং দেশের মানুষ লড়াই করেছে। তারা লড়াই করে যে সব অধিকার অর্জন করেছে, সেই অধিকারগুলি "মান হানি* নামক একটি বিল এনে তড়িঘড়ি পার্লামেন্টে পাশ করিয়ে নিয়ে, কেড়ে নেওয়া হচ্ছে। সাংবাদিক এবং দেশের সাধারণ মানুষের অধিকারকে পর্যন্ত কেড়ে নেওয়ার চেষ্টা চলছে। আজকে আবার ইমার্জেন্সীর পদধ্বনী শোনা যাচ্ছে, এটা গণতন্ত্রের পক্ষে দারুণ বিপদের কথা। সেই জন্য বিধানসভার ভিতর থেকে সমস্ত দেশবাসীর কাছে এটা জানানো হোক যে, সাংবাদিকতা গণতন্ত্র রক্ষার জন্য সংগ্রাম করছে।

**শ্রীমতি মিনতি ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। ইতিপূর্বে আমি এই বিধানসভায় দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে, বিগত পঞ্চায়েত নির্বাচনের পরে আমার বিধানসভা এলাকা গঙ্গারামপুরের নন্দনপুর গ্রাম পঞ্চায়েতে কংগ্রেস (ই) দলের মদতপুষ্ট সমাজবিরোধী লোকেরা একটা সন্ত্রাসের পরিবেশ তৈরী করেছে। বিগত বিধানসভার অধিবেশন থেকে আমি কংগ্রেসী বন্ধুদের কাছ থেকে ক্রমাগত শুনে আসছি যে, তারাই নাকি গণতন্ত্রের ধারক এবং বাহক। তাদের মুখের কথা শুনে আমার একটি প্রবাদের কথা মনে পড়ে গেল। বিড়াল বলছে, "আমি ভাত খাব না, মাছ ছোঁব না, এবার আমি কাশী যাব"। আমি তাদের কাছে অনুরোধ করছি, জনগণের কাছে প্রত্যাখ্যাত হয়ে জনগণের প্রতি সন্ত্রাস সৃষ্টি না করে আপনারা এবার কাশীবাসী হোন।

**[3.10 – 3.20 p.m.]**

**শ্রী বিনয় কৃষ্ণ বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের নদীয়া জেলার রানাঘাট থানার অধীনে একটি গঞ্জ আছে তার নাম হচ্ছে গাংনাপুর। সেখানে গাংনাপুর ষ্টেশন থেকে বাজার পর্যন্ত একটি রাস্তা আছে যেটা সরকারী রেকর্ডেও আছে। এই রাস্তাটির মধ্যে সাম্প্রতিককালে কংগ্রেসের পক্ষ থেকে একটি অফিস ঘর তৈরী করা হয়েছে। স্যার, এই রাস্তাটির জনসাধাণের চলাচলের পক্ষে ভীষন প্রয়োজনীয় রাস্তা। গাংনাপুর ষ্টেশন, পোষ্ট অফিস, প্রাইমারি স্কুল, হাইস্কুল, জে. সি. আই-এর অফিসের যাতায়াতকারী মানুষরা এই রাস্তা ব্যবহার করেন অথচ সেখানে তারা এইভাবে ঘর তৈরী করলেন। মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো, যাতে ঐ ঘর সেখান থেকে সত্তর অপসারিত হয় এবং হাজার হাজার মানুষের চলার পথ প্রশস্ত হয় তার ব্যবস্থা করুন।

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত বাজেট অধিবেশন ছাড়াও আমি বার বার এই বিধানসভায় বলেছি যে মালদহে বিদ্যুতের কোন অভাব না থাকা সত্ত্বেও সেখানে গ্রামাঞ্চলে বিদ্যুত পৌছাচ্ছে না। মন্ত্রী মহাশয়কে চিঠি লিখেছি কিন্তু কোন কাজ হয়নি। সরকারী কর্মচারীদের সঙ্গে দেখা করেছি, কিছু হয়নি। মন্ত্রী মহাশয়ের কাছে গেলে পরে তিনি বললেন যে ওখানে বিদ্যুতের অভাব নেই, আপনি সরকারী কর্মচারীদের চেপে ধরুন। স্যার, আজকাল লোকে যেভাবে চেপে ধরে সেই ভাবে চেপে ধরার ক্ষমতা আমার নেই, আমি বহু পুরানো, বৃদ্ধ হয়ে গিয়েছি। স্যার, আমার বক্তব্য আমি আজকে শেষ বলে যাচ্ছি যে ১৫ই নভেম্বরের মধ্যে যদি সেখানে গ্রামাঞ্চলে এই বিদ্যুৎ ভালোভাবে দেবার ব্যবস্থা না হয় তাহলে আমি ১৫ তারিখ থেকে আমরণ অনশন ধর্মঘট করবো এবং তারজন্য যা হয়, হবে। বিদ্যুৎ নষ্ট হবে আর সরকারী কর্মচারীদের গাফিলতিতে সেই বিদ্যুৎ গ্রামের লোক পাবে না? স্যার, মাসের পর মাস, বছরের পর বছর বেকার ছেলেরা দরখাস্ত করে বসে আছে যে তাদের বিদ্যুৎ দেওয়া হোক। আমি বিদ্যুৎমন্ত্রীর ভাষণ শুনেছি বিদ্যুৎ নাকি একসেস আছে এবং সেই বিদ্যুৎ নাকি বিক্রি করার জন্য লোক খোঁজা হবে অথচ বেকার ছেলেরা বসে আছে। এস. এসকে বদলি করা যায় না। আমি মন্ত্রীমহাশয়কে পায়ে ধরে বলেছিলাম যে আমার এস. ডি. ও. কে এখনই বদলি করবেন না। এস. ডি. ও. কে বদলি করা হল, ১।। বছরের মধ্যে সেখানে এস. ডি. ও. গেল না, একজন অফিসার গেল না। স্যার, কারুকে বলার সুযোগ পাই না। লোকে এসে গাল দেয় অপদার্থ এম. এল. এ. বলে। এ আর সহ্য করা যায় না। আমি শেষ বারের মত দৃষ্টি আকর্ষণ করছি। আমি বিশ্বাস করি আমাদের জন্য কিছু করা হবে।

**Mr. Speaker :** Now I would request the Minister-in-Charge Cottage and Small Scale Industry, To please make a statement under Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly under rule 346 of Janata Cloth.

## Statement under rule 346

**শ্রী অচিন্ত্য কৃষ্ণ রায় :** স্যার, আপনার অনুমতি নিয়ে রাজ্যসরকার জনতা বস্ত্রে যে বিশেষ ভরতুকী দিচ্ছেন সে বিষয়ে একটি বিবৃতি দিচ্ছি।

দেশে তুলো ও সুতোর মূল্য বৃদ্ধির জন্য বস্ত্রশিল্প চরম সংকটে পড়েছে। জনতা প্রকল্পে তুলো

ও সূতোর দাম বৃদ্ধি গরীব মানুষের উপর চাপ সৃষ্টি করেছে। রাজ্য সরকার গত ফেব্রুয়ারী-মার্চ মাসে তাঁত শিল্পীদের উৎপাদন অব্যাহত রাখতে ৭৫ (পঁচাত্তর) লক্ষ ৪৬ (ছেচল্লিশ) হাজার টাকা বিশেষ ভর্তুকী দিয়েছেন। তুলো এবং সূতার দাম বৃদ্ধিজনিত পরিস্থিতিতে কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করা হয়েছিল যে জনতা প্রকল্পের জন্য ভর্তুকীর হার প্রতি বর্গমিটার ২ (দুই) টাকা থেকে বাড়িয়ে ৪ (চার) টাকা করা হোক। অনেক টালবাহনার পর কেন্দ্রীয় সরকার মাত্র ০.৭৫ পয়সা বাড়িয়েছেন। এতে জনপ্রিয় জনতা বস্ত্রের বিক্রয় মূল্য গরীব মানুষের ক্রয় ক্ষমতার বাইরে থেকে যাচ্ছে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে উপযুক্ত সহযোগিতা না পাওয়ায় রাজ্য সরকার উদ্বিগ্ন। বাধ্য হয়ে রাজ্য সরকার নিজেদের অপ্রতুল তহবিল থেকেই গরীব ও মধ্যবিত্তদের স্বার্থে ৭ (সাত) পকার জনতা বস্ত্রে আগামী ৬ (ছয়) মাসের জন্য ১ (এক) কোটি ১০ (দশ) লক্ষ টাকা ভর্তুকী মঞ্জুর করেছেন।

অতঃপর পরিবর্তিত মূল্যে পশ্চিমবঙ্গে এই বস্ত্র সরবরাহ করা হবে।

**ডঃ দীপক চন্দ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে আমার একটা অবজার্ভেশান তুলে ধরছি। গতকাল এ্যাসেম্বলীতে দেখেছি যে বেশ শান্ত পরিবেশ ছিল. আমাদের উল্টোদিকে যারা বসেন অর্থাৎ কংগ্রেসের সদস্যরা লাফালাফি করেন নি, চেঁচামেচি করেন নি, তারা সুবোধ বালকের মত বসেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি কি আলাদিনের আশ্চর্য্য প্রদীপ নিয়ে এসেছিলেন যা এই ৪০ জন সদস্যের উপরে প্রয়োগ করে তাদের মুখ বন্ধ করে রেখেছিলেন — এটাই আপনার কাছে আমার জিজ্ঞাস্য?

**মিঃ স্পীকার :** Mr. Chanda, the Congress has understood the rule that silence is golden. সে জন্য কালকে কিছু বলেন নি।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় আমাদের এই হাউস থেকে আজকে দেশের তাবত সাংবাদিকদের আন্তরিক ধন্যবাদ জানান উচিত। কারণ আজকে দিল্লীর স্বৈরতান্ত্রিক সরকার দেশের সংবাদপত্রের উপরে যে আঘাত হেনেছে সেই আঘাতের জবাব তারা দিয়েছেন বলে তারা আমাদের ধন্যবাদ পাবেন। তাদের অপরাধ কি? সংবাদপত্রের অপরাধ কি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে প্রেস কমিশনের রিপোর্টে বলা হয়েছে যে যদি কোন সংবাদ Actuated by malice না হয়, যদি কোন সংবাদ গাইডেড বাই দি প্রিন্সিপলস অব পাবলিক গুড না হয় তাহলে সংবাদপত্রের কণ্ঠরোধ করা যাবে না। সংবাদপত্রের কণ্ঠরোধ করা মানে হচ্ছে গণতন্ত্রের কণ্ঠরোধ করা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সংবাদ পত্র কোন এক বচ্চনের যিনি সর্বোচ্চ শাসন কর্তার প্রাণের বন্ধু, বজম ফ্রেন্ড, তিনি কোটি কোটি টাকার দুর্নীতির সঙ্গে লিপ্ত আছে, সেই দুর্নীতির কথা সংবাদপত্র ফাঁস করে দিল, অতএব সংবাদপত্রের কণ্ঠরোধ করতে হবে। কোন এক হিন্দুজা, যিনি হচ্ছেন সবোচ্চ শাসন কর্তার প্রাণের বন্ধু, ইয়ার, তিনি কোটি কোটি টাকা দুর্নীতি করবেন বোফর্সের ব্যাপারে, সেটা কাগজে লেখা চলবে না, চেপে দিতে হবে। যদি কাগজে লেখা হয় তাহলে কণ্ঠরোধ করা হবে। এই হচ্ছে অপরাধ। আজকে সাবমেরিন ডিলের কোটি কোটি টাকার ব্যাপারে বলা যাবেনা। এই শাসন কর্তার যারা দিল্লীতে বসে আছেন তাদের দুই কান কাটা বলে লজ্জা হচ্ছে না। এই সব সত্য কথা এবং কাহিনী ফাঁস করা হয়েছে বলে আজকে সংবাদপত্রের কণ্ঠরোধ করার চেষ্টা করা হয়েছে। তাই, এই সংবাদপত্র এবং সাংবাদিকরা সকলে মিলে সারা ভারতবর্ষ জুড়ে আজকে ওয়ার্নিং দিয়েছেন, এই জিনিস চলবে না, এই জিনিস বরদাস্ত করা হবেনা। সে জন্য তারা আমাদের সকলের ধন্যবাদ পেতে পারেন। তাই তাদের প্রতি আমি আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকার :** মিঃ রায়, উনিও বলছেন যে সংবাদপত্র ধন্যবাদ পাবেন। আপনি সমর্থন করছেন তো?

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিও অমলবাবুর সঙ্গে গলা মেলাচ্ছি এই সাংবাদিকদের সংগ্রামের ভূমিকার জন্য। তারা সংবাদপত্রের স্বাধীনতার জন্য লড়াই করছেন তার জন্য কমিউনিষ্টদের মুখে সংবাদ পত্রের স্বাধীনতার কথা শোভা পায়না। পৃথিবীর কোন কমিউনিষ্ট দেশে স্বাধীন সংবাদ পত্র নেই। সংবাদ পত্রের স্বাধীনতা দিতে অতীতে রাশিয়ায় গর্বাচভকেও গ্লাসনস্ত করতে হয়েছে। ভারতবর্ষের জাতীয় কংগ্রেসও সংবাদপত্রের পূর্ণ স্বাধীনতায় বিশ্বাসী। সংবাদপত্রের স্বাধীনতা রক্ষা করার জন্য আমরা দৃঢ় প্রতিজ্ঞ।

স্যার, আমাদের দেশে গণতন্ত্র আছে, গণতন্ত্রের যাঁরা শাসন করেন, তাদের কোথাও বিচারে ভূল হতে পারে এবং গণতন্ত্রের গভীরতা হচ্ছে সেখানে, যেখানে যাঁরা শাসন করেন, তাঁদের সিদ্ধান্ত তাঁরা বদল করতে পারেন, সংশোধন করতে পারেন। আজকে সাংবাদিকদের প্রতিবাদের মুখে রাজ্য সভায় সংবাদপত্রের সম্পর্কে মান হানি বিল আর পেশ করা হয়নি। মন্ত্রীরা এই নিয়ে বিচার বিবেচনা করছেন এবং আমি বলবো যে সংবাদপত্রের কর্মীদের এই লড়াই নুতন করে দেশের গণতন্ত্রের মূল্য বোধকে শক্তিশালী করেছে, যে গণতান্ত্রিক মূল্য বোধ এর জন্য জাতীয় কংগ্রেস জাতীয় আন্দোলনের সময় লড়েছিল, যে গণতান্ত্রিক মূল্য বোধের জন্য আমাদের কংগ্রেসের তৈরী করা সংবিধানে লিপিবদ্ধ আছে, সেই জন্য গণতান্ত্রিক মূল্য বোধ আজকে নুতন করে প্রতিষ্ঠিত হয়েছে। লোকসভায় এই বিল পাশ হওয়া সত্ত্বেও প্রধান মন্ত্রী যখন ঘোষণা করেছেন যে আমরা এই বিল রাজ্য সভায় নিয়ে যাবো না, একে পুনর্বিচার করবো। এই নিয়ে কম্যুনিষ্টদের আনন্দ করার কিছু নেই, যারা সংবাদপত্রের স্বাধীনতায় বিশ্বাস করে না, তাদের কাছ থেকে গণতন্ত্র সম্পর্কে কংগ্রেস লেকচার শুনবে না।

(গোলমাল)

[3.20 - 4.00 p.m.]

**(including adjournment)**

**মিঃ স্পীকার :** আপনি কী এঁদের সঙ্গে এই বিলের উইথড্রয়েল এর প্রশ্ন সমর্থন করলেন, না কি সমর্থন কবেন নি ওটা?

**শ্রী সৌগত রায় :** এই ব্যাপারে বিচার করা হচ্ছে।

**মিঃ স্পীকার :** আচ্ছা।

**শ্রী মানবেন্দ্র মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে আমি সৌগতবাবুকে অভিনন্দন জানাবো, কারণ আজকের সৌগতবাবুর বক্তৃতা শুনে আবার ১৯৭৭ সালের পুরাণ সৌগতবাবুর চিহ্ন কিছুটা পাওয়া গেল। এক সময় জরুরী অবস্থার বিরুদ্ধে প্রতিবাদ করে তিনি কংগ্রেস থেকে চলে গেলেন, আজকে আমরা তাঁকে সাধুবাদ জানাচ্ছি আর একবার, যদি গণতন্ত্রের প্রতি মায়া মমতা থাকে, তাহলে নিশ্চয়ই প্রস্তুত হবেন, তাঁকে অভিনন্দন জানাচ্ছি। সংবাদপত্রের উপর রাগ করে আজকে কোন লাভ নেই। আপনাদের নেতারা যদি বিদেশ থেকে ঘুষ নিয়ে নিজেদের মানহানি ঘটান, তাহলে সংবাদপত্রে সেটা প্রকাশ করলে মানহানির প্রশ্ন তুলে তো লাভ নেই। কম্যুনিষ্টদের মুখে এই কথা মানায় কী মানায় না, এতো ভারতবর্ষের ইতিহাসে প্রমান আছে। আমি কেবল একটা কথা বলছি, আমরা ত্রিপুরার সময়েই সতর্ক করেছিলাম যে গনতন্ত্র একটা অবিভাজ্য সত্বা, ত্রিপুরাতে গণতন্ত্র

আক্রান্ত হলে গোটা ভারতবর্ষের গণতন্ত্র নিরাপদ থাকবে না, ত্রিপুরায় গণশক্তি এবং আজকাল এর উপর আক্রমণ হয়, এতে কেউ কেউ খুব আনন্দ প্রকাশ করেছিলেন। ত্রিপুরাতে যদি গণতন্ত্র আক্রান্ত হয় তাহলে গোটা ভারতবর্ষে গণতন্ত্র আক্রান্ত হবে এবং সেই চিহ্ন আজকে ভারতবর্ষের রাজনীতিতে দেখা যাচ্ছে। আমরা অবশ্য সাধুবাদ জানাবো যে সাংবাদিকরা, যে সংবাদপত্র কর্মীরা কালকে পথে নেমেছেন, ধর্মঘট করেছেন, তাঁদের এই লড়াই এর পেছনে আমরা আছি এবং এই কম্যুনিষ্টরাই আছে এবং দেরীতে হলেও সৌগত বাবুরা আসছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুনছিলাম, আমাদের যুবক বিধানসভার সদস্য, তিনি বক্তৃতা দিচ্ছিলেন, দুর্ভাগ্য যারা সাংবাদিকদের মারে, ক্যামেরা ভেঙে দেয়, লাঞ্ছনা করে, অত্যাচার করে, তাদের মুখ থেকে এতবড় কথা শোভা পায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে খুব আনন্দের কথা, যে দু একটা প্রশ্ন উঠেছে, সৌগত রায় বলেছেন, এটা ঠিক, গণতন্ত্রকে বাঁচাতে গেলে সংবাদ পত্রের স্বাধীনতা অত্যন্ত প্রয়োজন, কেন না গণতন্ত্রের স্তম্ভ হলো সংবাদপত্র এবং সাংবাদিকদের ভূমিকা যদি গণতন্ত্রকে বাঁচাতে পারে তাহলে তারা গণতন্ত্রের ধারক এবং বাহক বলে আমরা বিশ্বাস করি। কারণ আমরা গণতন্ত্রে বিশ্বাসী। স্যার, আপনি আইনজ্ঞ আপনি আমার সঙ্গে একমত হবেন যে, বৃটিশ সরকারের করা আইন ইন্ডিয়ান পেনাল কোর্ডের ৫০০ থেকে ৫০৪ ধারার মধ্যেই সব কিছু আছে। কিন্তু তা সত্বেও একটা নতুন ডিফামেসন বিল এসেছে, এটা খুবই পরিতাপের বিষয়। সারা ভারতবর্ষে এর প্রতিবাদ হচ্ছে এবং এই বিধানসভায় দাঁড়িয়ে আমিও প্রতিবাদ করছি, তীব্র প্রতিবাদ করছি। এটা হওয়া উচিত নয়। সাংবাদিকদের এবং সংবাদপত্রের কোন রকম স্বাধীনতা খর্ব করা গণতন্ত্রের মূলে কুঠারঘাত করা। সকলেই এটাতে আপত্তি করবেন। আপনি আইনজ্ঞ, আপনি জানেন এটা। সাংবাদিকরা ধর্মঘট করেছেন, আমরা সকলে নিশ্চয়ই তাঁদের সাধুবাদ জানাব। এটাই গণতন্ত্রের রূপ এবং গণতান্ত্রিক ধারায় সাংবাদিকরা আন্দোলন করেছেন। আমাদের প্রধানমন্ত্রী রাজীব গান্ধী একটা কিছু ভেবে এটা করেছিলেন, কিন্তু তিনি যখন দেখলেন ঠিক হচ্ছে না তখন তিনি দ্ব্যর্থহীন ভাষায় বলেছেন, ''রাজ্যসভায় ওটা আমরা হাজির করছি না।'' স্যার, আপনি আইনজ্ঞ, আপনি জানেন যে, ৬ মাসের মধ্যে রাজ্যসভায় না তুললে ওটা আর থাকে না। তবে ওঁরা মুখে বড় বড় কথা বলছেন, কিন্তু ওঁরা যদি বলতেন — আজকে হাউসের সমস্ত কাজ বন্ধ রেখে ডিফামেসন বিল উইথড্র করতে হবে এই দাবী নিয়ে আলোচনা করবেন, তাহলে আমরাও ওঁদের সঙ্গে কণ্ঠে কণ্ঠ মিলিয়ে বলতাম, হ্যাঁ, উইথ্রড করতে হবে। কিন্তু তা না করে আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি ওঁরা রাজনৈতিক ফায়দা লোটার জন্য ঐসব কথা বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমরা গণতন্ত্রের পূজারী। আমরা গণতন্ত্রে বিশ্বাস করি এবং তার জন্য যে বিল এসেছে সে বিল নিশ্চয়ই উইথড্র করা হবে। আমি দ্ব্যর্থহীন ভাষায় বলছি, বিল উইথড্র হলে নিশ্চয়ই গণতন্ত্রের মূল্য থাকবে, মর্যাদা থাকবে। আমাদের নেতার সৎসাহস আছে, তিনি সেই পথই নেবেন। আমরা কমিউনিষ্ট নই, ভারতবর্ষের মাটিতে আমাদের জন্ম, ভারতবর্ষেই আমরা মরব, চীন বা রাশিয়ায় মরব না। এটা জানা উচিত। তাই গণতন্ত্রকে বাঁচাবার জন্য নিশ্চয়ই আমি প্রতিবাদ করছি।

**শ্রী শচীন সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বক্তব্য আছে। কিন্তু তার আগে আমি আপনাকে একটা বিষয়ে ধন্যবাদ জানাতে চাই। আপনি মাননীয় সদস্যকে অনেক বেশী সময় বলতে দিলেন। কিন্তু উনি বেশী সময় বক্তব্য রাখলে ওঁকে আমরা রাজনৈতিক ক্লাউন ছাড়া অন্য কোন ভাবেই বিচার করতে পারি না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয় এখানে উল্লেখ করতে চাই। বিষয়টি অত্যন্ত বেদনাদায়ক, তাই আমি বিষয়টি হাউসের সামনে তুলে ধরতে বাধ্য হচ্ছি। অতীতেও

এরকম কতগুলি ঘটনা ঘটেছে। গতকাল দুটি স্কুলের ক্লাশ নাইনের ছাত্রী বগুলা রোড্ রেলওয়ে ক্রসিং-এ রেলের চাকার তলায় পড়ে জীবন হারিয়েছে। দিনের শেষে তারা স্কুল ছুটির পরে বাড়ি যাচ্ছিল, কিন্তু ঐ রেল ক্রসিং-রে ওপর দিয়ে যাবার সময়ে তারা রেলে বিভৎসভাবে কাটা পড়ে। আমি সেখানে গিয়ে তাদের দেখে এসেছি। একজনের নাম পিউ মাইতি, সে মা-বার একমাত্র সন্তান এবং আর একজনের নাম সুপর্ণা পাত্র, সেও মা-বাবার একমাত্র মেয়ে, কিন্তু তার আর একটি ভাই আছে। আমি সমস্ত এলাকা জুড়ে একটা করুন দৃশ্য দেখে এসেছি। ঘটনাটি উল্লেখ করার কারণ হচ্ছে এই হাউস থেকে বিগত দুই বছর আগে সর্বসম্মতিক্রমে একটি প্রস্তাব গৃহীত হয়েছিল যে, ওটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ক্রসিং — যেখানে ঐ মেয়ে দুটি কাটা পড়েছে — অল্প সময়ের মধ্যে ওখানে প্রচণ্ড জ্যাম্ ইত্যাদি হয় এবং একসিডেন্ট হয়, অতএব ওখানে অবিলম্বে একটা রেলওয়ে ওভার ব্রিজ করা হোক। আমরা আপনার নির্দেশ মত ওখানে একটা রেলওয়ে ওভারব্রীজ করার দাবী জানিয়ে একটা প্রস্তাব এখান থেকে পাশ করে দিল্লীতে পাঠিয়েছিলাম। কিন্তু ২ বছরের মধ্যে তাঁদের কাছ থেকে কোন জবাব পাওয়া যায় নি। বিভিন্ন ভাবে আমরা বার বার দাবী করছি, কিন্তু কোন ফল হচ্ছে না। মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে রাজ্য সরকার মারফত কেন্দ্রীয় সরকারের আবার দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে ঐ ওভার ব্রিজটি না করা হলে এই ধরণের আরো অনেক করুন দৃশ্য আমাদের দেখতে হবে। ছাত্রী দুজনের মৃত্যুর প্রতিবাদে ঐ অঞ্চলের সমস্ত স্কুল কলেজ, দোকানপাট বন্ধ হয়েছে। ওখানকার সাধারণ মানুষ আমার কাছে প্রতিকার দাবী করেন, কিন্তু আমি তাঁদের কোন জবাব দিতে পারি নি।

**শ্রী সত্যেন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবাদপত্রকে সাধারণতঃ গণতন্ত্রের প্রহরী বলা হয়। আজকে অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় যে আমাদের কেন্দ্রীয় সরকার সেই গণতন্ত্রের কণ্ঠ রোধ করার জন্য সংবাদপত্রের উপর জোর করে 'মানহানি' নামক বিল এনে কণ্ঠ রোধ করার চেষ্টা করছে। ইতিপূর্বে এই সভায় সর্বদলের কণ্ঠ থেকে সংবাদপত্রের এই সংগ্রামকে অভিনন্দন জানানো হয়েছে। আমি এই সংবাদপত্রের এই সংগ্রামকে এবং সংবাদপত্রের পক্ষে যেসব সাংবাদিক আন্দোলন করছেন তাঁদের অভিনন্দন জানাচ্ছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবাদপত্রের স্বাধীনতার উপর যেভাবে আক্রমন হল এই "মানহানি বিল" পেশ করে, আজকে ভারতবর্ষের ইতিহাসে এ এক নজীর বিহীন এবং নক্কারজনক আক্রমণ। এটা যেমন একদিকে নিন্দনীয়, তেমনি এই আক্রমনের বিরুদ্ধে সারা ভারতবর্ষ ব্যাপী সংবাদপত্রের বন্ধুরা যেভাবে এর বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছেন তাঁদের এই সংগ্রাম একইভাবে অভিনন্দনযোগ্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে একথাই বলবো, এখানে কংগ্রেসী বন্ধুরা বললেন তারা নাকি সংবাদপত্রের স্বাধীনতায় বিশ্বাসী ইত্যাদি ইত্যাদি এবং তাঁরা আন্দোলনকে সমর্থন করেছেন আমার কথা হচ্ছে, এইরকম কোন মতামত নয়, এই হাউস থেকে মানহানি বিলকে একেবারে বিনাশর্তে অবিলম্বে প্রত্যাহার করতে হবে এই মর্মে একটা সর্বদলীয় প্রস্তাব আনা হোক এবং সেই প্রস্তাবে কংগ্রেসীরা সামিল হোন, তাহলে যে কথা তারা মুখে বলছেন তার সঙ্গে সঙ্গতি থাকবে।

**মিঃ স্পীকার ঃ** এখন বিরতি, আবার আমরা ৪টার সময় মিলিত হবো।

**(At this stage the House adjournned till 4.00 p.m.)**

**(After adjournment)**

**[4.00 – 4.10 P.M.]**

**শ্রী সত্য রঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভার সদস্য ডাঃ মানস ভুঞ্যাঁর নেতৃত্বে সবং কলেজের ছাত্রদের যে আইডেনটিটি কার্ড আছে তাতে 'বন্দেমাতরম' কথাটা তুলে দেওয়া নিয়ে ওখানে আন্দোলন হচ্ছে। আন্দোলন আজ থেকে শুরু হচ্ছে এবং আগামী ৯ তারিখে শেষ হবে! আপনার মাধ্যমে কথাটা মাননীয় সদস্যদের জানালাম।

## Discussion on Flood Situation

**শ্রী হুমায়ুন চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গে যে কতকগুলি জেলায় বন্যা হয়েছে, তার মধ্যে দেখতে পাচ্ছি যে কুচবিহার থেকে আরম্ভ করে বীরভূম পর্যান্ত বন্যার প্রকোপে পড়েছে। আমরা আজকে বিধানসভার ফ্লোরে দাঁড়িয়ে বন্যা নিয়ে আলোচনা করছি কিন্তু বন্যার বাস্তব ফল যা দাঁড়াচ্ছে সেটা হল — এই বন্যার ফলে বিরোধীদলের কিছু নেতৃবৃন্দ, কিছু সরকারী কর্মচারী, কিছু কন্ট্রাক্টার এদের হচ্ছে পৌষমাস, আর বন্যার কবলে যে মানুষগুলি পড়েছে তাদের হচ্ছে সর্বনাশ। আজকে বন্যা সম্বন্ধে আলোচনা করতে গিয়ে সরকার কতটা রিলিফ দিলেন এই নিয়ে কচ্‌কচানি হচ্ছে, এক রাজনৈতিক দল আরেক রাজনৈতিক দলের দোষ দিচ্ছে, এক সরকার অন্য সরকারকে দোষ দিচ্ছে। কিন্তু এর গভীরে আমরা কেউ যাচ্ছি না। বন্যা যাতে না হয়, তার প্রতিরোধ ব্যবস্থা আমরা কতটুকু গ্রহণ করতে পারছি সেটাই আজকে বিশেষ ভাবে আলোচনা করা দরকার। কুচবিহার, জলপাইগুড়ি, পশ্চিম দিনাজপুর, দার্জিলিংয়ের কিছু অংশ, মালদা, মুর্শিদাবাদ, নদীয়া এবং বীরভূম জেলায় যে বন্যা হয়েছে তাতে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে ওয়েষ্ট দিনাজপুর এবং মালদা। মালদা ডিসট্রিকটের বন্যা নিয়ে আমরা যা বলতে চাইছি যে, গতকাল সেচ মন্ত্রী এখানে বন্যা সম্বন্ধে যে বিবৃতি দিয়েছেন তাতে ফারাক্কা ব্যারেজের কথা উল্লেখ করেছেন। ফারাক্কা ব্যারেজের পিছনে যে ক্রটি আছে সেটা আমরা অস্বীকার করছি না, কিন্তু তার সঙ্গে সঙ্গে পশ্চিম দিনাজপুরের বন্যাটা কেন হল মাননীয় সেচ মন্ত্রী মহাশয় তাঁর বিবৃতিতে সেকথা উল্লেখ করেন নি। মাননীয় সেচ মন্ত্রী মহাশয় আজকে মালদার বন্যার জন্য ফারাক্কাকে দায়ী করেছেন কিন্তু নাগর বাঁধ না ভাঙ্গলে পশ্চিম দিনাজপুর বন্যার কবলে পড়ত না, সে কথা উনি বিবৃতিতে বলেন নি। নাগর ছাড়াও আরও কতকগুলি বাঁধ ভেঙ্গেছে, এবং এটার আরও গভীরে গেলে দেখা যাবে যে ব্যাপারটা [illegible] হয়ে গেছে। একটা জামা যদি ছিঁড়ে যায় সেখানে একটা ষ্টীচ করে, কি করলে ৯টা ষ্টীচকে বাঁচানো যায় সেদিকে সরকার যাচ্ছেন না, এটা স্বীকার করতেই হবে। আজকে মালদায় শুধুমাত্র গঙ্গার জলেই বন্যা হয়েছে তা নয়, হয়ত মাননীয় সেচমন্ত্রী অবগত নন্, বাংলাদেশের রাজশাহীতে বাঁধ ভেঙ্গে সেই জল খাল দিয়ে এসে ঢুকেছে এবং তারফলে মালদা জেলার একটা অংশ প্লাবিত হয়েছে। কাজেই হাতীমারার বাঁধ যদি ঠিকমত করা হত তাহলে কালিয়াচক থানার একটা বিরাট অংশ আজকে বন্যায় প্লাবিত হত না। আজকে অফিসাররা যেভাবে রিপোর্ট দিয়েছেন হয়ত সেইভাবেই মন্ত্রী মহাশয় রিপোর্ট করেছেন। কিন্তু ঘটনা হচ্ছে, আজকে হাতীমারার ক্যানেল দিয়ে বাংলাদেশের রাজশাহী থেকে সেখানে জল এসে ঢুকেছে। আমাদের জন্মের পর থেকেই ঐ এলাকায় বন্যা দেখে আসছি। কিন্তু দেখছি ১৯৭০ সালের পর থেকে মানুষ বেশী কষ্টের মধ্যে পড়েছে! তাছাড়া আগে বন্যাকে মোকাবিলা করবার মত মানুষের কাছে নৌকা ইত্যাদি সাজ-সরঞ্জাম ছিল এবং বন্যাও তখন এইভাবে হত না। কিন্তু আজকে হঠাৎ হঠাৎ জল ঢুকে প্লাবিত করে দিচ্ছে, কোন রকম সময় পাওয়া যাচ্ছে না সেখানে। কাজেই আজকে ত্রাণ-ব্যবস্থা গ্রহণ করার চেয়ে বেশী প্রয়োজন বন্যা প্রতিরোধ করা। আজকে আমরা বলতে চাই, পশ্চিম দিনাজপুর জেলা বা মালদা জেলায় যে বন্যা হচ্ছে সেটা নতুন কিছু নয়; সেখানে গত বছরও বন্যা

হয়েছে, এই বছরও বন্যা হয়েছে, প্রতি বছরই বন্যা হচ্ছে সেখানে। কিন্তু এরফলে সাধারণ মানুষ ক্ষতিগ্রস্থ হচ্ছে। তবে এরফলে লাভবান হচ্ছে কারা সেটা ভেবে দেখতে হবে। আজকে মুর্শিদাবাদ থেকে ফরাক্কা পর্যন্ত সর্বত্র কনট্রাকটর এবং মাফিয়াচক্র জেঁকে বসেছে, কিন্তু প্রাণের ভয়ে অফিসাররা সেখানে কিছুই করতে পারছেন না। মাননীয় সেচমন্ত্রীর এর বিরুদ্ধে কিছুই করতে পারছেন না। আজকে মালদায় ইরিগেশনের যেসব কাজ বন্টন হচ্ছে তারমধ্যে বেশীরভাগ কাজ পাচ্ছে মালদার ডেমোক্র্যাটিক কনট্রাকটরস্ এ্যাসোসিয়েশনের সব কনট্রাকটররা। আমরা দেখতে পাচ্ছি, এক্ষেত্রে কাজগুলি পরীক্ষা করে দেখবার জন্য সরকারের একটা কমিটি রয়েছে। সেখানে মালদায় একটা ইরিগেশন বাঁধে কনট্রাকটাররা কাজ করলেন ৭২ পারসেন্ট লেস্ দিয়ে। সেক্ষেত্রে টেকনিক্যাল যে রিপোর্ট ছিল তাতে ওভারশিয়ার এবং ইঞ্জিনিয়ারদের এ্যাজাম্পশন ছিল ১ লক্ষ টাকা খরচ হবে তাতে, কিন্তু কনট্রাকটররা সেই কাজ ২৮ হাজার টাকায় করে দিন এবং তাতেও প্রফিট হল তাদের। এই নিয়ে কমপ্লেন হলে ১৯৮৫ সালে চেয়ারম্যান অফ দি এ্যাস্যুরেন্স কমিটি হিসাবে মতীশবাবু মালদার যে বাঁধে কনট্রাকটররা বোল্ডার ফেলেছিলেন সেই বাঁধ দেখতে গিয়েছিলেন। কিন্তু আজ পর্যন্ত কোন কনট্রাকটর ব্ল্যাক লিষ্টেড হয়নি বা কোন অফিসার সাসপেন্ড হয়নি। আমরা দেখছি, প্রতি বছরই বন্যাত্রাণে খরচ করা হচ্ছে। কিন্তু বন্যাত্রাণে এইভাবে বছর বছর ব্যয় না করে যদি বন্যা প্রতিরোধে স্থায়ী ব্যবস্থা গ্রহণ করা যায় তাহলে তাদের স্থায়ী উপকার হতে পারে। কিন্তু ভাবনাটা এই রকম — আজকে যদি বন্যা না হয়, ত্রাণ ব্যবস্থা যদি না করতে হয়, তাহলে মানুষজন আমাদের ভুলে যাবে, ভোট পাবো না তাহলে। কাজেই তাদের রিলিভ দিতে হবে।

**[4.10 – 4.20 p.m.]**

আমরা জানি ন্যাচারাল ক্যালামিটি বলে একটা কথা আছে, ন্যাচারাল ক্যালামিটি হতে পারে। কিন্তু প্রতি বছরই বন্যা হচ্ছে এবং একই ধরনের বন্যা হচ্ছে। এটাকে বন্ধ করার চেষ্টা করা যায় না? আমরা দেখেছি গত বছর বন্যা হয়েছে, তার আগেরবার বন্যা হয়েছে এবং এই বছরও বন্যা হয়েছে। গত বছরও বন্যা হয়েছে। সরকারের তরফ থেকে বলা হয় বহু টাকা দেওয়া হয়েছে। গত বছর বন্যার সময় যে সমস্ত টিউবওয়েল অকেজো হয়ে গিয়েছিল সেইগুলি আজ পর্যন্ত রিপেয়ার হয়নি। গত বছর বন্যার সময় যে সমস্ত স্কুল বিল্ডিংস নষ্ট হয়ে গিয়েছিল সেই স্কুল গুলি সম্পূর্ণ ভাবে রিপেয়ার করা হয়েছে এই কথা সরকারের পক্ষ থেকে বলতে পারবে না। তাহলে প্রশ্ন হচ্ছে আমরা দিনের পর দিন কোথায় যাচ্ছি? আমি কতক গুলি উদাহরণ আপনাদের সামনে তুলে ধরবো। এই মধ্যে আর্থকোয়েক হয়ে গেছে, ফ্ল্যাড হয়ে গেল, তাতে আমাদের মাননীয় অর্থমন্ত্রী সহ অন্যান্য মন্ত্রীরা গিয়েছিলেন, তাঁরা নিজের চোখে অনেকটা দেখেছেন। কিন্তু আমাদের এখানে টেবিলে গত ৫ তারিখ পর্যন্ত যে বর্ণনা দেওয়া হয়েছে তাতে আমরা দেখতে পাচ্ছি বিশেষ করে মালদা জেলার জন্য জি. এর-এ ৮০৫ মেট্রিক টন গম এবং ৬০০ মেট্রিক টন রাইস গিয়েছে। আমি মনে করি সর্ব্বসাকুল্যে ৮৩ লক্ষ ১ হাজার ১৫০ টন ত্রাণ সামগ্রি গিয়েছে। সেই সঙ্গে অন্য জেলাতেও বেশ কিছু গিয়েছে। ৫ তারিখ পর্যন্ত খরচের পরিমান সরকারের তরফ থেকে দেখানো হয়েছে ২ কোটি ৫৫ লক্ষ টাকা। কিন্তু আজ পর্যন্ত আমরা দেখতে পাচ্ছি কালিয়াচকের ২ নং ব্লকে সর্ব্বসাকুল্যে ১১০ বস্তা গম এবং ৫০০ পলিথিন গিয়ে পৌঁচেছে। আজকে এ ছাড়া সেখানে আর কোন জিনিস-পত্র পাওয়া যাচ্ছে না। তারপর শুনতে পাচ্ছি আর. এল. ই. জি. পি এবং এন. আর. ই. পি-র সমস্ত গম ডাইভারসান করা হয়েছিল। সেখানে যে ত্রাণের মাল যা গিয়েছে সেই গুলি প্রপার ইউটালাইজড হচ্ছে না এবং সুষ্ঠ বন্টন হচ্ছে না। আজকে আমরা দেখতে পাচ্ছি গঙ্গাপ্রসাদ ২নং ব্লকে ত্রাণ নিয়ে গন্ডোগোল চলেছে, হয়ত এই ব্যাপার নিয়ে শৈলেনবাবু বলবেন, তার আগে আমি বলে দিচ্ছি। গঙ্গাপ্রসাদের একজন ডিলার অফজল হোসেন সে

ব্লক অফিস থেকে রিলিফের মাল নিয়ে গিয়েছিল ১১ বস্তা। গঙ্গাপ্রদাস অঞ্চলের সি. পি. এম সদস্য - শৈলেনবাবু এটা রেফার করতে পারেন, এই ব্যাপারে কেস হয়েছে, তাতে টাইম দেওয়া হয়েছে- মাল সকালে তুলে নিয়ে গিয়েছে। মানুষ সেখানে রাস্তার ধারে বসে ছিল মাল ডিষ্ট্রিবিউট হবে বলে, কিন্তু সারা দিন চলে গেল সেই গমগুলি ডিট্রিবিউট হল না। তারপর দেখা গেল রাত্রি ১০টার সময় গাড়ি করে মাল পাচার হচ্ছে। তখন গ্রামের সাধারণ মানুষ জোর করে সেই মাল লুট করে নেয়। পরে দেখা গেল কংগ্রেসের পঞ্চায়েত সমিতির সদস্য এবং আরো কিছু লোককে ওই কেসের আসামী করে দেওয়া হল। তারপর সেখানে দেখা গেল সেখানে Case হল, সেখানে FIR হল এবং সাধারণ মানুষ যারা District Magistrate কে ঘেরাও করলো, তারাই আবার গঙ্গাপ্রসাদের পার্শ্ববর্ত্তী এলাকায় মালটা recover করলো। ত্রাণ ব্যবস্থার ক্ষেত্রে এই তো ব্যবস্থা চলছে, সবকিছু নিয়ে ছিনিমিনি চলছে। আজকে বন্যার ফলে যেসব rood damage হয়েছে তা নতুন কিছু ঘটনা নয়। এর আগে, গত বছরে এবং তার আগের বছরে rood damage হয়েছিল। সেগুলির বহুলাংশে সম্পূর্ণভাবে মেরামতিও পর্যন্ত হয়নি। আমি এখানে স্কুল-বাড়ির tube-well এর অবস্থার কথা বললাম এবং এখানে এটা বলছি তাই নয়, এ সম্পর্কে সংবাদপত্রেও বেরিয়েছে। আমরা সংবাদপত্রে দেখেছি যে, পশ্চিমবাংলা সরকার বলছেন Central govt. relief materials দিচ্ছে না, ত্রাণ-বাবদ কিছু দিচ্ছে না। গত বছরে এবং তার আগের বছরে এ নিয়ে বিতর্কের সৃষ্টি হয়েছে, সেন্ট্রাল থেকে যেসব ত্রাণ সামগ্রী পাঠানো হয়, রাজ্য সরকার তার পুরোপুরি হিসাব দাখিল করেন নি। সেজন্য রাজ্য সরকার এবং আমাদের মধ্যে এ ব্যাপারে যে বিতর্কের সৃষ্টি হচ্ছে তার অবসান হওয়া দরকার এবং মানুষের সেবায় সব রাজনৈতিক দলগুলির এগিয়ে আসা দরকার, বন্যা কবলিত এলাকার মানুষ হিসাবে আমাদের এগিয়ে আসা উচিত। সরকারের এ ব্যাপারে এগিয়ে আসা দরকার। গঙ্গার ধারে যেসব বাঁধ রয়েছে সেখানে মুনাফা লোটার জন্য এক শ্রেণীর কনট্রাকটর একচেটিয়া ভাবে কাজ করে চলেছে। এই কাজের সাথে একশ্রেণীর কর্মচারী জড়িত আছে। আমরা দেখেছি বর্ষার আগে সমস্ত Irrigation কাজ করা হয় এবং সেগুলি Properly করা হয় না। অন্য সময়ে সেগুলি করা হয় না, বর্ষা আসলে তবেই কাজ আরম্ভ হয় এবং irrigation এর নামে সমস্ত টাকা-পয়সা জলে চলে যাচ্ছে। Irrigation এর টাকা যদি Properly খরচ হয় তাহলে বিভিন্ন এলাকার মানুষ বন্যার কবল থেকে মুক্তি পাবে। এই আশা নিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মাধবেন্দু মোহান্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সম্প্রতি যে বন্যা হয়েছে বিশেষ করে উত্তর বাংলার পরে আমাদের মধ্য বাংলায়, নদীয়ায় ও মুর্শীদাবাদেও যে বন্যা হয়েছে, সে সম্পর্কে গতকাল সেচমন্ত্রী ও ত্রাণমন্ত্রী বিবৃতি দিয়েছেন। আজ এখানে এই বিষয়ে ৪ ঘন্টা আলোচনা হচ্ছে। আমি আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে প্রথমেই বন্যা-দুর্গত মানুষদের দ্রুততার সাথে relief এর বিষয়টি গ্রহণ করবার জন্য সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। বামফ্রন্ট সরকার ক্ষয়-ক্ষতি বিচার-বিবেচনা করার প্রয়োজনীয়তা অনুভব করার জন্য ভূমি-সংস্কার মন্ত্রী বিনয়বাবু, অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত এবং সেচমন্ত্রী দেবব্রত বন্দোপাধ্যায়কে পাঠিয়েছিলেন। তাঁরা উত্তরবাংলার মালদহ সহ অন্যান্য এলাকা ঘুরে এসেছেন এবং ঘুরে এসে বাস্তব অবস্থা বিচার-বিবেচনা করে এই অবস্থার মোকাবিলা করার জন্য উদ্যোগ গ্রহণ করেছেন।

**[4.20 – 4.30 p.m.]**

আমরা লক্ষ্য করেছি যে আগে যেসব বন্যা হত যেমন ১৯৭৮ সালে যে বন্যা হয়েছিল তার থেকে এখন অবস্থা অনেকটা উন্নত। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার অত্যন্ত যোগ্যতার সঙ্গে এই অবস্থার মোকাবিলা করতে এগিয়ে এসেছে। বন্যার কাজের ব্যাপারে পঞ্চায়েতও একটা বিশিষ্ট ভূমিকা

পালন করেছে এবং জনসাধারণ ও সরকারী কর্মচারীরা তারাও দুর্গত মানুষদের ত্রাণের কাজে এগিয়ে এসেছেন। অথচ বিরোধী দলের সদস্য হুমায়ুন চৌধুরী বলে গেলেন যে বন্যা প্রতিরোধ করার জন্যে বামফ্রন্ট সরকার ব্যর্থ হয়েছে। তাঁদের বক্তব্য যে বামফ্রন্ট সরকার নাকি বন্যার সৃষ্টি করছে, খরার সৃষ্টি করছে। আজকে ভাবতে লজ্জা লাগছে ভারত স্বাধীন হয়েছে ৪২ বছর আগে কিন্তু এখনো পর্যন্ত আমাদের দেশ থেকে খরা, বন্যার মোকাবিলা করতে হচ্ছে। গত বছরও বন্যা হয়েছে, খরা চলেছে এবং খরার সাথে সাথে এ বছর বন্যা দেখা দিয়েছে। আজকে বন্যা কেন হবে, খরা কেন হবে? তারজন্য দায়ী কেন্দ্রীয় সরকারের নীতি, সেই নীতির ফলে আজকে কৃষি ব্যবস্থার ক্ষেত্রে যে তার প্রধান ত্রুটি, বন্যা প্রতিরোধের ক্ষেত্রে যে ত্রুটি এবং যে পরিকল্পনা করা হয়েছে তা ডিফেকটিভ হয়েছে। এই যে ফারাক্কা ব্যারেজ তৈরী হয়েছে, এরফলে মালদহ ডুবছে, তার সাথে সাথে মুর্শিদাবাদ, নদীয়া, রানাঘাট, নবদ্বীপ ডুবছে। জলঙ্গী নদী যে আছে তাতে বন্যা দেখা দিচ্ছে। সেইসব মোকাবিলা পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে করতে সচেষ্ট হয়েছে। কিন্তু সেখানে কেন্দ্রীয় সরকার কি করছে? কেন্দ্রীয় সরকারের যে গঙ্গা এ্যাকশান প্ল্যান তা ব্যর্থ হয়েছে। তার ফলে আজকে সর্বদিক থেকে পশ্চিমবঙ্গ ডুবছে। কেন্দ্রীয় সরকারের যে নীতি তারফলে শুধু যে পশ্চিমবঙ্গ ডুবছে তাই নয় বিহার প্রভৃতি রাজ্যও এর থেকে বাদ যাচ্ছে না। বিহারে যে ভূমিকম্প হয়ে গেল রাজীব গান্ধী তাতে বলে গেলেন যে ও বেশী বেশী করে দেখান হয়েছে। সুতরাং এই তো কেন্দ্রের অবস্থা। গান্ধীজীর আমলে যখন ভূমিকম্প হয়েছিল বিহারে তখন তিনি বলেছিলেন ইট ইজ এ কার্স অফ গড। যদিও আমরা তা বিশ্বাস করিনা কিন্তু তবুও বলবো তিনি সেই ভূমিকম্পের জন্যে অনেক প্রচেষ্টা নিয়েছিলেন। আমরা বিশ্বাস করিনা যে এসব ঈশ্বরের দান। আমরা লক্ষ্য করেছিলাম গান্ধীজী, বাবু রাজেন্দ্রপ্রসাদ আগেকার ভূমিকম্পের মোকাবিলা কিভাবে করেছিলেন, তারা কিভাবে প্রচেষ্টা চালিয়েছিলেন যে বিহারের মানুষ যাতে বাঁচে। আমাদের জল দেওয়ার দরকার ছিল তা দেওয়া হয় নি, কলিকাতার বন্দর আজকে শুকিয়ে যাচ্ছে। আজকে এরফলে বিকল্প ব্যবস্থার কথা চিন্তা করতে হচ্ছে। আমরা নদী, জলের লোক। সেখানে গ্রামের নদী, খাল, বিল সব শুকিয়ে যাচ্ছে। গঙ্গা মজে যাচ্ছে। নদীর জল ধারণের কোন যায়গা নেই। আজকে নদীর নাব্যতা কমে যাচ্ছে যারফলে সারা পশ্চিমবঙ্গে এমন বিপদ সৃষ্টি করছে।

স্যার, আজকে হুমায়ুণ চৌধুরীর কথা শুনে লজ্জা লাগছে যে বিভিন্ন মানুষগুলি তারা মুনাফা লোটার চেষ্টা করছেন। এই অপমান বিভিন্ন রাজনৈতিক কর্মীর প্রতি নয়, আমি মনে করি এই অপমান পশ্চিমবাংলার বিভিন্ন রাজনৈতিক কর্মীর প্রতি। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার যেভাবে সাধারণ মানুষের সেবা করছেন, তার তুলনায় বিহারের যে কংগ্রেস আজকে বঞ্চিত হচ্ছে, এই বঞ্চনা শুধু বিহারের ক্ষেত্রে নয়, আসাম-র ক্ষেত্রেও। অন্য সরকার সেখানে আছে, কিন্তু তা সত্ত্বেও আসামের দুর্গত মানুষকে বাঁচাবার জন্য আজকে তাদেরকে দিল্লিতে গিয়ে ধর্ণা দিতে হচ্ছে। তাই রাজীব গান্ধী আজকে সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন যেমন বামপন্থীদের কাছ থেকে, তেমনি অবামপন্থীদের কাছ থেকেও। সেখানে দলের কোন প্রশ্ন নয়, নীতির কোন প্রশ্ন নয়, মানুষকে বাঁচানোর প্রশ্ন। সেইজন্য বলতে চাই আজকে নদীয়া জেলার ক্ষেত্রে যে অবস্থা দেখা দিয়েছে, সেটার প্রতি লক্ষ্য রাখবেন। আজকে কেন্দ্রের এই যে রাজ্যের প্রতি বঞ্চনা, এটাকে পালন করা তাদের যে নৈতিক দায়িত্ব সেটা কেন্দ্রীয় সরকারকে বুঝতে হবে। আমাদের পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার তাদের যে ক্ষমতা সেই ক্ষমতার উপর দাঁড়িয়ে মানুষকে ত্রাণ কার্যে সাহায্য করেছে। কি করলেন আপনাদের কেন্দ্রীয় সরকার? পশ্চিমবাংলার জন্য খরচ হয়েছে ২৫২ কোটি টাকা, আমরা দাবী করেছিলাম ২৫৪ কোটি টাকা। আমরা দেখেছি তারা বলেছেন ৮১ কোটি টাকার বেশী রিলিফ ফান্ডে খরচ করতে পারবেন না বলে দিলেন। যখন মানুষ

কান্নাকাটি করছে, ত্রিপল দিন, তখন দিল্লির সরকার বললেন ২ কোটি টাকার উপর ত্রিপল কিনতে পারা যাবে না। আমাদের সম ক্ষমতায় অর্থ দিতে হবে, বাড়তি খরচ বহন করতে হবে। এই হচ্ছে কথা। সেইজন্য আমি বলতে চাই বামফ্রন্ট সরকারকে আঘাত করে, তার দুর্ণাম করে, সমালোচনা করে পার পাওয়া যায় না। আমরা বিপদের দিনে দুর্গত মানুষকে বাঁচাবার চেষ্টা করেছি। নদীয়া জেলায় ১৭টি ব্লকের মধ্যে ৮টি জেলা প্লাবিত হয়েছে। তেহট্ট ১,২ ব্লক, করিমপুর ব্লক, নিকাশী পাড়া ব্লক ও অন্যান্য অঞ্চলেও কম বেশী প্লাবিত হয়েছে। কালকে আমাদের শ্রদ্ধেয় মন্ত্রী দেবব্রত বাবু যে বিবৃতি দিয়েছেন তাতে বলেছেন নদীয়া জেলায় ৯৬ স্কোয়ার কি. মি. প্লাবিত হয়েছে। তাই আমার দাবী জল-নিকাশী ব্যবস্থা চালু করতে হবে, বিভিন্ন বাঁধগুলি মেরামত করতে হবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**[4.30 – 4.40 p.m.]**

**শ্রী মান্নান হোসেন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিগত আগস্ট মাসের বন্যায় পশ্চিমবঙ্গের উত্তরবঙ্গের বেশ কয়েকটি জেলা বিশেষ করে মালদহ, মুর্শিদাবাদ, জলপাইগুড়ি, পশ্চিমদিনাজপুর, কুচবিহার সহ নদীয়া এবং বীরভূম জেলার আংশিক ক্ষতি হয়েছে। প্রত্যেক বছর বন্যা হয়ে যাওয়ার পর রাজনৈতিক দলের নেতারা এবং আমরা বিধান সভার সদস্যরা এই বিধানসভায় দাঁড়িয়ে বন্যা ক্লিষ্ট মানুষের জন্য রিলিভের কথা বলি, তাদের উদ্ধারের কথা বলি এবং রিলিফে পশ্চিমবঙ্গ সরকার প্রত্যেক বছর লক্ষ লক্ষ টাকা খরচ করেন। কিন্তু বন্যা প্রতিরোধের জন্য যে ব্যবস্থা নেওয়া দরকার আমার মনে হয় এই সরকারের সেই সম্বন্ধে দৃষ্টিভঙ্গীর অভাব আছে। আজকে একজন সদস্য বললেন বা আমরা এই সভায় বহুবার আলোচনা হতে দেখেছি বা শুনেছি যে ফারাক্কা ব্যারেজ হওয়ার জন্য আজকে পশ্চিমবঙ্গের উত্তরবঙ্গের বেশ কয়েকটি জেলা প্লাবিত হচ্ছে। স্যার, নিশ্চয়ই আপনার জানা আছে ১৯৫০ সালে যখন ফারাক্কা ব্যারেজ হয়নি সেই সময় যে বন্যা হয়েছিল উত্তরবঙ্গের কয়েকটি জেলায় ফারাক্কা ব্যারেজ হওয়ার পর এতবড় বন্যা রাজ্যের কোন জেলায় হয়নি। এটা অস্বীকার করা যায় না যে ফরাক্কা ব্যারেজ প্রকল্পের জন্য উত্তরবঙ্গ এবং মুর্শিদাবাদ প্রভৃতি কয়েকটি জেলায় বন্যা হচ্ছে। মাননীয় সেচ মন্ত্রী মুর্শিদাবাদ জেলার মানুষ, তিনি জানেন মুর্শিদাবাদে কিভাবে বন্যা হয়, বন্যার জল কোথা থেকে আসে। আমরা এই সভায় বার বার বলে এসেছি বন্যা নিয়ন্ত্রণের জন্য স্থায়ী ব্যবস্থা যদি না হয় তাহলে প্রত্যেক বছর উত্তরবঙ্গ সহ মুর্শিদাবাদ জেলায় বন্যা হবে। আমরা এই সভায় বার বার বলে এসেছি যে শুধু গঙ্গা পদ্মা নয় ভৈরব নদীর ভাঙ্গনে মুর্শিদাবাদ জেলার রানীনগর, ভগবানগোলা প্রভৃতি বিভিন্ন থানার ব্যাপক অংশে ক্ষতি হচ্ছে। ইসলামপুর গ্রাম পঞ্চায়েতের হুড়হুড়ি গ্রাম ভৈরব নদীর ভাঙ্গনে ভৈরব নদীর তলায় যেতে বসেছে। ঘুঘুপাড়া গ্রামের প্রায় অর্ধেক ভৈরব নদীর তলায় চলে গেছে। গোটা আখিরিগঞ্জ গ্রামটা ভৈরব নদীর তলায় চলে গেছে। আমরা সভায় বার বার উল্লেখ করেছি আজকে ভৈরব নদীর ভাঙ্গন এবং মুর্শিদাবাদ জেলার বন্যা প্রতিরোধ যদি করতে হয় তাহলে নদী বাঁধগুলি মেরামত করতে হবে এবং আরো শক্তভাবে যদি বাঁধগুলি নির্মাণ না করা যায় তাহলে বন্যা নিয়ন্ত্রণ করা সম্ভব হবে না। আমরা রিলিফের জন্য চিৎকার করি, রিলিফের জন্য প্রচুর পরিমানে টাকা খরচ হচ্ছে। দেবব্রত বন্দোপাধ্যায় মহাশয় সেচ দপ্তর পাওয়ার পর চেষ্টা করছেন স্থায়ীভাবে বন্যা নিয়ন্ত্রণ করার জন্য, কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় সেচ দপ্তরকে ঠিকমত অর্থ দেওয়া হচ্ছে না। সেচ দপ্তরের যে পরিমান টাকার প্রয়োজন সেই পরিমান অর্থ দেওয়া হচ্ছে না। আমরা জানি একটি স্কীম যদি ১ লক্ষ টাকা স্যাংকসান হয় তাহলে সেখানে কখনও ১০ হাজার কখনও ১৫ হাজার টাকা দেওয়া হয়, তারপর ইউটিলাইজেশান সার্টিফিকেট দেওয়ার পর পরবর্তীকালে আবার ১০/২০ হাজার টাকা দেওয়া হয়। এই ভাবে ক্ষেপে ক্ষেপে টাকা দিয়ে বন্যা নিয়ন্ত্রণ করা বা বাঁধ

মেরামত করা সম্ভব নয়। স্যার, মুর্শিদাবাদের কাছে ভৈরব নদীর ভাঙ্গনে জলঙ্গী এবং হরিহরপাড়ার একটা বিরাট অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। এই ব্যাপারে সেচমন্ত্রী কথা দিয়েছিলেন বাঁধ মেরামত করা হবে। এই বাঁধ মেরামত না হবার জন্য রাণীনগর, জলংগী, হরিহরপাড়া প্রভৃতি অঞ্চল বন্যার কবলে পড়েছে। ফারাক্কা থানার অধীন কেন্দুয়া নামক জায়গাটি বিহারের পাহাড়ের জলে প্লাবিত হয়েছে। এর সঙ্গে ফারাক্কা ব্যারেজের কোন সম্পর্ক নেই এবং সেকথা সেচমন্ত্রী মহাশয় জানেন। বন্যার পর রিলিফ দেবার জন্য চীৎকার করা হচ্ছে, কিন্তু স্থায়ীভাবে বন্যা নিয়ন্ত্রণের কোন ব্যবস্থা হচ্ছে না। আমার বক্তব্য হচ্ছে, বন্যার কবলে যে সমস্ত এলাকা পড়েছে সেখানকার বাঁধগুলো মেরামত করুন এবং ভৈরব নদী ও পদ্মার ভাঙ্গন রোধ করার ব্যবস্থা করুন। মাননীয় মন্ত্রী শ্রীমতী ছাড়া বেড়া বলেছেন এখান থেকে বিভিন্ন রকম ত্রাণ সামগ্রী পাঠিয়ে দেওয়া হয়েছে। কিন্তু আমি বিভিন্ন বন্যা বিধ্বস্ত এলাকা ঘুরে দেখেছি এবং ২ তারিখে আবদুস সাত্তার সাহেব গিয়েছিলেন। আমরা ভগবানগোলা প্রভৃতি বিভিন্ন বন্যা কবলিত এলাকার মানুষের সঙ্গে কথা বলে বুঝলাম সেখানে সাহায্য তখনও গিয়ে পৌঁছায় নি, রাণীগঞ্জ, ঘুঘুপাড়া, হরিহরপাড়া প্রভৃতি এলাকায় কোন রিলিফ গিয়ে পৌঁছায়নি, ত্রিপল পৌঁছায় নি। আমরা বার বার বলেছি বন্যার পরই ত্রাণের ব্যবস্থা করুন। আমি দাবী করছি নিরপেক্ষভাবে ত্রাণ সামগ্রী বিলি করবার জন্য সর্বদলীয় কমিটি গঠন করা হোক। এবারে আমার জেলায় গতবারের মত বড় বন্যা হয় নি। তবে ত্রাণ বিলির ব্যাপারে বলছি, পঞ্চায়েত লেভেলে সর্বদলীয় কমিটি করুন, না হলে হয়ত দেখব ঐ গতবারের মত টাকা দেওয়া হয়েছে কিন্তু সেই টাকা আপনাদের পার্টির লোকের হাতে গিয়ে পৌঁছেছে। এই যেমন আমরা শুনেছিলাম, রেশম শিল্পী এবং তাদের কাজের সঙ্গে যারা যুক্ত রয়েছে তাদের অনুদান দেওয়া হবে। কিন্তু বাস্তবে দেখা গেল সেই টাকা পার্টির লোককে দেওয়া হয়েছে। আমি এসব কথা ত্রাণ মন্ত্রীকে বলেছি। সরকার বলছে যারা বাড়ী ছেড়ে ত্রাণ শিবিরে এসেছে তাদের রিলিফ দিচ্ছি। কিন্তু আমরা দেখেছি এমন বহু মানুষ আছে যারা বন্যা কবলিত হয়েও তাদের বাড়ী ছেড়ে আসেনি, কারণ বাড়ীতে তাদের গরু, ছাগল ইত্যাদি রয়েছে। তাদের ত্রাণ সামগ্রী পৌঁছে দেওয়া হচ্ছে না। তারা বলছেন, একমাত্র যারা ত্রাণ শিবিরে আসবে কেবল তাদেরই সাহায্য দেওয়া হবে। গত বছর আমাদের জেলায় বন্যার সময় মাননীয় ত্রাণ মন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী ও মাননীয় সেচমন্ত্রী মহাশয় বহরমপুর সার্কিট হাউসে সভা করে বলে এসেছিলেন বন্যার জল নেমে যাবার পরে যেসমস্ত কৃষকের জমির ফসল নষ্ট হয়ে গেছে তাদের অনুদান দেওয়া হবে। চাষ করার জন্য তাদের বীজ, সার, সেচের জল দেবার ব্যবস্থা করা হবে। কিন্তু আমরা খুব দুঃখের সঙ্গে লক্ষ্য করে দেখলাম বন্যা হয়ে যাবার পরে তাদের কোন অনুদান দেওয়া হয়নি। আমি তাই মাননীয় ত্রাণ মন্ত্রীর কাছে অনুরোধ করব বন্যা হয়ে যাবর পরে বন্যা কবলিত এলাকায় আরো ৩ মাস যাতে গ্রুয়েল কিচেন চালু থাকে সেই ব্যবস্থা গ্রহণ করা হোক এবং যে সমস্ত জেলা বন্যা কবলিত বলে চিহ্নিত হয়ে আছে গেজেট নোটিফিকেসন করে সেগুলিকে বন্যা কবলিত এলাকা হিসাবে ঘোষণা করা হোক। আমাদের এই দাবী আমরা বারে বারে বিভিন্ন জেলা প্রশাসনের কাছে রেখে এসেছি। কিন্তু আমরা লক্ষ্য করে দেখেছি আমাদের এই দাবী প্রত্যাখ্যান করা হয়েছে। আমরা সর্বদলীয় ত্রাণ কমিটি করার জন্য বারে বারে বলে এসেছি। বন্যার নাম করে যে সমস্ত রিলিফ যাচ্ছে, গ্রামের সাধারণ মানুষ সেই রিলিফ পাচ্ছে না। আমরা লক্ষ্য করে দেখছি সেই রিলিফ পার্টি অফিসে জমা হচ্ছে আর পার্টি ক্যাডাররা সেই রিলিফ বন্টন করছে এবং তাদের দলের মধ্যেই রিলিফ বন্টন করছে, আর যারা প্রকৃত দুস্থ, দুর্দশাগ্রস্থ, বন্যা কবলিত, তারা পাচ্ছে না, ক্যাডারদের মধ্যে চলে যাচ্ছে। গত বছর আমরা লক্ষ্য করে দেখলাম যে বন্যায় বাড়ী ভেঙ্গে যাবার পরে ক্ষতিগ্রস্থ মানুষদের বাড়ী ঘর মেরামত করার জন্য সরকার ৫০০ টাকা করে দেবেন বলে ঘোষণা করেছিলেন। পরবর্তীকালে দেখা গেল সেই টাকা দেওয়ার ক্ষেত্রে দলবাজী হয়েছে। প্রকৃত যাদের বাড়ী ভেঙ্গেগেছে, বন্যায় নষ্ট হয়ে গেছে, তাদের টাকা দেওয়া হয়নি।

এমন কি এও দেখা গেছে যে, যারা পাকা বাড়ীর মালিক, বড় দলের শরিকের সঙ্গে সম্পর্ক আছে, বেছে বেছে তাদের টাকা বিলি করা হয়েছিল। আমরা জানি যে, চীৎকার করলেও আমাদের দাবী মানা হবে না। তাই আমি আপনাদের কাছে অনুরোধ করছি যে, বন্যায় প্রকৃত যারা ক্ষতিগ্রস্থ হয়েছে সত্যিকারে তাদের কাছে যদি ত্রাণ সামগ্রী পৌঁছে দেবার কথা চিন্তা করে থাকেন তাহলে পঞ্চায়েত লেভেল, গ্রাম লেভেল পর্যন্ত সর্বদলীয় কমিটি গঠন করুন। আর তা যদি না করেন তাহলে গ্রামের সাধারণ বন্যাক্লিষ্ট মানুষের কাছে কিছুতেই ত্রাণ গিয়ে পৌঁছবে না। গত বছর আমরা লক্ষ্য করে দেখলাম বন্যার পরে পূর্ত বিভাগে বহু রাস্তা নষ্ট হয়ে গেছে। রাস্তা দিয়ে হাঁটা চলা করা যায় না, রাস্তায় পাথর ফেলে রাখা হল। আজ পর্যন্ত সেই বন্যা কবলিত এলাকায় রাস্তা কাজ শুরু হল না। ইসলামপুর থেকে সেখপাড়া পর্যন্ত রাস্তায় বন্যার পরে দেখলাম পাথর পড়ল, অথচ আজ পর্যন্ত রাস্তাটির সংস্কার হল না। আমাদের মাননীয় সদস্য হুমায়ুন চৌধুরী বললেন, রাস্তা সংস্কার হবার পরে মাত্র ১॥/২ মাসের মধ্যেই আবার নষ্ট হয়ে যাচ্ছে, রাস্তায় বড় বড় গর্ত হয়ে যাচ্ছে। আমি তাই মাননীয় সেচমন্ত্রীকে বলব আপনি স্যার, কন্ট্রাকটর, কন্ট্রাকটরদের উপর নজর দিন। তারা শস্তা কাজ করছে না, ফাঁকি দিচ্ছে। লক্ষ লক্ষ টাকা খরচ করে যে রাস্তা তৈরী হচ্ছে, এই ফাঁকি দেওয়ার জন্য এক দু মাসের মধ্যেই রাস্তা খারাপ হয়ে যাচ্ছে, মানুষের চলার অনুপোযোগী হয়ে যাচ্ছে। এই কথা বলে ত্রাণ ব্যবস্থা যাতে আরো সুষ্ঠ ভাবে, নিরপেক্ষ ভাবে বন্টন করা হয় তার জন্য গ্রাম লেভেল, পঞ্চায়েত লেভেল পর্যন্ত সর্ব দলীয় কমিটি গঠন করার দাবী জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**[4.40 – 4.50 p.m.]**

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অধ্যক্ষ এবং সরকারকে ধন্যবাদ জানাই যে, আজকে বন্যা পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য ৪ ঘণ্টা সময় দিয়েছেন। এই সর্ট সেসানে বন্যা নিয়ে আলোচনা না হলে আমাদের পক্ষে বিধানসভা নির্বাচন ক্ষেত্রে কথা বলা খুবই মুস্কিল হত। সেই জন্য আমি আবার ধন্যবাদ জানাচ্ছি। আমি প্রথমেই এই বন্যায় সর্প দংশনেই হোক, কিম্বা দুর্ঘটনায়'ই হোক, যারা মারা গেছেন তাদের আত্মার প্রতি শ্রদ্ধা জানাচ্ছি এবং তাদের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি।

আমি সরকারের কাছে অনুরোধ করছি যে তাদের পরিবারবর্গকে যত সত্বর সম্ভব যথাসাধ্য সাহায্য দেওয়া হোক। আজকাল রাস্তায় কেউ গাড়ী চাপা পড়লেও তার পরিবারের লোকদের তিন হাজার টাকা করে সাহায্য দেওয়া হয়, এখন সেই আইন এ ক্ষেত্রে কার্যকরী হবে কিনা বোঝা যাচ্ছে না। আমি তাই মন্ত্রীসভার কাছে অনুরোধ করবো, যতটুকু সম্ভব তাদের সাহায্য দেবার ব্যবস্থা করা হোক। ত্রানের ব্যাপারে আমি আর বিশেষ কিছু বলছি না, না বলার কারণ হচ্ছে, অতীতে বিশেষ করে গত বছর আমরা দেখেছি বামফ্রন্ট সরকার অত্যন্ত সাফল্যের সঙ্গে সেই বিপর্যয়ের মোকাবিলা করেছেন এবং আমার বিশ্বাস এবারেও সরকারের পক্ষে এই বিপর্যয়ের মোকাবিলা করা কঠিন হবে না। ইতিমধ্যেই আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী, অর্থমন্ত্রী, সেচমন্ত্রী, ত্রানমন্ত্রী বিভিন্ন জেলা সরেজমিনে সব প্রত্যক্ষ করে এসেছেন এবং সেখানে দাঁড়িয়েই অর্থ বরাদ্দ করে এসেছেন। রিলিফের কাজ ভালোভাবেই চলছে। সব জায়গায় সব জিনিষ পৌঁছে গিয়েছে সেকথা আমি বলছি না কিন্তু যতটা সম্ভব সব জায়গাতে ব্যবস্থা করা হচ্ছে। উত্তরবঙ্গের কথা এবারে বলি। স্যার, উত্তরবঙ্গে বন্যা প্রতি বৎসরের ঘটনা হয়ে দাঁড়িয়েছে কিন্তু উত্তরবঙ্গে এরজন্য যে প্রস্তুতি থাকা দরকার সেটা আমরা দেখি কাজের সময় পাওয়া যায় না। এখন হেলিকপ্টার দিয়ে সেখানে মাল পাঠানো হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, খাদ্য যতটুকু থাকার দরকার ছিল পশ্চিমদিনাজপুরে সেটা ছিল না। আমি এ দিকে বিশেষভাবে লক্ষ্য রাখার জন্য অনুরোধ জানাচ্ছি। আমাদের সরকারের কর্মচারীদের গত বছরের

অভিজ্ঞতা কাজে লাগিয়েছেন কিন্তু অনেক জায়গায় তা তারা লাগাতে পারেন নি। ত্রাণের ব্যাপারে বলতে গিয়ে প্রসঙ্গত বলি, পশ্চিমদিনাজপুরের বহু জায়গায় এখনও গত বছরের গৃহনির্মাণের সাহায্য বিলি হয়নি এটা শোনা যাচ্ছে। বিষয়টি গুরুত্ব দিয়ে দেখার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর হস্তক্ষেপে কিছু অর্থ হাডকো থেকে যোগাড় করা হয়েছে প্রতি জেলার জন্য এবং সেখানে ৫ হাজার টাকা করে গরিব লোকদের দেবার জন্য সেই টাকা রাখা আছে কিন্তু দরখাস্ত করা সত্ত্বেও গরিব মানুষদের মধ্যে সেই টাকা আজও বিলি হয়নি। গত বছর যারা ক্ষতিগ্রস্ত হয়েছিলেন তারা সেই টাকা পান নি। বিষয়টি গুরুত্ব সহকারে দেখে কাজটি তরান্বিত করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। মাননীয় ত্রানমন্ত্রীকে আরো বলছি, মালদহ জেলাতে আরো কিছু ত্রিপল এখনই পাঠানো দরকার কারণ ত্রিপলের অভাবে এখনও বহু মানুষ আকাশের নীচে বাস করছে। স্যার, আমি আগেও বলেছি, আবারও বলছি, কি কারনে বন্যা হচ্ছে তার তদন্ত করার জন্য সর্বাগ্র একটি কমিটি করা দরকার। একথা বলছি তার কারণ, আমরা দেখেছি মালদহে মার্জিন্যাল এমব্যাংকমেন্ট ভেঙ্গে গেছে এবং তারজন্য কালিয়াচকে বন্যা হয়েছে সেটা ঠিক। কিন্তু এই যে ম্যার্জিন্যাল এমব্যাংকমেন্ট ভাঙ্গলো এবং তারজন্য রাজ্যসরকারকে লক্ষ লক্ষ টাকা রিলিফের জন্য খরচ করতে হচ্ছে এক বছরের মধ্যে তার মেরামতের কাজ করা গেল না কেন? আমাদের অর্থমন্ত্রী অত্যন্ত যোগ্যতার সঙ্গে কেন্দ্রীয় সরকারের হাত থেকে ভুতনী-দিয়াড়ার বাঁধের দায়িত্ব গ্রহন করেছিলেন, সেজন্য আমরা একটা বড় ধরণের দুর্যোগ এড়াতে পেরেছি, তা না হলে অবস্থা আরো খারাপ হত। তারপর কেন্দ্রীয় সবকারের দোষে বা ফারাক্কা ব্যারেজের দোষে যে বাঁধ ভেঙেগেছে সে কথা শুধু আমরাই বলছি না, কংগ্রেসের একজন বড় নেতা এবং প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রীও বলেছেন যে ফরাক্কা ব্যারেজই এরজন্য দায়ী। কাজেই আমি বলব, এরজন্য প্রস্তাব গ্রহন করা দরকার কারণ আমাদের রেসপনসেবিলিটি ফিক্স করে রাখতে হবে। কারা দায়ী, কেন হল না সেটা দেখতে হবে। ওঁরা বলেছেন জেলাপরিষদের মিটিং-এ আমাদের কোন মন্ত্রী নাকি বলেছেন যে আমরা মার্জিন্যাল এমব্যাংকমেন্টের দায়িত্ব নেব। এই রকম দায়িত্ব নিয়ে ১ বছর ধরে টালবাসনা চলছে। এটা কেন করা হল সে সম্পর্কে বিশেষ ভাবে তদন্ত হওয়া দরকার। তারপর মালদার হরিশ্চন্দ্রপুরে কোন বাঁধ ভাঙেনি। সেখানে স্বাভাবিক বৃষ্টি হয়েছে, তবু সেখানে বন্যা হয়েছে এবং প্রচুর ফসল নষ্ট হয়েছে। গত বছর বৃষ্টিপাতের যে পরিমান ছিল সেটা হচ্ছে, ১ হাজার ২৯.২ মিলি মিটার। এবারে হয়েছে ১ হাজার ৬.৫ মিলি মিটার। কাজেই খুব যে বেশী বৃষ্টিপাত হয়েছে সেটাও বলা যাচ্ছে না। তবে কেন বন্যা হল? এই বন্যার ব্যাপারে একটা পূর্ণাঙ্গ তদন্ত হওয়া দরকার। গত বছর মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রীর উপস্থিতিতে মালদার সার্কিট হাউসে কথা হয়েছিল একটা খাল কাটলে যদি জল বেরিয়ে যায় তাহলে সেটা পরীক্ষা করে দেখা দরকার। সেই হিসাবে বলা হয়েছিল যে পূর্ত বিভাগের ইঞ্জিনিয়ার এবং সেচ দপ্তরের মহানন্দা বিভাগের ইঞ্জিনিয়ার নিয়ে জয়েন্টলি সরেজমিনে একটা ইনকোয়ারী করে তার রিপোর্ট করবেন এবং একটা ব্যবস্থা নেবেন। কিন্তু এক বছর হয়ে গেল এখনও কিছু হয়নি। এ বছর কেন বন্যা হয়েছে সে জন্য কে দায়ী তা নির্ধারণ করা দরকার। আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে আরো একটি কথা বলবো। আমাদের উত্তরবঙ্গে একটা নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল কমিশন আছে। এই নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল কমিশনে চীফ ইঞ্জিনিয়ার র‍্যাংকের একজন চেয়ারম্যান হয়ে আছেন। এই কমিশনের এলাকা হচ্ছে জলপাইগুড়ি, কুচবিহার এবং দার্জিলিং। কিন্তু মালদা এবং পশ্চিমদিনাজপুর বাদ। এখান থেকে ইঞ্জিনিয়ার মহাশয়ের যাতায়াত করা সহজ। উত্তরবঙ্গে যিনি আছেন তিনি আমাদের মালদা, পশ্চিমদিনাজপুর কি উত্তরবঙ্গের মধ্যে পড়ছে না। নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল কমিশনের মধ্যে মালদা এবং পশ্চিম দিনাজপুর জেলাকে দেওয়ার কি অসুবিধা আছে? রাইটার্সে চীফ ইঞ্জিনিয়ারকে আমরা বারবার বলেছি যে আপনি একবার চলুন, আমাদে ঐ এলাকা একবার দেখে আসুন। কিন্তু সেটা দেখার তার সময় হয়নি। উত্তরবঙ্গ ফ্লাড কন্ট্রোল

কমিশনের অধিনে থাকলে সম্ভব হত। মালদায় বিহার থেকে জল এসেছে, বাংলাদেশ থেকে জল এসেছে এবং শহর প্লাবিত করেছে। কাজেই এই বিষয়ে একটা সর্বাঙ্গীন তদন্তের জন্য আবেদন জানিয়ে এবং সরকারের ত্রাণ প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**[4.50 – 5.00 p.m.]**

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিম বাংলার বন্যা পরিস্থিতির উপরে আলোচনার যে সুযোগ এই সভায় দেওয়া হয়েছে, আমি সেই সম্পর্কে এখানে আমার বক্তব্য রাখছি। পশ্চিমবাংলায় বছর বছর বন্যা হচ্ছে এবং এটা একটা নিত্য-নৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের মত এবারেও পশ্চিমবঙ্গের মানুষ যে ভাবে বন্যায় বিধ্বস্ত হয়েছে এটা অত্যন্ত মারাত্মক। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় সেখানে গেছেন এবং তিনি যে বিবৃতি দিয়েছেন, তার বিবৃতি অনুযায়ী দেখা যাচ্ছে যে ৭টি জেলার মধ্যে উত্তরবঙ্গে ৫টি এবং নদিয়া ও বীরভূম, এই ৭টি জেলার ৩১ লক্ষ মানুষ যারা বিধ্বংসী বন্যায় কবলিত হয়েছেন এবং এতে ১৮১৯টি গ্রাম, ২১৬৭টি মৌজার মানুষ বন্যায় বিধ্বস্ত হয়েছে। এই বন্যার ফলে ইতিমধ্যে সরকারী সূত্রে — গত ৪ তারিখ পর্যন্ত যা খবর তাতে জানা গেছে যে ৪৩ জনের অমূল্য জীবন চলে গেছে, ২ লক্ষ ৭০ হাজার হেক্টর শষ্যক্ষেত্র প্লাবিত হয়েছে এবং প্রায় ২ লক্ষের মত বাড়ী আংশিক এবং সম্পূর্ণ ভাবে ধ্বংস হয়েছে। এর মধ্যে ৬৮ হাজার সম্পূর্ণ ভাবে এবং ১ লক্ষ ২৫ হাজার আংশিকভাবে ধ্বংস হয়েছে। লক্ষ লক্ষ মানুষ যারা ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছে, লক্ষ লক্ষ মানুষ আজও যেখানে তারা আশ্রয় পায়নি খোলা আকাশের নিচে তারা অবস্থান করছে, এই রকম একটা অবস্থা চলছে এবং যে সমস্ত জায়গায় জল নামছে বা ত্রান শিবিরগুলোতে আর একটা মারাত্মক ঘটনা সেখানে ঘটছে, সেখানে আন্ত্রিক রোগে আক্রান্ত হয়ে মারা গেছে, এই রকম একটা পরিস্থিতির সৃষ্টি হয়েছে এবং পানীয় জলের সংকট সেখানে দেখা দিয়েছে। কারণ প্রায় ৭৫ ভাগ এর উপর নলকূপ, সেইগুলো জলের তলায় চলে গেছে। এই রকম একটা ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। গত বছর বন্যায় যে ক্ষয়ক্ষতি হয়েছিল পশ্চিমবাংলায়, প্রায় ৯০ লক্ষ মানুষ যারা বন্যায় ক্ষতিগ্রস্থ হয়েছিল এবং আড়াই কোটি টাকার সম্পত্তি নষ্ট হয়েছিল, এই জিনিস গত বছর ঘটেছিল। আজকে বিংশ শতাব্দীর শেষ পর্যায়ে এসে দাঁড়িয়ে, বিজ্ঞানের অগ্রগতির যুগে, দেশকে এক বিংশতি শতাব্দিতে নিয়ে যাওয়া হবে, এই সব কথা আমাদের দেশের কর্ণধাররা, এই সব কথা বলছেন, অথচ অত্যন্ত দুর্ভাগ্যের কথা, সেই দেশে যেখানে দরিদ্র মানুষের অর্থে প্রতি বছর পারমানবিক পরীক্ষা চলছে, কৃত্রিম উপগ্রহ পাঠানো বা ডিফেন্স বাজেটে হাজার হাজার কোটি টাকা জলস্রোতের মত ব্যয় করা হচ্ছে, কিন্তু প্রতি বছর খরা, বন্যায় এত মানুষের অমূল্য জীবন চলে যাচ্ছে, এত সম্পত্তির ক্ষয়ক্ষতি হচ্ছে, প্রাকৃতিক বিপর্যয়ে এতবড় সর্বনাশ হচ্ছে মানুষের, অথচ তার হাত থেকে মানুষকে রক্ষা করার জন্য কোন কার্যকরী ব্যবস্থা স্বাধীনতা অর্জনের পর এত বছর অতিক্রান্ত হতে চললো, কোন সমাধান হলো না, দীর্ঘ কংগ্রেসী রাজত্বেও হয়নি, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের ১১ বছর, তারা তাদের সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে উল্লেখযোগ্য কিছু পদক্ষেপ বন্যা প্রতিরোধে গ্রহণ করেছেন, সেটাও কিন্তু মানুষের নজরে পড়ে না। এই হচ্ছে বাস্তব পরিস্থিতি, যে জায়গাটায় আমরা দাঁড়িয়ে আছি। আজকে একজন সরকারী দলের মাননীয় সদস্য বলবেন— বীরেনবাবু যথার্ত ভাবে বলেছেন, অবশ্য ওঁর বলার একটু অসুবিধা আছে, তবুও তিনি বলেছেন যে স্বাভাবিক বৃষ্টিপাত তৎসত্ত্বেও বন্যা হলো, এর তদন্ত হওয়া দরকার। কী ভাবে স্বাভাবিক বৃষ্টিপাতে দিনের পর দিন বন্যা হচ্ছে, স্থায়ীভাবে বন্যা প্রতিরোধ করার জন্য যে ব্যবস্থা নেওয়া দরকার, নদীগর্ভগুলো যে ভরাট হয়ে যাচ্ছে পলি পড়ে, সেইগুলো সংস্কার করা, তার ব্যবস্থা করা হচ্ছে না। ফলে নদীগুলিতে জল ধারণের ক্ষমতা চলে যাচ্ছে এবং নদীগুলো ভয়াবহ রূপ নিচ্ছে।

বাঁধগুলোর অবস্থাও অত্যন্ত সঙ্গীন, ফলে প্রতি বছর অবধারিত ভাবে বন্যা হচ্ছে, বিজ্ঞানের যুগে এটা ভাবা যায় না, কার্য্যতঃ সরকার একটা হেল্পলেশ এ্যাটিচুড নিয়ে চলছে, যদিও এর লায়ন শেয়ার, মূল দায়িত্ব কেন্দ্রীয় সরকারের উপর বর্তায়, তারা সেই দায়িত্ব পালন করছে না। পালন করছেন না বলেই এরকম একটা পরিস্থিতির সামনে এসে আমরা দাঁড়িয়েছি। বন্যা নিয়ন্ত্রনের একটা গুরুত্বপূর্ণ দিক হচ্ছে বন্যা বিধ্বস্ত এলাকায় কিছু ইমিডিয়েট মেজার নেওয়া। আর একটা দিক হচ্ছে আল্টিমেট মেজার, লঙ্-টার্ম মেজার। ইমিডিয়েট মেজার হচ্ছে, বন্যা বিধ্বস্ত এলাকা গুলিকে যুদ্ধকালীন গুরুত্ব দিয়ে দেখে দুর্গতদের উদ্ধার করা এবং তাদের কাছে ত্রাণ সামগ্রী পৌঁছে দেওয়া। হ্যাঁ, একথা ঠিক আপাতদৃষ্টিতে পশ্চিমবাংলায় আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়রা অতিদ্রুত হেলিকপ্টরে করে বন্যা দুর্গত এলাকা গুলি ঘুরে এসেছেন। দু' এক জায়গায় মিলিটারির সাহায্যও নেওয়া হয়েছে। কিন্তু আমি এই প্রসঙ্গে মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, আর ইউ স্যাটিসফায়েড্ ?

**[5.00 – 5.10 p.m.]**

আপনারা যুদ্ধকালীন গুরুত্ব আরোপ করে হেলিকপ্টারে করে ঘুরে এসেছেন ঠিকই, এবং সেটা দেখার দরকার ছিল। কিন্তু আপনার এ্যাডমিনিস্ট্রেশন, আপনাদের প্রশাসন কি সেই দ্রুততার সঙ্গে তাদের দায়িত্ব পালন করছে? যুদ্ধকালীন তৎপরতা নিয়ে কি তারা উদ্ধার কাজে ঝাঁপিয়ে পড়েছে? ত্রাণ সামগ্রী ও চিকিৎসা ব্যবস্থা নিয়ে কি তারা যুদ্ধকালীন তৎপরতার সঙ্গে মুভ করেছে? এসব কথা আমরা বিরোধী দলের সদস্য হিসাবে বললেই বলবেন যে, বিরোধী দলের সদস্য তাই বলছি। কিন্তু সরকারী দলের সদস্য — সি. পি. আই'র মাননীয় সদস্য ইটাহার থেকে নির্বাচিত বিধায়ক মাননীয় স্বদেশ চাকী মহাশয় ক্ষোভের সঙ্গে বলেছেন যে, অপ্রতুল ত্রাণ ব্যবস্থা, হাজার হাজার মানুষ ত্রাণশিবিরে খোলা আকাশের নিচে রয়েছে, হেল্থ সেন্টারগুলিতে ঔষধ নেই। ত্রাণ শিবিরে টারপলিন্ নেই। এস. ও. এস. পাঠিয়েছে, কিন্তু তবুও কিছুই পায় নি। এটা সরকারী দলের বিধায়কের অভিযোগ। মাননীয় বীরেন মৈত্র মহাশয়ও ঐ একই অভিযোগ করেছেন। ত্রাণ ব্যবস্থা অপ্রতুল, এটা ফাক্ট, এটা রিয়েলিটি। মাননীয মন্ত্রী মহাশয়, আপনি যে, ফিগার দিয়েছেন, স্ট্যাটিসটিকস্ দিয়েছেন, ডাটা দিয়েছেন তাতে আপনি উল্লেখ করেছেন ৪০ হাজার ত্রিপল-এর কথা। আবার আপনারাই ডাটায় দেখছি ১ লক্ষ ৯০ হাজার বাড়ি ধ্বংস হয়েছে। তার মধ্যে ৬৮ হাজার বাড়ি সম্পূর্ণভাবে ধ্বংস হয়েছে এবং ১ লক্ষ ২২ হাজার আংশিক ধ্বংস হয়েছে। এর ফলে আমরা দেখছি যে, যে বাড়িগুলি ধ্বংস হয়েছে সেই বাড়িগুলি পিছু একটা করেও ত্রিপল আপনি দিতে পারেন নি। আজকে ত্রাণের এই হচ্ছে অবস্থা! তাহলে যে যুদ্ধকালীন তৎপরতা নিয়ে বিষয়টা দেখা উচিত ছিল সে জায়গায় যথেষ্ট ঘাটতি রয়েছে এবং এই অভিযোগ বিভিন্ন পক্ষ থেকেই আসছে। এগুলি দেখা দরকার। আজকে এই প্রশ্নগুলি বিচার করা দরকার। এ ছাড়াও মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের অতীত অভিজ্ঞতা ভীষণ পেন্‌ফুল। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি সম্পূর্ণ ধ্বংস হয়ে গেছে বলে যে ৬৮ হাজার বাড়ির ফিগারটি দিলেন সেগুলির ক্ষেত্রে আপনাদের সরকারী ক্ষতিপূরণ কি হবে? গৃহ নির্মাণের বিষয়ে একটু আগেই বীরেনবাবু বললেন যে, গতবার যাদের বাড়ি ভেঙে পড়ে গেছে এখন পর্যন্ত তারা গৃহ নির্মানের টাকা পায় নি। আর গৃহ নির্মানের জন্য কত করে দেবেন, না ২০০ থেকে ৫০০ টাকা! এটা তো একটা প্রহসন। যারা বন্যা বিধ্বস্ত হয়ে ঘর বাড়ী সব হারিয়েছে — যাদের এরকম একটা প্যাথেটিক অবস্থা — তাদের কাছে এটা একটা প্রহসন। আমরা জানি সর্বক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের ক্ষমাহীন গাফিলতির কথা। কিন্তু রাজ্য সরকার এরকম একটা সমস্যাকে মোকাবিলা করবার জন্য কি ভাবে বিষয়টি দেখছেন, কিভাবে কেন্দ্রীয় সরকারের সঙ্গে এটা নিয়ে রফা করছেন তা আমরা জানতে পারছি না। কেবল মাত্র প্রতি বছর বন্যার সময়ে আমরা শুনি, কেন্দ্র এই দিলোনা, অমুক দিলনা, এই জিনিস হয়, তারপর সারা বছর চুপচাপ। ফলে এই কেন্দ্রীয়সরকারের অন্যায়, অবিচারের বিরুদ্ধে দৃঢ় পদক্ষেপ

নিয়ে রাজ্যসরকারের নামা দরকার এবং জনমত সৃষ্টি করে আন্দোলন করা দরকার। আমরা আপনাদের সঙ্গে আছি, কিন্তু তা তো হচ্ছে না। ত্রাণের প্রশ্নে, বন্যার মোকাবিলার প্রশ্নে আপনারা যখন ক্ষমতায় ছিলেন না, আপনারা যখন বিরোধী মঞ্চে ছিলেন তখন বারবার বামপন্থী দল থেকে দাবী করা হয়েছিল ত্রাণ নিয়ে, বন্যার মোকাবিলার প্রশ্নে সর্বদলীয় উদ্যোগ নেওয়া দরকার এবং এরজন্য সর্বদলীয় কমিটি করা দরকার। বারবার বামপন্থী মঞ্চ থেকে এই দাবী উঠেছিল। কিন্তু আপনারা তো সেই জিনিস করছেন না? কি অসুবিধা আছে রাজ্য স্তর থেকে ব্লক স্তর পর্যন্ত এ ব্যাপারে সর্বদলীয় কমিটি করার? এখন তাহলে যে নিরপেক্ষতার প্রশ্ন উঠছে সেই প্রশ্ন উঠতো না। কিসের আপত্তি আছে? এই দাবী বার বার করা সত্বেও এই জিনিস দেখছি না। তাই বলছি, এই বিষয়গুলিকে আপনারা যুদ্ধকালীন গুরুত্ব দিয়ে দেখুন। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সরকারের যে ন্যায্য পাওনার দাবী তা দৃঢ় পদক্ষেপে উৎথাপন করুন এবং আপনাদের যে সীমিত ক্ষমতা আছে তার দ্বারা যাতে সুষ্ঠ বিলি বন্টন হয় এবং এই সম্পর্কে প্রশ্ন যাতে না ওঠে তারজন্য সর্বদলীয় কমিটি করুন। যে এলাকাগুলি বন্যা-বিধ্বস্ত হয়েছে সেগুলি বন্যা কবলিত বলে ঘোষনা করে যাতে আগামী দিনে স্থায়ী পুর্নবাসন না হওয়া পর্যন্ত গ্রুয়েল কিচেনের যাতে ব্যবস্থা করা যায় সেইভাবে পদক্ষেপ নিন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী যতীন চক্রবর্ত্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই সভার সামনে গত কয়েকদিন আগে যে বন্যা হয়ে গেছে এবং তাতে আমাদের দপ্তরের পক্ষ থেকে যে রিপোর্ট যোগাড় করেছি রাস্তাঘাটের অবস্থা এবং বন্যার যে ভয়াবহতা সেই সম্পর্কে আমি আপনাদের কাছে তুলে ধরতে চাই। দার্জিলিঙকে যদি বাদ দেওয়া যায় তাহলে কোচবিহার, মালদা, পশ্চিম-দিনাজপুর এবং জলপাইগুড়ি এই ৪টি জেলায় সবচেয়ে বেশী বন্যা হয়েছে এবং সবদিক থেকে ক্ষতিগ্রস্ত হয়েছে পশ্চিম দিনাজপুর। সেখানে যে বৃষ্টিপাত হয়েছে তাতে দেখা যায় কোন কোন জায়গায় এক ফিট থেকে ৪ ফিট পর্যন্ত জলের নীচে এবং তারফলে আমাদের যেটা সব থেকে গুরুত্বপূর্ণ রাস্তা জাতীয় সড়ক (এন. এইচ ৩৪) বিশেষ করে পশ্চিম-দিনাজপুরের দিকে - আগষ্ট মাসের ২৭ তারিখ থেকে সেপ্টেম্বর মাসের ৫ তারিখ রাত্রি পর্যন্ত খবর বিচ্ছিন্ন হয়ে আছে এবং সেখানে পরিবহন ব্যবস্থা সম্পূর্ণভাবে বিপর্যস্ত। যেসব বাস এবং ট্রাক চলছে সেগুলি ওল্ড মালদা মিউনিসিপ্যালিটি যে লিঙ্ক রোড আছে সেখান থেকে ঘুরে কোন রকমে যাতায়াত করছে। আমি আগেই বললাম, কোন কোন জায়ায় ১২ ইঞ্চি, ১৮ ইঞ্চি, ২ ফিট, আড়াই ফিট এবং একটি জায়গা যেখানে নাগর ব্রীজ আছে সেখানে ৪ ফিট জলের নিচে।

**[5.10 – 5.20 p.m.]**

১৯৮৭ সালে এই রকম ভয়াবহ বন্যা যখন হয়েছিল তখন বিভিন্ন এলাকার ক্ষয়ক্ষতির জন্য আমরা ৩৪ কোটি টাকা চেয়েছিলাম। আমরা ভেবেছিলাম খুব ভালভাবে না হলেও অন্ততঃ গাড়ী চলাচলের উপযোগী যদি করতে পারা যায় তাতেও অনেক কাজ হবে এবং সেইজন্যই আমরা ৩৪ কোটি টাকা চেয়েছিলাম। ত্রাণ দপ্তর, পরিবহন দপ্তরের পক্ষ থেকে আমরা অর্থ দপ্তরের কাছে এই দাবী জানিয়েছিলাম। তারপর কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে পর্য্যবেক্ষণের জন্য যে দল এসেছিলেন এবং দীর্ঘ সময় নষ্ট করেছিলেন। কিন্তু ফল হিসাবে দেখা গেল যে, আমরা যা চেয়েছিলাম তার ভগনাংশ মাত্র তাঁরা দিয়েছিলেন। আমরা ৩৪ কোটি টাকা চেয়েছিলাম কিন্তু তাঁরা দিয়েছিলেন ১৩ কোটি টাকা। এবারে কি হবে তা জানিনা। তারপর ধরুন জাতীয় সড়ক, যেটা ৩১ নম্বর, সেখানে প্রায় সেবক ব্রীজের ওখানে ১০০ মিটার ভেঙ্গেছে এবং ১ থেকে দেড় ফুট জলের নীচে চলে গেছে। সৌভাগ্য বশতঃ আমাদের ইঞ্জিনীয়াররা সেখানে এমন ভাবে কাজ করছেন যাতে পরিবহন ব্যবস্থা বিপর্য্যস্ত না হয়। যাতে আরও বেশী ক্ষতিগ্রস্ত না হয় এবং পরিবহন ব্যবস্থা অটুট থাকে তার জন্য

এখন তাঁরা নজর রাখছেন। নাগর ব্রীজের কাছে পশ্চিম দিনাজপুরের ডালখোলার ব্রীজটি ৪ ফিট নীচে নেমে গেছে এবং বর্তমানে আমরা সরকারের পক্ষ থেকে ভেবেছিলাম যে, মিলিটারী ডাকলে তাড়াতাড়ি মেরামত করে দিতে পারবে কিন্তু কিছুদিন পর তারা জানাল যে তাদের পক্ষেও এটা সম্ভব নয়। আমরা এখানে লোহা এবং ইস্পাত দিয়ে তৈরী একটা বেরিনি ব্রীজ তৈরী করতে চাইছি এবং তার কাজও সুরু হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের ষ্টেট ট্রানসপোর্ট বিভাগ যাদের জাতীয় সড়কে দপ্তর রয়েছে তাঁরাও আমাদের সাহায্য করছেন, ওখানে বৈঠক হয়েছে এবং আমি আশা করি ১২/১৩ দিনের মধ্যে ঐ বেরিনি ব্রীজ বসিয়ে দিতে পারব। পশ্চিম দিনাজপুর প্রায় বিচ্ছিন্ন হয়ে রয়েছে সেটা অন্ততঃ কিছুটা সুরাহা করতে পারা যাবে। হেলিকপ্টার থেকে যতই খাবার দাবার দিন না কেন সরাসরি সড়ক যোগাযোগ না থাকলে রিলিফ, ওষুধ, খাবার দাবার ইত্যাদি কিছুই পৌছাবে না। সেজন্য আমরা মোটামুটিভাবে যে ক্ষয়ক্ষতি হয়েছে তার জন্য অর্থ দপ্তরের কাছে ১২ কোটি ৩৬ লক্ষ টাকার কথা বলেছি। আজকে সব শুদ্ধ আমাদের ড্যামেজ বা ক্ষয় ক্ষতির মেরামতী এবং পরিবহন ব্যবস্থা যাতে চালু থাকে তার ব্যবস্থার জন্য ২ কোটি ৮২ লক্ষ টাকার আশু প্রয়োজন। আমাদের অর্থমন্ত্রীকে বিষয়টা জানিয়েছি। তিনি ইতিমধ্যে ১ কোটি টাকা দেবার ব্যবস্থা করেছেন এবং সেইজন্য আমাদের দপ্তরের ইঞ্জিনিয়ারদের সেখানে পাঠিয়েছি এবং সেখানে কাজকর্ম শুরু করবার ব্যবস্থা তাঁরা গ্রহণ করছেন। আজকে এই বন্যায় ক্ষয়-ক্ষতির ব্যাপারে বলছি যে, কুচবিহারে মোটামুটি ২০৪ কিলোমিটার রাস্তার ক্ষতি হয়েছে, কালভার্টের ক্ষতি হয়েছে ২৬টির। সেখানে ক্ষয়ক্ষতির পরিমান ৪ কোটি ৯ লক্ষ টাকা। মালদার ১০৭ কিলোমিটার রাস্তার ক্ষতি হয়েছে, ৬১টি কালভার্ট সেতু ভেঙ্গেছে এবং সেখানে ক্ষয়-ক্ষতির পরিমান ১ কোটি ৬৬ লক্ষ টাকা। পশ্চিম দিনাজপুরে সবচেয়ে বেশী রাস্তার ক্ষতি হয়েছে। সেখানে আজকে ২০০ কিলোমিটার রাস্তা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত। সেখানে ২৬৭টি কালভার্ট বা ব্রীজের ক্ষতি হয়েছে এবং ক্ষয়-ক্ষতির পরিমান ৪ কোটি ৮৫ লক্ষ টাকা। জলপাইগুড়ি জেলায় প্রায় ৬০ কিলোমিটার রাস্তাক্ষতিগ্রস্ত হয়েছে, ৭১টি কালভার্ট বা ব্রীজের ক্ষতি হয়েছে এবং তারজন্য আমাদের যে টাকা লাগবে তার পরিমান হচ্ছে ২ কোটি ৮২ লক্ষ টাকা। দার্জিলিংয়ে আজকে শান্তি ফিরে এসেছে। সেখানে যে ল্যাণ্ডস্লাইড হয়েছে তাতে হীলকার্ট রোড থেকে জি. সি. রোড পর্যন্ত এলাকাতেই ক্ষয়-ক্ষতির পরিমান বেশী। তার উপর আবার সাম্প্রতিক ভুমিকম্পেও ক্ষতি হয়েছে। আজকে যে চুক্তি হল তাতে জাতীয় সড়ক এবং রাজ্য সড়কগুলি আমাদেরই করতে হবে। ঐ জেলায় ক্ষতির পরিমান ১ কোটি ৮২ লক্ষ টাকা। আজকে টি. ভিতে খবর পেলাম কেন্দ্রীয় মন্ত্রী ভোরা নাকি আসছেন এবং ৮ কোটি টাকা নাকি মঞ্জুর করেছেন। আমি এই বিষয়ে অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম, কিন্তু তিনি বললেন, 'কৈ, নাতো!' এই রকম ভাঁওতা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সব সময় দেওয়া হচ্ছে। শুনছি ক্ষতির পরিমান দেখতে পর্যবেক্ষক দল আসবেন। কিন্তু এসে তাঁরা কি দেবেন জানি না। আমরা আমাদের ক্ষয়-ক্ষতির পরিমান অর্থমন্ত্রীকে জানিয়েছি। আজকে রাস্তাগুলি যদি ঠিকমত তৈরী করতে হয় তাহলে অনেক টাকার প্রয়োজন হবে এবং সেই টাকা আজকে কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। কারণ আমরা দেখেছি কোন কংগ্রেস শাসিত রাজ্যে যখন খরা-বন্যা হয়েছে সেখানে তাঁরা হাজার হাজার টাকা খরচ করেছেন। কাজেই পশ্চিমবঙ্গের ক্ষেত্রে অন্যরকম ব্যবহার করলে চলবেনা। আজকে আমরা দাবী করবো, যে ক্ষয়ক্ষতি হয়েছে সেক্ষেত্রে সড়ক মেরামত করবার, সেতু মেরামত কববার পূর্ণ দায়িত্ব তাঁদের গ্রহণ করতে হবে। কিন্তু সেটা যদি তাঁরা না করেন তাহলে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের কাছে অন্য কোন পথ নেই আন্দোলন ছাড়া। সেই আন্দোলনের পরিপ্রেক্ষিত আপনাদের কাছে রাখলাম এবং সেই রিপোর্টও আমাদের অর্থমন্ত্রীকে দিয়েছি, তিনি সেটা বিবেচনা করে দেখছেন।

**[5.20 – 5.30 p.m.]**

**শ্রী সত্য রঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বন্যা নিয়ে আলোচনা করতে গিয়ে প্রথমেই যে কথা বলতে চাই তা হ'ল বন্যা হলে বামফ্রন্ট সরকারের ভাল হয়, দু-পয়সা হয় এদিক থেকে ওদিক থেকে। সেটা খরা হলেও আসে আর বন্যা হলেও আসে। এখানে পূর্তমন্ত্রীর বঞ্চনার কথা শুনলাম, তাঁর আক্ষেপের কথা শুনলাম। এখানে আর. এস. পি. লোকেরা বলে এই রাজ্য সরকারের থেকে টাকা পাওয়া যাচ্ছে না। আর রাজ্য সরকার বলে কেন্দ্রীয় সরকারের থেকে নাকি টাকা পাওয়া যাচ্ছে না। আমরা জানি আপনাদের যে টাকার চাহিদা তার থেকে ৫০ গুন বেশী করে বলেন। তার একটা কারন হ'ল — আপনি জানেন স্যার যত বেশী আসবে তত বেশী তার থেকে অপব্যায় করা যাবে। এর একটা ইতিহাস আছে আজকের ব্যাপার নয়। দু-একটা কমিটির মিটিং-এ দেখেছি গত বছর তার আগের বছর বন্যা হয়েছিল। তার কোন হিসাব এখনও দিতে পারেন নি। আমরাও চাই পশ্চিমবাংলার স্বার্থ, পশ্চিমবাংলার অভাব হলে পশ্চিমবঙ্গকে দেখা দরকার। বিমাত্রিসুলভ আচরণ কেন হবে? কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বিষোদগার করা, কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বলা আপনাদের স্বাভাব হয়ে গেছে। কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় সব রাজ্য এগিয়ে চলেছে। ত্রিপুরায় সি. পি. এম-এর রাজত্ব ছিল, কেন্দ্রের সঙ্গে তাঁরা সহযোগিতা করেছিল। তাঁদের ডেভলপমেন্টের হিসাব রাজ্যসভায় দেখানো হয়েছিল - তাঁরা অনেক কাজ করতে পেরেছে। সব সময় সংঘাত করে পশ্চিমবাংলার দৈনদশার কথা তুলে ধরা আপনাদের স্বভাব। আপনাদের অপদার্থতা ঢাকবার জন্য আপনাদের কাজ হচ্ছে একটা লোকের ঘাড়ে দোষ চাপানো। যে কারণে বেকারত্ব, অভাব, অচলাবস্থা এবং দৈনদশা সব জায়গায় বাড়ছে সেই জায়গা থেকে মানুষের দৃষ্টিকে সরিয়ে রাখতে চান অন্য একজন লোকের ঘাড়ে দোষ চাপিয়ে। অত্যন্ত দূর্ভাগ্যের বিষয় বন্যা হয়েছে, কোথায় একটু জল এসেছে, আপনারা টাকা চাইছেন। টাকা শড়কের জন্য দেওয়া উচিত, নিশ্চই রাস্তাঘাটের জন্য টাকা দেওয়া উচিত। কিন্তু আপনাদের যে টাকা দেওয়া হয় সেই টাকার অর্ধেক যদি চুরি হয়, অর্ধেক যদি কনট্রাকটাররা ভাগাভাগি করে নেয়, অর্ধেক যদি পার্টি অফিসে চলে যায় তাহলে কি করে হবে? টাকা থাকলেই হবে না, সততা থাকা দরকার, নিষ্ঠা থাকা দরকার। আপনাদের সততা কোথায় আছে? অনেকের বিরুদ্ধে ভিজিলেন্স কমিটির রিপোর্ট আছে, ১০টি অফিসারের বিরুদ্ধে ভিজিলেন্স কমিটির রিপোর্ট আছে, কোন এ্যাকসান নেওয়া হয় নি।

**শ্রী বীরেন্দ্র নারায়ন রায় ঃ** কোন সালে এই ঘটনা ঘটেছে ?

**শ্রী সত্য রঞ্জন বাপুলী ঃ** এটা আপনাদের রাজত্বে ১৯৮৪ সালে এই ঘটনা ঘটেছে, খোঁজ নিয়ে দেখবেন।

(এ ভয়েজ ঃ অসত্য কথা)

আমরা জানি অনেকে মিথ্যা বলে বোবা হয়ে গেছে, আপনারা মিথ্যা কথা শুনে কালা হয়ে গেছেন। আপনাদের চোখে পাওয়ার আর বুকে স্পেস-মেকার বসাতে হবে। এটা তো স্বাভাবিক। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রিলিফ আপনারা দিয়েছেন, সেই ব্যাপারে দু-একটা জায়গায় যে ঘটনা ঘটেছে সেই ব্যাপারে সংবাদ আমরা পড়েছি। কালকে মাননীয় মন্ত্রী মহাশয়া ছায়া বেরা একটা হিসাব দিয়েছেন। ভদ্রমহিলা ভাল পড়েন, তাঁকে যা লিখে দেওয়া হয়েছে তাই তিনি পড়েছেন, উনি ভাল পড়তে পারেন তাই পড়েছেন। আপনাদের রিলিফ দেওয়ার ব্যাপারে যে বুর্জোয়া নগ্ন পরিচয় ইতিহাসের পাতায় সেই রকম কেউ দেখাতে পারবে না। রিলিফের ব্যাপারে আপনারা অল পার্টি কমিটি করুন। আপনারা করেন নি। আমরা যত গুলি প্রস্তাব দিয়েছি সেটা আপনারা মানেন নি। ত্রিপল

সি. পি. এম-এর লোককে ছাড়া দেওয়া হবে না। সি. পি. এম লোক হলে তবে সে অনুমোদন পাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখানে প্রথমে বলবো না ভেবেছিলাম, কিন্তু এদের বলার ভঙ্গী দেখে এখানে বলতে হচ্ছে। আমার ইচ্ছা ছিল না এই শ্মশানে কিছু বলা। কিন্তু দেখলাম কি করে সব অপদার্থ লোকেরা বলছে, তাই আমি কিছু এখানে বলছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পরিশেষে এই কথা বলবো, রিলিফ বন্টনের মাধ্যমে কি ভাবে পার্টিবাজী হয়, কি ভাবে চূড়ান্ত পার্টিবাজী করতে হয় তা সবাই দেখেছেন। আমি সকল সদস্যদের কাছে অনুরোধ করবো, বন্যা হয়েছে, আপনারা টাকা চাইছেন, এখানে আলোচনা করছেন আবার আপনারা ১৪ তারিখে বন্ধ ডেকেছেন -- এই অবস্থায়, বন্যা নিয়ে আপনারা সত্যিই যদি সিরিয়াস হন, তাহলে ঐ তারিখের ডাকা বন্ধ বন্ধ করুন। বন্যা হয়েছে, বন্যার ফলে চারিদিকে মানুষের অভাব অভিযোগের কথা মানুষের কাছে বলুন। বিভিন্ন জায়গায় ভূমিকম্প হয়েছে, তা নিয়ে নানা অভাব অভিযোগ আছে তা নিয়ে আলোচনা করুন। এবং এই সব বিবেচনা করার জন্য বাৎসরিক পিতৃশ্রাদ্ধ বন্ধ করুন। ১৪ তারিখে সত্যিকারের মানুষের পরিচয় দিন, মানুষের কাছে বিবেকবানের পরিচয় তুলে ধরুন। এখানে মন্ত্রীরা আছেন, এই বিধান সভায় আজকে ঘোষণা করুন যে, আপনারা বন্যার ভয়াবহতা অনুভব করছেন এবং সেই কারণে ১৪ তারিখের বন্ধ হবে না। এই অবস্থায় এই বন্ধ হওয়া উচিত। আপনাদের বিবেকের কাছে ডাক দিয়ে যাই যে, ১৪ তারিখের বন্ধ বন্ধ করুন বাংলার স্বার্থে, বন্যার স্বার্থে।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বন্যা পরিস্থিতি নিয়ে এখানে আলোচনা হচ্ছে। আমার সময় মাত্র পাঁচ মিনিট। কাজেই আমার ভূমিকা কারার কিছু নেই। কয়েকটি মোদ্দা কথা বলে আমার বক্তব্য শেষ করছি। ফি বছরেই নর্থ বেঙ্গলে এবং দক্ষিণবঙ্গে, মুর্শীদাবাদ জেলায়, বীরভূমের কিয়দংশে, নদীয়া জেলার কিয়দংশে, এমনকি চব্বিশ পরগণা ও মেদিনীপুর জেলাতে বন্যা হয়ে থাকে। এই বন্যা ভয়াবহ রূপ ধারণ করে নর্থ বেঙ্গলের কয়েকটি জেলায়, মুর্শীদাবাদে এবং নদীয়া জেলায়। এইজন্য আমাদের মন্ত্রীদের প্রতি বছরই ছুটে যেতে হয় জি.আর এর ব্যবস্থা করতে ও গৃহনির্মাণ এর টাকা দিতে। বিভিন্ন দপ্তর থেকে আপন আপন কাজ নিয়ে মন্ত্রীদের এগিয়ে যেতে হয় এবং বহু টাকা খরচও হয়। খরচের একটা হিসাব মাননী মন্ত্রী উপস্থাপিত করেছেন, তা আমি দেখেছি। প্রতি বছরই এই টাকা লাগবে, কিন্তু এরই সাথে এই সমস্যা সমাধানের জন্য বিশেষ ভাবে ভাববার জন্য অনুরোধ করবো। বন্যা হয়েছে, বন্যা হবে, কিন্তু সমাধান করার উপায় কি? মানুষকে বন্যার সময়ে আধমন করে গম দিয়ে, ত্রিপল দিয়ে আর বাড়ি ভেঙে গেলে টাকা দিয়ে সমস্যার সমাধান করা যায় না। মোদ্দা কথা হচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকারের অভিযোগ কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে নিশ্চয়ই আছে, কেন্দ্রীয় সরকারের অভিযোগ আছে যে রাজ্য সরকার তাঁদের কাছে প্রদত্ত টাকার হিসাব দিচ্ছে না। তাঁরা আবার ফাঁকি দিয়ে লোককে বোঝান যে এত টাকা রাজ্য সরকারকে দিয়েছি। রাজ্য সরকার অনেক সময় কেন্দ্রীয় সরকারকে দোষারোপ করেন। ষাঁড়ে ষাঁড়ে লড়াই হয় আর উলুখাগড়ার প্রাণ যায়। আমার কথা হচ্ছে, উভয় সরকার বিচার বিবেচনা করে একটা প্রস্তাব রাখুন যে এই করলে মানুষের উপকার করা যায়। কি করলে বন্যার হাত থেকে মানুষকে রক্ষা করা যায় আপনারা সেই কথা ভাবুন। একদিকে বিহার থেকে জল এসে ঢুকছে, অপর দিকে বাংলাদেশ থেকে জল এসে কালিয়াচক, মুর্শিদাবাদ, নদীয়া ভাসিয়ে চলে যাচ্ছে। এরজন্য ফারাক্কা ব্যারেজ তৈরী হয়েছে, মান্নান হোসেন তো বললেন যেকথা বললেন যে ১৩৫২ সালে তো বন্যা হয়েছিল। হ্যাঁ বন্যা হয়েছে ১৯৫১ সালে, ১৯৫২ সালে এবং ১৯৪৫ সালে বন্যা হয়েছে। কিন্তু এরকম ভাবে হঠাৎ ফারাক্কা থেকে জল ছেড়ে দিয়ে বাণ এসে কৃষকদের ফসল কখনো নষ্ট হয় নি। ফারাক্কা ব্যারেজ তৈরী হবার ফলে যে অবস্থা সৃষ্টি হয়েছে তাতে আরো বন্যা বেড়ে গেছে। আমি অনুরোধ করবো আমাদের

অর্থমন্ত্রীর কাছে যে, যে টাকা দেওয়া হয় ইরিগেশান দপ্তরকে তার সিঙ্গভাগই চলে যায় সরকারী কর্মচারীদের মাহিনা দিতে। যা থাকে তা দিয়ে বাধ দেওয়ার ব্যবস্থা করা যায় না। সেইজন্য আমার অনুরোধ চওড়া করে ওয়েটফার্সবাধ তৈরী করার ব্যবস্থা করুন। মাটি পাবেন না, আপার্স বাধ নো ম্যানস্ ল্যাণ্ড ঘোষণা করতে হবে। নদীর কূল থেকে অন্তত ৪০ কাঠা পর্য্যন্ত যে বাধ তৈরী করবেন সেই বাধে যদি পিচিং না করেন তাহলে বাধে ভাঙ্গন ধরবে। আমার এলাকায় ৫টি অঞ্চলে বারেবারে ভেসে যাচ্ছে যথা হাড়োয়া, বহু তালী বংশীবাটী, আহীরণ প্রতি বছর বন্যায় ভেসে যাচ্ছে। কেন জল নিষ্কাষণের ব্যবস্থা করা হয় নি? আমাদের জাতীয় সড়কের জায়গায় কোন কালভার্ট নেই। কালভার্ট থাকলে পরে তা দিয়ে জল নিষ্কাষণ হয়। রেলওয়ে লাইনে কালভার্টের পরিমাণ কম। কালভার্ট করলে অন্তত ৭-৮টি অঞ্চল বেঁচে যাবে। আপনারা বাধ তৈরী করুন কিন্তু পিচিং দেওয়ার ব্যবস্থা করুন। আপনারা নদীকে খনন করার কথা বলেছেন, খনন করতে গেলে ফারাক্কা ব্যারেজকে সারাতে হবে। তা না হলে গ্রামকে গ্রাম ভেসে যাবে সেটা আমরা চাই না। আপনাদের ইরিগেশন ডিপার্টমেন্ট যে টাকা দিচ্ছে তার ইউটিলাইজেশান সার্টিফিকেট নিতে নিতেই বছর শেষ হয়ে যাচ্ছে। এরজন্য যদি বেশী পরিমাণ টাকা খরচ করতে না পারেন তাহলে কোন কাজ হবে না, বন্যা নিয়ন্ত্রণ এবং নদী ভাঙ্গন বন্ধ করতে পারবেন না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকার ঃ** সাত্তার সাহেব শুনলেন তো শীশ মহম্মদ কি বললেন? উনি বললেন বন্যা হচ্ছে হবে কিছু করার নেই।

## 26th Report of the B. A. Committee

**Mr. Speaker :** I now present that 26th Report of the B.A. Committee as follows :

**Thursday, 8.9.88** .. i) The West Bengal Fire Services (Amendment) Bill, 1988 (Introduction, Consideration and Passing)

– 1 hour.

ii) The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985 as passed by the Assembly and returned by the Governor – consideration of the amendments recommended by the Governor

– 1 hour

**Friday, 9.9.88** .. i) Motion under rule 185 regarding bakreswar Thermal Power Project – Notice given by Shri Sunil Mazumdar, Shri Satya Ranjan Bapuli, Shri Kripa Sindhu Saha, Shri Amalendra Roy, Shri

Sukhendu Maiti, Shri Prabodh Chandra Sinha, Shri Sunirmal Paik, Shri Deba Prasad Sarkar and Shri A.K.M. Hassan Uzzaman

– 1 hour

ii) Motion under rule 185 regarding Haldia Petrochemicals Project – Notice given by Shri Lakshman Chandra Seth. Shri Satya Rajnajn Bapuli, Shri Kripa Sindhu Saha, Shri Matish Ray, Shri Sakti Prassad Bal, Shri Bankim Behari Maity, Shri Prabodh Chandra Sinha, Shri Deba prasad Sarkar and Shri A.K.M. Hassan Uzzaman

– 1 hour.

iii) Motin under rule 185 regarding bye-election in Ward No. 46 of Calcutta Corporation – Notice given by Shri Saugata Roy and Shri Sudip Bandyopadhyay

– 1 hour.

iv) Motion under rule 185 regarding the Defamation Bill, 1988 – Notice given by Shri Santasri Chatterjee, Shri Kripa Sindhu Saha, Shri Kamakhya Ghosh, Shri Bimalananda Mukherjee, Shri Jayanta Kumar Biswas and Shri Deba Prasad Sarkar

– 1 hour.

There will be no Question for Oral Answer and Mention Case on the 9th September, 1988.

**Business on Friday :–** Motion Nos 1 & 2 will be taken together. Though they will be moved Separately they will be discuss together.

Two hours time were given for this. Now This two hours time will be amalgameted.

I will now request the Minister-in-Charge of Home Parliamentary Affairs to move the motion for acceptance of the House.

**Shri Abdul Quiyom Molla :** Sir, I beg to move that the 26th Report of the Business Advisory Committee as presented in the House, be agreed to.

The Motion was then put and agreed to.

**[5.30 – 5.40 p.m.]**

**শ্রী স্বদেশ চাকী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বন্যা আজকে সর্বভারতীয় সমস্যা। গোটা ভারতবর্ষ আসাম থেকে বিহার, উড়িষ্যা এবং পশ্চিমবাংলায় বন্যা দেখা দিয়েছে। এটা একটা জাতীয় সমস্যা। দীর্ঘদিন ধরে কংগ্রেসীরা জাতীয় সমস্যাকে অবহেলা করছেন, যার ফলে আজকে প্রতি বছর বন্যা দেখা দিয়েছে। পশ্চিমবাংলায় বিশেষ করে উত্তরবঙ্গে যখন জাতীয় পরিকল্পনা হচ্ছে না, তখন আমরা জানি পশ্চিমবাংলাকে ভাতে মারতে চায় তারা। তাই কি পশ্চিমবাংলার সরকার চুপ করে থাকবে, উত্তরবঙ্গের লক্ষ লক্ষ মানুষের জন্য কোটি কোটি টাকা খরচ করা হয়, কিন্তু এই সরকার কতদিন এইভাবে চালাতে পারে? তাই আমি বলতে চাই আজকে আমাদের বামফ্রন্ট সরকার প্রথম প্রায়রিটি দেয় বন্যা নিয়ন্ত্রণের জন্য। মাননীয় সেচমন্ত্রী গত বছরের বাজেটে যে টাকা দিয়েছেন বন্যা নিয়ন্ত্রণের জন্য তাতে বন্যা নিয়ন্ত্রন করা সম্ভব নয়। আমি অনুরোধ করবো তিনি যেটুকু কাজ করবেন সেটা অত্যন্ত ভালভাবে করবেন। আমি দুঃখের সঙ্গে বলতে চাই আমার ইটাহার এলাকায় তার ডিপার্টমেন্ট যে সমস্ত করেছে সেই ব্যাপারে তদন্ত করতে বলি, কারণ যে সমস্ত বাঁধগুলি ভেঙে যাওয়ার ফলে রিপেয়ার করা হয়েছিল সেইগুলি পুরনায় ভেঙে গিয়েছে এবং বন্যা ডেকে এনেছে। আমি বলতে চাই উত্তরবঙ্গকে নিয়ে ও দক্ষিণবঙ্গকে নিয়ে একটি মাষ্টার প্ল্যান করা হোক। আমাদের যে সমস্যা তার মধ্যে দিয়েই আমাদেরকে কাজ করতে হবে। তার জন্য পশ্চিমবাংলার সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করতে হবে। স্যার, গত বছর যে বন্যা হল সেই বন্যার জন্য আমাদের বামফ্রন্ট সরকারের কি পরিকল্পনা ছিল, আর তার পরিপ্রেক্ষিতে আমাদের বামফ্রন্ট সরকাব কি কাজ করতে পেরেছে, সেটা আমার জানার আগ্রহ হয়, জনসাধারণের জানারও আগ্রহ হয়। আমরা দেখেছি এই বন্যা নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রের পক্ষ থেকে কোন অগ্রণী ভূমিকা নেওয়া হয়নি। আমি বলতে চাই আমরা কার্য্যক্ষেত্রে যে সমস্ত বিবৃতি দেখছি তাতে দেখতে পাচ্ছি ডাক্তার, ঔষধপত্র সব যাচ্ছে, খাবার যাচ্ছে। কিন্তু বাস্তব অবস্থায় যা দেখছি তাতে আমরা কিছুই পাচ্ছি না। গত ৫ তারিখ পর্য্যন্ত কোন ঔষধ সেখানে পৌঁছায়নি। আমরা দেখেছি যে কিছু কিছু মানুষ আজকে আকাশের তলায় রয়েছে, তারা পলিথিন চাইছে কিন্তু পলিথিন পাওয়া যাচ্ছে না। মানুষের সুষ্ঠ ব্যবস্থার জন্য রিলিফের ব্যবস্থা করা হোক। আমি বলতে চাই পঞ্চায়েত সমিতির হাতে ক্ষমতা দেওয়া দরকার। আমার অভিজ্ঞতায় দেখেছি এই পঞ্চায়েতগুলি ঠিকমত কাজ করছে না। আমাদের অর্থমন্ত্রী গৃহ নির্মাণ বাবদ যে টাকা দিয়েছেন পশ্চিম দিনাজপুরের ইটাহারকে, তারজন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু পঞ্চায়েতগুলি আজও সেই অর্থ বিলি করতে পারেনি। কিন্তু যারা বিলি করতে পারছেন না তাদের চেক-আপ করা দরকার। না হলে বিকল্প ব্যবস্থা থেকে যাতে করে গরীব মানুষগুলিকে বাঁচাতে পারা যায় সেইদিকে লক্ষ্য রাখতে হবে। যাতে করে বন্যার মত একটা সমস্যা সৃষ্টি হলে আগামী দিনে সাহায্য পাওয়া যায়। সেই দিকে লক্ষ্য রাখতে হবে।

বন্যা হলে যাতে করে কৃষকরা দাঁড়াতে পারে, সেই ব্যাপরে তাদের সাহায্য করা দরকার। আশা করব ক্ষুদ্র-সেচ মন্ত্রী যে দায়িত্ব নিয়ে এসেছেন আগামী দিনে তারাও সেখানে একটা ভূমিকা থাকবে। আর একটি কথা বলব বামফ্রন্ট সরকার কৃষকদের যে লোন দিয়েছেন, এবারের বন্যায় আবার সেই লোন পেতে তাদের অসুবিধা নেই, তাই কৃষকদের সেই লোন মুকুব করার জন্য আমি আবেদন করছি।

**Mr. Speaker :** Now, Shri A. K. M. Hassan Uzzaman.

***(At this stage, Shri Hassan Uzzaman was not found in the House)***

Then Shri Sailen Sarkar.

**[5.40 – 5.50 p.m.]**

**শ্রী শৈলেন সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচ মন্ত্রী এবং ত্রানমন্ত্রী যে বিবৃতি রেখেছেন তাতে আমরা জানতে পেরেছি যে আমাদের রাজ্যে ৭টি জেলায় ৩১ লক্ষাধিক মানুষ বন্যা কবলিত হয়েছে। আমরা ভেবেছিলাম কংগ্রেস দল এই বন্যা কবলিত মানুষদের জন্য সত্যই ব্যথিত, দুঃখিত এবং সেজন্য এই আলোচনায় তাঁরা খুব সিরিয়াস থাকবেন। কিন্তু প্রথম থেকে আমি দেখছি আলোচনায় তাঁরা অনীহা দেখাচ্ছেন, এখানে উপস্থিত থাকছেন না। তাঁদের আলোচনার বিষয় দলবাজি এবং বাংলা বন্ধকে কেন্দ্র করে। আমি মালদহ জেলা থেকে নির্বাচিত, সেখানকার বন্যা পীড়িত মানুষদের পাশে গিয়ে আমি দাঁড়িয়েছি, দেখেছি বন্যায় সমস্ত ত্রান ব্যবস্থাকে অক্ষুন্ন রেখেই পশ্চিমবাংলায় বাংলা বন্ধ হবে ১৪ তারিখে তারজন্য সেই জেলার মানুষরা সামিল হবেন সেই বিষয়ে সন্দেহ নেই। আমাদের এখানে বন্যা হয়েছে, সুখের বিষয় বিরোধী দলের সদস্য হুমায়ুন চৌধুরী আমার জেলা থেকে নির্বাচিত, তিনি স্বীকার করেছেন, এমনকি প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী যিনি এক সময় কেন্দ্রের সেচ মন্ত্রী ছিলেন তিনি পর্যন্ত স্বীকার করেছেন যে ফারাক্কা ব্যারেজ অথরিটির গাফিলতির জন্য মালদহের একটা বিরাট এলাকা কালিয়াচক সেই জায়গা প্রায় ৩৫ বর্গ মাইল এলাকা বন্যা কবলিত হয়েছে। এটা পশ্চিমবঙ্গ সরকারের বাঁধ ভেঙ্গে যাওয়ার জন্য হয়নি, তাঁদের উপর যে রক্ষণা-বেক্ষণের দায়িত্ব ছিল সেই বাঁধগুলি ভেঙ্গে যায়নি। এর একটা ব্যাকগ্রাউন্ড আছে, ফারাক্কা অথরিটি রাজ্যের সেচ মন্ত্রী প্রভাস রায়ের কাছে একটা খুব ভাল প্রস্তাব রাখলেন ১৯৮০ সালে যে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে টাকা দিতে চায় না এটা আপনাদের জানা, সুতরাং আমাদের কেন্দ্রীয় সেচ মন্ত্রীর সাহায্যে কেন্দ্রীয় সরকার যদি সরাসরি কাজ করে তাহলে মালদহ মুর্শিদাবাদের বন্যাকে আটকে দেব, ২৫ কোটি টাকা কেন্দ্র থেকে আনবে। এজন্য সার্কিট এমব্যাংকমেন্ট, ভুতনি সার্কিট বাঁধ এবং মার্জিন্যাল ব্যাংকের বিরাট অংশ কেন্দ্রীয় সরকার নিলেন। এই বাঁধ রক্ষণাবেক্ষণ করার দায়িত্ব নেওয়ার কয়েক মাস পরে ১৯৮০ সালে এই বাঁধ ভেঙ্গে গেল এবং বিরাট এলাকায় বন্যা হয়ে গেল। তারপর বরাবর দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকার দায়িত্ব নেওয়ার পর তাঁরা রক্ষণা-বেক্ষণের জন্য উপযুক্ত ব্যবস্থা নিচ্ছে না। এবারে আমরা দেখলাম ডিসেম্বর মাস থেকে বরাবর সরকার বলছেন যে সিমুলতলায় বাঁধের খুব ডেঞ্জারাস পজিসান, ময়নাপুরে বাঁধের ডেঞ্জারাস পজিসান, আপনারা উপযুক্ত ব্যবস্থা নিন, কিন্তু তাঁরা ভ্রূক্ষেপ করছেন না। জেলা ম্যাজিস্ট্রেটের অফিসে প্রতিদিন মিটিং হয়, সেখানে তাঁদের কোন অফিসার, ইঞ্জিনিয়ার আসেন না। এই গাফিলতির কথা শুধু বললে হবে না, যে ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ এরজন্য দায়ী, কেন্দ্রীয় সরকারের অধীনে যখন ফরাক্কা অথরিটি তখন সেই ফরাক্কা অথরিটির দায়িত্বশীল অফিসারদের বিরুদ্ধে কাজে গাফিলতির জন্য কি শাস্তির ব্যবস্থা গ্রহণ করেছেন সেটা আজকে ঘোষণা করা দরকার।

এই জন্যই বলি বন্যা কেন হচ্ছে সেই কারণ খুঁজে বার করতে হবে। বন্যার কারণ হিসেবে বলা হয়েছে, বেশী বৃষ্টি হয়েছে, পার্শ্ববর্ত্তী রাজ্যগুলি থেকে জল নেমে আসছে, বাংলাদেশ থেকে জল ঘুরে এসে ব্যাক পুস করে ইংলিশ বাজার ভাসিয়ে দিয়েছে। সমস্যাটা আটকাবার ব্যবস্থা নেই ঠিক, কিন্তু যেটা পারতেন সেটা করলেন না কেন? ত্রাণের ব্যাপারে ত্রান মন্ত্রী একটা লিস্ট দিয়েছেন। এই ব্যাপার নিয়ে নানা রকম অপপ্রচারও হচ্ছে শুনছি। তবে বামফ্রন্ট সরকার মনে করেনা ক্ষয় ক্ষতি যা হয়েছে তা সমস্ত কিছু আমরা পূরণ করতে দেব। সরকার যথাসম্ভব চেষ্টা করছে বন্যা কবলিত মানুষের কাছে গিয়ে দাঁড়াতে। এখানে বলা হয়েছে স্ট্যাটিস্‌টিক্সে ভুল আছে, এর সঙ্গে ব্যস্তবের কোন মিল নেই। যাই বলা হোক না কেন, আমরা দেখছি মানুষ খাদ্য, আচ্ছাদন ইত্যাদি পাচ্ছে। কংগ্রেস আমলে দেখেছি জি. আর পাবার জন্য, একাট ত্রিপল পাবার জন্য মানুষের কি অবস্থা হয়েছে। আজকে একথা কেউ বলতে পারছে না। বীরেনবাবু বললেন হাজার হাজার মানুষ সারা রাত পায়ে হেটে চলে এসেছে এবং কোন রকম খাদ্য দ্রব্য তাদের কাছে গিয়ে পৌঁছায়নি। খাদ্যদ্রব্য এখন তো মানুষের কাছে যাচ্ছে। বলা হচ্ছে সর্বদলীয় কমিটি করতে হবে। পঞ্চায়েতে তো কংগ্রেসের লোক রয়েছে, জেলা মনিটারিং কমিটিতে তো কংগ্রেসের লোক রয়েছে। বরং আমরা দেখছি কংগ্রেস কাজে বাধা সৃষ্টি করছে। আমি জানি গঙ্গাপ্রসাদ পঞ্চায়েত সমিতির একজন সদস্য মাল লুঠ করে নিয়েছে। বন্যা বিধ্বস্ত মানুষদের জন্য ত্রিপল যাচ্ছে, কংগ্রেসের লোক এসে লুঠ করে নিয়ে গেল। এই তো আপনাদের কাজের নিদর্শন। কংগ্রেসের লোককে রিলিফ দেওয়া হবেনা এটা আপনাদের ভুল দৃষ্টিভঙ্গী, এই দৃষ্টিভঙ্গী আপনাদের ত্যাগ করতে হবে। একথা বলে বক্তব্য শেষ করছি।

**শ্রী বিমলানন্দ মুখার্জী ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে বন্যা সম্বন্ধে আলোচনা করার সময় লক্ষ্য করলাম কোন কোন মাননীয় সদস্য এই পবিত্র ফ্লোর টাকে গালমন্দ করার একটা প্ল্যাটফর্ম হিসেবে মনে করছেন। তাঁরা একটা মূল প্রশ্ন এনেছেন। কিন্তু একথা কেউ বললেন না — এই যে প্রতি বছর ঘুরে ঘুরে বন্যা আসে, আমরা কিছু রিলিফ দেই, কিন্তু কিভাবে স্থায়ী এবং পাকাপাকিভাবে এই বন্যার সমস্যার সমাধান করা যায়। এই ব্যাপারে তাঁরা কোন রকম চিন্তা করছেন বলেও আমার মনে হলনা।

**[5.50 – 6.00 p.m.]**

আমার একটা ঘটনা মনে পড়ল। চীনে বিপ্লবে সেখানকার পীত নদী হোয়াং হোতে প্রবল বন্যা হত এবং সেখানকার প্রজাতন্ত্রী সরকার এটা লক্ষ্য করলেন যে, একদিকে প্রচণ্ড বন্যায় সমস্ত ভেসে যাচ্ছে, আর একদিকে পাহাড়, তারপরে মরুভূমি রয়েছে। তারা একটা ব্যবস্থা বললেন। পাহাড় ভেঙ্গে বর্দ্ধিত জলটা, বন্যার জলটা মরুভূমির দিকে হটিয়ে দিলেন। ফলে একদিকে বন্যা নিয়ন্ত্রন হল, শস্য শ্যামলা থাকল জমি, আবার অন্যদিকে মরুভূমিতেও মরুদ্যানের সৃষ্টি হল। আমাদের এখানেও এই চিন্তা ভাবনা করা দরকার। জনতা সরকারের আমলে প্রধানমন্ত্রী মোরারজী দেশাই-এর দৃষ্টিতে এটা আনা হয়েছিল। তিনি একটি কথা বলেছিলেন, একটা বড় স্কীম করা হবে এবং সেটা হচ্ছে ফ্লাবিসিং স্কীম, যা নাকি বাড়তি জলটা ধরে রাখবে। এটা একটা বিশাল ব্যাপার এবং ধরে রাখার এতটা জায়গা কোথাও পাওয়া যাবে কিনা, ইত্যাদি প্রশ্ন সেখানে যাই হোক, শেষ পর্যন্ত তা হল না। এই ভাবে জিনিসটিকে আমাদের ভাবা দরকার। আমাদের একটা যোজনা কমিশন বা প্ল্যানিং কমিশন আছে। টাকা খরচের একটা হিসাব করা দরকার। বছরের পর বছর কোটি কোটি টাকা রিলিফের জন্য, খরা, বন্যার জন্য খরচ হচ্ছে। ১০ বছর কত টাকা খরচ হয়েছে। টাকা অপব্যয় কমিয়ে বন্যা নিয়ন্ত্রনের পাকাপাকি ব্যবস্থা করতে পারি কিনা ভেবে দেখা দরাকার। ব্যাপারটা কিন্তু খুবই বিশাল। আমি ৮ বছর আগে

*এখানকার চীফ ইঞ্জিনিয়ারের সাথে বসে একবার কথা বলেছিলাম। তিনি বলেছিলেন ফারাক্কা থেকে গঙ্গার মোহনা পর্যন্ত যদি বন্যা নিয়ন্ত্রন এবং ভাঙনের ব্যবস্থা করতে হয় তাহলে ২ হাজার কোটি টাকা লাগবে। আজ এই অঙ্কটা বেড়ে হয়ত ৩/৩।। হাজার কোটি টাকা হয়ে যাবে। এই টাকাটা আসবে* কোথা থেকে? পশ্চিমবাংলা বা কোন রাজ্য সরকারের পক্ষে এই টাকা সংগ্রহ করা সম্ভব নয়। ঐ পক্ষের বক্তারা যে কথা বলছেন — ত্রুটি বিচ্যুতি যাই থাক না কেন, যতই ক্ষোভের প্রশ্ন থাক না কেন, তার পিছনে যে সংকীর্ণ রাজনীতির অভিযোগ আছে, সেটা আমি ছেড়েই দিলাম — কিন্তু একটা সরকারকে বিপদের দিনে মানুষকে ত্রাণ সাহায্য পাঠাতে হবে, খাবার দাবারের ব্যবস্থা করতে হবে, রাস্তা ঘাটের সামান্য কিছু সংস্কার করতে হবে। এই স্থায়ী ব্যবস্থা করবার জন্য যে বিশাল অঙ্কের টাকার প্রয়োজন, কোন রাজ্য সরকারই তা দিতে পারবে না। আমি আমাদের এই সরকারের তরফ থেকে এটুকু বলব যে, এই ধরণের পরিকল্পনা করে পাঠানো দরকার। এর জন্য আন্দোলন করতে হবে। কেন্দ্রীয় সরকার দেবেন না। তাদের কোন পরিকল্পনাই সঠিক মত নয়। দেশের উন্নয়নের জন্য যে ধরণের পরিকল্পনা দরকার সেই ধরণের পরিকল্পনা নেই। আমাদের কত ক্ষতি হয়ে যাচ্ছে। এই ক্ষতি দূর করতে আমরা সেটাকে কত সঠিক ভাবে ব্যবহার করতে পারি - সেই ধরণের পরিকল্পনাই তাদের নেই। আমি এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী খগেন্দ্র নাথ সিংহ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বন্যা নিয়ে মাননীয় সদস্য হুমায়ুন চৌধুরী মহাশয় বলেছেন যে, আমরা নাকি রাজনীতি করছি তবে রাজনীতি কেউ করছে এটা ঠিক। যেমন আপনি জানেন যে, গত ২৯ তারিখে বন্যা পরিস্থিতি দেখার জন্য এবং বন্যার মোকাবিলা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করতে অর্থ, সেচ, ভূমি দপ্তরের তিন জন মন্ত্রী মালদহ, পশ্চিমদিনাজপুর ও জলপাইগুড়ি পরিদর্শনে গিয়েছিলেন। তারা আমার নির্বাচনী কেন্দ্র রায়গঞ্জেও গিয়েছিলেন। আমরা সেখানে দেখলাম কংগ্রেসী ৬০/৭০ জন ছেলে মন্ত্রীদের কালো পতাকা দেখালেন এবং গো ব্যাক বললেন। মানুষ যে সময় বন্যার কবলে পড়ে জলমগ্ন হয়ে পড়েছে, সেই সময় তাদের উদ্ধার করা প্রয়োজন। সেই সময় তারা মন্ত্রীদের গো ব্যাক করার জন্য ওখানে এলেন। এবং আমাদের মাননীয় অর্থমন্ত্রী যখন বললেন যে ওদের যদি কোন দাবী থাকে বা ওরা স্মারকলিপি দিতে চান নিশ্চয় দিতে পারেন বা বলতে পারেন তখন ওদের পক্ষ থেকে বলা হল, 'আমরা কিছুই দেব না।' শুধু শ্লোগান দেবার জন্য ওরা ওখানে উপস্থিত হয়েছিলেন। স্যার, আশ্চর্যের সঙ্গে আরো একটি দুর্ভাগ্যজনক ঘটনা দেখলাম এবং শুনলাম, সন্ধ্যাবেলাতে রেডিওতে এবং টি. ভিতে সে ঘটনার কথা বলা হল যে যারা ঐ গো ব্যাক করেছিল, শ্লোগান দিচ্ছিল, কালো পতাকা দেখিয়েছিল আমাদের মন্ত্রীদের তাদের নাকি পুলিশ লাঠিপেটা করেছে। আশ্চর্য্যের কথা। রায়গঞ্জবাসীও এই ঘটনার কথা শুনলো এবং টি. ভিতে দেখলো কিন্তু স্যার, এই ধরনের কোন ঘটনা সেখানে ঘটে নি। তাহলে রাজনীতি হচ্ছে এবং এই রাজনীতি কারা করছেন পশ্চিমবাংলার মানুষ তা ভালোভাবেই বুঝতে পারছেন। তারপর একজন কেন্দ্রীয় মন্ত্রী এখানকার বন্যা পরিস্থিতি পরিদর্শন করতে এলেন এবং যথারীতি পশ্চিমবাংলাকে সাহায্যের প্রতিশ্রুতিও দিলেন। পশ্চিমবংলার মানুষ কিন্তু জানেন যে কেন্দ্রীয় সরকার এই ধরনের প্রতিশ্রুতি বারবার দেন কিন্তু তা রক্ষা করেন না। স্যার আপনার নিশ্চয়ই মনে আছে যে গত বিধানসভার নির্বাচনের পূর্বে পশ্চিমবঙ্গকে এক হাজার সাত কোটি টাকা দেবার প্রতিশ্রুতি কেন্দ্রীয় সরকার দিয়েছিলেন কিন্তু সেখানে দিয়েছেন মাত্র ২৬ কোটি টাকা। কাজেই এবারের বন্যায় যে ত্রানের প্রতিশ্রুতি তারা দিয়েছেন সেটার অবস্থাও যে সেই একই রকমের হবে তা আমরা বুঝতে পারছি। স্যার, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরাকার অত্যন্ত দ্রুততার সঙ্গে বন্যাপীড়িত মানুষদের উদ্ধার করার জন্য এবং তাদের কাছে ত্রান সামগ্রী পৌঁছে দেবার জন্য যে ব্যবস্থা করেছেন সেজন্য আমি সরকারকে

অভিনন্দন জানাই। কংগ্রেস আমলেও এই রাজ্যে অনেকবার বন্যা হয়েছে কিন্তু এত দ্রুততার সঙ্গে মানুষের কাছে কখনও তারা ত্রান সামগ্রী পৌঁছে দিতে পারেন নি। মাননীয় কংগ্রেসী সদস্য যারা এখানে আজ বলছেন বন্যা দুর্গত মানুষদের কাছে কোন ত্রান সামগ্রী পৌঁছায়নি তাদের আমি অনুরোধ করবো, একবার গিয়ে দেখে আসলে দেখবেন, মানুষের মধ্যে হাহাকার নেই। খাদ্য নেই, মাথার উপর আচ্ছাদন নেই এরকম অবস্থায় বন্যাপীড়িত মানুষদের দিন কাটাতে হচ্ছে না তার কারণ সময়মত তারা সব কিছু পেয়েছেন। এটা ঘটনা। অবশ্য আরো বেশী করে দিতে পারলে ভালো হত। কিন্তু তা না হলেও তারা ত্রানসামগ্রী পাচ্ছেন। আমাদের বামফ্রন্ট সরকার নিশ্চয়ই একক ভাবে সব সাহায্য দিতে পারেন না এবং সেই কারনেই বিগত বছরের বন্যার সময় আমরা বলেছিলাম যে কেন্দ্রীয় সরকারকে সাহায্য করতে হবে। কিন্তু কেন্দ্রীয় সরকার সেখানে কি করলেন? তারা একটা লিষ্ট করে দিলেন এবং বললেন যে এর চেয়ে বেশী বন্যাপীড়িতদের সাহায্য করা যাবে না। এবারেও হয়ত তাই করবেন। হুমায়ুন চৌধুরী মহাশয়ের প্রস্তাবকে স্বাগত জানাই — দলমতনির্বিশেষে বন্যাপীড়িত মানুষদের পাশে দাঁড়াতে হবে এবং সাহায্য করতে হবে। ঠিক কথা। তাহলে আসুন, কেন্দ্রীয় সরকারের কাছে আমরা সকলে মিলে দাবী জানাই যে বন্যা পীড়িত মানুষের সাহায্যের জন্য তারা তার অংশীদার হোন এবং তাদের জন্য অধিক অর্থ বরাদ্দ করুন। কিন্তু আমরা জানি, তারা তা করবেন না। স্যার, আমাদের পশ্চিমদিনাজপুরে কিছু কিছু বাঁধ কংগ্রেসের সময় হয়েছিল কিন্তু সেই বাঁধগুলি ক্রটিপূর্ণ হওয়ার জন্য রায়গঞ্জ, বালুরঘাট, গঙ্গারামপুরের প্রতি বছর ভোগান্তি হচ্ছে। সামান্য বৃষ্টিতেও সেখানে বন্যা হচ্ছে কারণ জল বেরিয়ে যেতে পারছে না। নাগর ব্রীজ কেন ড্যামেজ হল? কারণ, এটা এত ছোট ব্রীজ যে জল পাশ করতে পারছে না, জল উঠে আসছে। এটা আরো লম্বা হওয়ার দরকার ছিল। পাশাপাশি রায়গঞ্জ শহরকে বাঁচানোর জন্য যে বাঁধ দেওয়া হয়েছে তাও ক্রটিপূর্ণ ফলে রায়গঞ্জ শহর ভেসেছে। মাননীয় সেচমন্ত্রীর কাছে আমার অনুরোধ, রায়গঞ্জ শহরকে বাঁচানোর জন্য ক্রটিমুক্ত বাঁধের ব্যবস্থা করুন এবং আরো কিছু কিছু জায়গায় যাতে বাঁধ দেওয়া হয় তার জন্য ব্যবস্থা করুন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**[6.00 – 6.10 p.m.]**

**শ্রী পরেশ চন্দ্র দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে বন্যার বিষয়ে আলোচনা হচ্ছে এবং এটা খুবই গুরুত্বপূর্ণ আলোচনা। প্রতি বছরের ন্যায় এবারেও আমাদের কাছে একটা সমস্যা হিসাবে দেখা দিয়েছে। এই বন্যা যে শুধু প্রাকৃতিক কারণে হচ্ছে, তা নয়। পশ্চিমবাংলার উপরের দিকে যে বৃষ্টি হচ্ছে এবং এখানে যে বৃষ্টি হচ্ছে সেই জল ঠিক মত ড্রেন আউট না হওয়ার জন্য এবং বাঁধগুলি ঠিকমত মেরামত না হওয়ার জন্য বন্যার জল পশ্চিম বাংলার মধ্যে প্রবেশ করছে এবং এই রকম একটা পরিস্থিতির সৃষ্টি করছে। এছাড়া ফারাক্কায় যে বাঁধ তৈরী হয়েছে সেই বাঁধও ক্রটিপূর্ণ। এই ক্রটিপূর্ণ বাঁধের জন্য ফারাক্কা থেকে গঙ্গা নদীর ভাঙ্গনের ফলে নদীর নাব্যতা দিনের পর দিন কমে যাচ্ছে, যে কারণে কলকাতা বন্দরকে রক্ষা করা যাচ্ছে না। এই রকম একটা পরিস্থিতির মধ্যে ভাগীরথী স্থায়ী ভাবে দুকূল ছাপিয়ে যাচ্ছে এবং ফারাক্কা থেকে জংগীপুর, রঘুনাথপুর, ভগবানগোলা, লালাগোলা ইত্যাদির বিস্তৃর্ণ এলাকা পদ্মা নদীর ভাঙ্গনের মধ্যে পড়েছে। জলংগী নদী এবং ভৈরব নদীর দুকূল এবং সাগরদীঘি, রঘুনাথগঞ্জ, এই সমস্ত এলাকা নদীর ব্যাপক ভাঙ্গনের কবলে পড়ছে। এই ভাঙ্গন প্রতিরোধ করার জন্য অবিলম্বে স্থায়ী ব্যবস্থা করা দরকার। বন্যা যখন হয় তখন বামফ্রন্ট সরকার বন্যার্ত মানুষকে রিলিফ দেবার জন্য ব্যবস্থা করেন। সরকারের সাধ্য মত যতটা রিলিফ দেওয়া সম্ভব সেটা তারা নিশ্চয়ই করবেন। তবে সেটা হয়ত প্রয়োজনের তুলনায় অপ্রতুল। আমরা দেখেছি যে বন্যার্ত মানুষের ত্রাণের জন্য বেশী টাকা চাওয়া সত্বেও, ত্রাণের জন্য কেন্দ্রীয় সরকারকে

বেশী টাকা দিতে বলা সত্ত্বেও তারা এই ব্যাপারে সেই মত টাকা-পয়সা দেন না। সেই কারণে এই অপ্রতুল ত্রাণ সামগ্রী নিয়ে আমাদের মানুষের কাছে যেতে হয়। আমাদের বিরোধী পক্ষের সদস্য বলেছেন যে ত্রাণ নিয়ে দলবাজী হচ্ছে। তারা বলেছেন যে এই ব্যাপারে সর্বদলীয় কমিটি করতে হবে। আমি তাদের একথা বলবো যে আমাদের নির্বাচিত সংস্থা আছে। আমাদের যে ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থা আছে, তার মাধ্যমে এগুলি যাতে সুষ্ঠু ভাবে হয় সেটা লক্ষ্য রাখা হয়। ১৯৭৭-৭৮ সালের পর থেকে কোন মানুষ শহর মুখো হয়নি। কোন মানুষ না খেয়ে মারা যায়নি। বন্যার পরে যে ব্যাপক ভাবে মড়ক লাগে সেটাও হয়নি। আজকে বন্যা একটা ভীষণ অবস্থার সৃষ্টি করেছে। ফারাক্কা নদীর বাঁধের পরে জংগীপুরের ডাউন ষ্ট্রীমে একটা এ্যাফ্লাক্স বাঁধ আছে। এখানে ভাগীরথী নদী এবং পদ্মা নদীর মধ্যে দূরত্ব হচ্ছে এক কিলোমিটারেরও কম। কাজেই এই এ্যাফ্লক্স বাঁধ যদি ভেঙ্গে যায় তাহলে শুধু মুর্শিদাবাদ নয়, মুর্শিদাবাদ, নদিয়া, হুগলি, হাওড়া এবং ২৪ পরগনা সহ গোটা পশ্চিমবঙ্গের অর্থনীতি বিপর্যস্ত হয়ে পড়বে। কাজেই এই বিষয়ে আমি সকলের দৃষ্টি আকর্ষণ করছি। বিরোধী সদস্যরা বন্যার কথা বললেন। আমি তাদের বলবো, আপনারা আসুন, আলাপ-আলোচনার মাধ্যমে এর একটা স্থায়ী সমাধান যাতে করা যায় তার চেষ্টা করি। এর জন্য উদ্যোগ নিতে হবে, প্রচেষ্টা নিতে হবে। কাজেই আপনারা আসুন, আমরা একযোগে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করি। আজকে যে গঙ্গা ইরোশান প্রকল্প নেওয়া হয়েছে, এই ইরোশান প্রকল্পের জন্য আমরা বলেছি যে ৪ শত কোটি টাকা যদি আমাদের দেওয়া হয় তাহলে এই ভাগীরথীর যে ভাঙ্গন, এই ভাঙ্গনকে অন্ততঃ প্রতিরোধ করা সম্ভব। কিন্তু একটি পয়সাও আমাদের তারা দিচ্ছেন না। বামফ্রন্ট সরকারের সীমিত ক্ষমতার মধ্যে কিছু কিছু কাজ আমাদের করতে হচ্ছে। আমার কনসটিটিউয়েন্সির সাগরদীঘি তার মধ্যে গান্ধী, কাবিলপুর, দস্তুরহাট, দিয়ার বালাজ ইত্যাদি মৌজাগুলি ব্যাপক ভাবে নদীর ভাঙ্গনের মধ্যে চলে গেছে। কাজেই অবিলম্বে এগুলির প্রতিকার যদি না করা হয় তাহলে পরবর্ত্তীকালে আরো সমস্যা বাড়বে এবং এই ভাঙ্গনের ফলে ক্ষতিগ্রস্থ মানুষের পুর্নবাসনের সমস্যা একটা বিরাট আকারে দেখা দেবে। কাজেই এগুলি বিবেচনা করে স্থায়ী ভাবে বন্যার প্রতিরোধ করার ব্যবস্থা যাতে করা হয় তার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই সভায় যে আলোচনা হয়েছে বন্যা নিয়ে, আমি আগ্রহ নিয়ে তা শুনেছি। আমি নিজে কলকাতা শহরের লোক, বন্যা সম্পর্কে আমার ধারণা সবটাই পরোক্ষ, যেখানে বন্যা হয়, যেহেতু রাজনৈতিক দল করি, বন্যার্ত মানুষদের দেখতে যাই, রিলিফ ক্যাম্প দেখতে যাই, কিন্তু বন্যার্ত মানুষ হিসাবে বন্যার ভাগী হওয়া, সেটা আমরা কলকাতায় শহরের লোক বলে হইনা। কিন্তু আজকে যে ব্যাপারটা আমরা আলোচনা করছি, তাতে তিনটি ডিফারেন্ট আসপেক্ট আছে, একটা হচ্ছে ফ্লাড কন্ট্রোল এবং ফ্লাড প্রোটেকশন বলে, তার মানে বন্যানিয়ন্ত্রন এবং বন্যা থেকে বাঁচাবার ব্যবস্থা, দ্বিতীয় রিলিফ ত্রানের ব্যবস্থা, তৃতীয় হচ্ছে রেস্টোরেশন, বন্যা হয়ে যাবার পর স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার ব্যবস্থা। বাঁধ ভেঙে গেছে, মেরামতের ব্যবস্থা, জমি ডুবে গেছে, সেই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করা, রাস্তা ভেঙে গেছে, ইত্যাদি বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা এবং চতুর্থতঃ হচ্ছে — অবশ্যই যেটা বামফ্রন্টের বক্তব্যের মধ্যে ছাপিয়ে উঠেছে, যে কেন্দ্র থেকে কত টাকা আদায় করা যায়, তার ব্যবস্থা করা, এই চারটি বিষয় নিয়ে আলোচনা করা উচিৎ। আমাদের দেশে এটা ঠিকই ইন্দো গ্যানজিটিক প্লেনে যে বন্যার সমস্যাটা, এটাসাধারণ ভাবে গংগার উত্তর দিকে বেশী তীব্র। তার কারণ আপনি যদি দেখেন, প্রতি বছর বন্যা হয় উত্তর বিহারের কোষী, গন্ডকে বন্যা হয়, উত্তরপ্রদেশে গঙ্গার উত্তর ভাগে বন্যা বেশী হয়, তার কারণ হচ্ছে এই ট্রিবিউটারীগুলো বেশীর ভাগ নেপাল থেকে আসছে, নেপাল, ভূটান থেকে আসে,

পাহাড়ী এলাকা থেকে আসে। এর জন্য এর আগে গারল্যান্ড ক্যানেল প্রপোজ্যাল হয়েছে, কিন্তু একটা সীমাবদ্ধতার মধ্যে, যেটা আমি বোঝাতে চাই না, অসীমবাবু বুঝবেন, রিসোর্সেস স্কেয়ার্স ইকনমি, এমন অর্থনীতির উপর সম্পদ, এই গরীব দেশ থেকে আহরণ করা মুস্কিল। আমরা স্বাধীনতার পর প্রথম দিকে আমাদের একটা যাইগ্যান্ টিজমের দিকে ঝোঁক ছিল। তখন বড় রিভার ভ্যালি প্রজেক্ট হয়েছে, টেনেসি ভ্যালি অথারিটির অনুকরণে দামোদর ভালি কর্পোরেশন হয়েছিল। বর্ধমানে প্রতি বছর লক্ষ লক্ষ মানুষ বিনয় বাবুর মনে থাকবে, বন্যার্ত হতেন। আজকাল সেটা হয়না। বর্ধমান আজকে ওয়েষ্ট বেঙ্গলের ব্যাপারী। কংসাবতী বড় প্রকল্প হয়েছে, কংসাবতীর বাঁধ হয়েছে মুকুটমণিপুরে, এই সব হয়ে গেছে, এটা একটা ফেজ। পরবর্ত্তীকালে দেখা গেল যে কষ্ট্ বেনিফিটের বিরাট পরিমাণ টাকা খরচ করে যে পরিমাণ বেনিফিট হয়, সেটা ম্যাচ করেনি। সুতরাং পরবর্ত্তীকালে একটা মাইক্রো প্ল্যানিং এর ব্যবস্থা হয় যে ছোট ছোট জায়গায় ছোট ছোট বাঁধ করে ব্যাপারটা সামলানো যায় কিনা। সুতরাং এই যে বন্যা নিয়ন্ত্রণের ব্যাপারটা, এমন সব সময় আমরা বলি, একটা বিরাট প্রকল্প করতে হবে। মোরারজী দেশাই বলেছিলেন — কে এল রাও বলেছিলেন অনেকদিন যে গঙ্গা কাবেরি লিংক করে দাও। তাহলে গঙ্গার যে একসেস জলটা, সেটা দক্ষিণ ভারতে চলে যাবে। কয়েক হাজার কোটি টাকা লাগবে। এইগুলো এখনও পর্যন্ত ভারতবর্ষের অর্থনীতির যা অবস্থা এইগুলো আকাশকুসুম, এত টাকা আমাদের অর্থনীতিতে জোগাড় করা সম্ভব নয়। তার ফলে ভারতবর্ষে কী হয়, প্রতি বছর কিছু কিছু বন্যা হয়। আমাদের নদীগুলো, যেগুলো ইন্দো গ্যাঞ্জেটিক প্লেনে আছে, সেইগুলি সিল্টেড হয়ে হয়ে যাচ্ছে, সারা পশ্চিমবাংলার নদীগুলো দেখবেন সব সিল্ট করে গেছে, বেডগুলো উঁচু হয়ে গেছে। ড্রেজিং করে রিভার ট্রেনিং দরকার এবং তার জন্য যে টাকা দরকার, তা সব সময় সেচ দপ্তরে থাকে না। কিন্তু যেটা করা সম্ভব, সেটা হচ্ছে, আমাদের একজিস্টিং ষ্ট্রাকচার যেগুলো আছে, বাঁধগুলো আছে, রাস্তাগুলো আছে, সেইগুলোকে রিপেয়ার করা সম্ভব, সেইগুলোতে প্রোটেকটিভ মেজার নেওয়া সম্ভব কী না, তার ফলে বন্যা থেকে বাঁচানো সম্ভব কী না। আমাদের এবারের বন্যায় আমার বক্তব্য নয়, বাম ফ্রন্ট সরকারের অনেকের বক্তব্য, সেই ন্যুনতম কাজটা করা হয়নি। এখানে গুরুতর চিন্তার ব্যাপার যে এই বন্যার ব্যাপার নিয়ে বামফ্রন্টের মধ্যে ঝগড়ার একটা নির্লজ্জ চিত্র বেরিয়ে এসেছে। শিমূতলা বাঁধ নিয়ে শৈলেনবাবু অনেকক্ষণ বলেছেন। এবারের বন্যায় সবচেয়ে সিরিয়াসলি এফেক্টেড কোনটা? পশ্চিম দিনাজপুর ১৪০৩ স্কয়্যার কিলো মিটার এ্যাফেক্টেড হয়েছে, তারপর কুচবিহার ৫৫৬ স্কয়্যার কিলো মিটার এ্যাফেক্টেড হয়েছে, তারপর এ্যাফেক্টেড কোন্‌টা, মুর্শিদাবাদ ৩০০ স্কয়ার কিলো মিটার, তারপর এ্যাফেক্টেট হয়েছে মালদহ, ২৫০ কিলো মিটার।

**[6.10 – 6.20 p.m.]**

বন্যার গ্রাভিটি অনুযায়ী মালদহ ফোর্থ। অসীমবাবু বুদ্ধিমান লোক, শিমূলতলা বাঁধ ভেঙে যাওয়ার জন্যই যেন এই বন্যা, এই রকম একটা পিকচার পোজ্ করে সকলের দষ্টিকে কেন্দ্রের দিকে ঘুরিয়ে দেবার চেষ্টা করছেন। কিন্তু বামফ্রন্টের অন্যান্য লোকেরা কি বলছেন? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই শুনতে আগ্রহী হবেন যে, পশ্চিম দিনাজপুরের ইটাহার থেকে নির্বাচিত সি. পি. আই. বিধায়ক — দীর্ঘ দিন জয়নালদা ইটাহারের এম. এল. এ ছিলেন — স্বদেশ চাকি অভিযোগ করেছেন বন্যার জন্য দায়ী রাজ্য পূর্ত ও সেচ দপ্তর। তাঁর আরো অভিযোগ গত বছরের বিধ্বংসী বন্যায় যে সব বাঁধ ভেঙেছিল, এক বছরেও সেগুলি মেরামত করা হয় নি। যেটুকু হয়েছে তাও টাকা মারার ফাঁদ পাতার নাম কা -ওয়াস্তে মেরামত করা ওই বাঁধগুলি এবারেব বন্যার প্রথমেই ভেঙে গিয়ে গ্রামের পর গ্রাম ভাসিয়েছে। গত বছরের বন্যার ক্ষতিগ্রস্ত জাতীয় সড়ক ও রাজ্য সড়কগুলিও ঠিকমতো মেরামত না করায় ভাঙা ও ক্ষতিগ্রস্ত সেতুগুলির বন্যার জলে দ্রুত ভেসে গিয়েছে।

পশ্চিমবঙ্গের মানুষ এখনো ত্রাণসামগ্রীর আশায় খোলা আকাশের নীচে দিন গুনছেন। এটা বামফ্রন্টের শরিক সি. পি. আই. বিধায়কের বক্তব্য। মালদার কথা শৈলেনবাবু কিছুটা বললেন, কিন্তু তা বলতে গিয়ে তিনি বরকতদার কথাও বললেন! কিন্তু মালদার ব্যাপারে আমাদের সকলের শ্রদ্ধেয় বীরেনদা, গান্ধীবাদী ফরোয়ার্ড ব্লক বিধায়ক বীরেনদা কি বলছেন? ফরওয়ার্ড ব্লক বিধায়কের অভিযোগ — মালদহে বন্যার জন্য কেন্দ্র ওরাজ্য সরকারই দায়ী বলে ওই জেলার হরিশচন্দ্রপুরের ফরোয়ার্ড ব্লক বিধায়ক বীরেন্দ্র কুমার মৈত্র অভিযোগ করেছেন। বীরেনবাবু এক বিবৃতিতে বলেছেন, স্থানীয় বাসিন্দাদের দাবি উপেক্ষা করে রাজ্য সরকারের সেচ ও পূর্ত দপ্তর হরিশচন্দ্রপুরের করুয়া খাল সংস্কারের কাজে হাত না দেওয়ার ওই অঞ্চলে বন্যা হয়েছে। তাঁর মতে, কালিয়াচকে বন্যার জন্য ফরাক্কা বাঁধ কর্তৃপক্ষের গাফিলতিই দায়ী। বন্যার কারণ অনুসন্ধানের জন্য উচ্চ ক্ষমতাসম্পন্ন তদন্ত কমিটির দাবি জানিয়েছেন বীরেনবাবু। তাহলে দাঁড়াচ্ছে এই যে, পশ্চিম দিনাজপুরে ইটাহারের সি. পি. আই. বিধায়ক এবং মালদাহে ফরোয়ার্ড ব্লক বিধায়ক বন্যার জন্য রাজ্য সরকারকে দায়ী করেছেন। সি. পি. আই. বিধায়ক রাজ্য পূর্ত ও সেচ দপ্তরকে দায়ী করেছেন। আর ফরোয়ার্ড ব্লক বিধায়ক বলেছেন, মালদহে হরিশচন্দ্রপুরে করুয়া খাল সংস্কার না হওয়ার জনাই বন্যা হয়েছে। সুতরাং শিমুলতলা বাঁধ ভাঙার জন্যই পশ্চিমবঙ্গে বন্যা হয়েছে, এটা সত্য নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কুচবিহারে যে বন্যা হয়েছে তার কারণ যদি আপনি অনুসন্ধান করেন তাহলে সেক্ষেত্রেও এটাই আপনি লক্ষ্য করবেন। আমার মনে হয় অসীমবাবু বোধ হয় এখনো কুচবিহারে যান নি, তাই তিনি আমাদের কাছে বলেন নি যে, কুচবিহারের বন্যার জন্য কে দায়ী।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ** মিঃ রায়, আপনি কি এখানে নিউজ-পেপার পড়ছেন? নিউজ-পেপার পড়বেন না।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, এগুলি আমার মুখস্তই আছে, এগুলি আমার পড়বার দরকার হচ্ছে না। স্যার, তাহলে আমরা কি দেখছি? বন্যার কারণ কি? বড় কারণ ছেড়ে দিন, ছোট কারণ গুলি একটু দেখুন। শৈলেনবাবুর কথায় ১৫০ স্কোয়ার কিলো মিটারের জন্য ফরাক্কা বাঁধ কর্তৃপক্ষ দায়ী। কেন্দ্রীয় সরকারের অধীন অনেক দপ্তর আছে, তারই একটা ক্ষুদ্র অংশ এটি। কিন্তু বাকি বিস্তীর্ণ এলাকার বন্যার জন্য — বেশীরভাগ বন্যার জন্য — রাজ্য সেচ ও পূর্ত দপ্তর দায়ী। স্যার, আমি কয়েক দিন আগে শিলিগুড়ি গিয়েছিলাম, দার্জিলিং মেলে ফিরেছি। আমি দেখলাম রাস্তা দিয়ে একটাও ট্রাক চলছে না, সব রাস্তা ভেঙে গেছে। দুটো ব্রিজ ভেঙে গেছে, 'কুলিক ব্রিজ' এবং 'নাগর ব্রিজ' ভেঙে গেছে। পশ্চিম দিনাজপুরের লোকেরা বলছে কি? তাঁরা বলছেন, স্থানীয় বাসিন্দারা জানান, এপ্রিল মাস নাগাদ সেতুর মাঝখানের স্তম্ভের চারপাশে ৩০-৪০ ফুট গর্ত হয়ে যায়। সেচ বিভাগ সময় মতো সতর্ক হলে সেতু এভাবে বসে যেত না। শনিবার, বেলা দশটা নাগাদ সেতুটি আস্তে আস্তে বসে যায়। এটা ক্রিমিনাল নেগ্‌লিজেন্স। উত্তরবঙ্গ থেকে সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন। শুধু উত্তরবঙ্গ নয়, লড়ি করে যে সমস্ত মাল এখানে আসে যেমন, নেপাল, ভুটান, সিকিম, মেঘালয়, ত্রিপুরা পর্যন্ত বিচ্ছিন্ন। অনেক আগে গর্ত্ত হয়েছিল, আস্তে আস্তে ব্রীজটা বসে গেল। এগুলি কেন্দ্রীয় সরকার করবেন? এগুলো তো রাজ্য সরকারের পূর্ত্ত দপ্তরের কাজ। কড়ুয়া খাল সংস্কার করেননি। এটা কেন্দ্রীয় সরকার করবে? এটা সেচ দপ্তর এবং পূর্ত দপ্তরের কাজ। হ্যাঁ, কেন্দ্রীয় সরকারের কাছে আপনারা রিলিফের দাবী করুন। এই তো কেন্দ্রীয় মন্ত্রী ভজনলাল এসেছিলেন, আপনারা তাঁর কাছে দাবী করলেন। এরপর স্টাডি টিম আসবে। এগ্রিকালচার মিনিষ্ট্রি থেকে ক্রপ ড্যামেজ এ্যাসেস করতে আসবে, আপনারা তাঁদের কাছে দাবী করুন। কিন্তু পর পর বন্যার পর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ইনফ্লেটেড রেটে দাবী করবেন আর আপনারা মিনিমাম রিপেয়ার এবং মেইনটেন্ড করবেন না এটার জন্য কেন্দ্রীয়

সরকার দায়ী? এরপর দ্বিতীয় পর্যায়ে আসা যাক। রিলিফ কি রকম হয়েছে। পশ্চিমদিনাজপুরের লোক রিলিফ পাননি। স্বদেশবাবুর কথায় লক্ষ লক্ষ লোক খোলা আকাশের নিচে রয়েছে, তাঁরা রিলিফ পাননি। সেদিন আমি লাইব্রেরীতে গিয়েছিলাম। আমাদের একজন মাননীয় মহিলা সদস্যা তিনি লাইব্রেরীতে একজনকে বলছেন — আমি ওভারহিয়ার করেছিলাম - আমাকে আমার এলাকায় যেতে হবে। উনি তখন জিজ্ঞাসা করছেন কেন? তাঁর উত্তরে উনি বলছেন ওখানে কংগ্রেসের লোক স্লোগান উঠিয়ে দিয়েছে "বন্যার জল থৈ থৈ, বেগম সাহেবার দেখা কই"। এই কথা রতুয়ার মাননীয়া সদস্যা বলেছেন। উনি সেখানে যান নি, কারণ সেখানে রিলিফ নিয়ে গন্ডগোল। তাই বলছি, ত্রাণের ব্যাপারে দলবাজির খবর এসেছে। অসীমবাবু বললেন, আপনি নাম দিন, মান্নান সাহেব নাম লিখে দিয়েছে। অসীমবাবু যদি চান আমরা সব জায়গা থেকে খবর সংগ্রহ করে কমপাইল করে নাম দিতে পারি। বারবার বন্যার সময় এই অভিযোগ ওঠে যে রিলিফের ব্যাপারে অল পার্টি করুন তা না হলে রিলিফের ব্যাপারটা বেসরকারী ভলেন্টারি অরগ্যানাইজেশনের হাতে দিন। ১৯৭৮ সালে বন্যার সময় আপনারা রামকৃষ্ণ মিশনকে প্রথমে কাজ করতে দেন নি, পরে আপনারা বুঝেছেন। জেলা ম্যাজিস্ট্রেটের কাছ থেকে সব জায়গায় অর্ডার গিয়ে পৌঁছাতে সময় লাগে। তার মধ্যে রামকৃষ্ণ মিশন এবং ভারত সেবাশ্রম সঙ্ঘ সেখানে পৌঁছে যায়। আপনি হয়তো বলবেন পঞ্চায়েত কাজ করবে। কিন্তু পঞ্চায়েতের কাছে ত্রিপল, মাল ভর্ত্তি ট্রাক পৌঁছায় না। কোচবিহারে যে ত্রাণ শিবির করা হয়েছে রাস্তার ধারে সেখানে আশ্রয়কারীরা নিজেরাই ত্রিপল কিনেছেন। এবং অধিকাংশ জায়গায় মানুষ খোলা আকাশের নিচে রয়েছে। তাই আজকে বলছি, বন্যার ব্যাপারে সিরিয়াস ষ্টেপ নিশ্চয়ই নিতে হবে। সব কিছু করা নিশ্চয়ই যাবে না, কারণ রিসোর্সের অভাব যেমন রাজ্যের আছে তেমনি কেন্দ্রীয় সরকারের আছে। সেইভাবে কাজ না করে রেগুলার মেইনটেনান্স যেটা বামফ্রন্টের মাননীয় সদস্য বললেন হচ্ছে না সেটা ইমপ্রুভ করা দরকার।

আমাদের মাননীয়া ত্রাণ মন্ত্রী মহাশয়া খুবই সিনসিয়ার বলে মনে হয়। ওনাকে বললে উনি বলবেন, এত চাল গেছে, এত চিড়ে গেছে। কিন্তু সেই চাল এবং চিড়ে কোথায় গিয়ে পৌঁচেছে এবং কারা পেয়েছে, কাদের মধ্যে ডিসট্রিবিউটেড হয়েছে তার হিসাব নেই। সেইজন্য আমি বলতে চাই, উচ্চ পর্যায়ে একটা মনিটারিং কমিটি করুন। এবারে বন্যার পর সেন্ট্রাল থেকে টাকা আসবে। সেই টাকা দিয়ে রেসট্রোরেশনের কাজ করতে হবে। স্বদেশবাবুর ভাষায় টাকা মারার ফাঁদ তৈরী করা হয়েছে এটা করবেন না। ঐ শিমুলতলার বাঁধ ভেঙেছে বললে সাধারণ মানুষ বুঝবে না। কাজ করতে হবে। রাজ্যসরকারের আত্ম-সমীক্ষা করা দরকার। এখন ফরওয়ার্ড ব্লক আর. এস. পিকে দোষ দিচ্ছে, আর. এস. পি, সি. পি. আইকে দোষ দিচ্ছে, সি. পি. আই, সি. পি. এমকে দোষ দিচ্ছে — এইসব বন্ধ করে যুদ্ধকালীন অবস্থার ভিত্তিতে ত্রাণ ব্যবস্থা করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Salib Toppo :** मिस्टर डिप्टी स्पीकर सर, आज वाढ़ ओर सेलीक के संबंध मे वहुत कुछ ओलोचना किया गया हो। मैं विशेपकर उत्तर वंगाल के कई जिला के वारे मे कुछ सदन की वताना चाहता हुँ, जहाँ पर वाढ की परिस्थिति वंगाल के ओर जिला से पुरी मिन्न है। उत्तर वंगाल के तीन जिले - जलपाइगुडी, कुचविहार ओर दार्जिलिंग की अवस्था अत्यन्त भयावह रुप धारण करनी है। जिसके कारण से उस इलाके मे बाढ का प्रकोप देरया जाता है। इलाकि उत्तर वंगाल मे वाढ़ नियंतण का कार्यालय फलड कन्ट्रोल सेन्टर है। पहके तीन डी वि जन अफिस चार कर दिया गया हो। फिर भी बाढ़ का प्रकोप उन इलाकों मे दोना ही रहता है। अतएव बाढ का नियंतण बड़ी दक्षता से करता निहायत हो आवश्यक हो। नहाँ पर जितनी नदियो है, वे सभी नदियाँ कटान की मिटा से भरवी जा रही है। उन नदियाँ कासांस्तार नही

किया जाता है। अतएव भविष्य से ओर भी अधिक मे ओर भी अधिक नदियाँ भर जॉयगी ओर बाढ ओर अधिक आयेगी। मेरा विशेष सुझाव हो कि इन नदियो का संस्कार शीघ्र कराया जाय।

दुसरी वात यह है कि उत्तर वंगाल की तीन नदियॉ जो वडी हो, वे छो सन्तोष, राङ्गा ओर तिस्ता। ये तीनो नदियाँ पहाड से संवधित है ओर इन वीनों नदियो मे पहाड का पानी आता है जिसके कारण से इन नदियो का रुप भयावह होता है। सन्तोष नदी मे १९७८-१९७९ मे वॉध वॉधने की योजना की गई थी परन्तु अभी तक नहीं वना। इसके लिय सरकार का ध्यान वार-वार आकर्षित किया गया ओर अनुरोध किया गया कि वॉध का एक्सटेन्सन कर दिया जाय किन्तु दुख के साथ कहना पडता है कि सरकार उधर ध्यान नही दे रही है।

यदि वाढ का नियंतण ओर सही ढंग से नदियो का संस्कार किया जाय तो मुझे पुर्ण आशा है कि कुमार ग्राम के इलाको मे जो वहुत से ग्राम हो, उनको वाढ से वचाया जा सकता हो। लेकिन दुख की वात है कि सन्तोष नदी का संस्कार आज तक नही हो पाया है। दुसरी वात यह सुनने मे आ रही है की वाढ के कारण रास्ता-घाट वन्द हो गया है। इससे नवारी की स्थिति पदा हो गई है। इसका परिणाम यह होगा कि कुछ असत व्यादसाई वाढ का सुयोग लेकर जिनिसपत्र का दाम वडायेगे। इसका फल यह होगा कि साधारण मनुष नित्य प्रयोजनीय वस्तु जो की नही पायेगो। उनकी श्रमशक्ति कम हो जायगी। मेरा सरकार से अनुरोध है असत व्यवसाई इस परिस्थिति का लाभ उटाकर योजो के दाम न वढाने पाए, इसकी ओर ध्यान देना होगा। उनके साथ लडाई से निपटना होगा।

तोसरी वात ध्यान देने योग्य यह हो कि उत्तर वंगाल मे जितनी छोटी-छोटी नदियॉ है, उन्हे वडी-वडी नदियाँ से मिकाने की व्यवस्था की जानी चाहिए नाकि वाढ पर नियंतण पाया जा सके।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রতি বছর হয় উত্তরবঙ্গে না হয় দক্ষিণবঙ্গে বন্যা হয়। নদীমাতৃক এই পশ্চিমবঙ্গে বন্যা হওয়া যদিও অস্বাভাবিক ব্যাপার নয়, কিন্তু সেটা প্রতিরোধ করবার জন্য আমাদের রাজ্যে যে সমস্ত নদী এবং খাল মজে গেছে সেগুলো যদি সংস্কার করবার ব্যবস্থা থাকত তাহলে আজকে এই অস্বাভাবিক পরিস্থিতির মধ্যে পড়তে হত না। আজকে এই আলোচনাতে বীরেনবাবু এবং স্বদেশবাবুর যা বক্তব্য সেই বক্তব্যকে ধরে সৌগতবাবু বলছিলেন। সৌগতবাবু এক সময় কেন্দ্রীয় সরকারের মন্ত্রী হয়েছিলেন, কাজেই কেন্দ্র কিভাবে পশ্চিমবঙ্গকে বঞ্চনা করছেন সেটা তাঁর জানা আছে। আর উন্নয়ণমূলক কাজের ব্যাপারে কেন্দ্র যে আমাদের সঙ্গে বিমাতৃসুলভ ব্যবহার করেন সেটা নিশ্চয়ই ওঁর জানা আছে। কেন্দ্রের এই বিমাতৃসুলভ ব্যবহারের জন্য আজকে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হচ্ছেন দরিদ্র মৎস্যজীবীরা। এইভাবে উত্তরবঙ্গের অনেক মৎস্যজীবী ক্ষতিগ্রস্ত হয়েছেন। ঐ ফিশারম্যান ফ্যামিলিগুলির সাড়ে বার হাজারের মত মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং তাঁদের ক্ষতির পরিমান সাড়ে-পাঁচ কোটি টাকা। অন্যান্য সম্প্রদায়গুলিও এইভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং তাঁদের ক্ষতির পরিমান ২০ কোটি টাকা। এই যে টাকার ক্ষতি হল এটা কেন্দ্রীয় সরকারকে দিতে হবে, তাঁদের রিলিফ ইত্যাদি দিয়ে সাহায্য করতে হবে। ১৯৮৬ সালে মেদিনীপুরে যখন বন্যা হয়েছিল সেই সময় তিনি গাড়ী চালিয়ে এসে নৌকাতে উঠে সার্কাস দেখিয়ে গেলেন। তিনি বেড়াতে এলেন, মানুষকে কষ্ট দিলেন এবং যে রাস্তা দিয়ে এলেন সেই রাস্তার দুই ধারে বাঁশ দিয়ে ব্যারিকেড করতে হল। আজকে সেই বাঁশের টাকা আমাদের দিতে হচ্ছে। কেন্দ্রীয় সমীক্ষক দল এলেন এবং তাঁরা কেন্দ্রকে রিপোর্ট দিলেন, কিন্তু টাকা বরাদ্দ হল না। কাজেই আজকে

সৌগতবাবু যা বলেছেন সেটাও তেমনি হবে বলে আমি মনে করি। আজকে সরকার এই রকম বিরূপতা এবং অবিচার আমাদের সঙ্গে করছেন। কাজেই আজকে এর প্রতিরোধ করতে হলে কেন্দ্রের বিরুদ্ধে একসঙ্গে লড়াই করা দরকার বলে মনে করি। কিন্তু কেন্দ্রের বিরুদ্ধে বলতে গেলে ওঁরা রক্ত চক্ষু দেখাবেন। আজকে ওঁদের লজ্জা পাওয়া উচিত, কারণ দেশের মানুষ যখন কষ্টে পড়েছেন তখন তাঁদের হয়ে কেন্দ্রকে ওঁদের কোন কথা বলবার ক্ষমতা নেই। সৌগতবাবু শহরে থাকেন, কাজেই তিনি গ্রামের মানুষের দুঃখ কি করে বুঝবেন? আজকে বন্যার্ত মানুষদের জন্য আলোচনার সুযোগ করে দিয়ে আমাকে যে বলতে দেওয়া হল তারজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে এই সরকারকে ধন্যবাদ জানাচ্ছি এবং সরকারের উন্নয়ণমূলক কাজকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

**[6.30 – 6.40 p.m.]**

**ডাঃ অসীম কুমার দাসগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যের বন্যা পরিস্থিতির উপর আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে মন্ত্রী সভার অন্যান্য সদস্য এবং সদস্যারা আজ এবং আগের দিন যা বক্তব্য রেখেছেন এবং পূর্ত্ত দপ্তরের মন্ত্রী মহাশয় যে বক্তব্য রেখেছেন সেই গুলিকে সমর্থন করে আমার কথা বলছি। আমি মনে করি বন্যা সম্পর্কে আলোচনা করার ক্ষেত্রে, বন্যার কারণটা বোঝার ক্ষেত্রে এবং কি ভাবে কাজ করা যায় এই ক্ষেত্রে আমি আপনার মাধ্যমে সদস্যদের কাছে আবেদন করছি - হয়ত প্রয়োজন নেই - আমরা নিশ্চই একমত হতে পারি যে এই ব্যাপারে ক্ষুদ্র রাজনীতির ব্যাপারে রাখা উচিত নয়। এই একটা এ্যপ্রোচের দিকে আমাদের প্রথমে মনে রাখা উচিত প্রথম কারনের উপর কিছু আলোচনা হয়েছে, সেখান থেকে আমি সুরু করছি। তবে এই ব্যাপারে বিস্তারিত ভাবে আমাদের সেচমন্ত্রী মহাশয় বলবেন। বন্যার ক্ষেত্রে আমার মনে হয় একটা জেলাওয়ারী আলোচনা করতে পারলে বোধ হয় ভাল হয়। প্রথমে আমি কুচবিহার, জলপাইগুড়ি থেকে আরম্ভ করছি। মাননীয় সদস্য সৌগত রায়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই কুচবিহার জেলায় আমার যাওয়ার সুযোগ হয়েছিল বন্যার ৭ দিনের মধ্যে। কুচবিহার, জলপাইগুড়ি, দার্জ্জিলিং এবং শিলিগুড়ির বন্যাটা একই ধরনের হয়েছে। সেটা সেচমন্ত্রী মহাশয়ও বুঝিয়ে বলবেন। সেটা হল অতি বর্ষণই তার মূল কারণ, তার হিসাব আমার কাছে আছে। এ ছাড়া ছোট-খাট কিছু কারণ আছে। কারণটা হচ্ছে আমার হিসাবে যদি ভুল হয় তাহলে সেচমন্ত্রী মহাশয় বলে দেবেন — কুচবিহার, আলিপুরদুয়ার শহর এবং জলপাইগুড়িতে আগষ্টের শেষ সপ্তাহ নাগাদ আগষ্টের সারা মাসে যে বৃষ্টিপাত হয় সেটা ৭ দিনে ঝরে পড়েছে। জলপাইগুড়ি, কুচবিহার এবং আলিপুরদুয়ারে এবারে একটা পার্থক্য লক্ষ্য করা যায়। এই অঞ্চলে এই ধরনের বৃষ্টিপাত হলে ২-৩ দিনের মধ্যে জল নেবে যায়। এখানকার যে কনটুর, যা গ্রাভিমেন্ট তাতে এখানকার জল নেবে যায়। এবারে সেটা নামেনি। সেই কারণে তুফানগঞ্জ, মেখলীগঞ্জ এবং মাথাভাঙ্গা এই অঞ্চলে অনেক দিন জল দাঁড়িয়ে থাকে। এর মূল কারণ ঠিক সেই সময় আসামে বন্যা হয়েছল এবং ব্রহ্মপুত্রের জলের উচ্চতা যা ছিল সেটা ড্রেন করতে পারেনি। বিশেষ করে রায়ডাক (১) এবং রায়ডাক (২) এবং সংকোস সেই অঞ্চলে বন্যার একটা কারণ। এর পরে আমি পশ্চিমদিনাজপুরের বন্যা সম্পর্কে আলোচনায় আসছি। পশ্চিমদিনাজপুরে আপনারা যদি রায়গঞ্জ, বালুরঘাট, ইসলামপুরকে আমি বাদ দিচ্ছি না - এটা দেখেন, এটা সত্যিই স্বাভাবিক যে বৃষ্টিপাত হয় আগষ্টে তার চেয়ে খুব বেশী বৃষ্টিপাত হয় নি। স্থানীয় কিছু এই ধরনের বক্তব্য থাকতে পারে। কিন্তু একটা কথা খুব পরিষ্কার বলা উচিত পশ্চিমদিনাজপুরের ক্ষেত্রে বাইরে থেকে জল এসে এখানে তীব্রতার সঙ্গে ঢুকেছে। এটা বিহার থেকে মহানন্দার মাধ্যমে ঢুকেছে এবং সেই সঙ্গে সঙ্গে - বাইরের রাষ্ট্রের নাম করা যায় না - বাইরের রাষ্ট্র থেকে জল ডুকেছে। নাগর, ন্যাদা, কুলী, পুনর্ভবা, আত্রেয়ী টাঙ্গন থেকে ঠিক আগেরবারের মতো জল ঢুকছে। কই, পশ্চিমদিনাজপুরে তো এই ধরণের বন্যা

আগে হতে পারেনি? এটা পশ্চিমদিনাজপুরের ইতিহাসে নেই। মালদা জেলার বন্যার কারণ আমি পরে ব্যাখ্যা করে বলছি। এখান থেকে আমরা কতকগুলি এ্যাকসান প্ল্যানের কথায় আসবো, আমি শুধু উল্লেখ করে রাখলাম।

মালদায় বন্যার দুটো দিক আছে। এটা কোন দোষারোপের ব্যাপার নয়, পরে কি করবো তার জন্য বলছি। গঙ্গা পর্যন্ত এবারে প্রথম থেকেই হ্যাজ রোল্ড্ হাই। সীমানার কাছাকাছি থেকে সবটা প্রায় উঁচু ছিল, কিন্তু অন্যান্য বছরের চেয়ে উত্তর ভারতে স্বাভাবিক অবস্থার চেয়ে অবস্থাটা ছিল ব্যতিক্রম - যেমন উত্তরপ্রদেশ, বিহারে এবারে অবস্থাটা অন্যান্য বছরের চেয়ে ছিল অন্যরকম। আর একটা কারণ হল, আমরা হচ্ছি একেবারে টেল এন্ডিং ষ্টেট। সমস্ত রাজ্যের জল অন্যান্য রাজ্য থেকে প্রবাহিত হয়ে আমাদের দিকে আসে। সেইজন্য ভারতের অন্যান্য রাজ্যে সমস্যা কিছু থাকলেও এখানে একটা বিশেষ সমস্যা আছে। এখানে ফরাক্কার কথা কেন বলা হল জানি না - গত ডিসেম্বর মাসে ফরাক্কা ব্যারাজ অথরিটির সঙ্গে বিস্তারিত আলোচনা হয়েছিল এবং এমব্যাংকমেন্টের কথাও তাঁদের সঙ্গে হয়েছিল। ওঁরা ভুতনীদিয়া নিয়ে গড়িমসি করছিলেন, বিশেষ করে টাকা পয়সার ব্যাপার নিয়ে। ভুতনীদিয়াটা এখানো বেঁচে আছে। ডিসেম্বর মাসে যে কথা হয়েছিল তাতে সেচমন্ত্রীর বক্তব্যও আছে। টেকনিক্যাল এ্যাডভাইজারী কমিটি বন্যা আসার আগে সব জেলাতে একটা রিভিউ করে। জুন মাসে যে রিভিউ হয়েছিল তার বিবরণ মিনিট্স-এ আছে। ফরাক্কা অথরিটিকে পয়েন্ট আউট করে পরিষ্কার করে বলা হয়েছিল যে শিমূলতলা তাঁরা রক্ষা করতে পারবেন কিনা। তখন ওঁরা যদি না বলে দিতেন তাহলে আমরা কিছু করতে পারতাম। আমরা শেষের দিকে, উত্তর দিকে রিটায়ার্ড এমব্যাংকমেন্টের কাজে হাত দিয়েছিলাম। আমি সৌগতবাবুকে বলছি যে স্কোয়ার মাইল, স্কোয়ার কিলোমিটার যে ভাবেই ধরুণ না কেন, এক্সটেন্ট এ্যান্ড ইনটেনসিটি অব ফ্লাড - আমি দুভাবেই চিত্রটি এনেছি - এর ডায়ামেনশান চিত্রটা আমার কাছে আছে। মালদহতে কালিয়াচক ৩নং, ২নং, এবং ১ নম্বরে যে ইনটেনসিটি ছিল, তার এ্যাফ্লাক্স ছিল ব্যাপক - একেবারে পশ্চিমবাংলার আর কোথাও এই রকমটি ছিল না। ৩- ৩১/২ ফুট জল ৪-৫ দিন সেখানে ছিল। এ্যাফ্লাক্স হয়ে আসা জল বেরোতে পারেনি। অন্য জায়গার বাঁধ ভেঙ্গে এই জিনিস হয়েছে, রেগুলেটর অপারেট করা সম্ভব হয়নি। গঙ্গা পর্যন্ত এটা টপিং করেছে। উত্তরপ্রদেশ এবং বিহারে যদি বৃষ্টি হয়, ওখানে যদি জল বাড়ে তাহলে রেল লাইন, ন্যাশানাল হাইওয়ে সব জায়গাতেই জল জমে। ময়নাগুড়িরং এই রকম অবস্থা। এবং এই রিস্ক থেকে যাচ্ছে রিটায়ার্ড এমব্যাংকমেন্টগুলো যদি ঠিকভাবে মেরামত না করা হয়। আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে ময়নাগুড়ির পিছন দিক থেকে কাজ করা শুরু করেছি, তা নাহলে ঐ সমস্ত বাঁধ থেকে জল চলে আসতে পারে। গঙ্গার জলসীমা উঁচু থাকার পর পশ্চিমদিনাজপুরের জল নেমে যায় এবং তারপর ঠিক একই ভাবে মহানন্দা থেকে মুর্শিদাবাদের দিকে জল আসে। এই জল পাশের অঞ্চল-রঘুনাথগঞ্জ থেকে জলঙ্গী পর্যন্ত বিস্তার লাভ করে। নদীয়ার চূর্ণীর জল এবং বৃষ্টির ফলে বর্দ্ধিত জল চলে আসে, ফলে ওখানে বন্যা দেখা দেয়। এই রকম অবস্থার মুখোমুখী আমরা এসে দাঁড়িয়েছি। সরকারপক্ষের এবং বিরোধীপক্ষের যাঁরা বলছেন-- যাঁদের দৃষ্টি বেশী করে রয়েছে পশ্চিমদিনাজপুরকে ঘিরে - সরকারকে এই ব্যাপারে উপযুক্ত অ্যাকশন নিতে হবে, কনসেনট্রেশান দিতে হবে, তাঁদের উদ্দেশ্যে বলি যে, এই ব্যাপারে আমাদের চিন্তা করতে হবে। এর একটা ফোরাম আছে - জয়েন্ট রিভার কমিশন। বাংলাদেশ এবং নেপালের সঙ্গে ভারত সরকার এই ফোরামের সঙ্গে যুক্ত আছেন। আমরা একটি বিষয় তুলতে চাই যে একটা জয়েন্ট ইন্সপেকশন হোক ঠিক পাশের জেলাগুলিতে যা ঘটছে তা পর্যবেক্ষণের জন্য। বাংলাদেশের ওঁরা আসুন এই ব্যাপারে। এটা শুধু বাংলাদেশকে বলেই বলছি না, পার্শ্ববর্ত্তী রাজ্য বিহারও আসুন। তাঁদের সঙ্গে আমাদের নোট এক্সচেঞ্জ করা দরকার, তা নাহলে আমরা সবাই ক্ষতিগ্রস্থ হবো।

**[6.40 – 6.50 p.m.]**

দ্বিতীয়তঃ আমি মনে করছি ফরাক্কা অথরিটির সঙ্গে এই বিষয়ে ক্লিয়ার আন্ডারস্ট্যান্ডিং দরকার যাতে করে এই বছর এবং সামনের বছরের মধ্যে এই বন্যা রোধ করতে পারি। তৃতীয়তঃ মাননীয় সেচমন্ত্রীর সঙ্গে এই বিষয়ে কিছুদিন ধরে আলোচনা করছি যে একেবারে বেসিন ধরে ধরে সেটা কিছুটা করতে হবে। মাননীয় সৌগতবাবু যা বললেন তার উত্তরে আমি বলছি বাজেটের টাকার মধ্যে থেকে আমরা কি কি করতে পারি, এক্ষেত্রে একটি কথা বলা ভালো এতে খুব ক্ষুদ্র রাজনীতি আনতে হচ্ছে। একটি সমস্যার কথা আমি বলি বাজেটের টাকা হতে যা পাই তার বেশীরভাগ বিদ্যুৎ এবং কৃষি সংক্রান্ত খাতে দেওয়া হয় এবং এরপরেই ১০ শতাংশ সেচের উপরে দেওয়া হয়। কিন্তু এ সত্ত্বেও সমস্যা কোথায় হচ্ছে জানেন? সেচ দপ্তরের একটা বড় অংশ ৬০ শতাংশ তিস্তা ব্যারেজ প্রকল্পের উপরে দিতে হচ্ছে। এটি ৫০০ কোটি টাকার প্রকল্প এবং ২০০ কোটি টাকা এতে খরচ করা হয়েছে। এই ব্যাপারে আমরা বারংবার অনুরোধ করছি কেন্দ্রীয় সরকারকে কারণ এই ধরণের উত্তর ভারতের প্রকল্পের জন্যে কেন্দ্রীয় সরকার সমস্ত খরচ বহন করছে এবং অতিরিক্ত ৫ কোটি টাকা দিয়েছে। কিন্তু সেখানে আমরা বেশী কিছুই পাই নি। এই টাকাটা যদি আমরা পেতাম তাহলে সেচ দপ্তরের একটা টাকা রিলিজড় হতে পারতো। এই অবস্থার মধ্যে থেকে আমি এবং মাননীয় সেচমন্ত্রী প্রতিটি জেলা অঞ্চল ধরে ধরে ঘরোয়াভাবে কাজ করেছিলাম। আমার মনে হয় তাতে ফল ভালোই এসেছে। সেচ দপ্তর এবং পঞ্চায়েত উইথ এ্যাকাউন্টে বেলিটি কাজ করেছে। সর্বসময়ে পঞ্চায়েতের মাধ্যমে কাজ করে যে সব জায়গায় ভালো ফল হয়নি একথা আমি বিশ্বাস করি না। আমার তো মনে হয় কন্ট্রাকটার বাদ দিয়ে কাজ হয়েছে বলে টেকনিক্যাল স্পেসিফিকেশানে কাজ হয়েছে। আপনি যে কোন জেলায় যেতে চান যেতে পারেন, গেলে দেখতে পাবেন এলাকা হিসাবে রিলিফ দেওয়া হয়েছে। আমি এই ব্যাপারে বেশী আলোচনায় যাচ্ছি না, এরপরে মাননীয় ত্রাণমন্ত্রী আছেন তিনি বলবেন। এখানে যে সংখ্যাগুলি দিয়েছেন তার উত্তরও আমার কাছে আছে। কিন্তু একটা কথা আমি বলি, সংখ্যা দেওয়ার আগেই যে পরিমাণ ত্রাণ ও পুর্নগঠন-এর কাজ হয়েছে তা যথেষ্ট। এইক্ষেত্রে একটা বৈশিষ্ট্য আমরা লক্ষ্য করেছি কাজ খুব সুন্দরভাবে করা হচ্ছে পঞ্চায়েতের মাধ্যমে। আমি আগেও বলেছি, আবার বলছি যদি কোন সাজেসান থাকে আপনাদের তাহলে ওপেন মাইন্ডে দিতে পারেন, এতে যে কোন রাজনৈতিক দলের লোকই সাজেসান দিতে পারেন। মুখ্যমন্ত্রী এই ব্যাপারে রাজ্যস্তরে জরুরী নির্দেশ দিয়েছেন এবং সেইভাবে আমি ও সেচমন্ত্রী এবং সচিব পর্যায়ে সবাই মিলে আমরা বসি। জেলাস্তরে এবং ব্লক স্তরে প্রতিটি ব্লকে মনিটারিং কমিটি করেছি। এইভাবে জেলাপরিষদ, ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং অল কনসার্ড ডিষ্ট্রিক্ট লেবেল অফিসারস্কে বলা আছে যে সেই জেলার এম.এল.এ., এম.পি. তিনি যে কোন রাজনৈতিক দলেরই হোক না কেন তার ব্যক্তিগত মতামত লিখিতভাবে দিতে পারেন। তারপরে মান্নান হোসেন মহাশয় যে হিসাব দিলেন সেটা আমি নিজে দেখবো কতদূর কি হয়েছে। প্রতিটি ব্লকস্তরের, পঞ্চায়েত সভাপতি, সভাধিপতি, বি.ডি.ও এবং কনসার্নড ডিপার্টমেন্টকে, ইরিগেশান এ্যান্ড ওয়াটারওয়েজ এবং পি.ডব্লিউ.ডি (রোড্স) এগ্রিকালচার, হেলথ, পি.এইচ.ই পর্য্যন্ত ডাকা হয়েছে। এমন কি ব্লকস্তরের এম.এল.এ-দের পর্য্যন্ত এই ব্যাপারে ইনভাইট করা প্রয়োজন বলে আমি মনে করি। তাঁরা যাতে সহযোগীতা করেন সেইদিকে দৃষ্টি দিতে হবে। আপনার মাধ্যমে মাননীয় অধ্যক্ষ মহাশয় বলছি এই ব্যাপারে সাংবাদিক বন্ধুদের পর্য্যন্ত আমন্ত্রণ গ্রহণ করছি। ওই জেলাস্তরে যদি কোন সাংবাদিক বন্ধু থাকেন তাহলে নিশ্চয়ই তিনিও ওই কমিটিতে থাকতে পারবেন। এটা একেবারে খোলাখুলিভাবে আমরা করতে চাইছি। আমরা লিখিতভাবে কমপ্লেন পেতে চাইছি তার কারণ এর থেকে আমরা তথ্য রাখতে চাই। তারপরে ত্রাণের বিতরণ করার ক্ষেত্রে আমরা ব্লক ওয়াইজ ডিষ্ট্রিবিউট করা হবে ঠিক করেছি। ভগবানগোলা (১) এবং (২) ব্লকে অনেক বেশী ত্রাণকার্য্য হয়েছে মুর্শিদাবাদ

জেলার মধ্যে। সবচেয়ে বেশী ত্রাণ গেছে মুর্শিদাবাদে। আমরা একটা ডিষ্ট্রিবিউশান পয়েন্ট ঠিক করেছি। আমরা অফিসারস্, জনপ্রতিনিধি এম.এল.এ তিনি যে [illegible] দলেরই হোক না কেন এখানে ওপেনলি তার বক্তব্য রাখতে পারেন এইভাবে আমরা এই কমিটি করেছি। একটি কথা আমি বলছি গত বছর যখন এটা করলাম তখন মাননীয় সত্য বাপুলী মহাশয় বলেছিলেন আমাদের আরো বেশী চাই কিনা। তখন আমাদের একটা টিম নিয়ে আমরা মালদহ গেছিলাম। সেখানে গাজল ব্লকে আলাল অঞ্চলে কৃষ্ণপুর গ্রামে ক্ষতিগ্রস্ত বাড়ী ৪১টি বলেছিলাম এবং তার নামধাম ইত্যাদি সব লিষ্ট দিয়েছিলাম। ওরা এটা স্যাম্পেল চেক করেছিলেন, আমরা বলিনি - একেবারে কাঁটায় কাঁটায় ৪১জুই ছিল। এবং এটা বললে হয়ত আমার বন্ধু সৌগতবাবু বললেন কেন্দ্রের সার্টিফিকেট দেখাচ্ছেন, ওঁরা বলেছিলেন— মাননীয় কৃষিমন্ত্রী এবং তার সেক্রেটারী যখন এসেছিলেন — যে এটা সারা ভারতবর্ষে নাকি কোথাও দেখেননি; এটায় ইমপ্রুভমেন্টের সুযোগ আছে। তবে আর কোন বেটার ওয়ে কিছু সাজেষ্ট করছি না। এই শৃঙ্খলাটা এখানে চালু থাকবে, ভবিষ্যতে ত্রাণের কাজটা চালু হবে; তাই এই শৃঙ্খলাটা চালু রাখতে হবে। দুটো ইন্ডিকেটর আমরা বলি - সৌগতবাবু বলেছেন সত্যিই গ্রামের মানুষ গ্রাম থেকে বেরিয়ে আসছেন কিনা, এটাকে আমরা ওভারঅল ইন্ডিকেটর বলি। এটা আমরা কয়েক বছর ধরে দেখছি না— যেটা দেবপ্রসাদ বাবু বলেছিলেন। আর একটা বিষয়ে বলতে চাই আন্ত্রিক মহামারী যেটা গতবারে হয়নি, এই ব্যাপারে আমরা পুরো ফিগারটা চেক করেছিলাম - আমাদের একেবারে ১৯৭২ সাল থেকে আছে এটা বললে [illegible] দৃষ্টি চলে আসবে, সেইজন্য বলছি না। আন্ত্রিক ইত্যাদি রোগে ঠিক বন্যাক্লিষ্ট জেলাগুলিতে আক্রান্ত এবং মৃতের সংখ্যা, গত বছর খুব বড় বন্যা হয়েছিল — তার আগের বছর নেই — তাতে আক্রান্ত হয়েছিল ডাইরিয়া ডিজিজে ৪১ হাজার ৫৭ জন, এবং তার আগের বছর মারা গিয়েছেন অনেকে— গত বছর আমার এখানে লেখা আছে ৫৯। '৮৬তে আক্রান্ত হয়েছিল ২,৩৮২ জন কিন্তু এর মধ্যে মারা গিয়েছেন ৩৬ জন। '৮৫তে যেটা খুব বড় বন্যা ছিল না তাতে আক্রান্ত হয়েছিল ২,১৮২ জন, মারা গিয়েছিলেন ৩২ জন। এই বছর আগষ্ট মাস পর্যন্ত বললে সংখ্যাটা অনেক কম হোত, কিন্তু বন্যার প্রকোপ ছিল বলে আমি সেপ্টেম্বর নিচ্ছি -৩১১ জন আক্রান্ত হয়েছে। যেটা ২,০০০/৪,০০০ হাজার হয়, সেটা আমরা ৩১১তে নামিয়েছি। মারা গিয়েছেন সেপ্টেম্বর ৯ তারিখ পর্যন্ত ১১ জন। টোটাল ডেফ ইন ফ্লাড ; আমি শুধু আন্ত্রিকটা বললাম। পশ্চিমদিনাজপুরে যখন জল নামে আমরা তখন সাত ট্রাকের মত রায়গঞ্জ ও বালুরঘাটে ঔষধ পাঠিয়েছি — এটাই সবচেয়ে চিন্তার ছিল। প্রায় ২,৬০৮টির মত টিউবওয়েল রি-সিঙ্ক করতে হয়েছে এটা মূলত তিনটি জেলাকে নিয়ে; এর মূলটা ওয়েষ্ট দিনাজপুরে। আন্ত্রিককে কিছুতেই আমরা বিস্তার করতে দেব না। চারজন ডি.এইচ.এস.-কে পাঠিয়ে দিয়েছি, একবার হেলিকাপটার পাঠিয়েছি শুধুমাত্র ঔষধের জন্য। আগামী দিনের পরিকল্পনায় যেগুলি আমাদের করা দরকার - আমাদের জি.আর চালু থাকবে, যতদিন পর্য্যন্ত প্রতি জেলাতে দরকার। ৪০ হাজারের মত ত্রিপল দিয়েছি, গতবারে ১ লক্ষের মত দিয়েছিলাম, এটাও চালু থাকবে। মেডিক্যাল রিলিফের টাকা ইফ উই ওয়ান্ট ঔষধের জন্য যাক। এবারে মূল দৃষ্টিটা আমাদের হেলথের সঙ্গে ত্রিপল দিতে হবে; উৎপাদনমুখী কার্য্যকলাপগুলি আমাদের শুরু করতে হবে, কারণ এবারে তো মানুষ ঘরে ফিরবেন। সেই সমস্ত জায়গায় যেখানে জল নেমে গিয়েছে, সেখানে আমনটা যাতে বাঁচান যায় ইউরিয়া ড্রেসিং করে, - ধানটা যাতে বাঁচান যায়, পাম্পসেট করে এটা একেবারে বিনা পয়সায় গ্রাম পঞ্চায়েত স্তরে অবাধে দিয়ে যেতে চাই। কারণ, যে জলটা জমিতে আছে, সেটাকে পূর্ণ সদ্ব্যবহার করবার জন্য এটা করা দরকার। গতবারে যখন অত বন্যা হয়েছিল, তারপরও কিন্তু আমাদের কৃষি উৎপাদন হয়েছিল ১০৩ লক্ষ টন, এবারে যাতে ৯৬ লক্ষ টনে থাকে, সেইজন্য জলটাকে ব্যবহার করবার দিক থেকে আমরা গুরুত্বপূর্ণ একটা পরিচয় দিয়েছি।

**[6.50 – 7.00 p.m.]**

এটা এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে দিয়েছিলাম। এবারে ডিষ্ট্রিক্ট প্ল্যানিং ফাণ্ডকে আমরা বাড়িয়ে দেব, এটা ব্লক অফিসে থাকবে, ব্লক অফিস দেবে। আপনি যদি একটা পাম্পসেট নেন তাহলে ১০টা প্লট এসে যাবে, একটা গ্রুপে আপনাকে আনতেই হবে, ইউ কনসার্নড দি কনসার্নড ব্লক। এছাড়া ফডা র চাহিদা আছে এবং আপনারা জানেন ৫ শো ২শো এটা আমরা ঠিক করিনি, সারা ভারতবর্ষে গৃহ পুর্নগঠনের কাজে দেখবেন। তারপর বাঁধ মেরামতের কথা বললাম, রাস্তা মেরামতের ব্যাপারে জেলাগুলি ধরে ডি.আর, ও.ডি.আর ধরে ভিলেজ রোড যেটা ক্ষতিগ্রস্ত হয়েছে সেটা দেখতে হবে। এই ব্যাপারে টাকার ক্ষেত্রটা বলা উচিত। একটা মার্জিন মানি ঠিক করা আছে প্রত্যেক রাজ্যের জন্য, আমাদের রাজ্যে ২৩ কোটি ৭৫ লক্ষ টাকা, এটার ৫০ পার্সেন্ট ভাগ হয়। যখন মাননীয় কৃষি মন্ত্রী এখানে এসেছিলেন আমি বলেছিলাম একটা রিপোর্ট পাঠিয়ে দিয়েছি, ওঁরা শুধু ওঁদের টাকার অংশটা দেবেন। মাননীয় কৃষিমন্ত্রী বলেছেন স্যাংসান করে দেবেন, কিন্তু আমরা টাকাটা পাইনি। এটার খুব প্রয়োজন, কারণ এই টাকাটা রাজ্য সরকারকে দিতে হবে অন্য জায়গা থেকে। আমি সত্যবাবুকে বলি গতবার আমরা ঠিক যে ফর্মায় এক্সপেনডিচার স্টেটমেন্ট ডিটেল করেছিলাম তাতে ২৫১ কোটি টাকা চেয়েছিলাম, কিন্তু কেন্দ্রীয় সরকার কি কারণে মনে করলেন ৮১ কোটি টাকাই যথেষ্ট যেটা আমার বন্ধু পূর্ত মন্ত্রী বললেন যে সবই দেখবেন তিন ভাগের এক ভাগ হয়ে যায়। ওঁদের চাহিদা ছিল ৩২ কোটি ৪৫ লক্ষ টাকা, সেটা ১২ কোটিতে কেটে দিতে হয় এই কারণে। কিন্তু এই ৮১ কোটি আবার ভাগাভাগি হয় কেন্দ্র এবং রাজ্যের মধ্যে। কেন্দ্রের যেটা দেওয়ার কথা ছিল সেই টাকাটা পুরো পাইনি। এই টাকাটা দরকার, দেরী হলে অসুবিধা হবে। আর সংগঠনের ক্ষেত্রে আমি প্রত্যেকের সহযোগিতা কামনা করছি এবং এটা শুধু ত্রাণ এবং পুর্নগঠনে থামবে না, ছোট ছোট জলা বাঁধ এগুলি একেবারে ব্লক ধরে ধরে বেসিন ধরে ধরে আমরা শীতকালে কাজ করব এবং বাজেট সেসানে সম্ভব হলে আপনাদের কাছে রিপোর্ট করব। জেলা পরিকল্পনার মাধ্যমে কাজ হবে এখানে সাজেসান ছিল, আমরা এবার প্রতি জেলাতে জেলা পরিকল্পনা কমিটির সঙ্গে ওয়ার্কিং গ্রুপ করে মাননীয় বিধায়কদের সংসদ সদস্যদের চিঠি দিচ্ছি যাতে আপনারা উপস্থিত থাকেন। এই কাজটা আমাদের একত্রিতভাবে করতে হবে। এই কথা বলে আপনাদের ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বন্যা পরিস্থিতি নিয়ে সেচমন্ত্রী হিসাবে গতকাল আমি একটা বিবৃতি দিয়েছি এবং ত্রাণ মন্ত্রীও একটা বিবৃতি দিয়েছেন, তার উপর আজকে প্রায় ৩ ঘন্টা ব্যাপি আলোচনা চলছে। এই আলোচনায় আমিও ঠিক অর্থমন্ত্রীর মত এই কথা দিয়ে শুরু করতে চাই যে খুব সংকীর্ণ দৃষ্টিভঙ্গী না নিয়ে একেবারে বৈজ্ঞানিক ভিত্তিতে কার্য কারণের উপর দাঁড়িয়ে আমাদের আলোচনা করা দরকার এবং এই আলোচনা থেকে একটা নির্দিষ্ট মীমাংসায় আসা দরকার। মীমাংসার জায়গা অস্পষ্ট থেকে গেলে ঠিক হবে না, সেজন্য কার্য, কারণ এবং মীমাংসা বা সিদ্ধান্তের কথাটা বলতে চাই এই সভায় দাঁড়িয়ে। প্রথমে বন্যার কারণ সম্বন্ধে কালকে আমি কিছু বিবৃতি দিয়েছি, বিরোধী দলের সদস্যরা বোধ হয় ঠিক ঠিক বুঝে উঠতে পারেননি বলেই ওঁদের এক একজন সদস্য কাগজে কি বলেছে সেটা ধরে তাঁরা বলবার চেষ্টা করেছেন এবং আমার মনে হচ্ছে এই সভাকে একটু বিপথে চালনা করার চেষ্টা করেছেন। অর্থমন্ত্রী বলেছেন বলে আমার সুবিধা হয়েছে। প্রথম কথা হল বন্যার কারণ কি? সৌগতবাবু বলেছেন যেন আমি আমার বিবৃতিতে বলেছি ফারাক্কা ব্যারেজ অথরিটির জন্যই মালদহে বন্যা হয়েছে। আমি বা অর্থমন্ত্রী কেউ এ কথা বলিনি। এক এক জায়গায় এক এক কারণে বন্যা হয়েছে। এবারে সবচেয়ে বেশী বন্যা হয়েছে পশ্চিম দিনাজপুর ,কুচবিহার, মালদহ, জলপাইগুড়ি, মুর্শিদাবাদ, নদীয়া, বীরভূমে। জলপাইগুড়ি এবং কুচবিহার জেলায়

বন্যার কারণ সম্পর্কে খুব পরিষ্কারভাবে বলা হয়েছে। উত্তরবঙ্গের বিধায়করা এবং অন্যান্য যাঁদের ভৌগলিক ধ্যান ধারণা পশ্চিমবাংলার মানচিত্র সম্বন্ধে আছে তাঁরা সকলেই জানেন জলপাইগুড়ি এবং কুচবিহার জেলায় মূলতঃ যে ৩টি নদী আছে সেই নদীগুলিতে জলস্ফিতির ফলে সাধারণ ভাবে বন্যা হয়। পশ্চিম থেকে পূর্ব পর্য্যন্ত জলপাইগুড়ি এবং কুচবিহার জেলায় ৬/৭টি নদী আছে। শুরু হচ্ছে তিস্তা দিয়ে, তারপর, জলঢাকা, তোর্ষা, কালজাক, রায়ডাক ১নম্বর এবং ২ নম্বর, সঙ্কোষ। এছাড়া আরও যে ৩৩টি নদী আছে তার কথা আর বললাম না। এই নদী কিভাবে বয় শুনুন। এর উৎপত্তিস্থল হিমালয় রিজিয়ন এবং এর মধ্যে ভুটানও পড়েছে। এই নদীগুলি সাধারণ ভাবে উত্তর পূর্ব থেকে সে দক্ষিণ পশ্চিম গামিনী হয়েছে এবং সেই আপার ক্যাচমেন্ট এরিয়া অফ দোজ রিভার্স অর্থাৎ যে ৭টি নদীর নাম করলাম তার প্রত্যেক জায়গায় অস্বাভাবিক বৃষ্টি এই বন্যার অন্যতম কারণ। আমি গতবারের বন্যার সমস্ত রিপোর্ট নিয়ে এসেছি এবং তাতে দেখা যাবে গতবার যত বৃষ্টিপাত হয়েছিল এবারে কত হয়েছে। ভুল সংখ্যা দিয়ে হাউসকে যেন মিসলিড না করি। গতবার আগষ্ট মাসে জলপাইগুড়িতে ৭৭৭ মিলিমিটার বৃষ্টি হয়েছিল এবং কুচবিহারে ৫৭২ মিলিমিটার বৃষ্টি হয়েছিল। এবারে সেই জায়গায় কুচবিহারে ৯৯৪ মিলিমিটার এবং জলপাইগুড়িতে ১০৭৭ মিলিমিটার জল হয়েছে। এখানে গঙ্গা, মহানন্দা এবং বাংলাদেশের ব্যাপার নয়। ক্ষয় ক্ষতির পরিমাণ সম্বন্ধে সৌগতবাবুর মত যাঁরা খোঁজখবর রাখেন তাঁরা নিশ্চয়ই জানেন, কতটা কি হয়েছে। গতবার ক্ষয়ক্ষতির পরিমাণ সম্বন্ধে যে বই বার করা হয়েছিল তার সঙ্গে মিলিয়ে নিলে দেখবেন এবারে ক্ষয়ক্ষতির পরিমাণ অনেক কম, যদিও এবারে বৃষ্টিপাত অনেক বেশী। আমার দপ্তরে যে হিসেব রয়েছে তাতে দেখবেন গতবার জলপাইগুড়ি এবং কুচবিহারে যে পরিমাণ ক্ষয়ক্ষতি হয়েছিল এবারে তার চেয়ে কম হয়েছে। তবে এটা আমার দপ্তরের বাহাদুরি নয়— ঘটনা এ কথা বলছে। নর্থ বেঙ্গল ফ্লাড কমিটির সবচেয়ে বেশী অর্গানাইজড কাজ কর্ম হয় এই ২টি জেলায়।

**[7.00 – 7.10 p.m.]**

অন্য জায়গায় আমাদের কিছু গাফিলতি, ত্রুটি নেই, এই কথা বলব না। কিন্তু অত্যন্ত অর্গানাইজড ওয়েতে এই তিনটি ডিষ্ট্রিক্টে কাজ হয়ে থাকে এন.বি.এফ.সি.সি-র নেতৃত্বে। সময় নেই বলে আমি কোন নাম করতে চাই না। কিন্তু আপনারা সকলেই জানেন যে, এবার কুচবিহারের তুফানগঞ্জ ডুবল না, জলপাইগুড়ি ডুবল না। এর কারণ হল এই যে, রংধামালীতে আমরা কয়েক লক্ষ টাকা খরচ করে বাঁধ করেছি অতি সম্প্রতি। ১- ১$^1/_2$ বছরের মধ্যে প্রেমগঞ্জের এমব্যাংকমেন্ট ৬৫ লক্ষ টাকা খরচ করে করা হয়েছে। এই রকমভাবে প্রায় ১২টি এমব্যাংকমেন্ট তৈরী হয়েছে মূলতঃ এই সব কারণে, সেচ দপ্তরের কাজের জন্য এবারে বিরাট ক্ষতির হাত থেকে আমরা রক্ষা পেয়েছি। এবারে আলাদাভাবে পশ্চিমদিনাজপুর এবং মালদহে একটু আসা যাক। পশ্চিমদিনাজপুর জেলায় বন্যা সব চেয়ে বেশী হয়েছে। আমি এই কথা বলতে চাচ্ছি না যে, ফারাক্কা ব্যারেজ অথরিটির জন্য হয়েছে কিন্তু এই কথা খুব পরিস্কার ভাবে আমরা বলবার চেষ্টা করেছি যে, পশ্চিমদিনাজপুর জেলায় সব চেয়ে বেশী বন্যা হল কেন— পশ্চিমদিনাজপুর জেলায় মূলতঃ কয়েকটি নদী আছে। সেখানে ৩৭টি ছোট বড় নদী প্রবাহিত হচ্ছে। আমি এই ৩৭টি নদীর মধ্যে এখন যেতে চাইছি না। কিন্তু পশ্চিমদিনাজপুরের ম্যাপ সম্বন্ধে যাদের ধ্যান ধারণা রয়েছে, তারা নিশ্চয় বুঝতে পারবেন যে, পশ্চিমদিনাজপুরের চেহারাটা হল একটি টিকটিকির মত। এর চোখ হচ্ছে বালুরঘাট, আর মাথাটা গিয়ে পড়েছে হিলিতে। আর হিলির একেবারে শেষ প্রান্তে হচ্ছে বাংলাদেশ। সেখানে পড়ছে যমুনা নদী, পাশেই আছে চেরি। তারপরে বড় নদী আত্রেয়ী। তারপর গঙ্গারামপুরের উপর দিয়ে প্রবাহিত হচ্ছে পুনর্ভবা। তারপরের নদী হচ্ছে ট্যাঙন। রায়গঞ্জে পুলি, তারপরে নাগর, তারপরে মহানন্দা। এই

নদীগুলি উত্তর পূর্ব থেকে দক্ষিণ পশ্চিম গামিনী হচেছ। এই নদীর কয়েকটির উৎপত্তিস্থল হচ্ছে পাশের রাষ্ট্র বাংলাদেশ এবং কয়েকটি হিমালয়ান রিজিয়ন থেকে আসছে। কয়েকটি নদী বাংলাদেশ থেকে এসে পশ্চিমদিনাজপুরের মধ্য দিয়ে আবার বাংলাদেশে চলে গেছে। যেমন ট্যাঙ্গন নদীর কথাই ধরা যাক - হিলি থেকে এসে বাংলাদেশ দিয়ে ঢুকল পশ্চিমদিনাজপুরে এবং তারপর আবার আইরোতে গিয়ে মিশল। পশ্চিমদিনাজপুরে এবারে যা জল হয়েছে গতবারের মতই হয়েছে, হয়ত একটু কমই হয়েছে। অর্থমন্ত্রী সঠিকভাবেই বলেছেন, পশ্চিমদিনাজপুরে এবারে যে প্রবল বন্যা হয়েছে তার পিছনে কেবলমাত্র যে বৃষ্টিপাত হয়েছে সেটাই কারণ নয় — উনি সংখ্যা তথ্য দিয়ে রায়গঞ্জ, বালুরঘাটের কথা উল্লেখ করে দেখিয়েছেন যে, আমাদের পাশের রাষ্ট্র থেকে প্রচুর পরিমান জল এসেছে, এদিকে মহানন্দা দিয়েও প্রচুর জল এসেছে, ফলে মহানন্দা এবং নাগরের জল মেশামেশি করে শেষপর্যন্ত পদ্মা, গঙ্গায় পড়েছে। সেই জলটা অত্যন্ত স্ফীত হয়ে ব্যাক পুশের ফলে এই অবস্থার সৃষ্টি হয়েছে। আপনারা বিশেষ করে একটি জিনিস লক্ষ্য করে দেখবেন যে, পশ্চিমদিনাজপুরের কোন্ জায়গায় খুব বেশী করে হয়েছে — আমরা উপর থেকে যর্থার্থ ভাবে এটা দেখার চেষ্টা করেছি যে, সব চেয়ে বেশী ক্ষতিগ্রস্থ হয়েছে ইটাহার এবং ইটাহার সংলগ্ন মালদার গাজোল অঞ্চল। তারপরে আসছি মালদায়— মালদার কারণ হচ্ছে এই, মহানন্দা, গঙ্গা খুব বেড়ে গেল এবং উপর থেকে নদীর জল নামল। আর সেইগুলি ড্রেন আউট হতে পারল না। তার ফলে ব্যাক ফ্ল্যাস, ব্যাক পুশ হল। মালদার গাজোল এবং সংলগ্ন ইটাহার অঞ্চলে এটা হয়েছে। অর্থমন্ত্রী সঠিকভাবেই বলেছেন যে, সারা মালদহ জেলায় ৩ লক্ষের বেশী লোক ক্ষতিগ্রস্থ হয়েছে। তাব মধ্যে ১॥ - ২ লক্ষ লোক কালিয়াচক অঞ্চলে ক্ষতিগ্রস্থ হয়েছে। সেই কারণে আমি শিমুলতলার ব্যাপারটিকে তুলে ধরবার চেষ্টা করেছি। আমি আর সেই কথার পুনরাবৃত্তি করতে চাই না। আমি সম্প্রতি সেখানে মিটিং করে এই কথাগুলি বলেছিলাম এবং টেকনিক্যাল এ্যাডভাইসারি কমিটিতে আলোচনাও হয়েছিল। সেখানে বলা হয়েছিল এবারকার মনসুনের আগেই ফরাক্কা ব্যারেজ অথরিটি শিমুলতলার ৯০০ এবং ৬০০ মিলিয়ে মোট ১৫০০ মিটারের কাজ করে দেবে। কিন্তু তারা১২০০-র মত কাজ করতে পেরেছে, ১৫০০ কাজ করতে পারেনি। আমি মন্ত্রী হিসাবে তাদের বারে বারে বলেছিলাম যে, আপনারা যদি করতে না পারেন আমাদের হাতে ছেড়ে দিন, এটাকে প্রেষ্টিজ হিসাবে নেবেন না। ওরা বলল না, না, আমরা ঠিক করতে পারব। এই ক'দিন আগে আমি নিজে গিয়ে তাদের সঙ্গে আলোচনায় বসেছি, বিনয় চৌধুরী, অসীম দাশগুপ্তও সেখানে গিয়ে বসেছেন।

আমরা তিন মন্ত্রী শ্রী বিনয় চৌধুরী, ডঃ অসীম দাশগুপ্ত এবং আমি নিজে যখন বসেছি সেখানে তারা কোন উত্তর দিতে পারলেন না। সেজন্য আমরা দুঃখিত এবং সে কারণে কয়েকটা কড়া কড়া কথা আমাদের বলতে হয়েছে — ক্রিমিন্যাল নেগলিজেন্স, ক্ষমাহীন অপরাধ ইত্যাদি। এই কথাগুলি আমরা বলেছি এই কারণে যে তাদের অপরাধ ১॥ থেকে পৌনে দু লক্ষ মানুষ আজকে বিপন্ন হয়ে পড়েছে। আর একটা কথা বলি, সেটাতেও হয়ত সকলেই আমরা খুব উদ্বিগ্ন হতাম, আজকেও যে উদ্বেগমুক্ত সে কথা বলছি না, আরো একটা কাজ তারা করতে পারছেন না, সেটা হচ্ছে ময়নাপুরের কাজ। ময়নাপুর যদি বিপন্ন হয় তাহলে একেবারে এন.এইচ ৩৪ বিপন্ন হবে এবং ইংলিশবাজার ও গোটা মালদহের অর্ধেক অংশ বিপন্ন হয়ে পড়বে। সেইজন্য এবারে আমরা কিন্তু তাদের উপর সম্পূর্ণ নির্ভর করে থাকি নি। আমরা নিজেরা, যদিও সেটা আমাদের দায়িত্ব নয়, আমরা নিজেরা সেই কাজে অগ্রসর হয়েছি। স্বদেশ চাকি মহাশয় কাগজে কি বলেছেন সেটা আমি খুব গুরুত্ব দিচ্ছি না, তিনি এখানে যেটা বলেছেন সেটা পেলাম না, আমি সেটার উপর গুরুত্ব দেবার চেষ্টা করছি। এটা বোধহয় সকলেই জানেন এবং সৌগত রায় মহাশয়ও বোধহয় আমার সঙ্গে সহমত পোষণ করবেন যে এবারে

মলদহ জেলা যে বড় রকমের বন্যা থেকে অব্যাহতি পেয়েছে তার সবচেয়ে বড় কারণ হচ্ছে — যেটার দায়িত্ব ছিল কেন্দ্রীয় সরকারের, বীরেনবাবু সেই ভূতনি দিয়ারার চরের কথা বলেছেন, আপনরাও সকলেই জানেন, তার সার্কিট এমব্যাংকমেন্ট যেটা সবচেয়ে বেশী বিপদজনক হয়, একটা সময় তারা তার দায়িত্ব পরিহার করলেন, তখন পশ্চিমবঙ্গ সরকারের সেচ দপ্তর সেই ভূতনিদিয়ারার চরের দায়িত্ব নিয়েছে এবং তা নেবার জন্য অন্ততঃ ২॥ থেকে ৩ লক্ষ মানুষকে এবারে বন্যার হাত থেকে রক্ষা করতে পারা গিয়েছে। তারপর ফুলহার যেটা সবচেয়ে বেশী দুর্ধর্ষ নদী এবং বার বার হাজার হাজার মানুষ যে নদীর জন্য বিপন্ন হন, আমি মন্ত্রী হবার তিন মাসের মধ্যে সেখানে হাজির হই এবং প্রায় আধকোটির উপর টাকা ব্যয়করে সেই কাজটা আমরা সম্পূর্ণ করেছি। ফুলহার নদীর উপর দেবীপুরে যে বাঁধ তৈরী হয়েছে তাতে একথা বোধহয় কেউ অস্বীকার করতে পারবেন না যে দেবীপুরে বাঁধ নির্মান করার ফলে লক্ষ লক্ষ মালদহবাসীকে বন্যার হাত থেকে আমরা বাঁচাতে পেরেছি। আর একটি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি। আমরা সব ত্রুটির উর্ধে একথা আমরা বলি না। আমাদের অফিসার, ইঞ্জিনিয়ারদের কোন ত্রুটি নেই, সম্পূর্ণ ত্রুটিমুক্ত একথা আমরা বলছি না। কংগ্রেসী সদস্য যিনি প্রথম বক্তব্য রাখলেন তিনি সেচ দপ্তরের ঘাড়ে পূর্ত দপ্তরের কাজ চাপিয়ে দিলেন, পূর্ত দপ্তরের কাজ অন্য জায়গায় চাপিয়ে দিলেন। কম সম জানাশুনার ফলে হয়ত বলেছেন। তিনি নাগর ব্রীজ নাগর বাঁধ হত্যা দিতে গোলমাল করে ফেলেছেন। আমি সেদিকে যাচ্ছি না, আমার আসল বক্তব্য বলছি। আমার বক্তব্য হচ্ছে, আমরা যখন দেখলাম পর পর বন্যা হয়ে গেল পশ্চিমদিনাজপুরে জেলায়, সেখানে আগে এরকম বন্যা হয়নি— বিশেষ করে যেখানে বিহারের উপরে আপার রিজিওনের কথা চিন্তা করে, গানজেটিক প্লেন, সেখানে অনেকখানি নির্ভরশীল বন্যা, এখানকার এবং প্রতিবেশী রাষ্ট্রের উপর সেখানে জয়েন্ট রিভার কমিশনের জয়েন্ট ইন্সপেকসানের কথাও আমরা পরিস্কারভাবে তুলে ধরতে চাই এবং সঙ্গে সঙ্গে বলতে চাই যে বিহারের সঙ্গেও একটা পরিষ্কার মীমাংসায় আসা প্রয়োজন। অর্থাৎ জয়েন্ট ইন্সপেকসান এবং কেন্দ্রীয় সরকার ও বিহার সরকারের সঙ্গে পরিষ্কার ভাষায় একটা মীমাংসায় আসা দরকার। তাছাড়া আমাদের যা করণীয় আছে তা আমরা করবো। এই প্রসঙ্গে বলি, আপনারা জানেন, তিস্তার জন্য ৩৫ থেকে ৪০ কোটি টাকা আমাদের বছরে খরচ করতে হচ্ছে আমাদের রাজ্যের সেচ বাজেট থেকে। এখানে এটা যদি আমরা ১৫/২০ কোটি টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে পারি এবং কেন্দ্রীয় সরকার যদি বছরে ১৫/২০ কোটি টাকা নিয়ে এগিয়ে আসেন যেটা মাননীয় মুখ্যমন্ত্রী দাবী করেছেন তাহলে কিন্তু অনেকগুলি ড্রেনেজের পরিকল্পনা এবং বাঁধের পরিকল্পনা আমরা কার্যকরী করতে পারবো। তবে কেন্দ্রীয় সরকার কতটা এগিয়ে আসলেন তারজন্য আমরা বসে থাকবো না, আমরা ঠিক করেছি, মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গেও কয়েকদিন ধরে আলোচনা করেছি, আজ এই সভায় সমস্ত বিধায়কদের কাছে একথা ঘোষণা করতে চাই যে কেন্দ্র কি করছেন, না করছেন সেটা নিশ্চয় আমরা বুঝে নেবার চেষ্টা করবো এবং তারজন্য একটা রাজনৈতিক মীমাংসার চেষ্টা করবো, সে আন্দোলন এখানে হবে, রাস্তায় হবে, কিন্তু তার সঙ্গে সঙ্গে আমরা আমাদের নিজেদের দায়িত্ব পরিহার করবো না। ইরোসানের কথা খুব কম মেম্বার বলেছেন, আমি সেই বিষয়ে কয়েকটি কথা বলছি। তিনটি ব্যাপারে আমরা বেসিন-ওয়াইজ, রিজিওন ওয়াইজ এগিয়ে চলবো সামনের দিনে এবং নিশ্চয়ই আগামী বাজেটে সেটা প্রতিফলিত হবে।

**[7.10 – 7.20 p.m.]**

এই এ্যান্টি-ইরোশনের ব্যাপরে বিশেষ করে আপনারা জানেন যে মুর্শিদাবাদের ফারাক্কা থেকে জলঙ্গী পর্যন্ত ৯৫ কিলোমিটার, এটা সম্পর্কে এখানে বারবার বলা হয়েছে। আমি সেজন্য সৌগতবাবুকে বলছি যে সেখানে ইরোশনের ফলে আমাদের ব্যাপক ধন-সম্পত্তি নষ্ট হচ্ছে, বহু জমি

আমাদের প্রতিবেশী দেশে চলে যাচ্ছে। একথা আমি মন্ত্রী হিসাবে বার বার বলার চেষ্টা করেছি এবং আমার পূর্বসূরীরাও বলেছেন। আমি ৩/৪ খানা চিঠিও দিয়েছি। প্রধানমন্ত্রীর সঙ্গে এবং সেচ মন্ত্রীর সঙ্গে যখন সভা হয়েছে, মিটিং হয়েছে সেখানেও বলেছি, কিন্তু তারা তার দায়িত্ব গ্রহণ করেন নি। আমাদের রাজ্য সরকারের টাকায় ধুলিয়ানকে রক্ষা করতে হচ্ছে, আমাদের রাজ্য সরকারের টাকায় ঔরঙ্গাবাদকে রক্ষা করতে হচ্ছে, আমাদের রাজ্য সরকারের টাকায় সাত্তার সাহেবের দেশকে রক্ষা করতে হচ্ছে, জলঙ্গী, নওদাকে রক্ষা করতে হচ্ছে। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার একটি পয়সাও আমাদের দেন নি। ফরাক্কা ব্যারেজ অথরিটি সময়ে সময়ে কিছু টাকা খরচ করে থাকেন। আমি এই কথাগুলি সেজন্য এখানে বারবার উল্লেখ করলাম। মাননীয় সদস্য মাধবেন্দু মহাশয় যে কথা বলেছেন, আমি তাকে বলবো যে এটা একটা প্রিন্টিং মিসটেক, একটা টাইপিক্যাল মিসটেক হয়েছে। এই সম্পর্কে আমরা সজাগ আছি। আমাদের সেচ দপ্তর থেকে দুটো বড় পরিকল্পনা নেওয়া হচ্ছে। আমি আশ্বাস দিচ্ছি যে বিষয়টা আমি দেখবো। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী ছায়া বেরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে আলোচনা হচ্ছে, কালকে আমাদের সেচমন্ত্রী এবং আমার বিবৃতিকে কেন্দ্র করে এই আলোচনা এবং এই আলোচনা শেষ পর্যায়ে এসে দাঁড়িয়েছে। আমাদের বিরোধী পক্ষের সদস্যরা এবং সরকার পক্ষের মাননীয় সদস্যরা আলোচনা করেছেন এবং একটা স্থায়ী সমাধান যাতে হয় সেটা তারা চেয়েছেন। কিন্তু সেটা কি ভাবে হবে? আমি অন্ততঃ বিরোধী পক্ষের সদস্যদের কাছে আশা করেছিলাম যে তারা সেই ধরণের কোন প্রস্তাব এখানে রাখবেন, কিন্তু তারা তা রাখেননি। তারা শুধু আমাদের উদ্দেশ্য করে বললেন যে কেন্দ্র রাজ্য সম্পর্ক নিয়ে, কেন্দ্রের দোহাই দিয়ে আমরা নাকি আমাদের ব্যর্থতাকে ঢাকবার প্রচেষ্টা চালাচ্ছি। আমি একথা বলতে চাই যে আমি তাদের বক্তব্যের কোথাও দেখলাম না যে পশ্চিমবাংলার জনসাধারণের প্রতি তাদের এতটুকু মমতা আছে। তারা যদি সেই মমতার মধ্যে দিয়ে দেখাতে পারতেন যে কি ভাবে, কাদের উপর নির্ভর করছে এই বন্যাকে নিয়ন্ত্রণ করা, কি পরিকল্পনা নেওয়া, কোথা থেকে রিসোর্স আসবে, এই সমস্ত কথা যদি তার মধ্যে থাকতো এবং সেই প্রস্তাব যদি সরকারের কাছে রাখতেন, তারা যদি বলতেন যে চলুন, আমরা সকলে মিলে কেন্দ্রের কাছে যাই, সকলে মিলে বলি, পশ্চিমবাংলার রাজ্যকে যেখানে বলা হচ্ছে প্রান্তরাজ্য, যেখানে বার বার বন্যার সম্ভাবনা থাকছে, সেই বন্যার সম্ভাবনা যতে আমার দুর করতে পারি তার জন্য সঠিক যে পরিকল্পনা, সেই পরিকল্পনার জন্য যে টাকা প্রয়োজন সেটা অন্ততঃ কেন্দ্রীয় সরকার আমাদের দিন। কিন্তু বিরোধী সদস্যদের কাছ থেকে সেই ধরণের কোন প্রস্তাব না আসায় আমি বেদনা যে পেয়েছি না নয়। আমরা জানি এই সভাকে তারা ব্যবহার করেছেন আমাদের আক্রমন করার জন্য। তবে এইটুকু বলতে চাই যে এই সরকারের যারা আছেন এবং বিরোধী পক্ষের যারা আছেন, সকলকে এই সমস্ত মানুষের পাশে গিয়ে দাঁড়াতে হবে এবং সেইভাবে সংযোগিতার মনোভাব নিয়ে আমাদের এগিয়ে যেতে হবে। এই সহযোগিতা আমি সকলের কাছে আশা করি। মাননীয় সদস্য সৌগত রায় ঠিকই বলেছেন যে ত্রাণের ব্যাপারে ৩টি দিক আছে। এর মধ্যে ২টি দিক সম্পর্কে আমাদের অর্থমন্ত্রী এবং আমাদের সেচমন্ত্রী মহাশয়ের বক্তৃতার মধ্যে ফুটে উঠেছে। তৃতীয়তঃ যে পয়েন্ট তিনি তুলেছেন, অর্থাৎ ত্রাণের ব্যবস্থা, সেই ত্রাণের ব্যবস্থা সম্পর্কে বললে চাই, আপনাদের কাছে একটা তালিকা এই সম্পর্কে দিয়েছি, সেই তালিকা গতদিন আপনাদের দিয়েছি, এবং এই সম্পর্কে আমি বিবৃতিও দিয়েছি। সেই বিবৃতির পূর্বে পর্য্যন্ত আমাদের বিভিন্ন জেলায় যে সমস্ত ত্রাণ সামগ্রী আমার পাঠিয়েছি, যে অর্থ আমরা পাঠিয়েছি দুর্গত মানুষের সাহায্যের জন্য, তার পরিসংখ্যা দেওয়া হয়েছে এবং তার সঙ্গে আমি সদস্যদের আজকে বলতে চাই, এই বিবৃতির পর অন্য জেলায় আরও কিছু ত্রাণ সামগ্রী আমরা দিয়েছি, যেমন মুর্শিদাবাদে আরও এক হাজার টার্পোলিন ঐ তালিকার সঙ্গে যুক্ত হবে। আমরা সেইগুলো পাঠিয়ে দিয়েছি। এখানে

অর্থমন্ত্রী বলেছেন যে এই ত্রাণ সামগ্রী দুর্গত মানুষদের কাছে পৌঁছে দেবার জন্য আমরা একটা সংগঠন গড়ে তুলেছি, সেই সংগঠন গণতান্ত্রিক উপায়ে যে ভাবে হওয়া প্রয়োজন, অর্থাৎ আপনারা নিশ্চয়ই জানেন, যে আমরা ত্রিস্তর পঞ্চায়েতের মাধ্যমে যে গণতান্ত্রিক ব্যবস্থা করেছি, তার মধ্যে দিয়ে আমাদের প্রত্যেকটি কাজ কর্ম সরকারী কাজকর্ম আমরা এই মহাকরণের মধ্যে আবদ্ধ না রেখে জেলা স্তরে আবদ্ধ না রেখে একেবারে ত্রিস্তর পঞ্চায়েতে জনপ্রতিনিধি যারা নির্বাচিত হয়েছেন, যাদের জনগণর সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ রয়েছে, যারা তাদেরকে ভালবেসে, যে দলকে তারা বসিয়েছেন, সেখানকার নির্বাচিত প্রতিনিধিদের হাতে সেই ক্ষমতা আমরা দিয়েছি, সেখানে কেউ কংগ্রেস থাকবেন, কোথাও সি.পি.এম থাকতে পারেন, কোথাও আর.এস.পি থাকতে পারেন, যদি কেউ মনে করেন, কোন কংগ্রেসী পঞ্চায়েতে ত্রাণের ব্যবস্থা তুলে দেওয়া হয়নি, বেছে বেছে যেখানে বামফ্রন্টের লোক আছে সেখানে দেওয়া হয়েছে, এই রকম যদি কোন অভিযোগ করার থাকে, নির্দিষ্ট অভিযোগ পেলে, সরকারের এই সিদ্ধান্ত, যদি সরকারী জেলা স্তরের প্রশাসনে যারা আছেন, তাদের যদি এই গাফিলতি থাকে তাহলে আমরা এইটুকু বলতে চাই, সেখানে নিশ্চয়ই সেই ব্যবস্থা আমরা গ্রহণ করবো। কারণ আমরা সমস্ত জায়গায় একই রকম ব্যবস্থা নিতে চাই। আমি সেই ঘোষণা এখানে রাখতে চাই। আমরা এখানে ত্রাণ ব্যবস্থা কেন্দ্রীয়ভাবে যে ভাবে পাঠিয়েছি, জনসাধারণ কোথায় কী ভাবে দুর্গত হয়েছেন হিসাব নিকাশ করে ঠিক তেমনি জেলাস্তরেও কোন ব্লকে কত মানুষ দুর্গত হয়ে পড়েছেন, তারও হিসাব নিকাশ এর উপর দাঁড়িয়ে জেলা কেন্দ্রে যে মনিটরিং টিম আছে, তারাও সেই ভাবে কিন্তু এইগুলো পাঠাচ্ছে। আজকে যেহেতু আলোচনার দিন আছে, সেই আলোচনার দিনে আপনারা এখানে এসে বিভিন্ন ধরণের অভিযোগ হয়তো তুললেন যে আমরা দলবাজী করছি, বিগত দিনের মত হয়তো আজকেও একই কথা বলতে হয়, অথচ গত ২০ তারিখ থেকে বন্যার প্রকোপ কুচবিহার, জলপাইগুড়িতে প্রথম আরম্ভ হয়। ২৬ তারিখে ভয়াবহ বলতে পারেন, যেখানে পশ্চিম দিনাজপুর এবং মালদহতে হয়, কিন্তু এতদিন হয়ে গেছে, মাননীয় বিরোধী সদস্যদের কাউকে, যারা ঐ জেলার মধ্যে আছেন, কাউকেই দেখিনি যে বন্যা দুর্গত মানুষের জন্য কোন অভিযোগ নিয়ে আমার দপ্তরে, বা আমার কাছে গেছেন বা কোন অভিযোগ নিয়ে সেখানে বলেছেন, যার জন্য জেলা স্তরে গিয়ে আমি ব্যবস্থা নিতে পারি। আজকে আপনারা এই হাউসটিকে ব্যবহার করছেন এবং বলছেন ওখানে এই অভিযোগ আছে। কাজেই, যাই হোক এতদিন বলেন নি বলে যে কিছু করা হবে না তা নয়, যদি নির্দিষ্ট কোন অভিযোগ থাকেও আমি আবার বলছি, আপনারা নিশ্চয়ই দেবেন আমার কাছে। আমি যে কথা বলতে চাই, মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় বলেছেন শুধু কেন্দ্রের বিরুদ্ধে অভিযোগ দেন, কেন্দ্রের অবিচার - আমরা এমনিতে অভিযোগ করি না, কেন না, পুরানো কথা হয়তো বারবার আসছে, আপনারা জানেন, বেশী দুরের কথা বলবো না, ১৯৮৬ সালে যে বিধ্বংসী বন্যা হয়েছিল তার জন্য ২৪২ কোটি টাকা মার্জিন মানি চেয়ে পাঠিয়েছিলাম, আপনারা জানেন কারণ তখন কী ক্ষতি হয়েছিল, তার হিসাব নিকাশ আপনারা জানেন, আমরা বাড়িয়ে বলছি কী না, আপনারা সেই জেলা, সেই অঞ্চলে ঘুরে দেখেছেন, এই হাউসে চিৎকার করেছেন আপনারাও, সেই জন্য আমরা হিসাব করে দেখেছি যে , ২৪২ কোটি টাকা, এটা পূনর্বাসন বা নেক্সট বার যে বন্যা আসতে পারে, এই সংস্কার বাবদ প্রতিটি খাতে আমাদের যে টাকা ধরা হয়েছিল, কিন্তু সেই ২৪২ কোটি মার্জিন মানি নির্ধারণ করতে যে আহ্বান করেছিলাম,

**[7.20 – 7.25 p.m.]**

আমরা ২৪২ কোটি টাকার মার্জিন মানির সীমা নির্ধারণ করতে অনুরোধ করেছিলাম, কিন্তু আমার যত দূর মনে পড়ছে তার পরিবর্তে মাত্র ৩৫ কোটি ৩৮ লক্ষ টাকা নির্দ্ধারিত হয়েছিল এবং

তার থেকে ২৩ কোটি ৭৫ লক্ষ টাকা বাদ দিলে ১১ কোটি সামথিং টাকা বরাদ্দ ছিল। অর্থাৎ কেন্দ্রীয় সরকার বাড়তি মাত্র ৮ কোটি টাকা দিয়েছিলেন। ঐ সামান্য টাকা দিয়ে পরবর্তীকালে পুনগঠনের কি কাজ হবে? তবুও আমরা সামর্থ অনুযায়ী বণ্টন করেছি। অথচ আজকে এখানে মান্নান হোসেন, হুমায়ুন চৌধুরী এবং আমাদের একজন মাননীয় সদস্য বললেন, হাউস বিল্ডিং-এর টাকা দেওয়া হয় নি! আমরা মনিটরিং টিম নিয়ে মালদহ, মুর্শিদাবাদ প্রভৃতি সব কটি জেলা ঘুরেছি, সার্কিট হাউস গুলিতে মিটিং করে আমরা আমাদের অসুবিধার কথা বার বার বলেছি। আমরা জানি কেন্দ্রীয় সরকার আমাদের প্রতি অবিচার করছেন। সেই জন্য আমরা জেলা স্তর, ব্লক স্তর, এমন কি পঞ্চায়েত স্তর পর্যন্ত সবাইকে বলে দিয়েছি যে, যেহেতু আমাদের সামর্থ কম সেহেতু দুর্গত মানুষদের অগ্রাধিকারের ভিত্তিতে সাহায্য করতে হবে। একেবারে তলার থেকে অগ্রাধিকারের ভিত্তিতে কাজ শুরু করতে হবে। সাথে সাথে মানুষের কাছে সত্য তুলে ধরতে হবে। কেন্দ্রীয় সরকার টাকা বন্ধ করে দিলে মানুষের কাছে আমাদের সত্য তুলে ধরতে হবে এবং আমরা তা ধরব। কেন্দ্রীয় সরকার কি আমাদের প্রতি অবিচার করেন না? মাননীয় সদস্যারা বোধ হয় ভুলে গেছেন, আমি তাঁদের স্মরণ করিয়ে দিচ্ছি। ১৯৮৬-৮৭ সালে রাজস্থান এবং গুজরাটকে ভয়াবহ খরা গ্রাস করেছিল এবং আমাদের এখানেও খরা হয়েছিল। সেসময়ে খরা বাবদ ভারতবর্ষের সমস্ত রাজ্য গুলির জন্য কেন্দ্রীয় সরকার ১৫০০ কোটি টাকা ধার্য করেছিলেন। সে ক্ষেত্রে আমরা কত পেয়েছিলাম? এবং ভারতবর্ষের বিভিন্ন রাজ্য গুলি কত পেয়েছিল? আর শুধু রাজস্থানকে কত দেওয়া হয়েছিল? আমরা তাদের হিংসা করছি না। এ ক্ষেত্রে আমরা বলছি না যে, কেন্দ্রীয় সরকার অন্যায় করেছেন। আমরা দেখেছি রাজস্থানের জয়সলমীর জেলায় রাজস্থান সরকারের খরা ত্রাণে ব্যর্থতার জন্য ২০০ শিশু প্রাণ হারিয়েছিল। তারপর সেখানে কেন্দ্রীয় সরকার এগিয়ে গিয়ে ১৫০০ কোটি টাকার মধ্যে ৩৮৪ কোটি টাকা তাদের সাহায্য করেছেন এবং তাতেই ক্ষান্ত হন নি, কেন্দ্রীয় সরকার আরো কিছু দিয়েছেন। আমরা দেখলাম শুধু রাজস্থানকেই ৩৮৪ কোটি টাকা দিয়েছেন। তারপরে শ্রম-দিবস সৃষ্টি করার জন্য গোটা ভারতবর্ষে লক্ষ্য মাত্রা ধার্য ছিল ৬০ লক্ষ, কিন্তু কেবল রাজস্থান ও গুজরাটকেই ৩০ লক্ষ শ্রম-দিবস সৃষ্টি করার জন্য অর্থ দেওয়া হয়েছে। এর পরেও কি বলতে হবে আমাদের প্রতি অবিচার করা হচ্ছে না? অবশ্যই যেখানে মানুষ দুর্গত হয়ে পড়বেন সেখানেই কেন্দ্রীয় সরকারকে সাহায্যের হাত বাড়িয়ে দিতে হবে। কিন্তু পশ্চিমবাংলার মানুষ কি অন্যায় করেছেন? যে সমস্ত পশ্চিমবঙ্গবাসী বন্যা দুর্গত হয়ে পড়েছেন, তাঁরা সি পি এম, না কংগ্রেস (আই), সেটা কোন কথা হতে পারে না। মানুষ দুর্গত, পশ্চিমবঙ্গবাসী দুর্গত, এটাই সব চেয়ে বড় কথা। কাজেই আমি এই কথা বলতে চাই যে, আমরা শুধু মাত্র দোষারোপ করেই ক্ষান্ত হচ্ছি না। আমরা সর্বশক্তি দিয়ে অবস্থা মোকাবিলার চেষ্টা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বছরের পর বছর এই জিনিস হচ্ছে, আমরা দুর্গত মানুষদের যথাসাধ্য সাহায্য করার চেষ্টা করছি। তবে হ্যাঁ, বন্যা মোকাবিলায় এবং দুর্গত মানুষদের সাহায্য করার কাজের ক্ষেত্রে নিশ্চয়ই অতীতের তুলনায় বর্তমানে একটা বিরাট পরিবর্তন আমরা দেখতে পাচ্ছি। বিগত কংগ্রেসী আমলে বন্যার সময়ে যেমন দুর্গত মানুষ "ফ্যান দাও, ভাত দাও" বলে শহরে এসে ভিড় করতেন তেমন আজ আর করছেন না। কেন? ওঁদের কি আমরা বিরাট্ রাজার হালে রেখে দিয়েছি? নিশ্চয়ই না। ওঁদের সমস্ত অভাব ঘুচিয়ে দিয়েছি বলেও আমরা দাবী করি না, আমরা আত্মসন্তুষ্টিতে ভুগী না। কিন্তু আমাদের সরকার প্রতিটি দপ্তরকে নির্দেশ দিয়েছেন, বিশেষ করে রিলিফ্ বা ত্রাণ দপ্তরকে যে, একজনও দুর্গত মানুষ খেতে না পেয়ে যেন মারা না যান; দুর্গত মানুষদের পাসে সব সময় থাকতে হবে। সেই অনুযায়ী আমরা সব সময়ে তাদের পাশে আছি। আমাদের জনপ্রতিনিধি যাঁরা, তাঁরাও দুর্গত মানুষদের পাশে আছেন। উদ্ধারের কাজ থেকে রিলিফ দেওয়ার কাজ এবং পুনর্বাসনের কাজে আমরা সব সময়ে তাদের পাশে আছি। সুতরাং বন্যা দুর্গতদের নিয়ে ছিনিমিনি খেলার প্রশ্ন নেই, প্রহসন করার প্রশ্ন নেই।

হ্যাঁ, একথা ঠিক যে, এক বছর আগে যে ঘর ভেঙেছে সেই ঘর ঠিক মত ফিরে পাবার আগেই আবার ঘর ভাঙছে। প্রতি বছর এই জিনিস হচ্ছে। এই ভাঙা গড়ার খেলায় আসুন, আমরা সমস্ত জনপ্রতিনিধিরা বন্যার্তদের প্রতি সমব্যথী হয়ে তাদের পাশে থেকে তাদের জন্য ত্রাণের ব্যবস্থা করি। তাদের উদ্ধার করতে হবে, তাদের জন্য ত্রাণের ব্যবস্থা করতে হবে এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অর্থ এনে বন্যা নিয়ন্ত্রনের জন্য আমাদের বাঁধ গুলিকে মেরামত করতে হবে, নদী গুলিকে সংস্কার করে নদী গুলির জলধারণের ক্ষমতা বৃদ্ধি করতে হবে। এই সমস্ত কাজের ক্ষেত্রে মাননীয় সদস্যারা নিশ্চয়ই তাঁদের সাজেশন সরকারকে দেবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করলাম।

## ADJOURNMENT

The House was then adjourned at 7.25 p.m. till 1 p.m. on Thursday, the 8th September, 1988.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 8th September, 1988 at 1 P.M.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 9 Ministers, 2 Ministers of State and 172 Members.

**[1.00 -1.10 p.m.]**

## Starred Questions

### (for which oral answers were given)

**মুর্শিদাবাদ জেলায় সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় ব্যবস্থা**

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) সাম্প্রাতিককালে মুর্শিদাবাদ জেলায় সাম্প্রাদিয়ক সম্প্রীতি বিনষ্ট করার কোন প্রচেষ্টার সংবাদ সরকারের গোচরে এসেছে কি; এবং

(খ) এসে থাকলে, ঐ এলাকায় সাম্প্রদায়িক সম্প্রীতি ও শান্তি অটুট রাখার জন্য সরকার কি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সাম্প্রদায়িক সম্প্রীতি ও শান্তি অটুট রাখার জন্য নিম্নলিখিত ব্যবস্থা নেওয়া হয়েছে ঃ—

(১) প্রশাসনিক তৎপরতা জোরদার করা হয়েছে।

(২) সকল ধর্ম সম্প্রদায়ের ব্যক্তিগনকে নিয়ে তৈরী শান্তি কমিটিগুলিকে কার্যকরী করে তোলা হয়েছে।

(৩) জাতীয় সংহতির ওপর গুরুত্ব আরোপ করে বিভিন্ন রাজনৈতিক দলের সহযোগিতা চাওয়া হয়েছে।

(৪) আমি এবং অন্য কয়েকজন মন্ত্রী জেলার রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের সঙ্গে মিলিত হয়ে জেলায় সর্বতোভাবে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার জন্য আবেদন জানিয়েছি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে জানাইবেন কি, এই সাম্প্রদায়িক

সম্প্রীতি নষ্ট করার প্রচেষ্টা যে সমস্ত ফোর্সেস করছে সেই সমস্ত ফোর্সেসকে কি আইডেনটিফাই করা গেছে এবং তারপর কি যথাযথভাবে এ্যাডমিনিস্ট্রেটিভ এবং পলিটিক্যাল মেজার নেওয়া হয়েছে তাদের কমব্যাট্ করার জন্য ?

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় সদস্য জানেন যে একটা মসজিদে নামাজ পড়বার জন্য মুসলিমরা যে ডাক দিয়েছিল এবং তারপর যে ঘটনা ঘটলো তা নিশ্চয়ই জানা আছে। কাজেই আইডেনটিফাই বিশেষ ব্যাপারে করবার নেই। তবে মুর্শিদাবাদে এইরকম সাম্প্রদায়িক জিগির মাঝে-মাঝেই তোলা হয় মৌলবাদিদের পক্ষ থেকে। সেখানে হিন্দু ও আছে, মুসলমানও আছে। এর বেশি সাধারণভাবে বলতে পারবো না। যেটুকু নির্দিষ্ট খবর পেয়েছি তারই ভিত্তিতে ব্যবস্থাগুলি - যেগুলি আগে পড়ে দিলাম - নেওয়া হয়েছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে জানাইবেন কি, কিছু কিছু ফোর্সেস যাদের রিপ্রেজেনটেটিভ এই বিধানসভাতে আছে, কিছু কিছু মাননীয় এম. এল. এ আছেন, কিন্তু আমি নাম করতে পারছি না, নাম করা রীতিবর্হির্ভূত হবে। তাঁরা যখন যুক্ত সভা হচ্ছে তখন সই-সাবুদ করছেন এবং বলছেন হ্যাঁ, সম্প্রীতি যাতে সুরক্ষিত হয় তারজন্য চেষ্টা করবেন। তারপর বাইরে গিয়ে প্রচার চালাচ্ছেন, হোলসেল বেসলেস রিউমার ছড়াচ্ছেন। এরফলে সম্প্রীতি বিনষ্ট হওয়ার আশংকা দেখা দিয়েছে। এই খবর আপনার জানা আছে কিনা দয়া করে জানাইবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমরা ওখানে গিয়ে যখন সর্বদলীয় বৈঠক করি তখন এ ব্যাপার নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। নির্দিষ্টভাবে এখনই কিছু বলা যাবে না, তবে যতটা শুনেছি ওরা দুদলে ভাগ হয়ে একটা দল মসজিদের দিকে যায়, তারপর গোলমালটা বাধে। আমরা ওখানকার মানুষের কাছে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার জন্য আবেদন জানিয়েছি. তবে এর সঙ্গে কারা জড়িত সেটা এখনই বলা সম্ভব নয়।

**শ্রী সত্য রঞ্জন বাপুলী ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন - মুর্শিদাবাদে এই ঘটনা ঘটবার আগে আপনার ইনটেলিজেন্স ডিপার্টমেন্ট থেকে কোনরকম ইনফরমেশন পেয়েছিলেন কিনা, যে এই নিয়ে একটা ঘটনা ঘটতে পারে। এই রকম ইনফরমেশন আগে থাকতে পেয়েছিলেন কিনা এবং পেয়ে থাকলে কোন স্টেপ নিয়েছিলেন কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমাদের কাছে খবর ছিল যে মুসলীম লীগ এইরকম একটা ডাক দেয়, এবং এটাও খবর ছিল যে কমিটির নেতাদের সাথে যখন আমাদের জেলা শাসক এবং এস. পি. কথা বলেন তখন ওদের কর্তৃপক্ষ আশ্বাস দেন যে আমরা শুধু একটা স্মারকলিপি দেব এবং নামাজ পড়ার কথা বলব। আমরা কাটরা মসজিদের দিকে যাবনা এই আশ্বাস দিচ্ছি। কিন্তু দুর্ভাগ্যবশতঃ এর পরবর্তীকালে যে অবস্থাটা হল সেটা হল যে শতকরা ৯০ ভাগ লোক ঠিক ঠিক নামাজ পড়ে চলে গেলেন, এই হচ্ছে আমাদে রিপোর্ট। একটা অংশ - দু হাজার মত লোক তাতে থাকতে পারে - তারা ঐ মসজিদে যাবার চেষ্টা করে এবং ভুলপথে গিয়ে আক্রান্ত হয়ে মারা যায়।

**শ্রী সৌগত রায় ঃ** মুখ্যমন্ত্রী মহাশয় মুসলিম লীগের ডাকের কথা উল্লেখ করেছেন, আমি জানতে চাইছি হিন্দু, মৌলবাদী সংগঠন যা আছে তাদের নাম আপনি আইডেনটিফাই করতে পেরেছেন কি ? এবং রাজ্য সরকারের একজন মন্ত্রীর নামে যে লিফলেট বার হয়েছে তার সত্যতা যাচাই করতে পেরেছেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** সমস্ত বিষয় নিয়ে মিটিংয়ে আলোচনা করা হয়েছে। ইস্তাহার প্রসঙ্গে সি. পি. এমের একজন সদস্য সম্বন্ধে যা বলা হচ্ছে তা নিয়েও আলোচনা হয়েছে। একটা কথা বলি যে সমস্ত খবর কাগজে বেরিয়েছে সেগুলি সত্য নয়।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন কারবালা ময়দানে ২৪ তারিখের ঘটনা, এবং নামাজের কথা এবং এটাও বললেন একদল বিচ্ছিন্ন মানুষ অন্য দিকে চলে গিয়েছিল। আমার প্রশ্ন হচ্ছে কাটরায় যখন পুলিশী ব্যবস্থা ছিল, তখন পুলিশ তাদের বাধা দিল না কেন? জেলা প্রশাসন এবং এস. পি. কি ব্যবস্থা করল?

**শ্রী জ্যোতি বসু ঃ** পুলিশের তরফ থেকে যেটুকু সতর্কতা অবলম্বন করা দরকার সেটা করা হয়েছিল। ওখানে প্রায় ২৫ হাজার লোক জড়ো হয় এবং তার মধ্যে থেকে দেড়, দু হাজার লোক হঠাৎ মসজিদের দিকে চলে যায়। মুসলিমের তরফ থেকে এই রকমই না কি বলা হয়েছিল। গোলমালের আর একটা কারণ হল ওখান থেকে যাবার কোন রাস্তা ছিল না। ফলে গোলমাল হল, দোকানপাট বন্ধ হল এবং কিছু লোক মারা গেল।

**[1.10 – 1.20 p.m.]**

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে আমি বলছি যে, ঐ দুর্ভাগ্যজনক ঘটনার পর মুর্শিদাবাদ জেলার হিন্দু-মুসলমানদের শান্তি বিঘ্নিত হয়েছে, বিশেষ করে মুসলমান সম্প্রদায়ের। তাঁরা সেদিন যেভাবেই হোক না কেন নিরস্ত্র অবস্থায়, অনেকে নিহত বা আহত হবার ফলে সামগ্রিকভাবে মুসলিম সম্প্রদায় ইনজিওর্ড হয়েছেন মানসিকভাবে। আপনি সর্বদলীয় সভা করেছেন এবং সমস্ত ব্যাপারে আমি আপনার সাথে একমত। কিন্তু আমি জানতে চাই, মুসলিম সম্প্রদায়ের যাঁরা সেখানে আহত বা নিহত হয়েছেন, যাদের ঘরবাড়ী ভেঙ্গে গেছে, সেইসব পরিবারকে সাহায্য দানের পরিমানটা সরকারী বিধিব বাইরে বিবেচনা করবেন কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** আগে ঘোষণা করা হয়েছিল যে, সেখানে যেসব পরিবার বিপদে পড়েছেন, যাঁদের আত্মীয়স্বজন মারা গেছেন, আমাদেরও নিয়ম অনুযায়ী তাঁদের টাকা-পয়সা দিয়ে সাহায্য করা হবে। সেইমত এখন পর্যন্ত স্যাংশনড হয়েছে ১ লক্ষ ৮০ হাজার টাকা। ৯টি পরিবারকে এ পর্যন্ত সাহায্য দেওয়া হয়েছে, অর্থাৎ পবিবারপিছু ২০ হাজার টাকা দেওয়া হয়েছে। তবে আরো পরিবারকে যে সাহায্য দেওয়া বাকি আছে সেটা হিসেব থেকেই বুঝবেন। সেখানে ১৪টি ঘটনা ঘটেছিল এবং তারমধ্যে ১০টির ক্ষেত্রে সনাক্ত করা গেছে। একটি পড়ে আছে, সেই পরিবারটিও পেয়ে যাবেন। সেখানে ১৭জন মিসিং বলা হয়েছিল। গতকালও আমি এ বিষয়ে খোঁজ নিয়েছি এবং যে রিপোর্ট পেয়েছি ওঁরা সবাই মুর্শিদাবাদের লোক। ঐ যে ১৭ জন, ওঁরা যদি অন্য জায়গার মানুষ হতেন তাহলে সেটা ছিল আলাদা কথা। সেক্ষেত্রে খোঁজ করতে হত যে, কোথা থেকে এলেন বা কোথায় গেলেন। ঐ ১৭ জনের একজনও ঘরে ফিরে আসেননি। সুতরাং ধরে নিতে পারি যে, ওঁরা খুন হয়েছেন। কারণ ঐ পরিবারগুলির কাছে পুলিশ এ ব্যাপারে খোঁজ নিতে গেলে তাঁরা বলেছেন যে, তাঁদের আত্মীয় নমাজ পড়ার দিন সেখানে গিয়েছিল, কিন্তু ফেরেনি। ফাইনাল রিপোর্ট আমার কাছে পাঠাতে বলেছি। ঐ মিটিংয়ে আমি বহরমপুরে বলেছিলাম কিছুদিন পর আমরা ব্যবস্থা গ্রহণ করব। যদি কাউকে খুঁজে পাওয়া না যায় তাহলে তাঁকে মিসিং বলে ধরে নিতে হবে এবং সেইসব পরিবারকে সাহায্য করতে হবে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিনোদ মেহতা হত্যাকাণ্ডের পরিপ্রেক্ষিতে ইদ্রিশকে লালবাজারের লক-আপে হত্যা করা হয়েছিল এবং তার পরিপ্রেক্ষিতে তদন্ত

কমিশন গঠন করেছিলেন আপনারা। যে হত্যাকাণ্ডের সঙ্গে আমাদের বিচার বিভাগ................

**মিঃ স্পীকার ঃ** নট এ্যালাউড। কোন কিমশন নিয়ে এইভাবে কোন প্রশ্ন ক্যান নট বি এ্যালাউড।

## রাজ্য বিদ্যুৎ পর্ষদের বিদ্যুতের দরবৃদ্ধি

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৮৩ সালের অক্টোবর মাস থেকে অদ্যাবধি এই রাজ্যে রাজ্য বিদ্যুৎ পর্ষদ কতবার বিদ্যুতের দর বৃদ্ধি করেছে;

(খ) রাজ্য বিদ্যুৎ পর্ষদ ধার্য ইউনিট প্রতি বিদ্যুতের দর (গৃহস্থালি ও শিল্পক্ষেত্রে পৃথক হিসাব উল্লেখ করে)—

(১) ১৯৮৩ সালের অক্টোবর মাসে কত ছিল, ও

(২) বর্তমানে কত; এবং

(গ) রাজ্য বিদ্যুৎ পর্ষদের লোকসানের পরিমাণ ১৯৮৩-৮৪ এবং ১৯৮৭-৮৮ সালে যথাক্রমে কত ছিল?

**শ্রী প্রবীর কুমার সেনগুপ্ত ঃ**

(ক) ১৯৮৩ সালের অক্টোবর মাস থেকে আজ পর্য্যন্ত রাজ্য বিদ্যুৎ পর্ষদ মোট ৪বার বিদ্যুতের দর বৃদ্ধি করেছে।

(খ) ১৯৮৩ সালের অক্টোবর মাসে রাজ্য বিদ্যুৎ পর্ষদ ধার্য্য বিদ্যুতের হার নিম্নরূপ ছিল ঃ—

| **গ্রাহক শ্রেণী** | **ইউনিট প্রতি দর** |
|---|---|
| ১. গার্হস্থ্য | ৫২ পয়সা |
| ২. শিল্প | ৬০ পয়সা |

৩. শিল্প (উচ্চ ও অতিউচ্চ ভোল্টেজের গ্রাহকের ক্ষেত্রে)

(ক) **হার 'ঙ'** — ৬। ১১ কে, ভি, এ সাপ্লাই যেখানে সর্ব্বোচ্চ চাহিদা ৫০-১৪৯৯ কে, ভি, এ পর্য্যন্ত।

১) ডিম্যাণ্ড চার্জ প্রতি মাসে ৫৪ টাকা প্রতি কে, ভি, এ।

২) বিদ্যুতের দর ২৭ পঃ প্রতি ইউনিট।

(খ) **হার 'চ'** — ৩৩ কে, ভি, এ সাপ্লাই যেখানে সর্ব্বোচ্চ চাহিদা ১৫০০-১৪৯৯৯ কে, ভি এ পর্য্যন্ত

১) ডিম্যাণ্ড চার্জ প্রতিমাসে ৫৪ টাকা প্রতি কে, ভি, এ।

২) বিদ্যুতের দর ২৫.৫০ পঃ প্রতি ইউনিট।

(গ) হার 'ছ' — ৬৬। ১৩২ কে, ভি, এ সাপ্লাই যাদের সর্ব্বোচ্চ চাহিদা ১৫০০ কে, ভি, এ ও তদ্ধুর্দ্ধে

১) ডিম্যাণ্ড চার্জ প্রতি মাসে ৫৪ টাকা প্রতি কে, ভি, এ।

২) বিদ্যুতের দর ২৩ পঃ প্রতি ইউনিট।

(ঘ) বিদ্যুতের ইউনিট প্রতি বর্তমান দর যা ১৯৮৮ সালের ২৬ শে জুন তারিখ থেকে বলবৎ হয়েছে, নিম্নরূপ —

| গ্রাহক শ্রেণী | বিদ্যুৎ খরচের হার | ইউনিট প্রতি দল | |
|---|---|---|---|
| | | গার্হ্যস্থ্য | বাণিজ্যিক |
| | মাসের গড় | | |
| ১. হার 'ক' | ১) ৫০ ইউনিট পর্য্যন্ত | ৫২ পঃ | ৮০ পঃ |
| (গার্হস্থ্য ও বাণিজ্য) | ২) ৫১-১০০০ পর্য্যন্ত | ৬০ পঃ | ৯০ পঃ |
| | ৩) ১০১-৩০০ পর্য্যন্ত | ৭০ পঃ | ১ টাকা ২৫ পঃ |
| | ৪) ৩০১ বা তদূর্দ্ধে | ১০০ পঃ | ১ টাকা ৪০ পঃ |

৭,৮৩,০০০ গার্হস্থ্য গ্রাহকদের মধ্যে প্রায় ৪,৫০,০০০ গ্রাহকদের ক্ষেত্রে কোন দর বৃদ্ধি হয়নি।

৮০,০০০ গ্রাহকদের ক্ষেত্রে ইউনিট প্রতি দর বৃদ্ধির হার ৮ পঃ। ৫৩০০ মত গ্রাহকদের বিদ্যুতের ক্ষেত্রে যাদের মাসিক ব্যবহার ৩০০ ইউনিটের বেশী, এই দর বৃদ্ধি পেয়েছে ২০ পয়সা।

বাণিজ্যিক শ্রেণীর ২,৬১,০০০ গ্রাহকের মধ্যে ১,২৮,০০০ গ্রাহকের ক্ষেত্রে কোন দর বৃদ্ধি হয়নি। ২০,০০০ গ্রাহকদের ক্ষেত্রে এই বৃদ্ধির পরিমাণ ২৫ পঃ মত।

৬০০০ গ্রাহকদের ক্ষেত্রে দর বৃদ্ধির হার ইউনিট প্রতি ৪০ পঃ।

বড় বড় বাণিজ্যিক প্রতিষ্ঠান ও দোকান এই শেষোক্ত শ্রেণীর মধ্যে পড়ে।

| | | |
|---|---|---|
| ২. হার 'খ' (১) | ১) মাসিক ব্যবহার ৫০০ ইউনিট পর্য্যন্ত | ৬৭ পয়সা |
| (শিল্প ক্ষুদ্র ও মাঝারি) | ২) ৫১০ থেকে ২০০০ পর্য্যন্ত | ১০০ পয়সা |
| | ৩) ২০০১-৫০০০ পর্য্যন্ত | ১ টাকা ১০ পঃ |
| | ৪) ৫০০০১ বা তদূর্দ্ধে | ১ টাকা ২০ পঃ |

| | |
|---|---|
| ৩. শিল্প (উচ্চ ও অতি | ক) ডিম্যাণ্ড চার্জ মাসিক ৬৫ টাকা প্রতি কে, ভি, এ |
| উচ্চ ভোল্টেজের | খ) বিদ্যুতের দর ৭০ পয়সা, প্রতি ইউনিট। |
| গ্রাহকদের) ক্ষেত্রে— | |

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই আপনি তো আমার (গ)নং প্রশ্নের উত্তর দিলেন না। আমার (গ) প্রশ্নটা ছিল রাজ্য বিদ্যুৎ পর্ষদের লোকসানের পরিমাণ ১৯৮৩-৮৪ এবং ১৯৮৭-৮৮ সালে যথাক্রমে কত ছিল?

**শ্রী প্রবীর কুমার সেনগুপ্ত ঃ** উত্তরটা এখন আমার কাছে তো পাচ্ছি না।

**মিঃ স্পীকার ঃ** উনি (গ) প্রশ্নে জানতে চেয়েছেন রাজ্য বিদ্যুৎ পর্ষদের লোকসানের পরিমাণ ১৯৮৩-৮৪ এবং ১৯৮৭-৮৮ সালে যথাক্রমে কত ছিল? এটা আপনার যদি জানা থাকে বলে দিন, তা না হলে পরে দিয়ে দেবেন। দেবপ্রসাদবাবু আপনি আপনার অতিরিক্ত প্রশ্ন করুন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় তো বললেন ১৯৮৩ সাল থেকে এই পর্যন্ত ৪ বার বিদ্যুৎতের দাম বাড়িয়েছেন। বিদুৎতের দর যে দফায় দফায় বাড়াচ্ছেন তাতে কি আপনার বিদ্যুৎ পর্ষদের লোকসানের পরিমান কমানো গেছে ?

**শ্রী প্রবীর কুমার সেনগুপ্ত ঃ** হ্যাঁ, লোকসানের পরিমান কিছু কমানো গেছে। তবে আবার লোহা এবং সিমেন্টের দর বেড়েছে, কি হবে বলা যায় না।

**[1.20 – 1.30 p.m.]**

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, বিদ্যুতের উৎপাদন ব্যয় সংকুলানের জন্য বিদ্যুতের যে দর বৃদ্ধি করছেন তা না করে বিকল্প ব্যবস্থা হিসাবে অপচয় বন্ধ করা, ক্ষয়ক্ষতি রোধ করা এবং চুরি বন্ধ করা এই সমস্ত করে এফিসিয়েন্সী বৃদ্ধি করে নির্দিষ্ট কোন ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা; এবং তা করলে সেটা কি ?

**শ্রী প্রবীর কুমার সেনগুপ্ত ঃ** এটা ঠিকই, এটা করা যায়। কিছু কিছু ক্ষেত্রে এটা করা হয়। এছাড়া টেকনিক্যাল লস্ যাতে কমানো যায় তারজন্য তা কমানো যেতে পারে, যেগুলো চুরি যায় তা ধরা যায় এবং এটি জামিন অযোগ্য ভাবেই ধরা যায়। এইসব ব্যবস্থা গ্রহণের মধ্যে দিয়ে আয় কিছুটা বাড়াবার চেষ্টা করা হচ্ছে।

**শ্রী সৌগত রায় ঃ** বিদ্যুৎ পর্ষদের লোকসান কমাবার জন্য এই কয়েক বছরের মধ্যে মন্ত্রী মহাশয় বিদ্যুৎ-এর দাম বাড়িয়েছেন। এরফলে গ্রাহকদের উপরে চাপ বেড়েছে। কিন্তু এতে কি পর্ষদের লোকসানের পরিমাণ কমেছে ? পশ্চিমবাংলার প্লান্ট লোড ফ্যাকটর ভারতবর্ষের অন্যান্য বিদ্যুৎ পর্ষদের তুলনায় এফিসিয়েন্সীর দিক দিয়ে বিচারে সেন্ট্রাল এন-টি-পি-সি'র তুলনায় এবং ডি-ভি-সি'র তুলনায় অনেক কম। এই পাঁচ বছরে রাজ্য বিদ্যুৎ পর্ষদের প্লান্ট লোড ফ্যাকটর কত পার্সেন্টেজ থেকে কত পার্সেন্টেজে উন্নত হয়েছে ? আর যদি উন্নতি যথেষ্ট না হয়ে থাকে তাহলে তার কারণ কি ?

**শ্রী প্রবীর কুমার সেনগুপ্ত ঃ** মাননীয় সদস্য জানেন যে, আমাদের তাপবিদ্যুৎতের উপরে নির্ভর করতে হয়। আমাদের যখন পিক আওয়ার তখন ইউনিটগুলোর উৎপাদন বৃদ্ধি করতে হয় এবং অন্য সময়ে পি,এল,এফ, ব্যাক ডাউন করতে হয়। সারা ভারতবর্ষের মধ্যে মধ্য ভারতে জলবিদ্যুৎ সরবরাহের পরিমাণ অনেক বেশি। এই তাপবিদ্যুৎ এবং জল বিদ্যুৎ মিলিয়ে সেখানে পি. এল. এফ. যেভাবে হয়, এখানে সেইভাবে হয় না। ব্যাক ডাউন এবং জেনারেশন, এই দুটো মিলিয়ে যদি যোগ করা হয়, তাহলে সারা ভারতবর্ষের গড়ের চেয়ে আমাদের অনেক বেশি হয়।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** ১৯৭৬ সালে রাজ্যের বিদ্যুৎ উৎপাদন যা ছিল, বামফ্রন্টের এই ১০।।১১ বছর কালে তা কতটা বৃদ্ধি পেয়েছে? এই ব্যাপারে আপনার পরিসংখ্যান কি ?

**শ্রী প্রবীর কুমার সেনগুপ্ত ঃ** আমার যতদূর মনে হয়, এই পরিমাণ ১,৩৩০ মেগাওয়াট।

**ডাঃ মানস ভূঁঞা ঃ** মন্ত্রী মহাশয় বিদ্যুতের দর বৃদ্ধি এবং ক্ষতির কারণ হিসাবে চুরির কথা

**বলেছেন।** গ্রামাঞ্চলে পঞ্চায়েত এবং আধা শহর এলাকাতে মিউনিসিপ্যালিটিকে এই ব্যাপারে তদারকির দায়িত্ব দেওয়া হয়েছিল, এর পরে চুরির ঘটনা বাড়ছে, না, প্রতিনিয়ত বেড়ে চলেছে ?

**শ্রী প্রবীর কুমার সেনগুপ্ত ঃ** শুধু পঞ্চায়েত নয়, জনসাধারণ সচেতন হয়েছেন, সেজন্য কমেছে।

**শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য ঃ** ১৯৮৩ সাল থেকে আজ পর্যন্ত গ্রামাঞ্চলে কত কিলোমিটার বিদ্যুৎ সরবরাহ বৃদ্ধি পেয়েছে ?

**শ্রী প্রবীর কুমার সেনগুপ্ত ঃ** নোটিশ দিতে হবে।

**ডাঃ তরুন অধিকারী ঃ** ক্ষতির জন্য গৌরীপুর থার্মাল পাওয়াল ষ্টেশন বন্ধ হয়ে যাচ্ছে বলে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন - এটাই কি প্রকৃত কারণ?

**মিঃ স্পিকার ঃ** নট রেলিভ্যান্ট ।

## দামোদর সিমেন্ট কারখানা

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮।) **শ্রী নটবর বাগদী ও শ্রী গোবিন্দ বাউরী ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পুরুলিয়া জেলার দামোদর সিমেন্ট কারখানায় উৎপাদন আরম্ভ করার বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(খ) উক্ত কারখানায় কর্মী নিয়োগের ব্যাপারে কোন্ পদ্ধতি (স্থানীয় কর্মবিনিয়োগ কেন্দ্র মারফত অথবা সাধারণ বিজ্ঞপ্তি প্রকাশ করে ইত্যাদি) স্থির করা হয়েছে কি?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) বার্নপুরে স্লাগ গ্রানুলেশন ইউনিট ১৮-৬-৮৮ হইতে পরীক্ষামূলকভাবে উৎপাদন শুরু করিয়াছে। পুরুলিয়ায় সিমেন্ট গ্রাইন্ডিং ইউনিটের নির্মাণকার্য্য চলিতেছে। ডি. ভি. সি. হইতে বিদ্যুৎ পাওয়া গেলে এই বছরের শেষে ঐ ইউনিটে উৎপাদন শুরু হইবে বলিয়া আশা করা যায়।

(খ) সরকারি ক্ষেত্রের সংস্থার নিয়োগ বিধি অনুসারে এই কোম্পানীতে স্থানীয় কর্ম বিনিয়োগ কেন্দ্র এবং সংবাদপত্রে বিজ্ঞপ্তি মারফৎ কর্মী নিয়োগ করা হইয়া থাকে।

**শ্রী লক্ষ্মীরাম কিস্কু ঃ** এই উৎপাদন পর্য্যায় আরম্ভ হলে কত লোকের কর্মসংস্থান হবে?

**শ্রী জ্যোতি বসু ঃ** এখনই পুরো হিসাব দিতে পারবো না। আমি বলেছি সবে পরীক্ষামূলকভাবে শুরু হয়েছে, বিজ্ঞাপন দেওয়া হয়েছে এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ তাদের কাছে চাওয়া হয়েছে। তবে একই সঙ্গে কত লোক নিয়োগ হবে তা বলতে পারবো না।

**ডাঃ মানস ভূঞ্যা ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী জানাবেন কি, যে সমস্ত মানুষকে ওই জমি অধিগ্রহণ করার জন্যে জমি দিতে হয়েছে তাদের পরিবারে কিছু বেকার ছেলে থাকিলে তাদের চাকুরী দেওয়ার ক্ষেত্রে কোন নীতি কি সরকার গ্রহণ করেছেন কি ?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমাদের নিয়োগের ব্যাপারে যে নিয়ম আছে সেটা আগেই বলেছি কিন্তু

তা সত্বেও আমরা বিভিন্ন ক্ষেত্রে যেমন জমি অধিগ্রহণ করে থাকি নির্মাণ কার্য্যের জন্যে, তখন ওই শুধু ওখানকার মানুষদের ক্ষতিপূরণ দিলেই হয় না, তাদের একটা দাবী থাকে যে তাদের ঘরের একজন করে যোগ্য ছেলেকে কাজ দেওয়া যায় কিনা। এইরকম একটা দরখাস্ত আমাদের কাছে এসেছে, সেই বিষয়ে নিয়ে আমাদের আলোচনা হয়েছে এবং ওই দুটি ক্ষেত্র থেকে যোগ্য লোক পাওয়া যায় কিনা দেখতে হবে।

## Evaluation of performance of college teachers

***27.** (Admitted question No. *52.) **Dr. Sudipto Roy :** Will the Minister-in-Charge of the Education (Higher) Department be pleased to state —

(a) if is a fact that the State Government has since prescribed procedures for evaluating the performance of teachers of Government and non-Government colleges; and

(b) If so, what are the prescribed procedures ?

**Shri Jyoti Basu :**

(a) (i) Yes, there are prescribed procedure for evaluating the performance of teachers of Government Colleges.

(ii) No, there is no preseribed procedures such as A.C. Rs Special C.Rs. etc. for evaluating the perfermance of teachers of non-Govt. Colleges.

(b) <u>For Government College</u>

For confirmation of teachers of Government Colleges (W.B.E.S & W.B.S.E.S). Special C.R. & A. C. Rs' for the last 3 (three) years are essential. The reports are drawn normally by the Principal of the said Colleges and then looked into by the D.P.I.

For Promotion of Lecturers and Assistant Professors (W.B.E.S) to the post of Professers (W.B.S.E.S.) A.C. Rs' for the last five years are needed.

**Dr. Sudipto Roy :** Will the Hon'ble Chief Minister be pleased to state that it is a fact that the Government is not satisfied with the performance of the non-government and government college teachers.

**Mr. Speaker :** প্রশ্নটা হল না, নট রেলিভ্যান্ট। Not relevant. It is not for eliciting information. You have to elicit information, not give information. No, no, it is not allowed.

**ডাঃ সুদীপ্ত রায় :** মাননীয় মুখ্যমন্ত্রী দয়া করে জানাবেন কি, যে প্রেসিডেন্সি কলেজ ছাড়া অন্যান্য গভর্ণমেন্ট কলেজগুলিতে ছেলেদের রেজাল্ট খারাপ হচ্ছে? এটা কি সত্যি যে শিক্ষকরা রাজনীতির সঙ্গে জড়িয়ে পড়ার জন্য এইরকম পারফরমেন্স খারাপ হচ্ছে ?

**মিঃ স্পীকার :** Not relevant.

**শ্রী জ্যোতি বসু :** সমস্ত টিচাররা পড়ান না আর সাথে সাথে পরীক্ষা খারাপ হচ্ছে একথা আমি বিশ্বাস করতে পারলাম না।

**শ্রী সৌগত রায় :** এখানে যে প্রশ্ন উঠেছে মুখ্যমন্ত্রী তার জবাব দিতে গিয়ে ইনকম্পিটেন্স রেখে গেলেন। এই যে ইনফরমেশান গ্যাপ রয়েছে এই ইনফরমেশান গ্যাপ, এটা আগের প্রশ্নে ছিল না। তবে গভর্ণমেন্ট কলেজের ক্ষেত্রে যেরকম সি আর করা হয়েছিল, নন-গভর্ণমেন্ট কলেজের মধ্যে এইরকম সি. আর ছিল না। নতুন স্কেল চালু করার ক্ষেত্রে এই নিয়ম চালু হয়েছে যে, কলেজের টিচারস্‌দের টিউশানি বন্ধ করতে হবে এবং তাদের ইভ্যালুয়েশান করা হবে ছাত্রদের দিয়ে।

**[1.30 – 1.40 p.m.]**

মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই এই যে নূতন স্কেল করার কথা হচ্ছে, এই ব্যাপারে নন-গভর্ণমেন্ট কলেজের কোন ইভলিউশান প্রসিডিওর ছিল না, নূতন কোন ইভলিউশান প্রসিডিওর চালু করছেন কিনা, এবং তিনি যদি করতে চান ঐ সম্পর্কে কলেজের যে রিসেন্টমেন্ট আছে, সেই সম্বন্ধে মুখ্যমন্ত্রী অবহিত আছেন কিনা?

**শ্রী জ্যোতি বসু :** আমরা এইসব নিয়ে কলেজ শিক্ষক ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে আলোচনা করেছি। বিশেষ করে ইউ. জি. সি.-র সার্কুলারের জি.ও. আমাদের কাছে আসবার পর একটা জি. ও. য় দেখলাম যে তাতে কিছু অদল-বদল হয়েছে। এই ব্যাপারে ওদের সঙ্গে আমরা আলোচনা করেছি ওদের যদি কোন অভিযোগ থাকে - ইন্টারপ্রিটেশানের অভিযোগ -, আমাদের যা জি. ও. এবং কেন্দ্রীয় সরকার ইউ. জি. সি.র ব্যাপারে যে সার্কুলার দিয়েছে তার উপরেই নির্ভর করে আমাদের করতে হচ্ছে।

**শ্রী সৌগত রায় :** স্যার, সুদীপ্ত যে কায়েশ্চন করল তার সঙ্গে এর কোন প্রসিডিওর নেই, এখানে উত্তরটায় দেখা যাচ্ছে যে, একটা জি.ও. যাচ্ছে।

**শ্রী জ্যোতি বসু :** এখানে পাস্ট, প্রেজেন্ট, ফিউচার বলে কিছু নেই, এখানে যেটা বলা হয়েছে যে এখন তারা সার্কুলার দিয়েছে, আমাদের জি. ও গেলে তার পরে প্রশ্ন করবেন, তখন উত্তর হবে।

## Energisation of Tubewells during Seventh Plan

***28.** (Admitted question No. *142.) **Shri Fazle Azim Molla** and **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Power Department be pleased to state —

(a) whether the Planning Commission has fixed any target for energisation of tubewells in West Bengal during the Seventh Plan period; and

(b) if so,–

(i) what is the target so fixed, and

(ii) to what extent this target has been achieved as per the latest figures available ?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :**

(ক) হ্যাঁ

(খ) (১) ৭ম যোজনা কালে এই লক্ষ্য মাত্র ১ লক্ষ্য।

(২) ২৩,২৯৪ টি।

**শ্রী সৌগত রায় :** আপনি জানেন যে, এনার্জাইজেশান অফ টিউবওয়েল-র ব্যাপারে অনেক সমস্যা আছে। শান্তিপুরে পুলিশের গুলি চলল কৃষকদের উপর - এই টিউবওয়েলের ব্যাপারে -, আমি জানতে চাই যে রাজ্যে যাতে আরো টিউবওয়েল এর্নাজাইস নূতন করে হয় সেইজন্য কৃষকদের উপর এবং সরকারের উপর কোন শক্তিশালী ডিজেল পাম্প লবি কাজ করছে কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** শান্তিপুরের নদীয়াতে বিদ্যুৎ বিভ্রাটের জন্য কোন উৎপাদন কমেনি, বরঞ্চ বেড়েছে। ডিজেল লবি আছে, যারা দক্ষিণ ভারত থেকে বিতাড়িত হয়ে আমাদের এখানে ঘোরাফেরা করছে তারা কিছুটা চাষীদেরকে বিভ্রান্ত করছে। কিন্তু চাষীদের মধ্যে সেই বিভ্রান্তি ধীরে ধীরে কেটে উঠছে।

**শ্রী সৌগত রায় :** আমি যে কথাটা জিজ্ঞাসা করছিলাম যে সম্প্রতি প্রধানমন্ত্রী একটা এ্যাক্সিলারেটেড এগ্রিকালচারাল প্রোডাকশান-র ব্যাপারে বিভিন্ন রাজ্যে সার্কুলার পাঠিয়েছে, এবং প্ল্যানিং কমিশন রাজ্য বিদ্যুৎকে বলেছিলেন সেভেন্থ প্ল্যান পিরিয়ডের মধ্যে কমপক্ষে ৬০ হাজার টিউবওয়েলকে যাতে এর্নাজাইস করা যায়, কিন্তু আমাদের রাজ্য বিদ্যুৎ পর্ষদ সেটা বলছেন যে এটা করা যাবে না। এ ছাড়া আরো ওরা বলছেন যে ৩৮ হাজার ৭৪টি মৌজায় ইলেকট্রিফাইড করার কথা ছিল, ১৯৯২ সালের মধ্যে। কিন্তু এখন পর্যন্ত মাত্র ৬২ পারসেন্ট টার্গেট এ্যাচিভ করেছে। তাই আমি জানতে চাই যে, এ্যাক্সিলারেটেড এগ্রিকালচারাল প্রোডাকশানের ইনস্ট্রাকশান অনুযায়ী ওরা কি দায়িত্ব পালন করছেন, এই যে এ্যাচিভমেন্ট ৬২ পারসেন্ট, এটারই বা কারণ কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** এখন পশ্চিমবঙ্গে বিদ্যুতের যা পরিস্থিতি তাতে ডিপ টিউবওয়েল, আর, এল, আই, স্যালোতে বিদ্যুৎ দেওয়া সম্ভব। সুতরাং এখন ওয়ার্লড ব্যাংক, স্কীমে যে ডিপ টিউবওয়েল করা হচ্ছে সাইট সিলেকশান কমিটি সেগুলি করছে, তারা যা বলবে সেই অনুযায়ী সব জায়গায় বিদ্যুৎ দেওয়া যাবে, সেদিন থেকে অগ্রগতি ঘটার আশা আছে। অপরদিকে মৌজা বৈদ্যুতিককরণের যে প্রশ্ন এর বাধার কারণ হচ্ছে, অনেক জায়গায় ১৯৭২-৭৩ সালে বৈদ্যুতিককরণ করা হয়েছিল তার ৩/৪ শো মৌজায় কিছু নেই, সেখানে করে আবার নতুন করে মৌজা ধরা হচ্ছে। একদিন বিদ্যুৎ জ্বলেছিল কি জ্বলেনি খুঁটি দাঁড় করান ছিল, সেটা হিসাবের মধ্যে আছে যে বৈদ্যুতিককরণ হয়ে গেল, সেটা বাদ দিয়ে নতুন মৌজা করা যায় না। সুতরাং কিছু কিছু করে নতুন মৌজা করা হচ্ছে।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই ডিপ টিউবওয়েল, আর, এল, আই এবং স্যালো এনারজাইজ করার ব্যাপারে যে পদ্ধতি এখন আছে আপনার ডিপার্টমেন্ট এবং এগ্রি-ইরিগেশান-এর মধ্যে তাতে ট্রানসফর্মার চুরি গেলে প্রথমে আপনারা দিয়ে দিচ্ছেন তাড়াতাড়ি, তারপর চুরি হলে একটা দীর্ঘ বিলম্বিত ব্যবস্থা হয়ে যাচ্ছে, পাওয়ার ডিপার্টমেন্ট এবং এগ্রি-ইরিগেশান

ডিপার্টমেন্টের মধ্যে গোলমাল হচ্ছে। আমরা যে সমাজ ব্যবস্থার মধ্যে বাস করছি তাতে চুরি হবে, ট্রানস্ফরর্মার চুরি হলে প্রথমবার তাড়াতাড়ি সাবস্টিটিউট করা হয়, দ্বিতীয়বার চুরি হলে তাড়াতাড়ি সাবস্টিটিউট করা যাবে না কেন ব্যাপারটা ভেবে দেখবেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** যিনি বলছেন তাঁর জেলাতে বেশী চুরি হয়। তিনি একটা কমিটিতে আছেন, তবে চুরিটা একটু কমেছে। এই সম্পর্কে নির্দিষ্ট কোথাও অভিযোগ থাকলে দেখা যাবে।

**ডাঃ মানস ভুঁইয়া :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সমস্ত মৌজাগুলিতে আপনার দপ্তর থেকে অনুমোদন পাচ্ছে বৈদ্যুতিককরণ করার জন্য। বিশেষ করে ইরিগেশানের ক্ষেত্রে স্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল অনুমোদন পাওয়ার পর আপনার দপ্তর নতুন টেন্ডার করে বিশেষ বিশেষ কনট্রাকটরকে দিয়ে দেওয়া হচ্ছে যারা ওভারলোডেড হয়ে আছে, যার ফলে টাকা পড়ে আছে কিন্তু বিদ্যুৎ যাচ্ছে না বছরের পর বছর। এটাকে দ্রুততর করার ব্যাপারে আপনি ব্যক্তিগতভাবে কি ব্যবস্থা নেবেন জানবেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** মাননীয় সদস্য ভাল কনট্রাকটরের নাম প্রস্তাব করতে পারেন তাঁদের দিয়েও করাতে পারি।

**ডাঃ মানস ভূঞ্যা :** আমি কনট্রাকটরের দালালি করতে আসিনি, ইট ইজ ইন রিয়্যালিটি। আমি জানতে চাই উইল ইউ কনসিডার ইট ?

**শ্রী প্রবীর সেনগুপ্ত :** সরকারী ব্যবস্থায় টাকা খরচ করতে গেলে কতকগুলি নিয়ম প্রথা আছে, টেন্ডার ইত্যাদি করতে হয়। এটা বহুদিন থেকে চলে আসছে, সেজন্য সময় বেশী লাগবে। এর সবচেয়ে বড় বাধা হচ্ছে জিনিসপত্রের যোগান এবং ভাল কনট্রাকটর জোগাড় করা। এই যে বাধা আছে সেটা আসতে আসতে দূর করা হচ্ছে। মাননীয় সদস্যরা বিভিন্ন কমিটির সদস্য, তাঁরা এই ব্যাপারে যদি সাহায্য করেন তাহলে এগুলি দ্রুত করা সম্ভব হবে।

## Building for Urdu Academy

***29.** (Admitted question No. *126.) **Shri Sudip Bandyopadhyay:** Will the Minister-in-Charge of the Education (Higher) Department be pleased to refer to the reply to question No. *640C (Admitted question No. *943) on 2nd May, 1988 and state–

(a) the present position in the matter of construction of the building for the Urdu Academy in Calcutta; and

(b) further release of funds by the State Government for the above project, if any ?

**Shri Jyoti Basu :**

(a) The tender for the construction upto Basement roof level has been accepted by the Academy. The issuance of the work order is awaiting the execution of an agreement between the Academy and the

successful tenderer.

(b) This will be considered after the fund already allotted is utilised.

**[1.40 – 1.50 p.m.]**

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়ঃ** উর্দু একাডেমি কলকাতার মানুষের এবং উর্দু ভাষাভাষি মানুষের দীর্ঘদিনের দাবী। এর ভিত্তি প্রস্তর কত সালে স্থাপন করা হয়েছিল জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** সেই হিসেব এখন আমার কাছে নেই।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** ফাউনডেসন ষ্টোটন কে লে ডাউন করেছিল?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি করেছিলাম, কিন্তু তারিখটা মনে নেই।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** এই ভবনের জন্য রাজ্য সরকার কত টাকা বরাদ্দ করেছেন এবং কত টাকা এ পর্যন্ত দিয়েছেন জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমরা ১০ লক্ষ টাকা দিয়ে দিয়েছি এবং ওটা বাই ফেজেস দিতে হবে। সেই ১০ লক্ষ টাকা খরচ করা হয়নি এবং কেন দেরী হচ্ছে বুঝতে পারছি না। প্রথম পর্য্যায় হয়ে গেলে বাকী টাকা দেব। তবে তাদের বলিনি সমস্ত টাকা অমরা দেব। তাদের সঙ্গে আমাদের আলোচনা হবে এবং বাই ফেজেস আমরা টাকা দেব।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** আমি যতদূর জানি ১৯৮৪ সালে এর ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়েছিল। আমার প্রশ্ন হচ্ছে ১৯৮৪ সালের পর আজ ১৯৮৮ সালের মধ্যেও যে উর্দু একাডেমি হতে পারল না এটা কি রাজ্য সরকারের পক্ষে একটা ভয়ানক ব্যর্থতা নয়?

**Mr Speaker :** The question does not arise. It is a matter of opinion.

## বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পর্যায়ে পাঠ্যসূচী

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১০।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বর্তমানে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পর্যায়ে কোন্ কোন্ বিষয়ে পড়ানো হয়; এবং

(খ) এই বিশ্ববিদ্যালয়ে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মত প্রচলিত সাধারণ বিষয়ে স্নাতকোত্তর পর্যায়ে পড়ানোর কথা সরকার চিন্তা করছেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) বর্তমানে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পর্যায়ে নিম্নলিখিত বিষয়ে পড়ানো হয়।

১) অর্থনীতি ও গ্রামীন উন্নয়ন।

২) ফলিত গণিত (কম্প্যুটার বিজ্ঞান ও সামুদ্রিক বিজ্ঞান সহ)

৩) রাষ্ট্রনীতি ও গ্রামীন প্রশাসন।

৪) বাণিজ্য ও প্রশাসন।

৫) পাঠাগার বিজ্ঞান।

৬) উপজাতি সংস্কৃতি ও নৃতত্ত্ব।

(খ) হ্যাঁ। বিষয়টি বিবেচনাধীন আছে।

**শ্রী দেবপ্রসাস সরকার :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি সাধারণ শিক্ষার অন্তর্ভূক্ত বিষয়গুলো যেটা এই বিশ্ববিদ্যালয়ের পড়াবার কথা সেটা কতদিনের মধ্যে কার্য্যকরী করা যাবে এবং এই ব্যাপারে সরকারের কোন নির্দিষ্ট সময়সীমা আছে কিনা?

**শ্রী জ্যোতি বসু :** বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি কাউনসিল এবং পোষ্ট গ্র্যাজুয়েট ষ্টাডিস আমার কাছে একটা আবেদন করেছে এবং তাদের কি কি প্রয়োজন সেটা বলেছে। আর্টস এবং সায়েন্স ষ্ট্রীম আমার মনে হয় এটা বিবেচনা করার ব্যাপার। এই বছরের মধ্যে অনুমোদন দেব কিন্তু কোন্ কোন্ বিষয় দেব, কতগুলি দেব সেটা এখনই বলতে পারছি না।

**শ্রী দেব প্রসাদ সরকার :** সকলেই এই সিদ্ধান্তকে স্বাগত জানাবে কিন্তু যতক্ষণ পর্য্যন্ত না এই বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়কে একটি পূর্ণাংগ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা যাচ্ছে এবং সাধারণ বিষয়গুলি পড়াবার সুযোগ দেওয়া যাচ্ছে, ততক্ষণ পর্যন্ত ছাত্ররা দারুণ অসুবিধার মধ্যে থাকছে। ৩১টি কলেজের ছাত্রছাত্রীরা ১৮টি বিষয়ে অনার্স পড়ে, কিন্তু তারা পোষ্ট গ্র্যাজুয়েট ক্লাশে পড়তে পারছে না কারণ বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে সেই ব্যবস্থা নেই। আমার প্রশ্ন হচ্ছে, যতক্ষণ পর্যন্ত বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে এই ব্যবস্থা করা যাচ্ছে ততক্ষণ পর্য্যন্ত এই সমস্ত ছাত্র ছাত্রীদের কলকাতা বিশ্ববিদ্যালয়ে পড়বার ব্যবস্থা করা যাবে কি?

**শ্রী জ্যোতি বসু :** এই রকম কোন সিদ্ধান্ত হয়নি। তবে কিছু লোকের অসুবিধা হচ্ছে — এই রকম আবেদন আমরা পেয়েছি। এখনই কিছু নির্দিষ্টভাবে আমি বলতে পারব না। কারণ কলকাতা বিশ্ববিদ্যালয়ের সংগে আমাদের এখনো আলোচনা হয়নি।

**ডাঃ মানস ভূঁইয়া :** মেদিনীপুর জেলা বৃহত্তম জেলা এবং এই জেলা থেকে ছাত্ররা খুব ভাল রেজাল্ট করেছে। কলকাতা বিশ্ববিদ্যালয় এবং আমার কাছে এই জেলার পক্ষ থেকে আমি আবেদন করছি যে, যতক্ষণ পর্যন্ত না আপনার দপ্তর বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পর্যায়ে ১৮টি বিষয় চালু করতে পারছে ততক্ষণ পর্য্যন্ত আপনি দয়া করে মেদিনীপুর জেলার ছেলেদের স্নাতকোত্তর পর্যায়ে পড়ার জন্য কলকাতা বিশ্ববিদ্যালয় সমেত অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলিতে পড়ার সুযোগ করে দেবার ব্যবস্থা করতে পারবেন কিনা এই ব্যাপারে আপনার মতামত জানতে চাই।

**শ্রী জ্যোতি বসু :** আমি তো আগেই বলেছি যে, এখনই কিছু বলতে পারব না। এই ব্যাপারে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আমাদের একটু আলোচনা করতে হবে যে, ওদের সেই সুবিধা আছে কিনা, সুবিধা দিতে পারবে কিনা।

**শ্রী সুরজিত শরণ বাগচী :** বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় কোন্ কোন্ বিষয়ে স্নাতকোত্তর খোলবার

জন্য আপনার কাছে আবেদন করেছে, জানাবেন কি ?

**শ্রী জ্যোতি বসু :** ওরা বলেছেন আর্টস সাবজেক্টে বাংলা, ইতিহাস, Arts stream Archaeology Mental and Moral philosophy, English, Science Stream-Chemistry, Physies, Zoology, Forestry with soil conservation technology.

## Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received two notices of Adjournment Motion. The first is from Shri Sudip Bandyopadhya and Shri Sultan Ahmed on the subject of Report of the Pay Commission in West Bengal and the second is from Shri Mannan Hossain on the subject of alleged lathi-charge and tearges charge on the Yuba Congress workers in Burdwan District on 7.9.88.

The Subject matter of the first motion does not call for adjournment of business of the House and the subject matter of he second motion relates to day-to-day administration.

I, therefore, withhold my consent to both the motions, One Member of the party, may, however, read out the test of the motion as amended.

**শ্রী মান্নান হোসেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল —

কোচবিহারে পুলিশের গুলিতে ৩ জন যুব কংগ্রেস কর্মী নিহত হওয়ার প্রতিবাদে গতকাল ৭/৯/৮৮ তারিখে বর্ধমান জেলার যুব কংগ্রেসের ডাকা শান্তিপূর্ণ আইন অমান্যকারীদের ওপরে পুলিশ লাঠি চালায় এবং কাঁদানে গ্যাস ছোঁড়ে। ফলে বেশ কিছু যুব কংগ্রেস কর্মী আহত হয়েছে।

## Calling Attention to matter of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received three notices of Calling Attention, namely :–

| | | |
|---|---|---|
| 1. | Steps taken by the State Government to meet the growing demand of Milk. | : Shri Jayanta Kumar Biswas |
| 2. | Closure of Hudsi Primary Health Centre of Murshidabad district. | : Shri Manan Hossain. |

3. Reported hunger Strike of
census workers at Calcutta: Shri Suresh Sinha.

I have selected the notice of Shri Mannan Hossain on the subject of closure of Hudsi Primary Health Centre of Murshidabad district.

The Minister-in-charge will please make a statement, today, if possible, or give a date.

**Shri Abdul Quiyom Molla :** On 9th September, 1988, Sir.

**Mr. Speaker :** Now the Minister-in-charge of Local Government and Urban Development Department to make a statement on the subject of reported violence in the bye-election in Ward No.46 of Calcutta Municipal Corporation.

(Attention called by Dr. Sudipto Roy on the 5th September, 1988).

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডাক্তার সুদীপ্ত রায় যে দৃষ্টি আকর্ষণী নোটিশ দিয়েছেন বিগত - সেপ্টেম্বর ১৯৮৮ সালের অনুষ্ঠিত কলিকাতা কর্পোরেশনের ৪৬নং ওয়ার্ডের অনুষ্ঠিত উপ-নির্বাচনে হিংসাত্মক ঘটনার ব্যাপারে, তার জবাবে আমি এই বিবৃতি দিচ্ছি।

কলিকাতা কর্পোরেশনের ৪৬নং ওয়ার্ডটি হেয়ার স্ট্রীট, বৌবাজার এবং তালতলা থানার অধীনে পড়ে। সেখানে ৬টি ভোটগ্রহণ এলাকা এবং ১৮টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। ঐদিন অর্থাৎ ৪ সেপ্টেম্বর ১৯৮৮, ৪৬ নং ওয়ার্ডে উপ-নির্বাচনের ভোট নেওয়া হয় সকাল ৭.৩০ মিনিট থেকে বিকাল ৪.৩০ মিনিট পর্যন্ত।

রিপোর্ট অনুযায়ী নির্বাচনী ক্ষেত্রে ১০টি আলাদা আলাদা স্থানে বোমা, পটকা ছোঁড়ার কিছু ঘটনা ঘটেছিল। জানা যায় যে, সকাল ১১.২০ মিনিট নাগাদ ম্যাডাম স্ট্রীট এবং মেরিডিথ স্ট্রীটের সংযোগস্থলে একটি চলন্ত ট্যাক্সি থেকে গোটা দুয়েক পটকা ছুঁড়ে মারা হয়। এতে সি. পি. আই (এম) পোলিং ক্যাম্প থেকে সি. পি. আই (এম) সমর্থকরা ঐ ট্যাক্সিটিকে ধাওয়া করতে থাকেন। যদিও টাক্সিটিকে ধরা সম্ভব হয়নি। এর পরে সি. পি. আই. (এম) এবং কংগ্রেস (আই) সমর্থক দুটি দলের মধ্যে বিক্ষিপ্ত সংঘর্ষ শুরু হয় যাতে দুজন সি. পি. আই (এম) সমর্থক শ্রী দেবাশিষ রায় এবং শ্রী গৌতম গুছাইত আহত হন। পুলিশের হস্তক্ষেপে ব্যাপারটি নিয়ন্ত্রণে আসে। পুলিশকে এখানে দুই রাউন্ড কাঁদানে গ্যাস প্রয়োগ করতে হয়েছিল।

এরপর মতিশীল স্ট্রীট, মেট্রো গলি, বেন্টিঙ্ক স্ট্রীট এবং ম্যাডাম স্ট্রীটে বোমা ফাটার ঘটনা ঘটেছিল। এ ব্যাপারে ৫টি পুলিশ কেস রুজু করা হয়েছে। বৌবাজার থানা এলাকার একটি ঘটনায় শ্রী আবদুর রউফ আন্‌সারী এবং আর একজন কংগ্রেস (আই) নেতা শ্রী দুলাল রায় আহত হয়েছেন বলে রিপোর্ট এসেছে। শ্রী আনসারীকে প্রাথমিক চিকিৎসার পর হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয় এবং শ্রী দুলাল রায়কে হাসপাতালে ভর্ত্তি করতে হয়েছে। একজন কংগ্রেস (আই) কাউনসিলারের সামান্য আঘাত লেগেছে বলে শোনা গেছে। একটি প্রাইভেট গাড়ী এবং দুটি স্কুটার ভাঙচুর হয়েছে

বলে খবর এসেছে তিনজন পুলিশ সহ মোট বার জন এই ঘটনাগুলিতে আহত হয়েছেন বলে জানা গেছে।

পুলিশ এ ব্যাপারে পনের জনকে গ্রেপতার করেছে। যতদূর জানা যায় ম্যাডাম স্ট্রীট এবং মেরিডিথ স্ট্রীটের সংযোগস্থলে ট্যাক্সি থেকে যে বোমা ছোঁড়ার প্রথম ঘটনাটি ঘটেছিল তার ফলশ্রুতি হিসাবে, পরবর্ত্তী ঘটনাগুলি ঘটতে থাকে। ভোটগ্রহন কেন্দ্র থেকে দূরে রাস্তার ওপর এই দু একটি হিংসাত্মক ঘটনা ছাড়া ভোট গ্রহনের কাজ শান্তিপূর্ণভাবেই অনুষ্ঠিত হয়। এই ঘটনাগুলিতে ভোটগ্রহণ বিঘ্নিত হয়নি। কারণ ভোট কেন্দ্রের ভেতরে কোন ঘটনা ঘটেনি। পুলিশী ব্যবস্থাও যথেষ্ট ছিল। ঘটনাগুলির ব্যাপারে পুলিশ তৎক্ষনাৎ ব্যবস্থাও নেয়।

নির্বাচনী কর্ত্তৃপক্ষের কাছে যে অভিযোগ তোলা হয়েছে তার মধ্যে রয়েছে কংগ্রেস (আই) কর্ত্তৃক তাদের নির্বাচনী এজেন্ট প্রত্যাহার এবং ভুয়া ভোট ও বুথ দখল সম্পর্কে কিছু সাধারণ অভিযোগ কোনো নির্দিষ্ট অভিযোগ নয়। নির্বাচনী কর্ত্তৃপক্ষের রিপোর্ট থেকে দেখা যাচ্ছে যে অভিযোগগুলি যথাবিহিত খতিয়ে দেখা হয়েছে এবং জানা গেছে যে এগুলি সঠিক নয়।

**[1.50 – 2.00 p.m.]**

## LAYING OF REPORTS

Twentieth, Tewnty-first, Twenty-second, Twanty-third and Twenty-fourth Annual Reports and Accounts of the Kalyani Spinning Mills Limited for the Years 1979-80 to 1983-84.

**Shri Abdul Quiyom Molla :** Hon'ble Speaker, Sir, with your permission I beg to lay the Twentieth, Twenth-first, Twenty-second, Twenty-third and Twenty-fourth Annual Reports and Accounts of the Kalyani Spinning Mills Elimited for the years 1979-80 to 1983-84.

The Twenty-sixth Annual Report of the Durgapur Projects Limited for the year 1986-87.

**Shri Prabir Sen Gupta :** Hon'ble Speaker, Sir, I beg to lay the Twenty-sixth Annual Report of the Durgapur Projects Limited for the year 1986-87.

Twenty-forth and Twenty-fifth Annual Reports on the Working and Affairs of the Electro-Medical and Allied Industries Limited for the years 1984-85 and 1985-86.

## LAYING OF RULES

### West Bengal Suppression of Immofal Traffic in Women and Girls Rules, 1985

**Shri Debabrata Bandyopadhyay :** Hon'ble Speaker, Sir, I beg to lay the West Bengal Suppression of Immoral Traffic in Women

and Girls Rules, 1985.

**Mr. Speaker :** I will now request the Minister-in-Charge, Home (Parliamentary Affairs) to make a statement under 346.

**শ্রী আবদুল কাইয়ুম মোল্লা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে আগামী বৎসর হতে পশ্চিমবঙ্গে বিদ্যালয়-শিক্ষাবর্ষ পরিবর্তন সম্পর্কে শ্রী কান্তি বিশ্বাস, শিক্ষামন্ত্রী (প্রাঃ ও মাঃ) এর বিবৃতি এই সভায় পেশ করছি।

আমাদের রাজ্যে বিদ্যালয় শিক্ষাবর্ষ জানুয়ারী মাস থেকে শুরু হয়। কিন্তু ভারতবর্ষের রাজ্যগুলির মধ্যে যতদূর জানা গেছে শুধু আসাম ও ত্রিপুরায় ঐ একই সময় হতে বিদ্যালয় শিক্ষাবর্ষ আরম্ভ হয়। বাকি রাজ্য গুলিতে এপ্রিল থেকে জুলাই এর কোন এক সময় থেকে বিদ্যালয় শিক্ষাবর্ষ আরম্ভ হয়। আমাদের রাজ্যে শিক্ষাবর্ষ পরিবর্তন করে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সাথে মোটামুটি একই সময় হতে আরম্ভ করার বিষয়টি বিগত কয়েক বছর ধরে বিভিন্ন মহলে আলোচিত হয়ে আসছে। বিষয়টি সম্পর্কে রাজ্যের বিদ্যালয় শিক্ষকদের সকল সংগঠন ঐক্যমত হয়ে এই প্রস্তাবের পক্ষে অভিমত প্রকাশ করেছেন। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদও দীর্ঘ কর্মশালা ও আলোচনা সভা সংগঠিত করে সর্ব্বসম্মতভাবে সরকারের নিকট এই সুপারিশ করেছে যে আমাদের রাজ্যে বিদ্যালয় শিক্ষাবর্ষ ১লা মে থেকে শুরু হোক।

এই শিক্ষাবর্ষ জানুয়ারীর পরিবর্তে মে থেকে শুরু হলে নিম্নলিখিত প্রধান প্রধান সুবিধাগুলি পাওয়া যাবে ঃ—

১) পঠন-পাঠনের দিন অন্ততঃ ২৫ দিন বৃদ্ধি পাবে।

২) জলবায়ুর বিচারে নভেম্বর হতে ফেব্রুয়ারী মাস বৎসরের শারীরিক ও মানসিক পরিশ্রমে ক্ষেত্রে সব থেকে ভাল সময়। বর্তমান ব্যবস্থায় এই সময় পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশ, ইত্যাদির কাজ সম্পাদিত হয়। পঠন-পাঠন খুবই কম হয়। পরিবর্তিত ব্যবস্থায় এর পুরো সময়টাই পঠন-পাঠনের কাজে ব্যয় করার সুযোগ পাওয়া যাবে।

৩) সর্বভারতীয় ক্ষেত্রে একই সময় হতে বিদ্যালয় শিক্ষাবর্ষ শুরু হলে কোন সময় নষ্ট না করে আমাদের রাজ্যে ও বাইরের রাজ্যগুলির মধ্যে অনিবার্য কারণে ছাত্রদের গমন্য-গমন সহজ করা যাবে।

৪) সর্বভারতীয় যে প্রতিযোগিতামূলক অনুষ্ঠান ও পরীক্ষা হয় সে ক্ষেত্রেও পশ্চিমবঙ্গের শিক্ষার্থীরা যে অসুবিধার মধ্যে আছে তাও দূরীভূত হবে।

৫) বছরের জুলাই মাস থেকে উচ্চ মাধ্যমিক বর্ষ শুরু হয়। আর অন্যান্য শ্রেণী জানুয়ারী মাস থেকে শুরু হয়ওার ফলে বিদ্যালয়ের রুটীন ও অন্যান্য পঠন তালিকায় কিছুটা বিঘ্ন সৃষ্টি হয়। পরিবর্তিত ব্যবস্থায় সে অসুবিধা দূরীভূত হবে।

কোন কোন ক্ষেত্রে কিছুটা অসুবিধা হলেও সামগ্রিকভাবে এই পরিবর্তনের দ্বারা অনেক বেশি সুবিধা পাওয়া যাবে। এই কথাই বিবেচনা করে পর্ষদের সুপারিশ অনুযায়ী এই রাজ্যে প্রাথমিক হতে মাধ্যমিক স্তর পর্যন্ত বিদ্যালয় বর্ষ আগামী ১লা মে হতে শুরু হবে। ১০ম শ্রেণীর পঠন-পাঠন আগমী বছর অক্ষুন্ন রাখার জন্য বর্তমানের ৯ম শ্রেণীর পরীক্ষা শুধু আগামী ডিসেম্বর মাসে গ্রহণ করা হবে। বাকী সমস্ত বাৎসরিক পরীক্ষা মার্চ মাসের শেষে গৃহীত হবে। পর্ষদের এই সুপারিশ সরকার গ্রহণ করে

এই সিদ্ধান্ত করেছেন যে, আগামী ১লা মে হতে রাজ্যব্যাপী শিক্ষাবর্ষ শুরু হবে।

## MENTION CASES

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একজন দক্ষ, আইনজ্ঞ এবং সংসদীয় রীতিনীতি এবং সরকারী রীতিনীতি সম্পর্কেও যথেষ্ট ওয়াকিবহাল এবং প্রাজ্ঞ। কাজেই আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বিষয়টির গুরুত্ব বিবেচনা করে আপনি যাতে বিষয়টির প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করেন, এই উদ্দেশ্য নিয়ে এই গুরুত্বপূর্ণ বিষয়টি আপনার কাছে রাখছি। আপনি জানেন যে সরকারী প্রশাসন, সেই প্রশাসনকে সৎ এবং পরিচ্ছন্ন ও দুর্নীতিমুক্ত রাখার জন্য ভিজিলেন্স কমিশনের সৃষ্টি। এই ভিজিলেন্স কমিশন সরকারের বিভিন্ন দপ্তরগুলিতে শুধু ব্যাপক দুর্নীতির বিরুদ্ধেই অভিযান চালায় না, দুর্নীতি প্রতিরোধ করার জন্য সরকারকে কার্যকরী সুপারিশ এবং পরামর্শ দিয়ে সাহায্য করে থাকেন। ফলে যে কোন সরকার যারা সিরিয়াসলি প্রশাসনকে দুর্নীতিমুক্ত রেখে সরকার পরিচালনা করতে চান তারা এই ভিজিলেন্স কমিশনের কার্যকলাপের উপর, ইফেক্টিভ ফাংশানের উপর যথেষ্ট গুরুত্ব আরোপ করবেন এবং এটাই স্বাভাবিক। কিন্তু আজকে পশ্চিমবঙ্গ সরকার যে ভাবে ভিজিলেন্স কমিশনের বিষয়টি দেখছেন তাতে তারা আদৌ ভিজিলেন্স-কমিশনকে রাখতে চান, না তুলে দিতে চান - এটাই আজকে সাধারণ মানুষের কাছে আজকে প্রশ্ন হিসাবে দেখা দিয়েছে। এটা আমার কথা নয়। গত ৫ই সেপ্টেম্বর এই বিধানসভায় রুলস অনুযায়ী বিধানসভার সদস্যদের কাছে ভিজিলেন্স কমিসনের এ্যানুয়াল রিপোর্ট পেশ করার কথা, লে করার কথা। সেটা লে করা হয়েছে 16th Annual Report of the Vigilance Commission is West Bengal সেই রিপোর্টের যে কথা বলেছেন তার সামান্য একটা অংশ আমি পড়ে দিচ্ছি তাহলে বুঝতে পারবেন। সেখানে বলছে— The Commission, however, notices with disappointment the fact that the points made out in the previous reports are not properly attended to by the authorities concerned. The Commission takes pains to highlit failings of the different authorities in important cases/matters, the intention being not to find fault with them but to rectify their shortcomings. It has, however, been the Commission's experience that a number of its reports go abegging. Unless the different departments of the State Government realise that the Commission is there to help them run a clean administration, the very purpose for which the Commission was set up will be frustrated and the large expenditure, made by Government on maintaining the Commission, will result in a wastage of public money. It is only with the help of a clean administration that the elected Government can implement their clean administration that the elected Government can implement their policies quickly and fully.

**[2.00 – 2.10 p.m.]**

স্যার, আপনি নিশ্চয়ই এটা অনুধাবন করছেন। আজকে কমিশনের রিপোর্টের যে বক্তব্য — আজকে এই ভাবে দেখুন ১৯৮০ সালের এ্যানুয়্যাল রিপোর্ট আজকে ১৯৮৮ সালে দেওয়া হচ্ছে।

ফলে ভিজিলেন্স কমিশনের ফাইন্ডিংসগুলো ভায়লেট হচ্ছে, ঘটনা ঘটে যাবার পর এতদিন পরে কেউ রিটায়ার করে যাচ্ছে, তাদের ধরা যাচ্ছে না, ভিজিলেন্স কমিশন যে নির্দেশ দিচ্ছে, সেইগুলোকে ভায়লেট করা হচ্ছে, নাম্বার অব কেসেস এই রকম আছে।

**শ্রী বিমলানন্দ মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত ক্ষোভের সঙ্গে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি, আপনার মারফৎ মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করার জন্য। গত ১২ বছর ধরে একটা বিষয় কার্য্যকরী করার জন্য চেষ্টা করছি, ফলপ্রসু আজ পর্যান্ত হয়নি। আমার নির্বাচন কেন্দ্র শান্তিপুরের গ্রামীণ হাসপাতালকে ষ্টেট জেনারেল হাসপাতালে উন্নীত করার জন্য তিন বছর আগে সরকারী আদেশ এল যে, এটা ষ্টেট জেনারেল হাসপাতাল হচ্ছে। আদেশ গেল, সাইনবোর্ডের পরিবর্তন হল, গ্রামীন হাসপাতালের বদলে ষ্টেট জেনারেল হাসপাতাল সাইনবোর্ড লাগানো হলো, সেখানকার মেডিকেল অফিসারের ডেসিগনেশন চেঞ্জ করে সুপারিন্টেন্ডেন্ট করা হলো, কিন্তু গত তিন বছর ধরে সেই ৫০ বেডের হাসপাতাল, ৫০ বেডেই আছে, ডাক্তারের কোন ব্যবস্থা হয়নি। প্রতিদিন ৪০০ থেকে ৫০০ আউটডোর পেশেন্ট হয়। আমি সি. এম. ও. এইচ. এবং পি. ডবলিউ. ডি. কনস্ট্রাকশনকে দিয়ে একটা ১ কোটি ২০ লক্ষ টাকার পরিকল্পনা দিয়েছিলাম এবং সেটা স্বাস্থ্য দপ্তরে যায়। অনেক চেষ্টার পর তাঁরা ৮৬ লক্ষ টাকার মত মঞ্জুর করে অর্থ দপ্তরে পাঠানো হয়, আমি জেনেছিলাম মৌখিক ভাবে সব হয়ে গেছে, খালি একটা অর্ডার যাবে কার্য্যকরী করার জন্য। কিন্তু আজ পর্যান্ত কিছু হলো না। এটা একটা অদ্ভুত জিনিস, আমি আবার নজরে আনতে চাইছি, আলোচনা খানিকটা করলাম, স্বাস্থ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর সঙ্গে, কিন্তু এখনও কিছু হয়নি। আমি আশা করবো, এই রকম একটা ব্যাপার, আশেপাশে নানা জায়গায় নূতন নূতন হাসপাতাল হচ্ছে, কিন্তু এক লক্ষ ২০ হাজার মানুষের ঐ শহরে বাস, সারা থানায় অনেক বেশী, এই রকম একটা পুরাণ শহরে ষ্টেট জেনারেল হাসপাতাল করতে এত দেরী কেন হচ্ছে, এই বিষয়ে যেন সত্বর কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রী সত্য রঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে কুচবিহারে গনতান্ত্রিক আন্দোলন করতে গিয়ে কংগ্রেসের উপর পুলিশ গুলি করলো, তাতে আমাদের কংগ্রেস কর্মী খুন হয়েছে। আমরা একটা বিচার বিভাগীয় তদন্তের দাবী তুলেছিলাম, এই বিষয়ে একটা জুডিশিয়্যাল এনকোয়ারী হোক, কিন্তু উদ্বেগের বিষয়, মুখ্যমন্ত্রী জুডিসিয়াল এনকোয়ারী করাতে এত ভীত কেন জানিনা, আমাদের কাছে খবর আছে পুলিশ দপ্তর থেকে জানানো হয়েছে, সেই সংবাদ আমাদের কাছে আছে, পাছে এই তথ্য বিচার বিভাগীয় তদন্ত হলে তা পরিষ্কার হয়ে যায় এবং তাতে অনেক বড় বড় অফিসার ধরা পড়ে, তার জন্য মুখ্যমন্ত্রী বিচার বিভাগীয় তদন্ত করাননি, বরং মুখ্যমন্ত্রী অত্যন্ত দ্ব্যর্থহীন ভাষায় বলেছেন গুলি করেছে এবং আরও গুলি করবে, এর থেকে স্বৈরতান্ত্রিক কথা আর কী হতে পারে। আমি মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই, গনতান্ত্রিক আন্দোলনে পুলিশ হস্তক্ষেপ করবে না বলে বামফ্রন্ট সরকার বলেন, কিন্তু জ্যোতি বসু যা বলেন তাই করেন। সেই জন্য বলছি, আজকে কুচবিহারে হাজার হাজার লোক আইন অমান্য করছে, সেখানে যাতে আবার পুলিশী নির্যাতন না হয় তার জন্য আপনার মাধ্যমে এই বিধানসভায় মাননীয় মুখ্যমমন্ত্রীর কাছে বিশেষভাবে জানাতে চাই।

**শ্রী বিজয় বাগদি :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বীরভূম জেলায় ভীমগড় থেকে শিউড়ি পর্যন্ত যে রাস্তাটি আছে সেই রাস্তাটিতে হিংলো এবং শালনদীর ওপর যে সেতুগুলি আছে, সেগুলি বর্ষার সময়ে অধিকাংশ দিনই জলে ডুবে থাকে! ফলে লোকেদের যাতায়াত করতে খুবই অসুবিধা হয়।

তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর ঐ সেতুগুলির প্রতি দৃষ্টি আকর্ষণ করে তাঁকে অনুরোধ করছি যে, অবিলম্বে ঐ সেতুগুলিকে উঁচু করে নির্মাণ করার ব্যবস্থা করুন।

**শ্রী মান্নান হোসেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্টমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিগত ২৪.৬.৮৮ তারিখে মুর্শিদাবাদ জেলায় কাট্‌রা মসজিদকে কেন্দ্র করে যে মর্মান্তিক ঘটনা ঘটেছে তার পর থেকে আমরা লক্ষ্য করে দেখছি, মুর্শিদাবাদ জেলায় আইন-শৃংখলার চরম অবনতি ঘটেছে। ওখানে দিনের পর দিন একের পর এক খুনের ঘটনা ঘটছে। কোন সময়ে ডেড বডি পাওয়া যাচ্ছে, কোন সময়ে লাশ পর্য্যন্ত উদ্ধার হচ্ছে না। আমরা আরো লক্ষ্য করছি যে, যারা এই সমস্ত খুন করছে তাদের গ্রেপ্তার করা হচ্ছে না। ২৪.৬.৮৮ তারিখের কাটরা মসজিদের ঘটনার পর ২৫.৬.৮৮ তারিখে হিকমপুর থানার নিমাই শেখ বলে একজন খুন হন। কিন্তু তার লাশ আজ পর্যন্ত পাওয়া যায়নি। ২.৭.৮৮ তারিখে হরিহর পাড়া থানার খিদিরপুর গ্রামের মাখনলাল বিশ্বাস খুন হন, তাঁর লাশও উদ্ধার হয় নি। ৭.৮.৮৮ তারিখে দৌলতাবাদের জ্যোতিষ দেবনাথ খুন হন। ৯.৭.৮৮ তারিখে রানীনগর থানার মোলডাঙ্গা গ্রামে আমিনুল শেখ খুন হন। ১২.৮.৮৮ তারিখে জিয়াগঞ্জ থানার সকলদীপ শর্মা নামে একজন কংগ্রেস কর্মীকে মেরে ফেলা হয়। তার লাশও পাওয়া যায় নি। ৩০.৭.৮৮ তারিখে লালবাগ থানার সুভাষ গুহঠাকুরতাকে মেরে ফেরা হয় হরিহর পাড়া থানার খিদিরপুরে। ঐ দিনই কালিমুদ্দিন শেখ এবং কুমির শেখকে খুন করা হয়। এবং ঐ একই দিনে লালবাগ থানার দিয়ার গ্রামে একজনকে খুন করা হয়। ৭.৯.৮৮ তারিখে লালবাগ থানার টিকটিকি গ্রামে রাজু বিবি নামে একজন মহিলাকে খুন করা হয়। ৫.৭.৮৮ তারিখে পুষ্পনাথ রায় বহরমপুর থানার মধুপুরের বাড়ি থেকে বেরিয়ে আর ঘরে ফেরেন নি। ২৫.৭.৮৮ তারিখ কংগ্রেস কর্মী শিবশংকর হালদার খড়গ্রাম থানার বানুর গ্রামে সি পি এম-এর লোকেদের দ্বারা খুন হন। মুর্শিদাবাদ জেলায় প্রত্যহ এই জিনিস চলছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবিলম্বে মুর্শিদাবাদ জেলায় শান্তি ফিরিয়ে আনার জন্য এবং ঐসমস্ত খুনের কিনারা করার জন্য আমি বিষয়টির প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(এই সময় কংগ্রেস পক্ষের একাধিক সদস্য দাঁড়িয়ে উঠে বলেন ঃ— স্যার, সভায় কোন মন্ত্রী উপস্থিত নেই। সভা বন্ধ করে দিন।)

(প্রচণ্ড গোলমাল হয়)

**শ্রী পাণ্ডব কুমার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন পুরুলিয়া জেলা একটি খরা পীড়িত অনগ্রসর জেলা। এই জেলার বেশীরভাগ মানুষই কেবলমাত্র কৃষির উপর নির্ভরশীল। অথচ পুরুলিয়া জেলায় একটিও হিম-ঘর নেই। হিম-ঘর না থাকার ফলে প্রতি বছর জেলার গরীব কৃষকদের বহু ফসল নষ্ট হচ্ছে এবং তারা উৎপাদিত ফসলের ন্যায্য দাম পাচ্ছে না। হিম-ঘর না থাকার ফলে চাষীরা ফসল কম দামে বিক্রি করে দিতে বাধ্য হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে কৃষি মন্ত্রীর কাছে আবেদন করছি যে, অবিলম্বে ওখানে একটা হিম-ঘর করার ব্যবস্থা করা হোক।

**[2.10 – 2.20 p.m.]**

**শ্রী অশোক ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে কোন মন্ত্রীকে দেখতে পাচ্ছি না। যদি উল্লেখপর্বকে সিরিয়াস মনে করেন তাহলে মন্ত্রীসভার একজনকে আনুন।

**মিঃ স্পীকার ঃ** ঠিক আছে আপনি বলুন, আমি খবর পাঠাচ্ছি।

**শ্রী অশোক ঘোষ ঃ** আমি একটি অদ্ভুত ব্যাপারের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমরা এমন একটি রাজ্যে বাস করছি যে রাজ্যটির নাম হচ্ছে পশ্চিমবঙ্গ। আপনি জানেন, ভোটার লিষ্ট তৈরী করার জন্য এন্যুমারেটর নিয়োগ করা হয়েছিল। সেখানে বেছে বেছে বামফ্রন্টের সি. পি. এম ক্যাডারদের এন্যুমারেটর হিসাবে নিয়োগ করা হয়েছিল। এবং তারই ফলশ্রুতি হিসাবে যে ভোটার লিষ্ট বেরিয়েছে তাতে সাংঘাতিক ব্যাপার দেখতে পাচ্ছি। আমরা যখন বলেছিলাম যে এন্যুমারেটররা বাড়ী বাড়ী যাচ্ছে না, তখন আপনারা কর্ণপাত করেননি। সংশোধিত যে ভোটার তালিকা হচ্ছে তাতে প্রত্যেক বাড়ীতে এদের যাওয়া উচিৎ ছিল। কিন্তু তারা তা করেনি। আশ্চর্যের বিষয়, বালি, উত্তর হাওড়া, মধ্য হাওড়া এবং দক্ষিণ হাওড়া এই ৪টি কেন্দ্রে যেখানে কংগ্রেস ১৯৮৭ সালে জিতেছিল, এখন যে ভোটার তালিকা হয়েছে তাতে এই ৪টি কেন্দ্রের ১২ হাজার ভোটার কমে গেল। শহরে নতুন নতুন অট্টালিকা হচ্ছে। ১২।১৩।১৪ তলা বাড়ী হচ্ছে, হাওড়া করপোরেশন সাংসন দিচ্ছে, আইনেই হোক, আর বে-আইনী হোক, সেখানে ১২ হাজার ভোটার কমে গেল আর গ্রাম এলাকায় শিবপুর, ডোমজুর, জগৎবল্লভপুর, উদয়নারায়নপুর সেখানে ৪০ হাজার ভোটার বেড়ে গেল। সেখানে শহরে এখন মানুষ বেশী যাচ্ছে, নতুন নতুন বাড়ী তৈরী হচ্ছে, সেখানে ১২ হাজার ভোটার কমিয়ে দিল যেখান থেকে কংগ্রেস জিতে এসেছে। নককারজনকভাবে সি. পি. এমের আলিমুদ্দিন ষ্ট্রীট থেকে এইরকম নির্দেশ দিয়ে এইভাবে ভোটার লিষ্ট তৈরী করা হয়েছে। সেখানে যে এল.এল.এ বসিয়েছে সি. পি. এম কররেড থেকে দেওয়া হয়েছে। এটা একটা বিরাট ব্যাপার হয়ে যেতে পারে। আপনি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে এই ব্যাপারটি সম্পর্কে বলুন এবং যথাযথ ব্যবস্থা নিন।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি উদ্বেগজনক ঘটনার প্রতি মাননীয় পশু চিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ছাতনা থানা এলাকায় গলাকাট সন্নিপাত রোগ এপিডেমিক আকারে দেখা দিয়েছে। গত ৭।৮ দিনে এই রোগে ছাতনা থানা এলাকায় ৭০০।৮০০ গরু-মোষ মারা গেছে। এখন পর্যন্ত সেখানে গরু-মোষ আক্রান্ত হচ্ছে এবং প্রতিদিন মারা যাচ্ছে। এরফলে সেখানকার দরিদ্র, নিম্ন-মধ্যবিত্ত চাষীরা মাথায় হাত দিয়ে বসেছে। এই রোগ প্রতিরোধের জন্য যে ভ্যাকসিন দেওয়া হয় তার সববরাহ নেই, যদিও রেডিওতে ঘোষণা করা হয়েছে যে সরকারী ডিসপেনসারীতে এই ভ্যাকসিন পাওয়া যায় কিন্তু সেই ভ্যাকসিন পাওয়া যাচ্ছে না। এটা খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার। আমি আপনার মাধ্যমে মাননীয় পশু চিকিৎসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো তিনি যেন এই সম্পর্কে খোঁজ-খবর নিয়ে আগামীকাল বিধানসভায় বক্তব্য রাখেন যে এই রোগের চিকিৎসার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা জানান।

**ডাঃ সুদীপ্ত রায় ঃ** স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ব্যারাকপুর ট্রাংক রোড শুধু উত্তর শহরতলির গুরুত্বপূর্ণ রাস্তা নয়, এই রাস্তা যেমন উত্তর কলকাতার সঙ্গে যোগাযোগ রাখে, ঠিক তেমনি উত্তর ভারতের সঙ্গেও কলকাতার যোগাযোগ রক্ষা করে। এই রাস্তা দিয়ে প্রায় প্রতি দিন কয়েক লক্ষ মানুষ কলকাতায় আসে এবং কয়েক হাজার টন পণ্যদ্রব্য দেশের বিভিন্ন প্রান্ত থেকে কলকাতায় আসে। এই বি. টি. রোডের অবস্থা অত্যন্ত খারাপ। প্রতিদিন কাগজে দেখবেন এই রাস্তার কোন না কোন একটা দুর্ঘটনা হচ্ছে, কেউ না কেউ আহত বা নিহত হচ্ছে। গত বছর বাজেট অধিবেশনে আমি এই রাস্তাটির কথা বলেছিলাম, আজ পর্যান্ত এই রাস্তা সারাবার কোন ব্যবস্থা হল না। বাঙালীর সর্বশ্রেষ্ঠ উৎসব দুর্গাপূজা এবং মুসলমানদের ঈদ উৎসব এসে গেল, এখন পর্য্যন্ত রাস্তাটি সারাবার কোন ব্যবস্থা সরকার করলেন না। বড় বড় গর্তের মধ্যে গাড়ী ঘোড়া পড়ে যাচ্ছে, মানুষ আহত বা নিহত হচ্ছে এবং আরও বড় রকমের দুর্ঘটনা হতে পারে।

কাজেই পূর্ত মন্ত্রিমহাশয় সত্বর ব্যবস্থা গ্রহণ করুন, না হলে আমার নির্বাচনী এলাকা বেলগেছিয়া পশ্চিমের অধিবাসীরা কিন্তু এই বি. টি. রোডে বসে পড়ে রাস্তা অবরোধ করবে। তার দায়িত্ব আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে দিয়ে গেলাম।

**শ্রী মোহন সিং রাই ঃ** উপস্থিত না থাকায় মাননীয় অধ্যক্ষ মহাশয় পরবর্তী বক্তাকে আহ্বান করেন।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গভীর উদ্বেগের সঙ্গে জানাতে চাই যে, সংবাদপত্রে দেখলাম বিরোধী দলের মাননীয় নেতা সাত্তার সাহেব এবং মান্নান সাহেব সাংবাদিকদের কাছে একটা মন্তব্য করেছেন গত ৬ তারিখে মুর্শিদাবাদের আমার নির্বাচনী কেন্দ্র হরিহরপাড়ায় যে খুন হয়েছে তাকে আর. এস. পি. এবং সি. পি. এমের সংঘর্ষ বলে অভিহিত করেছেন, এটা সম্পূর্ণ অসত্য কথা। আমি চ্যালেঞ্জ করে উল্লেখ করছি যে এই খুনের জন্য দায়ী বহরমপুরের কংগ্রেস (আই) য়ের লোকেরা। তারা যে কংগ্রেসের মদতপুষ্ট সেকথা আমি একের পর এক উল্লেখ করে দেখাচ্ছি। গ্রামের সাধারণ মানুষরা খিদিরপুরে খুনী বাহিনীদের দুবার আক্রমণ করে তাদের প্রতিরোধ করেছে এটাই হচ্ছে অপরাধ। এদের হাতে কলিমুদ্দিন এবং কুবীর খুন হয়েছে, মেকাইল জখম হয়ে হাসপাতালে আছে। এখন নিজেদের দোষ চাপা দেবার জন্য বলা হচ্ছে সি. পি. এম, আর. এস. পি. সংঘর্ষ হয়েছে। এই নাম করা কংগ্রেসী মস্তানদের আবুল, কালাম, আজাদ নাম কে না জানে? এই যে ডিসেম্বর মাসে আবদুস সাত্তার সাহেব শহীদ দিবস পালন করতে গিয়েছিলেন সেটা কি আর. এস. পি'র জন্য, না কংগ্রেসের জন্য? যদি আর. এস. পি'র লোকই হবে তাহলে খিদিরপুরে তিনি কেন গেলেন? যাইহোক আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই খুনে বাহিনী, লুঠেরা সমাজবিরোধীদের কঠোর হস্তে দমন করুন। ওরা আমাকেও হুমকি দিচ্ছে এবং পঞ্চায়েত সমিতির সভাপতিকে খুন করার চেষ্টা করছে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ২০০ জন নিরীহ তীর্থযাত্রী - তাঁরা ২১.৮.১৯৮৮ তারিখে হাওড়া থেকে তারকেশ্বর যাচ্ছিলেন, সময় সকাল ৭টা, প্ল্যাটফর্ম নম্বর ৭। হঠাৎ করে সেইসব নিরীহ তীর্থযাত্রীদের উপর বর্বরচিত লাঠিচার্জ করে তাঁদের ট্রেন থেকে নামিয়ে দিয়ে একটি কামরা খালি করে দেওয়া হল। বলা হল, একজন ভি. আই. পি. যাবেন। কিন্তু কোন ই. এম. ইউ কোচে কোনদিন কোন রিজারভেশন থাকে না বা থাকতে পারে না। সুতরাং সেদিন কিভাবে ঐ ই. এম. ইউ কোচে ২০০ জন নিরীহ তীর্থযাত্রীর উপর পুলিশ বর্বরচিত লাঠিচার্জ করে তাঁদের ট্রেন থেকে নামিয়ে দিলেন? অনুরূপভাবে তারকেশ্বর থেকে কলকাতা আসার ট্রেনেও ভি. আই. পি. ফিরবেন বলে লাঠিচার্জ করা হল। মুখ্যমন্ত্রী জায়া সেদিনের ট্রেনে যাত্রী ছিলেন। কিন্তু এটা লজ্জার কথা যে, মুখ্যমন্ত্রীর জায়ার সফরের জন্য ২০০ জন তীর্থযাত্রীর উপর ই. এম. এউ কোচে পুলিশ বর্বরচিত লাঠিচার্জ করেছে। এই ঘটনার ........

(সময় শেষ হয়ে যাওয়ায় এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

**শ্রী বিন্দেশ্বর মাহাত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জয়পুর নির্বাচন কেন্দ্রের মধ্যে বেশ কতগুলি মৌজায় এখনো পর্যন্ত প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হয়নি। কাজেই আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐসব মৌজায় ছোট ছোট ছেলে মেয়ে শিক্ষা থেকে বঞ্চিত না হয়, তারজন্য ঐসব মৌজায় অবিলম্বে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা দরকার। এই ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য

আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি।

**ডাঃ তরুণ অধিকারী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় তথ্যমন্ত্রীর দৃষ্টি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। আপনি জানেন যে, এই বছর স্বাধীনতা সংগ্রামের বীজমন্ত্রের উদগতা ঋষী বঙ্কিমচন্দ্রের ১৫০ তম জন্মবার্ষিকী চলছে। কিন্তু আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, আমাদের দেশের বিভিন্ন মনিষী যাঁরা জন্মেছেন, জাতির যাঁরা স্রষ্টা, তাঁদের যেভাবে সম্মান এবং শ্রদ্ধা জানান হয়েছে, রাজ্যসরকারের পক্ষ থেকে ঋষী বঙ্কিমচন্দ্রর ক্ষেত্রে সেই উদ্যোগ নেওয়া হয়নি। এই বছর দেখতে পাচ্ছি নেহরু জন্মশত বার্ষিকী, মৌলানা আবুল কালাম আজাদ, বিপিন বিহারী গাঙ্গুলী, নির্মল চন্দ্র চন্দ্র শতবার্ষিকী এবং বঙ্কিমচন্দ্রের ১৫০তম জন্মবার্ষিকী চলছে, কিন্তু দুঃখের সঙ্গে দেখতে পাচ্ছি, প্রত্যেকের ক্ষেত্রে যে উদ্যোগ নেওয়া হয়েছে, কাঁঠালপাড়ার বসতবাটীতে যিনি জন্মেছিলেন এবং সেই বসতবাটীতে বসে যিনি স্বাধীনতার বীজমন্ত্রী 'বন্দেমাতরম' সঙ্গীত রচনা করেছিলেন, সেই বীজ

## [2.20 – 2.30 p.m.]

মন্ত্রের উদগাতা ঋষী বঙ্কিমচন্দ্রকে সম্পূর্ণভাবে উপেক্ষা করা হয়েছে, অবহেলা করা হয়েছে। আমি গত ৬ই ফেব্রুয়ারী এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে, শ্রী রাজীব গান্ধীর কাছে চিঠি লিখেছিলাম এবং গত ৩রা আগষ্ট তাঁর কাছ থেকে যে উত্তর পেয়েছি তাতে বুঝতে পেরেছি যে বিষয়টা তাঁরা বুঝতে পেরেছেন এবং কেন্দ্রীয় সরকার ঋষী বঙ্কিমচন্দ্রকে একজন স্রষ্টা হিসাবে স্বীকৃতি দিতে ইচ্ছুক। প্রস্তাব দিয়েছেন রাজ্য সরকারের কাছে বঙ্কিম চট্টোপাধ্যায়ের বসতবাটিতে অর্থাৎ বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায় যেখানে জন্মগ্রহণ করেছিলেন সেই নৈহাটির সমস্ত বসতবাটি অধিগ্রহণ করে এখানে রিজিওন্যাল ইন্সটিটিউট অফ কালচার সেন্ট্রার ফর এডুকেসান করা হোক। স্যার, আপনি জানেন মাননীয় বিনয়বাবু গত কাল জানিয়েছেন যে বঙ্কিমচন্দ্রের বসতবাটির একটা অংশে অধিগ্রহণ করা হয়েছে। এই আংশিক অধিগ্রহণ করার ব্যাপারে আমাদের দলের তরফ থেকে মাননীয় সাত্তার সাহেব বিরোধিতা করেছেন। আমরা প্রস্তাব দিয়েছি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের নৈহাটির বসতবাটি সমস্ত অংশ অধিগ্রহণ করে সেখানে রিজিওন্যাল ইন্সটিটিউট অফ কালচার সেন্টার ফর এডুকেসান করা হোক। আমি এই ব্যাপারে রাজ্য সরকারের কাছে আবেদন জানাবো তাঁরা যেন সত্বর এই ব্যাপারে উদ্যোগী হন। লোকে বলে বুদ্ধদেববাবু কৃষ্টির ব্যাপারে বিশেষভাবে আগ্রহী। আমি আশা করবো বুদ্ধদেববাবু যদি সত্যিই তাই হন তাহলে কেন্দ্রীয় সরকার যে প্রস্তাব অনুমোদন করেছেন রাজ্যসরকার অবিলম্বে সেটা কার্যকরী করার জন্য এগিয়ে আসবেন। আমি আশা করবো কেন্দ্রীয় সরকারের প্রস্তাব বাস্তবায়িত করার জন্য উদ্যোগ গ্রহন করবেন। বঙ্কিমচন্দ্রকে সত্যিকারের যদি শ্রদ্ধা করা যায় তাহলে বঙ্কিম চন্দ্রের শ্রদ্ধা বাড়বে না, বঙ্কিমচন্দ্রকে শ্রদ্ধা করলে আমাদেরই সম্মান বাড়বে। এই কথা মাথায় রেখে রাজ্য সরকারকে এগিয়ে আসা উচিত এবং বঙ্কিমচন্দ্রকে শ্রদ্ধা জানানো উচিত।

**শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইন্ডিয়ান ওয়েল করপোরেসানের হলদিয়া রিফাইনারী একটা গুরুত্বপূর্ণ সংস্থা, পশ্চিমবাংলার অর্থনীতির একটা গুরুত্বপূর্ণ বুনিয়াদ। এই হলদিয়া রিফাইনারীর উৎপাদন ক্ষমতা ২.৫ মিলিয়ন টন এই উৎপাদন ক্ষমতা বাড়াবার জন্য ১৯৭৮ সালে ইণ্ডিয়ান ওয়েল করপোরেশন কেন্দ্রীয় সরকারের কাছে বলেছিলেন সর্বশেষ ১৯৮৩ সালে কেন্দ্রীয় সরকার প্রস্তাব দেন হাইড্রোটেকনোলজির ভিত্তিতে রিপোর্ট তৈরী করতে। সেই রিপোর্ট অনুযায়ী হলদিয়া তৈল্য শোধনাগার বেশ কিছু টাকা খরচ করে

সেই রিপোর্ট তৈরী করে এবং আনুমানিক খরচা ধরা হয় ৬০০ কোটি টাকা। কিন্তু ১৯৮৩ সাল থেকে আজ পর্যন্ত হলদিয়া রিফাইনারীর এক্সপানসানের প্রস্তাব অনুমোদন করেন নি কেন্দ্রীয় সরকার। কিছু দিন আগে আমাদের মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে লিখে জানিয়েছিলেন এই ব্যাপারে অনুমোদন দেবার জন্য। ১২ই জুলাই সম্ভবতঃ পেট্রোলিয়াম মন্ত্রী চিঠি লিখে বলেছেন হলদিয়া রিফাইনারী সম্প্রসারণ করা যাবে না, এটা বাতিল করা হল। যদিও তাঁরা টেকনো ইকনমিক স্টাডি করে দেখেছেন যে ইর্স্টার্ন রিজিওনে আরো তৈল শোধনাগার তৈরী করতে হবে। তা সত্ত্বেও হলদিয়া রিফাইনারী সম্প্রসারণ করা হল না। তাতে তিনি বলছেন একটা নূতন কারখানা তৈরী করতে যে খরচ একটা কারখানা সম্প্রসারণ করতে তাই খরচ। কিন্তু এটা কি করে হতে পারে? হলদিয়া তৈল্য শোধনাগারে জল আছে, বিদ্যুৎ আছে, রাস্তা আছে এবং সমস্ত ইনফ্রাসট্রাকচার আছে, সম্প্রসারণ করার অনেক সুবিধা আছে। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে যাতে এই হলদিয়া কারখানা সম্প্রসারণ করা হয় তার জন্য প্রধানমন্ত্রীকে জানানোর জন্য আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সুপ্রিয় বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী যিনি কিছু দিন আগে পরিবহন দপ্তর নিয়ে খুব গুরুত্ব দিয়ে দেখার চেষ্টা করেছিলেন তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের মধ্যে হাওড়া স্টেশন এলাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ এলাকা। সারা দিন সেখানে নিত্য যাত্রিরাই সেখানে যাচ্ছে না, সারা ভারতবর্ষের মানুষ এবং সাথে সাথে বিদেশের মানুষও এখান দিয়ে যাতায়াত করেন। শুধু তাই আমাদের দেশের যাঁরা প্রধান ব্যক্তি রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, রাজ্যের মুখ্যমন্ত্রী, রাজ্যপাল এবং বিভিন্ন মন্ত্রীরা এখান দিয়ে যাতায়াত করে থাকেন। হাওড়া স্টেশান এলাকার বর্ত্তমান অবস্থা যা দাঁড়িয়েছে তাতে পশ্চিমবঙ্গের মানচিত্রে একটা কলংকজনক এলাকা হিসাবে দাঁড়িয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া ব্রীজ থেকে নেমে যেসব সাবওয়ে, যতগুলি লেন তৈরী হয়েছিল, যেগুলি তৈরীর উদ্দেশ্য ছিল পরিবহন ব্যবস্থাকে ভালো করা, এবং অসীমবাবু যখন পরিবহন ব্যবস্থাকে ভালো করতে চেষ্টা করছেন, সেই সময়ে ওখানকার অনেকগুলি লেন পার্মানেন্ট বাজারে পরিণত হয়েছে দেখতে পাচ্ছি। যান-বাহনের অবস্থা ভালো করতে গেলে এটা করা চলে না। স্যার, হাওড়া ষ্টেশন এলাকায় যতগুলি হোটেল আছে, আপনি জানেন, মাঝে মাঝে খুন হচ্ছে এবং প্রতিটি হোটেল এক একটি পতিতালয়ে পরিণত হয়েছে। হাওড়া স্টেশন এলাকায় যতগুলি চায়ের দোকান এবং রেষ্টুরেন্ট ও দোকান আছে, সেগুলির সবকটিতেই বেআইনি মদ, ড্রাগ ও হেরোয়িন বিক্রি হচ্ছে। আমি অসীমবাবুকে বিশেষভাবে বলতে চাই যে, এই এলাকায় অটো-ট্যাক্সি-বাস এবং রিক্সা এমন বিশৃংখলভাবে দাঁড়িয়ে থাকে যারফলে এখানে পরিবহন ব্যবস্থাকে কখনও ভাল করা যেতে পারে না। ওখানে নেতাজী ষ্ট্যাচুর পাশে একটা পাবলিক ইউরিন্যাল তৈরী হয়েছে। এখানে অনেক সাংবাদিক বন্ধুরা আছেন, তাঁরা বেশ ভালো করেই জানেন যে, একটু রাত হয়ে গেলে, এমনকি দিনের বেলায় ওখানে অসম্ভব রকমের চুরি এবং ছিনতাইয়ের ঘটনা ঘটছে - এদের সকলেরই বাস গঙ্গার ধারে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং অসীমবাবুকে - যিনি পরিবহন ব্যবস্থাকে চাঙ্গা করতে চান জানাই যে, ওখানে পুলিশ এবং হোমগার্ডদের এ্যাপয়েন্টমেন্ট টেন্ডারের মাধ্যমে হয়। কারণ ওখানে এ্যাপয়েন্টমেন্ট নিতে পারলে আর্থিক দিক দিয়ে অনেক লাভ হয়। ওখানে প্রশাসনিক তোলা তোলার ব্যবস্থা আছে। অনেকে মাইনের টাকা ব্যয় করে লোক লাগিয়ে তোলা তোলে। সেজন্য আপনার কাছে আবেদন জানাচ্ছি প্রশাসনের দায়িত্বে যেখানে মাননীয় মুখ্যমন্ত্রী নিজে রয়েছেন, সেখানে তাঁরই নাকের ডগায় এই ধরণের ন্যাক্কারজনক কান্ডকারখানা ঘটে চলেছে। এটা বন্ধ হওয়া দরকার। অসীমবাবুকে অনুরোধ জানাই, তিনি পরিবহনের ব্যাপারটা যেন একটু দেখেন।

**শ্রী তারক বন্ধু রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একান্ত নিরূপায় হয়ে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৮৬ সালে আমার নির্বাচন কেন্দ্র ময়নাগুড়ির অন্তর্গত সিট্ ব্রক্ষ্মপুরে প্রায় ২০০ একর জমি নদীর ভাঙনে গেলে এক ভয়ংকর অবস্থার সৃষ্টি হয়েছে। সেখানকার জমি এবং জমির ফসল সব ধুয়ে যাচ্ছে। এরফলে গোটা মৌজার কৃষকরা কৃষি শ্রমিকে পরিণত হয়েছেন। এখানে একটি স্লুইচ গেট অনুমোদন পেয়ে ১৯৮৭ সালে টেন্ডার ডাকা হয়েছিল। কিন্তু আজ পর্য্যন্ত সেখানে সেটি হচ্ছে না দেখে খোঁজ নিয়ে জানা গেল একটা গোলমাল হওয়ার জন্য আবার রিভাইজড্ প্লান এষ্টিমেটস্ করতে হবে এবং এই ভেবে বিলম্বিত হচ্ছে। মাননীয় সেচমন্ত্রীর কাছে আবেদন, সিট্ ব্রক্ষ্মপুরের গরীব গ্রামবাসীদের রক্ষার্থে উক্ত স্লুইস গেটটি নির্মাণের কাজটি যাতে তাড়াতাড়ি হয় তা যেন তিনি দেখেন।

**[2.30 – 2.40 p.m.]**

**শ্রী সুহৃদ বসুমল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোল গার্লস্ কলেজে গভর্ণিং বডি না থাকার জন্য শিক্ষক এবং অশিক্ষক কর্মিবৃন্দের আজ তিন মাস হয়ে গেল তাঁরা কোন বেতন পাচ্ছেন না। আমি শিক্ষামন্ত্রীর কাছে আবেদন রাখছি, সেখানে অবিলম্বে গভর্ণিং বডি যাতে গঠিত হতে পারে সেজন্য তিনি যেন বিশেষ ব্যবস্থা গ্রহণ করেন। এইজন্য সরাকারী তরফে যে নামগুলি পাঠানো দরকার এবং বিশ্ববিদ্যালয় থেকে যে সমস্ত নমিনিব নাম পাঠানো দরকার সেগুলি পাঠানো হচ্ছে না। এরফলে শিক্ষক এবং অশিক্ষক প্রতিনিধি যেখানে নির্বাচিত হওয়া সত্ত্বেও তাঁরা সেখানে গভর্ণিং বডি গঠন করতে পারছেন না। এরফলে শিক্ষক এবং অশিক্ষক কর্মীদের বেতনে সহি করার মত লোক সেখানে খুঁজে পাওয়া যাচ্ছে না। কারুর সেখানে কোন ক্ষমতা নেই, সেখানে একটা অচলাবস্থার সৃষ্টি হয়েছে যারফলে সেখানকার শিক্ষকরা এবং অশিক্ষক কর্মচারীরা একটা আর্থিক সংকটের মধ্যে পড়েছে। আমি শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি যাতে অবিলম্বে আসানসোল গার্লস কলেজে গর্ভণিং বডি গঠিত হয় তার ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী সাধন চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে নদীয়া জেলার ব্যাপারে মুখ্যমন্ত্রী তথা উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলা দেশ বিভাগের পরে এবং অন্যান্য অনেক কারণে লোক সংখ্যা বৃদ্ধি পায়। বর্তমানে এখানে লোক সংখ্যা বৃদ্ধি পেয়েছে ৩৭-৩৮ লক্ষ। এছাড়া আইন ও বিচারের কাজ বেড়েছে। ইতিমধ্যে দেশ বিভাগের পবে ২টি আদালতে কাজ হোত, এখন ৪টে আদালত হয়েছে। শুনছি আরেকটি হাওয়ার সম্ভাবনা আছে। আমি আগেই এই বিধানসভায় কৃষ্ণনগর গভর্ণমেন্ট কলেজে আইন শিক্ষা ব্যবস্থা খোলার জন্য প্রস্তাব দিয়েছিলাম এবং সরকার এই বিষয়ে অগ্রসব হয়েছিল এবং কলেজেও লেখালেখি কবেছিলেন। কিন্তু আশ্চর্য এবং উদ্বেগের ব্যাপার যে কোন এক অজ্ঞাত কারণে ওই কলেজের কিছু শিক্ষক অনীহা প্রকাশ করেছেন। এরফলে ওই কলেজের ছাত্র, অভিভাবকদের মধ্যে একটা ক্ষোভ দেখা দিয়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা উচ্চশিক্ষামন্ত্রীকে এবং আইনমন্ত্রীকে অনুরোধ করছি, তাঁরা যাতে অবিলম্বে কৃষ্ণনগর গভর্ণমেন্ট কলেজে আইনশিক্ষা ব্যবস্থা করা হয় এবং সেই সঙ্গে যাতে ওই সেসান থেকেই আইন পড়ান হয় তার দিকে দৃষ্টি দেন।

**শ্রী অমর ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এখানে একটা অত্যন্ত অমানবিকতা, ক্ষোভ এবং অস্বাস্থ্যকর পরিবেশে দেশ চলছে। গোটা পশ্চিমবঙ্গে এই অবস্থা চলছে, আমি এখানে হায়ার সেকেণ্ডারি, সেকেণ্ডারি পরীক্ষার রেজাল্টের কথা বলছি না। রেজাল্ট নিয়ে গোটা ছাত্রদের মধ্যে একটা লটারী হচ্ছে। রেজাল্ট বেরুনোর

পরে ছাত্রদের অভিভাবকেরা অনেক আশা নিয়ে রিভিউয়ের টাকা জমা দেন। এইরকম ধরণের অনেক জায়গায় কেস আছে যে দেড় বছর দু বছর অপেক্ষা করেও একটা পোস্টকার্ড এসে পৌঁছায় না। এই রকম লক্ষ লক্ষ টাকা সেকেণ্ডারি কাউন্সিল এবং হায়ার সেকেণ্ডারি কাউন্সিল নিচ্ছে। এর একটা ব্যবস্থা করুন যে অন্তত ৬ মাসের মধ্যে পোস্টকার্ড পৌঁছাবে যে অমুক বিষয়ে ২ নং জন্যে ফেল করছো বা ৫নং জন্যে ডিভিশান পাওনি ইত্যাদি ইত্যাদি কিন্তু কোন উত্তর নেই এটা কিরকম ব্যাপার? অনেক আশা নিয়ে ছাত্ররা সল্ট লেকের অফিসে গিয়ে নিজে লাইন দিয়ে ফর্ম ফিল আপ করে আসে। শেষ পর্য্যন্ত দেখা যায় তারা পরবর্তী পরীক্ষায় একস্টার্নাল বা কম্পাটমেন্টাল দিতে বসতে যাচ্ছে কিন্তু তখনও খবর তারা পায় না। সেখানে রেজাল্টের কি হল, ভালো-মন্দ কি হল সেটা তো একটা পোস্টকার্ডে জানিয়ে দিলেই হয়। যেখানে চাকুরির ক্ষেত্রে পোষ্টাল অর্ডার সিস্টেমটা তুলে দেওয়ার কথা হচ্ছে এত কষ্টকরে টাকা জমা দিয়ে তারা কোন খবর পায় না। রিজাল্ট কি হল তারা জানতে পারে না। ফলে একটা অসন্তোষের সৃষ্টি হয়। সুতরাং মাননীয় মন্ত্রীর কাছে আমার আবেদন যারা টাকা জমা দেয়, তাদের তত একটা উত্তর দিন যে সে পাশ করতে পারেনি এতো নম্বরের জন্যে ইত্যাদি ইত্যাদি তাহলে অন্ততঃ সেই ছাত্রের বাড়ীর লোক এবং ছাত্র স্যাটিশফায়েড হতে পারবে। সুতরাং এই যে একজামিনের জন্য লক্ষ লক্ষ টাকা সেকেণ্ডারি কাউন্সিল এবং হায়ার কেসেন্ডারি কাউন্সিলগুলি নিচ্ছে এই টাকাগুলি যাচ্ছে কোথায়? এইভাবে তো বহু টাকা রোজগার হচ্ছে। আপনি এর একটা হিসাব চেয়ে পাঠান যে ওই টাকাগুলি কোথায় যাচ্ছে ?

**[2.40 – 2.50 p.m.]**

আশার কিছুই হয়নি। আজকে সেইজন্য মাননীয় স্পীকার মহোদয় আপনার কাছে বলছি এটা কোন দলের ব্যাপার নয়, এটা সি. পি. এম., কংগ্রেসের নয়, এটা অসহায় বহু ছাত্র-ছাত্রী রয়েছে যারা কয়েক নম্বরের জন্য ডিভিশান পায়না, সেই সমস্ত ছাত্র-ছাত্রীরা যারা বসে থাকে যে, আমরা রিভিউয়ের একটা ফল পাব। তাই যত দেরী হয় তাদের মনে বদ্ধমূল ধারণা সৃষ্টি হয় যে আমাদের ব্যাপারে নিশ্চয় একটা সিদ্ধান্ত হচ্ছে; কিন্তু পরবর্তীকালে অশ্বডিম্ব হয়। ২ বছর, ৪ বছর, ৬ বছর হয়ে যায়, তাদের কাছে মিনিমাম একটা সৌজন্যমূলক পোষ্টকার্ডও আসে না। তাই মাননীয় বিভাগীয় মন্ত্রীর নিকট আবেদন জানিয়ে আমাদের বক্তব্য শেষ করছি।

**শ্রী মাধবেন্দু মোহান্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় এখানে আলোচনা করতে চাই। আজ থেকে ১১ বছর আগে ৭৭ সালে পশ্চিমবাংলার সরকার ৪৩ হাজার টাকা তপশিলী আদিবাসীর শ্রীরামচন্দ্র বালিকা বিদ্যালয়ের ছাত্রীবাসের জন্য দেয়। সেই টাকায় ছাত্রীবাস সম্পূর্ণ হয়না। তারপরে একটা রিভাইস্ড স্কিমে ১৯৮২ সালে প্রায় ৫১ হাজার টাকা এই স্কুলকে দেয়। এই টাকার জন্য এতদিন পর্য্যন্ত কোন এ্যাকাউন্ট খোলা হয়নি। আমি ঐ স্কুলের ম্যানেজিং কমিটির লাইফ মেম্বার ছিলাম, এখন এ্যাকাউন্ট খোলা হবে বলে একটা নোটিশ দিয়েছে। এই যে ঘরটা, যেটা ছাত্রীবাস হিসাবে ব্যবহার হবার কথা, কিন্তু ছাত্রীবাস হিসাবে ব্যবহার হচ্ছে না। সেখানের ঘরটা অশিক্ষক কর্মচারীরা ব্যবহার করছে। সেখানে অবিলম্বে টাকার অপচয় বন্ধ করতে স্পেশাল অডিট বসানো দরকার, বিশেষ করে তপশিলী আদিবাসী কল্যাণের জন্য।

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্যার, কলকাতা বিশ্ববিদ্যালয়ের আগের উপাচার্য্য বামফ্রন্টের চক্ষুশূল ছিলেন, উনি চলে যাবার পর নূতন উপাচার্য্য আসার পর আমরা আশা করেছিলাম যে সরকারের সঙ্গে সহযোগিতায় পরীক্ষা ব্যবস্থার কিছু উন্নতি হবে। কিন্তু স্যার, সাম্প্রতিককালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা ব্যবস্থা নিয়ে একটা লজ্জাজনক দুনীর্তি এবং অব্যবস্থার খবর

আমাদের কাছে এসেছে। আমার কাছে একটা কাগজ আছে - বেলেঘাটার ভৈরব গাঙ্গুলীর কলেজের একজন অধ্যাপক তিনি কম্পালসরি এ্যাডিশানাল ল্যাঙ্গুয়েজের বাংলায় হেড-এক্জামিনার বা প্রধান শিক্ষক নিযুক্ত হয়েছিলেন। তার কাছে কিছু খাতা জমা পড়েছিল, ইতিমধ্যে সি. পি. এম.র একজন প্রভাবশালী অধ্যাপক নেতা বিশ্ববিদ্যালয়ে গিয়ে বললেন যে একে করা চলবে না, অমুককে করতে হবে; এই ভদ্রলোকের নাম হচ্ছে অরবিন্দ ঘোষ। একে যে এ্যাপয়েন্টমেন্ট করা হয়েছে তার সব চিঠি রয়েছে, কিন্তু পরবর্তীকালে দেখা গেল আর একজন লোককে হেড-এক্জামিনার হিসাবে এ্যাপয়েন্টেড করা হয়েছে। কিন্তু তিনি সি. পি. এম.-র সমর্থক। তার ফলে বি. এ. কম্পালসারি এ্যাডিশানালের খাতা পড়ে রইল দুইজন অধ্যাপকের কাছে। বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ বললেন একজন লোক অধ্যাপকের নাম বলে - তিনি ঠকিয়ে বিশ্ববিদ্যালয় থেকে খাতা নিয়ে গিয়েছেন যেখানে বিশ্ববিদ্যালয় থেকে খাতা পাঠান হয়েছিল। ওরা ঐ রকম আরো একটি ঘটনা ঘটিয়েছে - একটি সাবজেক্টের উপর হেড-এক্জামিনার একজন চারুচন্দ্র কলেজের অধ্যাপক, আর একজন জয়পুরিয়া কলেজের অধ্যাপককে করা হয়েছে। পরীক্ষা যদি ঠিক সময়ে করতে হয়, এবং পরীক্ষার ফল যদি বের করতে হয়, তাহলে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা বিভাগের যে দুনীর্তি এবং অব্যবস্থা হেড-এক্জামিনার নিয়োগের ক্ষেত্রে এটা বন্ধ করতে হবে। এর ফলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একজন অধ্যাপকের সম্মানকে নষ্ট করছেন। তাই, আমি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে দাবী জানাচ্ছি যে উচ্চ শিক্ষামন্ত্রী যেন বিষয়টি নিয়ে দেখেন এবং কলেজের প্রফেসারদের দুর্দশা সম্পর্কে চিন্তা করেন, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী খাড়া সোরেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রীর দৃষ্ট আকর্ষণ করছি। এবারের বন্যায় আত্রাই নদী এবং পুনর্ভবা নদীর উপর মাইনর ইরিগেশানে আর. এল, আই-এর যে মেশিনগুলি আছে সেগুলি ডুবে গেছে। গত বন্যায় আমরা লক্ষ্য করেছি যে ঠিকমত মেশিন মেরামত না হওয়ার ফলে কৃষকদের ঠিকমত জল দেওয়া যায়নি। সেজন্য ক্ষুদ্র সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি গতবারের ন্যায় এবারে যেন সেই অবস্থা না হয়। এবারে আগাম মেশিনগুলি সারিয়ে নিয়ে কৃষকদের ঠিক সময়ে যাতে জল সরবরাহ করা হয় তার ব্যবস্থা যেন করা হয়। কৃষকদের জলের ট্যাক্স মকুব এবং বিনা ট্যাক্সে যাতে জল দেওয়া হয় তারজন্য আমি সেচ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় বন বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৯৮৬ সালের মে মাসে হাওড়ার ডি. এফ, ও'র অধীনে দক্ষিণ ২৪-পরগনার ডায়মণ্ড হারবার ১ নং এবং ২ নং ব্লক এবং ফলতা ব্লকে ২৭ জন শিক্ষিত অশিক্ষিত বেকার যুবককে সমাজভিত্তিক বন সৃজন প্রকল্পে কাজ দেওয়া হয়। তারা এই কাজে যোগদান করেন যখন তখন বলা হয়েছিল যে ৫ বছর তারা একটানা কাজ করবে, তারপর তাদের স্থায়ী কাজের জন্য বন বিভাগ বিবেচনা করবেন। এই আশ্বাসে ৩৬০ টাকা মাসিক বেতনে তারা কাজে যোগদান করেন। তারপর আরো ১০ জন শিক্ষিত বেকার যুবককে বন বিভাগে কাজ দেওয়া হয়, মোট ৩৭ জনকে কাজ দেওয়া হয়। তাদের বন বিভাগের কর্মী বলে হাতে ব্যাজ লাগিয়ে দেওয়া হয়। কিন্তু ১৯৮৬ সালের নভেম্বর মাসে জনৈক রেঞ্জার জ্যোতি প্রকাশ বসু এবং বিট অফিসার বৈদ্যনাথ দে তাদের বলেন যে সরকারের টাকা নেই, কাজ হবে না। তখন তারা ইউনিয়নের মাধ্যমে বিক্ষোভ দেখান, তারফলে ১৯৮৭ সালের ফেব্রুয়ারী পর্যন্ত তাদের বেতন দেওয়া হয়। কিন্তু ১৯৮৭ সালের মার্চ থেকে ১৭/১৮ মাস তারা বেতন পাচ্ছে না। অথচ তাদের বলা হয়েছিল যে ১৯৮৯ সাল পর্যন্ত তারা কাজ চালিয়ে যাবে। এই অবস্থায় আমি এবং ওদের ইউনিয়নের সভাপতি এক্স এম এল

এ সেখ দৌলত আলি সহ সি সি এফ উদয় ব্যানার্জীর সঙ্গে আলোচনায় বসি ১৯৮৭ সালের জুলাই মাসে। আমরা বলি যে কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছেন অথচ রাজ্য সরকার তাদের বঞ্চিত করছেন কেন? তখন তিনি আশ্বাস দেন যে তাদের বকেয়া বেতন-এর ব্যবস্থা করা হবে! কিন্তু হাওড়ার ডি এফ ও ৩৭ জনের মধ্যে মাত্র ৬ জনকে বকেয়া বেতন দেবার আদেশ দিয়েছেন। আমি তাই আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে তারা এই সিদ্ধান্ত মেনে নেয়নি এবং ইউনিয়নও এই সিধান্তে অসন্তুষ্ট, তাই তাদের বকেয়া বেতন যাতে দেওয়া হয় এবং চাকরি স্থায়ীকরণ করা হয় তার দাবি জানাচ্ছি।

**শ্রী বংশ গোপাল চৌধুরী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। বিরোধী পক্ষের সদস্যরা প্রায়শই কংগ্রেস কর্মীদের উপর অত্যাচারের কথা বলেন, আমি একটা ঘটনার কথা বলব যেখানে কংগ্রেস (আই) সদস্য আসানসোল মহকুমায় সমাজ বিরোধীদের নেতৃত্ব দিচ্ছে এবং সেই সমাজবিরোধীরা হাসপাতালের সামনে রাজ দেও সিং নামক একজন শ্রমিক নেতাতে খুন করেছে, প্রাইমারী হেলথ সেন্টারের নার্স বকুল সমাদ্দার ঐ সমাজ বিরোধীদের হাতে লাঞ্ছিত হয়েছেন। সৌগতবাবু জানেন, বারাবনী নির্বাচনের সময় তিনি গিয়েছিলেন, বারাবনীর গৌরান্ডি কোলিয়ারীর বেশ কিছু বন্দুক লুঠ করে নিয়ে গেছে। গতকাল একটা পত্রিকায় বেরিয়েছে যে ঐ গৌরান্ডি কোলিয়ারী থেকে এক্সপ্লোসিভ লুঠ করে নিয়ে গেছে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি বারাবনী নির্বাচনের পর থেকে কংগ্রেস আসানসোল মহকুমায় সমাজবিরোধীদের নেতৃত্ব দিয়ে যে ঘটনা ঘটাচ্ছে তাতে সেই বিষয়ে তিনি যেন নজর দেন এবং এই সমাজবিরোধীদের বিরুদ্ধে পুলিশ যাতে ব্যবস্থা গ্রহণ করে তার ব্যবস্থা তিনি যেন করেন।

**[2.50 – 3.00 p.m.]**

**শ্রী সুরেশ সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল উত্তরবঙ্গের বন্যা প্রসংগ নিয়ে এখানে আলোচনা হয়েছে, নাগর নদীর সেতুর কথা বলা হয়েছে এবং পশ্চিমদিনাজপুরে ও অন্যান্য জায়গায় ২৫০টি সেতু, ব্রীজ, কালভার্ট ইত্যাদি ধ্বংস হয়েছে সে কথাও বলা হয়েছে। স্যার, এই নাগর নদীটি বাংলাদেশ থেকে উৎপত্তি হয়েছে এবং মূল স্রোতের পরিবর্তন হওয়ার ফলে এই এলাকাগুলি সাংঘাতিকভাবে প্লাবিত হয়েছে। মুর্শিদাবাদ ভেসে গেছে। নাগর নদীর সেতু তৈরী হয়েছিল ৬০ দশকে, তবে সেতুর অবস্থা দেখে ওখানকার লোকেরা বলছে যে ভূমিকম্পের ফলেও হতে পারে বা কনস্ট্রাকশানের দোষেও হতে পারে। আমি মনে করি এই যখন পরিস্থিতি তখন একটা অনুসন্ধান করা দরকার। নাগর নদীর স্রোতের পরিবর্তন হয়ে ৪ কিলোমিটার পশ্চিমে চলে এসেছে এবং বোতল বাড়ীর কাছে কালভার্ট ভেঙ্গে দিয়েছে। যাই হোক এখন অনুরোধ হচ্ছে নাগর নদীর স্রোতের এই যে ড্রাইভারশন হচ্ছে এর কারণ অনুসন্ধান করা দরকার এবং ওখানে একটা বড় ব্রীজ করা যায় কিনা সেটা চিন্তা করা দরকার। তা না হয়ে উত্তরবঙ্গের সঙ্গে রায়গঞ্জের কোন যোগাযোগ থাকবে না।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় স্পীকার মহাশয়, আমরা দেখি নির্বাচনের সময় বিশেষ করে লোকসভা নির্বাচনের আগে এই কংগ্রেসীরা বিভিন্ন জায়গায় গিয়ে শিলান্যাস করেন, দিল্লী থেকে মন্ত্রীরা আসেন, উন্নয়নমূলক কাজের কথা বলেন। ১৯৭২ থেকে ৭৭ সালের মধ্যে দেশে অনেক দামাল ছেলে হল মুক্তি সূর্য্যের আলোয়। বন্ধ শিল্প, কলকারখানার চাবি আনার জন্য হাওড়াবাসীর কাছে বক্তব্য রাখলেন। এবারে শ্রেষ্ঠাংশে যিনি এলেন তিনি হচ্ছেন পশ্চিমবাংলা থেকে নির্বাচিত লোকসভার সদস্য। তিনি এসে গেছেন এবং নাটকও সুরু হয়েছে দিল্লীর শিল্প গোষ্ঠীর। কি ব্যাপার, না তিনি দুঘন্টা অনশন করলেন। এসব দেখে অনেকে বলল ঐ দামাল ছেলে এখন মেরুদন্ডহীন হয়ে গেছে এবং

আমরাও দেখছি ঐ দামাল ছেলে এখন কি ধরণের চামচেবাজী করছে। এর পর অভিনেত্রী এলেন, তিনিও অনশন করলেন এবং বলে আবার তিনি যাবেন। আমি বলছি ওসব অভিনয় টভিনয় ছেড়ে দিন, যদি আন্তরিকতা থাকে তাহলে ঐ দুঘন্টা অনশনের প্রহসন না করে আমরণ অনশন করুন। মিঃ ভেংগল রাও বলেছেন এবারে কলকাতায় যাবেন এবং তার অবস্থা দেখবেন। স্যার, পশ্চিমবাংলাকে ধ্বংস করবার জন্য কেন্দ্রের চক্রান্ত বরাবরই দেখছি এবং তার সঙ্গে তারস্বরে চীৎকার করছে এই সমস্ত সাইকোফ্যান্টরা। কাজেই আর একবার বলছি ঐ জনৈক সদস্য অনশনের প্রহসন না করে আমরণ অনশন করুন এবং আমরাও দেখি অবস্থা কি হয়।

**শ্রী সুখেন্দু মাইতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অবহেলিত অবসরপ্রাপ্ত পৌর শ্রমিক কর্মচারীদের পেনসনের ব্যাপাবে যে সঠিক বিচার করা হচ্ছে না, সেই সম্পর্কে আমি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন যে, পশ্চিমবাংলাই হচ্ছে একমাত্র রাজ্য যেখানে বামফ্রন্ট সরকার রাজ্য সরকারী কর্মচারীদের ন্যায় পৌর শ্রমিক কর্মচারীদের'ও সমান বেতন এবং অন্যান্য সমস্ত সুযোগ সুবিধা দিয়েছেন, এটা খুবই আনন্দের কথা। কিন্তু দেখা যাচ্ছে কলকাতা করপোরেশনের শ্রমিক কর্মচারীরা যে হারে পেনসন পান, রাজ্য সরকারী কর্মচারীরা যে হারে বোনাস পান, পৌর শ্রমিক কর্মচারীরা, অবসরপ্রাপ্ত কর্মচারীরা তার চেয়ে অনেক কম পান এবং ডি. এ. ক্যালকুলেসন যোগ করা হয় না। আমি মনে করি এই বৈষম্য দূর করা দরকার। রাজ্য সরকারী কর্মচারীদের ন্যায় পৌরসভার কর্মচারীদেরও যাতে সমান সুযোগ সুবিধা দেওয়া হয় তার ব্যবস্থা করা হোক। আমি আপনার মাধ্যমে পৌর মন্ত্রীর কাছে এই আবেদন জানাচ্ছি।

**শ্রীমতী আরতি দাশগুপ্ত :** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করে এই সভা এবং তথ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ কবতে চাই। স্যার, আপনি জানেন যে, বারে বারে নিউজপ্রিন্টের দাম একটু করে বাড়তে বাড়তে আজকে যে অবস্থায় এসে দাঁড়িয়েছে তাতে ছোট, মাঝারি, মেজ এবং বড় সংবাদপত্র, সবাই অত্যন্ত অসুবিধাজনক অবস্থার মধ্যে পড়ে গেছে একদিকে মানহানি বিল নিয়ে কেন্দ্রীয় সরকার সংবাদপত্রকে হাতে মারছে, অন্যদিকে আবার নিউজপ্রিন্টের দাম বাড়িয়ে তাদের ভাতে মারবার চেষ্টা করছে। এই নিউজপ্রিন্টের দাম যদি ক্রমশ বাড়তে থাকে তাহলে আমাদের আশঙ্কা হচ্ছে, যে সমস্ত ছোট ছোট সাপ্তাহিক, পাক্ষিক পত্র পত্রিকাগুলি আছে সেগুলি ক্রমশ বন্ধ হয়ে যাবে এবং ইতিমধ্যেই অনেক বন্ধ হয়ে গেছে, আরো বন্ধ হয়ে যাবে। বিশেষ করে ভারনাকুলার প্রেসে মাতৃভাষায় যেসমস্ত কাগজগুলি বের হয় তারা ক্রমশ ক্রমশ বন্ধ হবে এবং অত্যন্ত আর্থিক সংকটের মধ্যে পড়বে। স্পীকার মহাশয়, ওয়েজ বোর্ডের রায় অনুসারে সাংবাদিকদের বেতন বেড়ে গেছে। কিন্তু সংবাদপত্রের দাম যদি ক্রমশ ক্রমশ বাড়তে শুরু করে এবং যারা পাঠক পাঠিকা তাদের ক্ষমতার, আওতার বাইরে যদি চলে যায় তাহলে সংবাদপত্রের বিক্রীও ক্রমশঃ ক্রমশঃ কমে আসবে এবং সংবাদপত্রকেও বন্ধ শিল্প হিসাবে গন্য করতে হবে। কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহন করেছেন তাতে গণতন্ত্র এবং শিক্ষাকে ধ্বংস করতে চান। আমি তাই তথ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, উনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা বলে নিউজপ্রিন্টের ব্যাপারে একটা কোন ব্যবস্থা গ্রহন করুন যাতে করে সংবাদপত্রগুলিকে বাঁচিয়ে রাখা যায়।

**শ্রীমতী মিনতি ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে একটি গুরুত্বপূর্ণ বিষয় অবহিত করতে চাই। আমি তাঁর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর সাহায্য প্রার্থনা করছি। গতকাল উত্তরবঙ্গের ভয়াবহ বন্যা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে। সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা এই বিষয়ে বিস্তারিত আলোচনা করেছেন এবং বন্যা

পরিস্থিতির পর্যালোচনা করেছেন। আমরা বিগত বছরে উত্তরবঙ্গের ভয়াবহ বন্যা পরিস্থিতি দেখেছি এবং সেই বন্যা পরিস্থিতির ফলে যে ক্ষয়ক্ষতি হয়েছে, সেই ক্ষয়ক্ষতির বিষয় নিয়ে এখানে সমালোচনা উঠতে পারে না। এবারেও আমাদের এই রকম একটা ভয়াবহ বন্যা পরিস্থিতির মোকাবিলা করতে হচ্ছে। এবারেও আমার বিধানসভা এলাকা গঙ্গারামপুরে প্রলয়ংকরী বন্যার তান্ডবলীলা চলেছিল। আমি যে কারণে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই তা হল এই — পুনর্ভবা নদীতে হামজাপুর বর্ডারের পরে বাংলাদেশে সুন্দরপুর বাঁধ রয়েছে, দেবীপুর বাঁধ রয়েছে। বাংলাদেশের সেই বাঁধ ভেঙ্গে অপর্যাপ্ত জল এসে আমাদের জেলাকে প্লাবিত করেছে, বিপুল শস্যহানি ঘঠিয়েছে। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে বলতে চাই যে, তিনি যেন অবিলম্বে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করে বাংলাদেশের সঙ্গে আলোচনা করে সুপরিকল্পিতভাবে বাঁধগুলি মেরামতের ব্যবস্থা করেন এবং স্থায়ীভাবে বন্যা নিয়ন্ত্রনের ব্যবস্থা করেন। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**[3.00 – 3.10 p.m.]**

**শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি আশা করবো মাননীয় কংগ্রেসী সদস্যদের উল্লেখপর্বে যে রকম সময় দিয়েছেন সেই রকম ৩/৪/৫ মিনিট সময় আমাকেও দেবেন। স্যার, বাধ্য হয়েই আপনার আশ্রয় গ্রহন করছি কারণ এই ঘটনাটি গত ৭ বছর ধরে ঘটে চলেছে।

**মিঃ স্পীকার :** সে রকম আশা করলে আপনাকে এ পাশে এসে বসতে হবে।

**শ্রী গোপাল কৃষ্ণ ভট্টাচার্য্য :** না, স্যার, তা নয়, আমাকেও একটু টাইম দেবেন। স্যার, আমার নির্বাচনী কেন্দ্রের মধ্যে কুন্ডু বাগানে বিগত ৭ বছর ধরে ৪০টি পরিবারকে বাড়ী করতে দিচ্ছে না কংগ্রেসের ৭/৮ জন সমাজবিরোধী গুন্ডা, কিন্তু তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহন করা যাচ্ছে না। যখন পুলিশ এ্যাকসান নিতে যায় তখন দলবদ্ধভাবে কংগ্রেস পার্টির লোকেরা এসে তাদের রক্ষা করার চেষ্টা করে এবং এ নিয়ে একটা রাজনৈতিক গোলমাল পাকানোর চেষ্টা করে। গত পৌর নির্বাচনে শ্রী সুজিত মুখার্জী নামে এক ভদ্রলোক ফরোয়ার্ড ব্লকের প্রার্থী হিসাবে দাঁড়িয়েছিলেন। নির্বাচনের ঠিক পরেই তার বাড়ীতে হামলা হ'ল, তার বাড়ী ভাঙ্গা হল। সেখানে পুলিশ কেসও হল কিন্তু পুলিশ কোন ব্যবস্থা গ্রহন করলো না। আমি এ ব্যাপারে ডি. এম ২৪ পরগণা, এস. ডি. ও. ব্যারাকপুর, এ্যাডিশন্যাল এস. পি. ও. সি. খড়দহ থানা ইত্যাদি বিভিন্ন জায়গায় কথাবার্তা বলেছি। তারা বলছেন, এটা রাজনৈতিক বিষয়, কংগ্রেসের লোকরা বাধা দেবে, এটার রাজনৈতিক সমাধান করতে হবে। কংগ্রেসের লোকদের সঙ্গে কি রাজনৈতিক সমাধান করতে হবে বুঝতে পারছি না। এই হচ্ছে পুলিশ কর্তাব্যক্তিদের বক্তব্য। স্যার, সেখানে নানানভাবে ৪০টি পরিবারকে উৎখাত করার চেষ্টা হচ্ছে। আমি এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে বিনয়দা আছেন, তাঁকে বলছি, এ.ডি.এম(এল. আর) কখনও বলেননি যে এ'জমি মালিকদের নয়। সেখানে মিউনিসিপ্যালিটিতে মিউটেশন পর্যন্ত হয়ে গিয়েছে কিন্তু গুন্ডারা তাঁদের বাড়ী করতে দিচ্ছে না। স্যার, এই পরিস্থিতি দীর্ঘকাল চলতে পারে না। স্যার, আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং ভূমি সদ্ব্যবহার মন্ত্রীর দৃষ্টি এ ব্যাপারে আকৃষ্ট করে অনুরোধ জানাচ্ছি, অবিলম্বে এই ৪০ টি পরিবার যাতে নিশ্চিন্তে বাড়ী করতে পারেন তার ব্যাবস্থা করুন এবং যাতে গুন্ডামি, রাহাজানি এবন কংগ্রেসীদের অত্যাচার বন্ধ হয় তার ব্যবস্থা করুন।

**মিঃ স্পীকার :-.** গোপালবাবু, এক ঘন্টা মেনশান আওয়ার হ'লে আধঘন্টা আপনাদের জন্য

এবং আধঘন্টা বিরোধীপক্ষের বিরোধীদের জন্য। এখন বিরোধীপক্ষের যদি ১২টি দরখাস্ত থাকে এবং আপনাদের যদি ২২টি দরখাস্ত থাকে তাহলে আমি টাইমটা কি ভাবে ভাগ করবো দয়া করে আমার চেম্বারে এসে সেই অংকটা বুঝিয়ে দিয়ে যাবেন। তা না হলে রুলটা আপনাদের পরিবর্তন করতে হবে।

**শ্রী বীরেন্দ্র কুমার মৈত্র ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী কেন্দ্র হরিশ্চন্দ্রপুর ব্লক এক ও দুই ঘন্টা নিয়ে বলব। স্যার, আপনি জানেন, ব্লক অফিসগুলি পঞ্চায়েতের সমস্ত কাজকর্ম করে ফলে তার গুরুত্ব অনেকখানি। আমাদের একটি ব্লকে ১৯৬২ সাল থেকে ঝরঝরে একটি জিপ ছিল, তিন বছর ধরে সেটি খারাপ। দু নং ব্লকে একটি জিপও জন্ম থেকে আসেনি। এর ফলে বি.ডি. ওরা কাজ করতে পারেন না— এনকোয়ারী হয়না, তদন্ত হয় না। আমার অনুরোধ অবিলম্বে সেখানে জমি দেওয়া হোক। শুনেছি অর্থ বিভাগ থেকে নাকি জিপ কেনার জন্য টাকা দেওয়া হয়না। সব ডিপার্টমেন্টের গাড়ী আছে, ব্লকে গাড়ী না থাকলে চলবে কি করে? আমি মাননীয় অর্থমন্ত্রীকে এ বিষয়ে দৃষ্টি দিতে অনুরোধ করছি। স্যার, ব্লকে শতকর ৫০ জন একসটেনসান অফিসার গত ৪ বছর ধরে নেই। এই বিধানসভায় আমি সেকথার উল্লেখ করেছিলাম। বন্যা পরিস্থিতির কথা চিন্তা করে তাদের অবিলম্বে নিয়োগ করার কাজ যাতে ত্বরান্বিত হয় সেজন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী নারায়ন মুখার্জী ঃ-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই । আপনি জানেন যে শিয়ালদহ বিভাগে ইষ্টার্ণ রেলওয়ের হাসনাবাদ থেকে শিয়ালদহ যে ট্রেন যাতায়াত করে তার সংখ্যা মাত্র একটি এবং সেটা হচ্ছে ইছামতী প্যাসেঞ্জার । এছাড়া আরও কিছু আপ এবং ডাউনের ট্রেনও আছে কিন্তু সেগুলি হাসনাবাদ থেকে বারাসত পর্যন্ত যাতায়াত করে। এর ফলে যাত্রীদের খুবই অসুবিধা হয় এবং তাদের মধ্যে একটা ক্ষোভ আছে। ভেনডারদেরও প্রচন্ড অসুবিধা হচ্ছে। অতীতে এ ব্যাপারে অনেক দাবী-দাওয়া করা হয়েছে । আজকে তাবা বাধ্য হচ্ছে - যাত্রী এবং ভেনডাররা- ট্রেন বন্ধ করার আন্দোলন করতে। সে জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ যে হাসনাবাদ থেকে সরাসরি শিয়ালদা যাতে ট্রেন যাতায়াত করতে পারে এইরকম একটা অবস্থা সৃষ্টির জন্য কেন্দ্রীয় রেল দফতরের সংগে, কেন্দ্রীয় রেল দফতরের সংগে, কেন্দ্রীয় রেল মন্ত্রীর সংগে যোগাযোগ করে এই সম্পর্কে একটা ব্যবস্থা করুন। এই অনুরোধ আমি আপনার মাধ্যমে জানাচ্ছি ।

**Mr. Speaker :** Mr. Amal Roy, now your privilege matter. First I request Shri Sohanpal to submit his point of order.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I rise on a point of order. I have serious reservations about the procedure that is being followed in the matter of provilege issue raiseed by Shri Amalendra Roy.

Sir, I have a strong feeling that the procedure is highly irregularand contrary to the rules of this House. I therefore seek your indulgence to the submission that I wish to make to formulate my point of order.

Sir, you are aware.........

**Mr. Speaker :** I am not aware of anything- please make me aware.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, don't get impatient . Let me make my submission .

**Mr. Speaker :** The chair is aware of what the House tells it.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, you are aware that a notice to raise a point of privilege was given by Shri Roy on 15.6.87. The issue was first raised in this House on 16.6.87 and for the second time on 24.6.87. No formal motion was moved either on the 16th or on the 24th and nor the case was reffered to the Committee of privileges either by you or by this House. This will be evident from the Bulletin part I of 16ht and 24th.Thereafter the house was prorogued on the 30th June,1987. Sir, in accordance with rule 312-sir, I read for your information rule 312-"On the prorogation of the House, all pending notices, other than notices of intention to move for leave to introduce a Bill, shall lapse and fresh notices shall be given for the next session."

**[3.10 - 3.20 p.m.]**

Sir, as I have said earlier that there was no motion. There was only a primary discussion. The member was allowed to speak just to ascertain whether there was a prima facie case in this matter. In October 1987 there was another session of this Assembly and in that Session also no fresh notice was given on the subject. The issue again came up befor the House in May 1988 though there was no notice nor the issue proposed to be raised was of recent occurrence. But still this issue was allowed to be raised in the House during the Budget Session. Sir, unfortunately an effort is being made again to raise this issue during the current session. Sir, my submission is that since there was no formal motion during the first Session when it was raised, nor the issue was referred to the Committee of Privileges either by you or by the House during the same session,if merely remained a notice which has lapsed due to the prorogation of the House and, as such, this should not be taken for consideration now - Thank you, sir.

**Mr. Speaker :** মিঃরায় আপনি আপনার বক্তব্য বলুন ।

**শ্রী অমলেন্দু রায় :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রসিজিয়োর‍্যাল কোশ্চেন মাননীয় সদস্য এখানে রাখলেন, আমার মনে হচ্ছে সেটা বোধহয় খুবই দেরীতে রাখা হলো, ইট ইজ টু লেট। তার কারণ ৩১২কে এ্যাট্রাক্ট করার যদি কোনও অবকাশ থাকত, তাহলে সেটা যে ডেটগুলো এনে এখানে পড়ে গেলেন, সেই সময় এই সব তোলা হয়নি। এবং উনি যে বলছেন মোশন ছিল না, দ্যাট ইজ নট কারেক্ট। মোশন ছিল এবং সেইজন্য ৩১২তে ওটা আসে না, এটা ৩১৩তে আসবে। ৩১৩তে বলা

হয়েছে, A motion, resolution or an amendment, which has been moved and is pending in the House, shall not lapse by reason only of the prorogation of the House.

এবং আমার তরফ থেকে যে ডিসিশনটা হলো পরে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি হাউজে এখানে ডিসিশন নিয়েছেন, হাউজের ডিসিশন ২২৮ এটা হাউজের ডিসিশন। প্রিভিলেজ কমিটিতে যাবে।

There was a motion, I moved the motion, when the speaker allowed me to raise the question, thereafter the question of a motion comes.

**Mr. Speaker :** Supposing, taken for granted, my Secretariate omits to print it as a motion but the Member has given a notice of motion. What happens?

**Shri Gyan Singh Sohanpal :** Your office cannot make a mistake like this because there is a man like you.

**Mr. Speaker :** I am taking what is said to be true admitting that what you are saying is for arguments sake........

**Shri Gyan Singh Sohanpal :** We cannot expect that mistake.

**Mr. Speaker :** Mr. Roy, please read out your notice.

**শ্রী অমলেন্দু রায় :-** এটা হচ্ছে,— কংগ্রেস (ই) দলের রাজ্য সভাপতি এবং বাণিজ্য দফতর রাষ্ট্রমন্ত্রী শ্রী প্রিয়রঞ্জন দাসমুন্সী যা বলেছেন, ১৪.৬.৮৭ তারিখের আনন্দবাজার পত্রিকা দ্রষ্টব্য। তার ফলে এ্যাসপারসন অফ্ দি হাউস এ্যান্ড দি চেয়ার লিডিং টু ব্রিচ অফ্ প্রিভিলেজ অফ্ দি হাউস হয়েছে।এই ধরনের স্টেটমেন্ট অর রাইটিং ইজ ডিউ টু অবস্ট্রাকসন, ডাইরেক্টলি অর ইনডাইরেক্টলি, টু দি প্রসিডিংস অফ দি হাউস। অতএব বিধানসভায় এই প্রিভিলেজের প্রশ্নটি তুলতে চাই। আশা করি আপনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

এখানে দেখুন কোশ্চেন অফ্ প্রিভিলেজের ক্ষেত্রে ২২৮-এ যে বরাবরের প্রোভিশনগুলি আছে — কোশ্চেন রেইজ হয়েছে, ডিসকাশন হয়েছে, আমি আমার বক্তব্য বলেছি — বক্তব্য বলার সংগে সংগেই মোশান আসে। সুতরাং এই যে নোটিশ দেওয়া হয়েছে, এই নোটিশ ইটসেল্ফ ইজ টু বি ট্রিটেড এ্যাজ ওয়েল এ্যাজ এ মোশান। অবশ্য আলোচনার পর, কোশ্চেন রেইজ করার পর সংগে সংগেই সেখানে মোশান আমি উত্থাপন করেছি যে, এটা প্রিভিলেজ কমিটিতে পাঠানো হোক। সেই অনুসারে এটা প্রিভিলেজ কমিটিতে গিয়েছে। কাজেই প্রিভিলেজের যে চ্যাপ্টারগুলি আছে সেগুলি ওঁরা একটু পড়ুন। কি অন্যায়টা হয়েছে? নোটিশ দিতে হবে?নোটিশ কি জন্যে দিতে হচ্ছে? নোটিশের পরই মোশান আসবে। মোশান না এলে প্রিভিলেজ কমিটিতে গেল কি করে? হাউসের ওপিনিয়ন নেওয়া হল কি করে? ডিসিশন হ'ল কি করে? অত সহজে ল্যাপস হয় না। ৩১৩'তে আসবে। ল্যাপস হতে পারে না। ল্যাপস হওয়ার কোন অবকাশই নেই।

**Mr. Speaker :** One moment, Mr. Gyan Singh Sohanpal, I find

from Bulletin dt. 11th May, 1988 that hon'ble member Shri Saugata Roy was allowed to move a motion for modification of the decision of thr House taken on 9th May, 1988 reffering to the Committee of Privileges the question raised by Shri Amalendra Roy on the alleged breach of privilege by the WBP CC(I) President and Union Minister of State for Industry, the House decided to postpone the matter till the next session. Now at that point of time this question did not raise. That means you admitted the position. You only wanted modification of the resolution. How can you make a plea when the House agreed to modify and then postpone it. How can you then come up and start a new pleaYou are subjected to self-jurisdiction.

When this notice was received in that session, there was no specific motion. Mr. Amal Roy, I am sending the notice to you. Please read it out for the members; whether it is a notice the motion will say.

**Shri Amalendra Roy :** Sir, notice is given to raise the question.

**Shri Gyan Singh Sohanpal :** I am talking of the first Session. There was no specific motion in that Session.

**[3.20 - 4.00 p.m.]**

**INCLUDING ADJOURNMENT**

**Mr. Speaker :** Rule 224. I read from 224. Any member may, with the consent of the speaker, raise a question involving a breach of privilege either of a member or of the House or of any committee thereof. Now come to 225. A question of privilege must be raised immediately after questions and before the list of business for the day is entered upon. So it is not listed as a business for the day. After the question is done notice is given. May be on the same day or a day earlier and after the question, it is immediately permission is taken to move it. How could it appear it into the Bulletin?Your plea is that as it was not appeared in the Bulletin it was not a motion.

**Shri Gyan Singh Sohanpal :** No,No,No. I do not say that.

**Mr. Speaker :** What is your argument?

...( At this stage Shri Amalendra Roy tried to speak something)...

Please, Please, Mr. Roy. I have a submission Mr. Gyan Singh Sohanpal let me understand once again what you want to say.

**Shri Gyan Singh Sohanpal** : My submission was that on 15.6.87, Shri Roy gave a notice of his intention to raise a point of privilege against a Member of parliament. The issue was raised in this House on the 16th of June 1987 and for the second time again of the 24th June,1987. In that session there was only a mention. You gave the member an opportunity to ascertain whether there was a prima facie case in this.

**Mr. Speaker** : Who decided that it was mention or motion? I want a clarification. you said you treated it as a mention. Where did you find that?

**Shri Gyan Singh Sohanpal** : It was a mention, sir.

**Mr. Speaker** : It was a motion you moved.

**Shri Gyan Singh Sohanpal** : Motion was not moved like this. The rules are there.

**Mr. Speaker** : Read the relevant rules.

**Shri Gyan Singh Sohanpal** : Chapter 20 deals with the question of privilege.

**Mr. Speaker** : What is the rule number?

**Shri Gyan Singh Sohanpal** : Sir 224 is only the question of privileges, then 225,time for raising the questions of privilege, 226 is only of notice questions of privileges and 227, procedure of notice and 228 is consideration of matters of privileges. 228 says, on a motion being made for the purpose, the House may consider the matter and come to a decision or may refer it to the Committee of privileges. Unless we reach this stage, it is only in the form of a notice. It is only to asertain whether there is a prima facie case in this or not.If you kindly go through the proceedings of the House of that day, your own observation will clear the doubt that you wanted ascertain whether there is any prima facie case.Unless you read rule 228,you cannot say there was motion before the House.The motion can only be moved when you are satisfied that there is a prima facie caxe. You are still under that Stage.It was only my notice, and the notice provocating of the House.It cannot be kept pending . It will lapse automatically. That is my submission.

**শ্রী অমলেন্দু রায় :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে বললেন প্রাইমা ফেসী কেস আছে কি নেই এটা আগে আপনি দেখবেন, তারপর মোশনের প্রশ্ন আসবে। প্র্যাকটিক্যালী প্রাইমা ফেসী কেস আছে কি নেই সেই কোয়েশ্চেন যদি রেইজড হল সেখানে আমার বক্তব্য মোশন যদি না থাকে আলোচনা যদি না হয় তাহলে প্রাইমা ফেসী কেস আছে কি নেই সেটা কি করে বোঝা যাবে?কাজেই আমি মনে করি নিয়মমাফিক যেটা বার বার আমাদের এখানে ফলো করা হচ্ছে সেটাই ফলো করা হোক। মিটিং ছিল বলে আপনি তখন প্রাইমা ফেসী কেস আছে কি নেই সেটা বিবেচনা করত পারেননি, পেনডিং রেখেছিলেন কতকগুলি কারণে।

**Mr. Speaker :** That is your point.

**Shri Saugata Roy :** Sir, It has already been said by our Honble Member Shri Gyan Signh Sohanpal Clearly.

**Mr. Speaker :** Your point is also same? It would be decided tomorrow.

(At this stage the house was adjourned till 4.pm.)

**[4.00 – 4.10 p.m.]**

**after adjournment**

## LEGISLATION

**Mr. Speaker :** We will first take up the code of Criminal procedure (West Bengal Amendment)Bill,1985.

The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985, As returned by the Governor.

**Shri Abdul Quiyom Molla ::** Sir, I beg to move that the amendments in the code of Criminal procedure ( West Bengal Amendment) Bill, 1985 (as passed by the House on the 9th May, 1985), as recommended by the Governor, in his message to the House, be taken into consideration.

**[4.00 – 4.10 p.m.]**

এই বিলটা ১৯৮৫ সালে পাশ হয়েছিল। তারপর সেটা সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছে পাঠানো হয়। কিন্তু সেন্ট্রাল গভর্ণমেন্ট সেটা ফেরৎ পাঠিয়ে দিয়ে বলেন যে, এ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট জাজদের এতটা পাওয়ার দেওয়া উচিৎ নয় এবং সেটা তাঁরা রাজ্যপাল মহাশয়ের কাছে ফেরৎ পাঠিয়ে দেন। তখন রাজ্যপাল মহাশয় তাঁর সাজেশন দিয়ে বলেন যে, এই এই জায়গায় এ্যামেন্ডমেন্ট করতে হবে। কাজেই রাজ্যপাল মহাশয় যতটুকু রেকম্যান্ড করেছেন সেটুকু সংশোধন করেই আমরা বিলটা এনেছি। এই বিল নিয়েও পূর্বে আলোচনা হয়ে গেছে। এই বিলে আমরা বিভিন্ন সাবডিভিশনাল কোর্টে এ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট জাজ বসিয়েছি। এর উদ্দেশ্য হল এ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট জাজ বসিয়ে পাবলিককে কিছু সুবিধা দেওয়া; যে কাজের জন্য তাঁদের ডিষ্ট্রিক্ট জাজ কোর্টে যেতে হত সেই কাজ যাতে তাঁরা

ডিষ্ট্রিক্ট জাজ মারফৎ সাব ডিভিশনাল কোর্টেই পেতে পারেন তার ব্যবস্থা করা। ১৯৮৫ সালে বিলটা পাশ করে এ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট জাজদের সেই পাওয়ার দেওয়া হয়েছিল। কিন্তু তাঁরা বিলটা ফিরত পাঠিয়ে দিলেন এবং বললেন যে, এ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট জাজদের হাতে এত ক্ষমতা দেওয়া উচিত নয়। এবং তাঁরা বিলটাকে রাজ্যপাল মহাশয়ের কাছে রিটার্ণ করে দিলেন। তার উপর রাজ্যপাল মহাশয় যতটুকু কার্টেল করতে বলেছেন সেটুকুই আমরা এ্যামেন্ডমেন্ট করছি, নাথিং এল্‌স্‌। ৫টি সাবডিভিশনাল কোর্টে আমরা এ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট জাজ বসাচ্ছি। সাবডিভিশনগুলি হল দুর্গাপুর, আসানসোল, রামপুরহাট,ইসলামপুর এবং শিলিগুড়ি। আজকের এই এ্যামেন্ডমেন্ট রাজ্যপাল মহাশয়ের রেকমাণ্ডেশন অনুযায়ীই এসেছে। আশা করি, আপনারা এটা সমর্থন করবেন।

**শ্রী অপূর্বলাল মজুমদার :-** মিঃ স্পীকার স্যার, যে বিলটা আমরা এখানে আলোচনা করছি এই বিলটা ছিল বিল নং ৮ অফ ১৯৮৫। আমাদের এই হাউসের আগের হাউসে এই বিলটা উঠেছিল এবং নাইনথ মে, ১৯৮৫ এই বিলটা হাউসে পাশ করে পাঠিয়ে দেওয়া হয়েছিল for the assent of the Governor. বিলটা যাঁরা রচনা করেছিলেন। আমি দুঃখের সংগে বলছি ভাল করে প্রিন্সিপ্যাল অফ ল পড়ে তাঁরা দেখেননি। যে কারণে ৩ বছর বাদে এই আইনটা গভর্নর ফেরত পাঠিয়ে দিয়েছেন। it is not in accordance with the constitution or not on in accordance with the uniformity of legislation as we have in the centre.

এই জন্য যে বিস্তৃত ক্ষমতা দেওয়া হয়েছিল এডিশনাল ডিষ্ট্রিক্ট জাজকে। সেই ক্ষমতা আমাদের দেওয়া ঠিক হয়নি। সেটা হয়ত তখন যিনি আইনটা উৎথাপন করেছিলেন, আইনটা নিয়ে এসেছিলেন, হাবিবুল্লাহ সাহেব উইথ ডিউ রেসপেক্ট টু হিম তিনি হয়তো ততটা লক্ষ্য করেননি যে আইনটা কখনও একসেপটেবেল হবে না ফ্রম দি গভর্নর অব ফ্রম দি প্রেসিডেন্ট অফ ইন্ডিয়া। যে কোন আইন করতে গেলে দু তিনটি প্রিন্সিপ্যালস আমাদের সামনে রাখতে হয়, সেইগুলি না মানলে কখনও অনুমতি পাওয়া যাবে না। যেমন ধরুন এই আইনে এত পাওয়ার দেওয়া হয়েছিল এডিশনাল ডিষ্ট্রিক্ট জাজ যে অনেক সময় মনে হয়েছিল এজ পার উইথ দি ডিষ্ট্রিক্ট জাজ। সমস্ত রিভিশন, পুরো এ্যাপিলের পাওয়ার দিয়ে দেওয়া হ'ল যেগুলি ডিষ্ট্রিক্ট জাজের আছে as if in a district there will be 2 district judges. এই অবস্থার মধ্যে দিয়ে চাওয়া হয়েছিল পুরোপুরি এ্যাপিলের ক্ষমতা এবং শুধু তাই নয় এ্যাপিলের ক্ষমতা দিতে গিয়ে আমরা এতো দুর এগিয়ে গিয়েছিলাম হাইকোর্টের যে এ্যাপিলের ক্ষমতা আছে সমতুল্য অধিকার তুলে দেওয়া হযেছিল এ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট জাজকে ইট ইজ মোষ্ট আনফরচুনেট। এই বিলটি আমি পড়ে দেখেছি এটা ঠিক হয়নি। সেইজন্য এই বিলটির এ্যামেন্ডমেন্ট আনতে হয়েছে এ্যাকর্ডিং টু ডিজায়ার অফ দি গভর্নর। এটা তখন যদি করতেন তাহলে এই সংশোধনী করতে হতোনা, এতো ভাস্ট পাওয়ার দেওয়া উচিত নয়। এ্যাপিলের যে ব্যাপার রয়েছে ২৯ চ্যাপটারে, সেখানে এ্যাপিলের সর্বোচ্চ পাওয়ার দেওয়া হয়েছে। এমন কি কনভিকশন হলে পরে সেখানে এ্যাপিল করবে এ্যাডিশনাল জাজের কাছে। হাইকোর্টেও যে এ্যাপিল করবে তাও প্রায় বন্ধ, আপনি তাঁকে পাওয়ার দিচ্ছেন ডিষ্ট্রিক্ট জাজের মতো। শুনেছি আপনি ৫টি জায়গায় এ্যাডিশনাল ডিষ্ট্রিক্ট জাজ বসিয়েছেন, তার মধ্যে দুটি আছে বর্দ্ধমানে, দুটি দুর্গাপুর এবং আসানসোল। যে ৫টি জায়গায় আপনি বসিয়েছেন তা হল দুর্গাপুর, আসানসোল,রামপুরহাট, ইসলামপুর এবং শিলিগুড়ি। পশ্চিমবাংলার মধ্যে আপনি ৫টি জায়গায় বসিয়েছেন। আপনি এটা নিশ্চয়ই মানবেন বর্দ্ধমান থেকে দুর্গাপুর এবং আসানসোল যাওয়ার বিশেষ কিছু অসুবিধা নেই, সেখানে ইনফ্রাষ্ট্রাকচার আছে, রেল আছে, বাস আছে, সব কিছু আছে। সেখানে কেস করতে কোনও অসুবিধা নেই। কিন্তু যে সমস্ত জায়গায় আপনার এই আইন প্রযোজ্য নয় অর্থাৎ আউট লেইং সাবডিভিশনগুলির কি

**হবে?এমন সমস্ত জায়গা আছে যে সমস্ত জায়গায় ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টার্সের যোগাযোগ নেই, অনেক দূরে অবস্থিত। এই সমস্ত জায়গায় আপনি কি লিটিগেট পিপলদের এই সুযোগটা দিতে পারবেন? ডিস্ট্রিক্ট জাজ যদি না থাকে তাহলে এ্যাপিলের পুরো ক্ষমতা দিয়ে দিলেন। এই যে ৫টি কেন্দ্রে যে আপনি করেছেন তাতে কি সমস্ত জায়গা কভার হয়ে যাবে? আমার মনে হয় সমস্ত জায়গা কভার হবে না।**

**[4.10 – 4.20 p.m.]**

শিলিগুড়ি, রামপুরহাট, আসানসোল,দুর্গাপুর এবং ইসলামপুর, এই ৫টি জায়গা কভার হয়েছিল, আর কোনও জায়গার লিটিগ্যান্ট পাবলিক সুযোগ পেত না। আমি আপনার কাছে এখন শুধু বলছি, এই আইনের মাধ্যমে আপনি যে ব্যাবস্থা করেছিলেন, সেই ব্যাবস্থায় আপনি যদি লক্ষ্য রাখেন তাহলে দেখবেন, যখন এই আইনটি আনা হয়েছিল - ইউনিফর্মিটি অব লেজিসলেশান- তখনই ইট ওয়াজ ডেস্ট্রয়েড। ইউনিফর্মিটি অব লেজিসলেশান'এ ফান্ডামেন্টাল রুলস্ ফলো করা হয় এবং তা করা হয় সমস্ত আইনের ক্ষেত্রেই। কেন্দ্রীয় সরকার এবং রাষ্ট্রপতি যদি কোন আইনের ক্ষেত্রে ইউনিফর্মিটি অব লেজিসলেশান না দেখেন, এটি যদি না থাকে, তাহলে সেখানে বাধা দিতে বাধ্য। এখানে আমরা দেখছি ডাইভার্সিটি অব প্রিন্সিপ্যালস্ - শুধু ডাইভার্সিটিই বা কেন বলবো- ধরুন, এই পশ্চিমবাংলার ক্রিমিনাল প্রসিডিওর কোডএর যে ব্যাবস্থা করা আছে, সেই ফান্ডামেন্টাল প্রিন্সিপলস্ থেকে আপনি সরে গিয়ে আর একজন সাবডিভিশনাল ডিস্ট্রিক্ট জাজকে বসিয়ে দিচ্ছেন। ভারতবর্ষের আর কোনও জায়গায় কি এই লেভেলে আউটলেয়িং দেখেছেন,যেখানে অনেক সাবডিভিশান আছে? ভারতবর্ষের অন্য কোন জায়গায় আছে কিনা আমার জানা নেই, আমার কাছে তথ্য নেই, আপনার কাছে জানতে চাইছি। ভারতবর্ষের আর কোন কোন জায়গায় একটা সাবডিভিসানে আর একজনকে, ডিস্ট্রিক্ট জাজ-এর পাওয়ার দিয়ে বসিয়ে দিতে দেখেছেন কি? আপনি তাঁকে বসিয়ে দিচ্ছেন এই পাওয়ার দিয়ে, টেন্টাটিভ টু দি পাওয়ার অব দি অনারএ্যাবল হাইকোর্ট, এবং যেটা আপনি দিচ্ছেন না তা ৩৯৯এ যে পাওয়ার, ৩৯৭এ যে পাওয়ার, তার ৪১০ এবং ৪০১ এর সমকক্ষ হয়ে যাচ্ছে। অর্থ্যাৎ সি.আর.পি.সি. ৪০১এ যে ক্ষমতা আপনি দিচ্ছেন তা হাইকোর্টের যে ক্ষমতা আছে, এ্যাডসন্যাল ডিস্ট্রিক্ট জাজকে সেই ক্ষমতা আপনি দিচ্ছিলেন। আমি আপনাকে বলছি না, কিন্তু যিনি এই পাওয়ারে ছিলেন, তাঁর দপ্তরে যিনি ছিলেন— ইউ ওয়্যার নট এ্যাট দি পিকচার এ্যাট দ্যাট টাইম— তিনি ল'সেক্রেটারী, তাঁর দেখা উচিত ছিল যে ভারতবর্ষের আর কোন জায়গায় এটা হয়েছে কিনা, তার সঙ্গে কন্‌ফর্মিটি আছে কিনা, এটি স্ট্রাক ডাউন হবে কিনা, এর এ্যাসেন্ট মিলবে কিনা। আমি বলবো, হি ওয়াজ নট ফিট ফর দি গোষ্ট অব ল' সেক্রেটারী অব ওয়েষ্ট বেঙ্গল। আমাকে এই কথা বলতে হচ্ছে বাধ্য হয়ে। কারণ সুপ্রিম কোর্টে এ নিয়ে অনেক ডিসিসান, অনেক কেস হয়ে গেছে। ডাইভার্সিটি ইন প্রিনসিপিলস্ হওয়ার আগে থেকে একটা ইউনিফর্মিটি অব লেজিসলেশান থাকা উচিত ছিল নট কামিং ইনটু ক্লাস উইথ দি প্রিনসিপল্স আউটসাইড্ বাই দি সেন্ট্রাল গভর্ণমেন্ট এ্যান্ড দি মেন লেজিসলেশান। আমরা এই ডাইভার্সিটি ইন প্রিনসিপিলস্ এর দিক থেকে যদি দেখি, তাহলে বলতে হয় যে গভর্ণর স্বাভাবিকভাবে ঠিকই করেছেন। হি হ্যাজ গিভন হিজ উইসজাম আপটার ওয়টিং ফর মোর দ্যান থ্রি ইয়ার্স। এই আইনটা তিনি দেখেছেন, তারপর প্রেসিডেন্টের কাছে পাঠিয়েছেন। কিন্তু রাষ্ট্রপতি এতে কোন কনসেন্ট বা এ্যাসেন্ট কিছুই দেন্ নি। বিলটি যথারীতি আমাদের কাছে ফেরৎ চলে এসেছে। এখানে গভর্ণর যা বলে দিয়েছেন, আপনি তা ইন টোটো মেনে নিয়েছেন এবং সেই অনুযায়ী এখানে এ্যামেন্ডমেন্ট এনেছেন। আপনি ইন টোটো প্রিনসিপলস্ অব ল মেনে নিয়েছেন, এবং এটা করে আপনি ঠিকই করেছেন। আপনি এটাতে ক্লাস উইথ আদার ল'স্ দেখে মেনে নিয়ে ঠিকই করেছেন।

আপনি দেখেছেন যে ডাইভার্সিটি অব প্রিনসিপিলস্ অর ইউনিফর্মিটি অব লেজিস্‌লেশান, এই দুটোর মিল হওয়া দরকার, এবং সেই অর্থে আপনি ঠিকই করেছেন। এইজন্য আমি আপনাকে কোনো কথা বলবো না, কারণ আপনি মেনে নিয়ে ঠিকই করেছেন। তবে একটি বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, সেটি হচ্ছে, গভর্ণর চেয়েছিলেন ফোর ইয়ার্স, যেখানে আপনি দু'বছর করে পাস করে দিয়েছিলেন।

যেহেতু গভর্ণর বলেছেন আমি তাঁর উইসডামকে মেনে নিচ্ছি এবং সব কটি মেনে নিচ্ছি, কোন আক্রমণ করছি না। শুধু একটি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এটা একটা দৃষ্টিভঙ্গি থেকে আনা হয়েছে। It has been given a long rope to the prosecution (2) আপনি তো ক্রিমিন্যাল কোর্টে প্র্যাকটিশ করেন, আপনার অভিজ্ঞতা আছে এই বিষয়ে। এই বিলে সেকশান ৫টা দেখুন, এখানে অনেক এ্যানোমলি আছে without making my harsh criticism. আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেকশান (৫)টা দেখুন। If all the evidence referred to in Section 244 are not produced in support of the prosecution within two years - not it would become four years - from the date of appearence of the accused, the Magistrate shall diacharge the accused. আপনি তো ক্রিমিন্যাল কোর্টে প্রাকটিশ করেন, আপনার প্রাকটিক্যাল এক্সপরিয়েন্স আছে যে কোন সময়ে সব সাক্ষীকে আনা যায় না। সমস্ত কেসের সাক্ষীকে সমানভাবে আনা যায় না, দে অর নট এ্যাভেলেবেল। এমনও দেখা গেছে যে ডাক্তার দু বছরের মধ্যে ট্রান্সফার হয়ে গেছেন, দে হ্যাভ লেফট্ দি প্লেশ অর দে হ্যাভ ডায়েড। আবার হয়তো যে পুলিশ অফিসারকে চাওয়া হয়েছে তিনি রিটায়ার করে চলে গেছেন। তাদের সমন করলেও পাবেন না। All the evidence referred to in Sec. এতে ১০০টির মধ্যে ২টি কেসে সাক্ষী পান কিনা সন্দেহ। আপনি বলেছেন ৪ বছরের মধ্যে কমপ্লিট করবেন, আমার তো মনে হয় ৪ বছর তো দূরের কথা ১০ বছরেও কমপ্লিট করতে পারবেন না। আর যদি ৪ বছরে কমপ্লিট করতে না পারেন তাহলেও কি কেস চালিয়ে যাবেন? আমি গভর্ণরের সমালোচনা কবছি না কিন্তু আমার প্র্যাকটিক্যাল অভিজ্ঞতা আছে বলেই বলছি যে ২৪৪ কেসগুলো ছোট খাট কেস, এতে কোন হেনিয়াস অফেন্স নয়। এই সমস্ত কেসে হ্যারাসমেন্ট এড়াবার জন্যে অনেক সময়ে কোর্ট ডিসমিস করে দেয়। Not on the ground that prasecution in not conducting with efficiency. এই ব্যাপারে ক্যালকাটা হাইকোর্টের অনেক রুলিং আছে। ২-৩-৪-৫ বছর ধরে ডেট দিয়েও কোর্টে হাজির করা যায় না। এপিপি সমন করেও আনতে পারে না। এইজন্য এইসব কেস ডিসমিস করে দেয়। এখানে এই এ্যামেন্ডমেন্টটা ভালো you have to wait upto four years. একসপিচাইচ করতে চাইছেন সেটা কি নালিফায়েড হবে না? আপনি একটু চিন্তা করে দেখুন, আপনি বারবার এই বিষয়ে চিন্তা করুন। এ্যামেন্ডমেন্ট এসেছে তাকে আমি অপোজ করছি না। আপনাকে শুধু এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করতে অনুরোধ করছি। আমি তাকে অপোজ করছি না, আপনাকে শুধু এই ব্যাপারে বলছি এই এ্যামেন্ডমেন্ট এনেছেন Because the Government has requested you to place it for the recommendation of the House. সেইজন্য আপনি এই এ্যামেন্ডমেন্ট এসেছেন। আপনি দেখবেন ক্লজ ৫ তাতে বলা হয়েছে - Unless the prosecution satisfies the Magistrate that upon the evidence already produced and for special reasons there is ground for presuming that it shall not be in the interest of justice to discharge the accused.

**[4.20 – 4.30 p.m.]**

এটা তো এ্যাট দি এন্ড অফ ফোর ইয়ারস। আই থিঙ্ক আই এ্যাম কারেক্ট যে ৪ বছর অপেক্ষা করার পরেও যখন আপনি পারলেন না তখন অন দি গ্রাউন্ড নট সাফিসিয়েন্ট সেক্ষেত্রে আপনি ৪ বছরের মাথায় কি করলেন, ইউ উইল বি ডিসচার্জড ফর দ্যাট গ্রাউন্ড অনলি। স্যার, আপনি লক্ষ্য করে দেখবেন যে তিনি কিছু কিছু কাজ অবশ্য করেছেন, কিন্তু ডিফিকালটিসগুলিকে মিটিগেট করবার জন্য যে সেকশানগুলি এখানে রয়েছে - যেমন ধরুন সেকশান ১১৬, ১৯৩, ১৯৪, ২০৯; এই যে সেকশানগুলি দিয়েছেন এই সেকশানগুলি সম্পর্কে আমি আপনাকে বলতে চাই সেকশান ১০৭য়ে যে চলে গেল দেয়ার ইজ নো কন্ট্রাডিকশান উইথ এনিবডি। তাই এই ব্যাপারে আমার আপত্তি আছে। এই ব্যাপারটি আপনি কতদিনের মধ্যে করবেন, প্লিজ গিভ এ্যান এ্যাসিওরেন্স অন দি ফ্লোর অফ দি হাউস। সুন্দরবন এলাকা যেটা হচ্ছে বিগেষ্ট ডিস্ট্রিক্ট, সেখানে কিন্তু কোন এ্যাডশানাল ডিস্ট্রিক্ট জাজ্ নেই। সেখানে আপনি এখান পর্যন্ত একজনকেও প্রভাইড করতে পারেননি। এই ব্যাপারে আমার রিজার্ভেশান আছে। কিন্তু আপনি এটাকে পাশ করাবেন বিকজ ইট হ্যাজ বিন এ্যাপ্রুভাল বাই দি গভর্ণর। কিন্তু আমি আপনাকে অনুরোধ করবো যে in future you please try to give serious thought over it. আই ডু নট অপোজ দি এ্যামেন্ডমেন্টস, কিন্তু তথাপি বলব আপনি এটা ভবিষ্যতে দেখবেন, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে কোড অফ ক্রিমিন্যাল প্রসিডিওর, ওয়েষ্টবেঙ্গল এ্যামেন্ডমেন্ট বিল ১৯৮৫ যা আমরা এই বিধানসভায় পেশ করেছিলাম, পুনরায় রাজ্যপাল তার মতামত দিয়ে ফেরৎ দেবার পর আমরা বিলের ভালমন্দ দিকটাকে সন্নিবেশিত করার জন্য হাউসে এনেছি। আমাদের মাননীয় সদস্য অপুর্বলাল মজুমদার তিনি যে বিষয়টার উপর বক্তব্য রেখেছেন এবং সমর্থন জানিয়েছেন তার দু-একটি বিষয়ের উপর আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই। ইউনিফর্মিটি অফ লেজিসলেশান হয়ত ডিষ্ট্রয় হয়ে যাবে বলে যা আশঙ্কা করেছেন এটা ঠিক নয়; এবং ফান্ডামেন্টাল রুলস থেকে সরে যাচ্ছে, এটাও ঠিক নয়। আইন তৈরী হয় মানুষের কল্যাণের জন্য, আমাদের সমাজ ব্যবস্থায় যদি দেখা যায়, যে পরিস্থিতিতে পরিবর্তিত হচ্ছে সেই অবস্থা অনুযায়ী আইনকেও সেইভাবে মানুষের কল্যাণের দিকে নিয়ে যেতে হয়। আমার বিধানসভা কেন্দ্রর আরামবাগ মহকুমা থেকে প্রায় ২০০ কিমি দূরে - আমাদের সদর থেকে সেখানকার মানুষগুলি অত্যন্ত দুরাবস্থার মধ্যে পড়ে থাকেন। একমুঠো মুড়ি খেয়ে তাদেরকে অতদূরে কোর্টের মামালায় হাজির হ'তে হয়। এখন সেখানে এ্যাডিশনাল সেশন জাজ বসে আছে, এখন সেখানে ডিষ্ট্রিক্ট জাজ্ সাহেবের প্রয়োজন আছে। সেশান জাজ্ তাদের কাছে কমিটমেন্ট হবার পর তিনি আইন অনুযায়ী তাদের কাজ সেশান জাজ্ ও এ্যাসিসটেন্ট জাজ্ সাহেবের মধ্যে ভাগ করে দিচ্ছেন। সেখানে জেলা জজের মর্যাদার কোন ক্ষতি হবে না, আইনগত কোন অসুবিধা হবে না বলে মনে করি। আইনটাকে যেভাবে সাজান হয়েছে, যেভাবে তার এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে তাতে সত্যই আইন ত্রুটিমুক্ত এবং তাতে মানুষের কল্যাণ হবে। এতে সেসান জাজের কাজ হাল্‌কা হয়ে যাবে এবং কাজগুলি ডিষ্ট্রিবিউসান হয়ে যাবে সাবডিভিশন্যাল কোর্টগুলিতে। এ্যাডিসনাল সেসান জাজের ঘরে এই কাজগুলি যদি দিয়ে দেন তাহলে মানুষ তাড়াতাড়ি বিচার পেয়ে যাবে সাক্ষীসাবুদ দেরী হওয়ার জন্য আসামীদের জামিনে থকাতে হয়, তারজন্য প্রচুর টাকা জামিনদাররা পেয়ে থাকেন আসামীদের কাছ থেকে। এটা মানুষের একটা পানিসমেন্ট আদালতে মানুষ যখন বিচারের জন্য এলেন তখন ভেবে নিতে হবে তিনি বিচারাধীন। তিনি প্রকৃত দোষী কি নির্দোষী তার বিচার হওয়ার আগেই যদি তিনি নিঃস্ব হয়ে যান, তাঁর সম্পত্তিগুলি যদি চলে যায় [illegible] টাকা দিতে, সাক্ষীদের খোঁজ করতে যদি দিনের পর দিন হয়রানি হতে

হয় তাহলে মানুষ তাড়াতাড়ি বিচার পাবে কি করে। সেই মানুষগুলির স্বার্থেই আজকে এই সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তাদের যাতে হয়রানি না হয়। মানুষের বিচার ব্যবস্থার স্বার্থেই এই সংশোধনী আনা হয়েছে। মানুষকে বুঝিয়ে দিতে হবে যে বিচার কলুষমুক্ত, নিরপেক্ষ। প্রত্যেক মানুষ স্বাধীনভাবে বিচার চাইবে, সেই বিচার তাদের দিতে হবে, এতে বিচারের মর্যাদা বাড়বে, সরকারের গৌরব বাড়বে। তাই যেটুকু সংশোধন করবার জন্য আইন এসেছে, আগেই আমরা এই আইনকে অনুমোদন করেছি, এই আইন যেন হাউস গ্রহণ করেন এই অনুরোধ জানিয়ে আইন মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুল কায়ুম মোল্লা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সকলকে ধন্যবাদ যে এ্যামেন্ডমেন্টটা তাঁরা গ্রহণ করেছেন। একটু আগে মাননীয় সদস্য অপূর্ব লাল মজুমদার মহাশয় বলেছেন এরমধ্যে ফোর ইয়ার্স ধরেছেন, কতদিন ধরে মানুষ অপেক্ষা করবে - এই ফোর ইয়ার্সের ব্যাপারে ক্লজ (বি) তে ম্যাজিস্ট্রেটের ডিসক্রিসনারী পাওয়ার উল্লেখ করা হয়েছে, যদি ম্যাজিস্ট্রেট মনে করেন যে এটা তাড়াতাড়ি দেওয়া উচিত তাহলে সে সম্বন্ধে ডিসক্রিসনারী পাওয়ার ক্লজ (বি)-তে আনা হয়েছে। বিভিন্ন বিচারের ক্ষেত্রে দেখা যায় অনেক সময় প্রসিকিউসনকে সময় দিতে হয় কেস ট্রান্সফার হওয়ার জন্য, সময়মত সাক্ষী এল না এইসব নানা কারণে। হিনিয়াস অফেন্স ডাকাতি কেস মার্ডার কেস আর্সন কেস এইসব কেসে সময় না দিয়ে যদি ২ বছরের মধ্যে শেষ করে দেওয়া হয় তাহলে অনেক সময় প্রসিকিউসানকে অসুবিধায় ভুগতে হয়, তাতে সাধারণ মানুষের অসুবিধা হয়। আমরা বিচারের সুবিধার জন্য এখন বিভিন্ন জেলা আদালতে যেসব বিভিন্ন মামলা মোকদ্দমা জমে আছে সেগুলিকে ভাগ করে সাবডিভিসানে পাঠাতে চাই। প্রত্যেক সাবডিভিসানে এ্যাডিসন্যাল ডিষ্ট্রিক্ট জাজ, সাবঅর্ডিনেট জাজের ক্ষেত্রে হাইকোর্টের একটা রেকমেন্ডেসান দরকার, সেই রেকমেন্ডেসান অনেক সময় হাইকোর্ট দেননা আবার অনেক সময় দিয়ে থাকেন। আমাদের একটা প্রচেষ্টা আছে প্রত্যেকটি সাবডিভিসন্যাল হেডকোয়াটার্সে একটা করে এ্যাডিসন্যাল ডিষ্ট্রিক্ট জাজ বা এ্যাসিস্ট্যান্ট ডিষ্ট্রিক্ট জাজ বসিয়ে দেওয়ার। এইভাবে বিচার ব্যবস্থা প্রতিটি সাব-ডিভিসানে পৌঁছে দেবার চেষ্টা করছি। প্রথমে ৫টি সাবডিভিসানে দেবার জন্য আপনাদের কনসেন্ট চাইছি, তারপর অন্যান্য সাবডিভিসানে দেবার চেষ্টা করব। আমাদের সরকার নীতিগতভাবে এটা গ্রহণ করেছেন। আমরা চাই বিচার ব্যবস্থাকে বিভিন্ন সাব-ডিভিসানে পৌঁছে দিতে যাতে জনসাধারণের উপকার করা যায়। ১৯৮৫ সালে আপনারা আলোচনা করে এই আইন পাশ করেছেন, এখন তার উপর একটা ছোট্ট এ্যামেন্ডমেন্ট এনেছি। আশা করি সবাই এটা গ্রহণ করবেন।

**[4.30 – 4.40 p.m.]**

The motion of Shri Abdul Quiyom Molla that the following amendments recommended by the Governor in the Message in regard to the Code of Criminal Procedure (west Bengal Amendment) Bill, 1985, be taken into consideration, was then put and agreed to.

## Amendments to Provisions
## (Clause 3.)

**Mr. Speaker :** Now I request Minister-in-charge to move the

amendments.

**Shri Abdul Quiyom Molla :** Sir, I beg to move that in clause 3, in the proposed first proviso for the words, letter, figures and brackets, "clause (c) of sub-section (3) of section 374 and sections 381, 382, 384, 385, 389, 397, 398, 399, 408" the words "and sections" be subsituted ;

The motion was then put and agreed to.

The question that caluse 3, as amended, do stand part of the bill was then put and agreed to.

**(Clause 5)**

**Mr. Speaker :** Now, I request the Minister-in-charge to move the amendment.

**Shri Abdul Quiyom Molla :** Sir, i beg to move that in Clause (5) in the proposed sub-section (3) –

(a) for the words 'two years", the words "four years" be substituted, and

(b) after the words "shall discharge the accused", the words "unless the prosecution satisfies the Magistrate that upon the evidence already produced and for supecial reasons there is ground for presuming that it shall not be in the interest of justice to discharge the accused" be inserted.

The motion was then put and agreed to.

The question that Clause 5, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Shri Abdul Qyiyom Molla :** Sir, I beg to move that the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985, be passed again as amended.

The motion was then put and agreed to.

**The West Bengal Fire Services (Amendment) Bill, 1988**

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to introduce the West Bengal Fire Services (Amendment) Bill, 1988.

(Secretary then read the title of the Bill)

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to move that the West Bengal Fire Services (Amendment) Bill, 1988, be taken into consideration.

**Mr. Speaker :** I call upon Shri Sumanta Kumar Hira to Speak.

**শ্রী সুমন্ত কুমার হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিল উৎথাপন করেছেন সেই ব্যাপারে বিশেষ কিছু বলার নেই। নানারকম পদার্থ দিয়ে যে সমস্ত মন্ডপ তৈরী করা হয় সেগুলোকে নিয়ন্ত্রণ করার জন্য এটা এনেছেন। আমরা সাধারণতঃ দেখি প্রচুর টাকা খরচ করে পাড়ায় পাড়ায় প্যানডেল তৈরী করা হয়। নিয়মভঙ্গ করলে আগে নিয়ম ছিল জরিমানা এবং হাজত হতে পারে।

এই নিয়ন্ত্রন আমাদের সামাজিক কারণেই প্রয়োজন। আমি সেইজন্য আর খুব বেশী বক্তব্য বলব না। মাননীয় মন্ত্রী মহাশয় দি ওয়েষ্ট বেঙ্গল ফায়ার সার্ফিসেস এ্যামেন্ড বিল. ১৯৮৮ যেটা উৎথাপন করেছেন আমি সেই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি ।

**শ্রী সুদীপ বন্দোপাধ্যায় ঃ** মাননীয় স্পীকার মহোদয়, আজকে যে ফায়ার সার্ভিস বিল মাননীয় বুদ্ধদেববাবু উৎথাপন করেছেন, সেই বিষয়ে আমার বক্তব্য হচ্ছে এই যে, ১০০ টাকা থেকে ১ হাজার টাকা জরিমানা বাড়াতে চাইছেন যদি কোন erection at any structure of any pandal in the contravention of the provision of the Prescribed condition proposed. তার দৈনিক জরিমানার ক্ষেত্রে ১০ টাকা থেকে বাড়িয়ে ১০০ টাকা করা হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে, যারা গরীব মানুষ, ডাউন ট্রডন্ পারসন তাদের ক্ষেত্রেও এই টাকাটা দিয়ে ডাইরেক্টরেট অব্ ফায়ার সার্ভিসেসের কাছ থেকে নো অবজেকসন সার্টিফিকেট নিতে হবে বলা হচ্ছে। এই টাকার এ্যামাউন্টটা খুব বেশী এবং এত বেশী টাকা দিয়ে নো অবজেকসন সার্টিফিকেট নেবার বিষয়টি আমি আবার পুনর্বিবেচনা করতে অনুরোধ করব। এই টাকা ধার্য করার বিষয়টি আবার পুনর্বিবেচনা করা দরকার। কারণ আমরা জানি যে, দরিদ্র মানুষ তারা অনেক সময় টেম্পোরারি ষ্ট্রাকচার তৈরী করে বসবাস করেন। এই কলকাতা শহরে বহু মাল্টি ষ্টোরিড্ বিল্ডিং আছে কিন্তু এই বহুতল বাড়িগুলির ক্ষেত্রে মাল্টিস্টোরিড বিল্ডিংগুলির ক্ষেত্রে এই আইন তেমনভাবে প্রয়োগ করা হচ্ছে না। প্রশান্তবাবু যখন মন্ত্রী ছিলেন তখন তাঁর আমলে এই কলকাতা শহরে ৪৫০টি মাল্টি ষ্টোরিড্ বিল্ডিং করার অনুমতি দেওয়া হয়েছিল। আমি তাই এই বিষয়টি মাননীয় বুদ্ধদেববাবুকে তদন্ত করে দেখতে বলব। এই ৪৫০টি মাল্টি ষ্টোরিড্ বিল্ডিং-এক মধ্যে অধিকাংশ বাড়ীতেই যথাযথ অগ্নি নির্বাপন ব্যবস্থা নেই এবং যদি কোনরকম ভাবে তদন্ত করে দেখা হয় তাহলে দেখা যাবে যে, এই বহুতলবিশিষ্ট বাড়ীগুলি তৈরী করতে যে যে শর্ত দেওয়া হয়েছিল সেইগুলি যথাযথভাবে পালন করা হয়নি। সুতরাং এই মাল্টি ষ্টোরিড্ বিল্ডিংগুলির ক্ষেত্রে সরকারী আইন প্রয়োগের এত ব্যর্থতা আমরা প্রতিনিয়তই দেখতে পাচ্ছি এবং প্রত্যক্ষ অভিযোগও আমরা দেখতে পাচ্ছি । কাজেই সেই ক্ষেত্রে কেবলমাত্র ডাউনট্রডন পিপলদের বেলায় এই ধরণের ট্যাক্স করাটা আমাদের মনে হয়েছে এটা সঠিক সিদ্ধান্ত হচ্ছে না। বিয়ে, অন্নপ্রাশন, শ্রাদ্ধ বাড়ী ইত্যাদি ব্যাপারে আমাদের গরীব মানুষেরা অনেক সময় টেম্পোরারি কনস্ট্রাকসন প্যান্ডেল করে থাকে বিভিন্ন জায়গায়। এই টেম্পোরারি কনসট্রাকসন করার ক্ষেত্রে আপনারা যা বলছেন আমরা সেটার অপোজ করছি। এ জন্য কোন টাকা পয়সা না নেওয়াই ভাল। সুতরাং বিয়ে, শ্রাদ্ধ, পৈতে, অন্নপ্রাশন ইত্যাদি সব কিছু ক্ষেত্রেই যে ট্যাক্স ধার্য করার কথা বলা হচ্ছে সেই ট্যাক্সের সিদ্ধান্ত পরিবর্তন করতে আমরা অনুরোধ জানাচ্ছি কারণ, আমাদের মনে হয়েছে,

যেখানে মাল্টি স্টোরিড় বিল্ডিং-এর ক্ষেত্রেই প্রয়োগ করা হয়ে উঠছে না, সেখানে এই ক্ষেত্রে প্রয়োগ করার কোন প্রশ্নই ওঠে না। ফায়ার সার্ভিস ডিপার্টমেন্ট হয়ত আরো কিছু টাকা পয়সা সংগ্রহ করার উদ্দেশ্যে এটা করতে চাইছে। কিন্তু আমাদের মনে হয়েছে যে, এই দমকল সার্ভিসের লোকেরা ডিভোটির কাজ করে থাকেন, অর্থাৎ এই দপ্তরটি হচ্ছে উৎসর্গীকৃত দপ্তর, জনগনের সেবা করাই এদের কাজ।

**[4.40 – 4.50 p.m.]**

কিন্তু সেই তুলনায় আমাদের দমকলের কাজকর্ম সম্পর্কে নানান সময় নানান অভিযোগ আমরা শুনতে পাই। আগুন লাগলে তা নেভানোর জন্য এদের ইক্যুইপমেন্ট যত মডার্ন হওয়া উচিত, যত সায়েনটিফিক হওয়া উচিত তা হয়ে ওঠে না। আগুন লাগলে তা নেভানোর জন্য অগ্নি-নির্বাপক যন্ত্রগুলি যেভাবে কাজ করা দরকার এবং যত দ্রুততার সঙ্গে এবং দক্ষতার সঙ্গে সেগুলি নিয়ন্ত্রনাধীনে আনা দরকার বহু ক্ষেত্রে দেখা যায় যে সেগুলি বাস্তবে ঠিকমত কাজ করতে পারছে না। আমরা জানি যে একটা দপ্তরের কাজকর্মকে আরো উজ্জীবিত করতে এবং তার কাজকর্মকে আরো সঠিকভাবে রূপায়িত করতে গেলে টাকা পয়সার নিশ্চয় প্রয়োজন। কিন্তু টাকা পয়সার প্রয়োজন আছে বলেই সেই টাকা পয়সা সংগ্রহ করার ক্ষেত্রে এই এই জায়গাগুলি যেখানে হাত দেওয়া হচ্ছে আমার মনে হয়না সেটা ঠিক। পূজা পান্ডেলগুলির ক্ষেত্রে একটা নো অবজেকসান সার্টিফিকেট নেবার বিষয় একটা টাকা সব সময় ধার্য করা হয়ে থাকে। আমরা জানি যে আমাদের রাজ্যে অনেকগুলি বারোয়ারি পূজা হয়। বারোয়ারি পূজা যেগুলিতে চাঁদার জুলুম হয় সেগুলি সব সময় নিন্দনীয়, আমরা সেগুলি সমর্থন করি না কিন্তু তা ছাড়াও অনেক বারোয়ারি পূজা হয়। চাঁদার জুলুম হয়ত কিছু কিছু বড় বড় পূজার ক্ষেত্রেই ঘটে থাকে কিন্তু তা ছাড়াও বহু বারোয়ারি পূজা আছে যেগুলিতে প্রকৃত অর্থেই পূজা অনুষ্ঠিত হয়ে থাকে। কাজেই প্রতিটি বারোয়ারি পূজার ব্যাপারেই বলে দেবেন যে চাঁদার জুলুম—সেটা ঠিক নয়। আমাদের এই রাজ্যে ধর্মভীরু মানুষরা এখনও যথেষ্ট নিষ্ঠা সহকারে বহু বারোয়ারি পূজাতে অংশগ্রহন করেন এবং লোকের কাছে হাত পেতে সামান্য চাঁদা নিয়ে পূজাগুলি সুসম্পন্ন করেন। এখন বড় পূজা এবং ছোট পূজা এ সম্পর্কে নিশ্চয় একটা মাপকাঠির কথা ভাবা যেতে পারে। কোন গুলি বড় পূজার পর্যায়ে পড়বে এবং কোনগুলি ছোট পূজার পর্যায়ে পড়বে সেগুলি দেখে যদি আমরা টাকা ধার্য করার বিষয়টি বিবেচনা করতে পারতাম অর্থাৎ এই এই ক্ষেত্রে আমাদের অর্থ ধার্যের ব্যাপারটা এই পর্যায়ে যাবে এবং বড় পূজার ক্ষেত্রে আমাদের অর্থ ধার্যের ব্যাপারটা এই পর্যায়ে যাবে তাহলে সেটা ভাল হয়। আমি আপনাকে এ বিষয়ে চিন্তা করতে অনুরোধ করবো। বুদ্ধদেববাবুকে আমি বলব, বিষয়টা বড় হয়ত একদিন থেকে নয় কিন্তু আর এক দিক থেকে চিন্তা করলে বিষয়টি যথেষ্ট ভাববার বিষয় বলে আমি মনে করি। ছোট বিলের আকারে এটা আজকে পাশ করানো হচ্ছে কিন্তু পরবর্তীকালে হয়ত এরজন্য আমরা অসুবিধা উপলব্ধি করবো। এই তো এখানে একটা অভিযোগ আপনার সামনে করেছিলাম এই বলে যে ৪৫০টি মাল্টি স্টোরেড বিল্ডিং-এর জন্য এই সরকার অনুমতি দিয়েছিলেন। এখন এক কথায় এর উত্তর দেওয়া যায় যে, এরকম কোন ঘটনা ঘটে নি। সব সময় মন্ত্রীরা এরকম উত্তর দিয়ে বিষয়গুলি এড়িয়ে যেতে পারেন। আপনার কাছে এগুলি বলছি কারণ আপনি সমস্যার গভীরে যেতে চান বলে আমাদের বিশ্বাস। আপনি সেদিন আমাকে একটা কথা বলেছেন কোলকাতায় ইললিগ্যাল কনসট্রাকসানের ক্ষেত্রে—হয়ত মাল্টি স্টোরেড বিল্ডিং নিয়ে কথা হয়নি কিন্তু বেআইনী বাড়ী তোলার প্রশ্নে কোলকাতা কর্পোরেশনের বিল্ডিং ডিপার্টমেন্টের প্রতি এক মিনিটের কথায় আপনার সঙ্গে আলোচনা করতে গিয়ে আমার ধারণা হয়েছে কোলকাতার এই বার্নিং প্রবলেম সম্বন্ধে আপনার নিজেরই যথেষ্ট ক্ষোভ আছে। আমি তাই এই বিলের আলোচনায় অংশ গ্রহণ করে বলব, এই ধরণের জায়গায় হাত না দিয়ে আরো বড় বড় জায়গায় হাত দেওয়া দরকার। মাল্টি স্টোরেড

বিল্ডিং এবং বড় বড় বাজারগুলিতে প্রায় আগুন লাগার ঘটনার কথা আমরা শুনি এবং দেখি। একটি/ দুটি নয়, ৯/১০টি বড় বড় বাজারে আগুন লেগেছে। এই সমস্ত জায়গাগুলিতে অগ্নি নির্বাপক ব্যবস্থা আরো জোরদার করা উচিত। সে দিক থেকে আমরা কিছু ট্যাক্স নিতে পারি এবং তাদের উপর ট্যাক্স বসাতে পারি। কত বাজার পর পর আগুনে পুড়ে গেছে কিন্তু আগুন নেভানোর ব্যবস্থা নিয়ে তার মোকাবিলা করতে পারেন নি। কাজেই আজকে যে বিষয়ে বিল এসেছে তার মধ্যে আমি যে বিষয়গুলি সংযুক্ত করার জন্য দিলাম সেটা ইনক্লুড করতে পারেন কি না দেখবেন। আপনি. নো অবজেকশান সার্টিফিকেট নেবার ক্ষেত্রে যেটা ১০০ টাকা ছিল সেটাকে বাড়িয়ে এখন ১ হাজার টাকা করছেন পানিসমেন্ট হিসাবে। আর যেটা ১০ টাকা পার ডে হিসাবে ছিল সেটাকে বাড়িয়ে ১০০ টাকা জরিমানা করছেন। কাজেই আমি যে কথাগুলি আপনার কাছে রেখেছি, আশা করবো সেগুলি আপনি বিবেচনা করে দেখবেন। আজকে এই বিল হয়ত আপনারা সংখ্যা গরিষ্ঠতার জোরে পাশ করিয়ে নেবেন। কিন্তু আমার আবেদন যে, এটাকে সংখ্যাগরিষ্ঠতার জোরে পাশ করিয়ে নেবার আগে আমাদের মতামতগুলি বিবেচনার মধ্যে এনে তারপরে এই বিষয়ে চিন্তা-ভাবনা করুন।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ওয়েষ্ট বেঙ্গল ফায়ার সার্ভিস (এ্যামেন্ডমেন্ট) বিল, যেটা মাননীয় মন্ত্রী মহাশয় এই সভায় এনেছেন, এটা যে অত্যন্ত প্রয়োজনীয় সে কথা অস্বীকার করা যায় না। আমরা দেখেছি দিনের পর দিন যেখানে সেখানে টেম্পোরারি স্ট্রাকটার তৈরী হচ্ছে এবং এর ফলে নানা রকম দুর্ঘটনা ঘটছে, এমন কি প্রাণহানিও হচ্ছে। এটা শুধু বিয়ে বাড়ীর ব্যাপার নয়, মাঝে মাঝে যেখানে-সেখানে যাত্রার প্যান্ডেল হয়, টেম্পোরারি ষ্ট্রাকচার করে ভি. ডি. ও শো বা সিনেমা দেখানো হয়। এসব ক্ষেত্রে প্রায়ই দেখা যায় যে স্পেসিফিকেশান ঠিকমত মানা হয়না। ফায়ার কনট্রোলের ব্যবস্থা না রেখে, নিয়মকানুন না মেনে এই সমস্ত ষ্ট্রাকচারগুলি তৈরী করা হয়, কাজেই এর ফলে নানা রকম বিপর্যয় এটা স্বাভাবিক। অনেক ক্ষেত্রে দেখা যায় যে ঘিঞ্জি জায়গার মধ্যে ফায়ার কন্ট্রোলের ব্যবস্থা না রেখে ষ্ট্রাকচার তৈরী করা হয় এবং যখন কোন দুর্ঘটনা হয় তখন ফায়ার সার্ভিসের লোকেরা স্পটে গিয়েও সেখানে ঢুকতে পারেনা। কাজেই এই সমস্ত জায়গায় আগুন নেভানোর ব্যবস্থা রাখা খুবই দরকার। অনেক জায়গায় দেখা যায় যে জল, বালি ইত্যাদি যে সমস্ত জিনিস আগুন নেভানোর পক্ষে সাহায্য করে সেগুলি না থাকার ফলে আগুন লাগলে অবস্থা আয়ত্বের বাইরে চলে যায়। এর ফলে শুধু যে জিনিস-পত্রের ক্ষতি হয় তা নয়, অনেক সময়ে এটাকে কেন্দ্র করে অনেক অবাঞ্ছিত ঘটনাও ঘটে, পরষ্পরের মধ্যে মারামারি হয়, অনেক আপত্তিকর কাজকর্ম, চুরী, ছিনতাই নানারকম অপ্রীতিকর কাজ হয়। কাজেই নিয়ম-কানুন মেনে নির্বাচিত ফিস জমা দিয়ে ঐ টেমপোরারি ষ্ট্রাকচার করা উচিত এবং এটাই স্বাভাবিক। কাজেই এই জরিমানা রাখা দরকার আছে। এই জরিমানা থাকলে মানুষ নিয়মকানুন মানার চেষ্টা করবে। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন, সেই বিলকে আমি সর্বান্তকরনে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে সংশোধনী আজকে এখানে উত্থাপন করেছি সেই সম্পর্কে বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় কিছু কিছু আপত্তি তুলেছেন। আমি প্রথমেই স্পষ্ট করে বলতে চাই যে এই সংশোধনীতে আমি কি করতে চাচ্ছি। প্রথম কথা হচ্ছে, দেশে আইন আছে যে কোন রকম অনুষ্ঠান করতে গেলে একটা নো-অবজেকশান সার্টিফিকেট নিতে হয়। এটা নতুন করে করছি না। এখানে প্রস্তাব করা হয়েছে যে এই নো-অবজেকশান সার্টিফিকেট নেবার সময়ে একটা ফিস দিতে হবে। এই কথা বলা হয়েছে। কারণ এই নো-অবজেকশান সার্টিফিকেট দিতে গেলে সরকারী দপ্তরে কিছু লোককে কাজ করতে হয়।

**[4.50 – 5.00 p.m.]**

এই কাজগুলো করতে হয়, কিন্তু সরকার কোন টাকা না নিয়ে নো অবজেকশন সার্টিফিকেট দিয়ে দেন। নো অবজেকশন সার্টিফিকেট অতীত কাল থেকেই আছে। সুতরাং এখন যুক্ত করা হচ্ছে এই কাজটা করতে সরকারের যে টাকা খরচ হয়, তার একটা অংশ আমরা তুলে নিতে চাই, এটাই কথা। দ্বিতীয় প্রসঙ্গ হচ্ছে নো অবজেকশন সার্টিফিকেট না নিয়ে কেউ কেউ এই সব প্যান্ডেল তৈরী করে, এটা খুবই বিপদজনক ব্যাপার। সরকারে আইনকে তোয়াক্কা করলেন না, ফলে আগুন লেগে গেলে তখন ফায়ার ব্রিগেড গেল। গিয়ে দেখলো হয়তো নো অবজেকশন সার্টিফিকেট নেয়নি, সেখানে শাস্তিমূলক ব্যবস্থা আছে, সেই শাস্তিমূলক ব্যবস্থাটাকে একটু বাড়ানোর চেষ্টা হচ্ছে যাতে সত্যিকারের ভয় পায়, সেই জন্য ১০০ টাকা থেকে এক হাজার টাকা এবং প্রতিদিন ১০ টাকা ছিল, ওটা ১০০ টাকা, আর যদি পারা যায় ছয় মাস জেলে ঢোকানো। এখন এটা যদি এটু কেশী ব্যবস্থা না করা যায়, ভয় পাবে না। সেই কারণে নো অবজেকশন সার্টিফিকেট না নিয়ে এই সব করা যাবে না। সেই জন্য আমরা শাস্তিমূলক ব্যবস্থাটাকে একটা বাড়াতে চাইছি। এই প্রসঙ্গে সুদীপবাবু বললেন, তিনি বোধহয় ফাইনটা এবং ফিজটা একটু গুলিয়ে ফেলেছেন, ফিজটা কত হবে, তা এখনও আমরা ঠিক করিনি। সেটা সরকারী নোটিফিকেশন এর মাধ্যমে পরবর্ত্তীকালে ঠিক করা হবে। স্বভাবতঃই তখন ছোট প্যান্ডেল, বড় প্যান্ডেল, ছোট পুজো, বড় পুজো, এই সব দেখা যাবে। তবে পূজোর সময় — শারদীয় উৎসব কারা আন্তরিকভাবে পুজো করছে, আর কারা শুধু হৈচৈ করার জন্য পুজো করছে, এই ভাবে ভাগ করা যায় না। আইনের চোখে সবাই সমান। এইগুলো হচ্ছে সব টেম্পোরারী ষ্ট্রাকচার এর কথা। ধর্মীয় অনুষ্ঠান, সাংস্কৃতিক অনুষ্ঠান, খেলাধুলা বা গ্রামের দিকে যাত্রা হয়, মেলা হয়, এর জন্য টেমপোরারী ষ্ট্রাকচার, আইনটা তার উপর প্রয়োগ করা হচ্ছে, কোন বাড়ির উপর প্রয়োগ করা হচ্ছে না। বড়লোকের বাড়ী বা গরীব লোকের বাড়ী, কোন বাড়ীর উপর প্রয়োগ করা হচ্ছে না। এই ফিজটা চাওয়া হচ্ছে না। সেটা অন্য প্রসঙ্গ। সেই সম্পর্কে বলা হয়েছে, যখন আলোচনা হবে, তখন এই বিষয়ে বলবেন। এখন বিষয়টা হচ্ছে টেম্পোরারী ষ্ট্রাকচারের উপর করা হচ্ছে, আর আপনি যেটা বলতে চাইছেন যে গরীব লোকের অসুবিধা হবে। যদি একজন গরীব মানুষ গ্রামের এক কোনে তিনটে বাঁশ দিয়ে একটা টার্পোলিন লাগাচ্ছে, তার উপর ট্যাক্স পড়বে না, আপনাদের কোন ভয় নেই। তার উপর ফাইনও হবে না। যেটা হবে, সেটা হচ্ছে এই আপনি যেটা বলতে চাইছিলেন, সেটাই আমি খুব নির্দিষ্টভাবে বলছি যে শহরে বা গ্রামাঞ্চলে নানারকম সাংস্কৃতিক অনুষ্ঠাণ হয়, সেখানে হাজার হাজার টাকা খরচ হয়, হাজার হাজার টাকার প্যান্ডেল করে। তারা কেন এই টাকা দেবেন না এই সরকারকে ? যখন ফায়ার সার্ভিসের সাহায্য তাকে নিতে হয়, তখন তাকে তার একটা অংশ দিতে হবে। কেন দেবেন না তারা, এই জন্য এটা করা হচ্ছে। এই প্রসঙ্গে উনি যেটা বললেন ছোট বাড়ির দিকে নজর না দিয়ে বড় বাড়ির দিকে তাকান, বড় বাড়ির ব্যাপারে ফায়ার সার্ভিসের আইনটা অন্য আইন। কেন, বড় বাড়ি তৈরী করতে গেলে তার লাইসেন্স লাগে, সেই লাইসেন্স নিয়ে যখন সংশোধনী আনবেন, তখন তার জবাব দেব। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Budhadev Bhattacharjee that the West Bengal Fire Services (Amendment) Bill, 1988, be taken into consideration was then put and agreed to.

## Clause 1

**Mr. Speaker :** There is no amendment on Clause No. 1.

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 2

**Mr. Speaker :** There are 2 amendments on Clause 2 of Shri Supriya Basu. Amendment No. 1 is out of order under rule 321(a). Now I request Shri Basu to move amendment No. 2.

**Shri Supriyo Basu :** Sir, I beg to move amendment No. 2. in the proposed section 23A of the principal Act, the following be inserted,–

(a) in sub-section (1), after the words "ulu grass, golpata, hogla, darma, mat, canvas", the words", tarpaulin, polythene sheets and high density polythene" shall be inserted,'

**শ্রী সুপ্রিয় বোস ঃ** মিঃ স্পীকার স্যার, আমি আমার এ্যামেন্ডমেন্ট মুভ করে আমার বক্তব্য রাখছি। একটা ভূল বোঝাবুঝিতে আমার বক্তব্যটা বলতে পারিনি, সেটা এখন বলে দিচ্ছি। আমি আমার এ্যামেন্ডমেন্টে বলেছি, আপনাদের যে এ্যামেন্ডমেন্টটা রয়েছে তাতে কতকগুলো আইটেম বলা রয়েছে, হোগলা পাতা, ক্যেনভাস, সেকশন ২৩এ, তে বলছেন হোগলা পাতা, পড়মা, ক্যানভাস এ্যান্ড আদার লাইট মেটিরিয়্যালস ... আমি এ্যামেন্টমেন্টে বলেছি — কতগুলি স্পোসিফিক আইটেম, যেগুলি দিয়ে টেম্পোরারি স্ট্রাকচার সেগুলি সম্বন্ধে আইন করা উচিত। সেই জন্যই আমি এখানে টারপলিন্, পলিথিন সিট্স এ্যান্ড এইচ্. ডি. পি.র কথা উল্লেখ করেছি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার বক্তব্য এই যে, ক্যান্ভাস মানেই টারপলিন্ নয়। ক্যানভাস যখন কনভার্টেড হয়, ওয়াটারপ্রুফে দেন ইট্ বিকামস টারপলিন এবং বর্তমানে আমরা যা দিয়ে প্যাণ্ডেল করি বা যা টারপলিন্ হিসাবে ব্যবহার করি, দ্যাট ইজ্ নট টারপলিন্, মিয়ার ক্যানভাস। সেকেন্ডলি যেটা পলিথিন সীট্, সেটাকেও ত্রিপল বলা হয়, কিন্তু আসলে সেটা ত্রিপল নয় এবং সেটা দিয়েও ছাউনি করা হয়। যেটাকে ত্রিপল বলা হয়, যেটা রিসেন্টলি স্ট্রাকচারের জন্য ব্যবহার করা হচ্ছে, দ্যাট ইজ্ এইচ্. ডি. পি—হাই ডেনসিটি পলিথিন। সেইজন্যই আমি বলছি যে, এই তিনটে আইটেমকে এর মধ্যে যোগ করা হোক। এই সাথে সাথে এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রীর কাছে আরো দু একটি কথা বলতে চাই। পেনালটিজের ক্ষেত্রে পেনাল সেকশান না রাখলে তা সঠিকভাবে চালাতে পারবেন না। পেনাল টিজের একটা সেকসন আছে ১৯৫০ সালের য়্যাক্টের চ্যাপ্টার ফাইভে। এখানে ডেফিনিটলি চেঞ্জ হবে। চ্যাপ্টার ফাইভ অফ্ দিস য়্যাক্ট — ওয়েষ্ট বেঙ্গল ফায়ার সার্ভিস য়্যাক্ট, ১৯৫০ তাতে চ্যাপ্টার ভাইভে পেনালটিজ্ বলে একটা চ্যাপ্টার আছে, দ্যাট্ ইজ্ আপ টু ৩৩ সি। সেখানে বিভিন্ন কারণে পেনালটিজ হবে লেখা আছে। আমার কথা হচ্ছে, আমার পূর্ববর্তী বক্তা, আমাদের বিধায়ক সুদীপ বন্দ্যোপাধ্যায়ও বলেছেন, মেজরিটি দিয়ে পাশ করলেই চলবে না, যেসব পেনালটিজ আছে, যে টেম্পোরারি স্ট্রাকচারের কথা বলেছেন — টেমপোরারি স্ট্রাকচারের পারমিসন, নো-অবজেকশন

সার্টিফিকেট না নিলে পেনাল্টি করবেন, কিন্তু অন্যান্য ক্ষেত্রেও পেনালটিজ ইনক্রিস করা দরকার। আপনি বললেন, শহরের বাড়ির ক্ষেত্রে এটা প্রযোজ্য হবে না, গ্রামের ক্ষেত্রেই হবে। শহরে হবে না কেন, না, শহরে হোগলার বাড়ি বা দড়মার বাড়ি হবে না। গ্রামে হবে। কিন্তু বড় বাড়ি, স্কাই-স্ক্রাপার বাড়িগুলির ক্ষেত্রে যদি ফায়ার এক্সটিংগুইসার ব্যবস্থা না থাকে তাহলে তাদেরও পেনালটি হওয়া উচিত। যদি কোন ম্যানুফ্যাকচারিং ইউনিটে অগ্নি নির্বাপণ ব্যবস্থা না থাকে তাহলেও পেনালটি হওয়া উচিত। ফ্যাক্টরিতে আগুন লাগার ব্যাপার থাকতে পারে। সুতরাং কোন কারখানা যদি নো-অবজেকসন সার্টিফিকেট বা লাইসেন্স না নেয় তাহলে তাদের কি পেনালটি হবে? এ রকম কিছু কিছু ব্যাপার আছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি শুধু একটা জায়গায় পেনালটি বাড়াচ্ছেন, অন্য জায়গাগুলো যদি আন্টাচড্ রেখে দেন, রেখে দেন ১৯৫০-এ, তাহলে আমি মনে করি প্র্যাক্টিস প্রপার হচ্ছে না। আপনার ফায়ার সার্ভিসকে ঠিকমত চালাতে গেলে, পেনাল সেকসনে স্ট্রং করতে হবে। যতগুলি ইউনিটে পেনালটিজ হওয়া উচিত সবগুলিকে নিয়ে একটা কমপ্রিহেনসিভ বিল আপনার এখানে উত্থাপন করা উচিত এবং তা যদি করেন তাহলেই ১৯৫০কে ১৯৮৮র সাথে সঠিক করতে পারবেন। নাহলে শুধু একটার প্রতি একটু বেশী হয়ে যাচ্ছে। এই উদ্বেগটাই আমি এখানে প্রকাশ করছি। ১০০০ টাকা ১০০ টাকাকে করেছেন এবং এর ক্লজ আপনি করেছেন এবং নো-অবজেকশন সার্টিফিকেটের জন্য কি করবেন, না করবেন, সেটা পরে করবেন দেখবেন। কিন্তু আমি বলছি শহরের বড় পুজোর ক্ষেত্রে পেনালটি এবং নো-অবজেকসন সার্টিফিকেটের যে সিস্টেম হবে, গ্রামের হোগলা পাতার বা দড়মার ক্ষেত্রেও সেই একই হওয়া উচিত নয় বলেই আমি মনে করছি। কারণ পেনালটিজ নেওয়ার আগে গ্রামের পিপলকে এডুকেট করা দরকার। ফিস না দিলে পেনালটি হবে, নো-অবজেকশন সার্টিফিকেট নিতে হবে, এ বিষয়ে তাদের এডুকেট না করেই যদি আপনি করেন তাহলে সেটা সঠিক হবে না। সুতরাং এটা সঠিক হচ্ছে না। তবে শহরের ব্যাপারটা আলাদা। কারণ আমরা একটা কথা জানি যে, শাসন করা তারই সাজে যে সোহাগ করতে জানে। আপনি ফাইন নেওয়ার বন্দোবস্ত করছেন, এবং হয়ত এই বিল মেজরিটির জোরে পাশও করবেন। কিন্তু অগ্নি নির্বাপণের যে ব্যবস্থা — জলের ব্যবস্থা —তা দিন দিন খারাপ হয়ে যাচ্ছে। রাস্তায় রাস্তায় যে সমস্ত ব্যবস্থাগুলি ছিল, যেগুলি আমরা ছোটবেলায় দেখতাম জল দেওয়ার জন্য তৈরী করা রয়েছে, আগুন লাগলেই যেখান থেকে গঙ্গার জল দেওয়া যেত, সেগুলি সব বন্ধ হয়ে গেছে। এবং মেট্রোপলিটন সিটির বাইরে যে জলাশয়গুলি ছিল সেগুলি বুজিয়ে ফেলার ফলে জলের সব উৎস নষ্ট হয়ে গেছে।

**[5.00 – 5.04 p.m.]**

আগে শহরের বিভিন্ন জায়গায় দেখতাম এ্যালার্ম করার জায়গা থাকতো। এখন সেইসব ভেঙ্গে গেছে। অগ্নি নির্বাপকের যেসব ব্যবস্থাগুলি ছিল সেগুলি সব খারাপ হয়ে যাচ্ছে। আপনারা সব পেনালটিজ না করে একটা পেনালটি চাপাচ্ছেন। সেইজন্য প্রপারলি প্রেজেনটেশন হচ্ছে না। তাই যে এ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছি সেই এ্যামেন্ডমেন্ট গ্রহন করে এই বিল পূর্ণভাবে আসুক এই প্রস্তাব রেখে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পীকার ঃ** আপনি কি এ্যামেন্ডমেন্ট গ্রহন করছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** হ্যাঁ, গ্রহন করতে পারি, আদার লাইক্ মেটিরিয়ালস-এর মধ্যে আসছে। এটা নিতে আমার আপত্তি নেই, আমি গ্রহন করছি। আপনি টারপোলিন, পলিথিন এইটা ঢুকিয়ে দিতে বলছেন তো, আপনার এ্যামেন্ডমেন্ট-এর লিখিত অংশটুকু থাকবে। বাকি যে কথাগুলি বলেছেন টেম্পোরারি ষ্ট্রাকচার আর পারমানেন্ট বাড়ীর ষ্ট্রাকচারের যে পার্থক্য সেটা বুঝতে পারছেন না।

হোগলা দিয়ে গ্রামে হাট হয়, হোগলা, মাদুর, দিয়ে যাত্রার প্যান্ডেল হয়, সেখানে লাগবে। কিন্তু পাকা বাড়ী, মাটির বাড়ী যেগুলো তা নিয়ে আলোচনা হচ্ছে না। সেটার জন্য অন্য আইন। তারজন্য অন্যভাবে লাইসেন্স নেওয়া হয়। এগুলি আপনার সব মিলিয়ে যাচ্ছে।

**মিঃ স্পীকার :** এইচ. ডি. পি. মানে কি ?

**শ্রী সুপ্রিয় বসু :** হাই ডেনসিটি পলিথিন।

**মিঃ স্পীকার :** পুরোটা লিখতে হবে, আইনে সর্টকাট চলে না। তাহলে এইচ. ডি. পি. পড়তে হবে হাই ডেনসিটি পলিথিন। তাহলে আপনি এই ফর্মে কি এ্যমেন্ডমেন্ট গ্রহন করছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য :** হ্যাঁ।

The motion of Shri Supriya Basu that in Clause 2, in the proposed section 23A of the principal Act, the following be inserted, – (a) in sub-section (1), after the words "ulu grass, golpata, hogla, darma, mat, canvas", the words", tarpaulion, polythene sheets and high density polithene" shall be inserted,.

was then put and agreed to.

The question that clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

## Clauses 3, 4, and Preamble

The question that clauses 3, 4 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Buddhadeb Bhattacharjee :** Sir, I beg to move that the West Bengal Fire Services (Amendment) Bill, 1988, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## ADJOURNMENT

The House was then adjourned at 5.04 p.m. till 1 p.m. on Friday, the 9th September, 1988 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 9th September, 1988 at 1 P.M.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 4 Ministers of State and 149 Members.

### Unstarred Questions
### (to which written answers were laid on the Table)

**শ্রীদুর্গা ও মোহিনী কটন মিল**

১। (অনুমোদিত প্রশ্ন নং ৩) **শ্রী অমলেন্দ্র রায় :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পরিচালনা অধিগ্রহণ সংক্রান্ত প্রজ্ঞাপন ভারত সরকার প্রত্যাহার করে নেবার পর শ্রীদুর্গা ও মোহিনী কটন মিলের বর্তমান অবস্থা কি ; এবং

(খ) মিল দুটিকে খোলার ও ভালভাবে চালানোর ব্যবস্থা করতে ভারত সরকার রাজি হয়েছেন কী?

**শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) প্রয়োজনীয় অর্থ না পাওয়া সত্ত্বেও শ্রীদুর্গা মিলের কর্মীরা নিজেরাই মিলটি চালাচ্ছেন।

পরিচালনা অধিগ্রহণ সংক্রান্ত প্রজ্ঞাপন প্রত্যাহার করে নেবার পর ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন মোহিনী মিলের পরিচালনার দায়িত্ব ছেড়ে দিয়েছেন, যদিও মিলে অনুষ্ঠানিকভাবে কোন লক-আউট ঘোষণা করা হয়নি। ইউনিয়নগুলির পক্ষ থেকে হাইকোর্টে এন, টি, সি, মিলের দায়িত্ব ছেড়ে দেবার পূর্ববর্তী অবস্থা বজায় রাখার জন্য মামলা দায়ের করেছে। হাইকোর্ট ২১-৬-৮৮ পূর্ববর্তী অবস্থা বজায় রাখার নির্দেশ দেন। শোনা যাচ্ছে যে, কর্তৃপক্ষ ইহার বিরুদ্ধে উচ্চতর আদালতে আবেদন করেছেন। মিলটির স্বাভাবিক উৎপাদন এখন বন্ধ।

(খ) নির্দিষ্ট কোন খবর পাওয়া যায় নি।

**শহীদ প্রফুল্ল চাকীর মূর্তি সংস্কার**

২। (অনুমোদিত প্রশ্ন নং ৫) **শ্রী অমলেন্দ্র রায় :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) শহীদ প্রফুল্ল চাকীর মূর্তি ও মূর্তিস্থল সংস্কারের কোন প্রস্তাব সরকারের হাতে এসেছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে এই সম্পর্কে কি কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**যাদবপুর যক্ষ্মা হাসপাতালে 'কবি সুকান্ত স্মৃতি' ওয়ার্ড**

৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭) **শ্রী আনিসুর বিশ্বাস :** স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) কবি সুকান্ত ভট্টাচার্য যাদবপুরের যক্ষ্মা হাসপাতালে যে ঘরে মারা যান, সেই ওয়ার্ডটি কবি সুকান্ত ভট্টাচার্যের নামে করার কোন প্রস্তাব আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাত প্রস্তাবটি কার্যকরী হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) ও (খ) এরূপ কোন প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন না থাকলেও যে ওয়ার্ডে কবি সুকান্ত ভট্টাচার্যের মৃত্যু হয় সেখানে প্রবেশপথের পাশে দেওয়ালে "কবি সুকান্ত স্মৃতি" নামে একটি প্রস্তরফলক আছে ও যে শয্যায় কবি শেষনিঃশ্বাস ত্যাগ করেন তাহার উপরে কবির জন্ম ও মৃত্যু তারিখ সম্বলিত একটি হাতে আঁকা প্রতিকৃতি আছে।

**জি, এন, এল, এফ, আন্দোলন হেতু দার্জিলিং-এ পর্যটন শিল্পে ক্ষয়ক্ষতি**

৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯।) **শ্রী আনিসুর বিশ্বাস :** গত ৬ই মে, ১৯৮৮ তারিখের *৬৯৭ (অনুমোদিত প্রশ্ন নং *৮৯৫) প্রশ্নোত্তর উল্লেখে পর্যটন দপ্তরের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, দার্জিলিং-এ জি, এন, এল, এফ-এর আন্দোলনের ফলে উক্ত এলাকায় পর্যটন শিল্পের ক্ষয়ক্ষতি পূরণের জন্য সরকার ইতিমধ্যে কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা এবং করিয়া থাকিলে, তাহা কি কি?

**পর্যটন বিভাগের মন্ত্রিমহাশয় :** এখনও পর্যন্ত ক্ষয়ক্ষতি পূরণের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি।

**হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্প**

৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০।) **শ্রী অনিসুর বিশ্বাস :** গত ১১ই জুন, ১৯৮৭ তারিখের প্রশ্ন নং *২৪৭ (অনুমোদিত প্রশ্ন নং *৩০)-এর উত্তরের প্রাসঙ্গিকতায় শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্প স্থাপনের বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(খ) কবে নাগাত ঐ প্রকল্পের মূল কাজ শুরু ও শেষ হবে বলে আশা করা যায়?

**শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্প রূপায়ণের উদ্দেশ্যে হলদিয়া পেট্রোকেমিক্যাল লিমিটেড নামে একটি যৌথ কোম্পানী গঠন করা হয়েছে। প্রকল্পটি রূপায়ণের জন্য বিভিন্ন আর্থিক সংস্থার কাছে ঋণের জন্যে আবেদন করা হয়। আই, ডি, বি, আই-র নেতৃত্বে বিভিন্ন ঋণদানকারী সংস্থা হলদিয়া পেট্রোকেমিক্যাল কোম্পানীকে ঋণ মঞ্জুর-এর প্রস্তাবটি পর্যালোচনা করে কেন্দ্রীয় অর্থমন্ত্রকের নিকট প্রয়োজনীয় নির্দেশের জন্য পাঠিয়েছে গতবছর অক্টোবর

নাগাত। কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের এই ব্যাপারে অনেক আলোচনা হয়েছে, কিন্তু এখনও ঋণ মঞ্জুরে ওদের সম্মতি পাওয়া যায় নি।

(খ) কেন্দ্রীয় সরকারের প্রয়োজনীয় অনুমতি এবং আর্থিক সংস্থাগুলির সাহায্যের সুনির্দিষ্ট প্রতিশ্রুতি পাওয়া গেলেই কাজ শুরু করা যাবে বলে আশা করা যায়। হিসাবমত কাজ শুরু হবার পর ৪৮ মাস পরে প্রকল্পটি চালু হয়ে উৎপাদন শুরু হবার কথা।

## Edibility test of oil before distribution

**6.** (Admitted question No. 39.) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state —

(a) Whether edibulity of oil is tested before distribution through the Public Distribution System ; and

(b) If so,—

(i) what arrangements have been made by the State Government for such tests ; and

(ii) the number of cases in which oil meant for distribution through Public Distribution System has been found in such tests as unsuitable for human consumption during the last two years ?

**Minister-in-charge of the Food and Supplies Department :** (a) Yes.

(b) (i) Samples of refined rapeseed oil by STC in barels are tested by Port Health Organisation, Calcutta. Such oils supplied by Hindustan Vegetable Oils Corporation are tested in the laboratory of the Bombay Municipal Corporation and samples of refined rapeseed oil supplied by West Bengal Essential Commodities Supply Corporation Ltd. are tested in the laboratory of the Food and Supplies Department.

In respect fo RRSO in 2 kg. and 5 kg. tins supplied by HVOC, Calcutta, the Quality Control Laboratory of local HVOC tests such RRSO and sample cases are also sent to ITALAB, Calcutta.

(ii) Between 1986 and 1988 thirty samples sent by different refineries were initially rejected on testing not being found upto specifications. After reprocessing samples sent were passed on testing.

## Finalisation of the Calcutta Municipal Corporation's Building Rules

**7.** (Admitted question No. 45.) **Shri SAUGATA ROY :** With reference to the reply to Starred Question No. *207 (Admitted Question No. *93) given on 29-3-1988, will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state, the progress so far made in the matter of finalisation of the Calcutta Municipal Corporation's Building Rules?

**Minister-in-charge of the Local Government and Urban Development Department :** For finalisation of the Calcutta Municipal Corporation's Building Rules, an Expert Committee has already been constituted. The Committee is expected to submit its recommendations to Government towards the end of September this year.

## Fake Ration Cards

**8.** (Admitted question No.54) **Dr. SUDIPTA ROY and Shri SAUGATA ROY :** Will the minister-in-charge of the Food and Supplies Department be pleased to state–

(a) whether the State Government has any information regarding fake ration cards in some districts; and

(b) what steps have been taken/ proposed to be taken by the State Government in this regard?

**Minister-in-charge of the Food and Supplies Department:**

(a) Yes, existence of spurious ration cards in considered to be a definite possibility.

(b) The State Government has given direction to the district officials to check the ration shops regularly in the districts.Steps have also been taken to cancel the fake ration cards promptly, if found at the time of inspection. The inspecting staff of this department maintains regular checking to eliminate spurious ration cards and this forms an important and integral part of their duties.

## Chief Inspectors and Inspectors for the Public Distribution System

**9.** (Admitted question No. 61) **Shri SUDIP BANDYOPADHYAY:** Will the Minister-in-charge of the Food and

Supplies Department be pleased to state —

(a)whether some post of Chief Inspectors and Inspectors have been sanctioned by the State Government for supervising the works of the Public Distribution System ; and

(b) If so,—

(i) what is the sanctioned strength and the number of men in position in such posts,

(ii) whether some of the sanctioned posts are still lying vacant,and

(iii) what are the guidelines issued to the Chief Inspectors and Inspectors for supervising the works of the Public Distribution System?

**Minister-in-charge of the Food and Suppliers Department:**(a) Yes.

(b) (i) The sanctioned strength and the number of men in position in such posts are shown below :

| | |
|---|---|
| (1) Sanctioned strength | |
| Chief Inspector | ....225 |
| Inspector | ....721 |
| (2) Number of men in position | |
| Chief Inspector | ....204 |
| Inspector | ....567 |

(ii) Yes.

(iii) A Chief Inspector mainly assists the Subdivisional Controller of Food and Supplies or the Rationing Officer, as the case may be, in various matters of administration, such as allotment of cereals to M.R. Distributors|A.R.Wholeselers, allotment of Sugar to Wholeselers,allotment to M.R. Retailors|Appointed Retailers, submission of periodic returns etc. He undertakes tours to inspect the shops of M.R. Distributors|Appointed Wholesalers,M.R. Retailers|Appointed Retailers, etc. He will supervise the works of Inspectors and Sub-Inspectors.

An Inspector is generally responsible for food administration for the area of a police station in a modified rationing area and in the specified zone in the statutory rationing area. An Inspector in the M.R. area is to inspect ration shops allotted to him at least once in a fortnight and in the S.R. area at least once in a week. He will also organise regular drives and or assist the Chief Inspectors in the matter of elimination of spurious ration cards. He will personally enquire into the applications for new ration cards. He will physically verify the stocks of ration shops and see that the ration shops do not go dry at any point of time.

The above duties are not exhaustive. They are supposed to perform all duties as are entrusted to the Chief Inspectors and Inspectors by their superiors from time to time.

**Development of the Jheeli Meli Park at Salt Lake**

**10.** (Admitted question No. 65.) **Shri SUDIP BANDYOPADHYAY** : Will the Minister-in-charge of the of the Local Government and Urban Development Department be pleased to state that –

(a) Whether the State Government has received proposals from private promoters,for developing Jheeli Meli Park at Salt Lake into a full-fledged amusement park in the Joint Sector; and

(b) If so,—

(i) what are the proposals,

(ii) the names of the private promoters,and

(iii) the contemplation of the State Government in the matter?

**Minister-in-charge of the Local Government and Urban Development Department :** (a) Yes.

(b) (i) The proposals are for development Jheeli Meli into an Amusement Park|Theme Park in the Joint Sector :

(ii) The names of private promotors are :

(a) Damodar Ropeways,

(b) Calcutta Wonderlands,

(c) The National Insulated Cable Co. of India Ltd.

(iii) No final decision in the matter has been taken as yet.

**মারাদোনার কলকাতার খেলার ব্যাবস্থা**

১১। (অনুমোদিত প্রশ্ন নং ৯২) **শ্রী নটবর বাগদী এবং শ্রী গোবিন্দ বাউরী :**

ক্রীড়া ও যুবকল্যাণ (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বিশ্বখ্যাত ফুটবলার মারাদোনা তাঁর দল নিয়ে কলকাতায় কবে নাগাদ খেলতে আসবেন;

(খ) ইহা কি সত্য যে, ১৬ই জুলাই, ১৯৮৮ তারিখে ইস্টবেঙ্গল বনাম মোহনবাগান-এর খেলায় সংঘর্ষের দরুন যুবভারতী ক্রীড়াঙ্গনের বহু ক্ষয়ক্ষতি হয়েছিল; এবং

(গ) সত্য হলে, ঐ ক্ষয়ক্ষতির পরিমাণ টাকার অঙ্কে কত ?

**ক্রীড়া ও যুবকল্যাণ ( ক্রীড়া ) বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) কেন্দ্রীয় সরকার প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রা মঞ্জুর না করায় এই খেলা অনুষ্ঠিত হওয়ার কোন সম্ভাবনা নেই।

(খ) ওই সংঘর্ষের দরুন কিছু আসন ও শৌচাগারের ক্ষতি হয়।

(গ)মেরামতি কাজের জন্য অনুমান ২,০২,৪২৫ টাকা।

**Committee for monitoring the functions of the Employment Exchanges**

**12.** (Admitted question No. 108.) **Dr. TARUN ADHIKARI and Shri SAUGATA ROY :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state —

(a) Whether the State Government has constituted a State Level Committee for monitoring the functions of the Employment Exchanges and for suggesting measures for expanding employment opportunities in the State ; and

(b) If so,—

(i) the Steps taken by this committee for monitoring the function of the Employment Exchanges,

(ii) The measures suggested by the committee for expanding employment opportunities in the State, and

(iii) the number of meetings of this committee held after November,1983 ?

**Minister-in-charge of the Labour Department :** (a) There is no State Lavel Committee for monitoring the functions of the Employment Exchanges. However, there is a State Level Advisory Committee known as the State Committee on employment,functions

of which inter alia are as follows:-

(i) to review employment information and to assess employment and umployment trends of the state both urban and rural and suggest measures for expanding employment opportunities, and

(ii) to advise on general problems regarding the functioning of the Employment Exchanges.

(b) (i) The questions does not arise . However, the committee reviewed the number of unemployed persons registered in the Employment Exchange in West Bengal vis-a-vis the number of registered persons placed in jobs.

(ii) No specific measures have been suggested by the Committee.

(iii) Four.

**Share of the Government in the gate receipts from the League Matches**

**13.** (Admitted question No.116.) **Shri SULTAN AHMED :** Will the Minister-in-charge of the Sports amd Youth Services (sports) Department be pleased to state —

(a) whether a percentage of the gate receipts from the Calcutta Football League Matches is received by the State Government ; and

(b) If so,—

(i) what is the percentage-wise share of the State Government in such gate receipts, and

(ii) whether the State Government has any proposal to lower this percentage so that the share of the clubs may be substantially increased ?

**Minister-in-charge of the Sports and Youth Services (Sports) Department :** (a) and (b) (i) Gate receipts of the ordinary football matches other than exhibition matches are received by the State Government.

collection from exhibition football matches are received by I.F.A. For exhibition matches played at Yuba Bharati Krirangan,Salt Lake, 25% of the sale proceeds goes to Society for Sports and Stadium and the rest goes to I.F.A.

(ii) Does not arise.

**আসানসোল হইতে বরাকর পর্যন্ত জি, টি রোডের অবস্থা**

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২১) **শ্রী তুহিন সামন্ত :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, আসানসোল হইতে বরাকর পর্যন্ত জি, টি, রোডের অংশটি যানবাহন চলাচলের ক্ষেত্রে অযোগ্য। ; এবং

(খ) সত্য হইলে,উক্ত অংশটি কবে নাগাদ মেরামত করা হইবে বলিয়া আশা করা যায় ?

**পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**Report of the violence at Salt Lake Stadium in the Football match**

**15** (Admitted question No. 139.) **Shri SUDIP BANDYOPADHYAY:** Will the Minister-in-charge of the Department of Sports and Youth Services (Sports) be pleased to state —

(a) whether the State Government has received any report on the incidents that led to violence at Salt Lake Stadium during the last Calcutta Football League Exhibition Match between Mohanbagan and East Bengal ; and

(b) If so,—

(i) the details thereof, and

(ii) steps taken/proposed to be taken by the State Government to prevent violence during matches involving the big three clubs of Calcutta ?

**Minister-in-charge of the Sports and Youth Services (Sports) Department :** (a) Government have received report from the Police and from the Soceity for Sports and Stadium.

(b) (i) Reaction generated due to rough play and subsequent marching orders to one of the players triggered off the incident. As a results 29 police personnel and 24 spectators received injuries. One Shri Subir Bhowmick of Gobardanga, Ranaghat, subsequently succumbed to his injuries. Damage/loss of property to S.S.S. was estimated to be Rs. 2 lakhs.

(ii) (a) P.S. Case No. 25, dated 16-7-88, was started.

(b) Several meetings were held with I.F.A. and the officials of big three clubs of Calcutta to prevent recurrence of such incidents.Some administrative actions were taken by I.F.A. and the State Government. Joint appeals were also issued.

(c) In subsequent such matches more elaborate police arrangementt were made. Entry with flags, festoons, poles, crackers etc. was prohibited. Wide publicity to this effect was given through newspapers.

**Minimum wages of the casual workers at Great Eastern Hotel**

**16.** (Admitted question No.162.) **Shri SULTAN AHMED:** Will the Minister-in-charge of the Tourism Department be pleased to state —

(a) what is the minimum wage of workers employed in the Great Eastern Hotel on casualldaily wage basis ;

(b) the number of such workers ; and

(c) (i) whether the minimum wage is likely to be revised, and (ii) if so, when?

**Minister-in-charge of the Tourism Department :**

(a) Rs. 12.50 per day for an unskilled worker.

(b) 25 on Hotel side and 22 on Bakery side.

(c) (i) Yes,and (ii) next financial year.

**Number of X-ray Machines lying idle in the Calcutta Medical College**

**17.** (Admitted question No164.) **Shri KHUDIRAM PAHAN AND, SHRI SUDIP BANDYOPADHYAY :** Will the minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state–

(a) whether some X-ray machines are lying idle at the Calcutta Medical College Hospital for more than a year.

(b) If so,—

(i) the number of such X-ray machines which are lying unutilised,

(ii) the value of such X-ray machines,and

(iii) the reasons as to why these machines are not being utilised in the Hospital ?

**Minister-in-charge of the Health and Family Welfare Department:** (a) No such X-ray Machines are lying idle for more than one year.

(b) (i),(ii)and (iii) Does not arise.

**ইউ, এন, এফ, পি, এ-র সুপারিশ মোতাবেক গঙ্গাদূষণ প্রকল্প**

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫।) **শ্রী দিলীপ কুমার মজুমদার :** পরিবেশ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইউনাইটেড নেশনস্ পপুলেশন ফাণ্ড-এর সুপারিশ মোতাবেক গঙ্গাকে দুষণমুক্ত করার জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কিনা?

**পরিবেশ বিভাগের মন্ত্রিমহাশয় :** না।

**[1.00 – 1.10 p.m.]**

## ADJOURNMENT MOTION

**Mr . Speaker :** To day I have received one notice of adjournment Motion from Shri A.K.M. Hassanuzzaman, on the subject of deadlock created in Alia Madrasha and Madrasha Board due to sit-in-demonstration by the West Bengal Madrasha Student's Union. The subject of the motion does not call for adjournment of business of the House. I, therefore, withold my consent to the motion. The member may, however, read out the text of his motion as amended.

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান :** জনসাধারনের পক্ষে গুরুত্বপূর্ণ এবং জরুরী সাম্প্রতিক নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল :- গত প্রায় ১৫ দিন যাবত কয়েক দফা দাবীর ভিত্তিতে পশ্চিমবঙ্গ মাদ্রাসা ছাত্র ইউনিয়ন অবস্থান ধর্মঘট করায় এবং সরকার মীমাংসায় রাজি না হওয়ায় কলিকাতা আলিয়া মাদ্রাসা ও মাদ্রাসা বোর্ডের অচলাবস্থার সৃষ্টি হয়েছে।

**Mr . Speaker :** Since today is the non–official day, there is no provision to allow mention case. But some of the members requested me to allow them to make their reference in the House. To-day is the last day of the session and so I allow them to speak. Now Mr. Saugata Roy, what is your submission?

**শ্রী সৌগত রায় :** স্যার, আমার যে সংবাদ এই হাউসকে দেবার, তা হল এই যে পশ্চিম-

বঙ্গের বিভিন্ন জায়গায় যে সি.পি.এমের অত্যাচার হচ্ছে তার বিরুদ্ধে পশ্চিমবাংলাময় বিক্ষোভ দেখা দিচ্ছে। গতকাল প্রবল বৃষ্টির মধ্যেও কুচবিহারে কয়েক হাজার মানুষ কুচবিহারে গুলি চালনার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন। আজকে মেদিনীপুরের সবং-এ কলেজের আইডেন্টিটি কার্ডে বন্দেমাতরম বাদ দেবার প্রতিবাদে মেদিনীপুরে ৩৩ টি কলেজের ছাত্র প্রায় তাদের ৬০টি বিভিন্ন পয়েন্টে রাস্তা অবরোধ করেছেন এবং আগামীকাল এ' কার্ডে বন্দেমাতরম কথাটি এবং তেরঙা পতাকা বাদ দেওয়ার প্রতিবাদে মেদিনীপুরে ডাঃ মানস ভুঁইয়া এবং অন্যান্য অনেকের নেতৃত্বে পথ অবরোধ হচ্ছে. তাছাড়া আগামীকাল ৪৬ নম্বর ওয়ার্ডে নির্বাচনে রিগিংয়ের প্রতিবাদে বড়বাজারের সমস্ত এলাকা বনধ বলা হচ্ছে। আমি আজকে হাউসকে এই কথা জানাতে চাই যে, সি.পি.এম. এখন যদি তাঁদের আগ্রাসী নীতি ত্যাগ না করেন এবং কুচবিহারে গুলি চালনার জন্য যে বিচার বিভাগীয় তদন্ত করার দাবী আছে সেই ব্যাপারে যদি সরকার অনমনীয় মনোভাব পরিবর্তন না করেন, তাহলে পশ্চিমবঙ্গের আন্দোলন আরও উত্তাল হয়ে উঠবে।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই অধিবেশন শেষ হয়ে যাচ্ছে, সেজন্য একটি জরুরী বিষয় আমি এখানে আলোচনা করতে চাই। কিছুদিন আগে এই সভায় আমার নেলসন ম্যান্ডেলার মুক্তির দাবী করে প্রস্তাব উত্থাপন করেছি এবং দক্ষিন আফ্রিকার বর্ণ বৈষম্য নীতির বিরুদ্ধে বলেছি। আমরা দেখেছি ইংলন্ড দল ভারত সফরে আসছে, গ্রাহাম গুচের নেতৃত্বে সমস্ত খেলোয়াড়রা এখানে টেষ্ট খেলতে আসছে, আমরা সেই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গ্রহণ করেছি, কিন্তু দক্ষিণ আফ্রিকার খেলোয়াড়দের ক্ষেত্রে বয়কট করা হয়। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে আবেদন জানাবো যে, গ্রাহাম গুচ এবং আরও কজন সাউথ আফ্রিকার খেলোয়াড় যারা খেলতে আসছেন তাদের খেলবার অনুমতি যদি ভারত সরকার দেনও তাহলেও রাজ্যসরকার এবং সি.এ.বির উচিত তাদের খেলতে না দেওয়া। যদি তাতে কলকাতা টেষ্ট বন্ধ হয়ে যায় সেও ভাল। এই বিধানসভায় আমরা যে নীতির উপর দাঁড়িয়ে কথা বলি, তার সঙ্গে সঙ্গতি রেখে বলছি, ভারত সরকার অনুমতি দিলেও দক্ষিণ আফ্রিকার খেলোয়াড়দের খেলা এখানে বন্ধ করতে হবে। এই গুরুত্বপূর্ণ বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মানবেন্দ্র মুখার্জী :** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে কয়েকটি বিষয় সভার নজরে আনছি। কুচবিহারে কংগ্রেস (আই) দল যে বিশৃঙ্খলা সৃষ্টি করবার চেষ্টা করেছে, তার প্রতিবাদে গত ৬ তারিখে প্রাকৃতিক দুর্যোগকে উপেক্ষা করে সেখানে ১০ হাজার মানুষের সমাবেশ হয়েছে। ৪৬নং নির্বাচনে হেরে গিয়ে যে কাজ করেছে কংগ্রেস তার প্রতিবাদে আজকে বিজয় মিছিল বের হবে এবং মিটিং হবে সন্ধেবেলায় সেদিন কংগ্রেস সেখানে যা জমায়েত করেছিল তার দশগুন মানুষকে নিয়ে আজকের এই বিজয় উৎসব পালন করা হবে।

**শ্রী মাধবেন্দু মহান্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র এবং হলদিয়া পেট্রোকেমিক্যালস প্রজেক্টের উপর নন অফিসিয়াল প্রস্তাব এসেছে এবং তার আলোচনা হবে। সেইজন্য একটি বিষয়ের প্রতি সভার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। এইমাত্র আমাদের বিরোধী দলের এক মাননীয় সদস্য সি.পি.আই(এম)-এর অত্যাচারের কথা উল্লেখ করছিলেন। কিন্তু নদীয়া জেলায় ওরা যে ধারা চালাচ্ছে তাতে দেখতে পাচ্ছি, সেখানে যুব কংগ্রেস-এর আক্রমণ ক্রমশ তীব্র হয়ে উঠছে। কিছুদিন আগে হলদিয়া পেট্রোকেমিক্যালসের দাবীতে যেদিন কেন্দ্রীয় সমাবেশ হবার কথা ছিল, সেদিন আনন্দ সাঁতরা নামে একজন পঞ্চায়েত সদস্যকে বাস থেকে টেনে নামিয়ে সেখানে খুন করা হয়েছে। আজকেও সেখানকার একজন তাঁতশিল্পী, রামনাথ দেবনাথকে ভীষণভাবে যখম করা হয়েছে। নদীয়ার আজকাল এইরকমসব ঘটনা ঘটছে। এর প্রতিবাদে সেখানে এক সমাবেশ হচ্ছে। এই

অত্যাচারের বিরুদ্ধে ব্যাবস্থা নেওয়া দরকার।

## CALLING ATTENTION

**Mr . Speaker :** Now, the Minister-in-charge of Health and Family Welfare Department will make a statement on the subject of reported death of five Cholera Patients at Chabra in Bankura District. (Attention called by Shri Kripa Sindhu Saha on the 6th September, 1988).

**Shri Prasanta Kumar Sur :** Sir, report so far received from the Chief Medical Officer of Health, Bankura regarding 5 deaths at Chabra village under Onda P.H.C..it is learnt that there are totally 8 cases with 3 deaths due to Gastro-enterities.All these cases are due to worm infestation. Out of 3 deaths one died on Onda P.H.C. and other 2 at Bankura Medical College. Date of 1st attack attendance 23.8.88 and date of 1st death 24.8.88 and date of last death 5.9.88. There had been few minor cases and all have been treated by Block Medical Officer of Health. Onda P.H.C. All water sources of the village have been disinfected. Health staff are visiting the village. Everyday since 23.8.88 Chief Medical Officer of Health and Assistant Chief Medical Officer of Health visited the village. One vehicle has been kept ready at the Block Headquarters for field visit and shifting of patients. A team from Bankura Medical College has been sent for Epidemiological investigation. Situation is under control. A team from S.T.M. Calcutta has also been arranged for bacteriological investigation.

**[1.10–1.20 p.m.]**

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-Charge of Labour Department to make a statement on the subject of lock out at Bata Company.

**Shri Shanti Ranjan Ghatak :** The management of M/S Bata India Ltd. declared lockout in their factory at Batanagar with effect from 9.7.88. The reasons stated in the notice of lockout are indiscipline activities by the workmen in various shops particularly in shops No.305 and 306, work stoppages in some other departments, alleged illegal strike by the workmen on 7th July, 1988 etc. It, however, appears from the subsequent actions of the management and the discussions held at different levels with the union representatives that the real reasons for the lockout were somewhat different from the reasons stated in the formal notice for lockout dated 9.7.88.

The lockout involves about 9,000 workmen of permanent roll and another 1,ooo workmen in casual and contract labour pool.

Before issuing such formal notice of the lockout, the management did not, however, draw the attention of the Labour Directorate and or of myself or the Chief Minister on the alleged circumstances which led the management to declare lockout. A tripartite settlement signed on 2.9.86 covering issues of the charter of demands such as wages and scales of pay, dearness allowance, and other allowances and service conditions is in force till 30.9.89 and binding upon the parties.

Prior to the lockout, negotiations were going on in the Labour Directorate to resolve certain other issues like medical benefits, progressive incentives, manning pattern etc. as follow-up measures of the tripartite settlement dated 2.9.86.

On receipt of a representation from the union, the Labour Directorate called a meeting on 7.7.88 to ascertain the industrial relation situation in the unit. But the management failed to paritcipate in the meeting.

Subsequent to the lockout the management by a notice dated 15.7.88 under Section 9A of the Industrial Dispute Act informed the union of their intention to effect a number of changes which inter alia include revision of manning pattern in different departments, abolition of several jobs/departments like printing department No. 641, folding block making department No. 211, department No, 217, elimination of some operations in the tenancy etc,. introduction of new machines/techniques, redeployment of surplus staff numbering about 500 without protection of wages and service condition, premature retirement, curtailment of several existing benefits etc. The management also proposed changes in work norms in different departments and curtailment of existing payment in many operations such as drawing textiles, upper combining,bottom combining and many operations in the leather factory etc.etc.

The management have alxo demanded in the lockout notice dated 9.7.88 that among other conditions, employees and workmen will have to submit individual written assurances for maintenance of discioline. Thus the management has virtually proposed a total change in service conditions of the workmen inspite of the fact that the tripartitie settlement dated 2.9.86 continues to be binding upon both the parties till 30.9.89.

The Labour Directorate has held several joint and seperate conferences for lifting the lockout. I myself met the parties on 12.7.88, 21.7.88, 10.8.88 separately and jointly on 25.8.88. I advised the management to lift the lockout immediately and to discuss the iassues which were pending for conciliation. The management has taken the stand that all the issues raised by them in the notice under Section 9A and also those mentioned in the lockout notice should be settled before lifting of lockout. Thus, in effect the management wants to force the workmen to accept their terms as a precondition for the lifting of lockout even thought the tripartite settlement dated 2.9.86 is still in force. .

Naturally the union is opposed to any such change of service conditions and has pointed out that under item n0. 30 of the tripartite wage settlement dated 2.9.86, the existing terms and conditions of service of workmen are to continue till the expiry of the current tripartite settlement.

In the last meeting held with the parties on 25.8.88, it was suggested that the management should lift the lockout on the basis of broad settlement which might cover problems in the departments particularly 305 and 306 mentioned in the lockout notice and some other urgent issues like printing etc.which were already under discussion between the parties prior to declaration of lockout . The remaining issues raised by the management or the union can be discussed only after the factory reopens and the atmosphere becomes congenial. While the union agreed to this proposal, the management refused to consider the same. The management was further advised to make payment of the arrear wages, but it is learnt that the same has not been paid as yet.

The Chief Minister has also requested Mr. Thomas G. Bata, President. and Chief Executive of the organisation, by letter dated August 17, 1988 to advise the local management to immediately lift the lockout, to recommence production and to sort out the issues with the workers' representatives subsequently. No reply to the said letter of the Chief Minister has been received till date.

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-charge of Health and Family Welfare Department to make a statement on the subject of closure of Hudsi Primary Health Centre in Murshidabad District.

(Attention called by Shri Mannan Hossain on the 8th September, 1988.)

**শ্রী প্রশান্ত কুমার শূর :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মুর্শিদাবাদ জেলায় হুগাসি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের বর্তমান পরিস্থিতি নিম্নরূপ :—

১) হুগাসি স্বাস্থ্যকেন্দ্রের হাসপাতাল গৃহের অবস্থা ভাল নয়। জরুরী মেরামত প্রয়োজন। মুখ্য স্বাস্থ্য আধিকারিক মুর্শিদাবাদ মহাশয়কে ২৮।৪।৮৮ তারিখে রেডিওগ্রাম মারফত এস্টিমেট চাওয়া হয়েছে এবং এ সম্পর্কে পুনরায় জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়েছে।

২) ডাঃ গৌতম বন্দ্যোপাধ্যায়কে উক্ত হাসপাতালে মেডিকেল অফিসার হিসাবে নিযুক্ত করা হয়েছিল। এবং বেশ কিছুদিন তিনি কাজ করেছিলেন। পরে বিশেষ প্রয়োজনে ইসলামপুর গ্রামীণ হাসপাতালে ডেপুটেশনে তাঁকে নিয়োগ করা হয়। এখন ডাঃ জয়কৃষ্ণ মিশ্রকে হুগাসি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়োগের ব্যবস্থা করা হচ্ছে।

৩) সারা পশ্চিমবঙ্গে ফার্মাসিস্টের অকুলান থাকায় স্বাস্থ্য কেন্দ্রের ফার্মাসিস্ট অবসর গ্রহণের পর নতুন কোনো ফার্মাসিস্ট নিয়োগ করা যায়নি। এখন একজন ফার্মাসিস্ট নিয়োগের চেষ্টা করা হচ্ছে।

৪) সারা পশ্চিমবঙ্গে নার্স-এরও অকুলান থাকায় এখানে বর্তমানে কোনো নার্স নেই। নার্স নিয়োগের ব্যবস্থা করা হচ্ছে।

উপরোক্ত পরিস্থিতি এবং পরিপ্রেক্ষিতে বিবেচনা করে জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিককে অবিলম্বে বহির্বিভাগ চালু করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

## MOTION UNDER RULE 185

**Shri Sunil Majumdar :** Sir, I beg to move that "this House is of the opinion that assured aupply of power is crucial for economic development of the State ;

This House is aware that –

(i) upon submission by the State Government of a proposal for a Thermal Power Projet in the State Sector at Bakreswar, the Project was techno-economically cleared as a State Sector Project by the Central Electricity Authority in 1985 and subsequently approved by the Planning Commission, and

(ii) the Soviet credit is available for part of the Project cost, the rest to be funded out of State's resource;

This House, therefore, urges upon the Central Government through the State Government to pass the Soviet credit without any further delay to the State Government for the Bakreswar Power Project in the State Sector as per the existing rule of passing on of any foreign credit to a State Government Project."

**Shri Lakshman Chandra Seth** : Sir, I beg to move that "this House is of the opinion that the Haldia Petrochemicals project is of special importance for the industrial development and employment generation in the State ;

This House also notes with grave concern that –

(i) the clearance of the Project has been delayed for more than a decade ;

(ii) The proposal of the Haldia Petrochemicals Ltd. has already been examined in detail by the Industrial Development Bank of India; and

(iii) the State Government has already spent about Rs. 40 crores for infrastrutural development at Haldia ;

Now, therefore, this House urges upon the Central Government through the State government to give clearance of the Haldia Petrochemicals Project without any further delay."

**[1.20 – 1.30 p.m.]**

**শ্রী জ্যোতি বসু :** স্যার, যে দুটি প্রস্তাব উপস্থাপিত হয়েছে আমি তার সমস্যা সম্পর্কে সংক্ষেপে কয়েকটি কথা বলতে চাই। প্রথমতঃ বক্রেশ্বর তাপ বিদ্যুৎ প্রকল্প সম্পর্কে ইতিমধ্যে পশ্চিমবঙ্গের মানুষ জানেন এবং এখানকার সদস্যরাও জানেন যে এই বিদ্যুৎ প্রকল্প ৭ম পরিকল্পনায় আমাদের পশ্চিমবঙ্গের র জন্য অনুমোদন করেছিলেন। সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি সেইভাবে হিসাব করেন যে সেই প্রকল্পটি আমরাই নির্মাণ করবো। সেই হিসাবে আমরা টেকনিক্যাল এ্যাপ্রোভাল পেয়ে গেলাম। কিন্তু আমাদের যেহেতু অর্থের অভাব ছিল, আমি নিজে প্রধানমন্ত্রীর কাছে গিয়েছিলাম এই ব্যাপারে বলতে। এটা দুবছর আগেকার কথা বলছি। উনি বলেছিলেন এতে একমত যে বিভিন্ন জায়গায় প্রকল্প হচ্ছে ৭ম পরিকল্পনায়। কিন্তু আমাদের এতো টাকা নেই যে বিদ্যুতের ব্যাপারে খরচ করবো। তখন আমরা ঠিক করলাম যে কেন্দ্রীয় সরকারের বাইরের কারুর সাহায্য পাওয়া যায় কিনা। তাতে আমি জানতে পারলাম যে সোভিয়েত এবং বিভেল টেকনোলজি দিলে আমাদের কাছে আবেদন করতে চান এবং তারা এটা দিতে চান করবে বলে। এর সঙ্গে আরেকটি জাপানী কোম্পানী টি, সি, পি, এল, তারাও আরেকটা দরখাস্ত করলেন। কেন্দ্রীয় সরকারের বিদ্যুৎ বিভাগ বললেন যে, যেটা আপনারা ভালো মনে করবেন সেটা আমাদের জানিয়ে দিন। আমরা ৫/৬ মাসের মধ্যে জানিয়ে দিই যে সোভিয়েত এবং বিভেল টেকনোলজিটাই আমরা চাইছি। তাদের দরখাস্ত যা পেয়েছি তাতেই আমাদের সুবিধা হবে। ওঁনারা কয়েকমাস সময় রেখে বললেন যে ওঁনারা ২টি দেখেছেন, তুলনামূলকভাবে দেখেছেন যে আমাদেরটাই গ্রহণ করা উচিত। তারপরে যখন সোভিয়েত প্রধানমন্ত্রী এখানে এসেছিলেন তখন আমাকে ডেকে নিয়ে গেলেন মিঃ তেওয়ারি, তিনি তখন অর্থমন্ত্রী ছিলেন এবং তারসঙ্গে শ্রী সাঠেও ছিলেন। তাঁরা বললেন যে এই বিষয়টা বলা যায় যে, তাতে আমি বলেছিলাম বক্রেশ্বরের কথা বলবো অন্যান্য বিষয়ের মধ্যে, এতে নীতিগত বাধাটা কোথায়? যেখানে ঠিক হয়ে গেছে আর কেন্দ্রীয় সরকারের প্রচেষ্টা আছে, সেখানে নীতিগত বাধা থাকার তো কোন কারণ নেই। তাঁরা যেখানে

বলেছেন শতকরা ১০ ভাগ তাঁরা বহন করবেন আর বাকীটা যা খরচ হবে তা আমাদের করতে হবে, তাহলে নিশ্চয় নীতিগতভাবে বক্রেশ্বরের কথা বলতে পারেন। তখন সোভিয়েত প্রধানের কাছে বলা হল। হঠাৎ ১৯৮৭ সালের মাঝামাঝি জানা গেল, অবিশ্যি এরমধ্যে অনেক চিঠিপত্র আমাদের মধ্যে আদান প্রদান হয়েছে কেন্দ্রের সঙ্গে, তাঁরাও এসেছেন আমিও গেছি। আমি ওসব ডিটেলসে যাচ্ছি না। তারপরে ১৯৮৭ সালের শেষ হয়ে গেল তখন হঠাৎ কেন্দ্রীয় বিদ্যুৎ ডিপার্টমেন্ট থেকে বলা হল যে এটা স্টেট টু স্টেট লেভেলে দেবে না। সোভিয়েত ইউনিয়ন ভারত সরকারকে লোন দেবে এবং ভারত সরকার তা এন, টি, পি, সির মাধ্যমে করবেন। এই নীতি কবে ঠিক হল আমরা জানিনা; আমরা জানি এটা আমাদেরকে করতে হবে। আমাদের কাছে একটা মেসেজ এসেছিল তাতে লেখা ছিল যে, সোভিয়েত নাকি এ বিষয়ে বলেছেন — যেহেতু তারা লোন দিচ্ছেন সেইজন্য ওদের কণ্ডিশান এটাই যে এন. টি. পি. সি. করবে—আমরা আশ্চর্য্য হয়ে গেলাম! সৌভাগ্যবশতঃ যেদিন ম্যাসেজ পেয়েছিলাম সেদিন সোভিয়েত এ্যামবাসাডার দিল্লি থেকে কলকাতায় এসেছিলেন। আমি খবর পেয়ে ওকে ডেকে এনেছিলাম অফিসে — আমি বলেছিলাম এই ব্যাপারে আপনাদের কোন বক্তব্য আছে নাকি, ওরা বললেন না, এটা তো আপনাদের আভ্যন্তরীণ ব্যাপার; এটার সঙ্গে আমাদের কি সম্পর্ক আছে। আমরা তো যা বলবার বলে দিয়েছি, আপনারা একটু তাড়াতাড়ি করুন, যত দেরী করবেন খরচ বাড়বে। তাই সেটা নিয়ে আমি শাঠেকে দেখিয়েছিলাম,—আমি বললাম ওকে—উনি বললেন এইভাবে তো মেসেজ যায়নি আপনার কাছে; তখন ওরা বললেন এতে একটু ইংরাজির ভুল হয়ে গেছে, ওরা ঠিক এই কণ্ডিশান করেনি। ভাল, তারপর আমরা বললাম, আমরা তো এইভাবে পারব না, ... ছিল ৬৩০ মেগাওয়াট বিদ্যুৎ হবে, পরে সোভিয়েট কেন্দ্রীয় সরকার বলেছে যে আপনারা ৮৪০ মেগাওয়াট করতে পারবেন কিনা? ওরা বলেছিলেন এটা আমরা দেখব—বোধহয় করা যেতে পারে। যাইহোক এই ব্যাপারে আমরা বলেছিলাম এটা সম্পূর্ণ করতে। পাওয়ার ম্যানেজমেন্টটা আমাদের হাতে না থাকলে অন্য কোন বাইরের সংস্থার হাতে থাকলে এটা আমরা ম্যানেজমেন্ট ঠিকমত করতে পারব না। আপনাদের সেন্ট্রাল ইলেকট্রিকাল অথরিটির হিসাবে আমাদের ৫ বছরে—আপনাদের এইসব প্রকল্প হয়ে গেলেও—৮০০ মেগাওয়াট ঘাটতি পড়বে। আর আমাদের হিসাবে ১,১০০ মেগাওয়াট ঘাটতি পড়বে। আমাদেরকে এটা সপ্তম পরিকল্পনায় দেওয়া হয়েছে, আমরা এটা নিজেরাই করতে চাই। আপনারা আপনাদের মত পরিবর্তন করুন। তারপর নূতন অর্থমন্ত্রী যখন এলেন, আগের মন্ত্রীর সঙ্গেও আলাপ হয়েছিল, এর সঙ্গেও আলাপ হয়েছে—আমি যতদূর ওর কাছে বুঝেছিলাম এই যে সোভিয়েট লোন এটা পাশ অন করতে অসুবিধা হবে না। আর সাথে আমাদের বলেছিলেন এটা আমাদের সঙ্গে আলোচনা করে বেশী লাভ নেই; কারণ এটার নীতি ঠিক করেন অর্থ দপ্তর। আমরা বললাম ঠিক আছে, তাহলে আপনার কাছে চা-খেয়ে ওঁর কাছে চলে যাচ্ছি। ওঁর কাছ থেকে চা-খেয়ে অর্থ দপ্তরে গেলাম, অর্থ দপ্তরে গিয়ে বুজলাম যে ওরা এটা দিতে রাজি আছে যা আমাদের প্রকল্প হিসাবে তারা দেবেন, চিঠি একটা আসবে আমাদের কাছে, যদিও এটা অনেকদিন আগের কথা। তারপরে আমরা দেখলাম যখন কিছুই হচ্ছে না তখন প্রধানমন্ত্রীকে একটা চিঠি লিখলাম—আমি চীনে চলে যাব, জাপানে চলে যাব — এটা বোধহয় এপ্রিল মাসে — তার কিছুদিন পরে আমি গেলাম, আমি চিঠি লিখে গেলাম, "এটা তো কেউ দিচ্ছে না, এটা আপনি একটু দেখুন, যাতে আমরা তাড়াতাড়ি পাই আর বর্ষার পরেই কাজ শুরু করতে পারি। আর যদি আপনাদের এতই অসুবিধা হচ্ছে মনে হয়, তবে বলব কোন নীতিতে কি হচ্ছে জানিনা — ষ্টেট ট্যু ষ্টেট লোন দেওয়া যাবে না। আমাদের আমরা এই ব্যাপারে অনেক প্লিজ দিয়েছিলাম, অন্যান্য রাজ্য কি স্টেট টু স্টেট পেয়েছেন — আপনারা পাশ অন করেছেন রাজ্যকে — কোণ যুক্তিতর্কে এটা করা হচ্ছে আমি বুঝলাম না।" সেইজন্য প্রধানমন্ত্রীকে লিখলাম — এই যদি অসুবিধা হয় বৃষ্টি চলে গেলে তা

আমাদের কাজ আরম্ভ করতে হবে — তাহলে বলুন যে দিতে পারব না। কতই তো অবিচার হচ্ছে, এটাও বলুন, না হয় আমরাই কাজ শুরু করে দেব। জুলাই মাস শেষ হয়ে গিয়েছে — সময়টা তিনমাস হয়ে গিয়েছে। এখন আমরা আশা করব কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তারা যেন বলে দেন, দু-চার দিনের মধ্যে বৃষ্টি তো শেষ হয়ে যাবে — হাতে আমরা কাজটা শুরু করতে পারি, আর যদি না করেন তাহলে তো আমাদরকে করতে হবে। এটা ভাল না, এতে একটা তিক্ততা রাজ্যের সঙ্গে কেন্দ্রের সৃষ্টি হয়। সেইজন্য আমি এখনও বলব ওরা আমাদের এটা দিয়ে দিন। নূতন অর্থমন্ত্রীর কাছে যাতে ওরা দেন — চৌহানের কাছে যা বুঝেছি সেটা হচ্ছে দিতে খুব একটা অসুবিধা নাই, কিন্তু সবটা ওরা দিতে পারবেন না। ওদের একটা নিয়ম আছে যা লোন পাবেন তার শতকরা ৭০ ভাগ দেবেন, ১০০ ভাগ নয়। আর বাকি আমাদের যা কিছু লাগবে, খরচ করতে হবে।

**[1.30 – 1.40 p.m.]**

কাজেই আমি যখন চীন জাপান থেকে ফিরে এলাম প্রধানমন্ত্রীর সঙ্গে আমার দেখা হল, অন্যান্য কাজের মধ্যে পেট্রো কেমিক্যালস এবং বক্রেশ্বর এই দুটি ব্যাপারে আমি জিজ্ঞাসা করেছিলাম। আমি ওঁর কাছে বুঝলাম বক্রেশ্বর হবে, কিন্তু পেট্রো কেমিক্যালস ১৪ শো কোটি টাকার ব্যাপার, অর্থ দপ্তর থেকে আমাকে বলেছেন এটা আমাদের একটু দেখতে হবে। আমি বললাম ঠিক আছে, তারপর কতদিন হল কিছু খবর নেই। আমাদের প্রতিনিধিরা গিয়েছিলেন দিল্লীতে, সেখানে ওঁরা শুনে এলেন প্রধানমন্ত্রী বলেছেন পাওয়ার ডিপার্টমেন্টের শ্রী শাঠে এটা আপত্তি করছেন। আসল ব্যাপার কিছু বোঝা যাচ্ছে না। যাইহোক, আমরা তিক্ততা বাড়াতে চাই না, আমি জানিয়ে দিতে চাই মাননীয় সদস্যদের এই প্রস্তাব আর একবার ওঁদের কাছে পাঠিয়ে দেব, আর একবার চেষ্টা করব এই তাপবিদ্যুৎ প্রকল্পের ব্যাপারে। কিন্তু সেটা যদি না হয় তাহলে পশ্চিমবঙ্গের মানুষের কাছে আমাদের বলতে হবে আমরা দিন স্থির করেছি যে আমরা শিলান্যাস করব, এই মাসের ২৮ তারিখে বক্রেশ্বর গিয়ে যাতে কাজটা আরো ত্বরান্বিত কর[illegible] পারি। তাড়াতাড়ি ব্যবস্থা আমরা সব করেছি। আমরা জনগণের কাছে আবেদন করব, পশ্চিমবঙ্গের [illegible] চেতনা আত্মসম্মান এইসব নিশ্চয়ই আছে তার পরিচয় আমরা পাব এই প্রকল্পের ব্যাপারে। যদি ওঁরা আমাদের বঞ্চিত করেন, যদি এইভাবে অন্যায় অবিচার হয় পশ্চিমবঙ্গের মানুষ অন্ততঃ অবিচার করবেন না, তাঁরা আমাদের পাশে দাঁড়াবেন। আমাদের কংগ্রেসী সদস্যরাও কেন্দ্রের কাছে বলেছেন, এম. পি.-রা পর্যন্ত বলেছেন কাগজে দেখেছি, খবর আমরা রাখি, এই প্রস্তাব পাঠাবার পর ওঁরা এই প্রকল্পের ব্যাপারে যাতে আরো চেষ্টা করেন এই আবেদন আমি ওঁদের কাছে করছি এবং পশ্চিমবঙ্গের জনগণের কাছে যদি প্রয়োজন হয় এই আবেদন করব। কিভাবে টাকা তুলব কি করব, সেটা অর্থ দপ্তরের সঙ্গে আলোচনা করছি। আমরা মোটামুটি এই টাকা তুলতে পারব নানা উপায়ে। কিন্তু এই ব্যাপারে এই যে অবিচার অন্যায় এরজন্য রাজনৈতিক দিক থেকে তিক্ততা সৃষ্টি কেন্দ্রের সঙ্গে এটা আমরা চাই না। আমাদের অনেক কিছু প্রকল্প আছে, অনেক কিছু বলার আছে কেন্দ্রকে। দ্বিতীয় কথা হচ্ছে, খাতাপত্রে দেখেছি এই পেট্রো কেমিক্যালস কংগ্রেস আমলে ১৯৭৩ সালে তাঁরা গ্রহণ করেছিলেন, লেটার অব ইনটেন্ট-এর জন্য ওঁরা এ্যাপ্লিকেশান করবেন। এতে ১।। লক্ষ লোকের চাকরি হবে, অর্থ নীতির উন্নতি হবে, ডাউনস্ট্রীমে যে প্রোজেক্ট হবে তাতে অসংখ্য ছেলে মেয়ের চাকরি হবে এইসব ওঁরা ঘোষণা করেছিলেন। তারপর ১৯৭৭ সাল এল, জনতা সরকার তখন ছিল, শ্রী বহুগুণাকে আমি নিজে হলদিয়ায় নিয়ে গিয়েছিলাম, ওঁর অফিসাররাও ছিলেন, আমি বললাম লেটার অব ইনটেন্ট দিয়ে দিন তারপর দেখা যাবে কত খরচ হবে। তখন এত খরচ হবার কথা নয় এখন যেমন ১৪ শো কোটি টাকা খরচ হবে। তখন ৭ শো কোটি টাকা খরচ হত। তারপর ওঁরা লেটার অব ইনটেন্ট দিয়ে দিলেন, তখন থেকে এটা চলছে। আমরা তখন

কেন্দ্রীয় সরকারকে বলি এত বড় একটা প্রকল্প যার আধুনিক টেকনোলজি আনতে হবে কেন্দ্রীয় সরকারের যেসব প্রতিষ্ঠান আছে, যেমন ইঞ্জিনিয়ারস ইন্ডিয়া লিমিটেড ইত্যাদি তাদের অনেক বেশী এইসব ব্যাপারে জানাশুনা আছে, কাজেই আপনারা এবং আমরা এটা যৌথক্ষেত্রে করি, আপনারা ৪০ ভাগ দিন, আমরা ৪০ ভাগ দেব, আর ২০ ভাগ আর্থিক প্রতিষ্ঠান, যারা টেকনোলজির সাহায্য দেবে এবং কিছু টাকা-পয়সা দেবে।

ওঁরা অনেকদিন ধরে বিচার করেন এবং তখনকার পেট্রোলিয়াম মিনিষ্ট্রি বললেন, হ্যাঁ, এটা হতে পারে। আমরা খুব খুশী হলাম এবং ভাবলাম এটা সব থেকে ভাল হবে, কারণ আমাদের একার পক্ষে এটা করা কঠিন ছিল। আমাদের তখনকার মন্ত্রী ডঃ ভট্টাচার্য বাইরে গিয়েছিলেন এবং খোঁজ খবর নিয়েছেন। কিন্তু ১৯৮৪ সালের তখনকার অর্থমন্ত্রী প্রণব মুখার্জী আমাকে বললেন প্রকল্পটি ভাল, কিন্তু আমাদের টাকা পয়সা নেই কাজেই আমরা সাহায্য করতে পারব না এবং যৌথভাবেও হবে না—আপনারা টাকা পয়সা যোগাড় করুন। আমি বললাম, আমরা টাকা পয়সা কোথায় পাব? আমি তখন আমেরিকায় যাচ্ছিলাম, প্রণববাবু বললেন আপনি ওখানে গিয়ে খোঁজখবর করতে পারেন। আমি বললাম আপনাদের কাছে খোঁজখবর আছে কাজেই আপনি যদি কারুর নাম বলেন তাহলে আমি খোঁজখবর করতে পারি। তারপর প্রাইভেট সেক্টর হিসাবে গোয়েংকারা এলেন, আমি বললাম, আমরা ২৬ ভাগ, প্রাইভেট সেক্টর ২৫ ভাগ এবং বাকীটা আর্থনৈতিক প্রতিষ্ঠান দেবে। তবে প্রাইভেট সেক্টরের যে ২৫ ভাগ তার মধ্যে সাড়ে ১২ ভাগ ৩/৪টি দেশ যারা আমাদের টেকনোলজিক্যাল দিক থেকে সাহায্য করবে তারা অংশীদার হতে রাজী হলেন। এই ব্যাপারে বিভিন্ন দেশ আসে — ইউ. কে. আমেরিকা এবং আরও ২/১টি দেশ ছিল। টেকনোলজির দিক থেকে জার্মানি আমাদের সঙ্গে আসবে বলল। প্রাইভেট সেক্টরের সঙ্গে যে ব্যবস্থা করলাম, সেটাও কিছুদিন হয়ে গেল। তারপর কেন্দ্রীয় সরকার একটা কমিটি করেন আই. ডি. বি. আই. এর নেতৃত্বে এবং তাদের প্রায় এক বছর লেগেছে জিনিষটা বিচার করতে। তাঁরা সমস্ত কিছু বিচার করে কেন্দ্রীয় সরকারের ফাইনান্স ডিপার্টমেন্টে পাঠিয়ে দিলেন। সেই রিপোর্ট আমরা পেয়েছি। সেই রিপোর্টে আছে এটা লাভজনক হবে, এটা করা যায়, তবে কিছু বদলে একসচেঞ্জ দরকার হবে। তারপর আমি এটা নিয়ে কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রকের সঙ্গে আলোচনা করলাম। প্রধানমন্ত্রীর কাছে যখন গেলাম তিনি বললেন, ওঁরা আপত্তি করেছে, বলছে এত টাকা কোথায় পাওয়া যাবে? তখন আমি বললাম বিকল্প কি আছে সেটা বলুন। একবার শুনলাম, এক লক্ষ ৩৮ হাজার টন ক্র্যাকার প্ল্যান্টের সাইজ হলে সেটা ভায়াবল হবে না। ওঁদের যিনি টপ একসপার্ট আই. পি. সি. টি. এর চেয়ারম্যান, একজন প্রফেশনাল লোক। যাঁর নাম করা হয়েছিল আমি তাঁর কাছে গেলাম। ওরা আমাকে বলেছিল তিনি যদি বলেন তাহলে হতে পারে। সেই টপ একসপার্ট আমাকে বললেন, এটা হতে পারে এবং আমি বলছি এটা ভায়াবল হবে, তিনি এটা কথা বলেছিলেন ডাউন স্ট্রিম এবং ওটা মিলিয়ে করলে এটা নিশ্চয়ই ভায়াবল, এর মার্কেট আছে। এটা আপনাদের এখনই করা উচিত। তারপর যিনি অর্থমন্ত্রী ছিলেন তাঁকে বললাম আপনি, আমি কেউ একসপার্ট নই, সেক্রেটারীরা কেউ একসপার্ট নন — আপনারা যাঁর নাম করেছিলেন তিনিই তো বলেছেন এটা হতে পারে — তাহলে তো দেরী করছেন কেন? হোয়াট আর ইউ ওয়েটিং ফর? তারপর ওঁরা বললেন আপনাদের প্রোডাক্ট ইউনিট বদলাতে হবে, কারণ টাকা পয়সা বেশী লাগবে। ওঁরা যা যা বলেছেন সব কিছু মেনে নিয়েছি।

**[1.40 – 1.50 p.m.]**

কারণ ওরা জানেন, সত্যিই এক্সপার্ট, আমাদের থেকে অনেক বেশী ভাল বোঝেন। যা বলেছেন, সব মেনে নিয়েছি। তাহলে হবে না কেন? অর্থমন্ত্রীর কোন জবাব পেলাম না। নতুন অর্থমন্ত্রী

বললেন, 'আমি তো সবে এসেছি, আমাকে একটু দেখতে দিন'' — এটা তিনি আমাকে বললেন কয়েক মাস হয়ে গেল। কিন্তু কিছুই হল না, আজ অবধি, এই অবস্থার মধ্যে আমরা আছি। আর টাকা পয়সার কথা যেটা বলেন — সেই টাকা পয়সার অভাব-এর কি আছে? আমাদের যা ক্রেডিট ডিপোজিট রেসিও সেটা আপনারা বহুবার শুনেছেন। আপনারা জানেন পশ্চিমবাংলার ৪৯% ডিপোজিট ক্রেডিট রেসিও, আর অন্য জায়গায় হয়ত ৮০% — শতকরা ৮০ ভাগ অন্য প্রদেশে। তার থেকে হিসাব করে অর্থমন্ত্রী বললেন ১০ হাজার কোটি টাকা পড়ে আছে ব্যাংকে। এতে ১৪০০ কোটি টাকার আর এমন কি ব্যাপার আছে ? যাই হোক, এটা অর্থনীতির কথা, আমি আর এর মধ্যে যাচ্ছি না। টাকা পয়সার অভাব এখানে নেই। আর এটা শুধু পশ্চিমবাংলার নয়, সমগ্র ইস্টার্ন রিজিয়নের ব্যাপারে। কংগ্রেসের কয়েকজন্য মন্ত্রী, কয়েকজন লোকসভা, রাজ্যসভার সদস্য--বিহারের'ও আছেন, পশ্চিমবাংলার'ও ছিলেন—তাঁরাও বলেছেন যে, হ্যাঁ, ইস্টার্ন রিজিয়নের জন্য এটা করা দরকার। কারণ, সবই ওয়েস্টার্ন রিজিয়নে হচ্ছে, পেট্রো কিমিক্যালসও, এই জিনিস তাঁরা বলেছেন। আর আমাদের অর্থনীতির জন্য এটা প্রয়োজন্য। আমাদের এত ছেলে মেয়ের এখানে চাকরির সংস্থান হতে পারে, একটা বড় রকমের পরিবর্তন এতে আসতে পারে। যাই হোক, আজ অবধি এই সব কথা তো কেউ শুনছেন না। সেই জন্য আরো যত দিন যাবে তত খরচ বাড়বে। পরে আমি একটা চিঠি লিখলাম প্রধানমন্ত্রীকে। আমি বললাম ১ লক্ষ ৩৮ হাজার হলে যদি নন-ভায়াবল্ হয় তাহলে যাতে ভায়াবল্ হবে—ধরুন ২ লক্ষ ৪০ হাজার হলে যদি ভায়াবল হয়, তাহলে তাতেও আমরা রাজি আছি এবং ২ লক্ষ ৪০ হাজারই হবে, ক্র্যাকার ফ্যাক্টিজ, সেটাই আমরা করব; এত টনই হবে। আর তারজন্য যে খরচ বাড়বে সেটা আমাদের দিতে হবে, আমরা প্রস্তুত আছি। কারণ, এটায় যে নিয়ম আছে — অর্থনৈতিক প্রতিষ্ঠান কত দেয় এবং আমরা কত দেব বাইরে থেকে যারা আসবে, তারা কিভাবে পেট্রোনাইজ করবেন ইত্যাদি এই সবের বাঁধা ধরা নিয়ম আছে। আমি আর দীর্ঘ বক্তৃতার মধ্যে যাচ্ছি না, আরো অনেক বক্তা আছেন, তাঁরা বলবেন, আমাদের যাঁরা আছেন তাঁরা পরে জবাব দেবেন। সেইজন্য আমি বলছি যে, আমাদের প্রতি একটা বিরাট অবিচার, অন্যায় হচ্ছে। পশ্চিমবঙ্গের জনসাধারণের বিরুদ্ধে একটা বিরাট অন্যায়, অবিচার করা হচ্ছে এই যে একটা মনোভাব কেন্দ্রের কোন কোন দপ্তর নিচ্ছে বা কেন্দ্র নিচ্ছে, এটা একেবারেই বাঞ্ছনীয় নয়, ভারতবর্ষের মঙ্গলের জন্য এটা বাঞ্ছনীয় নয়, আর আমাদের মঙ্গলের জন্য তো বটেই, এটা বাঞ্ছনীয় নয়। সেইজন্য আমি বলছি যে, বক্রেশ্বর বিদ্যুৎ প্রকল্পের জন্য যেটা আমরা বলেছি, পেট্রো কেমিক্যালসের ব্যাপারে আমরা অবশ্য সেইভাবে এখনো কিছু বলছি না। কেন না, এখানে ১৪০০ কোটি টাকার ব্যাপার আছে। সেইজন্য কেন্দ্রীয় সরকারের অনুমোদন না পেলে আমাদের খুবই অসুবিধা হবে। ওঁরাও আমাদের সঙ্গে যুক্ত আছেন। কেন্দ্রীয় সরকারের যেসব প্রতিষ্ঠান আছে, ইঞ্জিনিয়ারস ইন্ডিয়া লিমিটেড্, তারা সব যুক্ত আছে, অর্থনৈতিক প্রতিষ্ঠানও যুক্ত আছে। আই. ডি. বি. আই. এর চেয়ারম্যানের সঙ্গে আমি নিজে কথা বলেছি। সেটাও প্রায় ১ বছর হতে চলল। তিনি বলেছেন, আপনি এত চিন্তা করবেন না, এটা হবে।'' তাহলে হচ্ছে না কেন? আমরা বলেছি বিকল্প কিছু আছে কিনা — আপনাদের যদি কোন ধারণা থাকে যে, এটা করলে অসুবিধা বাড়তে পারে, তাহলে বিকল্প একটা শুরু করুন। বলুন আমাদের, আমরা তাতেও রাজি আছি। আমরা জানি তাতেও অনেকের কাজ হবে। ওরা বলছেন এখনো অবধি চিঠি পান নি। সেই জন্য আমি মাননীয় সদস্যদের কাছে আবেদন করব যে, এই প্রস্তাবটিকে আপনারা সর্বসম্মতভাবে গ্রহণ করুন। দরকার হলে আমরা আর একবার দিল্লী গিয়ে চেষ্টা করতে পারি। আমি শেষ করবার আগে বলে দিচ্ছি যে, ১৯৭৩ সালে এটা শুরু হয়েছিল, আবেদন করা হয়েছিল। লেটার অব ইনটেন্ট তাদের কাছ থেকে বের করেছিল। তারপর আমরা সরকারে চলে এলাম। তখন আবার সেটাকে আমরা রিনিউ করলাম। তারপর এতদিন ধরে পড়ে আছে। ইতিমধ্যেই গুজরাটে একটা নতুন হয়ে গেছে। তারা আমাদের পরে

শুরু করেছিল, আগে অনুমোদন পেয়েছে। তারাও পেয়ে গেল, এই জিনিস আমরা দেখেছি। গুজরাটে হোক, মহারাষ্ট্রে হোক, নানা দিকে হোক, আমাদের আপত্তি নেই। কিন্তু আমাদের এখানে হবে না কেন? আমরা পশ্চিমবঙ্গের মানুষ প্যারোকিয়্যাল নই, আমরা ... রোগে ভুগি না কখনও. আমাদের অর্থনীতির দিক থেকে এটা একটা অতি প্রয়োজনীয় জিনিস। আমরা একটা আধুনিক শিল্প আনতে চাই, যার জন্য সবার কাছে আবেদন জানাচ্ছি, যাতে করে এটাকে আমরা সর্ব সম্মতিক্রমে গ্রহণ করতে পারি। ধন্যবাদ।

**শ্রী মৃত্যুঞ্জয় ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় হলদিয়া পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স এবং বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র নিয়ে যে দুটি বেসরকারী প্রস্তাব এসেছে তা সমর্থন করে আপনার মাধ্যমে কয়েকটি কথা এই সভায় রাখতে চাই। আমি অবশ্য পেট্রো কেমিক্যাল প্রজেক্টের উপরই প্রধানতঃ আমার বক্তব্য সীমিত রাখবো, পরে আমাদের তরফ থেকে কেউ কেউ বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র নিয়ে তাঁদের মতামত জানাবেন। স্যার, আমি মনে করি যে হলদিয়া পেট্রো-কেমিক্যাল প্রজেক্ট সত্যিই আমাদের রাজ্যের বড় রকমের পরিবর্তন আনবে যা মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় কিছুক্ষণ আগে বললেন। পেট্রো কেমিক্যাল প্রজেক্ট বর্তমান দুনিয়ায় একটা উদীয়মান তারকা বা রাইজিং ষ্টার বলা যেতে পারে। আমাদের এই কক্ষে যে শ্বেত পুস্তিকা প্রচারিত হয়েছে তাতে বলা আছে যে এর সম্ভবনা উজ্জ্বল। এতে যেমন কতকগুলি পেট্রো-কেমিক্যাল প্রডাক্ট হবে সঙ্গে সঙ্গে এক ডাউন ষ্ট্রিম এফেক্ট, ডাউনষ্ট্রিম ইউজ এবং মালটিপারপাস এফেক্ট, তারও গুরুত্ব খুব বেশী। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ বিষয়ে কিছুদিন আগে ইণ্ডিয়ান পেট্রো-কেমিক্যাল লিমিটেডের তৎকালীন চেয়ারম্যান, সভাপতি এবং ম্যানেজিং ডিরেকটার ডঃ এস. গাঙ্গুলী হিন্দু সংবাদপত্রের ইনডাষ্ট্রিয়াল সাপলিমেন্টে এই পেট্রোকেমিক্যালের প্রয়োজনীয়তা এবং তার সুদূরপ্রসারী কল্যানকারী ক্ষমতা সম্পর্কে বেশ সুন্দরভাবে তাঁর বক্যতবা রেখেছিলেন। আমি সেই লেখা থেকে ২/১টি উদ্ধৃতি দিতে চাই।

The atmosphere in the Indian Petro-Chemical arena is simply surcharged.

অর্থাৎ বায়ুমণ্ডল প্রায় অতি মাত্রায় ভরপুর।

There is in fact a sense of excitement about the tremendous possibilities of Petro-chemical in India as well as their relevance and significance for all sectors of the economy.

অর্থাৎ পেট্রোকেমিক্যাল শিল্পের কথা ভাবলে মনে একটা স্বাভাবিক উত্তেজনা জাগে এবং এর যে প্রতিক্রিয়া তা অর্থনীতির বিভিন্ন স্তরে ছড়িয়ে পড়বে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পেট্রো কেমিক্যাল দ্রব্যসামগ্রী অর্থাৎ খনিজ তেলজাত রাসায়নিক পদার্থ থেকে যে সমস্ত জিনিষপত্র তৈরী হয়, তাকে আমরা তিনটি প্রধান ভাগে ভাগ করতে পারি। একটা হচ্ছে প্লাষ্টিক, প্লাষ্টিক আপনি জানেন স্যার, কত উপকারী। আজকে অনেকে বলেন আমরা প্লাস্টিক বিপ্লবের মধ্যে দিয়ে যাচ্ছি। মানুষের জীবন বাঁচানো থেকে শুরু করে আমাদেব করে আমাদের ঘর সংসারের জিনিষপত্রে এবং অন্যান্য ক্ষেত্রে এই প্লাষ্টিক ব্যবহৃত হয়।

**[1.50 - 2.00 p.m.]**

আর একটা হচ্ছে সিনথেটিক ফাইবার্স অর্থাৎ কৃত্রিম সুতো ইত্যাদি। আজকের দিনে যে প্রাকৃতিক তুলো, তার বস্ত্রের প্রায় গুরুত্ব কমে এসেছে। তার বদলে আমা... অনেকে যারা এখানে বসে আছি,

তারা এই সিন্থেটিক ফাইবারের জামা-কাপড় পরছি। আজকে সারা পৃথিবী এই সিন্থেটিক ফাইবারে ছেয়ে গেছে।

তার একটা হচ্ছে, সিনথেটিক রাবার, যেটা প্রাকৃতিক রবারের সম্পূর্ণ ভাবে অভাব মিটিয়েছে। আজকে এই পৃথিবীব্যাপী যে হুইল রেভলিউশান হচ্ছে, যে আটোমোবাইল রেভলিউশান হচ্ছে তার পিছনেও এই সিনথেটিক রাবার আছে। এই তিনটি দ্রব্য ছাড়াও আরো কিছু আনুসংগিক আছে যা পেট্রোকেমিক্যাল থেকে পাওয়া যায়। সেই কারণে পেট্রো-কেমিক্যাল প্লানিং কমিশনের পারস্‌পেকটিভ প্লানিংয়ের যে কমিটি আছে, তারা পেট্রোকেমিক্যালের উপরে একটা আনুমানিক হিসাব বের করেছিলেন এবং তাতে তারা বলেছিলেন যে বিভিন্ন ধরণের পেট্রোকেমিক্যাল প্রোডাক্টের কি রকম চাহিদা হতে পারে আগামী দিনে। তাতে তারা বলেছিলেন ১৯৮৫-৮৬ সালে প্লাসটিকে ব্যবহার হয়েছিল ৫১৩ হাজার টন। ১৯৯৪-৯৫ সালে এটার চাহিদা হতে পারে ১৭৯৩ হাজার টন এবং এই শতাব্দীর শেষদিকে অর্থাৎ ১৯৯৯-২০০০ সালে এর চাহিদা হতে পারে ২৬ শত হাজার টন।

সিনথেটিক রাবারে ব্যবহার হয়েছিল ১৯৮৫-৮৬ সালে ৫৮ হাজার টন। ১৯৯৪-৯৫ সালে এর চাহিদা বেড়ে দাড়াবে ১৫৬ হাজার টন এবং এই শতাব্দীর শেষে অর্থাৎ ১৯৯৯-২০০০ সালে তাদের অনুমান ২১২ হাজার টন-এর চেয়েও বেশী হতে পারে।

আর সিনথেটিক ফাইবারের ব্যবহার হয়েছিল ১৯৮৫-৮৬ সালে ২০৮ হাজার টন। সুব্রতবাবুদের আপত্তি সত্বেও ১৯৯৪-৯৫ সালে এর চাহিদা দাঁড়াবে ৭১৭ হাজার টন এবং এই শতাব্দীর শেষ ভাগে ১১ শত ৩১ হাজার টনের মত দাঁড়াবে। এ থেকে আমরা বুঝতে পারছি যে আমরা যদি ভালভাবে পেট্রোকেমিক্যাল প্রজেক্ট বা পেট্রো-কেমিক্যাল শিল্পকে প্রতিষ্ঠা করতে পারি, পরিকল্পনা করতে পারি এবং আস্তে আস্তে এটা বাড়াতে পারি তাহলে এই চাহিদা বেশ কিছুটা পূরণ করতে পারবো।

আর যিনি এই শ্বেত পুস্তিকা রচনা করেছেন, তিনি বলেছেন যে এই রকম প্রজেক্টে ইন্টারন্যাল রেট অব রিটার্ন অর্থাৎ অর্থ সমাগম এবং অর্থ ব্যয়, এই দুটোর ব্যালান্স দাঁড়াবে শতকরা ১৮ ভাগ। এটা উচ্চমানের এবং সম্ভাবনা আছে। বাস্তবক্ষেত্রে ইন্ডিয়ান পেট্রো-কেমিক্যাল লিমিটেডের একটা হিসাবে দেখা যায় যে তারা ১৯৭ কোটি টাকা বিনিয়োগ করে ১১ বছরে প্রায় ১১ শত কোটি টাকা আয় করেছেন এবং যেটার অবশ্য কিছু ট্যাক্সে গেছে, কিছুটা নিজেদের সংগতিতে গেছে, কিছুটা ডিভিডেন্ট দিয়েছে। এই কারণে ৭ম যোজনায় অর্থাৎ সেভেন্থ প্লানে বলা হয়েছে যে আগামী দিনে আমাদের মেজর থ্রাষ্ট হল পেট্রোকেমিকেল ইন্ডাষ্ট্রি এবং এই বাবদে তারা ৫ হাজার কোটি টাকা বিনিয়োগ করবার পরিকল্পনা করেছেন যার মধ্যে ২ হাজার কোটি টাকা পাবলিক সেক্টর বা সরকারী ক্ষেত্রে।

অবশ্য এটাও স্বীকার করা হয়েছে এবং সরকার স্বীকার করেছেন যে প্রথমে যে প্ল্যানিং গ্রুপ হয়েছিল পেট্রোকেমিক্যালের উপর ১৯৬৪ সালে, এটা শ্বেত পুস্তিকায় আছে। তাঁরা বলেছেন হলদিয়া একটা সবচেয়ে স্থান, যেখানে পেট্রোকেমিক্যাল প্রজেক্ট হতে পারে এবং ফিফ্‌থ প্ল্যানে, পঞ্চম পরিকল্পনায় একটা টাস্ক ফোর্স এই মর্মে একটা মতামত দিয়েছে। সুতরাং এটা বলা বোধ হয় বাঞ্ছনীয় নয়, বা ঠিক উপযোগী নয় যে কেন্দ্র economic blockade on Industrial rejuvenation.

অর্থাৎ এই রাজ্যে যাতে শিল্পের পুনরুজ্জীবন না ঘটে, তার পথে তারা একটা ব্লকেড সৃষ্টি করেছে, এটা ঠিক বলা চলে না। নিশ্চয়ই এই প্রকল্প অনুমোদনে দেরী হচ্ছে, এটা আমরাও চাই না।

কেন দেরী হচ্ছে, মাননীয় মুখ্যমন্ত্রী কিছুটা বক্তব্য রেখেছেন, হয়তো কোন কারন থাকতে পারে, কিন্তু যে কারণই থাক না কেন, পশ্চিমবঙ্গে এই শিল্পের ক্ষেত্রে একটা উন্নতির সম্ভাবনা ছিল, যেখানে বহু লোক বেকার, যেখানে শিল্পের অবস্থা খারাপ, সেখানে পেট্রোকেমিক্যালের মতো একটা ভাল শিল্প প্রতিষ্ঠা করা যায়, তার যে প্রসেস, সেটা যদি ত্বরান্বিত করা যায়, তাতে এই রাজ্যের পক্ষে বিশেষ মঙ্গল এবং তাদের মঙ্গলের সংগে সংগে এর প্রভাব অন্য রাজ্যে পড়বে এটা আমরা মনে রাখি। কিন্তু সব দোষটা কেন্দ্রের ঘাড়ে চাপালে চলবে না। ১৯৭৩ সালে লেটার অব ইনটেন্ট পেয়েছিল, তারপর ১৯৭৭ সালে বর্তমান সরকারকে আবার লেটার অব ইনটেন্ট দেন এবং ১৯৭৭ সালে অনুমোদিত হয় জনতা সরকারের আমলে, মোরারজী দেশাইয়ের আমলে। এর একটা প্রজেক্ট তৈরী করতে ১৯৭৭ থেকে ১৯৮০ সাল পর্যন্ত যায়। এই সব শ্বেত পুস্তকে আছে ১৯৮১ সালে মুখ্যমন্ত্রী প্রস্তাব করেন যে এটা একটা জয়েন্ট সেক্টর হোক। যার মধ্যে শতকরা ৪০ ভাগ কেন্দ্রীয় দায়িত্ব নেবেন সরকার, ৪০ ভাগ রাজ্য সরকার দায়িত্ব নেবেন। এবং ২০ ভাগ ফাইনানশিয়্যাল ইন্সটিটিউশনগুলো নেবেন, যেমন আই. ডি. বি. আই., এফ. সি. আই। পরে এই নিয়ে কছু আলোচনা হয়। কিন্তু দুঃখের বিষয় ১৯৮৪ সালে কেন্দ্রীয় সরকার তাদের ব্যায়ভার নেবার কথা স্বীকার করতে পিছিয়ে যায় নানা কারণে। কারণ এর যে কস্ট এসক্যালেশন ঘয়েছে, যেটা বলা হয়েছে শ্বেত পুস্তিকায়, ১৯৮০ সালে এটা ছিল ৪২৮ কোটি টাকার প্রজেক্ট, সেটা ১৯৮৩ সালে ৮৮৪ কোটি টাকা হলো, বর্তমানে সেটা ১৪৭০ কোটি টাকা হয়েছে, কস্ট এসক্যালেশন হয়েছে, এই কস্ট এসক্যালেশন অন্য প্রজেক্টেও হয়েছে, ভারতবর্ষের হয়েছে, কেন্দ্রীয় পরিকল্পনায় হয়েছে,বহু পরিকল্পনায় হয়ে চলেছে। এটা সময়ের ব্যাপার— খুব শক্ত। সুখের বিষয় যে এত অসুবিধা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার হলদিয়ায় পেট্রোকেমিক্যাল প্রজেক্ট নামে একটা ট্রাইপার্টাইট এগ্রিমেন্ট করেছেন,এবং সংগঠন প্রতিষ্ঠা করে এ্যাপ্রুভ করেছেন, এগ্রিমেন্টে আছে ২৬ ভাগ, গোয়েঙ্কা এবং তার সহযোগিরা দেবে, ২৫ ভাগ দেবে রাজ্য সরকার, বাকী ৪৯ ভাগ আসবে ফাইন্যানশিয়াল ইনস্টিটিউশনগুলো থেকে যেমন আই.ডি.বি.আই., এফ. সি. আই. ইত্যাদি। এখানে একটা জিনিস বলা দরকার যে, আমার মনে হয় এটা একটা ভ্রান্ত ধারনা হয়ে যাচ্ছে, আমরা সব সময় ক্রেডিট ডিপোজিট রেশিও'র ওপর জোর দিচ্ছি। আমরা দেখছি পশ্চিমবঙ্গে যা ডিপোজিট আছে তার মাত্র শতকরা ৪৯ ভাগ আমরা ক্রেডিট পাই। আর সাধারণভাবে অন্যান্য রাজ্যে যা ডিপোজিট থাকে তার অনুপাতে হতে পারে তারা ক্রেডিট অংশে শতকরা ৮০ ভাগ পায়। কিন্তু যারা ক্রেড়িট চাইবেন তারা যদি ঠিকমত চান তাহলেই তো পাবেন, নাহলে তো পাবেন না।আর একটা কথা হচ্ছে, কমর্শিয়াল ব্যাঙ্ক থেকে যে টাকা পাওয়া যায় সেটা দীঘমেয়াদী নয়, সেটা স্বল্পমেয়াদী এবং সেটা সাধারন ওয়ার্কিং ক্যাপিট্যালে লাগে। কিন্তু মেয়াদী লোন বা টার্মড লোন যেটা, সেটা পেতে হলে ডিফারেন্ট ফাইনানসিয়াল ইনস্টিটিউশন-এর কাছ থেকে পেতে হয়। সেক্ষেত্রে যে হিসাব আছে, ডিফারেন্ট ফাইন্যানশিয়াল ইনস্টিটিউশনস বিভিন্ন শিল্পের যে ভাবে টাকা লগ্নি করেছে তাতে পশ্চিমবঙ্গের অংশ অন্যান্য রাজার অনুপাতে খুব কম। এই ফিগার আছে, আমি আর ফিগার দিচ্ছি না। তবে যাঁরা যে পরিকল্পনাই করুক না কেন। ট্রাইপার্টাইট প্রজেক্ট করতে শতকরা ৪৯ ভাগ টাকাই চাইছে ফাইন্যানশিয়্যাল ইনস্টিটিউট গুলি থেকে। এটা কেন্দ্রে ব্যাপার, এই ফাইনানসিয়াল ইনস্টিটিউশনগুলি কেন্দ্র সংস্থাপন করেছে। যাই হোক, সব কিছু বলার পর এটাই দাঁড়াচ্ছে যে, হয়তো আর বেশী দেরী হবে না। হলদিয়া পেট্রোকেমিক্যালস্ প্রোজেক্টের প্রিলিমিনারী ক্লিয়ারেন্স হয়ে গেছে। কিছু কিছু ক্লিয়ারেন্স বাকি আছে, হয়তো সেগুলি অত্যন্ত মামুলি ব্যাপার। কিন্তু এরকম একটা পেট্রোকেমিক্যালস প্রোজেক্ট যাতে সফল হয়, তার জন্য পশ্চিমবঙ্গও কি প্রস্তুত আছে। এখানকার শিল্প পরিবেশ কি এতই সুন্দর? এতই ফেবারেবল, যে এরকম একটা প্রজেক্ট করে আমরা ঠিক সেটা চালাতে পারব? বিশেষ করে এটা হাইলি টেকনিক্যাল প্রজেক্ট, সুতরাং টেকনোলজির এবং বিশেষ বিশেষ গুণী লোকের ব্যবস্থা

করার বিষয়গুলি আমি আশা করব রাজ্য সরকার দেখবেন।

**শ্রী সত্যেন্দ্রনাথ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলায় একটা বহুল প্রচলিত কথা আছে - লেবু কচলাতে কচলাতে তেতো হয়ে যায়। বক্রেশ্বর তাপবিদ্যুৎকেন্দ্র এবং হলদিয়া পেট্রোকেমিক্যালস নিয়ে দিনের পর দিন তিক্ততা বাড়ছে। আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী বলেছেন যে, এই ব্যাপার নিয়ে এরকম তিক্ততা হওয়া উচিত নয়। আমার মনে হয় এই নিয়ে দিনে দিনে যেভাবে তিক্ততা বাড়ছে তাতে তা রাজ্যের পক্ষে এবং কেন্দ্রের পক্ষে ভাল হবে না। পেট্রোকেমিক্যালসের ব্যাপারটা তো আজকের ব্যাপার নয়, এটা একটা পুরনো ব্যাপার। ভারতবর্ষে পেট্রোকেমিক্যালস কোথায় এবং কিভাবে তৈরী হবে এই নিয়ে যখন প্রথম চিন্তা ভাবনা তখন সেন্ট্রাল গভর্ণমেন্টের প্ল্যানিং কমিশন বিভিন্ন জায়গা দেখে, বিভিন্ন সমীক্ষা করে বলেছিলেন যে, হলদিয়াই হচ্ছে একমাত্র জায়গা যেখানে পেট্রোকেমিক্যালস করলে ভাল হবে। তার মূল কারণ হচ্ছে এখানে ইণ্ডিয়ান অয়েলের অয়েল রিফাইনারি রয়েছে, সেখান থেকে ন্যাপথা বলে একটা প্রোডাক্ট পাওয়া যাবে এবং ন্যাপথা থেকে এথিলিন, প্রপিলিন এবং বুটাডাইন ইত্যাদি প্রোডাক্ট হবে। আর এসবের বাই-প্রোডাক্ট থেকে প্লাষ্টিক এবং রবার ইত্যাদির বহুরকম প্রোডাকট তৈরী হবে। তিনি বলেছিলেন, শুধু গুটিকতক ইনডাস্ট্রি হবে না। এখানে ক্লাষ্টার অফ ইনডাস্ট্রি হবে। বহু শিল্প তৈরী হবে, বহু কুটির শিল্প তৈরী হবে এবং এর দ্বারা শুধু পশ্চিমবঙ্গ যে উপকৃত হবে তা নয়, আমাদের পুর্বাঞ্চল, উড়িষ্যা,বিহার, আসাম প্রভৃতি আরো অন্যান্য জায়গার বহু মানুষ উপকৃত হবে। এখানে সুন্দর ইনডাস্ট্রি তৈরী হবে এবং এর ফলে বহু বেকার চাকরী পাবে। এই ব্যাপার নিয়ে ১৯৭৭ সালে ওয়েষ্ট বেঙ্গল ইনডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন এই প্রস্তাব দিয়েছিলেন আমাদের স্টেট গভর্ণমেন্টপক্ষ থেকে। তখন সেন্ট্রাল গভর্ণমেন্ট এই প্রস্তাব এ্যাকসেপ্ট করেছিলেন, কারণ তখন কেন্দ্রে আমাদের জনতা সরকার ছিলেন। তখন এই প্রস্তাব অতি দ্রুততার সঙ্গে স্বীকৃত হলেও এরপর বহু ঘটনা ঘটে গেছে। গঙ্গা , গোদাবরীর উপর দিয়ে বহু জল বয়ে গেছে। এই সেদিন পর্যন্ত ইনডাস্ট্রি মিনিষ্টার বেঙ্গল রাও বলেছিলেন ইয়েস, সব হয়ে গেছে, আর কোন কিছু বাকী নেই। পরে পার্লামেন্টে প্রশ্ন করা হয় ক্লিয়ারেন্স হয়েছে কিনা? উনি narrow sense of the terms ইউজ করেছিলেন লেটার অব ইনটেন্ট হয়নি। লেটার অব ইনটেন্ট বহু আগেকার ব্যাপার, ১৯৭৭ সালে হয়েছিল আর এখন ১৯৮৮, সুতরাং আজকে লেটার অব ইনটেন্টের প্রশ্নে নয় এখন প্রশ্ন হচ্ছে ইকনমিক প্যাকেজ, টাকা কে দেবে ?টাকার কি হবে? এই সম্পর্কে কেন্দ্রীয় সরকার নীরব রয়েছেন। যাইহোক, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যা বলেছেন, আশা করবো, বিরোধী সদস্যরা সহ সমবেতভাবে চেষ্টা করুন যাতে হয়। পশ্চিমবঙ্গে শিল্প, বাণিজ্য ও কুটিরশিল্পে যদি উন্নতি চান তাহলে এই পরিকল্পনা গ্রহন করবেন এবং আমরা যেটা বলছি, it will create economic blockade on the resurrection of the incustry in West Bengal ইন ওয়েষ্ট বেঙ্গল, তখন আমরা সরে আসব, এই কথা বলব না। এই প্রস্তাব সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় শুরু করেছেন যে দুটি প্রস্তাবকে কেন্দ্র করে, প্রথম কথা এটা আমাদের কাছে নতুন নয়। এর আগেও সর্বসম্মতিক্রমে এই হাউস থেকে বক্রেশ্বর তাপবিদ্যুৎকেন্দ্র এবং হলদিয়া পেট্রোকেমিক্যালসের ব্যাপারটি আমরা পাশ করিয়ে দিয়েছি এবং এই দুটি ব্যাপার নিয়ে দিল্লীতে ডেপুটেশনে গেছি। সুতরাং এ ব্যাপারে কোন রকম পার্থক্য আগেও ছিল না এবং আমি মনে করি এখন যে পার্থক্য আছে তা নয়, নীতিগত দিক থেকে নেই এবং অন্য কোন কারণে নেই। কৌশলগত কারণে একটু পার্থক্য থেকে যাচ্ছে। তার কারণ এই সরকার কি করে কংগ্রেসীদের বিপদে ফেলা যায়, বিপাকে ফেলা যায় তার জন্য চেষ্টা করছেন।

এছাড়া এই দুটি প্রস্তাবে মাননীয় মন্ত্রিমহাশয় যা বলেছেন তার সঙ্গে কোথাও দ্বিমত নেই। আমরা আগেও বলেছি এবং এখনও বলছি হলদিয়া পেট্রোকেমিক্যাল কমপ্লেকস তৈরী করতে হবে। যে কারণে করতে হবে তার কারণগুলি এখানে ব্যাখ্যা করা হয়েছে। তারমধ্যে অন্যতম প্রধান কারণ হচ্ছে কেন্দ্রীয় সরকারকে এ ব্যাপারে গুরুত্ব দিতে হবে এবং সঙ্গে সঙ্গে রাজ্যসরকারকে গুরুত্ব সহকারে চেষ্টা করতে হবে। আমরা এখন ব্রিটিশ পিরিওডের ট্রাডিশনাল ইনডাস্ট্রিয়াল স্টেটে বাস করছি। এখানে সমস্ত বড় বড় কারখানা বন্ধ হয়ে গেছে। এর ফলে সমস্ত এমপ্লয়মেন্ট এ্যাভিনুস চোকড্ হয়ে গেছে। আজকে ট্রাডিশনাল ইনডাস্ট্রি মডার্ণ ইনডাস্ট্রির সঙ্গে লড়াই করতে পারছে না। ডোমেসটিক মার্কেট মার খাচ্ছে। এর ফলে লক্-আউট, ক্লোজার হচ্ছে এবং তার সাথে সাথে ভলেন্টারি রিটায়ারমেন্ট এবং ফোর্সফুল রিটায়ারমেন্ট এইসব চলছে এবং এই জিনিস চলতে থাকবে।যে কোন সরকারের তার ন্যুনতম বিজ্ঞান এবং বাস্তবধর্মী চিন্তা হবে এইসব ইনডাস্ট্রির সাথে সাথে নতুন নতুন প্যারালাল ইনডাস্ট্রি তৈরী করে ম্যানেজ করা। ১৯৬৪ সালে যোজনার উদ্যোগ দেখেছিলাম, ১৯৭৩ সালেও সেই জিনিষ দেখেছি এবং এই সরকারকে এই উদ্যোগ নিতে হবে। শুধু একটা হলদিয়া এবং একটা বক্রেশ্বর করলেই হবে না, আরো কয়েকটি আধুনিক প্রযুক্তি সঙ্গে নিয়ে যোজনার কাজ সম্পন্ন করা উচিৎ ছিল।

আমি অত্যন্ত দুঃখিত। তবুও আমি সমর্থন করছি। তবে মনে রাখবেন, আপনাদের কোন কৌশলের কাছে কিন্তু নতি স্বীকার করব না। আমি আউট রাইট একে সমর্থন করছি এবং আপনাদের মত একই ভাষায় দাবী করছি। তবে দেখছি দুর্ভাগাক্রমে তা হচ্ছে না। অনেক ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের পার্থক্য থাকে এবং তা নিয়ে নানাভাবে আলোচনা করি। আমি মনে করি রাজ্যের স্বার্থ রাজনৈতিক স্বার্থের উর্ধ্বে এবং বিনা দ্বিধায় একথাটা বলছি। আমি নিজে কেন্দ্রীয় অর্থমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম এবং শুনলাম যে প্রোজেক্ট তৈরী হয়েছে সেটা ঠিকভাবে তৈরী হয়নি। হলদিয়া পেট্রোকেমিক্যালস সম্বন্ধে এই সরকার দ্বিধাগ্রস্ত ছিল। জয়েন ভেনচার হবে কি হবে না তা নিয়ে এদের পার্টির মধ্যে মত পার্থক্য ছিল। আমি অবশ্য এটা সংবাদপত্রে পড়েছি। গোয়েঙ্কার মত মাল্টিন্যাশ্যানালরা এগিয়ে আসছে তাদের সংগে যাবেন কিনা সেটা নিয়ে ওঁদের পার্টি কনফারেন্সে মতপার্থক্য ছিল। আমি যদি খবরের কাগজ ঠিক ঠিক ভাবে পড়ে থাকি তাহলে বলব জ্যোতিবাবুর্য্য অন্যরকম অবস্থা হয়েছিল তাঁর দলের মধ্যে। যে প্রজেক্টগুলি দেওয়া হয়েছিল সেগুলি ছিল হ্যাজার্ড। কেন্দ্রীয় সরকার প্রোজেক্ট সাবমিট করতে বললেন। আমি এবং সৌগতবাবু টেকনিক্যাল পয়েন্ট নিয়ে সেন্ট্রাল গভর্ণমেন্টের ফাইনান্স মিনিষ্টারের সঙ্গে আলোচনা করেছিলাম। তিনি বললেন আমাদের ঠিক আপত্তিও নেই। আপনারা যতই হৈচৈ করুন একটা কথা মনে রাখবেন, এই হলদিয়া পেট্রোকেমিক্যালস নিয়ে রাজনীতি করার ইচ্ছে কারুর নেই। আমি বলছি, পশ্চিমবঙ্গের সঙ্গে যদি বৈষম্যমুলক আচরন হয় এবং সেক্ষেত্রে আমার সমর্থনে যদি কোন সুরাহা হয়, তাহলে আপনাদের সঙ্গে আমি আছি। সল্ট লেকে ইলেকট্রনিক্স কমপ্লেক্স সম্বন্ধে বলেছিল বর্ডার এরিয়া কাজেই হবেনা। তারপর এটা নিয়ে অনেক আলোচনা হওয়ায় শেষ পর্যন্ত দিয়েছে। কিন্তু এই এ.বি.এল যে খুলে দিয়েছে সেটা তো একবারও বললেন না। মুখ্যমন্ত্রী এত কথা বললেন, কিন্তু ওটার কথা একবারও বললেন না। বাটা কোম্পানীকে ডেকে বসাবার ক্ষমতা আপনাদের নেই। ডানকানের সঙ্গে জয়েন্ট ভেনচার করছেন, কিন্তু ডানকান যে ৩ হাজার কর্মচারীকে ছাঁটাই করবার দিকে চলেছে সে সম্বন্ধে তো কিছুই বলছেন না? দীপক খৈতানের বাড়ীতে নিমন্ত্রণ খাচ্ছেন, কিন্তু সে যা করেছে তার জন্য কিছু করতে পেরেছেন কি? আমরা কিন্তু জি. কে. ডব্লিউ.'র সঙ্গে কংগ্রেস কমিউনিষ্ট করিনি। আমি খুব গুরুত্ব দিয়ে বলছি, ওটা একটা ট্রাডিশনাল ইনডাসট্রিয়াল ষ্টেট। আমাদের ও.এন.জি.সি'র সম্প্রতি যে রিপোর্ট বেরিয়েছে, তাতে

ও.এন.জি.সি. বলছে আমাদের পেট্রল ওরিয়েন্টেড ষ্টেট হবার সম্ভাবনা রয়েছে। পশ্চিমবাংলা যদি পেট্রল ওরিয়েন্টেড ষ্টেট হয় বেং তার সংগে পেট্রোকেমিক্যালসে: মত কমপ্লেক্স যদি তৈরী হয়, এ্যানসিলিয়ারী ইনডাস্ট্রি তৈরী হয়, তাহলে শুধু দেড় লক্ষ নয়, আরও কয়েক লক্ষ মানুষের চাকুরী হবে। কাজেই এটা আমাদের নিশ্চয়ই প্রয়োজন। আমি সমর্থন করলে সরকারের হাত যদি শক্ত হয় তাহলে আমি সেটা করব। বক্রেশ্বরকে প্রেসটিজ ইস্যু করার দরকার নেই। আমি সর্বশেষ সংবাদ বলছি, রাজ্য সরকার একে যদি প্রেস্টিজ ইস্যু না করে, ১৪ তারিখের ধর্মঘট না করে, তাহলে আমরা ওটা করবই। আজকে ভারতবর্ষে যে কয়টি সুপার পাওয়ার থার্মাল ষ্টেশন হয়েছে, চার-পাঁচটির মতো হয়েছে, তার মধ্যে একটা প্রজেক্ট তো তাঁরা এখানে দিয়েছেন। কিন্তু পাওয়ারের ক্ষেত্রে আপনাদের যে টোটাল ব্যার্থতা সেই কথা আপনারা বলেছেন? এক্ষেত্রে মেন্টেনেন্স এবং প্রডাকশনের ব্যাপারে সমানভাবে রাজ্যসরকার ব্যর্থ হয়েছেন। এখানে রাজ্যসরকারের বিদ্যুৎমন্ত্রী রয়েছেন, তিনি কি দেখাতে পারবেন যে কোলাঘাট থেকে সাঁওতালদি পর্যন্ত কোন জায়গায় তাঁরা ঠিকমত প্রডাকশন দিতে পেরেছেন বা ডি, পি, এলে একস্ট্রা ইউনিট বসিয়ে সেখানে প্রডাকসন রেটটা ঠিকভাবে মেনটেন করতে পেরেছেন? না, পারেন নি। কাজেই কেন্দ্রীয় সরকার যদি দায়-দায়িত্ব পালন না করেন তাহলে আপনাদের সঙ্গে আমরাও একসঙ্গে এবং একই ভাষায় প্রতিবাদ করতে রাজী আছি। এ্যাট দি সেম টাইম যেসব ক্ষেত্রে রাজ্যসরকারের দায়িত্ব রয়েছে, সেইসব ক্ষেত্রে দায়িত্বটা তো তাঁরা পালন করবেন। কিন্তু সেই দায়িত্ব পালনে তাঁরা ব্যর্থ হয়েছেন। আজকে মেন্টেনেন্স এ্যান্ড প্রডাকশনের ব্যাপারে যে ব্যর্থ হয়েছেন সেটা তো বললেন না। এদিকটা যদি ঠিক ঠিকভাবে পালন করতে না পারেন, সেখানে যদি ত্রুটি থেকে থাকে, তাহলে হলদিয়া পেট্রোকেমিক্যালস নিয়ে ঐ রাজনীতিই হবে, ঐসবই হবে, কিন্তু পশ্চিমবঙ্গের মানুষের কিছু হবে না। তবুও আমাদের দলের পক্ষ থেকে বারবার বলেছি এবং বলছি যে, কৌশল না করে সত্যি যদি আপনারা আমাদের কোন সাহায্য চান তাহলে, কেন্দ্রে আমাদের সরকার থাকা সত্ত্বেও এখানে আমাদের এই বিরোধী পক্ষ থেকে সর্বপ্রকার সাহায্য আমরা সরকারকে করব কারণ সেই মানসিকতা আমাদের আছে।

**শ্রী তারাপদ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প এবং হলদিয়া পেট্রোকেমিক্যাল এর উপর যে প্রস্তাব আনা হয়েছে, এই প্রস্তাব দুটিকে আমি সমর্থন করছি এবং বিশেষ করে বক্রেশ্বর তাপবিদ্যুৎকেন্দ্র সম্পর্কে দু চারটি কথা বলছি। শিল্পের প্রসার, শিল্পের উন্নয়ন এবং নতুন নতুন প্রতিষ্ঠার মাধ্যমে বেকার সমস্যা অনেকখানি সমাধান করা যায়। তাই বক্রেশ্বর তাপবিদ্যুৎকেন্দ্র প্রতিষ্ঠার কথা, সেই সংবাদ যখন পশ্চিমবঙ্গের মানুষ সংবাদপত্রের মারফৎ শুনেছেন তখন থেকেই পশ্চিমবঙ্গের সাধারণ ঘরের বেকার যুবকেরা অত্যন্ত আগ্রহান্বিত এবং আশান্বিত হয়ে উঠেছেন। তাই তাঁরা পশ্চিমবঙ্গের বক্রেশ্বর তাপবিদ্যুৎকেন্দ্র সম্পর্কে কেন্দ্রীয় সরকারের প্রতিটি পদক্ষেপ লক্ষ্য করছেন। কিন্তু সেটা লক্ষ্য করতে গিয়ে তাঁরা দেখতে পাচ্ছেন, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এক্ষেত্রে অনুমোদন না দেওযার চেষ্টা এবং অনীহা, সঙ্গে সঙ্গে তারা দেখতে পাচ্ছেন এ-ব্যাপারে আমাদের চেষ্টা। তাঁরা দেখতে পাচ্ছেন যে, ঐ তাপবিদ্যুৎ কেন্দ্রের অনুমোদনের জন্য আমরা অপেক্ষা করছি। প্রসঙ্গত উল্লেখযোগ্য, বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রতিষ্ঠার জন্য পশ্চিমবঙ্গের মানুষ অনুমোদন চেয়েছেন বামফ্রন্ট সরকারের নেতৃত্বে, মুখ্যমন্ত্রীর নেতৃত্বে, কিন্তু দীর্ঘদিন হয়ে যাওয়া সত্ত্বেও সেই অনুমোদন আসেনি। পশ্চিমবঙ্গ থেকে এই ব্যাপারে দিল্লীতে ধর্ণা পর্যন্ত দেওয়া হয়েছিল, তা সত্ত্বেও আজ পর্যন্ত তার অনুমোদন পাওয়া যায়নি। এমতক্ষেত্রে দুদিন আগে কাগজে দেখেছি এবং আজকে হাউসে মুখ্যমন্ত্রী নিজে ঘোষণা করেছেন যে, আগামী ২৮ তারিখে বক্রেশ্বর তাপবিদ্যুৎকেন্দ্রের শিলান্যাস হবে।

**[2.20 – 2.30 p.m.]**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাব অনুমোদনের জন্য আমাদের যে পদক্ষেপ তাতে আপনি লক্ষ করবেন পশ্চিমবঙ্গের এই বামফ্রন্ট করকারের এই পদক্ষেপ অত্যন্ত ধীরস্থির গতিতে অগ্রসর হচ্ছে। কিন্তু অপরদিকে আমরা লক্ষ্য করছি কংগ্রেসী বন্ধুরা এই তাপবিদ্যুৎকেন্দ্র প্রতিষ্ঠিত হতে না হতেই যুদ্ধং দেহী রনং দেহী শুরু করেছেন। তাঁরা যেন মনে করছেন এটা একটা বিরাট ব্যাপার হয়ে গেল। এটা হচ্ছে পশ্চিমবাংলার সামগ্রিক উন্নয়নের ব্যাপার। সেটা নিয়ে তাঁরা অত্যন্ত তাচ্ছিল্যের সুরে কথা বলছেন। বক্রেশ্বর তাপবিদ্যুৎকেন্দ্রের অনুমোদনের ব্যাপারে তাঁরা কোথায় এই সরকারের হস্ত প্রসারিত করবেন তা নয়, তাঁরা যে পদক্ষেপ নিচ্ছেন সেটা অত্যন্ত নিন্দনীয় এবং অপ্রীতিকর। গত ১২ই মে সিউড়িতে এই তাপবিদ্যুৎকেন্দ্র নিয়ে বিশাল সমাবেশ ঘটেছে, তাতে পশ্চিম বাংলার মানুষ দেখিয়ে দিয়েছে যে, এই তাপবিদ্যুৎকেন্দ্র অত্যন্ত প্রয়োজন। এটা হলে সামগ্রিকভাবে শিল্পের দিক থেকে উন্নয়ন হবে, শিল্পের ক্ষেত্রে আমরা অনেকখানি অগ্রসর হতে পারব এবং বেকার সমস্যার সমাধান হবে। শুধু মুখেই বেকার সমস্যার সমাধানের কথা বললেই হবে না, সঠিক পদক্ষেপ এই ব্যাপারে নিতে হবে। রুগ্ন শিল্পের উন্নতি ঘটবে এবং ক্ষুদ্র-বৃহৎ শিল্পের প্রসার ঘটবে। পশ্চিমবঙ্গে শিল্পের ব্যাপারে কেন্দ্রের যে চূড়ান্ত অনীহা আছে, সেটা কেন্দ্রীয় সরকারের নীতির মাধ্যমে সুস্পষ্ট হয়ে উঠেছে। এই কথা সর্ব্বজনবিদিত, এই কথা আর বলার দরকার নেই। আজকে মুখে তাঁরা যে কথা বলেছেন পশ্চিমবংগের উন্নয়নের কথা - কার্য্যক্ষেত্রে কিন্তু তাঁরা তা করছেন না। তাহলে তাঁরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে লড়াই আমাদের সামিল হতেন। পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে কেন্দ্রীয় বঞ্চনা এবং বিমাতৃসুলভ আচরণ অব্যাহত রেখেছেন। তাঁরা যে পশ্চিমবাংলার উন্নয়ন চাননা সেটা তাঁদের কার্যকলাপেই বোঝা যায় এবং সেই কাজে মদত দিচ্ছেন আমাদের এখানকার এই কংগ্রেসী বন্ধুরা। এটা আমরা সু স্পষ্টভাবে বলেই দিয়েছি যে বক্রেশ্বর তাপবিদ্যুৎকেন্দ্র হবেই হবে। আগামী দিনে যদি এই তাপবিদ্যুৎকেন্দ্র পশ্চিমবাংলায় হয়, তাহলে পশ্চিমবাংলা যথেষ্ট উপকৃত হবে তাই নয়, বীরভূম জেলার মানুষও যথেষ্ট উপকৃত হবে। কারণ বীরভূম জেলার বেশীরভাগ মানুষ অত্যন্ত দরিদ্র, তাঁদের জীবন ও জীবিকা চাষের উপরই নির্ভর করে এবং এখানে শুধু একফসলী জমি। এই একফসলী জমির উপর চাষ-বাস করে তাদের নির্ভর করে থাকতে হয়। এখানে যদি এই তাপবিদ্যুৎকেন্দ্র স্থাপিত হয় তাহলে তাদের দুঃখ দুর্দশার কিছুটা অবসান ঘটবে এবং কিছু বেকার ছেলে চাকুরী পাবে। নানাভাবে পশ্চিমবাংলার মানুষ যেমন বলছে যে বক্রেশ্বরে তাপবিদ্যুৎকেন্দ্রের অনুমোদন দিতে হবে সেই সঙ্গে বীরভূমের মানুষও এর অনুমোদন চাইছে। আমাদের সামনে মাননীয় বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী যে কথা বললেন তাতে আর - আজকে ৯ই সেপ্টেম্বর - ১৮-১৯ দিন সময় আছে বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের শিলান্যাস করা হবে সে কেন্দ্র অনুমোদন দিন আর না দিন। সেইজন্য আমি আশা করব আমরা সকলে মিলে এই ১৮-১৯ দিনের মধ্যে যাতে কেন্দ্রের অনুমোদন পাওয়া যায় তার জন্য চেষ্টা করবেন। আমি আশা করবো এখানে যাঁরা কংগ্রেস পক্ষের বন্ধুরা আছেন, তাঁরা আমাদের হাতে হাত মিলিয়ে এই অনুমোদন আদায়ের জন্য চেষ্টা করবেন এবং আমাদের আন্দোলনের সামিল হবেন। শুধু মৌখিক সহযোগিতা নয়, আমি আশা করবো তাঁরা সক্রিয় সহযোগিতা করবেন। এখানে একটা কথা বলে রাখা দরকার, যদি এই অনুমোদন পাওয়া না যায় তাহলে পশ্চিমবাংলার জনগন এবং সাধারণ মানুষ পেছিয়ে যাবে না, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের সুযোগ্য নেতৃত্বে বক্রেশ্বরে তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপিত করার প্রচেষ্টা অপ্রতিহত গতিতে এগিয়ে যাবে। আমরা আমাদের লক্ষ্যমাত্রায় পৌঁছাবই, বক্রেশ্বরে তাপবিদ্যুৎকেন্দ্র হবেই, পশ্চিমবাংলার অগ্রগতিকে কেউ রুখতে পারবে না। এই কথা বলে এই প্রস্তাবকে আবার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় স্পিকার মহাশয়, আজকে এখানে যে প্রস্তাব উৎথাপিত হয়েছে - বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প এবং হলদিয়া পেট্রোকেমিকেলস্-এটি যেহেতু সর্বদলীয় প্রস্তাব এবং আমরা এতে সম্মতি দিয়েছি, তখন ধরে নেওয়া যায় যে এতে বিতর্কের অবকাশ কম। এখানে একটা অংশে বলা হয়েছে "দি ষ্টেট গভর্ণমেন্ট হ্যাজ অলরেডি বিন স্পেন্ট রুপিজ ফর্টি ক্রোরস্ ফর ইনফ্রাষ্ট্রাকচারাল ডেভোলাপমেন্ট এ্যাট হলদিয়া।" এখানে আমার প্রশ্ন হচ্ছে এই যে, রাজ্য সরকার যেখানে ইতিমধ্যেই এতগুলি টাকা খরচ করেছেন, সেখানে কাদের নিয়ে তাঁরা এই কোলাবোরেশান করছেন? অর্থাৎ রাজ্য সরকার গোয়েংকাদের সঙ্গে নিয়ে এই যে ৪০ কোটি টাকা খরচ করলেন, তাতে গোয়েংকারা এখন পর্যন্ত কত টাকা খরচ করেছেন? রাজ্য সরকার খরচ করলেন ৪০ কোটি টাকা, অথচ গোয়েংকারা - আর.পি.জি. এন্টারপ্রাইজ - বিজ্ঞাপন দিচ্ছেন যে, আমি আগেরবার বাজেট অধিবেশনেও এই বইটি দেখিয়ে অসীমবাবুর উদ্দেশ্যে বলেছিলাম যে, তাঁরা রাজ্য সরকারকে কোন স্বীকৃতি না দিয়ে হলদিয়া পেট্রো-কেমিকেলস্ লিমিটেড্ তাঁদের প্রকল্প - তাঁরা তাঁদের নানা প্রোজেক্ট, আর. পি. গোয়েংকার অন্যান্য যে সমস্ত প্রোজেক্ট আছে, সেগুলির একটি হচ্ছে এই হলদিয়া পেট্রো-কেমিকেলস্ লিমিটেড - রেসপন্ডিং, পারফরমিং, গ্রোয়িং ইত্যাদি সবই হচ্ছে তাঁদের। ঐ বিজ্ঞাপনে এই প্রোজেক্টকে রাজ্য সরকারের বলে বলছেন না। আমাদের অভিযোগের কথা আগেরবার এখানে বলেছিলাম, আবার এখানে বলছি। এই প্রকল্পে গোয়েংকাদের মোট খরচ হচ্ছে - নিজের পকেট থেকে - ৪৭ কোটি টাকা। কিন্তু আলটিমেটলি খরচ হচ্ছে দু'হাজার কোটি টাকা এই প্রকল্পটির জন্য। অর্থাৎ দেখা যাচ্ছে গোয়েংকারা হাইজ্যাক করে নিয়ে যাচ্ছে। আমি যে হিসাব পেয়েছি, তাতে গোয়েংকারা এই প্রকল্পে প্রকৃত অর্থে এই টাকা খরচ করছেন। এই ব্যাপারে আমি আশা করব, মুখ্যমন্ত্রী তাঁর মতামত আজকে এখানে বলবেন। এই সঙ্গে সঙ্গে তাঁর কাছ থেকে আরও দু'একটি প্রশ্নের উত্তর আশা করবো তিনি দেবেন। এই বিষয় ছাড়া আমরা যেটি নিয়ে আপত্তি করতে চেয়েছি তা হচ্ছে, গোয়েংকারা যে টাকা খরচ করছেন তাও ব্যক্তিগতভাবে নিজেদের পকেট থেকে নয়। তাঁদের কতকগুলি কোম্পানী আছে যেগুলি তাঁরাই কনট্রোল করেন। যেমন, সি.এস.টায়ার্স অব ইনডিয়া, এরা দিচ্ছে ২৫ কোটি টাকা। ফিলিপ্স দিচ্ছে ৬ কোটি টাকা। এশিয়ান কেবলস্ কর্পোরেশন দিচ্ছে ৩ কোটি টাকা। ইনভেষ্টমেন্ট কোম্পানী ওনড্-কনট্রোল্ড্ বাই গোয়েংকা, এরা দিচ্ছে ৩ কোটি টাকা। এগুলির কোনটিই ব্যক্তিগতভাবে গোয়েংকাদের নিজেদের নয় - জনগণের টাকা। তাঁদের ঐ কোম্পানীগুলি পাবলিক ডিবেঞ্চার ছেড়ে যে অর্থ সংগ্রহ করে তার থেকে এই টাকা দিচ্ছেন। এরই সঙ্গে রমা গোয়েংকার পুত্র বরাদ্দ করেছেন ৪৭ কোটি টাকা। আমরা এইজন্যই প্রতিবাদ করেছি। আমরা বলছি যে এতবড় একটা প্রকল্প যার গুরুত্ব অপরিসীম, যে ভয়ানক প্রচেষ্টা নিয়ে রাজ্য সরকার এটি করছেন, সেখানে গোয়েংকাদের নিয়ে করার সিদ্ধান্তটি তাঁরা যেন পুনর্বিবেচনা করেন। আপনারা আপনাদের ভুলটা স্বীকার করছেন না। আপনারা ফরেন কোলাবোরেটরস্ হিসাবে কাদের নিয়ে আসছেন? আপনারা এই প্রজেক্ট-এর মধ্যে গোয়েংকাদের নিয়ে আসছেন, যাদের দুজন হচ্ছে মাল্টি ন্যাশানাল। মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রী এটি স্বীকার করছেন না। এই দুজনের একজন হচ্ছে ওয়েষ্ট জার্মাণীর লিন্ডা এ. জি. (মাল্টি ন্যাশানাল). আর একজন হচ্ছে কে. টেক্স, ইনকর্পোরেটেড টু ইউ. এস্. এ.। এদের দুটি মাল্টি ন্যাশানাল কোম্পানী আছে, ফরেন কোলাবোরেটর হিসাবে গোয়েংকারা এদের নিচ্ছেন এবং সেই হিসাবে আপনারাও তাদের নিচ্ছেন। আপনারা মুখে বলছেন যে আপনারা মাল্টি ন্যাশানালের বিরুদ্ধে, অথচ ফরেন কোলাবোরেটর, মাল্টি ন্যাশানালকে এই হলদিয়া পেট্রোকেমিকেলস্'এর সঙ্গে যুক্ত করছেন, তাঁদের আপনারা নিয়ে আসছেন। আপনারা এই বিষয়টি কেন সাধারণ মানুষের সামনে তুলে ধরছেন না? জনগণের সামনে আপনারা শুধু বলছেন যে, বাইরের কোন সহযোগিতা নয়, অথচ সহযোগী হিসাবে আপনারা ফরেন কোলাবোরেটরদের নিচ্ছেন এবং ৩০ কোটি টাকা খরচ করছেন। প্রয়োজনে

তারা আরও বেশী পরিমাণে টাকা দেবে বলে বলছেন। হলদিয়া পেট্রো-কেমিকেলস্ নিয়ে আলোচনার সময়ে তাহলে এই কথাটা তুলছেন না? অর্থাৎ আমরা দেখতে পাচ্ছি যে, এরমধ্যে মাল্টি ন্যাশানাল ইনভলভ্ আছে। এটি যেহেতু পশ্চিমবাংলার মানুষের একটি দাবী, সেইজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বলব, হলদিয়া পেট্রো-কেমিকেলস্ প্রকল্প এবং বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প, এই শোবোক্তটি আশা করছি খুব দ্রুত অনুমোদন পেয়ে যাবে। আমাদের ধারণা, হলদিয়া নিয়ে আমরা সর্বদলীয় আলাপ-আলোচনার মধ্যে বিষয়টিকে নিয়ে আসতে দেরী হবে না।

**[2.30 – 2.40 p.m.]**

হলদিয়ার ব্যাপারে বাধা কোথায়, রাজ্য সরকারের সঙ্গে কেন্দ্রীয় সরকারের পার্থক্যটা কোথায়, কেন পাওয়া যাচ্ছে না এই স্যাংসন এটা জানা দরকার। এইচ. পি. এল এর মেটিরিয়ালদের তার থেকে ন্যাপথা তৈরী হয়। আবার ন্যাপথা ভেঙ্গে ক্র্যাকার তৈরী হয়। এবার ক্র্যাকার ভেঙ্গে কি কি করতে পারি শুনুন—ইথিলিন, বোমাডিন, প্রপলিন, স্টিরিন, হাইডেনসিটি পলিথিন ইত্যাদি। স্যাংসান পেলে আমাদের এখানে ১ লক্ষ ৩৯ হাজার টন মত প্রোডাকসান হবে, কিন্তু কেন্দ্রীয় সরকার চাইছে এই উৎপাদন ২ লক্ষ ৫ হাজার টন মত হোক। তবে আজকে শুনলাম মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে যদি এইটাই কেন্দ্রীয় সরকারের ইচ্ছা হয়, তাহলে সেইভাবে যাতে আমরা উৎপাদন করতে পারি তার চেষ্টা করবো। এক্ষেত্রে প্রশ্ন আমদেব যে, শুধু প্রস্তাব থাকলেই হবে না, তারজন্য সঠিকভাবে রিপোর্ট তৈরী কবে সেটা জানিয়ে দেওয়া দরকার বাজেটের আগেই। মাননীয় মুখ্যমন্ত্রী নিজে বলেছেন ১৯৮৫ সালে এই প্রকল্পের জন্যে ১৩৫০ কোটি টাকা ধরা হয়েছিল। তারপরে সেটা ১৪৫০ কোটি টাকায় দাড়িয়েছে, শেষ পর্য্যন্ত ২ হাজার কোটি টাকায় দাঁড়াবে। যেখানে ২ হাজার কোটি টাকার প্রকল্প সেখানে যদি উৎপাদন ২ লক্ষ ৫ হাজার টন মত না হয়, তাহলে কেন্দ্রের সঙ্গে আই. ডি. বি. আইয়ের একটা দ্বিধা বা সংকোচ থেকে যাবে। তারপরে বলা হয়েছে যেসব ডাউন স্ট্রিম প্রজেক্ট আছে সেগুলিকে একসঙ্গে হলদিয়া পেট্রো কেমিক্যালস্ লিমিটেড প্রজেক্টের মধ্যে নিয়ে আসা হবে। তাহলে এটা একটা লাভজনক সংস্থা হিসাবে দাঁড়াতে পারবে। আমরা এই ব্যাপারে সহযোগিতা করবো, চুক্তি প্রস্তাবে সাক্ষরও দেবো। কিন্তু দুঃখটা কোথায় জানেন আমরা একবারও এর কাগজপত্র দেখতে পেলাম না যে কোথায় বিষয়টা আটকে আছে, যাতে করে আমরা একত্রিত হয়ে কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করতে পারি। আপনারা গোয়েংকার সঙ্গে ইনভলভ্ হচ্ছেন কেন? আপনারা গোয়েংকার কাছে নিজেদের আত্মসর্পণ করছেন কেন? এই হলদিয়া পেট্রো-কেমিক্যালসের ব্যাপারে আপনাদের প্রগতিশীল রাজনৈতিক সরকারের কাছে জানতে চাইছি যে, আপনারা গোয়েংকার মত সংস্থার কাছে নিজেদের সাবেন্ডার করেছেন কেন? এই গোয়েংকা হলদিয়া পেট্রোকেমিক্যালস্‌কে হাইজ্যাক করে নিয়ে চলে যাবে — এটা একাট ভয়ংকর ব্যাপার হয়ে দাঁড়াবে। আপনারা যদি কেন্দ্রের কাছে আরো অতিরিক্ত কিছু অর্থ চাইতেন তাহলে আমরা তাতে সাহায্য করতাম। আমরা সাধারণ মানুষের কাছে টাকা চাইতাম। আপনারা যেভাবে বক্রেশ্বরের টাকা তোলবার কথা বলেছেন, মাননীয় মুখ্যমন্ত্রী যেরকম বলেছেন যে ১৪,১৫ কোটি টাকার প্রকল্প, এতে কিছু টাকা সরকার দেবে আর কিছু টাকা পাবলিকের কাছ থেকে আনতে হবে। সেইরকম এই ক্ষেত্রেও তা করতে পারতেন। আপনারা যে রাজনীতির কথা বলছেন এবং যেভাবে প্ররোচনা করার চেষ্টা করছেন তাতে আমার মনে হয় বাস্তব থেকে এটা দূরে সরে যাচ্ছে। সেইজন্য আপনাদের কাছে আবেদন হলদিয়া পেট্রো-কেমিক্যালসের জন্যে গোয়েংকার কাছে নিজেদের আত্মসমর্পণ করবেন না। গোয়েংকারা যাতে এই প্রকল্পকে ছিনতাই করে না নিয়ে যেতে পারে তারজন্য সাধারণ মানুষের কাছে আপনারা হাত পাতুন। প্রগতিশীল বামফ্রন্ট সরকার গোয়েঙ্কা মাল্টি-ন্যাশানাল, একচেটিয়া, পুঁজিবাদীদের কাছে নিজেদের সারেন্ডার করবেন না। এতে

বামপন্থীদের চরিত্র এবং সত্ত্ব বিসর্জন হবে। এইভাবে আপনাদের আন্দোলনকে কলঙ্কিত করবেন না। সুতরাং যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আগামী দিনে যাতে সর্বদলীয় প্রতিনিধি মিলে দিল্লী যাত্রা করে এই আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুখেন্দু মাইতি :** মাননীয় স্পীকার মহাশয়, আজকে বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র এবং হলদিয়া পেট্রকেমিক্যালস কমপ্লেক্স-র অনুমোদনের জন্য যে দুটি প্রস্তাব এসেছে আমি তাঁকে পূর্ণ সমর্থন করছি। কেন্দ্রীয় সরকার যে অনুমতি দিচ্ছেন না বা টালবাহনা করছেন, এই ব্যাপারে বলব একটা প্রবাদ আছে যে, যারে দেখতে নারী, তার চলন বাঁকা। ঠিক কেন্দ্রীয় সরকারের কোন কারণে এই জিনিষ হচ্ছে সেটা খুঁজে পাওয়া যাচ্ছে না। যেহেতু এটার পরিকল্পনার দাবী পশ্চিমবঙ্গ বামফ্রন্ট সরকারের আছে বা এর জন্য যেহেতু বামফ্রন্ট সরকারের রাজত্বে বেকার সমস্যার সমাধান হবে, এখানে শিল্প ও কলকারখানা গড়ে উঠবে, বিদ্যুৎ সমস্যার সমাধান হবে, এটা কেন্দ্রীয় সরকার চায়না। কেন্দ্রীয় সমীক্ষকরা বলেছে অষ্টম পরিকল্পনার শেষে পশ্চিমবাংলায় বিদ্যুৎ ৪৪৩ মেগাওয়াট থাকবে। যেখানে পশ্চিমবাংলায় বিদ্যুৎয়ের অভাবে পাম্প সেট-র সংযোগ করতে পারা যায়না, সেখানে বিদ্যুৎয়ের অভাবে কল-কারখানা বন্ধ হয়ে যায়, শ্রমদিবস হয়না, সেই পরিপ্রেক্ষিতে আমাদের পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার বক্রেশ্বে তাপ-বিদ্যুৎ করবার কথা চিন্তা করেছে। এই ব্যাপারে সোভিয়েট সরকার বলেছে ৭০ শতাংশ তারা দেবে, আর বাকি ৩০ শতাংশ আমাদেরকে রাজ্য সরকারকে দিতে হবে। আমাদের সোভিয়েট এ্যাম্বাসী বলেছে যে আমরা কোন প্রি-কন্ডিশান আরোপ করিনি, আমাদেরও কোন প্রি-কন্ডিশান নেই। আমরা বুঝেছি পশ্চিমবাংলায় বক্রেশ্বরের তাপ-বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন হলে শিল্পে উৎপাদন বাড়বে, কল-কারখানা আরো গড়ে উঠবে এবং পশ্চিমবাংলার কৃষিতে উন্নতি ঘটবে। কিন্তু দুঃখের বিষয়, আজকে কেন্দ্রীয় সরকারের পশ্চিমবাংলার প্রতি যে বৈষম্যমূলক বিমাতৃসুলভ আচরণ করছে তার বিরুদ্ধে বামফ্রন্ট সরকার হলদিয়া পেট্রকেমিক্যালস কমপ্লেক্স-র দাবীতে অনেক আন্দোলন বেকার ছেলেরা করেছে, বিধায়করা দিল্লিতে গিয়ে অভিযোগ করেছে, কিন্তু তা সত্ত্বেও তারা অনুমোদন দেননি। আজকে কংগ্রেসী বন্ধুরা যে সমর্থন করছেন, এতে যদি তাদের আন্তরিকতা থাকে পশ্চিমবাংলার উন্নতি করবে বলে, বেকার সমস্যার সমাধান ও বিদ্যুৎয়ের অভাব দূর করবে বলে, পশ্চিমবাংলাকে গড়ে তুলবে বলে তারা যে প্রস্তাবকে সমর্থন করছেন — যাতে কেন্দ্রীয় সরকার বক্রেশ্বর ও হলদিয়া পেট্রকেমিক্যালস কমপ্লেক্স-র অনুমোদন দেন। আশা করব তারা কাঁধে কাঁধ মিলিয়ে, হাতে হাত মিলিয়ে পশ্চিমবাংলার অধিবাসী হিসাবে আন্দোলনের সামিল হবেন। আমরা সকলেই আশা করব পশ্চিমবাংলার প্রতি কেন্দ্রীয় সরকারের যে বিমাতৃসুলভ মনোভাব, তার বিরুদ্ধে আমরা ঐক্যবদ্ধ হব এবং অবিলম্বে এই প্রকল্প দুটি যাতে অনুমোদন পায়, সেইদিকে আমরা লক্ষ্য রাখব, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**[2.40 – 2.50 p.m.]**

**শ্রী সুহৃদ বসুমল্লিক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী হলদিয়া পেট্রো-কেমিক্যালস এবং বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের ব্যাপারে যে মোশান এনেছেন সেই মোশান আমাদের দলের তরফ থেকে আমরা সমর্থন করেছি। বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র প্রকল্প সম্পর্কে আমরাও আগ্রহী। মাননীয় মুখ্যমন্ত্রী বার বার বলছিলেন যে তিনি কেন্দ্রের সঙ্গে তিক্ততা চাইছেন না, পশ্চিমবঙ্গের প্রতি কেন্দ্রের অবিচার তিনি আর সহ্য করতে পারছেন না এইসব ব্যথা বেদনার কথা তিনি বলেছেন। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রের বিরুদ্ধে যে অবিচার বঞ্চনার কথা তুলেছেন আমি মুখ্যমন্ত্রীর কাছে বলব যে পশ্চিমবঙ্গে যারা বিরোধী দলের বিধায়ক তারাও কিন্তু আজকে বামফ্রন্ট সরকারের অবিচারের শিকার। স্যার, গতকাল আমরা সভার মধ্যে শুনলাম আমাদের

একজন ফরওয়ার্ড ব্লকের মাননীয় সদস্য দুঃখ প্রকাশ করলেন যে মালদহের অনেক গ্রামে বিদ্যুৎ যাচ্ছে না। তিনি মুখ্যমন্ত্রীকে বলেছেন এবং তাঁর কাছ থেকে কোনরকম সাড়া না পেয়ে জেলা কর্তৃপক্ষকে বলেছেন, তাতেও কাজ হচ্ছে না। মুখ্যমন্ত্রী আজকে কেন্দ্রের অবিচারের কথা বলেছেন, কিন্তু আমরা এই সরকারের বিরুদ্ধে বলছি যে অনেক ক্ষেত্রে আপনারাও ন্যায় বিচার করছেন না, অনেকক্ষেত্রে পক্ষপাতিত্ব করছেন এটাও ঠিক। আজকে বক্রেশ্বরে তাপবিদ্যুৎ প্রকল্প হোক এটা আমরা চাই। আমরা কয়েকজন বিধায়ক যখনই দিল্লীতে যাই তখনই আমরা শক্তিমন্ত্রী বসন্ত শাঠের সঙ্গে কথা বলি, তিনি কখনও বলেননি যে পশ্চিমবঙ্গকে তাপবিদ্যুৎ কেন্দ্র দেব না এবং কেন্দ্রীয় সরকারের তরফ থেকে যে উদ্যোগ সেটা মুখ্যমন্ত্রীও স্বীকার করেছেন। মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন যে, কেন্দ্রীয় শক্তিমন্ত্রী এবং অর্থমন্ত্রী সোভিয়েত রাশিয়ায় গিয়ে বক্রেশ্বর প্রকল্প নিয়ে কথা বলেছেন এবং টাকা অনুমোদনের ব্যবস্থা করেছেন এবং তাঁরা কেন্দ্রে মুখ্যমন্ত্রীকে ডেকে নিয়ে গিয়ে আলাপ আলোচনা করেছেন এবং বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প হচ্ছে, হবে। কিন্তু একটা দুঃখের ব্যাপার হচ্ছে ২৮শে সেপ্টেম্বর বক্রেশ্বর মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির সিদ্ধান্ত হল মাননীয় মুখ্যমন্ত্রী শিলান্যাস করবেন। এর কৃতিত্ব বামফ্রন্ট সরকারের নয়। আজকে কেন্দ্রের বিরুদ্ধে যে লড়াই সেই লড়াই ফরওয়ার্ড ব্লক, আর. এস. পি. করছে না, লড়াই করছে শুধু মার্কসবাদী কমিউনিষ্ট পার্টি। আজকে কেন্দ্রের বিরুদ্ধে লড়াই করতে গিয়ে পশ্চিমবঙ্গে আমরা অনেক শিল্প গঠন করতে পারছি না। আজকে মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গে হলদিয়া পেট্রো-কেমিক্যালস' করতে দৃঢ়প্রতিজ্ঞ এবং বক্রেশ্বরে তাপ বিদ্যুৎ প্রকল্প রূপায়ণের জন্য দৃঢ়প্রতিজ্ঞ। কিন্তু পশ্চিমবঙ্গে যত রুগ্ন এবং বন্ধ কারখানা রয়েছে সেই কারখানাগুলি খোলার ব্যাপারে মুখ্যমন্ত্রীর উদ্যোগ দেখতে পাচ্ছি না। মাননীয় অর্থমন্ত্রী অসীমবাবু বলেছেন রাজ্য সরকার নিজস্ব সম্পদ সংগ্রহ করে বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প বাস্তবায়িত করবেন। এটা অসম্ভব প্রস্তাব। রাজ্য সরকারের এমন কোন অর্থ সম্পদ নেই বা তার ক্ষমতা নেই যে এতবড় একটা প্রকল্প করতে পারেন। এটা ৬০০ থেকে ৮০০ মেগাওয়াটের প্রকল্প, ১ মেগাওয়াট বিদ্যুৎ তৈরী করতে খরচ হয় ২ কোটি টাকা, সুতরাং এই ৮০০ মেগাওয়াট-এর প্রকল্প করতে কত টাকা লাগবে সেটা চিন্তা করুন। অসীম বাবু ইমোসন্যাল, আবেগভরে উনি বলে ফেলেছেন যে রাজ্য সরকারের তরফ থেকে এটা করবেন, কিন্তু পারবেন না।

এটা কেন্দ্রীয় সরকার এবং সোভিয়েট রাশিয়ার টাকায় করতে হবে। কিন্তু আপনারা মানুষকে ভুল বোঝাচ্ছেন। আপনারা সংবাদপত্রে এমনভাবে প্রচার করছেন যেন একটা বামফ্রন্ট সরকারই করতে পারবে। আপনারা জানেন আপনাদের আর্থিক সংকট রয়েছে যার জন্য অনেক জায়গায় স্কুল, কলেজ তৈরী করতে পারছেন না, বন্যা হয়েছে সেচ প্রকল্পে টাকা দিতে পারছেন না। আপনাদের আর্থিক সীমাবদ্ধতা থাকার জন্য পশ্চিমবাংলায় বন্ধ কলকারখানা আপনারা খুলতে পারছেন না, তাহলে কেন একথা বলছেন যে, ৬০০/৮০০ মেগাওয়াটের বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র আমরা বাস্তবায়িত করব? মুখ্যমন্ত্রী বললেন আমাদের ডিপোজিট ক্রেডিট রেসিও কম—মাত্র ৪৯ পারসেন্ট, কিন্তু ভারতবর্ষের অন্যান্য রাজ্যের ডিপোজিট ক্রেডিট রেসিও বেশী। আপনারা শুধু ডিপোজিট ক্রেডিট রেসিওটাই দেখেছেন, ক্রেডিট ডিপোজিট রেসিওর কথা তো বলছেন না। অন্যান্য রাজ্যের ক্রেডিট রিপেমেন্ট রেসিও পশ্চিমবাংলার তুলনায় অনেক বেশী। একটা দিক দেখলেই হবে না। শুধু তাই নয়, পশ্চিমবাংলায় প্ল্যান্ট লোড ক্যাপাসিটিও অনেক কম — মাত্র ৪২ পারসেন্ট। আমরা জানি বক্রেশ্বর প্রকল্প হবে, তবে আপনারা এটা শেষ করতে পারবেন না। আপনারা যখন থাকবেন না তখন এটা হয়ত হবে। আপনারা রাজনীতি করবার জন্য এইসব করছেন। আপনারা প্ল্যান্ট লোড ক্যাপাসিটি ৪২ পারসেন্ট কে বাড়াতে পারছেন না। কিন্তু এন. টি. পি. সি'র প্ল্যান্ট লোড ক্যাপাসিটি ৭০ পারসেন্ট। এটা বাড়াতে পাড়লে বক্রেশ্বরের অভাব থাকত না। সেখানে রাস্তা নেই, জলের ব্যবস্থা নেই, বিদ্যুৎ নিয়ে যাবার জন্য ইনফ্রাসট্রাকচার তৈরী হয় নি, অথচ আপনারা ঢাক, ঢোল পেটাচ্ছেন।

ইনফ্রাসট্রাক চারাল ফেসিলিটিস গুলো থাকা দরকার। এন. টি. পি. সি'র কাছ থেকে যে বিদ্যুৎ পাওয়া যায় সেটা গ্রহণ করবার মত ইনফ্রাসট্রাকচার আপনাদের নেই। আমরা চাই এই প্রকল্প পশ্চিমবাংলায় হোক। তবে আপনাদের যে অবস্থা তাতে আমার সন্দেহ হচ্ছে, বামফ্রন্ট সরকার এই প্রকল্প করতে পারবে কিনা। সন্দেহের কারণ হল বিগত ১১ বছরে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের ব্যর্থতার ছাপ আমরা দেখেছি। বক্রেশ্বর নিয়ে আমরা রাজনীতি করতে চাইনা। আমরা চাই কেন্দ্রীয় সরকার এটাকে অনুমোদন দিক, আমরা চাই সোভিয়েট রাশিয়ায় টাকা এই প্রকল্পে খরচ হোক। ২৮শে সেপ্টেম্বর মুখ্যমন্ত্রী বক্রেশ্বরে যাচ্ছেন শিলান্যাস করতে। এরপর আমরা পশ্চিমবাংলা সমস্ত গ্রামে, গঞ্জে দেওয়ালে লেখা দেখব "বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র করল কে, বামফ্রন্ট সরকার আবার কে"। দেওয়ালে লিখলেই যদি শিল্পোন্নয়ন হোতো তাহলে সত্যিকারের সোনার বাংলা আমরা দেখতাম। সারা পশ্চিমবাংলায় ইনডাস্ট্রিয়াল ম্যানেজমেন্ট নেই। কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠান বাদ দিলে দেখবেন ইনডাস্ট্রিয়াল ম্যানেজমেন্ট নেই । এখানে বে-সরকারী যে সমস্ত শিল্প রয়েছে সেগুলিও বন্ধ হয়ে যাচ্ছে—সরকার এই ব্যাপারে কিছুই করতে পারছেন না। হলদিয়া পেট্রোক্যামিক্যালস হোক, বক্রেশ্বরে তাপবিদ্যুৎ কেন্দ্র হোক এটা আমরা চাই। তবে মুখ্যমন্ত্রীকে বলব এসব নিয়ে রাজনীতি করবেন না। ১১ বছর ধরে শুধু কেন্দ্রের বঞ্চনার কথাই বলে চলেছেন অথচ, পশ্চিমবাংলায় রুগ্ন এবং বন্ধ কারখানাগুলো খোলার ব্যবস্থা করতে পারছেন না, অনুরোধ করছি, কেন্দ্রের বিরুদ্ধে ঐ সমস্ত শ্লোগান বন্ধ করুন। ২৮শে সেপ্টেম্বর শিলান্যাস করতে যাচ্ছেন, তবে বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র হলেই লক্ষ লক্ষ বেকারের চাকুরী হবে, পশ্চিমবাংলার অর্থনীতি চাঙ্গা হবে এটা আমি বিশ্বাস করিনা।

স্যার, আমাদের সন্দেহ আছে এই যে, অর্থ সংগ্রহের কথা যেটা বলেছেন। মাননীয় অর্থমন্ত্রী এই অর্থ সংগ্রহের কথা বলেছেন, আমাদের দৃঢ় বিশ্বাস যে, রাজ্য সরকার পারবেন না। তাই আমি আবার বলব যে, কেন্দ্রের সঙ্গে সংঘর্ষ নয়, কেন্দ্রের সঙ্গে সহযোগিতা করে এই বক্রেশ্বর বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়িত হোক। এই আশা নিয়ে প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**[2.50 – 3.00 p.m.]**

**শ্রী বঙ্কিম বিহারী মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হলদিয়া পেট্রোকেমিক্যালস এবং বক্রেশ্বর বিদ্যুৎ প্রকল্পের ব্যাপারে যে প্রস্তাব এখানে রেখেছেন, তার সমর্থনকে আরো দৃঢ় করার জন্য এবং কাজকে আরো ত্বরান্বিত করার জন্য এই প্রস্তাবকে আমি পরিপূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। আজকে কংগ্রেসের বক্তারাও বলছেন যে, হ্যাঁ, আমরাও এই প্রস্তাবকে সমর্থন করছি। এই সমর্থন না করলে পশ্চিমবাংলার মানুষ ওদের ধিক্কার দেবে, শত্রু মনে করবে। সেইজন্য ওরা এখানে যে কথা বলছেন বাইরে তা প্রকাশ হবে না। সুদীপবাবু এখানে নাবালকের মত কথা বলে গেলেন। কেন না, ওঁদেরই পূর্বসূরী ডাঃ বিধান চন্দ্র রায় সম্পর্কে উনি বোধ হয় বিশেষ কিছুই জানেন না। তিনি প্রত্যেকটি কাজে দৃঢ়তার সঙ্গে কেন্দ্রের বিরুদ্ধে সোচ্চার হয়েছিলেন বলেই নানা বিষয় ছিনিয়ে আনতে পেরেছিলেন। আজকে হলদিয়া পেট্রো কেমিক্যালস সম্পর্কে তিনি ভুল তথ্য দিলেন। উনি বললেন গোয়েঙ্কার সঙ্গে করার জন্যই কেন্দ্র করছে না। তার আগের ইতিহাস কি? জনতা সরকারের আমলে পেট্রো কেমিক্যালস ব্যবস্থা করা হয়েছিল। তারা অনুমোদন দিয়ে যেতে পারেন নি। ১৯৮২ সালের নির্বাচনে এবং ১৯৮৭ সালের নির্বাচনে আপনারা ওখানে গিয়ে বলে এসেছিলেন, যদি কংগ্রেস সরকার গদিতে না আসে তাহলে হলদিয়া পেট্রো কেমিক্যালস হবে না। কংগ্রেসী এই সব নেতারা ওখানে গিয়ে এই কথা বলে এসেছেন, গনিখান চৌধুরী থেকে আরম্ভ করে সবাই বলে এসেছেন। কাজেই এই অবস্থায় যেহেতু এখানে কংগ্রেস সরকার প্রতিষ্ঠিত হয়নি, সেইজন্য ভিতরে ভিতরে গিয়ে ইন্দিরা গান্ধী, রাজীব গান্ধীর কাছে বলে এসেছেন, খবরদার, ওখানে পেট্রো কেমিক্যালস করবেন না।

এটা যদি করেন তাহলে আমরা সব শেষ হয়ে যাব। রাজনীতি আপনারা করেন নি? রাজনীতিগত-ভাবেই এটাকে বন্ধ করে রেখেছেন। আমরা ১০ বছর ধরে হলদিয়া পেট্রোকেমিক্যালসের জন্য চিৎকার করে আসছি। সারা পশ্চিমবাংলায় মানুষ চীৎকার করে বলছেন। যে, হলদিয়া পেট্রো কেমিক্যালস কারখানা তৈরী হোক। কিন্তু এই প্রকল্পটি ১০ বছরের মধ্যে আজও বাস্তবে রূপায়িত হল না। আপনারা এখানে বলছেন, গোয়েঙ্কার সঙ্গে করছেন বলেই হচ্ছে না এবং গোয়েঙ্কারা যতদিন থাকবে ততদিন যেন এই পেট্রো কেমিক্যালসের অনুমোদন না দেওয়া হয়। তাই আজকে ঝোলা থেকে বেড়াল বেরিয়ে পড়েছে। রাজনীতি আপনারাই করছেন। আপনারা যদি রাজনীতি করে থাকেন তাহলে আজকে যে ৪০ জন এখানে বসে আছেন, আগামি নির্বাচনে এই ৪০ জনও আর থাকবে না, একেবারে ধুয়ে মুছে যাবেন। আমি আপনাদের একটি কথা স্মরণ করিয়ে দিতে চাই। কেন্দ্র আমাদের সঙ্গে সংঘাত ও সংঘর্ষের পথেই চলেছে। পাকিস্তানও একদিন পূর্ববঙ্গের সঙ্গে এই সংঘাতে লিপ্ত হয়েছিল। তার ফলে পূর্ববঙ্গের সৃষ্টি হয়েছে, বাংলাদেশ হয়েছে। কাজেই আপনারা যদি সেই সংঘর্ষের কথা বলেন, তাহলে পশ্চিমবাংলার মানুষ নীরবে তা কখনই সহ্য করবে না। এখানে প্রফুল্ল চাকি, ক্ষুদিরামের জন্ম হয়েছে। পশ্চিমবঙ্গ কখনই নীরবতার মধ্যে থাকতে পারে না । ২৮ তারিখে বক্রেশ্বর প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করা হবে। তার সঙ্গে সঙ্গে এই বছরের মধ্যেই যদি প্রকল্পটির অনুমোদন দেওয়া না হয়, তাহলে আমরা প্রতিটি কংগ্রেসী বন্ধুর বাড়ীতে হানা দেব, ধর্ণা দেব এবং এইভাবে আমরা এটাকে কার্যকরী করার চেষ্টা করব।

**শ্রী প্রবোধ চন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় হলদিয়া পেট্রো-কেমিক্যালস প্রকল্প এবং বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র নিয়ে যে দুটি প্রস্তাব এসেছে, তা পরিপূর্ণভাবে সমর্থন করে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, আপনি জানেন, এই দুটি প্রকল্পই অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রকল্প এবং বারবার কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করেও তার অনুমোদন পাওয়া যায়নি। অত্যন্ত দুঃখের বিষয়, হলদিয়া পেট্রো কেমিক্যালসের মতন একটি গুরুত্বপূর্ণ প্রকল্পের ব্যাপারে কেন্দ্র নানান রকমের টালবাহনা করছেন এবং তা করে তার কাজ পিছিয়ে দিচ্ছেন, তার অনুমতি দিচ্ছেন না। স্যার, স্বাধীনতার পর থেকেই আমরা দেখছি, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের বিভিন্ন সমস্যার প্রতি গুরুত্ব না দিয়ে, এই রাজ্যের সঙ্গে একটা বিমাতৃসুলভ মনোভাব গ্রহণ করে চলেছেন। তারপর স্যার, আজকে যেখানে বেকার সমস্যা একটা বিরাট ভয়াবহ আকার ধারণ করেছে এবং সেই সমস্যার মোকাবিলা করার জন্য যেখানে বৃহৎ, ক্ষুদ্র এবং কুটির শিল্পের দ্রুত সম্প্রসারণ প্রয়োজন এবং তারজন্য ব্যাপকভাবে বিদ্যুতের চাহিদা বাড়ছে এবং যেখানে বিদ্যুৎ প্রকল্প স্থাপনের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার সাহায্য রাজ্যসরকারের পাবার সম্ভবনা উজ্জ্বল হয়ে উঠেছে সেখানেও আমরা দেখছি, কেন্দ্রীয় সরকার কেবলমাত্র অনুমতিপত্র দিয়ে বিদ্যুৎ প্রকল্প স্থাপনের জন্য সহায়তা করছেন না, সেখানে প্রকল্প কার্যকরী করার ক্ষেত্রে বরং বাধার সৃষ্টি করে চলেছেন। স্যার, এটা কেবলমাত্র দুঃখজনক ব্যাপারই নয়, এটা দেশের স্বার্থের পরিপন্থী এবং উন্নয়নমূলক কর্মপ্রচেষ্টা চালিয়ে যাওয়ার পরিপন্থী কাজ। আমি কেন্দ্রীয় সরকারের এই বিমাতৃসুলভ মনোভাবের তীব্র নিন্দা করছি। পরিশেষে আমি বলব, যা দেরি হবার সে তো হয়েই গিয়েছে, কাজেই আর দেরি না করে অবিলম্বে এই দুটি গুরুত্বপূর্ণ প্রকল্পের প্রয়োজনীয় অনুমোদন কেন্দ্রীয় সরকার দিন। এই কথা বলে, প্রস্তাব সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিমলানন্দ মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বেশী কথা বলব না কারণ এই দুটি বিষয় নিয়ে দীর্ঘ সময় ধরে আলোচনা চলছে, আমি শুধু একটি কথা বলব। বিরোধী কংগ্রেস দলের একজন মাননীয় সদস্য বললেন যে, নিশ্চয় খুব শীঘ্র ব্যবস্থা হয়ে যাবে। আমি তাঁর কাছে আবেদন

করবো, তিনি যেটা বলেছেন সেটা যাতে কার্যকরী হয় সেদিকে আশা করি তিনি দৃষ্টি দেবেন। যদি না দেন, তাহলে তাঁকে কি আমি জিজ্ঞাসা করতে পারি যে, সকলের সঙ্গে ঐক্যবদ্ধভাবে এই দুটি বিষয় নিয়ে তাঁরা কি আন্দোলনে অগ্রণী হবেন? বামফ্রন্ট সরকারকে যা করবার তা করতে হবে, পশ্চিমবঙ্গের জনগনের স্বার্থে সরকারের বসে থাকলে চলবে না, উপায় নেই। তবে আমরা জানি, আমাদের সীমিত আর্থিক ক্ষমতা নিয়ে খুববেশী অগ্রসর আমরা হতে পারবো না, কিন্তু তবুও আমাদের সাধ্যমত আমরা করবার চেষ্টা করবো। একটা প্রকল্পের কাজ খানিকটা শুরু হয়েছে সেটা আমরা জানি। দুটি প্রকল্পই যাতে সার্থকভাবে রূপায়িত হয়, সেই প্রচেষ্টা বামফ্রন্ট সরকারের তরফ থেকে করা হবে এবং আমি বিশ্বাস করি পশ্চিমবঙ্গের জনগন তার পিছনে থাকবেন। এই বলে প্রস্তাব দুটি আবার সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**[3.00 – 3.10 p.m.]**

**শ্রী সত্য রঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হলদিয়া এবং বক্রেশ্বর নিয়ে সকল দল একমত হয়ে এই যে রেজলিউশান আনা হয়েছে, আমি তা পূর্ণ সমর্থন করছি। কংগ্রেসের তরফ থেকে আমরাও চাই যে এই দুটোই কেন্দ্রীয় সরকার মঞ্জুর করুন, যাতে আমাদের সুবিধা হয়। কিন্তু একটা কথা আমার বুঝতে অসুবিধা হচ্ছে, বক্রেশ্বরে শিলান্যাস করার জন্য মুখ্যমন্ত্রী ২৮ তারিখ দিন ঠিক করেছেন। এর আগেও এই শিলান্যাসের জন্য একটা দিন ঠিক করা হয়েছিল, আবার এখন দিন ঠিক করা হয়েছে। এই শিলান্যাস আমরা বহু জায়গায় করছি। হাসপাতালেও শিলান্যাস করেছি কিন্তু ঘর হয়নি। আবার শিলান্যাস হচ্ছে। এই শিলান্যাস দেখে আমাদের ভয় হয়। কারণ কিছু হলনা তড়িঘড়ি করে এই শিলান্যাস করে আর আপনারা রাজনীতি করবেন না। আমি আপনাদের পরিষ্কার করে বলি, আপনারা যদি রাজনীতি করেন সেটা আলাদা কথা। আর যদি দেশের কাজ করতে চান সেটা আলাদা কথা। আর যদি বক্রেশ্বর চান তাহলে বক্রেশ্বর হবে, এটা হওয়া উচিত। মুখ্যমন্ত্রী রাজীব গান্ধীর সঙ্গে দিন-রাত্রি দেখা করছেন। রাজীব গান্ধী স্পেশাল প্লেন পাঠিয়ে তাকে নিয়ে যাচ্ছেন। আবার দিল্লীতে গিয়ে সেখানে বক্রেশ্বরের জন্য এম.এল.এ, মন্ত্রী, এম. পি'রা ধর্ণা দিচ্ছেন। এর মানে কি? এর মানে হচ্ছে রাজনীতি করা। আপনারা কাজের চেয়ে রাজনীতিটা সবচেয়ে বড় করে দেখছেন। আমি আপনাদের কাছে স্বামী বিবেকানন্দের একটা কথা বলছি। তিনি বলেছেন যে "চালাকির দ্বারা কোন মহত কাজ হয়না।" মহত কাজ করতে গেলে মনোবল দরকার, সততা দরকার। শিল্যান্যাস করবেন কিন্তু আজকে কি বক্তৃতা দিলেন? বক্তৃতা দিয়ে বললেন যে "আমরা রক্ত দিয়ে বক্রেশ্বর করবো।" অদ্ভুত কথা। সেব কথা কেন বলেন? রক্ত দিয়ে বক্রেশ্বর হয়না, রক্ত দিয়ে রোগ সারান যায়। অনেক তো রক্ত দিয়েছেন, রক্ত দিয়ে সব শেষ করে এনেছেন। রক্ত দিয়ে বক্রেশ্বর করবেন — কেন এসব আজেবাজে কথা বলেন? আজকে আবার রেজলিউশান এনেছেন যে সোভিয়েট সাহায্য যেন পাওয়া যায়। আপনাদের কোন কথাটা ঠিক ? এক দিকে বলছেন যে রক্ত দিয়ে করবো, আবার বলছেন যে সোভিয়েট সাহায্য নেব, ২৮ তারিশেখ বক্রেশ্বর শিলান্যাস করবো। এটাতো কেন্দ্রীয় সরকারের সঙ্গে সরাসরি সংঘাতের কথা। হৃদ্যতাপূর্ণ কথা কোথায় বলছেন? আমরা বারবার বলেছি যে আপনারা এই সংঘাত রাজ্য সরকার আর কেন্দ্রীয় সরকারের মধ্যে এই সংঘাত করে রাজনীতি করবেন না। এই রাজনীতি না করাই বাঞ্ছনীয়। আপনারা গোর্খাল্যান্ডে তো অনেক রক্ত দিয়েছেন কিন্তু পেলেন কি? কাজেই এই সব কথা বলবেন না। আমি একথা বলি যে তাপবিদ্যুৎ আমাদের নিশ্চয়ই দরকার আছে। এখানে বিদ্যুৎমন্ত্রী বসে আছেন। আমি তাকে বলবো যে কয়টা বিদ্যুৎকেন্দ্র আমাদের আছে সেগুলি ধার করে চালাবার চেষ্টা করুন। নুতন করবার আগে যেগুলি আছে — এই সিটুর বন্দনা না করে, সারা পশ্চিম বাংলাকে অন্ধকারের মধ্যে না ফেলে — সেই বিদ্যুৎকেন্দ্রগুলিকে আগে

ঠিকমত চালান। কয়েকদিন আগে আমরা কি দেখলাম? কোলাঘাটের একটা ইউনিট বন্ধ, অমুক জায়গায় ৪টি ইউনিট বন্ধ, সাঁওতালদির ৪টি ইউনিট বন্ধ, সব বন্ধ, এগুলি চলছে না। শ্রমিক ধর্মঘট আর শ্রমিক বিক্ষোভ করে দেশকে অন্ধকারের মধ্যে ঠেলে দিয়েছেন। নুতন পরিকল্পনা করা ভাল কিন্তু য়েগুলি আছে, যেগুলি আমরা করে গেছি সেই পৈতৃক সম্পত্তিগুলি আগে রক্ষা করুন। আপনারা আগে কি বলেছিলেন? বিধান চন্দ্র রায় যখন দুর্গাপুরে সিক্সথ ইউনিট করতে চেয়েছিলেন, এখনকার মুখ্যমন্ত্রী সেদিন কি বলেছিলেন? তিনি সেদিন বলেছিলেন যে বিদ্যুৎ কি ভাতে দিয়ে খাব, বিদ্যুৎ আমাদের দরকার নেই। আজকে বিদ্যুৎ বিদ্যুৎ বলে চিৎকার করছেন। আমি ব্যাপারটা বুঝতে পারছি না। আপনারা একদিকে বলবেন যে বিদ্যুৎ কি ভাতে দিয়ে খাব, আবার বলবেন যে কেন্দ্র যদি না দেয় তাহলে আমরা রক্ত দিয়ে করবো। রক্ত দিয়ে ১ হাজার কোটি টাকার জিনিস করা যায় না। ৫ শত কোটি টাকা আপনাদের যোগাড় করতে হবে। ফাইনানসিয়াল ইন্সটিটিউশন দেখে কি এমনি? ৫০০ শত কোটি টাকা যোগাড় করতে হবে। কত রক্ত আপনাদের আছে? আপনাদের রক্ত তো অর্ধেক ঘিসিং খেয়ে নিয়েছে। কাজেই এই সব কথা না বলাই ভাল। আজকে যে রেজলিউশান এখানে এসেছে, এই রেজলিউশানকে আমি সমর্থন করছি, কিন্তু আপনাদের প্রত্যেক জায়গায় কেন্দ্রীয় সরকারের সঙ্গে সংঘাত করে কাজ করার যে পরিকল্পনা সেটা বন্ধ করুন। আমি আপনাদের বলবো যে আপনাদের শ্রমিক সংগঠনগুলিকে আগে ঠিক করুন। তারা আপনাদের কথা শুনছে না। আজকে যে সমস্ত বিদ্যুৎ কেন্দ্র আছে, যে থার্মাল প্লান্ট আছে, আপনারা হাইডেল প্লান্টের উপরে খুব বেশী দিচ্ছেন না। এই হাইডেল প্লান্ট করতে গেলে খরচ কম হয় এবং বিদ্যুৎ বেশী পাওয়া যায়। এগুলি বেশী করা দরকার। আপনারা ২/১টা জায়গায় করার চেষ্টা করেছেন, কিন্তু বলবেন যে গোর্খাল্যান্ডের জন্য হয়নি। উড়িষ্যা আপনাদের চেয়ে অনেক এগিয়ে আছে থার্মাল প্ল্যান্টে এবং হাইড্রো ইলেকট্রিকে, কারণ তাদের মানসিকতা আছে। আপনারা করবার চেষ্টা করুন, থার্মাল প্ল্যান্ট করবেন, বক্রেশ্বর করবেন, আমরা সব সময় সমর্থন করবো। কিন্তু সমর্থন করবার আগে বলি, আপনারা রাজনীতির উর্ধে রেখে, কেন্দ্রের সঙ্গে সংঘাত না করে, আসুন সৌহার্দ্যপূর্ণভাবে করি। ২৮ তারিখের শিলান্যাস অনুগ্রহ করে বন্ধ করুন। আমার অনুরোধ যদি আপনারা চান যে কেন্দ্রের সঙ্গে অসহযোগীতা করে আর যদি আপনারা যদি চান সোভিয়েট রাশিয়ার এ্যাসিসট্যান্স নিয়ে করবেন, আমি আপনাদের কাছে বলবো, মানুষের কাছে পার্লামেন্টের ইলেকশন এসেছে, সেইজন্য তাদের চমক দেবার জন্য এই শিলান্যাস করে দিলাম — আমি তো সেদিন দেখলাম হাসপাতালের শিলান্যাস করা হচ্ছে, সেখানে ছাগল, ভেড়া, কুকুর ঘোরে। কেন এই সব করছেন, লোকে ঠাট্টা করছে। এই শিলান্যাসের জন্য ঠাট্টা করছে। তাই আমি আপনাদের কাছে বলবো, আমাদের প্রবীরবাবু মন্ত্রী মহাশয়, তিনি বসে রয়েছেন, তিনি বলেছিলেন, .আমাদের আগের চেয়ে অনেক বিদ্যুতের উন্নতি হয়েছে। কলকাতা শহরে আর অন্ধকার নাববে না। কদিন আগে লোড শেডিং দেখলাম, কেন হচ্ছে ? এইগুলো দেখেছেন? আপনি দেখুন, বক্রেশ্বর করবার আগে যেগুলো আছে, সেইগুলো ভাল ভাবে চালাবার জন্য আমার আপনাদের কাছে অনুরোধ, আপনারা করবেন, করবার আগে এইগুলো যাতে ভালভাবে চলে তার ব্যবস্থা করুন। তা না করে যদি নতুন নতুন পরিকল্পনা করেন, আমাদের নিশ্চয়ই সমর্থন পাবেন পশ্চিমবাংলার মানুষের ভালর জন্য: আমরা নিশ্চয়ই করবো, কারণ আপনারা তো ওখানে চিরকাল থাকবেন না। আপনারা যদি মনে করেন বিধানবাবু করে গেছেন, সিদ্ধার্থ রায় করে গেছেন, গনি খান চৌধুরী করে গেছেন, অতএব আমাদের ১১ বছর পর নুতন একটা কিছু না করলে লোকের কাছে মুখ দেখানো যাচ্ছে না, সেটা আলাদা কথা। সেই ভেবে যদি বলেন একটা শিলান্যাস করতে হবে, সেটা আলাদা কথা। এটা যদি মনে করেন বরকত সাহেব করে গেলেন, সিদ্ধার্থ রায় করে গেলেন, আজকে বিধান রায়ের নাম স্মরণ করেন, আজকে যদি আপনারা কিছু না করেন, জ্যোতিবাবুর শরীর খারাপ হচ্ছে, কী হয় না হয়, শিলান্যাস করে

যাবেন, এটা ঠিক নয়। লোকের কাছে আপনারা ধাপ্পা দেবেন না। জ্যোতিবাবু বক্তৃতা দেবার সময় বলেছেন পশ্চিমবাংলার গণতন্ত্রকামী মানুষ — এই দেশের মানুষের সম্মান জ্ঞান আছে, নিশ্চয়ই টাকা দেবে, হ্যাঁ টাকা দেবে, সেই টাকা দেবার লোক দরকার, সেই টাকা যদি বিধান রায় থাকতেন, যদি ডাক দিতেন, তাহলে কোটি কোটি টাকা দিত, আর আপনারা কী বোঝেন, শুধু স্লোগান :—

You are giving slogans without doing any work. You must work. Give up your slogans for political reason. I request you to stop slogans for political purposes. শুধু আপনারা পলিটিক্যাল পারপাস সার্ভ করবার স্লোগান দেবেন, আর তা ভোটে কাজে লাগাবার চেষ্টা করবেন, এই চালাকিটা ত্যাগ করুন। তা না করে পশ্চিমবাংলার মানুষের ভালর জন্য কেন্দ্রের সঙ্গে সহযোগীতা করুন, আসুন সকলে মিলিতভাবে যান, আমরা নিশ্চয়ই যাবো, আমাদের এম. এল. এ. রা দিল্লীতে গিয়ে বলবেন। কারণ আমরা তো বঙ্গবাসী, আমরা তো এখানে কিছু আছি, আমাদের ভাল হবে, আপনাদের তো কবছর আমরা লিজ দিয়েছি। লিজ শেষ হয়ে গেলে সরিয়ে দেব। আবার ওখানে গিয়ে বসবো। দিল্লীতে তো আমাদের আসল রাজত্ব, আমরা শুধু কবছর লিজ দিয়েছি। এই লিজের পিরিয়ডটা আপনারা কাজ করুন। সেই জন্য আমি আপনাকে বলবো মাননীয় অধ্যক্ষ মহাশয়, বক্রেশ্বর হোক, এটা আমরা চাই, তবে ওঁরা সংঘাতের পথ পরিত্যাগ করুন। আর ২৮শে শিলান্যাসটা বন্ধ করে দিয়ে আসুন এখান থেকে গিয়ে আদায় করে নেবার পর সকলে মিলে এটার শিলান্যাস করি। এটাকে নিয়ে প্রেসটিজ ইস্যু করবেন না। এই কথা বলে এটাকে সমর্থন করছি।

**ডঃ অসীম কুমার দাসগুপ্ত :** মাননীয় স্পীকার মহাশয়, আজকে বিধানসভায় হলদিয়া এবং বক্রেশ্বর প্রকল্পের উপর যে সর্বসম্মত প্রস্তাব দুটি রাখা হয়েছে, তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। প্রথমেই একাধিক বক্তা মাননীয় সদস্যরা বলে গেছেন হলদিয়া এবং বক্রেশ্বর প্রকল্পের গুরুত্ব সম্পর্কে। হলদিয়ায় বিশেষ করে যে তৈল শোধনাগার আছে, সেখান থেকে যে স্বাভাবিকভাবে ন্যাপথা পাওয়া যায়, তাকে চূর্ণ করে মূলতঃ এথিলিন, প্রপিলিন, বুটাডিন, এই যে তিনটে তৈলজ পদার্থ বেরিয়ে আসে, তাকে ভিত্তি করে এথিলিন, প্রপিলিন থেকে মূলতঃ প্লাসটিকস এবং বুটাডাইন থেকে রাবার এবং রঙ, এর থেকে যে শিল্প গড়ে উঠতে পারে, শুধু বড় নয়, ছোট শিল্প যেটা শুধু ঐ জেলা বা পার্শ্ববর্ত্তী হাওড়া বা তার পার্শ্ববর্ত্তী হুগলি, উল্টো দিকে কলকাতা বা দক্ষিণ ২৪ পরগণা (দক্ষিণ) এবং উত্তর ২৪ পরগনা নয়, এখন ১৭টা জেলার যেকোন জায়গায় এই ছোট শিল্প হতে পারে।

**[3.10 – 3.20 p.m.]**

আমাদের হিসাবমত মূল প্রকল্প হয়ত দু' হাজারের বেশী মানুষের কর্মসংস্থান হবে না। কিন্তু এর নীচের দিকের ছোট ছোট শিল্পগুলি চালু করলে অন্তত দেড় লক্ষর মত কর্মসংস্থান হতে পারে, নতুন শিল্প হওয়ার মাল্টিপ্লায়ার এফেক্ট হতে পারে এবং এর যে গুরুত্ব সেটা সাধারণ মানুষের কাছে খুবই গুরুত্বপূর্ণ। একথা মনে রেখেই আমরা এবিষয়ে জোর দিচ্ছি। সুতরাং এর ওপর বিরোধী সদস্যরা এবং সরকার পক্ষের সদস্যরা একত্রিতভাবে এই সর্বসম্মত প্রস্তাবটি এনেছেন। এটা খুবই আনন্দের। কিন্তু একটা কথা বোধ হয় আমাদের একটু পরিষ্কারভাবে আলোচনা করা উচিত। একেবারে প্র্যাকটিক্যাল দিক দিয়েই আলোচনা করা উচিত! কোন্ কোন্ কারণে, কোথায় কোথায় এটা আটকে আছে, সেটাই প্রথম প্রশ্ন। এ ব্যাপারে মাননীয় বিরোধী সদস্যরা কিছু প্রশ্ন তুলেছেন এবং কিছু যুক্তি দেবার চেষ্টা করেছেন। আমি সেই যুক্তিগুলিই খণ্ডন করার চেষ্টা করছি। কারণ প্রয়োজন আছে। তবে খণ্ডন কথাটি ব্যবহার না করাই বোধ হয় ভাল। আমি ঐ কথাটি ব্যবহার না করেই বলছি যে, কিছু ইন্‌ফরমেশনের

তফাত আছে এবং আমি সেটা দায়িত্ব নিয়েই বলছি। কারিগরি কারণে কি এটা আটকে আছে ? প্রজেক্ট রিপোর্টের জন্যই কি আটকে আছে ? আমি মনে করি তা নয় এবং আমি সেটা প্রমাণ করব যে, ওটা ঠিক আছে। গোটা প্রকল্পটাই কি অর্থকারী নয়? না, সেটাও ঠিক নয়। এই দুটো ক্ষেত্রে আমি প্রমাণ করার চেষ্টা করব। তৃতীয় প্রশ্ন হচ্ছে, এই দুটো প্রকল্পের কোথায় কেন্দ্রীয় সরকারের কোন অর্থ আছে কি ? একটা পয়সাও কেন্দ্রীয় সরকারের নেই। বক্রেশ্বর প্রকল্পের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কোন অর্থ দেওয়ার কোন প্রশ্ন নেই। বিদেশী ঋণের একটা প্রস্তাব আছে। কেন্দ্রীয় সরকারের অর্থ দেওয়ার কোন প্রশ্ন নেই। বিদেশী ঋণের একটা প্রস্তাব আছে। কেন্দ্রীয় সরকারের অর্থ দেওয়ার কোন প্রশ্ন নেই। এবং হলদিয়া প্রকল্পের ক্ষেত্রে একটা বিভ্রান্তির মধ্যে আমরা যেন না যাই। আর্থিক প্রতিষ্ঠানে রাখা অর্থ কেন্দ্রীয় সরকারের অর্থ নয়। এটা সেন্ট্রাল কন্সোলিডেটেড্ ফান্ড নয়। এটা বাজেটারি এলিমেন্টারি ব্যাপার। আর্থিক প্রতিষ্ঠানগুলিতে আমার আপনার অর্থ থাকে। পশ্চিমবঙ্গের ব্যাঙ্কগুলিতে আমার আপনার অর্থ থাকে। সুতরাং এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কোন অর্থ নেই। তবে এগুলি আটকে আছে কেন ? আমি প্রথমে হলদিয়া প্রকল্প সম্বন্ধে বলছি এবং পরে বক্রেশ্বরের কথা বলছি। মাননীয় স্পীকার, স্যার, আপনি আমাকে যতটুকু সময় দেবেন আমি হলদিয়া প্রকল্প সম্বন্ধে এই হাউসে তত দূর পর্যন্ত যাব, অর্থাৎ আমার বক্তব্যকে সংকুচিত করব। ১৯৮৫ সালের সেপ্টেম্বর মাসে যখন হলদিয়া পেট্রো-কেমিক্যালস লিমিটেডের প্রজেক্ট রিপোর্ট এলো তখন থেকেই আমি বলতে চাই। সেখান থেকেই আমি বলতে চাই। কিন্তু একটা কথা, মাননীয় সুব্রত মুখার্জী মহাশয় বললেন যে, একসময় প্রজেক্ট রিপোর্টে হয়ত খুঁত ছিল এবং এই প্রশ্ন সুদীপবাবুও করেছেন। তাই একটু আগে থাকতেই বলছি যে, এটা ঘটনা নয়। আমরা কোন্ ব্যক্তিগত পুঁজির কাছে গিয়েছিলাম, এটাও কোন ঘটনা নয়। ১৯৮১ সালে প্রজেক্ট রিপোর্ট সাবমিট করার পর মুখ্যমন্ত্রী জ্যোতি বসু পরিষ্কার বলেছিলেন, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রকল্প, আসুন কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার মিলে আমরা এটা করি। ১৯৮১ সালের ডকুমেন্টস এই কথা বলছে। তখন কেন্দ্রে যিনি পেট্রোলিয়াম দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলেন, পি. সি. শেঠী, তিনি বলেছিলেন, "উত্তম প্রস্তাব।" তারপর আমরা ১৯৮১ সাল থেকে ১৯৮৪ সাল পর্যন্ত অপেক্ষা করি। ফলে ৪২৮ কোটি টাকা থেকে প্রকল্প খরচ ৮৪৪ কোটি টাকা হয়ে যায়! তারপরে কেন্দ্রীয় সরকার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তাঁরা তা ভঙ্গ করেন এবং সেই ইতিহাস এই হাউসের সবার জানা আছে। সেই ইতিহাসের ওপর দাঁড়িয়েই আমরা কাজ করছি। কোন ব্যক্তির প্রশ্ন তখন এই মানচিত্রে ছিল না। তারপর বলি যে, কেন্দ্রই বলে দিয়েছেন — ইকুইটি রেশিও ৩:১ হবে যেখানে ব্যক্তিগত পুঁজি আসবে। তারপরে একজন ভদ্রলোক আসেন। আমি এটা পরিষ্কারভাবে এখানে বলতে চাই যে, আমাদের কোন ব্যক্তিগত পুঁজি নিয়ে চিন্তা নেই। ওটার জন্য কোন কিছু নয়। এখানে প্রশ্ন উঠেছে কারিগরি রিপোর্ট, প্রজেক্ট রিপোর্ট ঠিকমত সাবমিট করা হয় নি। এখন কথা হচ্ছে এই দীর্ঘ সময়টাকে দুটো ফেজে ভাগ করা যায়, যথা—একটা ফেজ্ হচ্ছে ১৯৮০ থেকে ১৯৮৪ সাল পর্যন্ত, সে সময়ে আমাদের প্রত্যাশা ছিল কেন্দ্রীয় সরকার এগিয়ে আসবেন। সেসময়ে যে রিপোর্ট রাজ্য সরকারের পক্ষ থেকে দেওয়া হয়, তাতে তিনটি উপাদানের কথা বলা হয়েছিল এবং সেই তিনটির ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যা বলেছিলেন তার মধ্যে বিশেষ কোন ফারাক নেই। 'ইথেলিন' এর ব্যাপারে আমাদের প্রস্তাব ছিল বার্ষিক ১ লক্ষ টন। কেন্দ্রীয় সরকার ১৯৮৩ সালে সেটা মেনে নেন। ১ লক্ষ টনই মেনে নেন। সেই সময়ে আমাদের প্রস্তাব ছিল 'প্রপিলিন'এ প্রতি বছর ৫৫ হাজার ৫০০ টন করতে হবে। কেন্দ্রীয় সরকার সামান্য একটু পরিবর্তন করে বললেন প্রায় ৫৪ হাজার টন। আর 'বুটাডিন' এ আমাদের প্রস্তাব ছিল বছরে ১৬,৫০০ টন এবং কেন্দ্রীয় সরকারের প্রস্তাব ছিল ১৬০০০ টন। দুটি ক্ষেত্রে এই সামান্য পরিবর্তন তাঁরা করেছিলেন। পরের ফেজে আসুন, সেখানে প্রশ্ন উঠেছে উপযুক্ত-ভাবে নাকি দেওয়া হয়নি। কিন্তু তা নয়। ১৯৮৫ সালের সেপ্টেম্বর মাসে যে প্রস্তাব দেওয়া

হয়েছিল তখন ইথেলিনের উৎপাদন নিজেরাই বাড়িয়ে ১ লক্ষ ২৫ হাজার মেট্রিক টনে তুলি। তারপর আই. ডি. বি. আই বলেন একটু বাড়ান। কতটা বাড়াতে বলেছিলেন, ১ লক্ষ ৩৯ হাজার টন, যেটা আমরা শ্বেতপত্রে লিখেছি। দুই, লক্ষ্য করুন, প্রপিলিন-এর ক্ষেত্রে আমরা ৬৫ হাজার ৩০৯ বলেছিলাম। ওঁরা বলছেন, ৬৮ হাজার, তফাৎ বিশেষ নেই। তারপর লক্ষ্য করুন, বুটাডিন, ২১ হাজার ২২, ওঁরা বললেন, ২৩ হাজার ৯৬৭, তফাৎ নেই। এই দুটোর মধ্যে তফাৎ নেই। এখন এব্যাপারে যদি কেউ বলেন উপযুক্তভাবে রিপোর্ট কারিগরিভাবে হয়নি, তাহলে তাঁর সেই যুক্তিকে খণ্ডন করার জন্য সবচেয়ে আগে যে ডকুমেন্ট দিচ্ছি সেটা হচ্ছে, এটা তো সাবমিট করা হয় ১৯৮৫ সালের সেপ্টেম্বর মাসে আর আজকে হচ্ছে ১৯৮৮ সালের সেপ্টেম্বর মাস অর্থাৎ ৩ বছর, মানে ৩৬ মাস চলে গেছে। এই ৩৬ মাসের মধ্যে - মৃত্যুঞ্জয়বাবু যেটা বললেন যে আমাদের কত দেরী হয়েছে — হ্যাঁ আমাদের ৩ মাস রিভাইসড করার জন্য লেগেছিল। তাহলে এই ৩৬ মাস থেকে ৩ মাস বাদ দিলে ৩৩ মাস আই. ডি. বি. আই অথবা কেনদ্রীয় সরকারের কাছে পড়ে আছে। কিন্তু আই. ডি. বি. আইকেও একটা দায়িত্ব দেওয়া হয়েছিল। তাঁরা একটা এক্সপার্ট কমিটি করেছিলেন যে এটা ভায়াবেল হবে কিনা, অর্থকরী হবে কিনা, টেক্‌নিক্যালি ঠিক আছে কিনা কারিগরির দিক থেকে এবং অর্থ যোগান কোথা থেকে আসবে এইসব দেখতে। অর্থকরীর দিক থেকে একাধিকবার বলা হয়েছে, তবুও আমি আর একবার বলছি, এখানে অর্থ রাখলে তার থেকে প্রতিদানে পাওয়া যাবে শতকরা ১৮ শতাংশ যেটা মৃত্যুঞ্জয়বাবু বললেন। অর্থাৎ কেউ যদি ১০০ টাকা রাখেন তাহলে ১ বছরে ১১৮ টাকা পাবেন। এবং এটা এত বেশী প্রতিদানের হার যে আই. ডি. বি. আই স্বীকার করেছেন ১০ বছর পরে ১১ বছরের মাথায় যা ঋণ নেওয়া হবে সমস্ত ঋণ ফেরৎ দিয়ে এই প্রকল্পে ৭৬ কোটি টাকা লাভের মুখ দেখা যাবে এবং প্রতি বছর এইরকম লাভ থাকবে।

**মিঃ স্পীকার :** মিঃ দাশগুপ্ত আপনি একটু বসুন। নির্দ্ধারিত সময় অনুযায়ী ৩টা বেজে ১৮ মিনিটে শেষ হওয়ার কথা, কিন্তু ঐ সময়ের ভিতর শেষ করা যাচ্ছে না। আমি সেইজন্য সভার অনুমতি নিয়ে আরো আধ ঘন্টা সময় বাড়িয়ে দিচ্ছি। আশা করি, কারোর আপত্তি নেই। (সভার অনুমতি নিয়ে আধ ঘন্টা সময় বাড়িয়ে দেওয়া হল)

**ডাঃ অসীম কুমার দাশগুপ্ত :** তৃতীয়তঃ আই. ডি. বি. আই এসটিমেট করে ছিলেন ১৯৮৭ সালে পেট্রোলিয়ামের যে দাম ছিল তার উপর ভিত্তি করে। তারপর পেট্রোলিয়ামের দাম আরো বেড়ে গেছে; আমাদের হিসাবমত এখন ইনটারন্যাল রেট্ অফ্ রিটার্ন - টাকা রাখলে কত টাকা ফেরৎ পাবো - এটা এখন ১৮ শতাংশ নেই, ২০ শতাংশ ছাপিয়ে গেছে। আরো সহজ ভাষায় এই হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্প যে বিলম্ব হচ্ছে তারজন্য প্রতিদিন ১ কোটি ২৫ লক্ষ টাকার মতন এই প্রজেক্ট হারাচ্ছে। প্রতিদিনের জন্য পশ্চিমবঙ্গ অর্থাৎ আমরা - এটা কোন দলের ব্যাপার নয় - ১ কোটির বেশী টাকা হারাচ্ছি যতবেশী দেরী হচ্ছে এই প্রজেক্ট লাভজনকের দিক থেকে, কারিগরির দিক থেকে একটা প্রশ্ন হচ্ছে, ইথেলিনের ক্যাপাসিটি ১ লক্ষ ৩৯ হাজার টন হবে, না আড়াই লক্ষ টন হবে? আই. ডি. বি. আইয়ের এই যে ১৮ শতাংশ প্রতিদিনের হার ইনটারন্যাল রেট্ অফ রিটার্ন এটা কিন্তু ১ লক্ষ ৩৯ হাজার টন ধরেই করেছেন। ১ লক্ষ ৩৯ হাজার টন ধরেই ১৮ পারসেন্ট রেট্ অফ রিটার্ন। এতদসত্বেও - সুদীপবাবু খুব ব্যস্ত মানুষ, এরজন বেশী সময় দেওয়ার হয়তো সময় পাননি - আপনি শ্বেতপত্র দেখবেন। মুখ্যমন্ত্রী এইসব কথা আজকে বলেন নি। ১৯৮৮ সালের ৩০ মার্চ তারিখে মুখ্যমন্ত্রী পরিষ্কার ভাষায় খোলা চিঠি লিখেছিলেন। এরপরও যদি আপনারা মনে করেন - আপনারা বলছেন এটা ভায়াবেল হবে, আপনারা বলছেন টেক্‌নিক্যালি ঠিক আছে তবুও আপনারা যদি মনে করেন এরপর ইথোলিনের প্রডাকসন ক্যাপাসিটি আড়াই লক্ষ টন করতে চান, করুন, কিন্তু এটা ছাড়াও ওঁরা

ভায়াবেল বলেছিলেন। তৃতীয়তঃ অর্থের যোগান। একটা প্রশ্ন উঠেছে, অর্থ কোথা থেকে আসবে? প্রায় ১ হাজার কোটি টাকা আর্থিক প্রতিষ্ঠান থেকে এখানে আসার কথা। এখন মাননীয় মৃত্যুঞ্জয়বাবু এবং সুহৃদ বসু মল্লিক যা বললেন, এই দুইজনের আরগুমেন্ট একটু খণ্ডন করার চেষ্টা করছি। আমি বারংবার বলেছি - আমার কাছে জেলাওয়ারী এবং ব্রাঞ্চওয়ারী রিপোর্ট আছে, কেউ যদি জানতে চান বলতে পারি - পশ্চিমবঙ্গে ব্যাঙ্কগুলিতে ১০ হাজার কোটি টাকার মতন পশ্চিমবঙ্গে মানুষ রেখেছে। অথচ এই ব্যাঙ্কগুলি তার থেকে ৫ হাজার কোটি টাকার কম বিনিয়োগ করছে। এখন এখানে দুটো প্রশ্ন উঠেছে, বেশী বিনিয়োগ করতে পারছে না তার কারণ রিপেমেন্ট রেট নাকি কম। কিন্তু এটা তো ঘটনা নয়। উদাহরণ হিসাবে বলতে পারি, উড়িষ্যার রিপেমেন্ট রেট আমাদের চেয়েও কম। উড়িষ্যার ক্রেডিট ডিপোজিট রেসিও ১০০ ভাগের বেশী। সুতরাং এটা তো ঘটনা নয়।

**[3.20 – 3.30 p.m.]**

সর্বশেষে ১৯৪৭ সালের ডিসেম্বর মাসের রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়ার ডি.বি.ও.ডি'র পাব্লিকেশন যদি দেখেন তাহলে দেখবেন ক্রেডিট রেসিও পশ্চিমবাংলার অন্যান্য রাজ্যের সমান নয়। শিল্পোন্নত রাজ্যের ক্ষেত্রে যেটা ৮০ ভাগ, বোম্বে, মহারাষ্ট্রের ক্ষেত্রে যেখানে ৯০ ভাগ, সেখানে পশ্চিমবাংলার ক্ষেত্রে সেটাকে কেন ৪৯ ভাগ রাখা হয়েছে? ব্যাংকার্স কো-অর্ডিনেশন কমিটির মিটিংয়ে আমি বলেছিলাম টাকা ঋণ নিয়ে সেটা ফেরত দেয় না এটা গরীব মানুষেরা নয়। আই. আর.ডি.পি. প্রোজেক্টের রেকর্ড এবং কেন্দ্রীয় সরকারের মণিটারিং রিপোর্টেও এটা স্বীকার করা হয়েছে। পশ্চিমবাংলা বেশী ঋণ ফেরত দেয়। কারা ঋণ ফেরত দেয় না সেটা বলুন যার জন্য গরীব মানুষেরা ঋণ পায় না? ৮০পারসেন্ট ইনডাস্ট্রিয়াল ষ্টেটে রয়েছে সেটা যদি এখানে এ্যাপ্লাই করা যায় তাহলে ৫হাজার কোটি তার সংগে ৩হাজার কোটি বেরিয়ে আসে। আই.ডি.বি.আই., আই. এফ.সি.আই., আই .সি.আই. সি. আই. রয়েছে এবং কনসটিয়াম ব্যাংক হিসাবে ষ্টেট ব্যাংক অফ ইন্ডিয়া রয়েছে। দীর্ঘমেয়াদী ঋণের ব্যাপারে সর্বভারতীয় গড় দেখুন। এটা যদি পশ্চিমবাংলার ক্ষেত্রে গ্রহন করা হয় তাহলে ৩ হাজার কোটি টাকা আমরা পেতে পারি। কাজেই টাকার যখন অভাব নেই, তখন কি কারণে হলদিয়া প্রকল্পকে আটকে রাখা হয়েছে? এই প্রসঙ্গে যদি কেউ ষ্ট্রাইকের কথা বলেন তাহলে বলব মহারাষ্ট্রে,গুজরাটে ষ্ট্রাইক হওয়া সত্ত্বেও সেখানে ছাড়পত্র দেওয়া হচ্ছে। তাহলে পশ্চিমবাংলার ক্ষেত্রে এই আচরন কেন? হলদিয়া পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স করতে না দেওয়া, একটা মূল শিল্পকে উৎপাদন করতে না দেবার মানে হল পশ্চিমবাংলার মানুষের প্রতি অবিচার। বক্রেশ্বর প্রকল্প সম্বন্ধে একজন মাননীয় সদস্য বলেছেন একটু অপেক্ষা করুন, বক্রেশ্বর বোধহয় হয়ে যাবে। বক্রেশ্বরের ইতিহাস শুনুন। ৮০০ মেগাওয়াট ঘাটতির কথা সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি বলেন ৮০ দশকের রিপোর্ট সাবমিট করার সময় ১৯৮৪ সালে রাজ্য সরকার প্রকল্প হিসাবে এটা গ্রহণ করেন। তারপর ১৯৮৫ সালের ডিসেম্বর মাসে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে বলা হয়, দুটি বিদেশী রাষ্ট্র থেকে ঋণ হিসাবে সাহায্য নেবেন কিনা এবং এই প্রসঙ্গে সোভিয়েট রাশিয়া এবং জাপানের কথা বলা হয়। আমরা সোভিয়েট রাশিয়াকে বেছে নিলাম, এখানে কেন্দ্রীয় সরকারের অর্থ দেবার প্রশ্ন নেই, তারা শুধু অনুমোদন দেবেন। তারপর আমরা চিঠি দিলাম, কিন্তু কোন উত্তর পেলাম না। ১৯৮৬ সালের ডিসেম্বর মাসের মধ্যে একটা জবাব কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যাবে এটা ভেবেছিলাম, কিন্তু কোন উত্তর এল না। আপনারা শিলান্যাসের কথা বললেন। ১৯৮৬ সালের আগষ্ট মাসে বসন্ত শাঠে বললেন, আপনারা এগিয়ে যান, পরিকাঠামো শুরু করুন। তারপর ১৯৮৭ সালের নভেম্বর মাসে বাধাসৃষ্টি করা হয় এবং বলা হয় সোভিয়েট রাশিয়া নাকি বলেছে এটা কেন্দ্রীয় সরকারের হাতে আসতে হবে। এটা কিন্তু ঠিক নয়। ওঁরা একটা অদ্ভুত যুক্তির কথা বলেন যে, বিদেশ থেকে কেন্দ্রীয়

সরকারের কোন ঋণ পেলে সেটার সবটা রাজ্যসরকারকে দেওয়া যায়না। কিন্তু আমরা উত্তরপ্রদেশ, অন্ধ্রপ্রদেশ বা মহারাষ্ট্রের আক্কারা বা উনান প্রকল্পের ক্ষেত্রে দেখেছি, বিদেশ থেকে তারজন্য যে ঋণ পাওয়া গিয়েছিল তার একশ ভাগই তাঁদের দিয়েছিলেন। কাজেই এক্ষেত্রে যেটা বলছেন সেটা ঠিক নয়। একতো তারা যা ঋণ পান তার ৭০ ভাগ পাশ করেন, এবং আধ শতাংশ হারে ঋণ পেলে ৯শতাংশ হারে রাজ্যসরকারকে সেই টাকা দেন। এতেও তাদের অসুবিধা।মুখ্যমন্ত্রী ৩রা আগষ্ট চিঠি লিখেছিলেন, কিন্তু উত্তর আসেনি। আজকে আমরা সর্বদলীয় প্রস্তাব রাখছি, কিন্তু এরপরও যদি কেন্দ্রীয় সরকার য়াকা না দেন- অবশ্য বিরোধী দলের সদস্যরা বলেছেন যে রাজ্য সরকার এটা পারেন না - জানবেন কেন্দ্রীয় সরকার দিলেও প্রয়োজনীয় এক হাজার কোটি টাকার মধ্যে তারা দিতেন মাত্র ৪৯০ কোটি টাকা; বাকি ৫১০ কোটি টাকা আমাদেরই দিতে হত। কাজেই এটা আমরা করবই। প্রশ্ন উঠছে, যে কর ব্যাবস্থা আছে তার মধ্যে কমার্শিয়াল ট্যাক্সের ক্ষেত্রে আমাদের এক বছরে - ১৯৮৬-৮৭ সালে ৮৪০ কোটি টাকা আদায় হয়েছিল, তারপর সেটা হাজার কোটি টাকা হয়েছে - ২০০ কোটি টাকা বেড়েছে। সুতরাং সাধারন মানুষের উপর নতুন কর না চাপিয়ে এই করের মাধ্যমে এই অর্থের দায়িত্ব আমরা নিচ্ছি। কিন্তু এরপর কি শূন্যস্থান পূর্ণ হবে? হবে না। তবে আপনারা জেনে খুশী হবেন যে, স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে প্রথম কোয়ার্টারের যে রিপোর্ট এসেছে তাতে দেখা যাচ্ছে, এই স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে সারা ভারতবর্ষের মধ্যে আমরা যে শুধু প্রথম হয়েছি তাই নয়, আমাদের ধারে কাছে কোন রাজ্য নেই। এক্ষেত্রে আমাদের যে টার্গেট ছিল তা ছাপিয়ে গেছে। এক্ষেত্রে বলা আছে যে মানুষ স্বল্প সঞ্চয় যা করবেন সেই সঞ্চয়ের যা অংশ রাজ্য সরকার পাবেন, তার একটা অংশ পৌরসভা হলে পৌরসভায়, ব্লক হলে সেই ব্লকে খরচ করা হবে। কাজেই করের ব্যাপারে যতই সংশয় থাকুক না কেন, সরকারের তরফ থেকে সেটা আমরা করবই। তবে সেক্ষেত্রে সাধারণ মানুষের দরজায় আমাদের যেতে হবে। আপনারা রসিকতা করছেন এরজন্য রক্ত দিচ্ছি বলে, কিন্তু জানবেন, মহিলারা পর্যন্ত বলেছেন যে তারা এরজন্য সোনার গহনা দেবেন। এটা জানবেন, পশ্চিমবাংলার মানুষের এক্ষেত্রে একটা অনুভূতি আছে। আজকে এই দাবীতে পশ্চিমবাংলা দাঁড়িয়ে আছে। তাঁদের এই অনুভূতিকে খাটো করবেন না। জানবেন, মানুষের এই অনুভূতির জয় হবেই! কেন্দ্রীয় সরকারের অবিচারের বিরুদ্ধে আজকে যে সর্বসম্মত প্রস্তাব এসেছে, তার বিরুদ্ধে মানুষ যে আজকে মাথা তুলে দাঁড়িয়েছেন,তার কারণ- এটা তাদের কাছে একটা সম্মানের প্রশ্ন। এর জন্য স্বার্থত্যাগেও আনন্দ। সাধারণ মানুষের সামনে তারা যে লৌহকপাট গড়ে তুলেছেন সেটা সাধারন মানুষ ভাঙ্গবেনই ভাঙ্গবেন।

**[3.30 – 3.40 p.m.]**

**শ্রী প্রবীর সেনগুপ্ত :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে অভিনন্দন জানাব এই কংগ্রেস (আই) বন্ধুদের, কারণ তাঁরা আজকে এই প্রস্তাবকে সমর্থন করেছেন এবং সর্বসম্মতভাবে তা গ্রহণ করতে রাজী হয়েছেন। কিন্তু বক্তৃতা যখন তাঁরা দিচ্ছিলেন তখন ওনাদের আসল রূপটা বেরিয়ে পড়েছে। ওনাদের দুঃখ হচ্ছে ২৮ তারিখে এই বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের দ্বিতীয় ভিত্তিপ্রস্তর স্থাপিত হবে বলে, কেন আরও দেরী করা হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওনাদের নেতা শক্তিমন্ত্রী বসন্ত শাঠে ১ বছর আগে ই.আর.ই.বি.-এর একটি মিটিং-এ এসেছিলেন, তিনি তখন বক্রেশ্বরের ব্যাপারে বলেছিলেন - পরিকাঠামো শুরু করে দিন, পরিকাঠামো করতে এতো দেরী করছেন কেন, কালকের মধ্যেই কাজ আরম্ভ করে দিন। উনি একটু আবেগপ্রবণ বক্তৃতা করেন তো তাই তখন বলে দিয়েছিলেনযে কাল আরম্ভ করে দিন। ১ বছর হয়ে গেল সেই জায়গায় ২৮ তারিখে ভিত্তিপ্রস্তর স্থাপন করার কথা বলা হচ্ছে তখন ওনারা বলছেন দেরী হচ্ছে। এনারা যদি এই অনুষ্ঠানে অংশগ্রহন করতেন তাহলে বুঝতাম হ্যাঁ, ওনারা সম্মত হয়েছেন। ওনাদের সম্মতির পরীক্ষা এইখানেই হবে। আমরা

দেখেছি ৩০ বছর ধরে এখানকার কংগ্রেসীরা কেন্দ্রীয় সরকারের দাসত্ব করেছেন,তাহলে পশ্চিম-বঙ্গের বিদ্যুৎ পরিস্থিতি ভাল হবে কি করে? ১৯৭১ সাল থেকে এখানকার বিদ্যুৎ পরিস্থিতি খারাপ হতে শুরু করেছিল। দিল্লীর সরকার - তখন ইন্দিরা গান্ধী ন্যাশনাল গ্রিড থেকে, ভারতবর্ষের অন্যান্য জায়গা থেকে এখানে বিদ্যুৎ পৌঁছে দেবার কথা বলেছিলেন, ডি.ভি.সি থেকে বিদ্যুৎ পৌঁছে দেবার কথা বলেছিলেন। ওই কথায় ওনারা আশ্বস্ত হয়েছিলেন। ওনারা ৩০ বছর ধরে পশ্চিমবঙ্গে বিদ্যুতের জন্য কোন লড়াই করেননি। ধূমডাঙ্গির জন্য যে প্রস্তাব ওনারা ১০ বছর আগে করেছিলেন- ওই প্রস্তাব কংগ্রেস পক্ষ থেকে করা হয়েছিল, আমাদের নয় সেটা এখন ফাইল চাপা পড়ে গেছে। বক্রেশ্বরের কথা বলা হচ্ছে, চুখা করা যাচ্ছে না, সাগরদীঘির প্রস্তাব করা হয়েছিল। সাগরদদীঘিতে ২০০০ মেগাওয়াটের কথা বলা হয়েছিল, ৪টি ৫০০ করে মেগাওয়াটের কথা বলা হয়েছিল। দিল্লি বলেছিল ৫টি ২১০ মেগাওয়াটের করে করতে হবে, সেই প্রস্তাব দেওয়া হ'ল। ১৯৮২ সাল থেকে আমরা বসে আছি, কোন কিছু হয়নি। ১৯৮৩ সালে বক্রেশ্বরের প্রস্তাব দেওয়া হয়েছে, এখনও বসে আছি। এই সমস্ত দেখে আমরা আর বসে থাকতে পারি না। সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি হিসাব করেছে যে, আমাদের ১৯৯২-৯৫ সালের মধ্যে ৮০০ মেগাওয়াটের বিদ্যুৎ ঘাটতি হবে। আমরা হিসাব করে দেখেছি, আমাদের কমিটি হিসাব করে দেখেছে আমাদের ১০০০ মেগাওয়াটের মতো বিদ্যুৎ ঘাটতি হবে। আজকে পশ্চিমবঙ্গের বিদ্যুৎ পরিস্থিতির দিক থেকে বিবেচনা করলে দেখা যায় যে সারা ভারতবর্ষের মধ্যে পরিস্থিতি ভাল, অন্যতম ভাল রাজ্য। কিন্তু দিল্লি সেটা চাচ্ছে না, আমাদের রাজ্য অন্ধকারে ভরে যাক। ১৯৭৭ সালে লোডশেডিং-এর যা অবস্থা ছিল তার চেয়েও অবস্থা আরও খারাপ হোক এটা তাঁরা চান। সেই জন্য তাঁরা বক্রেশ্বরে তাপবিদ্যুৎ কেন্দ্র হোক এটা তাঁরা চান না, সেইজন্য তাঁরা দিতে চাইছেন না, আপত্তি করছেন। দিল্লির সরকারের মুখাপেক্ষী হয়ে আর আমরা থাকতে পারি না। জনসাধারণ আমাদের পাঠিয়েছেন, আমাদের করতেই হবে। সেইজন্য আমরা সিদ্ধান্ত নিয়েছি যদি অনুমোদন না পাওয়া যায় তাহলে আমরা নিজেরাই করব। দিল্লির সরকার যারা পরিচালনা করেন তাঁরা কিরকম দেখুন। জ্যোতিবাবুকে তাঁরা একটা চিঠি লিখে পাঠিয়েছেন - লিখিতভাবে সেটা আছে - সোভিয়েত ইউনিয়ন কোন রাজ্য সরকারকে ঋণ দেন না, সেখানে তাঁদের কাজকর্ম করতে রাজী নন। যারা এতটা নিচে নামতে পারে, পশ্চিমবঙ্গের স্বার্থের বিরুদ্ধে যেতে পারে, অসত্য রাস্তায় যারা যায়, তারা কিরকম একবার ভেবে দেখুন। এখানে আর একটি কথা বলা হয়েছে, যে সমস্ত প্রকল্প আছে সেগুলি ভাল করে চালান এইসব বলা হয়েছে। কংগ্রেসী বন্ধুরা সাঁওতালদি করেছিলেন। সেখানে বয়লার নিয়ে এক্সপেরিমেন্ট হয়েছে, টারবাইন নিয়ে এক্সপেরিমেন্ট হয়েছে। আজও আমরা সাঁওতালদিকে ভাল জায়গায় আনতে পারিনি। ব্যান্ডেল বা কোলাঘাট ভারতবর্ষের যে কোন প্রকল্প থেকে ভাল অবস্থায় আছে। সেখানে আমরা কি পরিস্থিতির মধ্যে দিয়ে চলেছি?বয়লার যারা করেছন তাঁরা যেখানে বলেছেন ৩০ বছরের বেশী চলবে না, সেই বয়লার নিয়ে আমরা ৪০ বছরের বেশী চালাচ্ছি। সি.এস.সি.ই.-ও সেই ভাবে চলছে। আমরা যে যে জায়গায় এসেছি সেটা একটু বোঝা দরকার। এখনই যদি এই প্রকল্পের কাজ শুরু করতে না পারি - কারণ ৫ বছরের আগে এই কাজ শেষ করা যাবে না - তাহলে ভবিষ্যতে আমাদের অসুবিধায় পড়তে হবে। কংগ্রেসী বন্ধুরা এটাকে সমর্থন করেছেন ভাল কথা। আসলে লোকের ভয়ে এটাকে সমর্থন করেছেন,জনসাধারন কি বলবে তা ভেবে সমর্থন করেছেন। কিন্তু এই বিধানসভায় আসল স্বরূপ প্রকাশ পেয়ে গেল- বলেছেন,পুনর্বিবেচনা করুন। পশ্চিমবঙ্গে বসবাস করে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের বিরুদ্ধে গেলে কখনও টিকতে পারবেন না। আমি বিশ্বাস করি যে, সকলেই সর্বান্তকরনে এটাকে পাশ করবেন। দিল্লী হয়তো পুনর্বিবেচনা করতে পারেন, করলে তো ভালই। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুনীল মজুমদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সর্বদলীয় এই প্রস্তাবে প্রায় সকলেই সমর্থনে বক্তৃতা দিয়েছেন। আমি প্রথমেই মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দিচ্ছি। তিনি প্রথমেই এখানে আহ্বান দিয়ে গেছেন যাতে আমরা এই প্রস্তাবকে কার্যকর করতে পারি, তা তিনি বলেছেন। আমাদের বিদেশী রাষ্ট্র টাকা দিতে চাইছেন, তা নিয়ে যাতে এটিকে কার্যকরী করতে পারি সেজন্য তিনি এখানে আহ্বান দিয়ে গেছেন যে, সেন্ট্রাল গভর্ণমেন্ট যাতে বামফ্রন্ট সরকারের হাতে টাকাটা দেন এবং তা দিয়ে যাতে বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পটি করা যায় তা তিনি বলে গেছেন। আমরা এখানে এই প্রস্তাবটি তুলেছি এবং মুখ্যমন্ত্রী উদ্দাত্ত আহ্বান দিয়েছেন। আমি এখানে আমাদের কংগ্রেসী বন্ধুদের কাছে বলবো, আসুন, আমরা তাঁর আহ্বানে সাড়া দিই। বিষয়টি রাজনৈতিক নয়, এটি পশ্চিমবাংলার উন্নয়নের একটি বিষয়। এখানে যখন কথাগুলি উঠেছে তখন তাতে দেখলাম রাজনীতির ছোঁয়া থেকে গেছে। কোথায় যেন একটু 'কিন্তু' থেকে গেছে। আমি বলবো যে, ২৮ তারিখে শিলান্যাসের যে দিন ঠিক হয়েছে,মাননীয় মুখ্যমন্ত্রী এখানে বলেছেন যে, আগে থেকে যদি এটাকে বামফ্রন্ট সরকারের হাতে আনা যায় তাহলে রাজ্যের সাধারন মানুষের স্বার্থ সুরক্ষিত হবে। এজন্য তিনি ৩ মাস সময় দিয়েছিলেন। কিন্তু এখনও পর্যন্ত কেন্দ্রের অনুমোদন আসেনি। একটা তাপবিদ্যুৎ কেন্দ্র করতে গেলে অন্ততপক্ষে ৫ বছর সময় দরকার। '৮৮ সাল প্রায় শেষ হতে চলেছে, ১৯৯৩ সাল নাগাদ বিদ্যুৎ ঘাটতির পরিমান প্রায় ৮০০-১১০০ মেগাওয়াটের মত দাঁড়াবে। এখনই যদি এই প্রকল্পটি শুরু করা না যায় তাহলে তখন আর কোন উপায় থাকবে না। এই অবস্থায় কেন্দ্রীয় সরকার যদি অনুমতি দেন তাহলেও আমাদের ঐ ২৮ তারিখেই শিলান্যাস করতে হবে, তাঁরা অনুমতি না দিলেও ঐ একই তারিখে শিলান্যাস করতে হবে। সুতরাং এখানে কোন দ্বিমত হবার কথা নয়। ১৪ই সেপ্টেম্বর আমরা এখানে বন্ধ পালন করতে চলেছি। এটি শুধু মাত্র একটি বিষয় নিয়ে হচ্ছে না, এর মধ্যে আরো অনেক বিষয় আছে। আমরা দীর্ঘকাল যাবৎ আন্দোলন করছি, মাননীয় সদস্যরা অনেকেই তা সমর্থন করেছেন, পশ্চিমবাংলার উন্নয়নের ব্যাপারে এগিয়ে এসেছেন। পশ্চিমবাংলার উন্নয়নের স্বার্থে মাননীয় সদস্যদের বলবো আপনারাও এগিয়ে আসুন, আমরা একযোগে বন্ধ পালন করি এবং কেন্দ্রীয় সরকারকে চাপ দিই। যে আন্দোলন সুরু হয়েছে, আসুন, আমরা সেই পথে এগিয়ে যাবো। আন্দোলন করেই আমরা এগিয়ে যাব এই কথা বলে, যাঁরা এই প্রস্তাবকে সমর্থন করেছেন, তাঁদের সকলকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ :** মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্য সুব্রতবাবু যে বক্তব্য রেখেছেন যে নীতিগতভাবে এই হলদিয়া পেট্রোকেমিক্যালকে সমর্থন করেন, এরমধ্যে একটা ব্যাপার আছে। তিনি নীতিগতভাবে এটা মানছেন কিন্তু কৌশলে বক্তব্য রাখতে গিয়ে পার্থক্য রেখেছেন। অর্থাৎ তিনি এখানে একমত আছেন, কিন্তু বাইরে গিয়ে বিরোধিতা করবেন। সত্যিকারের যদি পশ্চিমবঙ্গকে তিনি ভালবাসেন তাহলে এই প্রকল্পকে সমর্থন করা দরকারএবং এতে হলদিয়া পেট্রোকেমিক্যালস্ রক্ষা পাবে। দ্বিতীয়ত মাননীয় সুব্রতবাবু বললেন যে, কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে এই ব্যাপারে আলোচনা করেছেন এবং তাঁরা বলেছেন যে অনেক প্রযুক্তিগত প্রবলেম বা ত্রুটি আছে। কিন্তু তিনি তাঁর বক্তব্যের মধ্যে একবারও বললেন না যে কোথায় কোথায় ত্রুটি আছে এবং কেন্দ্রও একবারও বলেনি নির্দিষ্ট কোথায় ত্রুটি আছে। তারপর সুদীপবাবু বললেন যে আমরা কেন গোয়েঙ্কার সঙ্গে যৌথভাবে করছি? আমরা একবারও গোয়েঙ্কার সঙ্গে করতে চাই না। আমাদের কেন্দ্রীয় সরকার ৪০ ভাগ দিন আর আমরা ৪০ ভাগ দেবো এবং এর সঙ্গে রাজ্যের যে আর্থিক প্রতিষ্ঠানগুলি আছে তাদের থেকে ২০ ভাগ টাকা নিয়ে করবো। আমরা তো বাধ্য হয়ে এই প্রকল্পে গোয়েঙ্কার সঙ্গে চুক্তি করলাম। আর সংবধানে তো বলাই আছে যৌথ প্রকল্প বা জয়েন্ট সেক্টর করা যাবে। তাহলে গোয়েঙ্কার সঙ্গে আমাদের চুক্তি করতে আপত্তি থাকে কেন? কেন্দ্রই তো বহুজাতিক সংস্থার সঙ্গে চুক্তি করে অনেক প্রকল্প করেছেন। যথা

হরিয়ানার কার্ণানে যে তৈল শোধনাগার তৈরী হয়েছে সেটা তো টাটার সঙ্গে কেন্দ্রীয় সরকারের যৌথ প্রকল্প। আজকে কেন্দ্র তো ওইসব বহুজাতিক সংস্থার কাছে আত্মসমর্পন করে লক্ষ লক্ষ কালো টাকা করেছেন। আজকে কেন্দ্র তো ওইভাবে ৪০হাজার কোটি টাকা করলেন,সেই টাকা কোথা থেকে এলো? কেন্দ্র যদি মনে করেন যে গোয়েঙ্কার সঙ্গে চুক্তি করা ঠিক হবে না তাহলে মুখ্যমন্ত্রী তো বলেইছেন যে টাকা দিতে। আপনারা তো এইরকম গুরুত্বপূর্ণ বিষয়ে সাহায্য করতে পারেন, টাকা দিতে পারেন। শুধু যে সার উৎপন্ন করবে তাই নয়, বিশেষ ধরনের কাঁচামালও উৎপাদন করবে। কিন্তু কেন্দ্রীয় সরকার চায় না রাজ্য সরকার এই কর্তৃত্ব করতে পারুক। তাঁরা চান যে রাজ্যের ক্ষমতা আরও দুর্বল হবে। কেন্দ্রীয় সরকারের প্রবণতা হলো এই পরিকাঠামোতে কাঁচামাল কেন্দ্রীভূত করতে চায়। প্রশাসনিক, রাজনৈতিক এবং অর্থনৈতিক প্রশ্ন নয়, কাঁচামালের প্রশ্নে এবং পরিকাঠামোর প্রশ্নে বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র এবং হলদিয়া পেট্রোকেমিক্যালস্ প্রকল্প একটি গুরুত্বপূর্ণ বিষয়। এই পরিকাঠামোতে কেন্দ্র কখনও রাজ্যকে কতৃত্ব করত দিতে চাইবে না। আমি হলদিয়ার মানুষ হিসাবে নিশ্চয়ই চাইবো এই প্রকল্প হোক এবং রাজ্যের মর্যাদা বাড়ুক। সকলেই বলেছেন প্রয়োজন হলে ছাত্ররা এই প্রকল্পের জন্য রক্ত দেবে কিন্তু আশা করি রক্ত না দিলেও সমস্যার সমাধান হবে। বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রএবং হলদিয়া পেট্রোকেমিক্যালস্ প্রকল্প তৈরী করতে সকলেই সাহায্য করবেন এবং এতে সকলেরই সমর্থন আছে, আর যাঁরা বিরোধিতা করবেন তাঁদের পশ্চিমবঙ্গের মানুষ আস্তাকুড়ে ছুঁড়ে ফেলে দেবে। এই মোশানকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of **Shri SUNIL MAJUMDAR,** that "this House of the opinion that assured supply of power is crucial for economic development of the State;

This House is aware that--

(i) upon submission by the State Government of a proposal for a Thermal Power Project in the State Sector at Bakreswar, the Project was techno-economically cleared as a State Sector Project by the Central electricity Authority in 1985 and subsequently approved by the Planning Commision, and

(ii) the Soviet credit is available for part of the Project cost, the rest to be funded out of State's reasources;

This House, therefore, urges upon the Central Government through the State Government to pass the Soviet credit without any further delay to the State Government for the Bakreswar Power Project in the State Sector as per the existing rule of passing on of any foreign credit to a State Government Project," was then put and agreed to.

The motion of **Shri LAKSHMAN CHANDRA SETH,** that "this House is of the opinion that the Haldia Petrochemicals Project is of Special importance for the industrial development and employment generation in the State;

This House also notes with grave concern that --

(i) The clearence of the Project has been delayed for more than a decade;

(ii) the proposals of the Haldia Petrochemicals Ltd. has already been examined in detail by the Industrial Development Bank of India; and

(iii) the State Government has already spent about Rs.40 crores for infrastructural development at Haldia;

Now, therefore,this House urges upon the Central Government through the State Government to give clearence to the Haldia Petrochemicals Project withiout any further delay,'' was then put and agreed to

**Mr. Speaker :** Since today is the last day of this session, it sill not be possible to take up the Privilage matter of Shri Amalendra Roy to-day, As such I refer the matter to the next session.

**Shri Subrata Mukherjee :** স্যার মন্ত্রীকে বলুন উনি কতদিন পরে বিবৃতি দিচ্ছেন?

**Mr. Speaker :** না, ওঁনার আজকেই দেবার কথা ছিল।

**Shri Prabhas Chsndra Phodikar :** As per provisions of 619A of the Companies Act,1956, the State Govt. is required to place the annual report of the Govt. Companies/Govt. Corporation before the State Legislature.

In June, 1986, The Accountant General, West Bengal,vide his Memo No. OA(Com), dt.6.6.1986, brought to the notice of the State Govt. that in terms of provisions of Sections 619A of the Companies Act, !956, and of Section 19A of the Comptroller and Auditor General of India's (Duties, Powers and Conditions of Service) Act, 1971 as amended in March, 1984, the Audit Reports of the Govt. Companies and the Corporations are required to be laid before the State Legislature.

But before the receipt of A.G.'s letter as mentioned above, no steps were taken perhaps through inadvertence to place the up-to-date audit report before the State Legislature. The delay is regretted and the Department has been cautioned.

Since then steps were taken to submit up-to-date Audit Reports of the two Corporations under this Department before the State Legislature. But both the Corporation particularly W.B. Dairy & Poultry Development Corporation were in arrears in the matter of completion of Statutory Audit. In W.B.Dairy & Poultry Development Corpn.Ltd. office, fire broke out in June 1975 causing substantial damage to the accounting records of the office. The reconstruction of records took long time as a result of which the accounts of this Corpn. were lagging behind. As a results of a special effort the annual reports for three years 1979-80,80-81,81-82 have been completed with in a span of one year. The accounts upto the year 1985-86 have been complete and approved by the Board of Directors. But the audit of the accounts has been completed only upto 1981-82.

In an attempt to clear off the arrears, we requested the Comptroller and Auditor General of India for appointing Statutory Auditors for four years (1982-83 to 1985-86) at a time so that accounts of the West Bengal Dairy & Poultry Development Corpn. may be updated. The matter was also taken up with the A.G.W.B. by the Chief Secretary requesting to move the Comptroller and Auditor General for appointment of Statutory Auditors for a number of years at a time to pull up the arrear audit. It has been intimated by the A.G.,W.B. in December,1987that the Comptroller and Auditor General was moved in the matter but there are some technical and procedural difficulties about the appointment of the Auditors for a number of years at a time.

The annual reports of the W.B.Livestock Processing and Development Corporation for the years 1974-75 to 1984-85 and annual reports of the W.B.Diary and Poultry Development Corpn.Ltd. for the years 1969-70 to 1981-82 have been placed before the Assembly.

The annual accounts of the two Corporations for the subsequent years will be submitted as soon as they become ready.

Thank you Sir, for giving me the opportunity to explain before this House the reasons for delay in submision of annual reports.

**Mr. Speaker :** Mr. Phodikar, what I have heard, it appears, that the departments are not aware that they have to place these reports. That is not a very happy state. Government departments must be aware of the constitutional liability, and also liability to the members of the House. I would request the Parliamentary Affairs Minister to

issue a circular to all your Government departments that - whatever there are statutory corporations and Government -owned companies - these reports have to come every year. You should give a circular that they should make their reports up-to-date and the members should get the copy of the Annual Statements.

[At this stage the House was adjourned till 4.30 PM]

[After adjournment]

**[4.30 - 4.40 p.m.]**

Motion under Rule 185

**Mr Speaker :** Now I call upon Shri Saugata Roy to move his motion.

**Shri Saugata Roy :** Sir, I beg to move that "this House views with grave concern that -

(i) There were large scale disturbances during the by-election to the Calcutta Municipal Corporation for Ward No. 46 on the 4th September 1988.

(ii) The supporters of the major rulling party demolished large nember of Congress booth camps and attacked Congress workers causing injury among other the former minister of State Government;

(iii) a large number of voters including the Congress candidate were forcibly prevented from exercixing their franchise and

(iv) the Police have failed to control the situation and stop the trouble. This House, therefore, urges upon the State Government to declare the by-election void and cause an enquiry to probe into the charges of irregularities in the election."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে এই প্রস্তাব নিয়ে এসেছি মূলত ঃ

আমাদের তরুন মন্ত্রী বুদ্ধদেববাবুকে অভিনন্দন জানাবার জন্য। বুদ্ধদেববাবুকে আমি অভিনন্দন জানাচ্ছি,ব্রেভো দিচ্ছি যে তিনি কর্পোরেশান এবং স্থানীয় স্বায়ত্বশাসনের মন্ত্রী হবার পর কলকাতার দায়িত্ব তাঁর হবার পর তিনি গণতন্ত্র ধর্ষণে হ্যাটট্রিক করলেন। প্রথম ১৯৮৭ সালে বেলগাছিয়া ২নং ওয়ার্ড, দ্বিতীয় শ্যামপুকুর বিধানসভার উপনির্বাচনে, তৃতীয় গত ৪ঠা সেপ্টেম্বর ৪৬ নং ওয়ার্ডের উপ-নির্বাচনে। ওঁকে নিশ্চয়ই চীফ মিনিষ্টারে জন্য বিচার করা উচিত। উনি দেখিয়েছেন বাইরে শান্ত সুশীল বালক থেকে মূল ক্যালকাটা কর্পোরেশনকে কি করে দখল করতে হয়। দখল করাটা খুবই গুরুত্বপুর্ণ, তার কারণ কলকাতায় মধু আছে, কলকাতা দুধেল গাই, এখানে সত্যনারায়ন পার্কে আন্ডার গ্রাউন্ড বাজার হয়, রডন স্কোয়ার বিক্রি করা যায়, এখানে নিউ মার্কেট থেকে শুরু করে লেক মার্কেট

পর্যন্ত মার্কেটগুলি বিক্রি করে দেওয়া যায়। সুতরাং এই ক্যালকাটা কর্পোরেশানকে হাতের বাইরে যেতে দেওয়া যাবে না, তাই বুদ্ধদেববাবুরা ২নং ওয়ার্ডে যেটা করেছিলেন কলকাতার সীমান্ত অঞ্চলে সমস্ত চোখের চামড়া খুইয়ে শাসকদল চোখের সামনে বোমা ফাটিয়ে যে নির্বাচন করেছিলেন তা হিটলারের রাইখসট্যাগ ইলেকশানকে হার মানিয়েছে। এই ধরণের নির্বাচন সামপ্রতিককালে আর কেউ করেছেন বলে আমরা জানি না। ওদের জেতার অত্যন্ত দরকার ছিল। তার কারণ কলকাতা কর্পোরেশানের অল্ডারম্যানদের নিয়োগ ব্যাপারে বুদ্ধদেব বাবুরা নির্ভরশীল ছিলেন ভারতীয় জনতা পার্টির ২ জন সদস্যের উপর, তাঁদের দাবি-দাওয়া ওঁদের মেনে নিতে হবে। তাই পার্টি অফিস আলিমুদ্দিন স্ট্রীটে ঠিক হয়েছে সেই জায়গায় এম এল এ সব এলাকার গুণ্ডা এনে কলকাতার ৪৬নং ওয়ার্ড জিততে হবে।

স্বাধীনতার পর থেকে বড়বাজার বিধানসভা কেন্দ্র কোনদিন সি. পি. এম. ভোটে জেতে নি এখানে জিতেছে কংগ্রেস এবং সি. পি. এম-এর জামানত পর্যন্ত বাজেয়াপ্ত হয়েছে। আজকে গণতন্ত্রকে ধ্বংস করে দিয়ে ৪৬ নং ওয়ার্ডে ৫।। হাজার ভোটে তাঁরা জিতেছেন। এই জয়ের জন্য বুদ্ধদেববাবু খুশী, জ্যোতিবাবু পর্যন্ত খুশী। বুদ্ধদেববাবু, দেওয়ালের লিখন পড়ুন। এইভাবে বোমাবাজী করে ১০ হাজারের মধ্যে ৫।। হাজার ভোটে জিতে আপনি জ্যোতিবাবুর অভিনন্দন পেতে পারেন, কিন্তু জনসাধারণ আপনাদের ক্ষমা করবে না। আপনাদের চোখের চামড়া চলে গেছে তাই গণতন্ত্রকে এই ভাবে হত্যা করতে পেরেছেন। প্রবীণ স্বাধীনতা সংগ্রামী আনসারি সাহেবকে পর্যন্ত এঁরা মেরেছেন এবং তার জন্য আপনাদের বিবৃতির মধ্যে কোন দুঃখ বা গ্লানীর চিহ্ন মাত্র নেই। এই বিবৃতির মধ্যে আছে শুধু নিজেদের দোষ ঢাকবার একটা প্রচেষ্টা। আপনার বিবৃতি শৌচাগারের কাজে লাগতে পারে। কতবড় মিথ্যা এই বিবৃতির মধ্যে আছে, সেই বিবরণ রিপলাই দেবার সময় বলব। আমি হাউসের কাছে প্রস্তাব দিচ্ছি গণতন্ত্র যেভাবে ধর্ষিত হল সেটা একদিন আপনাদের বিরুদ্ধে যাবে কি না চিন্তা করুন, এবং যদি বিবেক থাকে তাহলে আপনারা এর প্রতিবাদ করুন।

**শ্রী লক্ষ্মীকান্ত দে :** মাননীয় স্পীকার মহাশয়, ৪ তারিখে ৪৬ নং ওয়ার্ডের উপনির্বাচন সম্বন্ধে এখানে যা বক্তব্য রাখা হয়েছে তা আমি শুনলাম। আমি ছবি দেখেছি এবং কাগজ পড়েছি, আনসারী সাহেব আহত হয়েছেন তার জন্য আমি দুঃখিত, কিন্তু পুলিশ রিপোর্ট বলছে আনসারী সাহেব বৃদ্ধ লোক, পড়ে গিয়ে চেয়ারে ধাক্কা লেগেছে, কাজেই বিষয়টাকে অন্য দিকে নিয়ে যাবার চেষ্টা করা উচিত নয়, আমরা এবার জিতেছি। কিন্তু ১৯৮৫ সালের নির্বাচনের হিসাব যদি দেখেন তাহলে দেখবেন ঐ নির্বাচনে কংগ্রেস বিরোধী ভোট ছিল ৩,৭২৫ এবং কংগ্রেস পেয়েছিল ২,৫৩৯টি ভোট। কংগ্রেস বিরোধী ভোট ভাগ হবার জন্য আমরা এই ওয়ার্ডে পরাজিত হই, এই ওয়ার্ড চিরদিন ওদের ছিল, এটা ঘটনা নয়, এবারে আমাদের নির্বাচনের হার বেশী হয়েছে। ১৯৮৫ সালের কর্পোরেশনের খাতা যদি দেখেন তাহলে দেখবেন ১১, ৩৬, ৪৭ এবং ৫৫ নম্বর ওয়ার্ডে ৭৫ পারসেন্ট ভোট পেয়ে কাউন্সিলাররা জিতেছেন এবং আমরা তার জন্য একবারও চেঁচাইনি, এবারে আমরা জিতেছি বলে তাঁরা এত চেঁচামেচি কেন করছেন? আশা করি আপনারা আমার এই কথাটা নিয়ে চিন্তা করবেন। এবারে আমি তথ্য দিয়ে বোঝাতে চাই কেন ঐ অঞ্চলে কংগ্রেস এর ভরাডুবি হল। এই অঞ্চলের ৩১ ভাগ হচ্ছে মুসলিম অধ্যুষিত অঞ্চল।

**[4.40 – 4.50 p.m.]**

৫১ ভাগ বেশী ভোট দেন অবাঙ্গালী হিন্দী অঞ্চল। আর বাকিটুকু হচ্ছে অন্যান্য বাঙালী ইত্যাদি ভাষাভাষির মানুষ বাস করে, সেই অঞ্চল। মুসলিম ভোটের আনুপাতিক হারটা যদি দেখেন তাহলে

দেখবেন, গতবারে কংগ্রেস যে ভোট পেয়েছিল প্রায় সেই ভোটই ধরে রাখতে পেরেছে। আমাদের চিরকালই মুসলিম ভোট একটু বেশী থাকে এবারে আমরা আর একটু বেশী পেয়েছি। বুথ নং ৩ মুসলমান অধ্যুষিত অঞ্চলে কংগ্রেস গতবারে ভোট পেয়েছিল ৮০টি, এবারে তার থেকে ১২ টি ভোট কম পেয়ে ৬৮টি পেয়েছে। মুসলমান অধ্যুষিত ১৩ নং বুথে গতবারে ১১৪টি ভোট পেয়েছিল, এবারেও প্রায় সমানই রাখতে পেরেছে, ১১০টি ভোট পেয়েছে। ১৪নং বুথও মুসলিম অধ্যুষিত অঞ্চল। এখানে গতবারে কংগ্রেস ৯০টি ভোট পেয়েছিল। এবারে তাদের আরো ১০টি ভোট বেড়ে ১০০ হয়েছে। গতবারের চেয়ে এখানে এবারে বেশী ভোট পেয়েছে। মুসলিম মাইনরিটি অধ্যুষিত অঞ্চলে গতবারে আপনারা ভোট ধরে রাখতে পেরেছিলেন, কিন্তু তা সত্বেও আমরা এই সমস্ত অঞ্চলে বেশী ভোটই পেয়েছিলাম। এবারে আমরা এই মুসলিম মাইনরিটি অঞ্চলে আরো বেশী ভোট পেয়েছি। কাজেই এটা নিয়ে অত চেঁচামেচি করার কোন কারণ নেই। দু-একটায় নয়, এবারে মাইনরিটি অঞ্চলে কংগ্রেস অনেক কম ভোট পেয়েছে। দু একটি বুথে কংগ্রেস ভোট বেড়েছে গতবারের চেয়ে। বুথওয়াইজ হিসাব নিলে দেখবেন এবারে আমরা অনেক বেশী ভোট পেয়েছি। বস্তি অঞ্চল, ভাড়াটেরা উচ্ছেদের ভয়ে ভোট দেয় নি আপনাদের। ঐসমস্ত এলাকায় কম ভোট পেয়েছেন। আবার কিছু এলাকায় কংগ্রেস ভোট বজায় রাখতে পেরেছে। আমি আগেই বলেছি যে, একটা পাড়ায় ভোট বেড়েছে, আবার অন্য জায়গায় কমেছে। কংগ্রেসের ভোট ধ্বসে গেছে কোথায়? তাদের যে পকেট যেখানে বিহার, উত্তরপ্রদেশ, গুজরাট ইত্যাদি বিভিন্ন ভাষাভাষি প্রদেশের মানুষ বাস করে, তারা তাদের ভোট দেন নি। আপনি দেখবেন তাদের ভোট ২০% কমেছে। এই কমেছে বলেই এত লাফালাফি করছেন। অবাঙালী এলাকায় তাদের ধ্বস নেমেছে। ইউ. পি., গুজরাটের হাওয়া আমরা দুদিন আগেই পেয়েছি। কিন্তু তা সত্বেও আমরা বিশ্বাস করতে পারছিলাম না যে, এত অবাঙালী মানুষ আমাদের পক্ষে চলে আসছেন। আপনি লক্ষ্য করে দেখবেন যে, এলাহাবাদও কংগ্রেসের ম্যাক্সিমাম ভোট কমেছে — ৪৪.৬১%। সেখানে কি হয়েছে, সেটা তো আপনারা বলছেন না! এখানে বলছেন কেন? গোদরায় ভোট কমেছে ২১.০১%, সিরসার ভোট কমেছে ১৮.৯৮ ভাগ। গুজরাটের মালিয়া এ্যাসেম্বলী কনসটিটিউএনসিটেত ভোট কমেছে ২৩.৪৭ ভাগ। গুজরাটি ভোটেও ওদের ধ্বস নেমেছে। কাজেই এটা নিয়ে হৈচৈ করার কিছু নেই। অবাঙালী পকেট ভোট যেটা এ্যাবসেলিউট ছিল সেই ভোট ওদের পক্ষ থেকে ভেঙ্গে আমাদের পক্ষে চলে এসেছে, যার ফলে ভোটের ফারাক বেড়ে গেছে। স্যার, আমি আপনার মাধ্যমে ওদের একটু বোঝাতে চাই যে, কিভাবে সত্যিকারে এই ঘটনাগুলি ঘটল। ঘটনাগুলি ঘটার কারণ কি? স্যার, একটা মারপিট হল ১২।। টার সময়। স্যার, আপনি একজন ল-ইয়ার। আপনি জানেন যে, যে কোম মারপিটেই একটা ইনটেনসন থাকে। এখানকার ইনটেনসন, মোটিভটা কি? আমরা জিতছি জেনেও মারপিট করতে যাব কেন? স্যার, আপনি লক্ষ্য করে দেখবেন এই মারপিটে ওদেরও যেমন আহত হয়েছে, তেমনি আমাদেরও একজন পি. জি. হাসপাতালে ভর্তি হয়েছে। এই হচ্ছে মারপিটের সূত্রপাত। আপনি আরো লক্ষ্য করে দেখবেন যে, ১১ জন প্রার্থীরই পোলিং এজেন্ট শেষ পর্যন্ত ছিল। ইনডিপেনডেন্ট ক্যান্ডিডেটদের পোলিং এজেন্টরাও শেষ পর্যন্ত উপস্থিত ছিল। এমন কি কংগ্রেসী পোলিং এজেন্টও ৩টা থেকে ৩।। টা পর্যন্ত আমাদের ইনফর্মেসন হচ্ছে কোন কোন ওয়ার্ডে প্রায় শেষ পর্যন্ত উপস্থিত ছিল। শেষ পর্যন্ত কোথায় কে ছিল না ছিল, সেই উপস্থিতির কথা ওরা জানেন না। ওদের মধ্যে অনেকেই অনেক কথা বলছেন। মাত্র ১১টি টেন্ডার ভোট হয়েছে, আর ১৪ টি ফল্স ভোট হয়েছে। কোন পোলিং এজেন্ট, প্রিসাইডিং অফিসার লিখিত ভাবে কোন কিছুই বলেন নি যে, এখানে গণ্ডগোল হচ্ছে, মারপিট হচ্ছে। কোন ঘটনা কোথাও ঘটেনি, অথচ ওরা বোঝাবার চেষ্টা করছেন যে, সেদিন বিরাট ভাবে অনেক কিছুই হয়েছে।

১২।। টা থেকে ১ টার মধ্যে একটা ইনসিডেন্ট হয়েছিল, মারপিটের ঘটনা ঘটেছিল সেটা ঠিকই। 'আজকাল' পত্রিকা একটি হিসাব বের করেছে তাতে তারা বলছে ১২টা থেকে একটায় লরেটোতে ভোট পড়েছিল ৭০টা, ১টা থেকে ২টো তে ৮০টি এবং শেষ ঘন্টাতে ভোট পয়েছিল মাত্র ১২টা। এ্যাভারেজে যদি দেখা যায় তাহলে দেখা যাবে ৩৫ পারসেন্ট ভোট লাষ্ট ১২টার পর থেকে পড়েছে আর তার আগে প্রায় ৭০ ভাগ ভোট পড়ে গিয়েছে। ওরা প্রথম থেকে দেখেছেন যে অবাঙ্গালী ভোটারদের লাইনটা আমাদের ক্যাম্পের সামনে ভিড় করছে এবং তারজন্যই সেদিন একটা গাড়ীতে চেপে এসে হটাৎ বোমা মেরে এবং বিভিন্নভাবে গন্ডগোল করে সমস্ত জিনিষটা তারা সাজাবার চেষ্টা করছেন এই বলে যে এখানে নির্বাচনটা ঠিকমতন হয়নি। পরিশেষে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করবো। পশ্চিমবঙ্গের বরাবনী বিধানসভা কেন্দ্রে যে ভোট হলে। তাতে ওরা জিতলেন। সেই ভোট খুব ভদ্র ভাবে হল। ওদের জিতিয়ে দিতে হবে, তাহলে ভদ্রভাবে ভোট হবে, না হলে নয়। আমি জানি না স্যার, আমরা বলতে পারবো কিনা ভোটারদের যে, কংগ্রেসকে ভোট দাও। কাজেই ওঁদের বলব, পশ্চিমবঙ্গের জনগনের রায়, অবাঙালী ভোটারদের রায় মেনে নিয়ে কংগ্রেসের আগামীদিনে বাঁচার কথা চিন্তা করা উচিত, তা না হলে এখন এখানে যে কজন উপস্থিত আছে সেই সংখ্যাটা আগামীদিনে কমবে। কোলকাতা শহরেও কমবে এবং অন্য জায়গাতেও কমবে। এর থেকে ওঁদের বেরিয়ে আসার কোন উপায় নেই।

**Shri Rajesh Khaitan :** Mr. Speaker, Sir, before I speak - while supporting the motion - I take a strong objection and exception to what the honourable member, Shri Lakshmi Kanta Dey has said, that in Ward No. 46 the electorate, who allegedly voted on the 4the September, are non Bengalees. It is a shame for the cultural tradition and heritage of our State that Mr. Dey has branded certain section of the people, on the basis of language in this State. We are not known to indulge any election or voting pattern on casteism, on communitywise or on language basis. We are all Bengalees and we belong fo the State. Our language may be different. Therefore, as an M.L.A. of this August House belonging from the Burbazar constituency within which Ward No. 46 is situated, I record in this August House that my people should not be branded as only non-Bengalees. In fact they are Bengalees. Now I want to say the very fact that Mr. Lakshmi Kanta Dey has elaborated in detail the voting pattern which took place on the 4th September. May I ask what was he doing on that day as an M.L.A. of this August House when he was present in Ward No. 46? Perhaps his reply will be that as a party man of the C.P.I. (M) he was thereto discharge his duties. Our case is, the people of Ward No. 46 were deprived of exercising their voting rights - they did not vote. He has said that one minority community - the Muslim community - is so fond of us always, voted for the C.P.I. (M). Does he know that the leading editor of an eminent Urdu newspaper Janab

Malliabadi was refused and he was not allowed to cast his vote on the 4th September. He was not allowed to vote.

(Noise)

Sir, you will not find in the electoral history of the State that a candidate of a political party was not allowed to cast his vote. Our party candidate Jamaluddin Ahmad Siddique was not allowed to vote.

**[4.50 - 5.00 p.m.]**

Why ? Is this democracy ? September '88 - when people of Bengal will remember this month for the birth centenary of Sarat Chandra Bose, birth centenary of Sarbapalli Radhakrishnan, they will remember this 4th of September to be the blackest day, the shameful day in the democracy. They made a mockery of democracy, Sir. On 3rd September, my colleagues Sudip Bandyopadhyay, MLA and Somen MItra, MLA rang up the Hon'ble Chief Minister and told him that - 'Congress workers were being apprehended, they were being arrested, there was a terror ; the CPI(M) hoodlums, the goondas, were moving in ward no. 46 and saying to the people - you cannot come out of the house, you will not vote.' The Chief Minister assured both the MLAs and our party functionaries that - 'Listen, I assure you, the police will remain neutral.' But what we did see on the day of election ? We did not even know that what the Chief Minister meant was that the police would remain neutral and behave like eunuchs. But, Sir, we did not know that 'they will behave not like neutrals, but like eunuchs.' Anti-social elements with Bhojalis, swords and revolvers were ramping and they burnt and destroyed the booth camps. Bombs were hurled, and even they were hurled if the people made attempts to walk there, and, Sir, if they were so sure that they were winning, then what was the need of burning and destroying the booth camps of Congress ? What was the need of destroying the car of Sudip Bandyopadhyay, MLA ? What was the need of hitting Mr. Ansari, the ex-Minister of State and ex-MLA of this August House ? What was the need of causing injury to Mr. Dulal Roy, what was the need to injure the Councillor, Omprakash Poddar? I ask you. It is because there was no democracy, there was no law and order, there was no election. Election was held only on paper. If you have any shame when you cry in this August House for Nelson Mandela who does fight for the cause of human rights, if you have any feeling for

**human values, I ask you, do you have any feeling for democracy ? Why are you killing the democracy ? Why are you making a mockery of democracy ? If you have guts, if you are not shameless, if you do not want that in the history of Bengal, the name of Shri Jyoti Basu be written with black colour that he was the dictator and destroyer of democracy, then, I would say, if you do not have the guts to support the motion, at least abstain from voting, just as we, the Congress, when you brought a motion on Haldia and Bakreswar, lent out support in the interest of the State. Similarly, I have to say to the members of the Treasury Benches and their members that on this motion, if you don't have the guts, even if you are asked not to vote in favour of this motion, we ask you, at least be abstained from voting, so that democracy is saved and the name of Bengal in the history of our country when written will not be read with contempt, future generation will not read that with shame. This is the time. It is not a question of mere winning. By winning ward number 46, you are not going to win anything, by losing we don't mind. The question is winning or losing in a proper manner. You did not allow the election to take place, and in fact, election did not take place, and we say, and we aks the Hon'ble Minister Buddhadev Babu that - you order repolling - fresh election should be held - to uphold the dignity of the people of the State, to uphold the democracy in the State.**

With these words, Sir, I support the motion.

**Shri Mohammad Ramjan Ali :** Mr. Speaker, Sir, I do not agree with the assessment given by Hon'ble Member, Shri Khaitan that the voting in by-election in ward number 46 was not actually held because there was large scale disturbances. This is not the fact. The fact remains here that the vardict should have high regard in democracy. The fact remains that the candidate himself withdrew his candidature on the plea that there was disturbance. Whatever may be the fact but the assessment which has been advanced cannot be taken as a true assessment. I, therefore, not find myself in a position to support this motion and I oppose it. Thank you, Sir.

**শ্রী সত্যপদ ভট্টাচার্য্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ৪ঠা সেপ্টেম্বর নির্বাচন হয়েছে ৪৬ নং ওয়ার্ডে এবং তার পরের দিন কালো ব্যাজ পরে কংগ্রেস এম.এল.এ.রা এই হাউজে ঢুকেছেন, কারণ কংগ্রেস প্রার্থী-ঐ নির্বাচনে পরাজিত হয়েছেন, সেই দুঃখে তাঁরা হয়তো ব্যাজ পরেছিলেন। ওখানকার সাধারণ লোক, যারা ভোট দিয়েছে বা যারা দেয়নি, তারা কেউই কালো ব্যাজ পরেনি। কারণ তাদের কোন দুঃখ নেই। আপনারা পুনরায় ভোট চেয়েছেন, পুনরায় নির্বাচন চেয়েছেন.

আপনারা ভাবছেন পুনরায় নির্বাচন হলে আপনারা জিতবেন, যেখানে ভয়ে আপনারা বোমা ফাটিয়ে পালিয়ে যান এবং যেখান থেকে আনসারী সাহেব পালাতে গিয়ে পড়ে গিয়ে মাথা ফাটালেন, সেখানে আপনারা পুনরায় নির্বাচন হলে জিতবেন এই স্বপ্ন দেখছেন? ব্যাপারটা তা নয়। আপনাদের হাইকমান্ড বলেছিলেন, তোমরা গন্ডগোল লাগিয়ে দাও, ত্রিপুরার মত তোমাদের জিতিয়ে দেব। কিন্তু আপনারা পারলেন না, গন্ডগোল লাগাবার ক্ষমতা আর আপনাদের নেই, আপনাদের ক্ষমতা শেষ হয়ে গেছে। এখানে বারবার বলেছেন গদিতে আমরা আবার বসবো। কিন্তু আপনারা গদিতে আর জীবনে বসতে পারবেন না। নির্বাচন পুনরায় হলে আপনারা পারবেন, এই আশা আপনাদের ছিল। কিন্তু লক্ষ্মী বাবু যে প্রশ্নগুলো এখানে তুলেছেন তার কোন উত্তর আপনারা দিতে পারলেন না। আপনাদের ক্যান্ডিডেট ১২টার সময় নাম প্রত্যাহার করে নিলেন, বললেন আমি প্রত্যাহার করে নিচ্ছি, আমরা হেরে যাচ্ছি না। নাম প্রত্যাহার করা হলো এই কারণে, কারণ আপনারা বুঝতে পেরেছিলেন আপনারা জিততে পারছেন না। আপনাদের ভোটে জেতা যদি লক্ষ্য হয়, তাহলে আপনাদের ভলান্টিয়ার কোথায়, আপনাদের সেচ্ছা সেবক কোথায়, আপনাদের যে কটা স্বেচ্ছা সেবক ছিল, ওরা পালিয়ে যান, অথচ আপনারা ভোটে জিততে চাইছেন। আমি সমস্ত ঘটনাটা জানি, কারণ আমি সেদিন কলকাতায় ছিলাম। আপনারা কলকাতা কর্পোরেশন এর বিরুদ্ধে কোন বক্তব্য রাখতে পারেন নি। আপনাদের আমলে দীর্ঘদিন আপনারা কলকাতা কর্পোরেশনের নির্বাচন করেন নি। বামফ্রন্ট সরকার আসার পর কলকাতা কর্পোরেশন এবং পশ্চিমবাংলার সমস্ত মিউনিসিপ্যালিটির নির্বাচন সাহসের সঙ্গে করেছে, এই নির্বাচন পশ্চিমবাংলায় বামফ্রন্ট আছে বলেই সম্ভব হয়েছে।

**[5.00 – 5.10 p.m.]**

আপনারা কি কোন মিউনিসিপ্যালিটি বা কোন কর্পোরেশনের বিরুদ্ধে কোন অভিযোগ এনেছেন? (**শ্রী সুব্রত মুখার্জী :** রিগিং হয়েছে।) রিগিং কাকে বলে? আপনাদের কাছে কোন প্রমান আছে ? লক্ষ্মী দে যে হিসাব দিলেন সেই হিসাবের প্রতিবাদে আপনারা কোন হিসাব দিতে পারছেন কি ? হৈ হৈ করে লোকে জোর করে ভোট দিয়ে চলে গেছে কি? এসব কিছুর প্রমান আপনারা দিতে পেরেছেন কি ? আপনাদের লোকজন নেই, ভয়ে লোকজন পালিয়ে গেল। এরপরে কি সব আসন আপনাদের হাতে তুলে দেবে? আর আপনারা ভোটে জিতে ট্রেজারি বেঞ্চে গিয়ে বসবেন! ত্রিপুরায় যেমন হাইকমান্ড মিলিটারি পাঠিয়ে আপনাদের জিতিয়ে দিয়েছেন, সেই ভাবে জিতবেন? সে কথা ভুলে যান। (**শ্রী সুব্রত মুখার্জী :** হ্যাঁ, হবে।) স্পীকার স্যার, গণতন্ত্রের পূজারী কি বলছে দেখুন। সে আশা আর নেই। স্পীকার স্যার, যে নির্বাচন হয়েছে সেই নির্বাচন সম্বন্ধে কাগজে কোথায় বলা হয় নি যে, রিগিং হয়েছে বা জোর করে ফলস্ ভোট দিয়েছে। এরকম কথা কোথায় বলে নি। ওঁরা সে কথা বলতে পারছে না। লক্ষ্মী দে যে হিসাব দিলেন সেই হিসাবের বিপরীত হিসাব ওঁরা দিতে পারলেন না। এখানে ওঁরা কোন হিসাব পুট করতে পারছেন না। (**শ্রী সুব্রত মুখার্জী :** ওটা তো ভুল তথ্য।) ওটা ভুল তথ্য নয়। (**শ্রী সুব্রত মুখার্জী :** আপনি কোথায় ছিলেন?) আমি কলকাতায় ছিলাম, ধর্মতলায় ছিলাম। এখানেই চিৎকার করছেন, কৈ এবিষয়ে তো কোন আন্দোলন করতে পারছেন না? অবশ্য আপনারা তো বন্ধ কল-কারখানা নিয়ে এখানে চিৎকার করেন, কিন্তু বাইরে কোন আন্দোলন করেন না। আপনারা ঐসব কোন দিনই করতে পারবেন না। যাই হোক আমি প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় স্পীকার মহাশয়, বিরোধী সদস্য মাননীয় সুদীপবাবু এবং সৌগতবাবু কলকাতা কর্পোরেশনের একটি ওয়ার্ডের উপনির্বাচনকে কেন্দ্র করে যে আলোচনার অবতারণা করেছেন সে সম্পর্কে গতকালই অবশ্য আমি হাউসে খানিকটা আলোচনা করেছি। আজকে

এখানে আবার সৌগতবাবুরা প্রস্তাব তুলে বলছেন যে, ঐ উপনির্বাচনে যে রায় বেরিয়েছে তা কখনই হতে পারে না, কারণ চিরকালই নাকি ঐ এলাকাটি কংগ্রেসী এলাকা। আমি তাঁদের বলছি যে, সারা দেশটাই পাল্টাচ্ছে, অতীতে যেখানে কংগ্রেস ছিল এখন সেখানে কংগ্রেস হারছে। ভারতবর্ষের নির্বাচনী চিত্র এই ভাবে আরো পাল্টাবে। আগামী দিনে অনেক কিছুই ঘটবে। কিন্তু কংগ্রেসীরা আজও শিক্ষা গ্রহণ করতে পারছেন না। ওঁরা প্রস্তাব মেনে নেবার জন্য অনুরোধ জানিয়ে দাবী করছেন যে, রাজনীতিতে এটা হতে পারে না এবং একথা বলার সাথে সাথে আরো অনেক গুলি কথা তাঁরা বললেন। এবিষয়ে আমার প্রথম কথা হচ্ছে, হ্যাঁ, কিছু ঘটনা ওখানে ঘটেছে এবং সেগুলি দুঃখজনক। সেগুলি না ঘটলেই ভাল হত। কংগ্রেসের একজন নেতৃস্থানীয় ওখানে আহত হয়েছেন। কিন্তু গতকালই আমি যে কথাটি বলবার চেষ্টা করেছিলাম; সেটা হচ্ছে, গোলমালের সূত্রপাত হল কি করে, কারা গোলমাল শুরু করেছিলেন, সেটা সৌগতবাবুরা কি একটু বিচার করে দেখবেন? গোলমাল যাঁরা শুরু করেছিলেন তাঁরা শেষ পর্যন্ত তা সামলাতে পারেন নি। সকাল সাড়ে সাতটা থেকে দুপুর সাড়ে বারোটা পর্যন্ত শান্তিপূর্ণ নির্বাচন হয়েছিল এবং সাড়ে বারোটার সময়ে হঠাৎ গোলমাল শুরু হয়েছিল। গোলমাল শুরুর খবর পাবার সঙ্গে সঙ্গেই আমরা পুলিশকে বলি,— তৎপর হোন, পরিস্থিতি সামলাতে হবে। না হলে নির্বাচন হবে না। সেই গোলমাল কিছুটা ছড়িয়ে পড়েছিল, কিন্তু সঙ্গে সঙ্গেই পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রন করে। ১৪ জনকে গ্রেপ্তার করেছে এবং আনসারী সাহেবকে যারা মেরেছিল তাদের ৫ জনকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশ গোটা পরিস্থিতি খুবই দ্রুত নিয়ন্ত্রন করতে পেরেছিল, তা নাহলে গোলমাল আরো ছড়িয়ে পড়ত। সে প্রসঙ্গে আমি বলতে চাই যে, নির্বাচনে আমরা কেউ মারামারি চাইনি, আমরা তা চাই না। আমরা চেয়েছিলাম শান্তিপূর্ণ নির্বাচন হোক। সভার সহানুভূতি আদায়ের জন্য যাঁরা এই প্রস্তাব উত্থাপন করেছেন, তাঁদের কাছে আমার প্রশ্ন, গোলমাল কারা শুরু করেছিল? তাঁরা যদি এটা একটু বলেন তাহলে আমাদের তাহলে আমাদের বুঝতে সুবিধা হয়। তারপর সেই সঙ্গে আমি এই কথা বলতে চাই যে, এখানে দাবী করা হচ্ছে — ব্যাপকভাবে নির্বাচন বাতিল করতে হবে। কেন? নির্বাচন বাতিল করতে হবে, কারণ রিগিং হয়েছে। আমরা জানি, কংগ্রেস পার্টির পক্ষ থেকে, ক্যানডিডেটের পক্ষ থেকে সেখানে একটা চিঠি দেওয়া হয়েছিল বিকালের দিকে। তাতে বলা হচ্ছে, আমরা নির্বাচন থেকে সরে গেলাম এবং নির্বাচন বাতিল করা হোক, আবার এখানে ভোট নেওয়া হোক যেকথা এখন এখানে শুনছি। নির্দিষ্ট অভিযোগ কি ? ১৮টি কেন্দ্রের কোন অফিসারকে কেউ নির্দিষ্টভাবে বলেছেন ভোট করতে পারছেন না, এজেন্টকে, ক্যানডিডেটকে ভোট কেন্দ্র থেকে বার করে দেওয়া হয়েছে বলে কোন ভোটার ভোট দিতে আসতে পারছেন না? এইরকম কোন দির্দ্দিষ্ট অভিযোগ কোন ভোট কেন্দ্রে সারাদিনের মধ্যে একটাও ছিল না। সমস্ত গোলমাল হয়েছে রাস্তায়। নির্বাচন কেন্দ্রের মধ্যে কোন নির্দ্দিষ্ট অভিযোগ ছিল না। আমি দায়িত্ব নিয়ে বলছি সমস্ত গোলমাল হয়েছে বাইরে।

(গোলমাল)

ইচ্ছা থাকলে সারাদিনের মধ্যে একবার নয়, ১০ বার ভোট দিতে পারতেন। আপনারা তখন তাঁর দায়িত্ব নিলেন না আর এখন তাঁরজন্য দুঃখ প্রকাশ করছেন। যে অভিযোগ ওনারা করছেন তার উত্তরে আমি বলছি, যাঁরা নির্বাচন কর্তৃপক্ষ ছিলেন তাঁরা সব বিচার করেছেন, বিচার করে কোন কারণ খুঁজে পাননি। যে যে কারণে একটা কেন্দ্রের নির্বাচন বাতিল হয় বা পুর্ন-নির্বাচন করতে হয় তার কোন যুক্তিসঙ্গত কারণ তাঁরা কেউ খুঁজে পাননি। যদিও সোজাসুজি প্রস্তাবটা এসেছে যে [illegible] র পক্ষ থেকে বলে দেওয়া হোক এখানে নির্বাচন হবে কি হবে না, তার উত্তরে আমি বলছি [illegible] সেই অধিকার সেই সেখানে নির্বাচন করার। এরজন্য আমাদের সংশোধন আছে।

...দের ইলেকশন অথরিটি আছে। সরকার সোজাসুজি বলতে পারে না নির্বাচন হবে কি বাতিল হবে। আপনারা যে প্রস্তাব দিয়েছেন সেই প্রস্তাব মানার কোন অধিকার নেই, কোন প্রয়োজন নেই।

(গোলমাল)

এরজন্য ইলেকশন অথরিটি তৈরী করা হয়। ইলেকশন অথরিটি ঠিক করেন নির্বাচন বাতিল হবে কি হবে না। তাঁদের সিদ্ধান্ত হচ্ছে এই নির্বাচন সঠিক হয়েছে, বাতিল করার কোন কারণ নেই। তাঁদের মতই হচ্ছে এটা। সুতরাং আজকে এই সভায় যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে গ্রহন করার প্রয়োজন নেই। নির্বাচন সংগঠন যে রায় দিয়েছেন সেই রায়ই আমরা মেনে নেব।

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে আলোচনা হল তাতে দেখছি লজ্জিত লক্ষ্মীবাবু, দ্বিধাগ্রস্ত ফরওয়ার্ড ব্লক এবং আর. এস. পি. সদস্যরা এবং কিছুটা বিমর্ষ বুদ্ধদেববাবু। তাঁর জবাব শুনে যে ঘটনার কথা আমি আগে বলছি সেই ঘটনার প্রতি বিশ্বাস আরো দৃঢ় হল। কারণ আমি বারবার বলছি, সি. পি. এমের যে ভদ্রলোক ঐ ইলেকশন ডিজাইন করেছেন তাঁকে প্রণাম। এত সুন্দর কপিবুক রিগিং পশ্চিমবাংলার ইতিহাসে আর কোনদিন হয়নি। কিভাবে হয়েছে ? অবাঙালী এলাকায় ওঁরা বলেছেন প্রথমে ভোটারদের ভয় দেখাও। বিভিন্ন এলাকায় একজন বিধায়কের নেতৃত্বে রসিদবুকি এবং লাল যারা নটোরিয়াস ক্রিমিন্যাল এলিমেন্ট তাদের নিয়ে ৭ দিন ধরে ঘুরেছে। আর ইনসিডেন্ট ঘটেছে বেলা ১২টার সময় নয়, ভোর ৫টার সময় ইনক্যাম ট্যাক্স বিলডিং-রে সামনে প্রথমে বোম পড়লো, ওয়ারনিং দিল যে তোমরা ভোট দিতে যেও না।

**[5.10 – 5.20 p.m.]**

ওয়ার্ণিং দেওয়া হল যে, ভোট দিতে যেওনা। কাগজ বলছে এটা, আমি বলছি না - দলে দলে ক্যাডার এলো। ক্যাডাররা কোথা থেকে এলো? তারা বেলেঘাটার বিধায়কের নেতৃত্বে এলো বিদ্যাসাগরের বিধায়কের নেতৃত্বে এলো। রশিদ বুকি এসে আশ্রয় নিলো আলেয়া হোটেলের উপর এক হাজার লোক নিয়ে। বেলেঘাটার লোকেরা এসে নিজাম হোটেলের উপর আশ্রয় নিলো। সেখানে কসবার মিচকে বাবলু সহ অন্য লোকেরাও এলো এবং তারা ম্যাডান ষ্ট্রীটের মোড়ে পোজিশন নিলো এবারে সকাল থেকে লাইন করে তাদের দাঁড় করিয়ে দেওয়া হল যেখানে বয়স কোন ব্যাপারই নয় লাইন দেখে যাতে লোকেরা ভোট দিতে ভয় পায় তারজন্য লাইন দিয়ে ফলস্ ভোটার দাঁড় করিয়ে দেওয়া হল। একেবারে কপিবুক ! সাধুবাদ জানাই ওদের। সাধারণতঃ রবিবার নির্বাচন হলে লোকেরা টি. ভি দেখে সাড়ে নয়টা দশটার সময় বেরোয়। ওঁরা ভেবেছিলেন যে, ওরা যেসব লোক দিয়েছে তাতেই জিতবেন, কিন্তু দেখা গেল ভোটাররা বেরোতে শুরু করলেন। দেখলেন, সাড়ে দশটা পৌনে এগারটার সময় আস্তে আস্তে ভোটাররা ভোট দিতে যাচ্ছেন। সেই সময় আবার কপি বুক ! বাহব লক্ষ্মীবাবু ! লক্ষ্মীবাবুর নেতৃত্বে প্রথম আক্রমণ হল আলেয়া হোটেলের সামনে থেকে বেন্টিঙ্ক ষ্ট্রীটের মোড়ে আমাদের ক্যাম্পের উপর। সেখানে পাঁচশ লোক একসঙ্গে আক্রমণ করলো বোমা নিয়ে আমাদের ছেলেরা ছুটলো ওয়াটারলু ষ্ট্রীট দিয়ে। সেখানে ওমপ্রকাশ পোদ্দার শরীরে আহত হলেন. আহত হলেন বড়বাজার জেলা কংগ্রেসের সেক্রেটারী যজ্ঞেশ্বর শর্মা তিনি এখনো হাসপাতালে রয়েছেন। পুরোপুরি কপি বুক ! (একটি ধ্বনি : কারা করল এসব?) আমি বলছি, হাঁা, আপনার নেতৃত্বে হয়েছে। ঐ যে পালাচ্ছেন, ঐ গুন্ডা লক্ষ্মীবাবুর নেতৃত্বে ঐসব হল ... ম্যাডান ষ্ট্রীটে হিন্দুস্তান বিল্ডিং-এর পেছনে কপি-বুক হল। পৌনে বারটার সময় বেলেঘাটার চার-পাঁচশ গুন্ডা সেখানে বোমা ফাটিয়ে প্রথমে আক্রমণ করল কাগজের লোকের চোখের চামড়া। গুন্ডাদের চামড়া আছে, কিন্তু আপনাদের চোখের চামড়া পর্যন্ত নেই, কারণ কাগজের লোকের চোখের সামনে

কংগ্রেসীদের উপর এই আক্রমণ হল। ফলে সেখান থেকে আনসারী সাহেব তাড়াহুড়ো করে বেরোতে গিয়ে আহত হয়েছেন। যখন তিনি পড়ে গেছেন সেই অবস্থায় তাঁর পিঠে লাঠির বাড়ি পড়েছে। পুলিশের ও. সি. দাঁড়িয়ে রয়েছেন, কিন্তু তিনি সেসব দেখতে পেলেন না। সেখানে ওঁর চোখে আঘাত লেগেছে, হাত ছড়ে গেছে। আহত অবস্থায় মেডিক্যাল কলেজে নিয়ে যাবার পর সেখানে ডাঃ অমর ব্যানার্জী তাঁকে পরীক্ষা করে বলেছেন যে, তাঁর দৃষ্টি ফিরে আসতে কিছুদিন সময় লাগবে।— কপি বুক ! ম্যাডান ষ্ট্রীটের মোড়ে আমাদের অফিস ভেঙে দেওয়া হল। সোয়া বারটার সময় আবার এ্যাটাক হল এলিট সিনেমার সামনে। উদ্দেশ্য— প্যানিক ছড়িয়ে দাও; ভোটাররা বেরোচ্ছে, ওদের বেরোতে দিওনা, কংগ্রেসের বুথ ক্যাম্পগুলি ভেঙে দাও। সোয়া বারটার সময় কাজ ফিনিশ্ করবার জন্য এলিট সিনেমার সামনে আমাদের অফিস ভেঙে দেওয়া হল। সেদিন আমাদের ৮টি অফিস ভেঙে দেওয়া হয়েছে এবং আমাদের ১০জন আহত হয়েছে। আপনারা কি চান বলুন? বাই ইলেকশনে আমরা অংশ গ্রহণ করবো না? যেখানে ৪৬নং ওয়ার্ডে রশিদ বুবিকে নিয়ে আসা হবে, কসবার মিচকে বাবলুকে নিয়ে আসা হবে, লালকে নিয়ে আসা হবে, বেলেঘাটার নটরিয়াস গুণ্ডাদের নিয়ে আসা হবে, বলুন - আমরা ইলেকশনে অংশ গ্রহণ করবো না। কর্পোরেশন কে তো মেরে খেয়েছেন। দুটি বাজার বিক্রি করেছেন বলুন - আমরা নির্বাচনে অংশগ্রহণ করব না। কাজেই বলি, গণতন্ত্রের কথা বলবেন না। বুদ্ধদেববাবু আমার প্রশ্নের উত্তর দিয়েছেন! আমার লজ্জা করে। বলেছেন - সারা দেশ পাল্টাচ্ছে। হ্যাঁ, দেশ পাল্টাচ্ছে। ত্রিপুরায় আপনাদের সরকার ছিল, কিন্তু দেশ পাল্টাচ্ছে বলে ১০ বছর ক্ষমতায় থেকেও সরে যেতে হয়েছে। বুদ্ধদেববাবু, মনে রাখবেন, ১৯৮৭র বিধানসভা নির্বাচনে কংগ্রেস একা ৪৬ পারসেন্ট ভোট পেয়েছে, আর এতগুলো পার্টি মিলে আপনারা পেয়েছেন ৪৫ পারসেন্ট ভোট। আমরা ১০টি সিট পেয়েছি, আপনারাও পেয়েছেন ১০টি সিট। এবং কলকাতার সঙ্গে এ্যাডেড্ ৪০টি এলাকা যোগ না করলে কর্পোরেশন ইলেকশনেও আপনারা জিততে পারতেন না। আর বুদ্ধদেববাবুর নির্বাচন এলাকা, সেখানে ১৪টি কর্পোরেশন সিট; কিন্তু আমার নির্বাচন এলাকায় দেখুন, মাত্র ৪টি কর্পোরেশন সিট। তাও দেখছি, এখন বি. জে. পির উপর নির্ভর করে দাঁড়িয়ে রয়েছেন আপনারা। এই গোলমাল কে শুরু করলো সেটা, বুদ্ধদেববাবু, আপনি আমাদের জিজ্ঞাসা করছেন? আপনি বলুন না, কার ব্লু-প্রিন্ট ছিল এইরকম কপি বুক ? সত্যি আপনি মানুষকে বুদ্ধু বানিয়েছেন। আপনারা হিটলারকে পর্যন্ত শিক্ষা দিতে পারতেন এবং বাংলাদেশের প্রধানকেও এই বিষয়ে শিক্ষা দিতে পারতেন, কারণ এইরকম রিগড্ ইলেকশন আর কখনো হয়নি। যখন ম্যাডাম ষ্ট্রীটে আনসারী সাহেব পড়ে গেছেন সেই সময় যুব কংগ্রেসের সাধারণ সম্পাদক দুলাল রায় তাঁকে বাঁচাতে গিয়েছিল এবং তারফলে তাঁর মাথায় ২৭টি ষ্টিচ্ হয়েছে। দেখতে গেছেন একবার? বলছেন দুঃখ জনক ঘটনা হয়েছে, কিন্তু একবারও দুঃখ প্রকাশ করেছেন? আপনাদের লজ্জা করে না? কলকাতা শহরে ইলেকসন হচ্ছে, ১০টা জায়গায় বোমা পড়ে অথচ পুলিশ কি করল তার উত্তর পেলাম না। এম. সি. আর করা হয়েছে, ওমপ্রকাশ পোদ্দার থানায় গিয়ে এফ. আই. আর. করেছে, অর্থাৎ হেয়ার ষ্ট্রীট পুলিশ ষ্টেশনে এফ. আই. আর করেছে। একজনকেও গ্রেপ্তার করেছেন? সাহস আছে তাদের গ্রেপ্তার করার? এফ. আই. আরে যাদের নাম আছে তার মধ্যে একজন বিধায়ক আছেন নোটোরিয়াস ক্রিমিনালরা রয়েছে। আপনাদের সাহস আছে তাদের গ্রেপ্তার করার? আপনারা হোল ইলেকসন প্রসেস টাকে সাবভার্ট করেছেন, একে বলা যায় ইলেকশন রেপ হয়েছে। গতবারে কর্পোরেশন ইলেকসনে নাকি বিপ্লব হয়েছিল যে [illegible] থেকে [illegible] দলের প্রার্থী ১০ হাজার ভোটে হেরে গিয়েছিল, [illegible] করফিট হয়েছিল আজকে রাতারাতি একটা ওয়ার্ডে সাড়ে ৫ হাজার ভোটে জিতে এসেছেন। [illegible] বুদ্ধদেববাবু বললেন পঞ্চায়েত নির্বাচনে কেউ দাঁড়াতে পারে নি এ রকম রিপোর্ট আমার কাছে নেই। কে কমপ্লেন করবে? প্রার্থী নিজে ভোট দিতে পারছে না। লাথি মেরে দরজা থেকে

বার করে দিচ্ছে। এই পরিস্থিতিতে কে কমপ্লেন করবে? মানিকতলা আজাদহিন্দ এরিয়ার ভোট দিতে পারে নি। সংবাদপত্রে বেরিয়েছে পুলিশ অফিসার ভোট দিতে পারে নি। আমাদের প্রার্থীরা কেউ ১০ বার ভোট দেয় না সি. পি. এমের প্রার্থীদের মত। আমরা একবারই ভোট দিতে পেরেছিলাম এবং এই ৪৬ নম্বর ওয়ার্ডে এবং বড়বাজারে আমরা ৩ বছর আগে ইলেকসনে জিতেছিলাম। কলকাতা শহরে যে খেলা সুরু করেছেন এ আগুন নিয়ে খেলা। মনে রাখবেন এ খেলার কিন্তু রিবাউন্ড হবে, তখন শোক দিবস করবার জায়গা এই কলকাতা শহরে আর পাবেন না, আগরতলায় গিয়ে করতে হবে যেমন নৃপেন বাবুকে কাঁদতে হলে এখন কলকাতায় এসে কাঁদতে হয়। কাল তো বড়বাজারে ধর্মঘট হচ্ছে, আমি জানি কালকে আপনারা গুন্ডা নামাবেন, পুলিশ নামাবেন, আপনারা নির্বাচন প্রসেসকে সাবভার্ট করেছেন, ধ্বংস করেছেন। সমস্ত লজ্জা ত্যাগ করে পুলিশ এবং সাংবাদিকের চোখের সামনে নিউ মার্কেট এবং ধর্মতলা এরিয়ায় প্রকাশ্য রাজপথে আপনাদের এম. এল. এ. রা, কাউনসিলাররা গুন্ডা নিয়ে যে নির্লজ্জ এবং নগ্ন আচরণ করেছে তার বর্ণনা নীরেণ চক্রবর্ত্তীর মত কবিরাও দিতে পারবেন না। মনে রাখবেন দিন পাল্টাচ্ছে। ভয় দেখিয়ে কিছু লোককে কিছু দিনের জন্য হয়ত চেপে রাখতে পারবেন, কিন্তু ভয় দেখিয়ে সব লোককে চিরদিনের মত চেপে রাখতে পারবেন না, বুদ্ধু বানাতে পারবেন না।

আপনাদের রাজনীতি হচ্ছে কমিউনিষ্ট পন্থী রাজনীতি, ষ্ট্যালিন পন্থী, ফ্যাসিসট পন্থী রাজনীতি। বাংলার সি. পি. এম. দল ষ্ট্যালিন পন্থী, ফ্যাসিস্ট পন্থী। আপনারা আগে গ্রামে লাঠি টাঙি নিয়ে রাজনীতি করতেন, পশ্চিমবাংলার নির্বাচন প্রসেসকে আপনারা সাবভার্ট করেছেন, এখন দেখছি শহরেও সেই লাঠি, টাঙির রাজনীতি করছেন, বোমা, রিভলভার ব্যবহার করা হচ্ছে এবং পুলিশকে কাঠের পুতুল বানিয়ে দেওয়া হচ্ছে। আমি জানি সি. পি. এমের মধ্যে দু-একজন এখন আছে যাঁরা কোন এক সময় জেল খেটেছেন, একটু গণতান্ত্রিক এবং মানবিক মূল্যবোধ আছে, তাঁরা নিশ্চয় আমাদের প্রস্তাবের পক্ষে ভোট দেবেন। আমরা জানি এ জিনিষ আর বেশীদিন চলবে না। মনে রাখবেন দেওয়ালের লিখন। গণতন্ত্রকে এই ভাবে নির্বিচারে আক্রমণ করে নির্বাচনী প্রসেসকে সাবভার্ট করতে আর পারবেন না। ঐ বৃদ্ধ নলিনীবাবুকে আপনারা নিয়ে এসেছেন, আমরা দেখেছি ঐ শ্যামপুকুর ইলেকসনে বেলা ৯টার মধ্যে ভোট কেন্দ্র দখল হয়ে গেল। আমরা দেখেছি দু-নম্বর ওয়ার্ডটায় সকাল সাড়ে ৮টার মধ্যে দমদমের গুন্ডারা এসে রিভলভার দেখিয়ে আমাদের এজেন্টদের তুলে দিল। আমরা লিখিতভাবে সব জানিয়েছি। আমি দেখেছি সাড়ে ১২টায় গন্ডোগোল সুরু হয় নি। আমাদের প্রার্থী লিখিতভাবে জানিয়ে দিল, আমি প্রার্থী পদ প্রত্যাহার করছি, এই নির্বাচনের কোন মানে হয় না। এটা নির্বাচনের নামে প্রহসন হয়েছে এবং এই নির্বাচনের পদ্ধতি হল হোল ডেমোক্রেটিক প্রসেস বিরোধী। দুঃখের বিষয় এ কথাটা স্বীকার করবার সাহস আপনাদের নেই। বিধানসভার একজন সদস্য, তার গাড়ী ভেঙ্গে দিল, সুদীপ তখন গাড়ীতে না থাকলে তার মৃত্যু হোতো। বুদ্ধদেববাবুর বিবৃতিতে একবারও তার নামটা করলেন না। আমরা জানি কংগ্রেস কাউনসিলারদের নাম বলবেন না। বুদ্ধদেববাবু বাইরে সুশীল বালক, সাংস্কৃতিক কৃষ্টিবান, কিন্তু তাঁর ভিতরের শক্তি লাঠি, টাঙি, বোমা। বড়বাজার টালিগঞ্জ থেকে কসবা পর্য্যন্ত সমস্ত জায়গা ঐ লাঠি, টাঙিধারীরা কাঁপিয়ে রেখেছে কলকাতা শহরে এক সন্ত্রাস সৃষ্টি করেছে। দুঃখের বিষয় আপনারা পুলিশকে নিষ্ক্রিয় এবং নপুংষক করেছেন। ঐ গুন্ডারাই হচ্ছে আপনাদের শক্তির ভিত্তি, তাই তাদের সম্বন্ধে কিছু বলবেন না। কিন্তু মনে রাখবেন যতদিন পর্য্যন্ত আমাকে ব্যক্তিগতভাবে মেরে না ফেলছেন, সব কংগ্রেস কর্মীদের মেরে না ফেলছেন ততদিন পর্য্যন্ত আমরা প্রতিবাদ করছি এবং করব। এ কথা বলে এই প্রস্তাব সমর্থন করার জন্য সকলের কাছে আবেদন জানিয়ে বক্তব্য শেষ করছি।

The motion of Shri Saugata Roy that –

"This House views with grave concern that –

(i) there were large scale disturbances during the bye-election to the Calcutta Muncipal Corporatin for Ward No. 46 on the 4th September, 1988 ;

(ii) the supporters of the major ruling party demolished large number of Congress booth camps and attacked Congress Workers causing injuries among others to a former minister of the State government ;

(iii) a large number of voters including the Congress candidate were forcibly prevented from exercising their franchise; and

(iv) the Police have failed to control the situation and stop the trouble ;

This House, therefore, urges upon the Sate Government to declare the bye-election void and cause an enquiry to probe into the charges of irregularities in the election."

was then put and a division taken place with the following results

**NOES**

Abul Basar, Shri

Abul Mansur Habibullah, Shri Syed

Anisur Rahaman Biswas, Shri

Bagdi, Shri Bijoy

Bal, Shri Shakti Prasad

Bera, Shri Bishnupada

Bera, Shri Pulin

Bhattacharya, Shri Buddhadeb

Bhattacharyya, Shri Gopal Krishna

Bhattacharyya, Shri Satya Pada

Biswas, Shri Benoy Krishna

Biswas, Shri Jayanta Kumar

Bose, Shri Nirmal Kumar

Chakraborty, Shri Shyamal

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama

Chattopadhyay, Shrimati Sandhya

Chattopadhyay, Shri Santasri

Das, Shri Ananda Gopal

Das, Shri Bidyut

Das, Shri Binod

Das Gupta, Shrimati Arati

Deb Sharma, Shri Ramani Kanta

Dey, Shri Lakshmi Kanta

Ghatak, Shri Santi Ranjan

Ghosh, Shri Kamakhya Charan

Ghosh, Shrimati Minati

Giri, Shri Sudhir Kumar

Hajra, Shri Sachindranath

Hazra, Shri Haran

Hira, Shri Sumanta Kumar

Jana, Shri Manindra Nath

Kumar, Shri Pandab

Kumar Shri Himansu

Let, Shri Dhirendra

Mahato, Shri Bindeswar

Maity, Shri Bankimbehari

Maity, Shri Hrishikesh

Maity, Shri Sukhendu

Majhi, Shri Raicharan

Majumdar, Shri Sunil Kumar

Mitra, Shrimati Jayashree

Mohammad Ramjan Ali, shri

Mohammad, Shri Shelim

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Ganesh Chandra

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Sailendra Nath

Mondal, Shri Shashanka Sekhar

Mukherjee, Shri Amritendu

Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bimalananda

Mukherjee, Shrimati Mamata

Mukherjee, Shri Manabendra

Mukherjee, Shri Narayan

Murmu, Shri Maheswar

Nanda, Shri Kiranmoy

Nath, Shri Monoranjan

Paik, Shri Sunirmal

Phodikar, shri Prabhas Chandr

Pradhan, Shri Prasanta Kumar

Ray, Shri Matish

Ray Shri Subhas Chandra

Roy, Shri Tapan

Roy Barman, Shri Khitibhusan

Saha, Shri Kripa Sindhu

Sarkar, Shri Sunil

Satpathi, Shri Abani Bhusan

Sen, Shri Nirupam

Sen, Shri Sachin

Sen Gupta, Shrimati Kamal

Sen Gupta, Shri Prabir

Seth, Shri Lakshman Chandra

Shish Mohammad, Shri

Sinha, Shri Prabodh Chandra

Soren, Shri Khara

Sur, Shri Prasanta Kumar

**ABSTENTIONS**

Purkait, Shri Prabodh

Sarkar, Shri Deba Prasad

**AYES**

Abdus Sattar, Shri

Adhikary, Shri Tarun

Bandyopadhyay, shri Sudip

Banerjee, Shri Amar

Banerjee, Shri Mrityunjay

Bapuli, shri Satya Ranjan

Basu, Shri Supriya

Ghosh, Shri Asok

Gyan Singh Sohanpal, Shri

Habibur Rahaman, Shri

Khaitan, shri Rajesh

Majumdar, Shri Apurbalal

Mannan Hossain, Shri

Mukhopadhyay, Shri Subrata

Nurul Islam Chowdhury, Shri

Roy, Dr. Sudipta

Roy, Saugat

Singh, Shri Satya Narayan.

**Mr. Speaker :** Ayes being 18 and the Noes 78, the motion was lost.

**Shri Santasri Chattopadhyay :** Sir, I beg to move that–

"This House expresses its grave concern and deep resentment against the Defamation Bill, 1988 which has been introduced and passed in the Lok Sabha in an unseemly haste;

This House observes that in the teeth of the mounting opposition and resistance from people of all walks of life and particularly from the Press, the Prime Minister has decided not to introduce the Bill in the Rajya Sabha at Present and has set up a Ministerial Committee to open dialogue with the Press ;

This House appreciates the stand taken by the Journalists to observe a day's token strike throughout the country on 6th September, 1988, demanding unconditional withdrawal of this draconian bill;

This House while strongly denouncing this anti-people and undemocratic Bill urges upon the Government of India through the State Government for its immediate withdrawal."

## POINT OF ORDER

**Mr. Speaker :** Mr. Saugata Roy, what is your point of order ?

**Shri Saugata Roy :** Sir, my point of order does not relate to the contents of the motion, and as you know, Sir, That we have decided to participate in the discussion on this Bill. My point of order is entirely on a procedural question. Sir, please see the September 6, 1988 Bulletion, Part II, wherein 2 notices of motions were given, one by Shri Deba Prassad Sarkar and another by Shri Santasri Chattopadhyay ; both relate to the motion of the Defamation Bill. Sir

let us look again at the motion before us to-day. We find there a different motion standing in the name of several members, instead of the one and the other one, as earlier have been included. The report of the Business Advisory Committee was also presented in the House and It was adopted by the House, where, at that time, only 2 motions by Shri Deba Prasad Sarkar and Shri Santasri Chattopadhyay - were mentioned. Sir, that was also circulated. Now without the leave of the House, Sir, it seems that those motions have been withdraw, and a fresh motion signed-a different motion signed - by altogether a large number of members, has been included. Sir, I think that this is contrary to the practices that are followed in the House.

Sir, my further submission is and here please allow me to read the motion with me. That the motion has several clauses like 'which has been introduced and passed in the Lok Sabha in an unseemly haste'. 'Unseemly haste'', please note Sir, Again, 'Strongly denouncing this antipeople and undemocratic and demanding unconditional with drawl of this draconian Bill'. Sir, if you please go through the Rule 187(2) which runs as follows : 'it shall not contain arguments, inferences, ironical expressions, imputations or defamatory statements'. Sir, the word 'unseemly haste' here is acting as an adjective. Is it not an imputation ? Is it not an inference that the haste was unseemly ? Sir, this, in the body of the motion is not called for at all. Sir, my 3rd objection is concerned with a more basic thing and not only that Sir.................

**Mr. Speaker :** Mr. Roy, which rule you fefer to ?

**Shri Saugata Roy :** Sir, here I refer to rule 187(2)– 'it shall not contain arguments, inferences, ironical expressions, imputation or defamatory statements'. There these are the conditions of admissibility of a motion. I have already said that this word 'unseemly haste' is derogatory and also defamatory statement against the Parliament. One can say something about something. But this word 'unseemly haste' along with the word 'draconian bill' is attacking the very basic things of the Bill passed by the parliament, rightly or wrongly. Lastly, Sir, my objection is based on a more fundamental ground. the same objection I have raised earlier also in the House, Sir, when this House discussed the 59th Constitution Amendment Bill. Now here I refere to a ruling given by the Speaker, Shri Sailo Kumar Mukherjee on the 6th April, 1954, as to whether a resolution the subject matter of

which is not primarily concerned with the State of West Bengal is admissible ? Here Shri Mukherjee had given his ruling. There are certain matters in the State list and there are certain matters in the Union List.

**[5.30 - 5.40 p.m.]**

Those matters which relate to Union List need not be discussed. I refer to the same ruling on the same subject also deted 7th August, 1952, when in reply to a point raised by Shri Jyoti Basu, Shri Saila Mukherjee has given a resolution.

Lastly, my point is that, Sir, the motion deals with a Bill which was introduced and passed in one House of Parliament. Now you know that in such a case the process is that once it is passed by one House, it is sent to the other House with a message asking it to pass the Bill. It may be passed, it may be thrown out. It may not pass that; it may even be thrown out in the Rajya Sabha. It has happened before. Now as long as that process is not complete, the Bill continues to be the property of Parliament. Now, at this stage, I ask you, Sir, in all wisdom, is it proper for us to discuss in this forum of this August House something which is still the property of Parliament or any other State Legislature ? How would you take it that if a Bill passed by this House, not even assented by the Governor, was discussed in M.P. Assembly or in Orissa Assembly, while it was under consideration stage ? This would clash with the basic sovereignty of the individual Houses.

I am raising this because it is necessary to arrive at a proper procedure in discussion of things inside this House. I am not going at all into the merit of it. Our Hon'ble Speaker is there who will speak on the merit once if and only when you over rule my objections, because I want to make the record straight. I want to put it on record that now the discussions of the Bill will be violative of Parliamentary practices, precedences, norms, conventions and sovereighty of individual Houses of Legislature.

I would like you to please give the ruling on this Sir.

**Shri Abdus Sattar :** Mr. Speaker, sir,in support of Mr.Saugata Roy, who was given a notice to you, Sir, I also like to say that this motion that has been brought is in contravention of rule 187 which has been referred to by Mr. Saugata Roy.Moreover, Mr.Speaker,Sir,I

like to refer to practice and Procedure of Parliament of Kaul & Shakdher (3rd Edn.) at page 223. There, Mr.Speaker, "it is said it is a breach of privilege and contempt of the House to make speeches, or to print or publish any libels reflecting on the character or Proceedings of the House or its Committees of any member of the House for or relating to its Character or conduct as a member,of Parliament,"i.e.,in the Parliament - this is the ruling, at page 223. ".....to make speeches, or to print or publish any libels reflecting on the character or proceedings of the house or its Committees," - here the Bill has been passed by the Lok Sabha......

**Mr. Speaker** : How is it concerned with the proceedings of the Lok Sabha ? Then no Bill can be debated in the Courts ? We always argue in the Courts; and then it cannot be debated if it is called ultra vires, a malice,a mal-intent ? How it becomes a breache of privilege....

**Shri Abdus Sattar** : Sir, that is a different matter. This Assembly has got no power to make it ultra vires. Sir,.....

**Mr. Speaker** : You go on.

**Shri Abdus Satter** : Sir, this Assembly has got no power over that, because rule 187 also says - "it shall not contain arguments, inferences, ironical expressions, imputations or defamatory statements. "Here the word that has been used is "in an unseemly haste." The word 'unseemly haste' used here means the Lok Sabha has passed it is an unseemly haste. I think it is a reflection on Lok Shaba. This House cannot say that the Lok Sabha has passed the Bill in an 'unseemly haste'. This is a reflection on the Lok Sabha, on the proceedings of that House. So, this motion is defective in accordance with the rules and also derogatory because it says something about Lok Sabha. This Bill has not yet been processed to the Rajya Sabha. I do not know whether this is ironical expression or not . If it is so, than this cannot be dine under rule 187 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. Moreover, there is a ruling of the Lok Sabha that if it reflects on the chracter and the proceeding of other House - It should not be discussed. Again you have got power to disallow it. Sir, please see page 577 of the Practive Procedure of Parliament - Kaul and Shakdher. I quote -"A motion or a part thereof may be disallowed by the Speaker, if in his opinion it

is an abuse of the right of moving a motion or is calculated to obstruct ..." Sir, this is a clear abuse . I am in additions to what Mr. Saugata Roy has stated. I want to say that this motion has used some words which reflect on the character of the proceedings of the Lok Sabha and which this House can not do. Similarly the Parliament also cannot do and say anything about the proceedings of this House. So, I want to say that this is out of order. I hope and expect your ruling in this regard .This House cannot consider it because it is still under consideration of the Lok Sabha.

**শ্রী নির্মল কুমার বসু :-** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার বিরোধীপক্ষের দুইজন মাননীয় সদস্য - বিরোধী নেতা আবদুস সাত্তার এবং সৌগত রায় মহাশয় কিছু বৈধতার প্রশ্ন তুলেছেন, এই প্রস্তাব আলোচনার ব্যাপার। তাই বৈধতার প্রশ্নটা যে ঠিক ভাবে তুলেননি এটা সৌগত বাবু নিজেই বুঝেছেন। তাই তার বক্তব্যের সময় বলেছেন ইফ ইউ রুল আউট, তাহলে আমাদের বক্তব্যের মেরিটের উপর বলবেন ফলে উনি আগেই ধরে নিয়েছেন যে আপনি রুল আউট করবেন।

( গোলমাল )

ওরা যখন বলছিলেন, তখন আমরাতো কোন কথা বলিনি - আমাকে বলতে দিন। এখানে যে যুক্তিগুলি দেখিয়ে আপত্তি করছেন, এই যুক্তিগুলি ঠিক নয়, এখানে সৌগতবাবু চারটি যুক্তি এনেছেন, প্রথম হচ্ছে বিজনেস এ্যাডভাইসারী কমিটির মোশানযেভাবে তৈরী করা হয়েছিল, যখন নামে মোশান আসবে - তখন দেখা হবে বিজনেস এ্যাডভাইসারী কমিটিতে কোন বিষয় আনা হবে, সেটাই ঠিক করা হয়। সেটা ঠিক হয়েছে যে ডিফামেশান বিল,১৯৮৮ এর উপর প্রস্তাব আনা হবে।ওই ব্যাপারে মাননীয় অধ্যক্ষ মহাশয়ের চূড়ান্ত ক্ষমতা আছে। ব্যাপারটা পুরোপুরি টেক্নিক্যাল, এর বেসিক কোন পয়েন্ট নেই। দ্বিতীয় হচ্ছে, যেকথা সৌগতবাবু, সাত্তারসাহেব দু'জনে বলবার চেষ্টা করেছেন বিধানসভার রুল কোট করে প্রস্তাবের বয়ানে কোন ইমপিউটেশান, রিফ্লেকশান দেখা যায়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমরা যেসব প্রস্তাব পাশ করেছি এই অধিবেশনেও যা পাশ করেছি আপনি দেখুন তার মধ্যে এই ইমপিউটেশন রিফ্লেকশন আছে কিনা। কানাকে কানা বললে যদি রাগ হয় তাহলে কি বলব?কানাকে তো কানা বলতেই হবে। এটাকে যদি কেউ বলে ইমপিউটেশান, রিফ্লেকশান কিছু করার নেই। এই ডিফামেশান বিল সম্পর্কে বলতে হবে ভাল ভাল কথা এ বলা যায় না। আর প্রাক্তন মাননীয় অধ্যক্ষ শৈল কুমার মুখার্জীর রুলিং উল্লেখ করেছেন যে পশ্চিমবঙ্গের ব্যাপার প্রত্যক্ষ ভাবে যুক্ত নয়, সংবাদপত্রের কন্ঠ রোধ করার ব্যাপার। পশ্চিমবঙ্গের স্বার্থের সঙ্গে যুক্ত নয়। সংবাদপত্র এখানে কাজ করবে না? শেষ কথা যেটা বলেছেন এটা সংসদে এখনও রয়েছে, সংসদে যেটা বিচারাধীন সেটার আলোচনা আমরা কি করে করি। একথা আমরা কি করে বলছি?

( তুমুল গোলমাল )

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংসদে যে বিষয়টা বিচারাধীন সেটা আলোচনা করা যায় এখানে ঘটনা কি হয়েছে - লোকসভায় পাশ হবার পর রাজ্যসভায় আনা হল না, রাজ্যসভা, লোকসভা বনধ্ হয়ে গেল। প্রধানমন্ত্রী বললেন এই বিল নিয়ে আমরা আলোচনা করতে চাই, সকলের মত আনতে চাই। যদি আমরা আলোচনা না করি তাহলে মত জানব কি করে? উনি ঘোষনা করলেন ৫ জনের কমিটি করে দিলাম মন্ত্রীদের নিয়ে, সকলের সংগে আলোচনা করুন। ওঁরা আলোচনা চাইছেন, আমরা

আলোচনা করছি, এটা বিচারাধীন বিষয় নয়।

**Shri Rajesh Khaitan** : Sir, you will appreciated that a very substantial question has been raised as a point of order about the competence of this House.

**Mr. Speaker** : Mr. Kaitan, I think, that is in your opinion.

**Shri Rejesh Khaitan** : No, Sir, it is in the opinion of every person. Sir, I suggest that Mr. Naranarayan Gupta, the Advocate General of this State should come here to give his opinion in this matter. In the Lok Sabha the Advocate General of the Central Government is called to parliament to give his opinion. So, Sir, I request you that Mr. NaranarayanGupta may be asked to come here and enlighten us whether this House is comptent to discuss such matter

**Mr. Speaker** : Mr. Khaitan, I do not consider myself less comptent to decide on this matter.

**Mr. Speaker** : Honourable Member Shri Saugata Roy has raised point of order on two grounds regarding the maintainability of this motion. The first ground is that on 6th September when the motion was circulated, there were two motions on this subject - one by Shri Deba Prasad Sarkar and another by Shri Santasri Chattopadhyay - under Rule 185. He has drawn my attention to Bulletin Part II. But I think Shri Saugata Roy has failed to notice that that was printed as 'no-day-yet-named Motion and which has not been considered by the Business Advisory Committee. I will draw his attention to Bulletin Part II of September7,1988 where the report of the Business Advisory Committee States that the motion under Rule 185 regarding the defamation Bill would be descussed on 9.9.88. The notice was given by Shri Santasri Chatterjee, Shri Kripa Sindhu Saha, Shri kamakhya Charan Ghosh, Shri Bimalananda Mukherjee, Shri Jayanta Kumar Biswas and Shri Deba Prasad Sarkar.I think that I have succinctly answered the point. The other point raised by him is on technical ground. I am giving my rulling.

Now, regarding the first point, he says that under Rule 187(2) of the Rules of Procedure and Conduct of Business of the West Bengal Legislative Assembly, this motion contains arguments, inferences, ironical expressions, imputations or defamatory statements which are a bar under that rule. Before the motion was admitted I have gone through it and approved it, and I did not find it being attracted by the

Provisions of Rule 187(2). We must understand that in a democracy criticism is a basic right of all Indian citizens. I think, the democratic right is to criticise - criticise acts of Parliament, and also to give comments on judgments passed by the Hon'ble High Court and Supreme Court. The law gives them liberty. And within Parliament, if this cannot be discussed, I do not know than where it can be discussed. Now, the other point he raised is also within this provision.He says that the Bill has been passed by the lok Sabha and not yet passed by the Rajya Sabha. This point is supported by Shri Abdus Sattar Also. The Bill has been passed by the Lok Sabha and not yet passed by the Rajya Sabha. This point is supported by Janab Abdus Sattar also. I repeat the Bill has been passed by the Lok Sabha and not by Rajya Shaba. This point is also supported by Janab Abdus Sattar, the honourable member. He says that when both the Houses of Parliament are in seizin of the matter it should not be discussed in this forum. Bills become subject to public opinion, before or after these are passed. That is the method of passing the bill. That's why there is the third reading. the other thing is that Lok Sabha has passed this Bill. It is not in seizin of this Bill anymore. It has been forwarded to the Rajya Sabha. The Rajya Sabha has not yet introduced the Bill, The procedure is when the Lok Sabha passes a Bill, it goes to the Rajya Sabha. The Rajya Sabha discusses the Bill and send it back to the Lok Sabha. The Rajya Sabha may not pass the Bill. The Rajya Sabha may amend the Bill. The Rajya Sabha may return it for its reconsideration. But, what the Rajya Sabha is going to do we don't know. At present it is in a suspended animation because it has not yet been moved in the Rajya Sabha.

**[5.50 – 6.00 p.m.]**

It has not yet been moved in the Rajya Sabha. If the Bill would have been introduced in the Rajya Sabha then we could have said that the Rajya Sabha was in seizin of the Bill. At the present moment, we can only say that the Bill is in suspended animation because, it is not in mogement in either of the Houses. It can remain in a suspended animation for a certain period of time. Till such time people are not allowed to give their comments, they are not allowed to discuss it. If that is democracy, then I refuse to agree with that philosophy. On earlier occasions, we had discussed the bills passed by the Bihar Bidhan Sabha, Bihar Bidhan Parishad. We had also

disscussed the bills passed by the Lok Sabha, we had discussed the bills passed in Karnataka. We had discussed about different parts of foreign countries. We had discussed South Africa, we had discussed Vietnam and Namibia. Then what is the bar in discussing problems relating to democratic rights of our own country? As such the point is overruled. It has no bar.

Now, I call upon Shri Sudip Bandyopadhyay to move his amendments.

**Shri SUDIP BANDOPADHYAY** : I beg to move that –

1. In para1,line 1 for the words "and deep resentment against", the word "at" be substituted.
2. In para 1, line 3, the words : "in an unseemly haste" be ommited.
3. In para 2, lines 1to 3for the words "observes that in the teeth of the mounting opposition and resistance from people of all walksof life particularly from the press". the words " appreciates that talking into concideration the views expressed by the Media and others and in order to arrive at a consensus with the Fourth Estate, keeping an open mind on the various featurs of the Bill", be substituted
4. In para 2, line 5 after the words "the Press". the words : "and other interested parties and to initiate a public debate on the subject" be added.
5. In para 3, line 3 the words "demanding unconditional withdrawal of this draconian bill" be omitted.
6. For the para 4, the following be substituted :

   "This House urges upon the Prime Minister through the Government of West Bengal to favourably examine the suggestion for the withdrawal of the Bill".

মাননীয় স্পীকার মহোদয়, আজকে একটি অত্যন্ত সংকোচনশীল বিষয়ের প্রতি আমরা আলোচনায় অংশগ্রহণ করতে এসেছি আপনি যদিও প্রথমেই এখানে আশংকা প্রকাশ করেছিলেন, আমরা সংবাদপত্রে দেখেছি যে, আমরা নাকি আলোচনায় অংশগ্রহণ করব না।কিন্তু আপনার সেই আশংকা ভুল প্রমান করে আমরা অলোচনায় অংশগ্রহন করতে এসেছি।আমি এখন আপনার সামনে প্রথমেই একটি বক্তব্য তুলে ধরতে চাই। বৃহৎ পুঁজির স্বার্থে বিশেষ করে কিছু দৈনিকের ভূমিকা বিপজ্জনক। স্বার্থের চাল, কায়েমী স্বার্থের চাপে সত্য সংবাদ পরিবেশনার ঐতিহ্য ক্রমাধ্বয়ে কলুষিত

হচ্ছে,বলে আমার মনে হয়। সংবাদপত্র জগতকে এবং তাঁদের ভুলকে চেপে ধরে সঠিক পথে আনবার জন্য একটি বাজেট বক্তৃতা আপনাদের সামনে উপস্থিত করতে চাই। বাজেট বক্তৃতায় বলা হচ্ছে যে, বৃহত পুঁজির স্বার্থে বিশেষ করে কিছু দৈনিক সংবাদপত্রের ভূমিকা বিপজ্জনক কায়েমী স্বার্থের চাপে সত্য সংবাদ পরিবেশনার ঐতিহ্য ক্রমাধয়ে কলুষিত হচ্ছে এই বক্তব্যটি ১৯৮৭/৮৮ সালের মাননীয় তথ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের বাজেট বক্তৃতা হিসেবে উত্থাপিতকরা হয়েছে। অর্থাৎ এক শ্রেনীর সংবাদপত্রের ভুমিকা, যারা বৃহত পুঁজির স্বার্থ রক্ষা করে কিংবা যাদের মাধ্যমে ঐতিহ্য ক্রমাধ্বয়ে কলুষিত হচ্ছে— বিধানসভার অভ্যন্তরে যখন এই বক্তব্য উত্থাপিত হয় তখন নিশ্চয় এটা সহজেই অনুমান করা যায় যে, সংবাদপত্রের ভূমিকা নিয়ে, সংবাদপত্রে র স্বাধীনতা নিয়ে যারা আজকে যতই বড় কথা বলুন না কেন, পরোক্ষভাবে তাদের অত্যন্ত সুকৌশলে সংবাদপত্রের গনতান্ত্রিক অধিকারর উপর হস্তক্ষেপ করার একটা প্রবনতা নিশ্চয় বাজেট বক্তৃতার মধ্য দিয়ে প্রতিফলিত হয়েছে ২৯/৭/৮৮ সালে এই বিল পার্লামেন্টে প্লেসড হয়েছিল। এটা আপনাদের জানা দরকার যে, কিছুক্ষনের জন্য ওয়াক আউট করার পর এই বিলে কারা কারা অংশগ্রহন করেছিলেন?

আলোচনা করেছিলেন, শ্রীসোমনাথ চ্যাটার্জী, শ্রী আয়াপ্পু রেড্ডী, শ্রী সৈফুদ্দিন চৌধুরী, শ্রীমতি গীতা মুখার্জী, শ্রী হান্নান মোল্লা, শ্রী অজয় দত্ত, শ্রী ইন্দ্রজিৎ গুপ্ত, শ্রী নারায়ণ চৌবে, শ্রী দীনেশ গোস্বামী, শ্রী দত্ত সামন্ত, শ্রীমেতরাম এবং শ্রী মধু দন্ডবতে। ৯ ঘন্টা আলোচনা হয়েছিল এই বিলের উপর এবং ১২ জন বক্তা এতে অংশগ্রহন করেছিলেন বিভিন্ন রাজনৈতিক দল থেকে এবং তাতে ৬টা এ্যামেন্ডমেন্ট এসেছিল। এমন নয় যে পার্লামেন্টে ভা লোকসভায় বিল প্লেসড হবার পর তা নিয়ে আলোচনা হয়নি বা এ্যামেন্ডমেন্ট আসেনি। ৯ঘন্টা আলোচনা হয়েছিল বা ৬টা এ্যামেন্ডমেন্ট সেখানে পড়েছিল। আপনাদের অবগতির জন্য জানাই সেই ৬টি এ্যামেণ্ডমেন্টের মধ্যে একটি এ্যামেণ্ডমেন্ট ছিল অমল দত্তের, একটি শ্রীমতি গীতা মুখার্জীর এবং আর একটি শ্রী আয়াপ্পু রেড্ডীর, এই তিনটি এ্যামেন্ডমেন্ট সরকারপক্ষ মূল প্রস্তাবের সংগে সংযোজিত আকারে গ্রহন করে তারপর সেই বিল লোকসভার সামনে উপস্থিত করেছিলেন এবং সেই এ্যামেন্ডমেন্টগুলি হাউসে গৃহীত হয়েছিল। অর্থাৎ ৬টির মধ্যে তিনটি এ্যামেন্ডমেন্ট হাউসে গৃহীত হয়েছে। এক ডজন বক্তা ৯ ঘন্টা বক্তব্য রাখার পর এবং তিনটি এ্যামেন্ডমেন্ট গৃহীত হবার পর সেই বিল যখন লোকসভা থেকে রাজ্যসভায় যায় তারপর থেকে বলা শুরু হ'ল — যখন মাননীয় প্রধানমন্ত্রী মহাশয় রাজ্যসভায় সেই বিল উত্থাপন না করার কথা ঘোষনা করলেন তখন থেকে বিরোধী দলগুলি বলতে শুরু করলেন যে, আমরা চাই, total withdrawal of the bill and we oppose the bill intoto. অর্থাৎ, প্রথম দিকে যে প্রতিবাদ প্রতিধ্বনিত হয়নি পরবর্তীকালে সেই প্রতিবাদ প্রতিধ্বনিত হয়েছে। অনেকে ভাবছেন, প্রধানমন্ত্রী যখন এই বিলটি বিভিন্ন সংবাদপত্রের সাংবাদিক, সম্পাদক এবং জনগনের বিচারের জন্য খুলে দিয়েছিলেন তখন হয়ত এটা প্রত্যাহার হলেও হতে পারে তাই আজকে সেই কারনে তাদের বক্তব্যের মধ্যে উগ্রতা অনেক বেশী প্রকাশিত হয়েছে। কিন্তু স্যার, যাদের মাধ্যমে আজকে এই হাউসে এই মোশন এসেছে সেই পশ্চিমবঙ্গ সরকার কি এমনভাবে গেজেট নোটিফিকেশন করেনি যে কোলকাতা এবং পশ্চিমবঙ্গের কোন পুলিশ অফিসার সাংবাদিকদের সঙ্গে প্রত্যক্ষভাবে বা সরাসরি কথাবার্তা বলতে পারবেন না? নির্দেশে বলা হয়েছে যে সরকারের এই নির্দেশ প্রত্যেক পুলিশ অফিসার এবং বিভিন্ন থানার ও.সি. মেনে চলতে বাধ্য থাকবেন। কয়েকদিন আগেই স্যার, দেখলাম, এখানে যখন দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল বিল নিয়ে আলোচনা হচ্ছিল তখন আমাদের পক্ষের একজন মাননীয় সদস্য যখন প্রশ্ন তুলেছিলেন যে এই বিলের বেশ কিছু অংশ আগেই একটি পত্রিকাতে প্রকাশিত হয়ে গিয়েছে তখন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সে কথা শুনে বলেছিলেন যে 'এটা হচ্ছে

আমাদের শত্রুপক্ষের কাজ, তারা এটা প্রকাশ করে দিয়েছে। স্যার, সংবাদপত্রের কোন সাংবাদিক তার যোগ্যতা এবং কৃতিত্ব বলে যদি কোন ঘটনা সংবাদপত্রে প্রকাশিত করে থাকে এবং সেই সংবাদ প্রকাশের ঘটনাকে রাজ্যের একজন মুখ্যমন্ত্রী যদি বলেন এটা আমাদের শত্রুপক্ষের কাজ তাহলে যে সাংবাদিক বা যে পত্রিকা এই কাজ করে থাকুক — আজকে কি গনতন্ত্রের প্রতি এটা তাঁর হস্তক্ষেপ নয়? গনতন্ত্রকে কি ত্যাগ করা হচ্ছে না ? আজকে এইভাবে গনতন্ত্রের প্রতি, সংবাদপত্রের স্বাধীনতার প্রতি কি হস্তক্ষেপ করা হচ্ছে না। তারপর এই রাজ্যসরকারের একজন পুর্তমন্ত্রী, তিনি সাংবাদিকদের বারবনিতার সংগে তুলনা করেছিলেন এবং প্রেস ক্লাবকে বলেছিলেন মাতালদের আড্ডাখানা। আজকে বলুন, সে কথা বলার পরেও তাঁকে সরকারীভাবে কেন তিরস্কার করা হল না? স্যার, আজকে একথা সকলের জানা দরকার যে, কর্ণাটকের জনতা পার্টির শ্রীরামকৃষ্ণ হেগড়ে মুখ্যমন্ত্রী থাকাকালীন প্রেসের উপর একটি বিল এসেছিলেন। সেই বিলে তিনি যে বিধি নিষেধ আরোপ করেছিলেন তাতে যে সমালোচনার ঝড় উঠেছিল তার ফলে ১।। মাস পরে রামকৃষ্ণ হেগড়েকে সেই বিল তুলে নিতে হয়েছিল।

**[ 6-00 – 6-10 p.m.]**

কিন্তু গত বছর যখন এই বিল কর্ণাটকে প্রেস হয়েছিল তখন আমাদের এই বিধানসভা চলেছে কিন্তু আমরা দেখিনি এই বিধানসভার মধ্যে কর্ণাটকের সেই বিলকে নিয়ে আলোচনা হয়েছে, সমালোচনা হয়েছে। আমরা দেখেছি যে প্রকাশ্য জনসভায় সংবাদপত্রগুলিকে হুমকি দেওয়া থেকে শুরু করে সরকারী বিজ্ঞাপনের আনুকুল্য কারা বেশী পাবে, কারা কম পাবে তা নিয়ে প্রকাশ্য জনসভায় তাদের দাঁড় করিয়ে কি ভাবে অত্যাচার করা হয়েছে। ৮ই জুলাই ১৯৬৯ সালে আনন্দবাজার পত্রিকার উপরে ছাত্র ফেডারেশনের হামলার কথা বাংলার মানুষ জানে। ছাত্র ফেডারেশনের সেই হামলাকে গনতন্ত্রের মাথায় সর্পাঘাত বলে চিহ্নিত করা হয়েছে। ৫১ দিন আনন্দবাজার পত্রিকার স্ট্রাইক হয়েছিল। ইউনিয়নের নামে সাংবাদিকদের লাঠির ঘায়ে আহত করা হয়েছিল। তাদের সম্পাদক, সহসম্পাদক থেকে শুরু করে অনেক সাংবাদিক সেদিন আহত অবস্থায় হাসপাতালে ছিলেন। ৫১ দিন ধরে সেই পত্রিকার ধর্মঘট হয়েছিল এবং সেখানে অত্যাচার এবং জুলুম চলেছিল। সেখানে কি সংবাদপত্রের কন্ঠরোধ করা হয়নি? সংবাদপত্রকে কি সেখানে আনুকুল্য দেওয়া হয়েছে? স্টেটসম্যান, আজকাল, বর্তমান থেকে গণশক্তিকে বেশী বিজ্ঞাপন দেওয়ার কথা রাজ্যসরকারের মন্ত্রী বুদ্ধদেববাবু নিজে বলেছেন এই বিধানসভায় দাঁড়িয়ে। আজকে একথা আমাদের আলোচনা করতে হবেনা? সংবাদপত্রের স্বাধীনতা মানে কি? সংবাদপত্রের স্বাধীনতার নামে আপনারা দলীয় কার্যসিদ্ধি এবং দমনপীড়ন করবেন, আর ঘুরে ফিরে এই সাংবাদিকদের কন্ঠ চেপে ধরে প্রকাশ্য জনসভায় সাংবাদিকদের পত্রিকার নাম করে ওরা আমাদের শত্রু বলে চিহ্নিত করে তাদেরকে মোটামুটিভাবে আপনাদের তাবেদারীতে পরিণত করার ঘৃণ্য চক্রান্তে এবং কৌশলে যখন আপনারা ব্যর্থ হন তখন ফ্রিডম অব দি প্রেস বলে আপনারা চিহ্নিত করার চেষ্টা করেন। প্রধানমন্ত্রী রাজ্যসভায় এই উত্থাপন করার আগে কি বক্তব্য রেখেছেন? প্রধানমন্ত্রী বক্তব্য রেখেছেন, We want all organisations and individuals to come forward and express their fears about the bill. We will take fully into consideration every suggestion that is made.

এটা প্রধানমন্ত্রী ৪ তারিখে বলেছেন । তিনি আরও বলেছেন, The freedom of the press is one very strong pillar of the democratic system.We feel that if this freedom is jeopardised in any way, then our democracy is weakned.So there is no question of reducing this freedom.

তাই, উদ্ভূত এই সমস্যার সমাধানে ব্রতী হতে প্রধানমন্ত্রীর যে মানসিকতা, সেই মানসিকতার মধ্যে দিয়ে আজকে লোকসভার সদস্যদের নিয়ে প্রভাবশালী কমিটি গঠন করেছেন। রাজ্যসভায় এই বিল পেশ না করার মধ্যে দিয়ে আজকে তিনি একথা প্রমাণ করতে চেয়েছেন যে তিনি অধিক সংখ্যক মানুষের মতামত চান, অধিক সংখ্যক সম্পাদকদের কাছ থেকে মতামত নিয়ে তিনি বিষয়গুলিকে আরো বিস্তৃতভাবে আলোচনা করার জন্য দিয়েছেন। আজকে সেই কারণে তার সেই উদারচেতা মনোভাবের জন্য আমার মনে হয় এই বিল নিয়ে আপনারা যদি সর্বসম্মত প্রস্তাব আনবার উদ্দেশ্যে সকলের সংগে বসে একটা আলোচনার মাধ্যমে এই বিষয়টি উত্থাপন করতেন তাহলে এটা অনেক শোভনীয় হত। আপনারা একদিন আগে হঠাৎ করে একটা মোশান সার্কুলেট করে এক ঘন্টা সময় বরাদ্দ করলেন রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে। আমি নিজে স্পীকার মহাশয়ের কাছে পয়েন্ট অব অর্ডার তুলেছিলাম যে এটা একটা ক্রুসিয়াল ইস্যু। ১০ তারিখে একটা সম্পূর্ন দিন দিয়ে এটাকে আরো বেশী সময় ধরে আলোচনা করা হোক। কিন্তু সেই আলোচনায় তারা গেলেন না। আজকে প্রেসের প্রশ্নে আমাদের জানতে হবে - আজকে সুনাম অর্জন করতে একটা মানুষকে কত যুগ যুগ ধরে অপেক্ষা করতে হয়। কিন্তু একটা মিথ্যা প্রতিবেদন কিংবা একটা ভুল বিবৃতি বা একটা ভুল বক্তব্য সেই যুগ যুগ ধরে তৈরী হওয়া সুনাম, তার ভাবমুর্তিকে নিমেষে কলুষিত করে দিতে পারে। আজকে ইয়ালো জার্নালিজম-এর কথা তো সারা ভারতবর্ষব্যাপী ছড়িয়ে পড়েছে। আজকে একথা উত্থাপন হল কোথা থেকে? আজকে কোথাও একটা ঘাটতি আছে। The Congress is the firm believer of the freedom of the press. আমরা এই ফ্রিডম অব দি প্রেসকে বিশ্বাস করি। আজকে কংগ্রেস পার্লামেন্টে নূতন করে রাজ্য সভায় এই বিল প্লেস না করে প্রধানমন্ত্রী যা বলেছেন, সেই কারনে আমাদের প্রস্তাবে এই ভাবে সংশোধনী নেওয়া উচিত this House urges upon the Prime Minister through the Government of West Bengal to favourably examine the suggestions for the withdrawal of the Bill.

**শ্রী নির্মল কুমার বোস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রী শান্তশ্রী চ্যাটার্জী, শ্রী কৃপাসিন্ধু সাহা, শ্রী কামাক্ষা ঘোষ, শ্রী বিমলানন্দ মুখার্জী, শ্রী জয়ন্ত বিশ্বাস এবং শ্রী দেবপ্রসাদ সরকার সম্মিলিত ভাবে যে প্রস্তাব তুলেছেন, আমি সেটাকে সমর্থন করে এবং এই প্রস্তাবের উপর যে সমস্ত সংশোধনী এসেছে, তার বিরোধিতা করে কয়েকটি কথা নিবেদন করবো। স্বাধীনতা এবং গনতন্ত্রের যদি স্বাধীনতা না থাকে, তারা যদি স্বাধীনভাবে জনমত প্রকাশ না করতে পারেন, নিজেদের মতামত প্রকাশ না করতে পারেন, সরকারের সমালোচনা না করতে পারেন, সরকারের ত্রুটি বিচ্যুতি তুলে ধরতে না পারেন, তাহলে গনতান্ত্রিক ব্যবস্থা টেকে না এবং সংবাদপত্রের কন্ঠরোধ করলে গণতন্ত্রের মৃত্যু হয়, অন্ধকার নেমে আসে। সেই অন্ধকার অত্যন্ত ভয়ংকর অন্ধকার। আজকে আমাদের দেশে ইংরাজ আমল থেকে সংবাদপত্র ইংরাজ শাসনের মধ্যে কঠিন সংগ্রামের মধ্যে দিয়ে ঐতিহ্য গড়ে তুলেছে, আমাদের এই বাংলা সংবাদপত্রের একটা দীর্ঘ গৌরবোজ্জ্বল ঐতিহ্য আছে। আজকে সেই সংবাদপত্রের উপর কেন্দ্রীয় সরকার হস্তক্ষেপ করছে, তার কন্ঠরোধ করবার চেষ্টা করছে, এর বিরুদ্ধে আমাদের তীব্র প্রতিবাদ করা দরকার এবং এই প্রতিবাদ এই বিধানসভায় এই প্রস্তাবের মাধ্যমে এসেছে, তার জন্য আমি এটাকে সমর্থন করছি। এই কথা ঠিক কখনও কখনও সংবাদপত্রে কিছু ভুল তথ্য পরিবেশন করে, কিছু ব্যক্তির চরিত্র হননের চেষ্টা করে এবং কিছু খারাপ মন্তব্য করে। কিন্তু এটা ব্যতিক্রম, সাধারণ ঘটনা নয় এবং সেটার নিয়ন্ত্রণ করবার পথ ডান্ডাবাজী নয়। সংবাদপত্রকে, সাং[illegible] দায়িত্ব দিন, তারা নিজেদের মধ্যে থেকে তাদের নিজেদের ত্রুটি বিচ্যুতি সংশোধন করে নেবে। সংবাদপত্রের সমালোচনায় স্পর্শকাতর হওয়া উচিত নয়। সংবাদপত্র আছে বলে গণতান্ত্রিক ব্যবস্থায়

সরকার স্বৈরাচারী হতে পারে না। সংবাদপত্র সরকারের, মন্ত্রীর, [illegible] দোষ ত্রুটি ধরে দেবে, এই ভয়ে তারা নিয়ন্ত্রিত থাকে। সংবাদপত্র, বিধানসভা, আদালত, এইগুলো না থাকলে গণতান্ত্রিক ব্যবস্থা টেকে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হঠাৎ আজকে এই ধরণের একটা মানহানি বিল সংসদে আনবার প্রয়োজন হলো কেন? কারণ সম্প্রতি বর্তমান যিনি প্রধানমন্ত্রী এবং তাঁর আশেপাশের লোকেরা নানা কেলেংকারী যে ভাবে ভারতবর্ষের বিভিন্ন সংবাদপত্র প্রকাশ করেছে, বোফর্সের কেলেংকারী যে ভাবে প্রকাশিত হয়েছে, প্রধানমন্ত্রীর অত্যন্ত কাছের মানুষ চিত্র জগতের ব্যক্তি, তাঁর যে সব কেচ্ছা, কেলেংকারী, বিদেশে টাকা পাঠানো, কামান বন্দুক কেনা নিয়ে, প্রতিরক্ষা যন্ত্রপাতি কেনা নিয়ে যে দু নম্বরী কারবার, যে দুর্নীতি, যেভাবে প্রকাশ করে ফেলেছে, সারা দেশে প্রধানমন্ত্রী এবং তাঁর দলের ভাবমূর্তি এতে একেবারে নষ্ট হয়ে গেছে। নির্বাচনে একের পর এক হেরে যাচ্ছেন, তাঁদের পায়ের তলায় মাটি নেই। এই কয়েকদিন আগে অয়েল এ্যাণ্ড ন্যাচরাল গ্যাস সম্পর্কে কেলেঙ্কারি প্রধানমন্ত্রীর এত কাছের মানুষের বেরোল একটা কাগজে, আরও একের পর এক খবর বেরোচ্ছে, এতে তাঁরা বিচলিত, তাই কোন রকমে ভাঙা নৌকাকে রক্ষা করবার জন্য তার শেষ সম্বল — নদীতে যখন ভেসে যায়, তখন কাঠকুটো সে যা পায় তা নিয়ে বাঁচবার চেষ্টা করেন, মনে করছেন সংবাদপত্রের আরও কণ্ঠরোধ করে তাঁরা বুঝি বাঁচবেন। কিন্তু এইভাবে তাঁরা বাঁচতে পারবেন না, মানুষ সচেতন হয়ে গেছে এবং সংবাদপত্র যেভাবে কাজ করেছে, তার জন্য আমি তাঁদের অভিনন্দন জানাই। আমি বিশেষ করে অভিনন্দন জানাই, সংবাদপত্রের সঙ্গে যুক্ত সকলকে সাধারণ সাংবাদিক, সংবাদপত্রের সঙ্গে যুক্ত কর্মচারীদের, সংবাদপত্রের সম্পাদক, এমন কী মালিকদের, আমরা মালিকদের সব বক্তব্য সমর্থন করি না, তাদের যে শ্রেণীগত চরিত্র এর কথা বললেন, সেই বিষয়ে আমরা সজাগ, কিন্তু এই মানহানি বিল নিয়ে তাঁরা সবাই যে ভাবে, সমবেতভাবে, ঐক্যবদ্ধভাবে প্রতিবাদ করেছেন, ইতিমধ্যে সাংবাদিকদের মধ্যেও এই রকম একতা আমরা দেখিনি, নানারকমভাবে তাদের উপর চাপ সৃষ্টি করা হচ্ছে, তাদের ঐক্য ভাঙবার চেষ্টা করা হচ্ছে, তবু তারা অনড় রয়েছেন, দৃঢ় রয়েছেন, আমরা তাদের অভিনন্দন জানাই। আমি আশা করবো যে সংবাদপত্রের স্বাধীনতা রক্ষা করার জন্য, সাংবাদিকতার গৌরবময় ঐতিহ্য রক্ষা করার জন্য ভারতবর্ষের গণতন্ত্র রক্ষা করার জন্য সাংবাদিকদের যে অধিকার সেই অধিকার রক্ষা করার জন্য তাঁরা সংগ্রাম করে যাবেন, আমরা তাঁদের সঙ্গে আছি এবং শেষ পর্য্যন্ত আমরা থাকবো।

**[ 6-10 – 6-20 p.m.]**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা লক্ষ্য করছি যে, কেউ কেউ ইতিহাস থেকে কোন শিক্ষাই গ্রহণ করেন নি। জরুরী অবস্থার সময়ে তখনকার যিনি প্রধানমন্ত্রী ছিলেন— প্রয়াত প্রধানমন্ত্রী— তিনি সেনসার জারি করেছিলেন। এমন কি রবীন্দ্রনাথের লেখা কবিতা, গান, প্রবন্ধ প্রভৃতির ওপরও কলম চালিয়েছিলেন। কিন্তু দেশের মানুষ তা বরদাস্ত করে নি, তার বিরুদ্ধে তাদের তীব্র ক্ষোভ '৭৭ সালের সাধারণ নির্বাচনে তারা ব্যক্ত করেছিলেন। বিহারের একজন মুখ্যমন্ত্রী প্রেস বিল এনেছিলেন, কিন্তু তাঁর বিরুদ্ধে কেবল বিহারের সাংবাদিকরাই নয় সারা ভারতবর্ষের সাংবাদিকরা এবং তাঁদের সঙ্গে সারা ভারতবর্ষের গণতান্ত্রিক মানুষরা সংগ্রাম করেছিলেন। ফলে বিহারের সেই তদানিন্তন মুখ্যমন্ত্রীকে পশ্চাদাপসরণ করতে হয়েছিল। এসব ইতিহাস কি বর্তমান প্রধানমন্ত্রী ভুলে গেছেন? আগুনে হাত দিলে যে হাত পোড়ে তা কি তিনি ভুলে গেলেন? তাড়াহুড়া করে এই বিল নিয়ে এলেন। ফলে দেশ জুড়ে এবারেও তীব্র প্রতিবাদ হচ্ছে। মাননীয় সদস্য সুদীপবাবুকে বলি, ঐভাবে তাড়াহুড়া করে বিল আনার কি দরকার ছিল? যেখানে বিভিন্ন বিষয় নিয়ে দীর্ঘ দিন ধরে দীর্ঘ সময় ধরে আলোচনা চলে, সেখানে এর কি প্রয়োজন ছিল? সেখানে বলা হয়েছিল একদিন অপেক্ষা করে তারপর পাশ করান।

কিন্তু তাঁরা একদিনও অপেক্ষা করলেন না, তাড়াহুড়া করে পাশ করালেন। ফলে সারা ভারতবর্ষ তীব্র প্রতিবাদ করে উঠল এবং প্রতিবাদের মুখে প্রধানমন্ত্রীকে পিছু হঠতে হচ্ছে। রাজ্যসভায় আর বিল তোলার সাহস হল না। তথাপি আমি বলি যে এখনও ওদের শিক্ষা হয় নি। এখনো ওঁরা কথা বলছেন, এখনো ওঁরা বিল প্রত্যাহার করেন নি। তবে বিল ওঁদের প্রত্যাহার করতেই হবে। এ বিল ভারতবর্ষের গণতন্ত্র-প্রিয় মানুষ কখনই চালু করতে দেবে না। আমরা শুনছি কয়েকজন কংগ্রেস এম.পি., কয়েকজন প্রবীন কংগ্রেস নেতা এবং কংগ্রেস শাসিত রাজ্যের কয়েকজন মুখ্যমন্ত্রীও এই বিলের বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছেন। সেই জন্য আমরা আশা করেছিলাম যে পশ্চিমবঙ্গের দীর্ঘ দিনের একটা সংপাদপত্রের স্বাধীনতার এবং গণতন্ত্রের ঐতিহ্য আছে সেই পশ্চিমবঙ্গের কংগ্রেসিরা বিধানসভার কংগ্রেস সদস্যরা বিলের বিরুদ্ধে তাঁদের প্রতিবাদ জানিয়ে আমাদের প্রস্তাবকে সমর্থন করবেন। কিন্তু ওঁদের এত ভয় কিসের, তা আমরা বুঝতে পারলাম না। আমি ওঁদের বলি, একটু মেরুদণ্ড সোজা করে দাঁড়ান না, একবার প্রতিবাদ করুন না, আমাদের প্রস্তাবকে সমর্থন করুন না। ওঁদের সেই সৎ-সাহস নেই, তাই ওঁরা ভনিতা করে একবার আলোচনা বন্ধ করার চেষ্টা করলেন, আর একবার সংশোধনী আনলেন। সংশোধনী এনে সুদীপবাবু বক্তৃতা দিলেন, কিন্তু তিনি মানহানি বিলের ওপর কিছু বললেন না। কিছু অসংগত, অপ্রাসঙ্গিক, ধান ভাঙতে শিবের গীতের মত কিছু কথা বললেন। তাই আমি তাঁকে অনুরোধ করছি, তিনি তাঁর সংশোধনীটি তুলে নিন, আমাদের বাংলার ঐতিহ্যকে রক্ষা করুন, সারা ভারতবর্ষকে সেই ঐতিহ্য আর একবার স্মরণ করিয়ে দিন। আমি আমাদের বিরোধী দলের এস.ইউ.সি সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। আমরা অনেক সময়েই এক সঙ্গে প্রস্তাব আনতে পারি না। কিন্তু তিনি আজকে আমাদের সঙ্গে এক সঙ্গে এই প্রস্তাব এনেছেন। কংগ্রেস সদস্যরাও আসুন না, এক সঙ্গে আমরা প্রতিবাদ জানাই। আমাদের এই প্রতিবাদ গণতন্ত্রকে রক্ষা করবে। এই কথা বলে আমি আর একবার প্রস্তাবটিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** I call upon Shri Subrata Mukherjee.

(The Hon'ble member was not present in the house.)

**Mr. Speaker :** Now, I call upon Shri Asok Ghosh.

(The Hon'ble member was not present in this house)

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় আমরা যে প্রসঙ্গে আলোচনা করছি সেই প্রসঙ্গে আলোচনার প্রারম্ভেই আমার মনে পড়ে যাচ্ছে কবি জীবনানন্দ দাসের সেই কবিতা, "অদ্ভুত আঁধার এক এসেছে এই পৃথিবীতে।" মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, লোকসভায় উত্থাপিত মানহানি বিল ভারতবর্ষের গণতন্ত্রের টুঁটি চেপে ধরার ষড়যন্ত্র এবং এই ষড়যন্ত্রের ভেতর দিয়ে '৪৭ সালের স্বাধীনতার পর ভারতবর্ষে সংসদীয় গণতন্ত্রের যে ভিত্তি-ভূমি গড়ে উঠেছে সেই ভিত্তি-ভূমিকে ভেঙে চুরমার করে ফেলার একটা পদক্ষেপ। খুব স্বাভাবিকভাবেই শুধু সংবাদপত্র জগৎ নয়, সারা ভারতবর্ষ জুড়ে গণতন্ত্রপ্রেমী সমস্ত মানুষ আজকে প্রতিবাদ উচ্চকণ্ঠে সরব হয়ে উঠেছেন। অনেকে বলেছেন যে আমাদের দেশের প্রধানমন্ত্রী প্রতিরক্ষা সংক্রান্ত তাঁর ব্যক্তিগত যেসব কেলেঙ্কারি এবং তাঁর কাছের কিছু বড় বড় লোকের যেসব কেলেঙ্কারি সেইসব ঢাকার জন্য তিনি এই বিল উত্থাপন করেছেন। ব্যাপারটি সেই দৃষ্টিতে দেখলে অত্যন্ত সরলীকরণ হয়ে যায়, আমাদের দেশের যে আর্থ-সামাজিক সংকট সেই সংকটের মাঝখানে ভারতবর্ষের পুঁজিতন্ত্রের প্রধান দল কংগ্রেস এবং তার মুখ্য নেতা শ্রী রাজীব গান্ধী আজকে বিক্ষোভের মুখে দাঁড়িয়ে আছে। আজকে ভারতবর্ষের সমস্ত শ্রমজীবী মানুষ, দারিদ্রপীড়িত মানুষ যেভাবে মাথা তুলে দাঁড়িয়েছেন তাতে করে সংশোধীয় গণতান্ত্রিক

ব্যবস্থায় সার্বজনীন ভোটাধিকারের ভিতর দিয়ে যে অধিকার অর্জন করেছেন সেই অধিকারগুলি আজকে কেড়ে নেবার ষড়যন্ত্র হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই "মানহানি বিল" লোকসভায় উত্থাপনের মধ্য দিয়ে দিল্লীর রাজা উলঙ্গ হয়ে পড়েছেন। আজকে যেভাবে ব্রুট মেজরিটির সাহায্যে এই বিলটি পাশ করিয়ে নেওয়া হয়েছে তাতে করে আমরা খুবই সঙ্গতভাবেই বলছি যে অত্যন্ত তৎপরতার সঙ্গে পাশ করিয়ে নেওয়ার যে চেষ্টা হয়েছে তা নিন্দনীয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে একথা আমরা ভুলে যেতে পারি না জরুরী অবস্থার অন্ধকারাচ্ছন্ন দিনগুলির কথা! তখন প্রয়াতা প্রধানমন্ত্রী উপলব্ধি করেছিলেন যে সংশোদীয় গণতান্ত্রিক ব্যবস্থাকে বলবৎ রেখে ভারতবর্ষে পুঁজিপতি শ্রেণী ক্ষমতাসীন থাকতে পারে না। স্বভাবতঃই গণতান্ত্রিক অধিকারগুলি এক এক করে কেড়ে নেবার ষড়যন্ত্র সুরু হয়েছিল জরুরী অবস্থা ঘোষণার মাধ্যমে। সেদিন সংবাদপত্রগুলিকে সেনসর করা হয়েছিল। তখন আমরা দেখেছিলাম মত প্রকাশের স্বাধীনতা নেই, লেখার স্বাধীনতা হরণ করা হয়েছে। সেদিন রেডিও থেকে সুরু করে সরকারী মাধ্যমগুলিতে রবীন্দ্রনাথের গান এবং রবীন্দ্রনাথের রচনা থেকে পাঠ নিষিদ্ধ করে দেওয়া হয়েছিল। সেদিন আমরা লক্ষ্য করেছিলাম যা কিছু অগ্রচারী ভাবনা আমাদের দেশের মনীষীরা উত্তর পুরুষদের সামনে রেখে দিয়েছেন তা ব্যাপকভাবে জনসাধারণের মধ্যে যাতে প্রচার না পায় সেই ব্যবস্থা করা হয়েছিল। আজকে আমরা সেই জিনিস দেখছি। ভারতবর্ষের বিভিন্ন প্রান্তের সমস্ত শ্রমিক, কৃষকের গণতান্ত্রিক অধিকার, শ্রমজীবী মানুষের আন্দোলন যখন মাথা চাড়া দিয়ে উঠেছে তখন শাসকশ্রেণী যখন আর প্রচলিত কায়দায় শাসন ব্যবস্থা পরিচালনা করতে পারছেন না, তখনই দেখছি এই "মানহানি বিল" লোকসভায় উৎথাপন করার প্রচেষ্টা হয়েছে। আজকে একথা সত্য যে জনমতের চাপে এবং সংবাদপত্রের ধর্মঘটের ফলে এবং বুদ্ধিজীবী মানুষের প্রতিবাদ তীব্রভাবে উচ্চারিত হওয়ার ফলে রাজীব সরকার এক ধাপ পিছিয়ে এসেছেন। এখানে মাননীয় সদস্য সুদীপবাবু বললেন আলোচনার সুযোগ-এর কথা প্রধানমন্ত্রী বলেছেন। আমার বক্তব্য হচ্ছে, তিনি জনমতের চাপে পড়ে এই কথা বলতে বাধ্য হয়েছেন। এই বিল প্রত্যাহার যতদিন না হচ্ছে ততদিন পর্যন্ত শুধু বিধানসভার অভ্যন্তরে নয়, বিধানসভার বাইরেও আমাদের সংগ্রাম পরিচালিত করে নিয়ে যেতে হবে। এই "মানহানি বিল" যদি পাশ হয়ে যায় তাহলে গণতন্ত্রের টুঁটি চেপে ধরবে, গণতন্ত্রকে ধ্বংস করবে এবং সার্বজনীন ভোটাধিকার প্রয়োগের স্বাধীনতা ইত্যাদির মাধ্যমে যে অধিকারগুলির উপর ভিত্তি করে শ্রমজীবী মানুষের যে লড়াই করার সুযোগ সেই সুযোগ চিরতরে নষ্ট হয়ে যাবে। তাই আজকে যাঁরা ঐ ডানদিকে (কংগ্রেস দল) বসে আছেন তাঁদের পক্ষে এই বিল সমর্থন করা ছাড়া উপায় নেই, তা না হলে তাঁদের চাকরী চলে যাবে। আজকে আমরা এখানে ক্ষমতায় আছি। এক সময়ে কংগ্রেস দল এইভাবে ক্ষমতায় ছিলেন। তখন যখন আমরা আন্দোলন করতাম, পুলিশ আমাদের পেটাতো।

**[ 6-20 – 6-30 p.m.]**

সেই সময় আমরা একটা শ্লোগান বলতাম, "পুলিশ তুমি যতই মার, মাইনে তোমার ১১২"। ঠিক সেই সময় ওঁরা যতই চামচাগিরি করুক না কেন ওখানেই থাকবে— আর উপরে যেতে পারবে না। আমি মনে করি যে কোন বিবেক সম্পন্ন মানুষের উচিত তার বিবেকের স্বার্থে এই মানহানি বিলের প্রতিবাদ করা। আমি তহবিলের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

**শ্রী কামাখ্যা ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে হাউসের সামনে কংগ্রেস বিধায়ক শ্রী সৌগত রায় এবং বিরোধী দলের নেতা আবদুস সাত্তার সাহেব বোঝাবার চেষ্টা করলেন যে, মানহানি বিল এনে রাজীব গান্ধী যেমন সংবাদপত্রের এবং ভারতবর্ষের কণ্ঠরোধ করতে চেয়েছেন ঠিক তেমনি বিধানসভায় যেন ওঁদের দায়িত্ব দিয়েছেন সদস্যদের কণ্ঠরোধ কর। তবে মাননীয় স্পীকার মহাশয়ের

ক্লসিংয়ের পরে আমরা আমাদের কণ্ঠস্বর খুব জোরের সঙ্গেই প্রকাশ করছি। স্যার, এই মানহানির বিলটা এসেছে সংবিধানের ৫৯তম সংশোধনী হিসাবে। এই জিনিষটা এনে ওরা ভারতবর্ষের মানুষের গণতান্ত্রিক এবং ব্যক্তিগত অধিকারকে খর্ব করতে চাইছেন। এই মানহানি বিল আনার ফলে ভারতবর্ষের সমস্ত মানুষ আজ সচকিত হয়ে উঠেছে। সংবাদপত্রের উপর আঘাত আসছে বলে সমস্ত সাংবাদিকরা যে ভূমিকা নিয়েছেন তার জন্য আমি তাঁদের ধন্যবাদ জানাচ্ছি বিধানসভা থেকে। ওঁরা বলছেন যে এ বিল গণতন্ত্রকে হত্যা করার জন্য আনা হয়নি। কিন্তু আমরা দেখেছি বিভিন্ন সংবাদপত্রে বেরিয়েছে রাজীবের বন্ধুদের অপকর্ম এবং দুর্নীতির সম্বন্ধে যাতে আর আলোচনা না হতে পারে এবং আরও যে সমস্ত অপকর্ম এবং দুর্নীতি গোপন আছে সেটা যাতে আর প্রচারিত না হয় সেজন্যই এ বিল আনা হয়েছে। আজকে বোধহয় দেখেছেন আপনারা সংবাদপত্রে বেরিয়েছে সুইডেনের মন্ত্রীকে টেলিফোনে বলে দেওয়া হয়েছে বোফর্স সম্বন্ধে সর্বরকম আলোচনা বন্ধ করে দেওয়া হোক। বর্তমানে যে আইন দেশে আছে সেটাই যথেষ্ট ছিল। অশোক সেন এ সম্বন্ধে আলোচনা করেছেন এবং বলেছেন কেন আইন আনা হল বুঝতে পারছি না। যে আইন আনা হচ্ছে তাতে কঠোর শাস্তি এবং জরিমানার ব্যবস্থা থাকছে, ৫ হাজার টাকা জরিমানা এবং জেল, অর্থাৎ কারাগারে নিক্ষেপ করা হবে, ভয় দেখাচ্ছে। যে বিল আনা হয়েছে সে ব্যাপারে ভারতবর্ষের গণতান্ত্রিক মানুষ চাইছে এটা শুধু স্থগিত নয়, এ বিল সম্পূর্ণ প্রত্যাহার করা হোক। রাজীব গান্ধী চাইছে এ বিল যাতে আবার আসতে পারে, কিন্তু আমরাও ঘোষণা করছি এ বিল প্রত্যাহার করতে হবে, বাতিল করতে হবে।

**মিঃ ডেপুটি স্পীকার :** আমাদের নির্ধারিত সময়ের মধ্যে এ আলোচনার শেষ হবে না, কাজেই সকলের অনুমতি নিয়ে আমি ৫৫ মিনিট আলোচনার সময় বাড়িয়ে দিচ্ছি। আশা করি এ ব্যাপারে সকলের মত আছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যে প্রস্তাব উত্থাপিত হয়েছে এবং তার উপরে যে সংশোধনীগুলি এসেছে আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আপনি জানেন, ফোর্থ ষ্টেট হিসাবে স্বতন্ত্র রাজ্যের মর্য্যাদা নিয়ে এই সংবাদপত্র রয়েছে। সংবাদপত্র হচ্ছে গণতন্ত্র, ন্যায় নীতি এবং আদর্শের বাহক। আজকে দুঃখের বিষয় এই সংবাদপত্রের উপর আঘাত নেমে এসেছে। স্বাধীনোত্তর কালে এ রকম নেকেড এ্যাটাক সংবাদপত্রের উপর কখন হয় নি। ইমারজেন্সীর সময় যে প্রেস সেনসরসিপ চালু হয়েছিল, ডেফামেশন বিল যা আজকে পাশ করা হচ্ছে সেটা তার চেয়ে অনেক বেশী ডেঞ্জারাস। ফলে স্বভাবতঃই সারা ভারতের শুভবুদ্ধিসম্পন্ন গণতন্ত্রপ্রেমী মানুষ আজকে সংবাদপত্রের স্বাধীনতার উপর এই যে আক্রমণ সেই সম্পর্কে তাঁরা উদ্বিগ্ন। কিন্তু স্যার, এই যে ডেফামেশন বিল— এর ধারাগুলিকে আজকে আমরা এত মারাত্মক বলছি কেন? আপনি জানেন, সংবাদপত্রের ফ্রিডম অফ একসপ্রেশন— মত প্রকাশের স্বাধীনতা, যার সঙ্গে জনগণের জানার অধিকার নানাভাবে জড়িত, এই বিলের মাধ্যমে সেই অধিকারের উপর হস্তক্ষেপ করা হয়েছে। এই বিলের মাধ্যমে এষ্টাব্লিষ্‌ড প্রিন্সিপাল অব জুরিসপ্রুডেন্স, আইন-শাস্ত্রের প্রচলিত যে রীতিনীতি, তা ভঙ্গ করা হয়েছে। একে অভিযোগকারীকে প্রমান করতে হবে না যে, এটা সত্য নয়; প্রমান করতে হবে সংবাদপত্রকেই যে, যা তাঁরা প্রকাশ করেছেন সেটা সত্য। কিন্তু এথিক্‌স অফ জুরিসপ্রুডেন্স কি একথা বলে? শুধু তাই নয়, এই বিলের মধ্যে যে সব প্রভিশন রয়েছে তাতে ইন্টিমিডেশন অর্থাৎ ভয়ভীতি দেখাবার ব্যাপার রয়েছে। সেখানে ট্রায়াল প্রকাশ্যে না করে গোপনে করার ব্যবস্থা রয়েছে এবং তাতে যে কোন প্রান্ত থেকে আর এক প্রান্তে যাকে জেরা করা হবে তাকে ডাকা যাবে। ঐ ডেফামেশন বিলে ঘৃন্য খুনীর মত বাধ্যতামূলক হাজতবাসের প্রভিশন রয়েছে। ওতে প্রিন্সিপাল অফ ইকিউয়ালিটি বিফোর দি ল' অর্থাৎ আইনের কাছে যে সম-দৃষ্টিভঙ্গী, সেই নীতি ভঙ্গ করা হয়েছে। কারণ দেখা যাচ্ছে

যে, সেখানে গভর্ণমেন্ট এজেন্সী— পুলিশ এবং সি.বি.আইকে ঐ ডেফামেশন বিলের আওতার বাইরে রাখা হয়েছে। আজকে সারা দেশজুড়ে ঐ ডেফামেশন বিলের বিরুদ্ধে প্রবল প্রতিরোধের সামনে রাজীব গান্ধীর কেন্দ্রীয় সরকার পিছিয়ে এসেছেন, তাঁরা আপাততঃ ওটা রাজ্যসভায় পেশ করছেন না। অবশ্য তার মানে এই নয় যে, তাঁরা ওটা আর পাশ করাবেন না। যে কোন অপরচুন মোমেন্টে ঐ বিল তাঁরা পাশ করিয়ে নেবার চেষ্টা করবেন, কারণ দেখা যাচ্ছে ওটা এনে রাজীব গান্ধী আদৌ অনুতপ্ত নন। তিনি বলেছেন যে, এর নাকি প্রয়োজন রয়েছে এবং দেখা যাচ্ছে, ঐ বিল তিনি প্রত্যাহার করবার জন্য কোন ব্যবস্থাই নেননি। এটা তাঁদের [illegible] ডেড ডিজাইনে একটা সুপরিকল্পিত প্রচেষ্টা। আইন কমিশনের সুপারিশ অনুযায়ী তাঁদের পরিকল্পনা রয়েছে যাতে সংবাদপত্রগুলি তাঁদের সংবাদসূত্র অর্থাৎ কার কাছ থেকে সংবাদটি এলো সেটা প্রকাশ করতে যাতে তাঁরা বাধ্য হন।

**[6.30 – 6.40 p.m.]**

ফলে এইরকম একটা মারাত্মক দিজাইনের বিলের সংগে আপস করতে কেউ রাজি নয়। একেবারে স্ট্রেটওয়েতে সংবাদপত্র বলেছে যে যতক্ষন না পর্যন্ত এই বিল প্রত্যাহার করা হচ্ছে ততক্ষন পর্যন্ত তারা এই সংগ্রাম চালিয়ে যাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই যে ড্রাকোনিয়ান বিল এটা কোন বিচ্ছিন্ন ঘটনা নয়, সিরিজ অফ ড্রাকোনিয়ান বিল এই রাজীব সরকার তৈরী করেছেন। রাজীব সরকার তাঁর নিজেদের ক্রুটি বিচ্যুতি ঢাকবার জন্য, তারা যে দুর্নীতির মধ্যে নিমজ্জিত রয়েছে তা থেকে নিজেদের বাঁচাবার জন্য বোফোর্স-ফেয়ারফ্যাক্স এই সমস্ত দুর্নীতি থেকে বাঁচার জন্য ওবং সেইগুলিকে চাপা দেবার জন্য মিঃ ক্লিন এই ধরনের বিল এনে সংবাদপত্রের কন্ঠরোধ করার চেষ্টা করছেন। আজকে একটার পর একটা এই ধরনের বিল আনা হচ্ছে। আজকে ৫৯তম সংবিধান সংশোধন বিল আনা হয়েছে, ইনডাসট্রিয়াল ডিসপিউট সেটেলমেন্ট সংশোধনী বিল সহ অন্যান্য ওই ধরনের বিল আনা হয়েছেএবং সর্ব্বশেষে এই ডিফেমেসান বিল আনলেন।গোটা দেশকে একেবারে [illegible] দিকে নিয়ে যেতে সাহায্য করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই রকম একটা পরিস্থিতিতে আমি যেটা বলতে চাই তা হল ভারতবর্ষ একটা বৃহত্তম গনতান্ত্রিক দেশ, ইতিহাসে একটা নজীর সৃষ্টি করেছে সেখানে গনতন্ত্রের কণ্ঠরোধ করার, সংবাদপত্রের কণ্ঠরোধ করার চেষ্টা করা হচ্ছে এই ডিফেমেশান বিল নিয়ে এসে। এই যে সংবাদপত্র শিল্পের ধর্মঘট হয়ে গেল গত ৬ তারিখে এর জন্য আমি তাঁদের সাধুবাদ জানাচ্ছি। আগামী দিনে তাঁরা কর্মসূচী নিয়েছেন কেন্দ্রীয় সরকারের মন্ত্রীদের সমস্ত সম্বর্ধনা সভা বর্জন করবেন ওবং নন-কোয়াপরেশান করবেন যতক্ষন না পর্যন্ত এই ড্রাকোনিয়ান বিল কেন্দ্রীয় সরকার তুলে নিচ্ছেন। সাথে সাথে ভারতের সমস্ত গনতান্ত্রিক মানুষ, শুভবুদ্ধি সম্পন্ন মানুষ, সমস্ত বিরোধীদল, ট্রেড ইউনিয়ান যাতে এই ড্রাকোনিয়ান বিল সরকার প্রত্যাহার করে নেন তার জন্য ঐক্যবদ্ধ হয়ে আন্দোলন করার জন্য তাঁরা বলেছেন। আমাদের দলের তরফ থেকে সংবাদপত্র বন্ধুদের এই সংগ্রাম এবং কর্মসূচীকে সমস্ত দিক থেকে সর্বান্তকরনে সমর্থন করি এবং তাঁদের এই সংগ্রামে তাঁদের পাশে আমরা আছি। আমি এই কথা বলবো, আগামী দিনে এর বিরুদ্ধে ব্যাপক আন্দোলন গড়ে উঠবে যতক্ষন না পর্যন্ত এই বিল প্রত্যাহার হচ্ছে।কারণ আপনি জানেন স্যার আমাদের দেশে আজ পর্যন্ত এই জিনিষ হয়নি। এমন কি পশ্চিমি দেশগুলিতে, পুঁজিবাদী দেশগুলিতে সংবাদপত্রকে যতখানি মর্যাদা দেয় আমাদের এখানে তা দেওয়া হচ্ছে না। মার্কিন যুক্তরাষ্ট্র যেখানে প্রথম সংবিধান সংশোধন করা হল আইন করে সংবাদপত্রের মর্যাদা বাড়ানোর জন্য, সেখানে ভারতবর্ষে প্রথম সংবিধান সংশোধন করা সংবাদপত্রের ন্যায়সঙ্গত অধিকারের উপর বিধি-নিষেধ আরোপ করার জন্য। এই হচ্ছে ডিফারেন্স। আগেরবার এমারজেন্সীর সময় যে ভাবে প্রেস কাউন্সিল তুলে দিলেন,যেভাবে সংবাদপত্রে কন্ঠরোধ করবার চেষ্টা করলেন সেটা সকলেই জানেন এবং পরবর্তী

পর্যায়ে এই ডিফেমেশান বিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সংবাদপত্রের স্বাধীনতা কতখানি জরুরী তা নিকসনের ঘটনা দেখে তা প্রমাণ হয়। ওয়াটার গেট কেলেঙ্কারীর ভিত্তিতেই নিকসান সরকারের পতন হয়েছে। সুতরাং এই রকম একটা গুরুত্বপূর্ণ ফোর্থ এস্টেটের মর্যাদা নষ্ট হোক এটা কেউ চাইবে না। এই কথা বলে প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিমলানন্দ মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দুদিন পূর্বে আমাদের কংগ্রেস পক্ষের দুজন সদস্যের বক্তব্য শুনে মনে হয়েছিল তাঁরা এই মানহানি বিলের বিরুদ্ধে। তাঁরা কড়া ভাষায় সেই ধরণের একটিপ্রস্তাব এখানে আনতে চেয়েছিলেন, কিন্তু আজকে তাঁদের বক্তব্যে ভিন্ন সুর পেলাম - বলছেন যে এর মধ্যে একটা কথা জানা উচিত ছিল, 'বামফ্রন্টের নেতারা এই ফ্লোরে সংবাদপত্রের বিরুদ্ধে অনেক কথা এর আগে বলেছেন, আজকে সংবাদপত্রের পক্ষে বলছেন কেন? হ্যাঁ, আমরা বলেছি, প্রকাশ জনসভায় বলেছি, আমরা চেয়েছি সংবাদপত্র নিরপেক্ষ সংবাদ প্রকাশ করুক। তাদের সম্পাদকীয়তে তাদের যা অ্যাটিচিউড বা দৃষ্টিভঙ্গী তা তারা অবশ্যই রাখবে, তাতে আমাদের বলার কিছু নেই। কিন্তু সেইসব তারা করে না । সেইজন্য আমাদের সংবাদপত্রের বিরুদ্ধে কড়া সমালোচনা করতে হয়েছে, ভবিষ্যতেও করবো জনবিরোধী কিছু প্রকাশ হলে। আমরা গনতন্ত্রে বিশ্বাস করি, সেজন্য আমরা বলছি যে সংবাদপত্রের উপরে নিষেধাজ্ঞা হলে, মানহানী হলে কি ঘটতে পারে সে সম্বন্ধে এখানে অনেক সদস্য বলেছেন। গনতন্ত্রের পক্ষে এটা বিপজ্জনক। জরুরী অবস্থার সময় সংবাদপত্রের উপরে সেন্সর ব্যাবস্থার বিরুদ্ধে আমরা প্রতিবাদ জানিয়েছি, বিশেষ করে যেভবে তখন ব্ল্যাংক রাখা হত তা আমরা জানি। এক সময়ে যুগান্তর, অমৃতবাজার পত্রিকা বৃটিশ রাজত্বকালে প্রেস নিয়ন্ত্রণের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছে। এখানে এটা বিশেষভাবে বোঝা দরকার। সংবাদপত্র যদি জনবিরোধী কথা বলে, একটা ঘটনাকে ভুল তথ্য দিয়ে প্রকাশ করে তবে আমরা তার বিরুদ্ধাচারন করবো। বিদেশেও নিয়ন্ত্রনের ঘটনা ঘটেছে, আবার ওয়াটার গেট কেলেঙ্কারীর ঘটনাও ঘটেছে, আমরা এইসব কথা জানি। ভিয়েতনামের যুদ্ধক্ষেত্রেরঘটনার কথা সাংবাদিকরা নানাভাবে আহরণ করে সংবাদপত্রে প্রকাশ করেছেন এবং সারা বিশ্ববাসীকে তা জানিয়েছেন।এটা সারা দুনিয়ার মানুষের পক্ষে কার্যকরী হয়েছে। আমরা অবাক হয়ে দেখলাম, যাঁরা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে যারা আন্দোলন করেছেন, গনতন্ত্রের জন্য আন্দোলন করেছেন, কিছুদিন পর ক্ষমতায় আসার পর, তাঁরা কংগ্রেসের ধনিকশ্রেণী সেইসব বেমালুম ভুলে গেলেন। ক্ষমতায় বসার পর তাঁরা একটার পর একটা আইন আনলেন, সংবাদপত্রের বিরুদ্ধে আইন আনলেন, মিসা আনলেন, সংবাদপত্র নিষেধাজ্ঞা আইন আনলেন, এইসব তারা করলেন। কোথায় তাঁরা দেশটাকে নিয়ে যাচ্ছেন, এর ফল অবশ্য তাঁরা পাচ্ছেন। অনেক সময় বলা হয় রাজীব গান্ধীর বয়স অল্প, রাজনীতিতে অভিজ্ঞতা নেই। কিন্তু এইরকম অভিজ্ঞতা তিনি দেখালেন ব্যাপক মানুষকে। এক সময়ে বিরোধীরা ঐ বুর্জোয়া বলে আমরা যাদের বলি, তাঁদের একটা বিরাট অংশ ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে চলে গিয়েছিল। আজকে ভাবতে অবাক লাগে যাঁরা তাঁদের পক্ষের লোক তাঁদেরও বিরোধী করে তুলেছিলেন। এটা নাবালকের রাজনীতি নয়? প্রফুল্ল সেনের সময়ে শোভাযাত্রা নিয়ন্ত্রণ বিল নিয়ে এসেছিলন, পি.ভি. এ্যাক্ট এনেছিলেন, কিন্তু তা প্রত্যাহার করতে হয়েছিল। ফেয়ার ফ্যাক্স ঘটনার পর থেকে রাজীব গান্ধী সারা দেশে এমন একটা অবস্থার সৃষ্টি করেছিলেন যাকে জরুরী অবস্থা বলে ধরে নেওয়া যায়। এখন থেকে আর একটা কথাও বলা যাবে না, জনসভায় বলা যাবে না,বললেই আপনি সেখানে মানহানি করলেন। আপনাকেই বলতে হবে, গাইতে হবে কেন মানহানি করা হল। আপনি জানতে পারবেন না যে আপনি মানহানি করেছেন, যদিও আপনি জনসভায় বক্তৃতা করেছেন।

এই ধরনের বিল যে আনা হয়েছে তা যে কত ক্ষতিকারক তা বলার নেই। তবে সুখের কথা

যে বুর্জোয়া শ্রেণী তাদের যখন সংকট বাড়ে তখন জানা যায় যে তাদের নিজেদের মধ্যে ভাঙ্গন সৃষ্টি হয় এবং সেটা এতো ভয়াবহ যে গোটা দেশের মধ্যে ত্রাসের রাজত্ব আনতে চাইছে। সমস্ত শ্রমিক, মেহনতী মানুষ তার বিরুদ্ধে যাবে। আশা করবো এই সুর কংগ্রেসীদের মিলিয়ে যাবে। কংগ্রেসীদের আবার সতর্ক করে দিচ্ছি আপনারা পুনরায় বিবেচনা করুন, না হলে বিপদে পড়ে যাবেন এই বলে যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে এবং তার সঙ্গে সকলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুস সাত্তার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ যে মোশান, যে জয়েন্ট মোশান আপনাদের বামফ্রন্ট সরকার প্লাস অতি বাম এস ইউ সি মোশান নিয়ে এসেছে তার উপরে এ্যামেন্ডমেন্ট দিয়েছি। আমি আশা করেছিলাম যখন কোন মোশান নিয়ে আলোচনা হয় যেমন বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র এবং হলদিয়া পেট্রোকেমিক্যালস্ এগুলো একসঙ্গে বিপক্ষের সঙ্গে আলোচনা করে আমরা মোশান দিয়েছিলাম। আমরা এটা নাও দিতে পারতাম কিন্তু তবুও ফর দি ইন্টারেস্ট অফ দি ওয়েষ্ট বেঙ্গল আমরা জয়েন্ট মোশান পাশ করেছি। এই যে ডিফামেশান বিল আনা হয়েছে, এটা কেন আলোচনা হতে পারে না তার কারণ হচ্ছে এতে শব্দের কিছু হেরফের আছে বা ওয়ার্ডের হেরফের আছে। যদি কেউ ভবিষ্যতে বিবেচনা করেন তাহলে আমাদের পক্ষে সুবিধা হবে। আমরা পার্টি করি, পার্টির নির্দেশ আমাদের নিশ্চয় মানতে হয়। আপনারাও পার্টি করেন যেমন আর এস পি পার্টি করে তাদেরও পার্টির নির্দেশ মানতে হয়। ফরোয়ার্ড ব্লকও নিশ্চয়ই তাদের পার্টির নির্দেশ মেনে চলেন। আশা করবো এই হাউস আমরা যা এ্যামেন্ডমেন্ট দিয়েছি প্যারাওয়াইজ সেটাকে এ্যাকসেপ্ট করবেন। আমি সেটা পড়ে দিচ্ছি।

This House expresses its grave concern at the Defamation Bill, 1988, which has been introduced and passed in Lok Sabha.

This House appreciates that taking into consideration the views expressed by the Media and others and in order to arrive at a concensus with the Fourth Estate, keeping an open mind on the various features of the Bill, the Prime Minister has decided not to introduce the Bill in the Rajya Sabha at present and has set up a Ministerial Committee to open dialogue with the Press and other interested parties and to initiate a public debate on the subject. This house appreceates the stand taken by the Journalists to observe a day's token strike throughout the Country on 6th September,1988. This House urges upon the Prime Minister through the Government of West Bengal to favourably examine the suggestions for the withdrawal of the Bill.

আমরা যেটা চেয়েছিলাম যে উইড্রয়াল অফ দি বিল, সেই জন্য সাজেশান হচ্ছে, এই ব্যাপারে ডায়লগ হচ্ছে যে, দে হ্যাভ বিন এমপাওয়ার্ড টু টক দি আদার মিনিষ্টারস। এখন আমরা তাদের সঙ্গে এই ব্যাপারে কথাও বলতে পারি। এই বিলটির এ্যামেন্ডমেন্টের জন্য লোকসভায় সেখানে সিপিএম পার্টির পক্ষ থেকে তেলেগু দেশম পার্টির পক্ষ থেকে লিফ্‌ট পার্টির পক্ষ থেকে দাবী তোলা হয়েছিল। অনেকেই বিলের এ্যামেন্ডমেন্ট আনার জন্য সাম অফ দি এ্যামেন্ডমেন্টস হ্যাভ বিন এ্যাক্‌সেপ্টেড বাই

দি গভর্ণমেন্ট ; সুতরাং গভর্ণমেন্ট এ্যাডামেন্ট এটা প্রশ্ন নয়, হতে পারে একটা ডেমোক্রেটিক প্রসেসে কাজ করতে গেলে কখন বেশী হতে পারে, কিন্তু সেটুকু আলোচনা করার বিষয়বস্তু তো আছে। সুতরাং আপনারা পলিটিক্যাল ফয়দা না উঠিয়ে - পলিটিক্যাল ইস্যু না করে যে মোশান এনেছে তার থেকে কিছু শব্দ বাদ দিয়ে যেটা যোগ করা হয়েছে তাতে যা দাঁড়াচ্ছে, আমার মনে হয় এটা যদি আনএনিমাউস হয় তাহলে আরও ভাল হবে; সম্মানজনক হবে, এবং সকলের অভিমত জানা হবে। এখানে যদি মেরিট বিচার করা হয় তাহলে আলাদা কথা, কিন্তু এই বিলে, যেটা ডিফামেশান বিল,১৯৮৮ - আপনারা দেখতে পাবেন দিস ইজ এ [illegible]শান অফ দি প্রভিশানস ইন ডিফারেন্ট এ্যাক্টস। আজকে এখানে যারা বক্তৃতা করলেন ঐ বিমলানন্দ বাবু ভেবেছেন আমরা মিলিয়ে যাব, আপনারা নিজেদের কথা ভাবুন, ফরোয়ার্ড ব্লকের কথা চিন্তা করুন - গোর্খা শব্দ আছে তাও হজম করতে হচ্ছে। স্যার, এখানে এর মধ্যে কিছু [illegible] আছে যেটা [illegible] পক্ষে একটু অসুবিধা হয়েছে। আসুন না একটি ইউনানিমাস রেজলিউশান নিয়ে চলুন না — মিনিষ্ট্রিরিয়াল যে কমিটি হয়েছে সেখানে আমরা বলি লেট আস প্রেস আওয়ার ভিউস যে [illegible] আছে। আইন তো পড়েন না, শুধু উপর উপর দেখেন, আইনটা পড়লে তো বুঝতে পারবেন সেকশানস্ ৪৯৯,৫০০,৫০১,২,৩ এইসব সেকশানগুলি দেখুন; আই.পি.সি অনুযায়ী যদি সেকশান ১০৫ অফ দি প্রভিডেন্স এ্যাক্টে কোন এক্সেপশান থাকে, সাপোজ এখানেও প্রভিশান আছে একটা মানুষ চোর নয়, কিন্তু চোর বলে প্রেস থেকে কাগজ বেরুল দ্যাট ম্যান হ্যাজ গট দি রাইট টু ফাইল এ সুট ইন দি ক্রিমিন্যাল কোর্ট আন্ডার সেকশান ৫০০ যে সেখানে এক্সেপশান আছে যে, ডিফারেশান যদি ট্রু হয়, ফলস হয় তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যাবে। ১০৫ অফ দি এ্যাভিডেন্স এ্যাকটে যিনি আসামী আছেন, যদি কোন এক্সেপশান থাকে, তাহলে তার দায়-দায়িত্ব হচ্ছে প্রমাণ করা। এর মধ্যে কিছু অংশ এসেছে যেজন্য এটা রাজ্যসভায় যাচ্ছে না, তাই বলছি আপনারা আইন পড়ুন। আমরাও চাই না ফ্রি অব দি প্রেস কার্টেল হোক। ফ্রিডম অব প্রেস থাকুক এটাও ঠিক। আপনারা জানেন যে ১৯৭৭ সালে আনন্দবাজার পত্রিকা আক্রান্ত হয়েছিল,৫১ দিন বনধ্ ছিল, আপনারা করেছিলেন, আপনারা ফটোগ্রাফারকে মেরে ফ্রিডম শেষ করেছিলেন। অফ অল দি পার্সনস আজকে যদি ফরোয়ার্ড ব্লক বলেন আমাদের আপত্তি নেই, নির্মলবাবু যদি বলেন আপত্তি নেই, কিন্তু কমিউনিষ্ট পার্টি যারা ফ্রিডম অব প্রেসে বিশ্বাস করে না তাদের মুখ থেকে ফ্রিডম অব প্রেসের বানী শুনতে হচ্ছে এটাই দুঃখের কথা। আমরা দেখছি কমিউনিষ্ট কান্ট্রিতে ফ্রিডম অব প্রেস বলে কিছু নেই, যারা গনতন্ত্র মানে না তাদের কাছ থেকে ফ্রিডম অব প্রেসের কথা শুনতে হবে। ফ্রিডম অব প্রেস কংগ্রেস করেছে সংবিধানের মাধ্যমে। তাই বলছি আপনারা আসুন, সুদীপ বন্দ্যোপাধ্যায় যে এ্যামেন্ডমেন্ট দিয়েছেন সেই এ্যামেন্ডমেন্ট গ্রহণ করে একসঙ্গে পাশ করিয়ে দিল্লীতে প্রাইম মিনিষ্টারের কাছে পাঠাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি হাউসের মাষ্টার মহাশয়, আপনি ওদের ডাকুন, ডেকে বলুন টু এ্যাকসেপ্ট দিস। সব থেকে দুঃখের কথা আপনারা যখন মোশান নিয়ে এলেন ইউ নিড নট থিংক টু কনসালট আস। এই যে এ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে এর কন্টেন্টস্এ সরকারের যা মতামত তা সবকিছু আছে, আমরা কখনও চাই না ফ্রিডম অব প্রেস কার্টল হোক। ফ্রিডম অব প্রেস যতটুকু দরকার নিশ্চয়ই থাকবে। এটা সবসময় ছিল, এখনও সেটা আছে, এই ব্যাপারে কিছু ভুল বোঝাবুঝি হয়েছে। তাই আপনার মাধ্যমে আমি আবার মোশানের প্রস্তাবকদের কাছে নিবেদন করছি দয়া করে সুদীপ বন্দ্যোপাধ্যায় যে এ্যামেন্ডমেন্ট দিয়েছেন তা গ্রহণ করুন, এটা একটা ইউনানিমাস রেজলিউশান হোক, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য :** মাননীয় স্পীকার মহাশয়, বিরোধী দলের নেতার বক্তব্যের প্রথম

দিকটা শুনতে শুনতে মনে হচ্ছিল যে তিনি আন্তরিকভাবে চাইছিলেন যে এই প্রস্তাবের উপর সহমত আমরা এখানে হতে পারি কিনা, একসঙ্গে করা যায় কিনা। কিন্তু তাঁর বক্তব্যের শেষ দিকে এসে তিনি যে ব্যাখ্যা শুরু করলেন তাতে আমার ধারণা হয় এই প্রস্তাব বোধ হয় কংগ্রেসের সঙ্গে একসঙ্গে নেওয়ার জায়গা নেই। আপনারা যেটা পারতেন সেটা হচ্ছে একবার একটু ঝুঁকি নিয়ে আমাদের প্রস্তাবকে সমর্থন করতে পারতেন, তাহলে পশ্চিমবঙ্গের মানুষ আপনাদের প্রতি সম্মান দিতেন। কিন্তু তা না করে আপনি যে প্রস্তাব করছেন সেই প্রস্তাব আমরা গ্রহণ করতে পারি না। সুদীপ বাবু আমাদের কাছে যে বর্ণনা দিলেন কিভাবে দেশে এটা এল, তিনি বললেন আইন ঠিকই তৈরী হয়েছিল, লোকসভায় পাশ হয়ে চলে গেল, বিরোধী দল পাশ করিয়ে দিল, কিছু কিছু সংশোধনী বিরোধী দলের গ্রহণ করা হল। বিরোধী দল আপত্তি তুলে যখন আটকাতে পারলেন তখন বাধ্য হয়ে সংশোধনী দিলেন, তারপর রাজ্যসভায় গেলে প্রধান মন্ত্রীর মনে হল যে ব্যাপারটা খারাপ হয়ে গেল তারপর আপনারা এটা বুঝলেন যে খারাপ বিল। এই রকম যদি অবস্থার মধ্যে আপনারা থাকেন তাহলে দেশের অবস্থা আপনারা কিভাবে ভাবছেন। আপনাদের বলছি শ্রীমতী ইন্দিরা গান্ধী দেশে জরুরী অবস্থা ঘোষণা করে যখন সংবাদপত্র সেনসার করেছিলেন তখন সারা ভারতবর্ষ ব্যাপি সংবাদপত্রে ধর্মঘট হয়নি, তবে হওয়া উচিত ছিল। শ্রীমতী ইন্দিরা গান্ধী এক অংশের সংবাদপত্রকে সঙ্গে রাখতে পেরেছিলেন। আর এখন সারা ভারত ব্যাপি সব প্রেসের দাবি এই বিল বিনা শর্তে প্রত্যাহার করে নিন, তা না হলে ধর্মঘট করছি। এই বাস্তবতা আপনারা বুঝেননি, প্রধানমন্ত্রী বলার পরে আপনারা বুঝতে পারলেন। যেদিন থেকে লোকসভায় এই বিল পেশ করা হয় সেদিন থেকে সবাই বলছে কংগ্রেসকে, বিরোধী দল আপ্রাণ চেষ্টা করছে যাতে এই বিল না আসে, কিন্তু তারপরে যখন জোর করে এনেছেন তখন তারা এ্যামেন্ডমেন্ট দিয়েছেন। সকলেই বলছেন এই বিল তুলে নিন, এটা করবেন না। বিরোধীরা আপ্রাণ চেষ্টা করল যাতে এটা তুলে নেয়, কিন্তু সরকার জোর করে যখন বিল আনলেন তখন বিরোধীদের সংশোধনী দেওয়া ছাড়া আর কি করার ছিল। তখন শুধু সংশোধনীর লড়াই হয়েছে, রাজ্য সভায় এটা গেলে কার্য্যকরী ভাবে প্রতিবাদ হবে, ভয়নক অবস্থা হবে, তাই আপাতত তুলে নিয়েছেন। সাত্তার সাহেব আই. পি. সি.'র ৪৯৯ থেকে ৫০২ ধারায় কি কি আছে এগুলি সব উল্লেখ করলেন। কিন্তু মজার কথা সেইসব ধারা থেকে সরে এসে এ বিলে কি আছে এটা তো বললেন না? উনি তো আইনজ্ঞ, উনি কি দেখছেন না এই বিলের তৃতীয় চ্যাপটার সেকসন ১৩, ১৪, ১৫ যেটা করা হয়েছে তাতে সমস্ত কিছু বাতিল করা হয়েছে এবং বলা হচ্ছে কোন সংবাদপত্র বা সাংবাদিক যদি কোন খবর লেখেন এবং তার জন্য তাঁকে গ্রেপতার করা হয় তাহলে সেই সাংবাদিককে প্রমাণ করতে হবে যার বিরুদ্ধে তিনি লিখেছেন তার কি অভিযোগ। সামারি ট্রায়াল হবে যেটা আগে কোনদিন ছিল না। শুধু তাই নয় তাঁকে একমাস বাধ্যতামূলকভাবে জেল খাটতেই হবে যেটা আগে কোনদিন ছিল না। আই. পি. সি'তে ১৩, ১৪, ১৫ ধারা ছিল না কিন্তু নূতন আইনে এটা ঢোকান হয়েছে। ভারতবর্ষের কোন সংবাদপত্র প্রতিষ্ঠান বা সাংবাদিক একে সহ্য করতে পারে না, সমর্থন করতে পারে না। সুদীপবাবু সংশোধনীর মাধ্যমে বললেন প্রধানমন্ত্রী বলেছেন আলাপ আলোচনা সুরু হোক। আগে কেন আলোচনা করলেন না? গণতন্ত্র আছে বলে এত দ্রুততা কেন? কেন এত অশোভন দ্রুততা? ল' কমিশন, প্রেস কমিশন আমাদের দেশে আছে। সর্বভারতীয় একটা বিল আসছে, একটা আইন তৈরী হচ্ছে কাজেই ঐ ল' কমিশন ও প্রেস কমিশনের একটা মত নেওয়া উচিত ছিল। কিন্তু ল' কমিশন, প্রেস কমিশন এ ব্যাপারে মত দেন নি তাদের মত উপেক্ষা করে ষড়যন্ত্র মূলক ভাবে জোর করে পার্লামেন্টারী বিল নিয়ে এসেছেন। অনেকেই বলছেন ঐ সমস্ত কমিশনের মত না নিয়ে এই ধরণের বিপদজনক বিল পেশ করা উচিত হয় নি। কেন আলোচনা করলেন না? আলোচনা করে তারপর না হয় আনতেন। বিরোধীপক্ষ এখন বলছেন একসঙ্গে প্রস্তাব নেওয়া যায় কিনা দেখুন। সুদীপবাবু বললেন ফ্রিডম অফ

প্রেস সমর্থন করি কিন্তু মনে রাখতে হবে সেটা যেন লাইসেন্‌সের বাইরে না যায় — যা ইচ্ছা লিখবে তা তো হয় না—সুদীপবাবু বললেন একজনের সারাজীবনের গড়ে তোলা ভাব মূর্তি কাগজের একটা গল্পে শেষ হয়ে যায়, আমি বলি কোন রাজনৈতিক নেতার ভাবমূর্তি এত সহজে শেষ হয়ে যায় না, যদি অসত্য কথা হয় তাহলে সংবাদপত্র সেটা বার করতে না পারলেও একদিন ঠিকই বেরোবে বোফর্সের ঘটনা একদিন বেরোবেই, কেউ আটকে রাখতে পারবে না। আপনারা বলুন তো কোন মিথ্যা সংবাদ বার হবার জন্য একজনের জীবনের ভীবমূর্ত্তি নষ্ট হয়ে গেছে ? একটাও প্রমাণ নেই। সংবাদপত্রের ভুল খবরের জন্য কোন রাজনৈতিক নেতার চরিত্র হনন হয়েছে বা তার রাজনৈতিক জীবন শেষ হয়ে গেছে এর একটা প্রমাণও নেই। লেখার অধিকার থাকা দরকার। যদি কখন প্রয়োজন হয় কোর্টে প্রমাণ হবে। জনগণ ঠিক করবেন কোনটা ঠিক কোনটা অসত্য। কাজেই লেখার অধিকার ছেড়ে দিতে কেউ পারে না। সুদীপবাবু আমার বক্তৃতা থেকে কিছু কিছু উদ্ধৃতি দিলেন। ভাল লাগল, ওগুলো বার বার পড়বেন, উপকার হবে আমরা বার বারই বলেছি একচেটিয়া বড় বড় সংবাদপত্রের মালিকদের সঙ্গে আমাদের মৌলিক বিরোধ রয়েছে। এই সমস্ত কাগজগুলো বড় বড় পরিবারের টাকায় চলে, এদের সঙ্গে বামপন্থী রাজনীতি এবং বামফ্রন্ট সরকারের একটা মৌলিক বিরোধ রয়েছে। এরা জন্ম থেকেই আমাদের বিরোধী, আমরাও জন্ম থেকেই ওদের বিরোধী, কি ব্যাপার, এটা শুনলেও আপনাদের রাগ হয় নাকি ? যে খেলার যে নিয়ম সেই নীতি মানবেন কিনা বলুন? সংবাদপত্রের অধিকার আছে আমার বিরুদ্ধে লেখার এবং আমারও অধিকার আছে তার জবাব দেওয়া। মাঠের ময়দানের মানুষ সব কিছু বিচার করবে। আমরা ঐ সংবাদপত্রের দয়ায় আসিনি।

**[7.00 – 7.10 p.m.]**

ঐ সংবাদপত্রগুলি সম্পর্কে আমাদের মনোভাব হচ্ছে এই, তাদের অধিকার আছে, যে অধিকার হস্তক্ষেপ করা যায় না। তাদের সেই অধিকার দিতে হবে। সেই অধিকার নিয়ে তারা লিখবেন, আমরা আমাদের উত্তর দেব এবং মানুষ বিচার করবে কোনটা ঠিক। আপনি বলতে পারেন, একচেটিয়া সংবাদপত্র, সুতরাং আইন দিয়ে তাদের গলা টিপে ধরব? আপনি বলতে পারেন না। এই অধিকার মেনে নিতে হবে। এটা গনতান্ত্রিক অধিকার। সাত্তার সাহেব ফ্রিডম অব প্রেসের কথা শোনাতে গিয়ে কম্যুনিজমকে আক্রমণ করলেন, তিনি ফ্রিডম অফ প্রেস সম্পর্কে অনেক বড় বড় কথা বলে গেলেন। কমিউনিষ্ট পার্টিকে আক্রমন করলেন। শুনে মনে হল মার্কসিজমের এ. বি. সি.'ও জানেন না। আপনার সঙ্গে মার্কসিজম নিয়ে আলোচনা করলে ভাল হত। কিন্তু এখন করে কোন লাভ নেই, পরে করা যেতে পারে। আমি শুধু এই কথা বলছি, যে প্রস্তাব আমরা তুলছি তাতে আমার ধারণা হল এই, সেই প্রস্তাবের সঙ্গে সংশোধনীর কোন সম্পর্ক নেই। যে সংশোধনী আপনারা জানতে চাইছেন তার দ্বারা কেন্দ্রীয় সরকার যে অপরাধ করতে যাচ্ছিলেন এবং ষড়যন্ত্র মূলক ভাবে যা করতে যাচ্ছিলেন সেই অপরাধকে আড়াল করতে যাচ্ছেন। আমরা খোলাখুলি ভাবে বলি যে, তাঁরা অপরাধ করেছেন এবং খোলুখুলি ভাবেই আপনারাও এটা বলুন যে, আপনারা অপরাধ করেছেন। খোলাখুলি ভাবেই আপনারা এটা স্বীকার করুন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য সুদীপ বন্দোপাধ্যায় যে সংশোধনী এই সভায় উত্থাপন করেছেন এবং যার সমর্থনে শেষ পর্যায়ে কংগ্রেস দলের দুজন মাননীয় সদস্য কোন বক্তব্য না রেখে একেবারে বিরোধীদলের শ্রদ্ধেয় নেতা সাত্তার সাহেবের উপর দায়িত্ব তুলে দিলেন এবং তিনি অনেক রকম যুক্তি বান ছুঁড়ে আমাদের বোঝাবার চেষ্টা করলেন — আমি দুঃখিত যে, তাঁদের সেই সংশোধনী গ্রহন করতে পারছি না। আমরা যে উদ্দেশ্য নিয়ে এই প্রস্তাব এনেছি, যদি এই সংশোধনী হাউসে গ্রহন করা হয় তাহলে দি ভেরি পারপাজ অব দিস মোসন উইল

বি ডিফিটেড্ । মাননীয় বিরোধী পক্ষের নেতার যদি সেই ইচ্ছা, আগ্রহ থাকতো, সংবাদপত্রের স্বাধীনতার প্রতি যথারীতি মর্যাদাবোধ থাকতো তাহলে তাঁরাই আগ্রহী হয়ে আমাদের সঙ্গে পরামর্শ করে এই হাউসে সর্বসম্মত প্রস্তাব গ্রহন করা উচিত ছিল। সুতরাং আমরা যে প্রস্তাব এখানে উত্থাপন করেছি সেই প্রস্তাবেই আমরা ষ্ট্রিক্ট করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এই দেশে, বিশেষ করে এই রাজ্যে সংবাদপত্রের স্বাধিকার, গণতান্ত্রিক অধিকার রক্ষার লড়াই-এর একটা দীর্ঘ ঐতিহ্য আছে। এই ভারতবর্ষে সংবাদপত্রের জনক বলে আমরা যাকে জানি, তিনি হলেন হিকি সাহেব। তাঁরও স্থান হয়েছিল লালবাজার লক আপে। আর একজন হলেন উইলিয়ম বোল্টস, তিনিও সংবাদ পত্রের স্বাধীকার চেয়েছিলেন। তাঁকেও জাহাজে পুরে দিয়েদেশে পাঠিয়ে দেওয়া হয়েছিল এবং বলা হয়েছিল স্বাধীনতা, স্বাধিকারের কথা বলা চলবে না। আজকে যিনি প্রধানমন্ত্রী হিসাবে এই ডিফামেসন বিল পার্লামেন্টে এনেছেন — একদিন তাঁর প্রপিতামহ মহাশয় পন্ডিত মতিলাল নেহেরু এই সংবাদপত্রের স্বাধীকারের পক্ষে, গনতন্ত্রের পক্ষে কি ধরণের বক্তব্য রেখেছিলেন, সেটা সেন্ট্রাল এ্যাসেম্বলীর রেকর্ড খুঁজে দেখলেই পাওয়া যাবে। তিনি বলেছিলেন, সংবাদ পত্রই হচ্ছে আমাদের দেশের জাতীয় সম্পদ এবং জাতীয় ঐতিহ্য ও উন্নয়নের ক্ষেত্রে এই সংবাদপত্র একটা প্রেরণা-স্বরূপ। আজকে সেই সংবাদপত্রের স্বাধীনতা খর্ব করে ওরা তার কণ্ঠরোধ করতে চাইছেন। ডিফামেসন বিল তাদের আনতে হল কেন? আমাদের মাননীয় মন্ত্রী বুদ্ধদেববাবু সঠিকভাবেই বলেছেন — প্রেস কমিশন, ল' কমিশনও বলেছেন তাদের আরো উদার করা — সাত্তার সাহেব আইন কানুন জানেন, আমি জানি না, মাঠে ঘাটের লোক, পেনাল কোডের ২১ ধারায় কি আছে ? সি. আর. পি. সি.র ৪৯৯ ধারা, ৫২২ ধারায় যা আছে, তাই যথেষ্ট। যারা আইনজ্ঞ লোক তারা এটা বলবেন, আমি আর তার মধ্যে যাচ্ছি না। কিন্তু বিলটি এল কেন? আমি আবার পুরানো কথায় ফিরে যাচ্ছি। আপনাদের নিশ্চয় মনে আছে, বিরোধী পক্ষের'ও নিশ্চয় মনে আছে—'' কংগ্রেস ওয়ার্কিং কমিটি গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, দেশে রাজনৈতিক সংঘর্ষ বাড়ছে। এই সব আন্দোলন দেশের বেশ কিছু উচ্চ পদাধিকারীর বিরুদ্ধে প্রচারে মদত দিচ্ছে। কিছু বিরোধী দল বিরোধিতা ও অপবাদের জন্য প্ল্যান মাফিক প্রচার শুরু করেছে। দেশের সর্বোচ্চ পদাধিকারীর বিরুদ্ধে ভিত্তিহীন অভিযোগের কাদা ছোঁড়ার জন্য সংসদকে ব্যবহার করা হচ্ছে। ১৯৭৫ সালে জরুরী অবস্থার অন্ধকারের কালো দিন আমরা ভুলে যাই নি। তারই আগে কংগ্রেস ওয়াকিং কমিটির এই প্রস্তাবে দেশটা কারাগারে নিক্ষিপ্ত হয়েছিল। আজকে আবার ডিফামেশান বিলে একটা পটভূমিকাকে আনা হচ্ছে। সেই কণ্ঠস্বর শোনা যাচ্ছে, সেই আক্রমনের ইংগিত আমরা দেখতে পাচ্ছি। অন্যান্য যে আইনগুলি পাশহয়েছে আমাদের দেশে, সংবাদপত্রের স্বাধীনতাকে যে ভাবে খর্ব করা হচ্ছে, যেভাবে গনতন্ত্রের মূল্যবোধকে ধুলিস্যাৎ করা হচ্ছে তার বিরুদ্ধে আমরা প্রতিবাদ না করলে কে প্রতিবাদ করবে? তাই আমরা বলেছি, ইন এ ভেরি আনসিমলি হেষ্টি। ভারতবর্ষের সমস্ত সংবাদপত্র-সে সংবাদপত্রের মালিকই হোন আর সাংবাদিকই হোন সকলে এক জায়গায় দাঁড়িয়েছেন। রাজধানী দিল্লীতে এবং ভারতবর্ষের রাজ্যে রাজ্যে অনেক কংগ্রেসী সদস্য, অনেক এম. পি.রা প্রতিবাদে মুখর হয়েছেন। আমি শুনেছি এর আগে এই হাউসে দুজন মাননীয় সদস্য এর প্রতিবাদ করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সময় এসেছে ভাববার। সংবাদত্রের স্বাধীনতার প্রশ্নে এখানে কিছু মন্তব্য করা হল। সেই সময় কখনও 'আনন্দবাজারের' নাম করা হল আবার কখনও বা অন্য সংবাদপত্রের নাম করা হল। আমি ওঁদের জিজ্ঞাসাকরি, পশ্চিমবাংলায় কোন সংবাদপত্রের স্বাধীনতার বামফ্রন্ট সরকার হস্তক্ষেপ করেছে? স্যার, আমি নাম করে গুরুত্ব বাড়িয়ে দিতে চাই না, আমরা তো জানি, একটি সংবাদপত্র তো জন্ম থেকেই বামফ্রন্ট সরকারের বিরোধিতা করে আসছে এবং মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির চরিত্র হননের চেষ্টা করছে। কিছু ক্ষতি নেই তাতে এবং দুঃখও নেই কারণ মানুষই তার বিচার করেছে।

(গোলমাল)

স্যার, ভারতবর্ষের যে সমস্ত রাজ্যে কংগ্রেসী শাসন চলে সেখানকার অবস্থাটা একটু শুনুন। উড়িষ্যায় সাংবাদিককে হাতে হাতকড়া পরিয়ে রাস্তায় ঘোরানো হয়েছে, বিহারে সাংবাদিককে জেলে পুরে দেওয়া হয়েছে, উত্তরপ্রদেশে এক ডি. এম-এর স্ত্রী কাপড় কিনতে গিয়েকাপড়ের দাম দেয়নি এবং সেই সংবাদটি যে সংবাদপত্রে প্রকাশিত হয় সেই সংবাদপত্রের সাংবাদিককে হাতকড়া পরিয়ে, কোমরে দড়ি বেঁধে রাস্তায় ঘোরানো হয়। কংগ্রেস শাসিত রাজ্যগুলির যেখানে এই অবস্থা সেখানে ওঁদের লজ্জা করে না সংবাদপত্রের স্বাধীকার, সংবাদপত্রের স্বাধীনতার কথা বলতে ? স্যার, আমরা গর্বিত তার কারণ, পশ্চিমবঙ্গে সংবাদপত্রের স্বাধীনতা এবং স্বাধীকারকে বামফ্রন্ট সরকার রক্ষা করছে। আজকে সারা ভারতবর্ষ জুড়ে প্রতিবাদের ঝড় উঠেছে। দেশের এই ঘনায়মান সংকটের সময় আমি মনে করি দেশের সমস্ত মানুষকে এক হয়ে দাঁড়াতে হবে। স্যার, এই প্রসঙ্গে যোসেফ ষ্টালিনের একটি কথা বিরোধীদলের মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিচ্ছি। ১৯২১ সালে তিনি বলেছিলেন, "বুর্জোয়া গনতন্ত্রের পতাকা যখন ধূলায় লুন্ঠিত তখন শ্রমিক শ্রেণীর দায়িত্ব গনতন্ত্রের পতাকা উর্দ্ধে তুলে ধরা।" স্যার, আমরা বামপন্থীরা, কমিউনিষ্টরা, আমরা এই সংগ্রামের সামনের সারিতে । পরিশেষে বলব, আমার বন্ধু জয়ন্ত বিশ্বাস মহাশয় কবি জীবনানন্দ দাশের একটি কবিতা থেকে উদ্ধৃতি দিলেন। তিনি যেটা বললেন সেটা না বলে আমার মনে হয় এই কবিতা বললেই ভালো হত '। আমার সবটা মনে নেই, যেটুকু আছে সেটা বলছি।

"পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন;
মানুষ তবুও ঋণী পৃথিবীরই কাছে ।
সুচেতনা এই পথে আলো জ্বেলে
এ পথেই পৃথিবীর ক্রমমুক্তি হবে;
সে অনেক শতাব্দীর মনীষীর কাজ;
এ বাতাস কি পরম সূর্যকরোজ্জ্বল;
প্রায় ততদূর ভালো মানব-সমাজ।"

স্যার, এই কথা বলে আমার প্রস্তাব হাউসকে গ্রহন করার জন্য অনুরোধ জানিয়ে এবং সংশোধনীর বিরোধিতা করে আমি শেষ করছি।

**শ্রী আব্দুস সাত্তার :** স্যার, আমরা একটা এ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম এবং আশা করেছিলাম সেটা গ্রহন করা হবে এবং এটা ইউনানিমাস হবে। কিন্তু দেখলাম বুদ্ধদেববাবু কয়েকটা কড়া কড়া কথা শুনে উনি আর গ্রহন করতে সাহস করলেন না। আমাদের এ্যামেন্ডমেন্ট যখন এ্যাকসেপ্ট করছেন না তখন আমরা আর এতে পার্টিসিপেট করছি না।

*(At this stage Congress(I) members walked out of the Chamber)*

*The motion* of Shri Sudip Bandyopadhyay that–

1. In para 1, line 1 for the words "and deep resentment against", the word "at be substituted.

and. In para 1, line 3, th4 words "in an unseemly haste" be omitted.

and. In para 2, lines 1 to 3 for the words "observes that in the teeth of the mounting opposition and resistance from people of all walksof life particularly from the press". the words " appreciates that talking into concideration the views expressed by the Media and others and in order to arrive at a consensus with the Fourth Estate, keeping an open mind on the various featurs of the Bill", be substituted.

and. In para 2, line 5 after the words "the Press", the words: "and other interested parties and to initiate a public debate on the subject" be added.

and. In para 3, line the words "demanding unconditional withdrawal of this draconian bill" be omitted.

and. For the para 4, the following be substituted :

"This House urges upon the Prime Minister through the Government of West Bengal to favourably examine the suggestion for the withdrawal of the Bill" were then put and lost.

The motion of Shri Santasri Chatterjee that –

"This House expresses its grave concern and deep resentment against the Defamation Bill, 1988 which has been introduced and passed in the Loksabha i an unseemly haste;

This House observes that in the teeth of the mounting opposition and resistance from people of all walks of life and particularly from the Press, the Prime Minister has decided not to introduce the Bill in the Rajya Sabha at present and has set up a Ministerial Committee to open dialogue with the Press;

This House appreciates the stand taken by the Journalists to observe a day's token strike throughout the Country on 6th September, 1988. demanding unconditional withdrawal of this draconian bill ;

This House while strongly denouncing this anti-people and undemocratic Bill urges upon the Government of India through the State Government for its immediate withdrawal.

was then put and agreed to.

**শ্রী মানবেন্দ্র মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব ইনফরমেশান। স্যার, আমাদের লবির সাংবাদিকদের কাছে শুনলাম যে আমাদের বিধানসভার ২ জন মাননীয় সদস্য সুব্রত মুখার্জী এবং অশোক ঘোষ, তারা নাকি পদত্যাগ পত্র নিয়ে আপনার ঘরে গেছেন। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় কারণ ২ জন মাননীয় সদস্য পদত্যাগ করতে চাচ্ছেন। কাজেই আপনি আমাদের কাছে সভায় জানান যে ঘটনাকি কি ।

**মিঃ স্পীকার :** না, না এসব কিছু নয়, আপনি বসুন।

Today is the last day of the present session. Before I adjourn the House sine-die I would like to make an announcement regarding questions. Starred Questions to which replies have been received in the Secretariat but not answered in the House would be treated as Un-starred Ones and replies there to would be circulated to the Members.

Now I shall narrate in brief about the business transactid in the House during this short Session.

## QUESTIONS

| | | | |
|---|---|---|---|
| Total number of notices of Questions received | | ____ | 252 |
| (a) | Short Notice | ____ | 11 |
| (b) | Starred | ____ | 167 |
| (c) | Unstarred | ____ | 73 |
| (d) | Half-an-House Discussion | ____ | 1 |
| | Number of Questions admitted as :– | | |
| (a) | Short Notice | ____ | N i l |
| (b) | Starred | ____ | 77 |
| (c) | Un-starred | ____ | 30 |
| | Number of Questions replied as :– | | |
| (a) | Short Notice | ____ | N i l |
| (b) | Starred | ____ | 20 |
| (c) | Un-starred | ____ | N i l |
| | Total number of Questions Replied | ____ | 20 |
| | Total number of Questions Disallowed | ____ | 8 |

## Legislations

### Government Bill

| | |
|---|---|
| Notices Received | 9 |
| No. of Bills Introduced | 8 |
| Bills passed | 8 |
| Bill returned & passed again with amendments as recommended by the Governor | 1 |

### Rules

| | |
|---|---|
| Notices Received | 1 |
| Rules Laid | 1 |

### Adjournment Motion

| | |
|---|---|
| Notices Received | 20 |
| Consent Given | Nil |
| Consent Withheld | 18 |
| Notice Out-of-Order | 2 |

### Calling Attention Notice

| | |
|---|---|
| Notice Received | 34 |
| Notice Admitted | 6 |
| Statement Made | 6 |

### Motion Under Rule 185

| | |
|---|---|
| Notice Received | 18 |
| Admitted | 12 |
| Disallowed | 6 |
| Discussed and Carried | 6 |
| Discussed and Lost | 4 |
| Admitted but not Discussed | 2 |

**Discussion under Rules 194**

| | | |
|---|---|---|
| Notice Received | —— | 5 |
| Admitted | —— | 1 |
| Disallowed | —— | 4 |
| Discussed | —— | Nil |

**Laying of Annual Reports and Accounts Govt. Companies and Undertakings**

| | | |
|---|---|---|
| Notices Received | —— | 9 |
| Reports Laid | —— | 9 |

**Number of Mention Cases**

| | | |
|---|---|---|
| Notices Received | —— | 163 |
| Raised | —— | 142 |
| Zero Hour Mention | —— | 15 |
| Number of sittings | —— | 8 days |
| Total hours of sittings | —— | 34 hours 25 minutes |

Members, before I adjourn the House sine die, I would like to thank all the members for their co operation and active participation in making this very historic session a successful one. Though this session has been very short, it discussed many important business and we may term it as a very historic session. We have made history in passing the Darjeeling Gorkha Hill Council Bill and also discussing various other important motions and resolutions. We hope that the future of West Bengal is secured, is peaceful with the co-operation of all parties. All the members in this House have showed sagacity and maturity in tackling with the situation and we look forward to similar co-operation in future for solving problems of the State.

I would like to inform the members that I will be leaving for austrilia as your rèspresentative on 11th of this month for the 34th Commonwealth Parliamentary Association Conference in Canbera. I will carry with me as your representative your message of goodwill

and message of goodwill from the State to the Conference.

I hope you will enjoy the vacation and Puja holidays and like to meet you all the next Session.

Now Shri Buddhadeb Bhattacharjee.

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সংক্ষিপ্ত অধিবেশন সফল করার জন্য আপনাকে আমি ধন্যবাদ জানাই। আমি আপনার মাধ্যমে ডেপুটি স্পীকার মহাশয়কে ধন্যবাদ জানাই, আমি ধন্যবাদ জানাই বিধানসভার অফিসার, কর্মচারী সকলে যে পরিশ্রম করেছেন তার জন্য। সকলকে ধন্যবাদ জানানোর সঙ্গে সঙ্গে বিরোধীদের ধন্যবাদ জানানোর ইচ্ছা ছিল, কিন্তু তাঁরা এখানে উপস্থিত নেই। আমরা দার্জিলিং এর মত একটা গুরুত্বপূর্ণ বিল এখানে পাশ হয়েছে, দেশের রাজনীতিতে এটা একটা গুরুত্বপূর্ণ দিক। এছাড়া আমরা অনেক মূল্যবান কাজ করেছি, এই কাজ করার জন্য স্পীকার মহাশয় যে ভাবে আমাদের সাহায্য করেছেন এবং ডেপুটি স্পীকার মহাশয় আমাদের কাজে সাহায্য করেছেন, যে ভাবে সভা পরিচালনা করেছেন তার জন্য আর একবার তাঁদের ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নিরঞ্জন মুখার্জী :** স্যার, এই স্বল্প কালীন অধিবেশন অত্যন্ত গুরুত্বপূর্ণ, যেমন আপনি বললেন আমরা দার্জিলিং বিল পাশ করেছি, তেমনি এই হাউজের মর্য্যাদা আলোচনার মধ্যে দিয়ে অনেক পরিমানে বাড়ানোর চেষ্টা করেছেন, বিশেষ করে আপনি এবং ডেপুটি স্পীকার তো বটেই এবং আমাদের এই হাউজের কর্মচারী যারা কাজ করেছেন আমাদের সঙ্গে, তাতে অনেক বেশী শৃংখলা বদ্ধ ভাবে আমাদের স্বল্প সময়ের মধ্যে অধিবেশন চালাতে সাহায্য করেছেন তার জন্য তাদেরকে ধন্যবাদ জানিয়ে ছোট করতে চাই না, কিন্তু প্রকৃতই একটা খুব অসম্ভব কাজকে সম্ভব করতে সক্ষম হয়েছি। আপনি এক মাসের জন্য বিদেশে যাচ্ছেন, আপনি সেখানে স্পীকার সম্মেলনে উপস্থিত হতে যাচ্ছেন। আমাদের হাউজের এটা গর্ব, আপনি ভারতবর্ষের বাইরে গিয়ে আমাদের প্রতিনিধিত্ব করবেন। আশা করবো, আমাদের স্মৃতিকে সামনে রেখে একটা সফল সম্মেলন করে আমাদের কাছে ফিরে আসবেন এবং আমাদের সম্মানকে অতীতে যেমন বৃদ্ধি করেছেন, তেমনি আবার আমাদের সম্মান এবং ভারতবর্ষের সম্মান বৃদ্ধি করে ফিরে আসবেন। সর্বশেষে স্পীকার মহাশয়কে, ডেপুটি স্পীকার মহাশয়কে এবং যারা বিধানসভার কর্মী এবং অফিসার কাজ করেছেন তাদের প্রতি আমাদের কৃতজ্ঞতা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Mohammad Ramjan Ali :** This short Assembly Session is now ended today very peacefully. I congratulate all of our members for maintaining this House proceedings peacefully in their interest. I also congratulate the opposition members to act in the constant interest of this House. It is a good news for all of us that our Hon'ble Speaker will go to Common Wealth Foreign countries Seminar. I wish that he would return after acquiring higher position. I also congratulate the Deputy Speaker. In a short time he has maintained his Chair with great care. This House cannot run in full swing if our Officers, Security men and other office workers do not work with great interest. I also congratulate the Press Reporters. Thank you.

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় স্পীকার মহাশয়, এই স্বল্প কালীন অধিবেশনে আমাদের এই বিধানসভায় কতকগুলো গুরুত্বপূর্ণ আলোচনা হয়, বিভিন্ন সদস্য তাঁদের বক্তব্যও রেখেছেন। সরকার পক্ষ থেকে যে বিলটা আনা হয়েছিল, বিশেষ করে গোর্খা ল্যান্ডের উপর, সেটা গুরুত্বপূর্ণ বিল, এটা শুধু আলোচনা নয়, পাশও হয়েছে এবং আগামী দিনে পশ্চিমবাংলার মানুষের সামনে এটা একটা ঐতিহ্য হিসাবে থাকবে। কিন্তু পশ্চিমবাংলায় বর্তমানে বন্যার প্রকোপ ঘটেছে কয়েকটি জেলায় এবং তাতে মানুষ যে ভাবে আক্রান্ত হয়েছে, তার জন্য যে চার ঘন্টার আলোচনার সুযোগ দিয়েছেন বিশেষ করে বিরোধী দলের বন্ধুরা গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে আপনার কাছে যে দাবীগুলি করেছেন সেগুলি শুনে আপনি তাঁদের বলবার সুযোগ দিয়েছেন। প্রতিটি ক্ষেত্রে আপনি সদস্যদের বক্তব্য ধৈর্য সহকারে শুনে বিধানসভার মর্যাদা রক্ষার চেষ্টা করেছেন। আপনার সাথে সাথে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ও বিধানসভার মর্যাদাকে অক্ষুন্ন রাখার এবং সংসদীয় গণতন্ত্রের মর্যাদা ও গৌরবকে দেশের মানুষের সামনে তুলে ধরার চেষ্টা করেছেন। সেই জন্য আমি আপনাদের উভয়কে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সেই সঙ্গে সঙ্গে আমি আমাদের এই বিধানসভার সমস্ত অফিসার ও কর্মীদের সভা পরিচালনার ক্ষেত্রে আন্তরিক সহযোগিতা করার জন্য আপনার মাধ্যমে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই স্বল্পকালীন গুরুত্বপূর্ণ বিধানসভা অধিবেশন আমাদের সকলের কাছে স্মরণীয় হয়ে থাকবে। আপনি এই অধিবেশনটি যেভাবে পরিচালনা করেছেন তার জন্য আমি আপনাকে অভিনন্দন জানাচ্ছি, আমি আপনার মাধ্যমে ডেপুটি স্পীকারকে ধন্যবাদ জানাচ্ছি কারণ তিনি আপনার অনুপস্থিতিতে সুষ্ঠুভাবে সভার কাজ পরিচালনা করেছেন। সেই সাথে বিধানসভার অফিসারগণ এবং স্টাফেরা যেভাবে সভা পরিচালনায় সহযোগিতা করেছেন তাতে আমি তাঁদেরও অভিনন্দন জানাচ্ছি।

**শ্রী কামাক্ষ্যা ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও আমাদের এই অধিবেশনটি খুবই স্বল্পকালীন, তথাপি এটি একটি গুরুত্বপূর্ণ অধিবেশন হল। একথা আপনি যেমন উল্লেখ করেছেন, তেমন সব বক্তারাই উল্লেখ করেছেন। এই অধিবেশনে কতগুলি বিল এবং কতগুলি প্রস্তাব উৎথাপিত হয়েছে এবং তার মধ্যে কতগুলি গৃহীত হয়েছে, না হয়েছে সে হিসাব আপনি এখানে উপস্থিত করেছেন। প্রতিটি ক্ষেত্রেই আপনি আমাদের বিরোধী সদস্যদের সংসদীয় গণতন্ত্রকে রক্ষা করার জন্য যথেষ্ট সুযোগ দিয়েছেন। আপনি তাঁদের সমস্ত অভিযোগ গুরুত্ব দিয়ে শুনেছেন এবং যত দূর সম্ভব আপনি প্রতিকার করেছেন। অর্থাৎ অত্যন্ত দক্ষতার সঙ্গে এবং অত্যন্ত সুষ্ঠুভাবে আপনি এই স্বল্পকালীন অধিবেশনটি পরিচালনা করেছেন। তার জন্য আমি আপনাকে অভিনন্দন এবং ধন্যবাদ জানাচ্ছি। আমাদের ডেপুটি স্পীকার, বিধানসভার সেক্রেটারী, ডেপুটি সেক্রেটারীরা, এ্যাসিসটেন্ট সেক্রেটারীরা এবং বিধানসভার অন্যান্য কর্মচারীবৃন্দ যেভাবে আমাদের সমস্ত বিধায়কদের সাহায্য এবং সহযোগিতা করেছেন তাতে তাঁদের সকলকে আমি আপনার মাধ্যমে ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিধানসভার এই অধিবেশনটি যদিও খুবই স্বল্পকালীন ছিল, কিন্তু গোটা ভারতবর্ষে আজকে যে রাজনৈতিক সংকট চলছে, গণতন্ত্রের ওপর যে আঘাত নেমে এসেছে সেই সংকটজনক পরিস্থিতিতে জাতীয় ক্ষেত্রের এবং আন্তর্জাতিক ক্ষেত্রের কয়েকটি গুরুত্বপূর্ণ সমস্যার ওপর আমরা এখানে আলোচনা করলাম। সেই পরিপ্রেক্ষিতে সুষ্ঠুভাবে এই অধিবেশন পরিচালনা করার ক্ষেত্রে আপনার এবং মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়ের ভূমিকা খুবই প্রশংসনীয়। তাই আমি আপনাদের উভয়কে অভিনন্দন জানাচ্ছি। এই অধিবেশন পরিচালনার ক্ষেত্রে বিধানসভার সংশ্লিষ্ট সমস্ত স্টাফেদের — তাঁদের সভার কাজ সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে — প্রচেষ্টা এবং সহযোগিতা দানের জন্য অভিনন্দন জানাচ্ছি। এবং আপনার বিদেশ যাত্রা শুভ হোক, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিমলানন্দ মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি কমনওয়েলথ্ সম্মেলনে যাচ্ছেন, সেই জন্য আমি প্রথমেই আমার শুভ-কামনা জানাচ্ছি। আপনি খুবই সুন্দরভাবে আমাদের সভা পরিচালনা করেছেন। আমরা আশা করব আপনি ওখানেও পশ্চিমবাংলার মানুষের প্রতিনিধি হিসাবে উজ্জ্বল ভূমিকা রেখে আসবেন। আমাদের বিশ্বাস আপনি সফল হবেন। এইস্বল্পকালীন অধিবেশন খুবই সুন্দর এবং সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য আমি আপনাকে মাননীয় উপাধ্যক্ষ মহোদয়কে এবং আমাদের বিধানসভার সেক্রেটারী থেকে একদম নীচের-তলা পর্যন্ত সমস্ত কর্মচারীদের ধন্যবাদ জানাচ্ছি। এই কথা বলে সকলের প্রতি শুভ-কামনা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার ইতিহাসে এই সংক্ষিপ্ত সেসন স্মরণীয় কারণ ঐতিহাসিক যে বিল তা এই সংক্ষিপ্ত সেসনে গ্রহন করা হয়েছে। স্মরণীয় এই সেসন এই কারণে যে সংবাদপত্রের স্বাধীনতা রক্ষা করার জন্য এখানে প্রস্তাব গ্রহন করা হয়েছে। স্মরণীয় এই কারণে যে, বিশ্বশান্তি রক্ষা করার পরিপ্রেক্ষিতে নেলসন ম্যান্ডেলার মুক্তির জন্য এই সংক্ষিপ্ত সময়েপ্রস্তাব গ্রহন করা হয়েছে আর স্মরণীয় এই জন্য, মাননীয় অধ্যক্ষ মহাশয় নিজে কমনওয়েলথ কনফারেন্স যাচ্ছেন। আশা করি তাঁর যাত্রা শুভ হবে, অত্যন্ত সফল হবে। বিভিন্ন সম্মেলনে আমরা দেখেছি - তিনি কৃতিত্বের পরিচয় দিয়েছেন। অষ্ট্রেলিয়াতে গিয়েও পশ্চিমবাংলা তথা ভারতবর্ষের সেই গৌরব অক্ষুন্ন রাখবেন এটাই আমার বিশ্বাস। আর এখানে এই হাউসের কাজ পরিচালনা করার জন্য এই হাউসের যিনি লিডার, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীমণ্ডলী, বিভিন্ন দল এবং দলের নেতা, চীফ্ হুইপ, হুইপকে ধন্যবাদ জানাই। কারণ হাউস চালাতে গেলে তাঁদের সহযোগিতা না পেলে হাউস চালানো যায় না। সেক্ষেত্রে এই সংক্ষিপ্ত সেশানে তারা যথেষ্ট সহযোগিতা করেছেন। আর ধন্যবাদ জানাই এই সেক্রেটারিয়েটের প্রত্যেকটি কর্মচারীকে যাঁদের টিম-ওয়ার্ক ছাড়া এই সমস্ত কাজ সফল হয়না। তাই সকলকে আমার পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি। আমার বক্তব্য শেষ কবার আগে শুধু একটু দুঃখ এবং ক্ষোভ প্রকাশ করছি, কারণ শেষের দিকে যখন সংবাদপত্রের স্বাধীনতা রক্ষা করার প্রশ্নে আমরা প্রস্তাব গ্রহন করছি তখন যদি বড় বিরোধী দল থাকতেন তাহলে আরো আনন্দময় হতো আজকের দিন। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Thank you, everybody. All are worthy of praise. I would like to thank the Deputy Speaker, Secretary and Staff of the Assembly for their co-operatin, and all the members of the Press who have participated in the Session. Before I adjourn the House, there is an announcement. On Sunday morning at 10.0 Clock at Nandan there will be a special screening of the film - avery famous film - 'The Last Emperor' which has been directed by **Badre Luci** and won many academic awards. I welcome you all to go there at 10.0 Clock on Sunday at Nandan. Those who are willing are very much welcome there.

The House stands adjourned sine die.

Accoringly the House was adjourned sine die. at 7.29 p.m.

The Assembly was subsequently prorogued with effect from the 12th September 1988 under Notification No. 274(PA) dated the 12th September 1988 of the Home (PA) Department, Government of West Bengal.

**Index to the**

**West Bengal Legislative Assembly Proceedings**

**(Official Report)**

Vol : 91, Ninety First Session, 1988

( August-September, 1988)

( The 29th, 30th August, 1st, 5th, 6th, 7th ,8th and 9th September, 1988)


**Bills**

The Bengal Municipal (Amendment) Bill, 1988, P-200

The Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985 as returned by the Governor PP-330-336

The Darjeeling Garkha Hill Council Bill, 1988, PP-129-173

The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1988, P-200

The West Bengal Central Valuation Board (Amendment) Bill, 1988 P-219

The West Bengal Fire Services (Amendment) Bill, 1988, PP-336-343

The West Bengal Labour Welfare Fund (Amendment) Bill, 1988, PP-217-219

The West Bengal Panchayat (Amendment) Bill, 1988, P-200

The West Bengal Primary Education (Amendment) Bill, 1988, P-200

**Calling Attention**

Regarding reported violence in the bye election in Ward No. 46. of Calcutta Municipal Corporation.

—by **Shri Buddhadeb Bhattacharjee** PP-309-310

Statement on the subject of disastrous flood in some parts of West Bengal.

— by **Shrimati Chhaya Bera**. PP-181-182

Statement on the subject of disastrous flood in some parts of West Bengal.

— by **Shri Debabrata Bandyopadhyay.** PP-179-181

Statement regarding closure of Hudsi Primary Health Centre in Murshidabad District.

— by **Shri Prasanta Kumar Sur.** P-360

Statement regarding closure of Mayurakshi cotton Mill and State Government's decision thereon.

— by **Shri Asim Kumar Dasgupta** PP-239-240

Statement regarding lock out of Bata Company

— by **Shri Santi Ranjan Ghatak.** PP-357-359

Statement regarding reported death of five Cholera Patients at Chabra in Bankura District.

— by **Shri Prasanta Kumar Sur.** P-357

**Discussion on flood situation**

— by **Shri Asim Kumar Dasgupta.** PP-283-287

— by **Shri Bankim Behari Maity.** PP-282-283

— by **Shri Bimalananda Mukherjee.** PP-275-276

— by **Shri Birendra Kumar Maitra.** PP-263-265

— by **Shri Debabrata Bandapadhyay.** PP-287-291

— by **Shri Deba Prasad Sarkar.** PP-265-267

— by **Shrimati Chhaya Bera.** PP-291-294

— by **Shri Humayoun Chowdhury.** PP-257-259

— by **Shri Jatin Chakraborty.** PP-267-268

— by **Shri khagendra Nath Singha.** PP-276-277

— by **Shri Madhabendu Mahanta.** PP-259-261

— by **Shri Mannan Hossain.** PP-261-263

— by **Shri Paresh Chandra Das.** PP-277-278

— by **Shri Sailen Sarkar.** PP-274-275

— by **Shri SalibToppo.** PP-281-282

— by **Shri Satya Ranjan Bapuli.** PP-269-270

— by **Shri Saugata Roy.** PP-278-281

— by **Shri Shish Mohammad.** PP-270-271

— by **Shri Swadesh Chaki.** PP-273-274

Discussion on the Bengal Municipal (Amendment) Bill, 1988.

— by **Shri Prakash Minj.** P-213

Discussion on the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985 as returned from by the Governor

— by **Shri Abdul Quiyom Molla.** PP-330-331

— by **Shri Aprubalal Majumdar.** PP-331-334

Discussion on the code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1985, as returned by the Governor.

— by **Shri Deb Narayan Chakraborty.** PP-324-335

Discussion on the Darjeeling Gorkha Hill Council Bill, 1988

— by **Shri A.K.M. Hasan Uzzaman.** PP-153-154

— by **Shri Amar Banerjee.** PP-161-163

— by **Shri Bimalananda Mukherjee.** PP-165-166

— by **Shri Deba Prasad Sarkar.** PP-149-151

— by **Shri Gour Chakraborti.** PP-157-158

— by **Shri H.B. Rai.** PP-140-142

— by **Shri Jyoti Basu.** PP-130-138, 169-171

— by **Shri Kamakhya Ghosh.** PP-154-155

— by **Shri Kiranmoy Nanda.** PP-168-169

— by **Shri Nani Bhattacharya.** PP-151-153

— by **Shri Nirmal Kumar Bose.** PP-146-149

— by **Shri Prabodh Chandra Sinha.** PP-163-164

— by **Shri Prabuddha Laha.** PP-166-168

— by **Shri Sadhan Pande.** PP-142-145

— by **Shrimati Santi Chatterjee.** PP-160-161

— by **Shri Satya Ranjan Bapuli.** PP-138-140

— by **Shri Saugata Roy.** PP-129, 155-157

— by **Shri S.M. fazlur Rahman.** P-145

— by **Shri Sudip Bandyopadhyay.** PP-159-160

— by **Shri Suhrid BasuMallick.** PP-164-165

Discussion on the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1988.

— by **Shri Gobinda Chandra Naskar.** PP-202-203

— by **Shri Kanti Biswas.** PP-201-202, 213-214

— by **Shri Mohan Singha Rai.** PP-210-211

— by **Shri Nikhilananda Sar.** PP-209-210

— by **Shri Prabhanjan Kumar Mandal.** PP-211-212

— by **Shri Satyendra Nath Ghosh.** PP-207-208

— by **Shri Suhrid Basu Mallick.** PP-205-207

Discussion on the West Bengal Central Valuation Board (Amendment) Bill, 1988.

— by **Shri Buddhadeb Bhattacharjee.** PP-221-227

— by **Shri Supriya Basu.** PP-219-221

Discussion on the West Bengal Fire Services (Amendment) Bill, 1988

— by **Shri Buddhadeb Bhattacharjee.** PP-339-340

— by **Shri Subhas Goswami.** P-339

— by **Shri Sudip Bandyopadhyay.** PP-337-339

— by **Shri Sumanta Kumar Hira.** P-337

Discussion on the West Bengal Labour Welfare Fund (Amendment) Bill, 1988.

— by **Shri Gopal Krishna Bhattacharya.** PP-217-218

— by **Shri Sakti Bal.** P-218

— by **Shri Santi Ranjan Ghatak.** P-217, PP-217, 218-219

Discussion on the West Bengal Panchayat (Amendment) Bill, 1988

— by **Shri Binoy Krishna Chowdhury.** PP-201, 212-213

— by **Shri Gour Chandra Kundu.** PP-204-205

— by **Shri Jayanta Kumar Biswas.** PP-208-209

Discussion on the Motion under rule 185 regarding defarnation Bill, 1988

— by **Shri Abdus Sattar.** PP-423-424

— by **Shri Bimalananda Mukherjee.** PP-422-429

— by **Shri Buddhadeb Bhattacharya.** PP-424-426

— by **Shri Deba Prasad Sarkar.** PP-420-422

— by **Shri Kamakhya Ghosh.** PP-419-420

— by **Shri Nirmal Kumar Bose.** PP-416-418

— by **Shri Santasri Chattopadhyay.** PP-406, 426-428

— by **Shri Sudip Bandyopadyay.** PP-413-416

— by **Shri Jayanta Kumar Biswas.** PP-418-419

Discussion on the motions under rule 185 regarding distribution of adulterated rapeseed oil in Behala and the incident of police firing at cooch behar.

— by **Shri A.K.M. Hussan Uzzaman.** PP-36-38

— by **Shri Bimal Kanti Basu.** PP-39-41

— by **Shri Bimalananda Mukherjee.** PP-45-46, 59-60

— by **Shri Deba Prasad Sarkar.** PP-44-45

— by **Dr. Dipak Chanda.** PP-38-39

— by **Shri Gobinda Chandra Naskar.** PP-46-47

— by **Shri Joyti Basu.** PP-47-49

— by **Shri Niranjan Mukherjee.** PP-60-61

— by **Shri Nirmal Kumar Bose.** PP-51-55

— by **Shri Prasanta Kumar Sur.** PP-55-59

— by **Shri Rabin Mukherjee.** PP-32-34

— by **Shri Satya Ranjan Bapuli.** PP-34-36

— by **Shri Saugata Roy.** PP-41-43

— by **Shri Sibendra Narayan Chowdhury.** PP-50-51

— by **Shri Subhas Goswami.** PP-43-44

— by **Shri Sudip Bandyapadhyay.** PP-29-32

— by **Shri Sukhendu Maity.** PP-49-50

Discussion on motion under Rule 185 regarding National Textile Mills.

— by **Shri Amalendra Roy.** PP-72-74

— by **Shri Jamini Bhusan Saha.** PP-65-68

— by **Shri Sakti Prasad Bal.** PP-68-69

— by **Shri Santi Ranjan Ghatak.** PP-70-72

Discussion on Motion under Rule 185 regarding loans from. U.S.S. R. for the Backreswar power project in the state and to give clearance of the Haldia Petrochemicals Project.

— by **Shri Asim Kumar Dasgupta.** PP-381-385

— by **Shri Bankim Behari Maity.** PP-377-378

— by **Shri Bimalananda Mukherjee.** PP-378-379

— by **Shri Lakshman Chandra Seth.** PP-387-388

— by **Shri Joyti Basu.** PP-361-366

— by **Shri Mrityunjoy Banerjee.** PP-366-369

— by **Shri Prabir Sengupta.** PP-385-386

— by **Shri Prabodh Chandra Sinha.** PP-378-379

— by **Shri Satya Ranjan Bapuli.** PP-379-381

— by **Shri Satyendranath Ghosh.** P-369

— by **Shri Subrata Mukherjee.** PP-369-371

— by **Shri Sudip Bandyopadhyay.** PP-373-375

— by **Shri Suhrid Basumallick.** PP-375-377

— by **Shri Sukhendu Maity.** P-375

— by **Shri Sunil Majumdar.** P-387

— by **Shri Tarapada Ghosh.** PP-371-372

Discussion on the Motion Under Rule 185 regarding declare the bye election viod in the ward No. 46.

— by **Shri Buddhadeb Bhattacharjee.** PP-397-399

— by **Shri Lakshmi Kanta Dey.** PP-392-394

— by **Shri Mohammad Ramjan Ali.** P-396

— by **Shri Rajesh Khaitan.** PP-394-396

— by **Shri Satyapada Bhattacharyya.** PP-396-397

— by **Shri Saugata Roy.** PP-399-401

Discussion on the Motion under Rule 185 regarding unconditional. Release of Nelson Mandela.

— by **Shri A.K.M. Hasan Uzzaman.** PP-89-90

— by **Shri Amalendra Roy.** PP-87-89

— by **Shri Anil Mukherjee.** PP-83-85

— by **Shri Apurbalal Majumdar.** PP-79-83

— by **Shri Bimalananda Mukherjee.** PP-91-92

— by **Shri Deba Prasad Sarkar.** PP-85-87

— by **Shri Jyoti Basu.** PP-78-79

— by **Shri Kamakhya Ghosh.** P-90

— by **Shri Manabendra Mukherjee.** PP-94-96

— by **Shri Prabodh Chandra Sinha.** P-96

— by **Shri Prabuddha Laha.** PP-90-91

— by **Shri Sudip Bandyopadhyay.** PP-92-94

— by **Shri Sumanta Kumar Hira.** PP-98-99

— by **Shri Sumanta Kumar Hira.** PP-76-77

**Laying of Reports**

Annual Report for the year 1987-88 and **Budget Estimates for the year 1988-89 of West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation.**

— by **Shri Abdul Quiyom Molla.** P-117

**Laying of Report**

First to Eleventh Reports of the West Bengal Livistock Processing Development corporation Limited for the years 1974-75 to 1984-85

— by **Shri Abdul Quiyom Molla.** P-243

**Laying of Report**

First to Thirteenth Reports of the West Bengal Dairy and Poultry Development Corporation Limited for the years 1969-70 to 1981-82

— by **Shri Abdul Quiyom Molla** P-243

**Laying of Report**

Sixth Annual Report of West Bengal State Leather Industries Development Corporation Ltd.

— by **Shri Achintya Krishna Ray.** P-117

**Laying of Report**

Twenty first to Twenty fourth Reports of the Kalyani Spinning Mills Limited for the Years 1979-80 to 1983-84

— by **Shri Abdul Quiyom Molla.** P-310

**Laying of Report**

The annual Reports of Vigilance Commission for the year 1980

— by **Shri Abdul Quiyom Molla.** P-118

**Laying of Report**

The Twenty-sixth Annual Report of the Durgapur Projects Limited for the year 1986-87

— by **Shri Prabir Sengupta.** P-310

**Laying of Report**

West Bengal Suppression of immortal traffic in Woman and Girls Rules, 1985

— by **Shri Debabrata Bandyapadyay.** PP-310-311

**Mention Cases**

PP- 118-125, PP- 312-325, PP-243-252, PP-182-197, PP-12-27, PP-355-356

**Motion of Thanks**

PP-432-435

Motion Under Rule 185 Regarding Defarmation Bill, 1988

— by **Shri Santasri Chattopadhyay.** P-406

Motion under rule 185 Regarding distribution of adulterated rapeseed oil in Behala

— by **Shri Deba Prasad Sarkar.** P-29

Motion under rule 185 regarding National Textile Mills

— by **Shri Amalendra Roy.** PP-63-65

Motion Under rule 185 Regarding steps taken by the Govt against adulteration in rapeseed oil.

— by **Shri Niranjan Mukherjee.** P-28

Motion under rule 185 regarding setting up of a Judicial enquiry into the incident of in rapeseed oil in Behala.

— by **Shri Saugata Roy.** P-28

Motion under Rule 185 Regarding Soviet credit for the Bakreswar Power Project in the State.

— by **Shri Sunil Majumdar.** P-360

Motion nuder Rule 185 Regarding the incident of Police firing at Cooch Behar.

— by **Shri Sudip Bandyopadhyay.** P-29

Motion under rule 185 Regarding to give clearance of the Haldia Petrochemicals Project

— by **Shri Lakshman Chandra Seth.** P-361

Motion under rule 185 Regarding declare the bye election void for the ward no. 46.

— by **Shri Saugata Ray.** PP-391-392

**Obituary References**

— of **Shri General Zia-Ul-Haq.** P-1

— of **Shri Dwarka Prasad Mishra.** PP-2-3

— of **Shri Gopal Chandra Das Adhikary.** P-108

— of **Shri Manmatha Nath Roy.** P-4

— of **Shri Mohammad Sayeed.** PP-107-108

— of **Dr. Murari Mohan Mukherjee.** P-3

— of **Shri Nepal Bauri.** P-2

— of **Shri Ranabir Raj Kapoor.** P-3

— of **Shri Syed Kazem Ail Meerza.** PP-1-2

— of **Shri Syed Modi.** PP-3-4

**Point of order**

Regarding maintainability of motion

PP-406-413

**Presentation of Committee Reports.**

Twenty-Fifth Report of the Business Advisory Committee

— by **Mr. Speaker.** PP-96-97

Twenty Fourth Report of the B.A. Committee.

— by **Mr. Speaker.** PP-7-8

26th Report of the B.A. Committee

— by **Mr. Speaker.** PP-271-273

**Questions**

Acqusition of house of Rishi Bank im Chandra Chattopadhyay

— by **Dr. Tarun Adhikary.** PP-229-232

Building for Urdu Academy

— by **Shri Sudip Bandopadhyay.** PP-305-306

Chief inspectors and inspectors for the public Distribution system

— by **Shri Sudip Bandyopadhyay.** PP-348-350

Committee for monitoring the functions of the Employment Exchanges.

— by **Dr. Tarun Adhikary.** PP-351-352

Development of the Jheeli Meli Park at Salt Lake

— by **Shri Sudip Bandyopadhyay.** PP-350-351

Edibility test of oil before distribution

— by **Shri Saugata Roy.** P-347

Evaluation of Performance of Collage teachers

— by **Dr. Sudipta Roy.** PP-302-303

Energisation of Tubewells during seventh plan.

— by **Shri Fazle Azim Molla.** PP-303-305

Examination of suggestions of the Central Board of Forestry.

— by **Dr. Sudipta Roy.** PP-235-238

Fake Ration Cards.

— by **Dr. Sudipta Roy.** P-348

Finalisation of Calcutta Municipal Corporations Building Rules.

— by **Shri Saugata Roy.** P-348

Funds Sanctioned for sicial Forestry Programmes.

— by **Shri Saugata Roy.** PP-232-235

Minimum Wages of the Casual Workers at Great Eastern Hotel.

— by **Shri Sultan Ahmed.** P-354

Number of X-Ray machines lying idle in the Calcutta medical College

— by **Shri Khudiram Pahan.** PP-354-355

Proposal for change of the present planning process.

— by **Shri Saugata Roy.** PP-112-113

Report of the Violence at Salt Lake Stadium in the Football match.

— by **Shri Sudip Bandyopadhyay.** PP-353-354

Share of the Government in the gate receipts from the League Matches.

— by **Shri Sultan Ahmed.** PP-352-353

Submission of Report of the Pay Commission

— by **Shri Saugata Roy.** PP-113-114

অর্থসাহায্যের কেন্দ্রীয় প্রতিশ্রুতি

— **শ্রী অমলেন্দ্র রায়**, PP-109-110

আসানসোল হইতে বরাকর পর্যন্ত জি,টি রোডের অবস্থা

— **শ্রী তুহিন সামন্ত**, P-353

ইউ, এন, এফ, পি, এর সুপারিশ মোতাবেক গঙ্গাদূষণ প্রকল্প

— **শ্রী দিলীপ কুমার মজুমদার**, P-355

কুলটী থানায় নোটিফায়েড এরিয়া অথরিটির সংখ্যা

— **শ্রী তুহিন সামন্ত**, PP-176-177

জি.এন. এল, এর আন্দোলন হেতু দার্জিলিং এ পর্যটন শিল্পে ক্ষয়ক্ষতি

— **শ্রী আনিসুর বিশ্বাস**, P-346

দামোদর সিমেন্ট কারখানা

— **শ্রী নটবর বাগদী**, PP-301-302

পশ্চিমবঙ্গের জন্য কেন্দ্রীয় অর্থ বরাদ্দের প্রতিশ্রুতি

— **শ্রী যামিনীভূষণ সাহা**, P-112

বে আইনী জমি উদ্ধারে পদক্ষেপ

— **শ্রী দেবপ্রসাদ সরকার**, PP-223-226

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পর্যায়ে পাঠ্যসূচী।

— **শ্রীদেবপ্রসাদ সরকার** , PP-306-308

মাধ্যমিক শিক্ষাবর্ষ পরিবর্তনের প্রস্তাব

— **শ্রী হিমাংশু কুমার** , PP-111-112

মারাদোনার কলকাতায় খেলার ব্যবস্থা

— **শ্রী নটবর বাগদী** , P-351

মুর্শিদাবাদ জেলায় সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় ব্যবস্থা

— **শ্রী অমলেন্দ্র রায়** , PP-295-298

যাদবপুর যক্ষ্মা হাসপাতালে 'কবি সুকান্ত স্মৃতি' ওয়ার্ড

— **শ্রী আনিসুর বিশ্বাস** , P-346

রাজ্যে বনাঞ্চলের পরিমাণ

— **শ্রী নটবর বাগদী** , PP-226-229

রাজ্য বিদ্যুৎ পর্যদের বিদ্যুতের দরবৃদ্ধি

— **শ্রী দেবপ্রসাদ সরকার** , PP-298-301

শহীদ প্রফুল্ল চাকীর জন্মশতবার্ষিকী পালন

— **শ্রী অমলেন্দ্র রায়** , PP-175-176

শহীদ প্রফুল্ল চাকীর মূর্তি সংস্কার

— **শ্রী অমলেন্দ্র রায়** , PP-345-346

শ্রীদূর্গা ও মোহিনী কটন মিল

— **শ্রী অমলেন্দ্র রায়** , P-345

হলদিয়া পেট্রোকেমিক্যাল প্রকল্প

— **শ্রী আনিসুর বিশ্বাস** , PP-346-347

**Question of Privilege**

**PP-** 325-330

Statement under Rule 346 On the subject of irregular supply of food, coal and Cement.

— by **Shri Nirmal Kumar Bose.** PP-115-117

Statement under rule 346 On the subject of change of school educational year from the next year.

— by **Shri Abdul Quiyom Molla.** PP-311-312

Statement under rule 346 regarding failure of supplying allotted quota of rice of the union Government in the States.

— by **Shri Nirmal Kumar Bose.** PP-240-242

Statement under rule 346 regarding special rebate on Janata Bastra

— by **Shri Achintya Krishna Ray.** PP-252-253

Zero Hour

PP-125-129, 197-199

Printed by : Glasgow Printing Co. Private Ltd.
Phone : 666-8422, 666-8007